508. (Admitted question No. 881.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাস চাপা পড়িয়া এক বছরে কলিকাতায় কত লোকের মৃত্যু ঘটিয়াছে;

(খ) পূর্বাপেক্ষা এই সংখ্যা কম না বেশী;

(গ) এইসকল মৃত্যুর সম্পর্কে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা;

(ঘ) কি কারণে এইরূপ মৃত্যু ঘটিতেছে তাহার প্রতিকারের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা;এবং

(ঙ) যদি (ঘ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কি কি প্রতিকারের ব্যবস্থা লওয়া হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ১৯৬৩ সালে ৪৫ জন।

(খ) পূর্বাপেক্ষা কম।

(গ) হ্যাঁ, করিয়াছেন।

(ঘ) হ্যাঁ, প্রয়োজনমত ব্যবস্থা করা হইয়াছে।

(ঙ) প্রতিকারের প্রধান প্রধান পন্থাগুলির একটি বিবরণী নিম্নে সংস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Uma) of unstarred question No. 508

দুর্ঘটনা রোধের জন্য যেসকল ব্যবস্থা লওয়া হইয়াছে তন্মধ্যে প্রধানগুলি নিম্নে বর্ণিত হইলঃ

(ক) যানবাহন চলাচলের নিয়মাবলীর ঠিক ঠিক প্রয়োগ এবং বেহিসাবী ড্রাইভারগণ যাহাতে ঠিক ঠিকভাবে ঐ সকল নিয়ম মানিয়া চলেন তাহার জন্য ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। এইজন্য বিশেষভাবে মোটর সাইকেল আরোহী সার্জেণ্ট নিয়োগ করা হইয়াছে।

(খ) ড্রাইভার, বাসের যাত্রিগণ এবং পথচারীদের পথ চলিবার আইনকানুন সম্বন্ধে শিক্ষা দেওয়ার জন্য পরিযান বিভাগের প্রচার শাখা যথেষ্ট চেষ্টা করিতেছে।

(গ) সরকারী পরিবহণ সংস্থার প্রত্যেক ড্রাইভারের দুর্ঘটনার এবং পরিযান নিয়মাবলী লঙ্ঘনের রেকর্ড রাখা হয়। যে সকল ড্রাইভার কোন দুর্ঘটনা ঘটান না তাহাদের বোনাস দেওয়ার এবং পরিযান নিয়মাবলী প্রায়ই লঙ্ঘনের জন্য ড্রাইভারদের কঠিন শাস্তির ব্যবস্থা আছে।

(ঘ) রাস্তায় স্টেট বাস চলাকালীন ড্রাইভারদের চালনা নৈপুণ্যের উপর নজর রাখিবার জন্য ইন্সপেক্টর নিয়োগ করা হইয়াছে।

(ঙ) স্টেট বাসের ড্রাইভারদের ভালভাবে শিক্ষার ব্যবস্থা করা হইয়াছে।

Supply of Atta under Krishnagar police-station

509. (Admitted question No. 968.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর থানার (কোতয়ালী)-র জন্য কোন্ কোন্ ব্যবসায়ীকে গত ছয় মাসে মিল থেকে (গভর্নমেন্ট স্পনসর্ড ব্যবস্থায়) কি পরিমাণ আটা সরবরাহ করা হয়েছে—প্রতিটি ব্যবসায়ীদের নাম ও সরবরাহের পরিমাণ প্রতিক্ষেত্রে;

(খ) এই আটা বাজারে ঠিকভাবে বিক্রয় হয়েছে কিনা এবং কালো বাজারে চলে যাচ্ছে কিনা সেটা তদারকীর কি ব্যবস্থা খাদ্য দপ্তর কৃষ্ণনগরে করেছেন;

(গ) বর্তমানে কৃষ্ণনগরে থানা অঞ্চলে ও শহরে আটার দুষ্প্রাপ্যতার সংবাদ সরকার অবগত আছেন কিনা; এবং

(ঘ) অবগত থাকলে, এই দুষ্প্রাপ্যতার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) সাধারণত জেলা শাসক ও খাদ্য ও সরবরাহ বিভাগের অধীন জেলা নিয়ামকের সুপারিশ ক্রমে ব্যবসায়ীদের গমজাত দ্রব্যের পারমিট দেওয়া হয়। এই পারমিটের প্রতিলিপি সংশ্লিষ্ট জেলা শাসক, খাদ্য ও সরবরাহ বিভাগের অধীন জেলা নিয়ামক ও মহকুমা নিয়ামক এবং জেলাস্থিত পুলিশ এনফোর্সমেন্ট কর্তৃপক্ষের নিকট প্রেরিত হয়। মাসের সরবরাহ পাওয়া মাত্রই ব্যবসায়ীদের খাদ্য ও সরবরাহ বিভাগের মহকুমা নিয়ামককে জানাইবার নির্দেশ আছে। সরকারী আদেশ অনুযায়ী উক্ত ব্যবসায়ীরা প্রকৃত খুচরা ব্যবসায়ীদের নিকট একবারে অনধিক ২-৩ ব্যাগ পর্যন্ত বিক্রয় করিতে পারেন। উক্ত পাইকারী ব্যবসায়ীদের ব্যবসা সংক্রান্ত কার্য-কলাপের প্রতিও স্থানীয় কর্তৃপক্ষ সতর্ক দৃষ্টি রাখেন।

(গ) হ্যাঁ।

(ঘ) খোলা বাজারে চাউলের সরবরাহের প্রাচুর্য না থাকায় আটার চাহিদা বৃদ্ধি পায়। ফলে সাময়িকভাবে আটা দুষ্প্রাপ্য হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 509.

Supply of Atta and Maida under Krishnagar police-station.

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
	FEBRUARY, 1964.				
1.	Nabagunj L. S. Co-opt. Agl. Credit Society Ltd., Dakshinpara, Nadia.	Krishnagar P. S. ..	133	22-2-64	
2.	Chapra Union L. S. Pry. Co-op. Agl. Credit Society Ltd., Bansalji, Nadia.	Do. ..	266	22-2-64	
3.	Karimpur Thana L. S. Pry. Co-opt. Agl. Credit Society Ltd., Karimpur.	Karimpur, P. S. Krishnagor.	266	22-2-64	
4.	Lakshmi Narayan Store, Krishnagor, Gorai.	Krishnagor ..	266	22-2-64	
5.	Dina Dayal Agarwalla, Bethuadahari.	Bethuadahari, P. S. Krishnagar.	266	24-2-64	
6.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip ..	266	24-2-64	
7.	Nemai Chandra Gorai ..	Krishnagar ..	266	24-2-64	

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
8.	Lakshmi Bepari	Nabadwip ..	266	24-2-64	
9.	Hiralal Agarwala, Plassey ..	Plassey ..	266	25-2-64	
10.	Mohan Ch. Sarma, Plassey ..	Do. ..	266	25-2-64	
11.	Sitonghan Bokash Saha ..	Do. ..	266	25-2-64	
12.	Debiprosad Chatterjee, Bethuadahari.	Bethuadahari ..	266	27-2-64	
13.	Rabindra Dutta	Do. ..	266	27-2-64	
14.	Rameswar Lal Agarwala, & Sons, Karimpur.	Karimpur ..	266	27-2-64	
15.	Sukumar Dutta & Bros. ..	Bethuadahari ..	266	28-2-64	
16.	Kumaresh Biswas, Tehatta ..	Krishnagor ..	133	28-2-64	
17.	Kumaresh Biswas, Tehatta ..	Do. ..	133	28-2-64	
18.	Badal Ch. Pal, Majdia ..	Majdia ..	133	28-2-64	
19.	Ditto	Do. ..	133	28-2-64	
		Total ..	4,389		

MARCH, 1964.

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
20.	Narayan Chandra Agarwala, Palashipara.	Krishnagor ..	266	3-3-64	
21.	Samarendra Kumar Biswas, Karimpur.	Karimpur ..	266	3-3-64	
22.	Sanatan Biswas, Karimpur ..	Do. ..	266	3-3-64	
23.	Panchananda Agarwala, Karimpur.	Do. ..	266	3-3-64	
24.	Mon Mal Chhojee, Bethuadahari.	Bethuadahari ..	266	12-3-64	
		Total ..	1,330		

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
		MAY, 1964.			
25.	Messrs. Satya Ch. Dutta & Sons, Krishnagor.	Krishnagor ..	200	7-5-64	
26.	Mon Mall Chhoju, Bethuadahari	Bethuadahari ..	200	15-5-64	
27.	Rameswar Lal Agarwala & Sons, Karimpur.	Karimpur ..	200	15-5-64	
28.	Sailendra Kr. Mahenta, Karimpur.	Do. ..	200	15-5-64	
29.	Dina Dayal Agarwala, Bethuadahari.	Bethuadahari ..	200	15-5-64	
30.	Mohan Ch. Sarma, Plassey ..	Plassey .	200	21-5-64	
31.	Chapra Union L. S. Pry. Co-op. Credit Society.	Chapra ..	200	21-5-64	
32.	Sitaram Khaitan, Plassey ..	Plassey ..	250	25-5-64	
33.	Chakravarty Bros., Krishnagor	Krishnagor ..	250	25-5-64	
34.	Kumaresh Ch. Biswas, Tehatta	Tehatta. P. S. Krishnagor.	200	25-5-64	
35.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip ..	200		
36.	Samarendra Kr. Biswas, Karimpur.	Karimpur ..	100	25-5-64	
37.	Ghosh Bros., Nabadwip ..	Nabadwip ..	100	29-5-64	
38.	Bhupendra Nath Saha, Karimpur.	Karimpur ..	100	29-5-64	
39.	Nemai Ch. Gorai, Narayan Ch. Gorai, Krishnagor.	Krishnagor ..	250	29-5-64	
40.	Sanatan Biswas, Karimpur ..	Karimpur ..	200	29-5-64	
41.	Madhusadan Das, Krishnagor	Krishnagor ..	200	29-5-64	
		Total ..	3,250		

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
		JUNE, 1964.			
42.	Prakriti Kr. Chatterjee, Plassey, Nadia.	Plassey, P. S. Krishnagor.	200	4-6-64	
43.	Sukumar Dutta & Sons, Bethuadahari.	Bethuadahari	200	4-6-64	
44.	Satya Ch. Dutta & Sons, Krishnagor.	Krishnagor	250	4-6-64	
45.	Lakshmi Bipani, Nabadwip	Nabadwip	200	4-6-64	
46.	Rabindra Nath Dutta, Bethuadahari.	Bethuadahari	100	4-6-64	
47.	Hiralal Agarwala, Plassey	Plassey	200	4-6-64	
48.	Panchananda Agarwala, Krishnagor.	Krishnagor	200	5-6-64	
49.	Narayan Ch. Agarwala, Pallashipara, Nadia.	Krishnagor	200	5-6-64	
50.	Satyandra Bikash Saha, Krishnagor.	Do.	200	5-6-64	
51.	Dina Dayal Agarwala, Bethuadahari.	Bethuadahari	200	5-6-64	
52.	Sailendra Kr. Mahanta, Karimpur.	Karimpur	200	5-6-64	
53.	Mohan Ch. Sarma, Plassey	Plassey	200	5-6-64	
54.	Rameswarlal Agarwala & Sons, Karimpur.	Karimpur	200	12-6-64	
55.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip	200	12-6-64	
56.	Satya Ch. Dutta & Sons, Krishnagor.	Krishnagor	200	12-6-64	
57.	Hiralal Agarwala, Plassey	Plassey	200	12-6-64	
58.	Dabiprosad Chatterjee, Bethuadahari.	Bethuadahari	200	20-6-64	
59.	Dina Dayal Agarwala, Bethuadahari.	Do.	200	20-6-64	
60.	Manmall Chhoju, Bethuadahari	Do.	200	20-6-64	
61.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip	200	20-6-64	
62.	Makhal Lal Agarwala, Tehatta	Tehatta, P. S. Krishnagor.	200	29-6-64	

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
63.	Narayan Ch. Agarwala, Palushipara, Nadia.	Krishnagor ..	200	29-6-64	
64.	Nabagang L. S. Co-opt. Agl. Credit Co-opt. Society, Hanokhali.	Krishnaganj, P. S. Krishnagor.	200	29-6-64	
65.	Sitansu Bikash Saha, Krishnagor.	Krishnagor ..	200	23-6-64	
66.	Nemai Ch. Gorai and Narayan Ch. Gorai, Krishnagor.	Do. ..	200	23-6-64	
67.	Sitaram Khaitan, Plassey ..	Plassey, P. S. Krishnagor.	200	23-6-64	
68.	Panchananda Agarwala, Karimpur.	Karimpur ..	200	23-6-64	
69.	Samarendra Kr. Biswas ..	Do. ..	200	23-6-64	
70.	Sanatan Biswas	Do. ..	100	24-6-64	
71.	Anadi Bhusan Malakar, Plassey	Plassey, P. S. Krishnagor.	150	24-6-64	
		Total ..	5,800		

JULY, 1964.

72.	Sunil Kr. Dey, Tehatta ..	Tehatta, P. S. Krishnagor.	250	24-6-64	
73.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip ..	100	1-7-64	
74.	Shri Jagadish Prokash Agarwala, Plassey	Plassey, P. S. Krishnagor.	300	1-7-64	
75.	Prakiti Kr. Chatterjee, Plassey	Do. ..	250	3-7-64	
76.	Rameswar Lal Agarwala, Karimpur.	Karimpur ..	200	3-7-64	
77.	Satya Ch. Dutta & Sons, Krishnagor.	Krishnagor ..	300	3-7-64	
78.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip ..	300	6-7-64	
79.	Kaliagunj Co-opt. Agl. Society	Plassey, P. S. Krishnagor.	200	6-7-64	
80.	Bhupendra Kr. Saha, Karimpur	Karimpur ..	200	6-7-64	
81.	Mohon Ch. Sarma, Plassey ..	Plassey ..	200	7-7-64	
82.	Hiralal Agarwala, Plassey ..	Do. ..	200	7-7-64	

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
83.	Sailendra Kr. Mahanta, Karimpur.	Karimpur ..	200	7-7-64	
84.	Sukumar Dutta & Bros., Bethuadahari.	Bethuadahari ..	200	7-7-64	
85.	Rabindra Nath Dutta, Bethuadahari.	Do. ..	200	7-7-64	
86.	Birendra Kr. Dutta, Dilip Kr. Dutta, Krishnagor.	Krishnagor ..	250	9-7-64	
87.	Radha Gobinda Saha, Krishnagor.	Do. ..	300	10-7-64	
88.	Amar Nath Halder, Palashipara, Nadia.	Do. ..	250	10-7-64	
89.	Sashadhar Chakraborty, Dubalia	P. S. Krishnagor ..	250	10-7-64	
90.	Panchananda Agarwala, Karimpur.	Karimpur ..	150	10-7-64	
91.	Kumaresh Ch. Biswas, Tehatta, Nadia.	Tehatta, P. S. Krishnagor.	250	13-7-64	
92.	Dina Dayal Agarwala, Bethuadahari.	Bethuadahari, P. S. Krishnagor.	300	13-7-64	
93.	Dabi Prosad Chatterjee, Bethuadahari.	Do. ..	250	15-7-64	
94.	Ditto	Do. ..	250	15-7-64	
95.	Dtto i	Do. ..	250	15-7-64	
96.	Ditto	Do. ..	250	15-7-64	
97.	Loknath Agarwala, Plassey, Nadia.	Plassey, P. S. Krishnagor.	250	15-7-64	
98.	Ditto	Do. ..	250	15-7-64	
99.	Ditto	Do. ..	250	15-7-64	
100.	Ditto	Do. ..	250	15-7-64	
101.	Nemai Ch. Narayan Ch. Gorai. Krishnagor.	Krishnagor ..	300	16-7-64	
102.	Sitangshu Bikash Saha, Nadia	Do. ..	300	16-7-64	
103.	Sanatan Biswas, Karimpur ..	Karimpur ..	250	16-7-64	
104.	Samarendra Kr. Biswas, Karimpur.	Do. ..	150	16-7-64	
105.	Satya Ch. Dutta & Sons, Krishnagor.	Krishnagor ..	300	16-7-64	

Serial No.	Name of the Dealer.	Place.	Quantity in Bags.	Date of issue of Permit.	Remarks.
1	2	3	4	5	6
106.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip, P. S. Krishnagor.	..	16-7-64	
107.	Madhusudan Das, Krishnagor	Krishnagor ..	200	21-7-64	
108.	Subal Ch. Dey, Tehatta ..	Do. ..	300	23-7-64	
109.	Padma Lochan Banik, Nabadwip.	Nabadwip ..	300	25-7-64	
110.	Lashmi Bipani, Nabadwip ..	Do. ..	150	25-7-64	
111.	Hanskhali Thana (West) Co-Opt. Agr. Society.	Hanskhali, P. S. Krishnagor.	100	27-7-64	
112.	Nabagung L. S. Co-opt. Agl. Credit Society, Dakshinpara.	Krishnagor ..	100	27-7-64	
11.	Hansyhaali Thana (West) Co-opt. Society, Badkulla Centre.	Do. ..	100	27-7-64	
114.	Majdia Co-opt. Multipurpose Society Ltd., Majdia.	Majdia, P. S. Krishnagor.	100	27-7-64	
115.	Nitananda Bhander, Nabadwip	Nabadwip, P. S. Krishnagor.	150	28-7-64	
116.	Karimpur Thana L. S. Pry. Co-opt. Agr. Mkg. Society.	Karimpur, P. S. Krishnagor.	100	28-7-64	
17.	Sitaram Khatian, Plassey ..	Plassey, P. S. Krishnagor.	200	28-7-64	
		Total ..	9,900		

Functioning of Panchayats in Sankrail Block, Howrah

510. (Admitted question No. 1095).

শ্রীদুলালচন্দ্র মণ্ডল: স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার সাঁকরাইল থানার ব্লক ডেভালপমেন্ট-এর অধীনে যে সমস্ত পঞ্চায়েত নির্বাচন সমাপ্ত হইয়াছে সেই সেই পঞ্চায়েতের কাজ সরকারীভাবে কবে চালু হইবে?

The Minister of State for Local Self-Government and Panchayats (Panchayats Branch):

ঐ ব্লকের অন্তর্গত ১৪টি অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন সম্পন্ন হইয়াছে এবং নির্দিষ্ট কার্যক্রম অনুযায়ী পঞ্চায়েতের কাজও সরকারীভাবে চালু হইয়াছে।

Allegations against the Chairman of the South Suburban Municipality

511. (Admitted question No. 1119.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কর্তৃক নিযুক্ত কর্মচারী দক্ষিণ শহরতলী পৌরসভার (বেহালা) চেয়ারম্যানের বিরুদ্ধে উত্থাপিত অনেকগুলি অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করিয়া রিপোর্ট পেশ করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ রিপোর্টের ভিত্তিতে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিবার সিদ্ধান্ত করিয়াছেন;

(২) ঐ রিপোর্টটি কমিশনার ও করদাতাদের জ্ঞাতার্থে প্রকাশ করা হইবে কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) (১) রিপোর্টে উল্লিখিত দোষত্রুটিগুলির সংশোধনের জন্য কমিশনারগণ কি ব্যবস্থা করেন তাহা তিন মাসের মধ্যে জানাইবার জন্য পৌরপ্রধানকে অনুরোধ করা হইয়াছে।

এই পৌর প্রতিষ্ঠানের সাধারণ নির্বাচন যাহাতে যথাসময়ে অনুষ্ঠিত হয়, সেজন্য ইহার ওয়ার্ড বিভক্তিকরণ (ওয়ার্ড ডিলিমিটেশন) প্রস্তাবটি ত্বরান্বিত করিতে ভুক্তিপতিকেও নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) রিপোর্টের অনুলিপি কমিশনারদিগের জ্ঞাতার্থে পৌরপ্রধানের নিকট পাঠান হইয়াছে। করদাতাদের অবগতির জন্য উহা পৃথকভাবে প্রকাশ করার অভিপ্রায় সরকারের নাই।

C. R. given in Khairasole police-station, Birbhum

512. (Admitted question No. 1140.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল: ত্রাণবিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি বীরভূম জেলার খয়রাসোল থানায় গত বৎসর ১৯৬৩-৬৪ সালে মোট কত সংখ্যক ব্যক্তিকে জি আর দেওয়া হইয়াছিল?

The Minister for Relief:

১৯৬৩-৬৪ সালে ১৬,৯৪৬ জন ব্যক্তিকে জি আর দেওয়া হইয়াছিল।

Construction of new Khirpai Block office

513. (Admitted question No. 1165.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নব নির্মিত ক্ষীরপাই ব্লক অফিস নির্মাণে কত টাকা ব্যয় হইয়াছে এবং কোন্ বৎসর তাহার নির্মাণকার্য শেষ হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত গৃহগুলি নির্মাণের সঙ্গে সঙ্গেই ফাটিয়া গিয়াছে এবং ব্যবহারের অযোগ্য হইয়াছে; এবং

(গ) সত্য হইলে উক্ত গৃহগুলি কতদিনে রিপেয়ার করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ক্ষীরপাই চন্দ্রকোণা ১নং ব্লক অফিসের নির্মাণকার্য গত ১৯৬১ সালের জন মাসে শেষ হইয়াছে। স্টাফ কোয়ার্টার্স-এর দরুন মোট ১,১৬,৯১৬ টাকা ও অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং-এর দরুন মোট ৩১,২৭৩ টাকা ব্যয় হইয়াছে।

(খ) নির্মাণের কিছুকাল পরে কতকগুলি ফাটল পরিদৃষ্ট হয়। খালি অবস্থায় মেরামতি কার্য করার সুবিধার্থে গৃহগুলি ব্যবহার করা হয় নাই।

(গ) মেরামতি কার্য ত্বরান্বিত করিবার জন্য চেষ্টা করা হইতেছে।

Increase of distribution of G. R. in Maldah district

514. (Admitted question No. 1174.)

ডাঃ গোলাম ইয়াজদানী: ত্রাণবিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া জানাইবেন কি—

(ক) বর্তমান খাদ্যসংকটকালে মালদহ জেলার বিভিন্ন থানায় জি আর প্রাপকের সংখ্যা গত জন মাসের তুলনায় বাড়ান হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে প্রত্যেক থানায় এই বর্ধিত সংখ্যা কত; এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে ইহার কারণ কি?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ)

				ইউনিট
ইংরেজবাজার	...	...	...	২৮
মালদা	...	...	...	৮০
খরবা	...	...	...	১,৩১৭
হরিশ্চন্দ্রপুর	...	...	...	৩,১১২
বামনগোলা	...	...	...	৯৫৭
হবিবপুর	...	...	...	১,০৭৮
মানিকচক	...	...	...	৩৫
গাজোল	...	...	...	৩
রতুয়া	...	...	...	৫১৬
কালিয়াচক	...	...	...	২,৬৪১

(গ) প্রশ্ন উঠে না।

Meetings of the Anchal Relief Committees of Kharba police-station, Maldah

515. (Admitted question No. 1176.)

ডাঃ গোলাম ইয়াজদানী: ত্রাণবিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সালে এবং ১৯৬৪ সালের জুলাই মাস পর্যন্ত মালদহ জেলার খরবা থানার বিভিন্ন অঞ্চলগুলির রিলিফ কমিটির মিটিং কোন্ কোন্ তারিখে হইয়াছিল এবং স্থানীয় এম এল এ-কে এইসব মিটিং-এর নোটিস দেওয়া হইয়াছিল কিনা এবং হইলে কিভাবে দেওয়া হইয়াছিল;

(খ) এই রিলিফ কমিটির মিটিং করিবার নির্দেশ কে দিয়া থাকেন;

(গ) এইসব মিটিং-এর গৃহীত প্রস্তাব স্থানীয় এম এল এ-র নিকট পাঠান হইয়াছিল কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে তাহার কারণ কি?

The Minister for Relief:

(ক) মিটিংগুলি যে যে তারিখে হইয়াছিল তাহার একটি তালিকা এতদসহ উপস্থাপিত করা হইল। জেলা সমাহর্তার রিপোর্ট হইতে জানা গিয়াছে যে মাত্র কয়েকটি ক্ষেত্র ব্যতীত সমস্ত মিটিংএরই নোটিস স্থানীয় এম এল এ-কে দেওয়া হইয়াছিল এবং এই নোটিসগুলি কখনও ডাকযোগে কখনও বা মিটিং-এর নোটিস বইয়ের দ্বারা অথবা চৌকিদার মারফত প্রেরিত পিয়ন বইয়ের সাহায্যে দেওয়া হয়। ঠিকানা না জানিতে পারায় কয়েকটি মিটিং-এর নোটিস তাঁহার নিকট পাঠানো সম্ভব হয় নাই। এ সম্বন্ধে অবশ্য জেলা সমাহর্তাকে ইতিমধ্যেই এই মর্মে একটি জরুরী আদেশ জারী করা হইয়াছে যে রিলিফ কমিটির মিটিং-এর প্রতিটি নোটিসই যেন এম এল এ মহাশয়কে দেওয়া হয় এবং এইগুলি তাঁহার প্রদত্ত কোন নূতন ঠিকানার ক্ষেত্রে সেই স্থানে, অন্যথায় তাঁহার স্থায়ী ঠিকানায় পাঠাইতে হইবে।

(খ) রিলিফ কমিটির চেয়ারম্যান।

(গ) ও (ঘ) মিটিংএ গৃহীত প্রস্তাবসকল স্থানীয় এম এল এ-কে পাঠানো হয় নাই সাধারণত কোন মিটিংএ গৃহীত প্রস্তাবগুলি পরবর্তী মিটিংএ সদস্যগণকে পুনরায় জ্ঞাত করাইয়া বিধিবৎ অনুমোদিত (ফরম্যালি কনফারমড) করিয়া লওয়া হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 51

অঞ্চল পঞ্চায়েতের নাম।	গত ১৯৬৩ সালে এবং ১৯৬৪ সালের জুলাই মাস পর্যন্ত অনুষ্ঠিত মিটিং-এর তারিখ।	অঞ্চল পঞ্চায়েতের নাম।	গত ১৯৬৩ সালে এবং ১৯৬৪ সালের জুলাই মাস পর্যন্ত অনুষ্ঠিত মিটিং-এর তারিখ।
ভাকরি	৪-৩-৬৩, ৭-৯-৬৩, ১১-৪-৬৩ এবং ৪-৭-৬৪।	ভগবানপুর	১৩-২-৬৩, ১৮-২-৬৩, ২০-১০-৬৩ ১২-৪-৬৪ এবং ২৮-৬-৬৪।
ধানগ্রাম-বিল্বপুর ..	১৬-১-৬৩, ১৫-২-৬৩, ২০-৬-৬৩, ১৩-১-৬৪, ১২-৪-৬৪, ২০-৫-৬৪, ৭ এবং ২০-৬-৬৪।	চাঁচা	৯-২-৬৩, ২৫-৪-৬৩, ১৮-৮-৬৩, [illegible]-১০-৬৩, ২১-১[illegible]-৬৩, ১১-১-৬৪, ৬-৪-৬৪, ১২-৬-৬৪ এবং ৫-৭-৬৪
গউরহণ্ড	১-২-৬৩, ২৩-৭-৬৩, ২২-৩-৬৪, ১৬-৪-৬৪ এবং ৫-৭-৬৪।	নতিহারপুর	কোন মিটিং হয় নাই
জালালপুর	১৪-৩-৬৩, ১৭-১১-৬৩ এবং ২৬-৫-৬৪।	কলিগ্রাম	১২-৪-৬৪।
মালতীপুর	এখনও জানা যায় নাই।	অলিলগুা ..	১৪-২-৬৩ এবং ২৪-৪-৬৪।
ক্ষেমপুর	এখনও জানা যায় নাই।	মকদমপুর	১৫-২-৬৩, ১০-[illegible]-৬৩, ২২-৭-৬৩, ১৩-১০-৬৩, [illegible]-১-৬৪, ৯-৩-৬৪ ১৬-৪-৬৪ এবং ৪-৭-৬৪।
চন্দ্রপাড়া	১২-১২-৬৩ এবং ২-৪-৬৪।	খঁয়রা	১০-৯-৬৩, ২০-[illegible]-৬৩, ১২-১১-৬৩, ২১-১-৬৪, এবং ১০-৪-৬৪।
মহানন্দপুর	১৪-২-৬৩, ১০-১১-৬৩, ১১-৪-৬৪ এবং ৩-৭-৬৪।		

Distribution of wheat as G. R. in Kharba police-station, Maldah

516. (Admitted question No. 1177.)

গোলাম [illegible]জদান।ঃ ত্রাণবিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার বিভিন্ন অঞ্চলগুলিতে জি আর হিসাবে যে গম গত ১৯৬৩ সালের জুন ও জুলাই মাসে এবং এই বৎসর জুন ও জুলাই মাসে দেওয়া হইয়াছিল তাহা—

(১) কতজনকে দেওয়া হইয়াছিল,

(২) মাথাপিছু কি পরিমাণ গম দেওয়া হইয়াছিল,

(৩) কতদিন অন্তর তাহা দেওয়া হইয়াছিল,

(৪) কি কি "ক্যাটাগরী"র লোককে দেওয়া হইয়াছিল; এবং

(খ) উক্ত থানায় জি আর-এর সংখ্যা এবং জি আর প্রাপকদের ক্যাটাগরী বাড়াইবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা?

The Minister for Relief:

(ক) (১) ১৯৬৩ সালের জুন ও জুলাই মাসে প্রতিপক্ষে যথাক্রমে ৩,৬৩৭ ও ৩,৮১২ এবং ৬৪ সালের জুন ও জুলাই মাসে প্রতিপক্ষে যথাক্রমে ৩,০৮২ ও ৩,৭৪১ জনকে দেওয়া [হই]য়াছিল।

(২) প্রতিপক্ষে প্রতি প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে ৪ কেজি ও প্রতি অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিকে ২ কেজি।

(৩) এক পক্ষকাল অন্তর।

(৪) খয়রাতি সাহায্য পাইবার উপযুক্ত সকল ক্যাটাগরীর লোককেই দেওয়া হইয়াছিল।

(খ) জি আর প্রাপকদের ক্যাটাগরী বাড়াইবার কোন প্রস্তাব আপাতত নাই; তবে ভাদ্র মাস [হই]তে কার্তিক মাস পর্যন্ত ত্রাণ কার্য বাড়াইবার জন্য জেলাশাসকগণকে ইতিপূর্বেই নির্দেশ [দে]য়া হইয়াছে।

Scheme for a 50-bedded Hospital in the Budge Budge Municipality

517. (Admitted question No. 1183.)

[illegible]রলাল হালদারঃ স্বাস্থ্যবিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, বজবজ মিউনিসিপ্যালিটির মধ্যে একটা ৫০-শয্যাবিশিষ্ট হাসপাতাল হইবার পরিকল্পনা ছিল; এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Grant to Rania Milan Sangha in Contai police-station

518. (Admitted question No. 1199.)

[illegible]ধীরচন্দ্র দাসঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) কাঁথি থানার রানিয়া মিলন সংঘ নামক প্রতিষ্ঠানকে ১৯৬১ সাল হইতে ১৯৬৩ সালের মধ্যে শরীর চর্চার হল তৈয়ারির জন্য টাকা দেওয়া হইয়াছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ হইলে, ঐ অর্থের পরিমাণ কি; এবং টাকা দেওয়ার তারিখ কি;

(গ) ইহা কি সত্য যে, হল তৈয়ারির জন্য সম্পূর্ণ টাকা পাওয়া সত্ত্বেও এখনও হল তৈয়ারির কাজ বহু পরিমাণে বাকী রহিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ১৫-৩-৬১ তারিখে—২,৩০০ টাকা

১২-৩-৬৩ তারিখে—৪,০০০ টাকা

মোট—৬,৩০০ টাকা

(গ) সিমেন্টের অভাবে কাজ প্রায় অর্ধ সমাপ্ত হইয়া পড়িয়া আছে।

(ঘ) প্রতিষ্ঠান শীঘ্রই কাজ সমাপ্ত করিতে পারিবে বলিয়া সরকারকে জানাইয়াছেন। যথাশীঘ্র কাজ সমাপ্ত করার জন্য প্রতিষ্ঠানকে তাগিদ দেওয়া হইতেছে।

Block officers in the Development Blocks of Midnapore district

519. (Admitted question No. 1204.)

শ্রীঅনংগমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি উন্নয়ন ব্লক রহিয়াছে;

(খ) উহাদের মধ্যে কতগুলিতে বর্তমানে ব্লক অফিসারের পদ খালি আছে; এবং

(গ) কতদিনের মধ্যে এ সকল ব্লকে অফিসার নিয়োগ করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলায় মোট ৫২টি উন্নয়ন ব্লক রহিয়াছে।

(খ) সকল ব্লকেই উন্নয়ন আধিকারিকের পদে লোক নিয়োগ করা হইয়াছে। যে কয়েকটি খালি ছিল তাহাও পূরণ করা হইয়াছে ও হইতেছে।

(গ) এই প্রশ্ন উঠে না।

M.L.A. representatives in Relief Committee

520 (Admitted question No. 1260.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ১৩ই অগাস্ট, ১৯৬৪ তারিখে প্রদত্ত অতারকিত ২০৯ (এ্যাডমিটেড কোশ্চেন নং ৬৬১) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া মাননীয়া ত্রাণ মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি স্থানীয় এম এল এ রিলিফ কমিটিগুলিতে তাঁহার প্রতিনিধিদের নাম আইন অনুযায়ী কর্তৃপক্ষের নিকট পাঠানোর পরেও কোন্ আইনের কোন্ ধারা অনুযায়ী সভার নোটিশ উক্ত প্রতিনিধিদের বাদ দিয়া স্থানীয় এম এল এ-কে দেওয়ার বিধান আছে?

The Minister for Relief:

রিলিফ কমিটিগুলির গঠন ও পরিচালনা সংক্রান্ত কোন আইন নাই।

রিলিফ ম্যানুয়েলের নিয়ম অনুযায়ী রিলিফ কমিটিগুলি গঠিত হইয়া থাকে। নিয়ম অনুসারে এম এল এ-গণ পদাধিকারবলে তাঁহাদের নিজ নিজ নির্বাচন কেন্দ্রের অন্তর্গত সকল রিলিফ কমিটির সদস্য হইয়া থাকেন। কিন্তু তাঁহাদের পক্ষে বিভিন্ন রিলিফ কমিটির সমস্ত সভায় উপস্থিত থাকা সকল সময় সম্ভবপর হয় না বলিয়া সংশ্লিষ্ট সকল রিলিফ কমিটিতে তাঁহাদের প্রতিনিধি মনোনয়ন করিবার সুযোগ দেওয়া হইলেও, এম এল এ-গণই প্রকৃতপক্ষে পদাধিকারবলে এই সমস্ত কমিটির সদস্য থাকেন এবং যে-কোন সভায় তাঁহাদের মনোনীত

প্রতিনিধিকে না পাঠাইয়া স্বয়ং উপস্থিত থাকিতে পারেন। সুতরাং রিলিফ কমিটির সদস্য হিসাবে এম এল এ-গণকেই সভার নোটিস দেওয়া হয়। কিন্তু এম এল এ-গণের পক্ষে রিলিফ কমিটির সভা সংক্রান্ত ব্যাপারে উক্ত কমিটিগুলিতে তাঁহাদের মনোনীত প্রতিনিধিগণের সহিত সকল সময় যথাসময়ে যোগাযোগ করা সম্ভব হয় না বলিয়া, সম্প্রতি জেলা শাসকগণকে এই মর্মে নির্দেশ দেওয়া হইয়াছে যে, রিলিফ কমিটিগুলির সভা আহ্বান করিয়া এম এল এ-গণকে যে নোটিস দেওয়া হইয়া থাকে ইহার নকল যেন সংশ্লিষ্ট কমিটিগুলিতে এম এল এ-গণের প্রতিনিধিকেও দেওয়ার ব্যবস্থা করা হয়।

Bridge over the Damodar at Sadarghat in Burdwan

521. (Admitted question No. 1326.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানা[illegible]—

(ক) চতুর্থ পরিকল্পনায় বর্ধমানে দামোদরের সদরঘাটের উপর ব্রিজ নির্মাণের পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকার হইতে পরিকল্পনা কমিশন তথা কেন্দ্রীয় সরকারের নিকট পেশ করা হইয়াছে কি;

(খ) উত্তর যদি হ্যাঁ হয়, তবে—

(১) ঐ ব্রিজ নির্মাণ করিতে কত ব্যয় হইবে,

(২) ব্রিজ দৈর্ঘ্যে ও প্রস্থে কিরূপ হইবে, এবং

(৩) ঐ ব্রিজ কতদিনের মধ্যে নির্মিত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) (১), (২) ও (৩) এ প্রশ্ন উঠে না।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Education Minister will reply to the Calling Attention notice given by Shri Ananga Mohan Das on the subject of "Arrangements for compulsory primary education in West Bengal".

The Hon'ble Rabindra Lal Sinha: Sir, the primary education in the entire rural areas of the State is free. The question of introduction of Universal and Compulsory Free Primary Education under the provisions of the Acts now in force has also been taken up. Notification have been issued for the introduction of free and compulsory primary education in the entire rural areas of the State except in Purulia where the Act of 1930 was extended only recently with effect from 1st April 1964.

Shortly before the enactment of the West Bengal Urban Primary Education Act, 1963, schemes for the introduction of free and compulsory primary education were sanctioned for municipal areas of Khardah, Jangipur, and Asansol under the provisions of the then current Bengal Primary Education Act of 1919. All the municipalities have since been requested to formulate schemes for the introduction of free and compulsory primary education in terms of West Bengal Act XXVIII of 1963. Their proposals are now awaited.

The directive principles embodied in Article 45 of the Constitution enjoins free and compulsory elementary education for all children. Adequate provisions in the Bengal (Rural) Primary Education Act, 1930 and the West Bengal Urban Primary Education Act, 1963, have been made to achieve the said objectives of the State.

(i) The problems relating to expansion of primary education are two-fold in rural areas:—want of willingness of a substantial number of guardians to send their children, especially girls to schools and keep them there till the end of their elementary education. The rural areas do not suffer from lack of schools and all these schools offer free education. (ii) In urban areas: accommodation and housing of the schools. If the municipalities be prepared to put up school building and provide for capital expenditure required for such purpose out of their own resources aided by voluntary contributions from the community, the State Government will be prepared to provide suitable financial assistance to the municipal authorities in the discharge of their responsibilities for the recurring maintenance of these schools. The State Government is however fully conscious of the responsibility and is actively considering measures for early implementation of free and compulsory primary education throughout West Bengal. মাছেন।

[1-30 - 1-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

আর্বান এলাকায় ফ্রি প্রাইমারী এডুকেসানের কথা বললেন। এ সম্বন্ধে মিউনিসিপ্যালিটির, কাছে রিসেণ্টলী একটা তথ্য চেয়ে পাঠিয়েছেন এটা কাগজে আমরা দেখলাম। এটা কি ঠিক?

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Home (Transport) Department will please make a statement on the unsatisfactory condition of the North Bengal State Transport Corporation.

The Hon'ble Saila Kumar Mukherjee: I am very sorry, Sir I will make the statement tomorrow.

Mr. Speaker: I have received six notices of calling attention intended for the 24th August, 1964 and four notices intended for this day. They are:—

(1) Accident in the Bata Shoe Factory at Batanagar from Dr. Abu Asad Mohammad Obaidul Ghani.

(2) Non-implementation of Chhoto and Bara Shalbari Irrigation Dams Construction Schemes from Shri Jiban Krishna Dey.

(3) Cutting of the Bundh at Chaitonagachi in Habibpur P.S of Dist Malda from Shri Nemai Chand Murmu.

(4) Activities of Pakistani spy-circle in West Bengal from Shri Ananga Mohan Das.

(5) Non-availability of wheat and rice at Tunfangunj from Shri Jiban Krishna Dey.

(6) Assault upon one constable by S.D.P.O. Ranaghat from Shri Gour Chandra Kundu.

(7) Outbreak of cholera and diphtheria in Calcutta from Shri Ananga Mohan Das.

(8) Delay in implementation of the Farakka Barrage Project from Shri Sailendra Nath Adhikary.

(9) Realisation of loan at Ramnagar P.S. from Shri Balai Lal Das Mahapatra.

(10) Shortage of X-ray film from Dr. A. A. M. O. Ghani.

I have selected the notices of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani on the subject of accident in the Bata Shoe Factory at Batanagar and of Shri Ananga Mohan Das on the subject of outbreak of cholera and diphhteria in Calcutta. The respective Minister-in-charge will make statements today or give a date for the same.

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, the statement will be made on Monday.

Refusal of consent to adjournment motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Gopal Banerjee on the subject of continued critical food situation to which consent has been refused by me.

Arrest of Members

Mr. Speaker: I have to report to the House the arrest of some of the Members.

Shri Haridas Chakravarty convicted under section 228 I.P.C., was sentenced to pay fine of Rs. 60 in default S.I. for six days. He having not paid the fine was detained in Asansol Special Jail from the 24th August, 1964.

Shri Somnath Lahiri was arrested under section 145 I.P.C. on the 24th August, 1964 and lodged in the Presidency Jail, Calcutta.

Shri Gopal Banerjeo was arrested, convicted and sentenced to the detained till the rising of the Court under section 480 C.P.C. on the 26th August, 1964.

Shri Girija Bhusan Mukherjee was convicted under section 228 I.P.C. and sentenced to pay fine of Rs. 100 in default S.I. for three days. He was detained in the Hooghly Jail from the 26th August, 1964.

Shri Sanat Kumar Raha was convicted and sentenced to detention till the rising of the Court up to 13-00 hours under sections 480 Cr. P.C./228 I.P.C. on the 28th August, 1964.

Refusal of permission for using microphones

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয় একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। ২৯এ অগাস্ট দুর্গাপুরে সেন্ট্রাল স্টোর-এর কাছে আমাদের একটা জনসভার ব্যবস্থা করা হয়েছিল এবং ওখানের ময়দানে আমরা সভা করি। কিন্তু আশ্চর্যের বিষয় গত রাববার এস-ডি-ও-র কাছে হিন্দুস্থান স্টীল ওয়ার্কার্স অ্যাসোসিয়েসন-এর পক্ষ থেকে মাইক-এর পার্মিসন চেয়ে পাঠালে এস ডি ও বললেন ফরওয়ার্ড ব্লক-কে মাইক-এর পার্মিসন দেব না। এরকম ব্যবহার কেন আমাদের সঙ্গে করা হয়েছে সেটা আমি জানতে চাই।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Speaker, Sir, through you I want to make an important reference before the House. This morning there have been two very alarming news items appearing in the 'Statesman' in the first page, first coloumn—"Atta scarce in Calcutta markets". And it has squarely put the blame on the Government machinery of distribution. The Bengal Chaki-owners Co-operative, the largest one in Calcutta, has not yet received even less than half the quota that was its due up to 31st August, 1964.

The other important news is the reported split in the Fisheries Department. It is a quarrel between the Hon'ble Minister and his officers. While the Calcutta market is going without fish, if the Minister and his officers go on quarreling, this is something very serious.

Only yesterday I saw somewhere a statement by our Chief Minister that the food situation is easy, but our experience is just the contrary. Besides, all the alertness that we see on the part of the members in the Treasury Bench, on the part of the Government, is their alertness in the arrest of satyagrahis all over the country.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই দুটি বিষয়ে। পশ্চিমবঙ্গ সরকার খাদ্য সম্পর্কে যে নীতি জারী করেছেন তাতে তাঁরা বলেছিলেন যে-সমস্ত জায়গায় রাইস মিল আছে সেখানে ২৫ পারসেণ্ট লেভি হবে। বাকি ৭৫ পার সেন্টের মধ্যে ৩৫ পারসেন্ট ট্রেড এ্যাকাউন্টে বিক্রি হবে আর বাকিটা যাবে জেলার বাইরে। আমার কাছে যে তথ্য এসেছে তাতে একমাত্র বর্ধমানের কয়েকটি চালকলেই জেলা ম্যাজিস্ট্রেট অর্ডার দিয়েছেন যে জেলার বাইরে চাল যেতে পারবে না, ফলে ১ লক্ষ ৪০ হাজার মণ চাল আটকে রয়েছে। অথচ এই সরকারের আইনের বলে ৩৫ পারসেন্ট তারা ট্রেড এ্যাকাউন্টে বিক্রী করতে পারতো। বীরভূম এবং অন্যান্য জেলাতেও এই রকম ব্যবস্থা হয়েছে। নদীয়া জেলা ঘাটতি জেলা। নদীয়া জেলাশাসক বর্ধমান এবং বীরভূম থেকে দু দফায় ২৫ হাজার মণ আনতে দেন। কিন্তু যেহেতু বর্ধমান এবং বীরভূম জেলার জেলাশাসক নদীয়াতে সারপ্লাস চাল আনতে দিচ্ছেন না ফলে আমি মনে করি এক অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। বাংলাদেশে যদি উত্তরপ্রদেশ এবং রাজস্থানের মত অবস্থা হয় এক এক জেলায় এক এক রকম ব্যবস্থা হয়.........

Mr. Speaker: Mr. Maitra, I told you that you can simply draw the attention of the House.

শ্রীকাশীকান্ত মৈত্র: কিন্তু এ বিষয়ে তো আমার বক্তব্য হাউসের কাছে পেশ করতেই হবে। আমি জানতে চাই এরকম অবস্থা চলবে কিনা?

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে লোক-সেবকে একটি চাঞ্চল্যকর খবর বেরিয়েছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে। "কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে স্বীয় ক্ষমতা অপব্যবহারের গুরুতর অভিযোগ!!" একান্ত সচিবের নামে স্কুটার আনাইয়া এলাহাবাদে পেটোয়া লোককে প্রেরণ, ব্যক্তিগত স্বার্থে রাজ্যসরকারের কোটার অপচয়? না রাজ্য-সরকারকে প্রতারণা?"

এই যে বিস্তৃত সংবাদ আজকে সংবাদপত্রে বেরিয়েছে সেটা সম্বন্ধে বলা হয়েছে—কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার গত ১৮ই মে তারিখে আমাদের সরকারের যিনি অর্থমন্ত্রী তাঁকে একটা চিঠি লিখেছেন এই উল্লেখ করে—

As I am urgently in need of a Scooter for my Secretary I would request you to kindly release one scooter from the Government quota.

এই যে চিঠি লিখলেন সেই চিঠি অনুযায়ী গভর্নমেণ্টের কোটা থেকে স্কুটার বেরিয়েছে, এই স্কুটার সেক্রেটারী বা একান্ত সচিব ব্যবহার করলেন না, তিনি সেই স্কুটার এলাহাবাদে তাঁর বাড়ীতে ১১ এড্‌মণ্ড স্ট্রীটে পাঠিয়ে দিলেন শ্রীশ্রীবাস্তবের কাছে। আমি এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। খাদ্য ডিবেটে আমি যে প্রশ্ন তুলেছিলাম তখন তিনি উত্তরে এটা বলেছিলেন যে নদীয়ায় গম পাঠান হয়েছে এবং নদীয়ার লোকে গম পাবে। কিন্তু আমি বলতে চাই নদীয়ায় গত ২০।২৫ দিন ধরে কোন গমই দেওয়া হচ্ছে না। রেশন সপে পাওয়া যাচ্ছে না লোকে আটার জন্য কিউ দিয়েও এক ছটাক পাচ্ছে না, তার সঙ্গে নদীয়ায় মৎস্য সঙ্কট রয়েছে আমি তাই এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যে নদীয়ায় সর্ষের তেল পাওয়া যাচ্ছে না, মৎস্য পাওয়া যাচ্ছে না, আটা পাওয়া যাচ্ছে না, এ সম্বন্ধে যুগান্তরে এক চাঞ্চল্যকর তথ্য বেরিয়েছে আশা করি তিনি এ বিষয়ে দৃষ্টি দেবেন।

Non-availability of atta and fish

[1-40—1-50 p.m.]

Shri Ganesh Ghosh:
মিঃ স্পীকার, স্যার, আটার সাপ্লাই আবার খারাপ হয়েছে। কিছুদিন আগে এখানে বলা হয়েছে যে আটা পাওয়া যাচ্ছে না কলকাতার বহু জায়গায়। তখন বলা হয়েছিল আটা নামান যাচ্ছে না, নেক্‌স্ট উইকে আটার অবস্থা ভাল হবে। আবার আটা পাওয়া যাচ্ছে না। কেন পাওয়া যাচ্ছে না এটার সম্বন্ধে মুখ্যমন্ত্রী যদি একটা স্টেটমেণ্ট দেন তাহলে ভাল হয়। ৭ দিন আগে যেটুকু আটা পাওয়া যাচ্ছিল তার চেয়েও অবস্থা আরও খারাপ হয়ে গেছে, সেটুকুও পাওয়া যাচ্ছে না। আজকে কাগজে দেখলাম মন্ত্রীদের সংগে অফিসারদের মতভেদ হয়েছে। হতে পারে, কিন্তু দাম বাড়া নিয়ে যদি মতভেদের প্রশ্ন হয় তাহলে অত্যন্ত গুরুতর ব্যাপার। দাম না বাড়িয়ে দিলে মাছের আমদানি কম করব এটা খুব গুরুতর ব্যাপার। সেজনা মৎস্য মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য তিনি কেন ভেড়িগুলি নিয়ে নিচ্ছেন না? তিনি ভেড়িগুলি নিয়ে সেখানে মাছের চাষের ব্যবস্থা করতে পারেন। আর প্রফুল্লবাবুকে বলি তিনি আটার ব্যবস্থা করুন। মানুষকে ধরে নিয়ে যাচ্ছেন, সাজা দিচ্ছেন, অথচ আটা আর পাওয়া যাচ্ছে না। আপনি এর ব্যবস্থা করুন।

Message

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that the following Message has been received from the Council, viz.,

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 18th August, 1964, agreed, without any amendment, to the West Bengal Highways Bill, 1963, as passed again by the Assembly with the amendment recommended by the Governor under article 201 read with article 200 of the Constitution of India.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council.

Calcutta:
The 28th August, 1964.

Sir, I lay the Message on the Table.

GOVERNMENT BUSINESS

LAYING OF RULE

Amendments to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Sir, I beg to lay before the Assembly amendments to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959.

FINANCIAL

Discussion on Excess Expenditure for the years 1959-60 and 1960-61

Mr. Speaker: We now take up Discussion on Excess Expenditure for the years 1959-60 and 1960-61. Hon'ble Ministers may first move all the Demands and then we will go on with the discussion. After that I shall dispose of all the grants one by one.

Voting on Excess Expenditure (for the year 1959-60)

DEMAND FOR GRANT NO. 6

Major Head: 11—Registration

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 38,762, be granted to make good an excess on the Grant No. 6, Major Heald: "11—Registration" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 14

Major Head: 25—General Administration

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,99,704 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: "25—General Administration" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 15

Major Head: 27—Administration of Justice

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,34,079 be granted to make good an excess on the Grant No. 15, Major Head: "27—Administration of Justice" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 16

Major Head: 28—Jails

The Hon'ble Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,343 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: "28—Jails" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 18

Major Head: 30—Ports and Pilotage

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,17,493 be granted to make good an excess on the Grant No. 18, Major Head: "30—Ports and Pilotage" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 20

Major Head: 37—Education

The Hon'ble Rabindralal Sinha: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,59,36,900 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: "37—Education" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 29

Major Head: 43—Industries—Cinchona

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,384 be granted to make good an excess on the Grant No. 29, Major Head: "43—Industries—Cinchona" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 39

Major Head: 57—Miscellaneous—Expenditure on displaced persons

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,88,434 be granted to make good an excess on the Grant No. 39, Major Head: "57—Miscellaneous—Expenditure on displaced persons" for the year 1959-60.

DEMAND FOR GRANT NO. 46

Major Head: 85A—Capital Outlay on Schemes of Government Trading

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,09,38,100 be granted to make good an excess on the Grant No. 46, Major Head: "85A—Capital Outlay on Schemes of Government Trading" for the year 1959-60.

Voting on Excess Expenditure

(For the year 1960-61)

DEMAND FOR GRANT NO. 6

Major Head: 11—Registration

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,282 be granted to make good an excess on the Grant No. 6, Major Head: "11—Registration" for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 14

Major Head: 25—General Administration

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,10,333 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: "25—General Administration" for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 15

Major Head: 27—Administration of Justice

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,48,475 be granted to make good an excess on the Grant No. 15, Major Head: "27—Administration of Justice" for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 18

Major Head: 30—Ports and Pilotage

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,361, be granted to make good an excess on the Grant No. 18, Major Head: "30—Ports and Pilotage" for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 20

Major Head: 37—Education

The Hon'ble Rabindralal Sinha: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 96,01,859 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: "37—Education" for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 21

Major Head: 38—Medical

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,09,209 be granted to make good an excess on the Grant No. 21, Major Head: "38—Medical for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 30

Major Head: 47—Miscellaneous Departments-Fire Services

The Hon'ble S. M. Fazlur Rahman: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,146 be granted to make good an excess on the Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments—Fire Services" for the year 1960-61.

DEMAND FOR GRAND NO. 33

Major Head: 47—Miscellaneous Departments, Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,80,406 be granted to make good an excess on the Grant No. 33, Major Head: "47—Miscellaneous Departmets—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc." for the year 1960-61.

DEMAND FOR GRANT NO. 37

Major Head: 55—Superannuation Allowances and Pensions

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,27,207 be granted to make good an excess on the Grant No. 37, Major Head: "55—Superannuation Allowances and Pensions" for the year 1960-61.

Mr. Speaker: I put all the Grants together for discussion.

Shri Gopal Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালের কতক ভাল খাতে যে অতিরিক্ত বরাদ্দ চাওয়া হয়েছে তার মধ্যে সবের উপর আমি আলোচনা করতে চাই না, কেবল কয়েকটা ব্যাপারের উপর আমি আলোচনা করতে চাই। প্রথমতঃ এইমাত্র যে জিনিসটা এখানে আলোচনা হল, শিক্ষামন্ত্রী যে বিবৃতি দিলেন প্রাথমিক শিক্ষা সম্পর্কে এই দুই বছরে দেখা যাচ্ছে যে শিক্ষা খাতে একবার ১ কোটি কয়েক লক্ষ টাকা এবং পরের বার ৯৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। আমি সমস্ত শিক্ষার মধ্যে না গিয়ে প্রাথমিক শিক্ষা সম্পর্কে এটুকু বলতে চাচ্ছি তিনি যে বিবৃতি এখানে দিয়াছেন, তার যে দাবী সেটা অত্যন্ত অতিরিক্ত দাবী আজকে যতটুকু বলেছেন এবং তাঁদের এই দল মনোভাব এই মনোভাব দীর্ঘদিন ধরে চলে আসছে প্রাথমিক শিক্ষা সম্পর্কে তাঁদের যে অবহেলা সেই অবহেলা অত্যন্ত নগ্নভাবে চারিদিকে প্রকাশ পেয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

ওঁর অবস্থার বিবৃতির সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

আমি শৈলবাবুকে জিজ্ঞাসা করি তিনি যে স্টেটমেণ্ট তার একসেস একপেনডিচার দিয়েছেন তার একসপ্লানেটরী মেমোরাণ্ডাম তিনি কি দিয়েছেন যার দ্বারা তিনি রেলেভ্যাণ্ট স্পীচ একসপেক্ট করেন আমাদের কাছ থেকে।

how do you expect a relevant speech

যেমন পোর্ট য়্যাণ্ড পাইলটেজ-এ বলেছেন খরচ করেছেন।

you cannot expect a relevant speech after submitting such a statement o excess expenditure.

যার মধ্যে কিছু নেই, শুধু একটা লাইন দেওয়া আছে।

[1-50—2 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি বলিনি সে কথা। আমি ক্লিয়ার করতে চেয়েছি, আমাকে জবাব দিতে দিন। আপনাদেরই সাহায্যের জন্য বলছি, আপনাদের বোঝাবার জন্য বলছি ক্ল্যারিফিকেশন

[Noise and interruptions]

আমার কথাটাই শুনলেন না, আপনারাই বলে যাচ্ছেন। আমি রিলিভ্যাণ্ট বলেছি।

Dr. Kanai Lal Bhattacharya:

এই সব কথা আপনি বলছেন কেন? কিসের জন্য খরচটা করলেন, সেইটা বলুন।

Mr. Speaker:

ওঁর কথাটা একটু শুনুন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি জিজ্ঞাসা করছি আপনাকে, আজকে যে এক্সেস (এক্সপেণ্ডিচার গ্র্যাণ্ট) চাওয়া হয়েছে, এর সঙ্গে উনি ত কোন বিবৃতি দেননি। উনি যে বিবৃতির কথা উল্লেখ করলেন, সেটার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। উনি আজকে একটা বিবৃতি দিয়েছেন কলিং য়্যাটেনশন নোটিশ-এ, ১৯৬০-৬১ সালের ব্যাপারে।

[Noise and interruptions]

Shri Gopal Banerjee:

আমার কথাটা শ‍ুনুন। দ‍ু কোটি টাকা বেশী চেয়েছেন ঐ বছরের জন্য তো। অর্থাৎ ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালেতে যে টাকা খরচ করা হয়েছে। [এ ভয়েস—উনি একেবারে অবান্তর কথা বলছেন।]

Mr. Speaker:

অবান্তর হয়নি। আপনার ডিসকাশন আরম্ভ করুন মিঃ ব্যানার্জী।

[Noise and interruptions]

Shri Gopal Banerjee:

উনি বাধা দিতে গেলেন কেন?

Mr. Speaker:

উনি আর বাধা দেবেন না। আপনারাও দেবেন না। আপনি বলুন।

Shri Gopal Banerjee:

যে কথাটা আমি বলছিলাম, আমার বক্তব্য এইটাই ছিল যে ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালের যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ এখানে চাওয়া হয়েছে, সেই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মধ্যে একটা প্রধান খাতে টাকা ধরা হয়েছে, সেটা হচ্ছে শিক্ষা খাতে। সেই শিক্ষা খাতের টাকা সম্পর্কে উল্লেখ করে আমি বলছি। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে সরকার বিভিন্ন সময় যে অত্যন্ত অতিরিক্ত দাবী করে আসছেন, সেই দাবী তাঁদের মোটেই করা উচিত নয়।

এই প্রসঙ্গে আমি বলতে গিয়েছিলাম যে আজকে শিক্ষামন্ত্রী যে বিবৃতিটা দিয়েছেন, তার সঙ্গে প্রাথমিক শিক্ষার বিশেষ কোন সম্পর্ক নেই। তিনি শিক্ষা সম্পর্কে যে কথা বলেছেন সেটা অত্যন্ত অন্যায় দাবী। আমি শ‍ুধ‍ু এইটুকু বলতে চাই যে ১৯৬৩ সালে যে আইন পাশ হয়েছে উনি এখানে বললেন যে সমস্ত মিউনিসিপ্যালিটির কাছে আমরা চেয়েছি যে তাঁরা তাঁদের পরিকল্পনা পাঠান, এবং তার মধ্যে দিয়েই তাদের দায়িত্ব শেষ করছেন। এখানে একটি কথা, তাঁদের যে আইন পাশ হয়েছে, সেই আইনের যে রুলস তৈরী করার কথা ছিল, সেই রুলস আজ পর্যন্ত তাঁরা তৈরী করতে পারেননি। সুতরাং কিসের ভিত্তিতে প্রোগ্রেস্যাল মিউনিসিপ্যালিটিগ‍ুলি তৈরী করবে? এটা আজকের কথা নয়, গত দশ বছর ধরে, ১৫ বছর ধরে এই কথাগ‍ুলি বলা হচ্ছে। উনি এই যে একটা বিবৃতি দিলেন, সেই বিবৃতির অাড়ালে তিনি সমস্ত জিনিষটা, যেটা ওঁদের ডিপার্টমেণ্টের গাফিলতি, সেই ডিপার্টমেণ্টের গাফিলতি তিনি ঢেকে রাখতে চাইছেন, এবং এইটাই হচ্ছে প্রাথমিক শিক্ষা সম্পর্কে, এই বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সম্পর্কে দীর্ঘদিন যাবৎ যে মনোভাব নিয়ে রয়েছেন, সেই মনোভাব। সুতরাং অতিরিক্ত টাকা, ব্যয়-বরাদ্দ কিসের জন্য। এই টাকা ব্যয় বরাদ্দ করার আগে, নিশ্চয়ই শিক্ষামন্ত্রীর কাছ থেকে একটা সন্তোষজনক কৈফিয়ৎ পাওয়া উচিত, যে তাঁরা এ সম্পর্কে আর অবহেলার মনোভাব দেখাবেন না। তা নাহলে অতিরিক্ত টাকা স্যাংসন-এর জন্য তাঁরা যে বার বার আমাদের কাছে আসবেন, তার সার্থকতা কি, তা অন্ততঃ আমি বুঝি না। সেইজন্য দেখা যায় যে গত দু বছরের মধ্যে বাইরের তিন, চারটি মিউনিসিপ্যালিটিতে এবং পাশেই যে ক্যালকাটা কর্পোরেশন, সেখানে তারা কোন বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থার দিকে অগ্রসর হতে পারেননি। তারপরেও আবার এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের টাকা প্রতি বছর নিতে হয় কিসের জন্য তা আমরা বুঝতে পারি না।

এই প্রসঙ্গে একটি কথা বলা হয়েছে যে মিউনিসিপ্যালিটির ঘর, বাড়ী তৈরী করার জন্য অনেক দেনা হয়েছে। এবং আরও বলা হচ্ছে যে শিক্ষার জন্য যদি বাড়ী, ঘর মিউনিসিপ্যালিটি তৈরী করতে পারে তাহলে সেখানে নেসেসারী বা ক্যাপিটাল এক্সপেণ্ডিচার-এর জন্য সরকার পক্ষ কিছু সাহায্য দেবেন। কিন্তু, ওঁদের টাকাটা সাধারণত কিসে খরচ হয়? ওঁরা এই বড়, বড় ক্যাপিট্যালিষ্টদের বাড়ী, ঘর তৈরী করবার জন্য ব্যয় করছেন। বেশীর ভাগ স্কুলের এমনই অবস্থা যে শিক্ষকদের উপযুক্ত মাইনে দিতে পারে না। বর্তমানে তাদের সামান্য কিছু মাইনে বাড়িয়েছেন বটে, কিন্তু শিক্ষকদের অনেক দাবী রয়েছে, তা এখনও পূরণ হয়নি।

সুতরাং তাঁদের শিক্ষা সম্পর্কে যে গতানুগতিক মনোভাব, এ সম্পর্কে যে পরিবর্তিত মনোভাব দরকার প্রাথমিক, মাধ্যমিক, এবং উচ্চ শিক্ষার জন্যে, সে মনোভাব নেই। টাকা তাঁদের দেওয়া হচ্ছে সেই টাকা তাঁরা সদব্যবহার করতে পারছেন না। এবারও অতিরিক্ত টাকার জন্য এসেছেন—এই হচ্ছে অবস্থা। দ্বিতীয়তঃ, আমি দেখছি উদ্বাস্তু পুনর্বাসন খাতে কিছু টাকা অতিরিক্ত চাওয়া হয়েছে। এটা ১৯৫৯-৬০ সালের ঘটনা হচ্ছে এই যে ১৯৫৯-৬০ সাল একটা বিশেষ সাল সেটা বার বার আমি এই সভায় উত্থাপন করেছি, সেই বৎসরেই এই উদ্বাস্তুদের যারা ক্যাম্পে ছিল তাদের ঢোল কাটা হয়েছিল এবং তাদের ঢোল কেটে তাদের পুনর্বসতির সমস্ত সুযোগ থেকে বঞ্চিত করে তাদের রেখে দেওয়া হয়েছে এখনও। সেই নীতি সম্পর্কে, সেই যে অসংখ্য রিফিউজি রয়েছে ৯ হাজার পরিবার, তাদের পুনর্বসতি সম্পর্কে একটা নীতি ঘোষণা সরকারের কাছ থেকে বার বার চাওয়া হয়েছিল, এই হাউসে বিভিন্ন সময়ে চাওয়া হয়েছে। সেই লোকগুলি, তাদের প্রতি কতকগুলি কটূক্তি করা হয়েছিল, বলা হয়েছিল তারা ঢোলের উপর বেঁচে থাকতে চায়, তারা বাইরে যেতে চায়না, তারা এখানে কোন রকম জীবন ধারণের ব্যবস্থা করতে পারেনি কিন্তু গত এই ৫ বৎসরের অভিজ্ঞতার মধ্যে যেটা দেখা গিয়েছে যে তারা নিজেদের চেষ্টায় কিছু ব্যবস্থা করে নিয়েছে। কিন্তু সরকার আজও একগুয়েমি মনোভাব রেখে, তাদের যতটুকু চেষ্টার মধ্যে দিয়ে পুনর্বাসনের চেষ্টা করে যাচ্ছে অত্যন্ত কঠোর পরিশ্রমের মধ্যে দিয়ে, তাকে সম্পূর্ণ সফল করার জন্য তাঁদের নীতি পরিবর্তন করছেন না, সেই একগুয়েমি মনোভাব রাখা হয়েছে। নূতন যে উদ্বাস্তু এসেছিল তাদের দণ্ডকারণ্যে পাঠাবার পরে যখন দণ্ডকারণ্যের অথরিটি, তাঁরা পর্যন্ত বলছেন যে আর দণ্ডকারণ্যে রিফিউজি পাঠাবার দরকার নেই, যারা পুরানো ১৯৫৯ সাল থেকে এখানে আছে, কিছু ব্যবস্থা করে নিয়েছে, তাদের যে সমস্যা সেই সমস্যা সমাধানের জন্য এখনও কি পরিবর্তন হবে না তাঁদের নীতি? তাহলে এই টাকা দিয়ে কি হবে? কিছু উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের অপদার্থ কর্মচারী তাদের পোষণ করবার জন্য কি এই টাকা রাখা হবে? এই হচ্ছে আমার দ্বিতীয় প্রশ্ন। সুতরাং এই দুই ব্যাপারে যে অতিরিক্ত টাকা দেওয়া হয়েছে সেই সম্পর্কে সরকারের নীতিগত কোন পরিবর্তন যদি না হয় তাহলে এই টাকা বরাদ্দ করে লোকের কোন উপকার হবে না। সরকারের খামখেয়ালী নীতি চরিতার্থ করবার জন্য যে টাকা প্রয়োজন সেই টাকার জন্যে হাউসে আসবেন, সংখ্যাধিক্যের জোরে তা পাশ করিয়ে নিয়ে যাবেন কিন্তু তাতে অবস্থার কোন উন্নতি হবে না। এই হচ্ছে গিয়ে আমার বক্তব্য। সুতরাং এই অতিরিক্ত বরাদ্দের জন্য আমি কোন রকম সমর্থন করতে পারি না।

ডাঃ **কানাইলাল ভট্টাচার্য**: মাননীয় স্পীকার মহোদয়, এই একসেস্ এক্সপেনডিচার আজকে আমাদের সামনে যে সরকার পেশ করেছেন হয়ত সাংবিধানিক দিক দিয়ে এর কোন এ টি না থাকতে পারে কিন্তু যেভাবে এটা বৎসরের পর বৎসর আমাদের সামনে আসে, এই একসেস্ এক্সপেনডিচার আমাদের সামনে পেশ করা হয় এবং আমাদের মতামত চাওয়া হয় তার দ্বারা মনে হচ্ছে যে একটা ছেলেখেলার মত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তার প্রধান কারণ হচ্ছে এই একসেস্ এক্সপেনডিচারের যে এক্সপ্লানেটরি মেমোরান্ডাম দেওয়া হয় তার দ্বারা আমরা যাঁরা সদস্য, তাঁরা কিছুই বুঝতে পারে না কেন এই বেশী খরচ হয়ে গিয়েছে। আমি দুটি জায়গায় আপনাকে উদাহরণ দিয়ে বুঝাতে পারি। এডুকেশন ডিপার্টমেণ্টে দুই বৎসরে দু কোটি টাকার বেশী চাওয়া হয়েছে। এক বৎসরে দেড় কোটি টাকা ১৯৫৯-৬০ সালে, তার পরের বৎসরে চাচ্ছেন, তাঁরা একসেস এক্সপেনডিচার করে ফেলেছেন এবং এখন আমাদের কাছে একটা অনুমতি চাচ্ছেন ৯৬ লক্ষ টাকার। কিন্তু তার এক্সপ্লানেটরি মেমোরান্ডাম পড়ে দেখুন শুধু একটি লাইন আছে

excess mainly occurred on account of larger expenditure of development schemes.

ঠিক একটি লাইন। কত চাচ্ছেন? এর জন্য ১,৫৬,৩৩,১৩৩ টাকা। এই যে এটা আমাদের কাছে দেওয়া হল, বলা হল যে একসেস্ সম্বন্ধে ডিসকাশ কর এবং রেলিভেন্স বজায় রেখে ডিসকাস করতে হবে, ইর্রেলিভেণ্ট বললে শৈলবাবু উঠে দাঁড়াবেন এই অবস্থা যদি হয় তাহলে আমি এটাকে ছেলেখেলা বলা ছাড়া আর কি বলতে পারি।

[2—2-10 p.m.]

স্যার, সিরিয়াসলি গভর্নমেণ্ট যদি চান তাঁরা যে এক্সপেণ্ডিচার করে ফেলেছেন সেটা ঠিক কি নয় সে সম্পর্কে আমাদের মতামত জানা প্রয়োজন, আমাদের কি রিয়্যাকসন জানা উচিৎ এটা যদি সিরিয়াসলি মনে করেন তাহলে সেইভাবে এক্সপ্লেনেটারী মেমোরাণ্ডাম দেওয়া উচিৎ, তার পর আমরা আমাদের মতামত দিতে পারি। তাঁদের হাউসে মেজরিটি আছে, পাস করিয়ে নেবে ঠিকই, কিন্তু এভাবে তুচ্ছতাচ্ছিল্যের ভাব দেখানো—এর দ্বারা আমি মনে করি লেজিসলেচার-এর অপমান করা হয় এক্সেস এক্সপেণ্ডিচার-এর একটা ফিরিস্তি ফেলে দিলেন আমাদের সামনে, তারে আমরা যাই বলি ওঁরা বলবেন ওগুলি ইরিলিভ্যাণ্ট এবং ভোটের জোরে পাস করিয়ে নেবে বছরের পর বছর এই যে ব্যাপার হচ্ছে এটা আমার মনে হয় বন্ধ হওয়া উচিত। এবং বিরোধীপক্ষ থেকে আমরা দাবী করি আগামী বছরের

statement of excess expenditure

যখন দেওয়া হবে তখন যেন ডিটেল্‌ড য়্যাকাউণ্ট দেওয়া হয়। দ্বিতীয় কথা, এক্সেস এক্সপেণ্ডিচার সম্বন্ধে সংবিধানে যেটা বলা আছে—বিগত কয়েক বৎসরের মধ্যে এই এক্সেস এক্সপেণ্ডিচার সম্বন্ধে সরকারের যে মনোভাব পরিস্ফুট হয়ে উঠেছে সেই মনোভাব আমরা সমর্থন করি না। আমরা মনে করি স্পিরিট অফ্ দি কন্‌স্টিটিউসন।

The Hon'ble Jagannath Kolay:

কানাইবাবু বোধ হয় পি এ কমিটির রিপোর্ট দেখেননি।

Dr. Kanai Lal Bhattacharya:

পি. এ কমিটির রিপোর্ট নিয়ে যখন আলোচনা হবে তখন সেটার উপর আলোচনা করব, এটা তো পি. এ কমিটির আলোচনা নয়, এখানে এক্সপ্লেনেটরী মেমোরেণ্ডাম-এর উপর বলছি। যখন পি. এ. কমিটির রিপোর্ট পেস করা হবে তখন সেই সম্পর্কে নিশ্চয়ই বলব। যাই হোক, আমি যেটা বলছিলাম, স্টেটমেণ্ট অফ এক্সেস এক্সপেণ্ডিচার যখন হাউসের সামনে রাখা হবে তখন যেন এমনভাবে এক্সপ্লেনেটরী মেমোর্যাণ্ডাম রাখা হয় যাতে আমরা বুঝতে পারি। তিনি যে আড়াই কোটি টাকা খরচ করেছেন ২ বৎসরে বলছেন এটা কেন খরচ করেছেন তা বলা উচিৎ তিনি লিখিতভাবে না বলতে পারেন, মৌখিকভাবে তো বলতে পারেন যে এই জন্য খরচ হয়েছে এক্সপেণ্ডিচার। স্যার, তৃতীয় বক্তব্য হচ্ছে, এই যে একসেস এক্সপেণ্ডিচার এ সম্পর্কে সংবিধানে যে কথা বলা আছে সংবিধানের যে স্পিরিট গভর্নমেণ্ট তা ঠিকমতো মানছেন না, কারণ কোন জায়গায় একথা বলা হয়নি যে এক্সসেস এক্সপেণ্ডিচার যা খুসী তোমরা করবে। এক্সসেস এক্সপেণ্ডিচার-এর প্রভিসন দেওয়া আছে এই জন্য, বাজেট করা হল, রিভাইজড বাজেট করা হল তারপর সাপ্লিমেণ্টারী বাজেট করা হল, তৎসত্ত্বেও দেখা যেতে পারে সরকারের কোন কোন ডিপার্টমেণ্টে আরো বেশি খরচ দরকার। আশা করা যায় সেটাই স্বাভাবিক, সেটার পরিমাণ কম হবে. এই এক্সসেস এক্সপেণ্ডিচার-এ দেখতে পাচ্ছি এক এক জায়গায় এর পরিমাণটা ১।১ কোটির মতো। এটা বল্লাম এডুকেশন ডিপার্টমেণ্ট সম্বন্ধে। প্রফুল্লবাবুর স্টেট ট্রেডিং-এর ক্ষেত্রে দেখা যাচ্ছে সেখানেও ১ কোটির মতো বেশি খরচ করা হয়েছে—যদিও বাজেট, রিভাইজড বাজেট, সাপ্লিমেণ্টারী বাজেট হয়েছে। তারপরে ৪ বৎসর বাদে আমাদের কাছে এক্সসেস এক্সপেণ্ডিচার তুললেন,—দেখা গেল ১ কোটির মতো তাঁরা বেশি খরচ করে ফেলেছেন। এই যদি হয় তাহলে বাজেট করার যে প্রয়োজনীয়তা সেটা ফলছে না। আমরা হাউস থেকে একটা পাস করে দিলাম তারপর আবার রিভাইজড হল, আবার সাপ্লিমেণ্টারীও হল, তারপরেও আবার তাঁরা এক্সসেস এক্সপেণ্ডিচার করে ফেললেন ১ কোটির মতো। তাহলে ডিপার্টমেণ্ট-এর কাজকর্মে টাকা পয়সার ব্যাপারে চেক দেবার যে প্রয়োজনীয়তা আছে সেদিকে সরকারের পক্ষ থেকে কি করা হয়েছে তা আমাদের কাছে বলা হল না।

স্যার, এবার আমি ডিপার্টমেণ্ট বাই ডিপার্টমেণ্ট দু-চারটে কথা বলব। প্রথমতঃ আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই ১৯৫৯।৬০ সালে

Capital outlay, Grant No. 46,

খানে ১ কোটি ৯ লক্ষ টাকা এক্সেস এক্সপেণ্ডিচার করলেন কেন। এক্সপ্লেনেটরী মেমো-ণ্ডাম-এ তাঁরা বলেছেন, গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া এবং ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর মধ্যে একটা ট্রানজাকসন হয়েছে কেন এক্সসেস এক্সপেণ্ডিচার হয়েছে, না,

'For supply of rice and paddy at an unanticipated, high rate". It is a ransaction between the two Governments.

কিন্তু সেই গভর্নমেণ্ট-এ নিশ্চয়ই একটা রেটের কথা বলা ছিল, কিন্তু এমন একটা রেট শেষ পর্যন্ত গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া ইমপোজ করলেন যা তাঁরা য়্যাণ্টিসিপেট করতে পারেন নি যার ফলে ১ কোটি মতো এক্সসেস এক্সপেণ্ডিচার হয়ে গিয়েছিল। আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে বিস্তারিতভাবে জানতে চাই কেন তাঁরা এভাবে এত বেশি টাকা খরচ করলেন। দ্বিতীয়ত, এডুকেসন ডিপার্টমেণ্ট-এর সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর কথা পরে বলা যাবে, ফার্ষ্ট ফাইভ ইয়ার প্ল্যান-এ ডেভোলপমেণ্টাল এক্সপেণ্ডিচার শেষ পর্যন্ত ২ বৎসরে হয়েছে এক্সসেস এক্সপেণ্ডিচার ২॥ কোটি টাকার মতো। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, তিনি তো ২॥ কোটি টাকার মতো এক্সসেস এক্সপেণ্ডিচার করেছেন, কিন্তু তা সত্ত্বেও কেন আমাদের সংবিধানের নির্দেশানুসারে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার বিস্তার করতে পারেন নি। এমনিতেই যথেষ্ট টাকা দেওয়া হয়েছিল, তা ছাড়াও তিনি এক্সসেস খরচ করেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, তাঁর ডিপার্টমেণ্ট পশ্চিমবঙ্গে কেন লোকে যাতে ফ্রি প্রাইমারী এডুকেসন পেতে পারে তার বন্দোবস্ত করতে পারেন নি। সংবিধান পাস হবার পরে ১৫ বৎসর হল। এখনো আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের ৮৬টি মিউনিসিপ্যালিটিতে ফ্রি প্রাইমারী এডুকেশন-এর বন্দোবস্ত হয়নি। প্রাইমারী এডুকেশন-এর জন্য এখনো মানুষকে পয়সা খরচ করতে হয়। কেন? এক যুগের বেশি হল আমরা এখান থেকে একটা আরবান প্রাইমারী এডুকেশন আইন পাস করেছি। দুঃখের কথা, ১১॥ বৎসর হয়ে গেল, আজ পর্যন্তও মিউনিসপ্যালিটির কাছ থেকে যে সহযোগিতা করা উচিৎ ছিল সেটা ওঁরা করতে পারেন নি। এ সম্পর্কে একটা কলিং এ্যাটেনসন দেবার পর শিক্ষামন্ত্রী মহাশয়ের ঘুম ভেঙেছে, তার সঙ্গে সঙ্গে ডিপার্টমেণ্টের কর্তাদেরও ঘুম ভেঙেছে। সেটা পাওয়ার পর তাঁরা একটা নোটিফিকেশন ইসু করেছেন বা একটা সার্কুলার দিয়েছেন মিউনিসিপ্যালিটিগুলির কাছে, সেটা বোধ হয় গতকালের কাগজে বেরিয়েছে। সংবিধানের নির্দেশ পালন করা দায়ের কথা, ১১॥ বৎসর আগে যে আইন পাস করা হয়েছিল সেই আইনটি তাঁরা প্রয়োগ করতে পারেননি।

আজকে তিনি বলছেন আমাদের ডিপার্টমেণ্ট আড়াই কোটি টাকা একসেস এক্সপেনডিচার করে ফেলেছে তোমরা এতে মত দাও। মাননীয় স্পীকার মহাশয়, আমি অন্ততঃ একথা বলতে পারি যে, এই প্রস্তাব কিছুতেই আমি সমর্থন করতে পারি না। যে ডিপার্টমেণ্ট এতখানি বিফলতা দেখিয়েছে সেই ডিপার্টমেণ্ট যদি আড়াই কোটি টাকা একসেস খরচ করে থাকে তাহলে আমরা তাকে কোন দিক থেকেই সমর্থন করতে পারি না। স্যার, আমি আমার বক্তব্য দীর্ঘ না করে শুধু এ কথাই বলব যে, এই স্টেটমেণ্ট অব একসেস এক্সপেনডিচার গভর্নমেণ্টের পক্ষ থেকে যা আনা হয়েছে সেটা যদি ঠিকমত আনা না হয় তাহলে এটা সমর্থন করতে পারি না। এই কথা বলে এর বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

Shri Nathaniel Murmu:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে যে এক্সসেস এক্সপেন্ডিচার এখানে উত্থাপন করা হয়েছে এবং যার মঞ্জুরী সরকার চেয়েছেন সে সম্পর্কে কানাইবাবু যেকথা বলেছেন তার সঙ্গে আমি আর একটা কথা যোগ করে দিতে চাই। আমার প্রথম কথা হচ্ছে ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালে যে খরচ করা হয়েছে সেটা কি কারণে একেবারে ৪ বছর পর হাউসে উপস্থিত করা হোল সে সম্পর্কে আমাদের মনে প্রশ্ন জাগে। এটা খুবই স্বাভাবিক যে, একটা সরকার চালাতে গেলে, কোন একটা বিভাগ চালাতে গেলে মাঝেমাঝে জরুরী অবস্থার জন্য কোন কোন বিষয়ে সরকার

যদি মনে করেন তাহলে তাঁরা অতিরিক্ত কিছু বরাদ্দ করতে পারেন। সংবিধানে এই অধিকার দেওয়া আছে এবং যে কোন সরকারের এই অধিকার থাকা উচিত। কিন্তু মূল যে সমস্যা থেকে যায় সেই সমস্যাগুলোর ঠিকমত সমাধানের সুষ্ঠু কর্মপন্থা সরকার যদি না নেন বা এমন যদি দেখা যায় সরকারের সঙ্গে ব্যক্তিগতভাবে জড়িত এমন লোকের উপকারে লাগে এরকম কোন প্রকল্প তাঁরা যদি নেন বা ব্যক্তিগতভাবে কোন জিনিস কেনার ব্যাপারে বা কোন বাড়ী মেরামতের ব্যাপারে তাঁরা যদি খরচ করেন এবং তারপর এখানে এসে যদি তাঁরা এক্সেস এক্সপেণ্ডিচার-এর মঞ্জুরী চেয়ে বসেন তাহলে সেটা অন্যায়। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অনেক দেরীতে এরকম ব্যয় বরাদ্দ উত্থাপন করার অনেক অসুবিধা আছে। ৪ বছরের হিসেব নিকেশ এর মধ্যে রয়েছে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে ১৯৫৯-৬০ সালের অতিরিক্ত ব্যয় বরাদ্দের যে মঞ্জুরী তাঁরা চাচ্ছেন সেটা ১৯৬১-৬২ সালে তাঁরা অনায়াসে হাউসে আনতে পারতেন। কাজেই আমি অনুরোধ করছি এরকম বিলম্ব আর না করে পরের বছর আনবেন যাতে পরবর্তী বাজেটে আমরা দফাওয়ারী আলোচনায় অংশ গ্রহণ করতে পারি এবং কাজগুলো খেয়াল রেখে পরবর্তী বাজেটে একটা সুষ্ঠু নির্দেশ দিতে পারি। আমি আর একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য তিনি একটা জিনিস করেছেন—গ্রান্ট নম্বর ৩৪, হেড অফ অ্যাকাউন্ট ৫০—সিভিল ওয়ার্কস। রাজভবনের একটা লিফ্‌ট তৈরীর ব্যাপারে এক্সপ্লানেটরী মেমোরেন্ডামে তাঁরা বলছেন,

"The expenditure was due to the supply and installation of the set of passenger lift at Raj Bhavan which could not wait for provision of funds in the usual way till the next year and had to be completed within the financial year on an emergency basis in view of the visit of the distinguished guests."

রাজভবনে ডিস্টিংগুইশড্‌ গেস্টদের জন্য যে লিফ্‌ট সেটা খারাপ হয়েছিল। সেটা খুব তাড়াতাড়ি মেরামত করা হয়েছিল পরবর্তী সময়ের জন্য অপেক্ষা করার সময় ছিল না এবং তার জন্য ৩২,৫২৭ টাকা অতিরিক্ত ব্যয় করেছেন এবং তার পাশাপাশি আর একটা জিনিষ আমি রাখতে চাচ্ছি। ১৯৬০-৬১ সালে পশ্চিম দিনাজপুর বালুরঘাট থেকে যে রাস্তা কলকাতা আসার এবং মালদহ ও মাণিকচকের মাঝখানে যে দু-তিনটি ব্রিজ আছে সেগুলি ভেঙ্গে যায় তার ফলে মালদহ থেকে মানিকচক আসতে খুব অসুবিধা হয়। ফলে নৌকা করে আসতে হয়। সেই ব্রিজ মেরামত হয় নি। লোকের কাপড় তুলে আসতে হয়, স্টীমার আসলে তিন মাইল হেঁটে আসতে হয়। যদি ব্রিজগুলি মেরামত করা হত এই কষ্ট হত না। দু-তিন বছর এইভাবে চলেছিল, সরকারের সঙ্গে যারা প্রতিনিধি দেখা করেছিলেন তাঁরা বলেছিলেন যে এই ব্রিজগুলি ইমিডিয়েটলী মেরামত করা হোক তখন জানান হয় যে টাকা বরাদ্দ নাই। অথচ এই রাস্তা পশ্চিম দিনাজপুর থেকে মানিকচক থেকে বাস্তবিকই লাইফলাইন। এই রাস্তার তিনটি ব্রিজ ভেঙ্গে যাবার জন্য পশ্চিম দিনাজপুরের নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বেড়ে যায়। স্যার, আমার বক্তব্য খুব খারাপ নয়, রাজভবনের লিফ্‌ট তৈরীর জন্য পরবর্তী সময়ের জন্য অপেক্ষা করা যায় না কেননা ডিস্টিংগুইশড্‌ গেস্ট আসবে, তার জন্য অতিরিক্ত ৩২ হাজার টাকা ব্যয় বরাদ্দ করতে পারেন। সেজন্য আমি একথাই বলতে চাই যে তাদের এটা ভবিষ্যতে মনে রাখা দরকার যে এই রকম রাস্তার ব্রিজ যদি ভেঙ্গে যায় কি অন্য কিছু ভেঙ্গে যায় তাহলে সেগুলি তাড়াতাড়ি রিপেয়ার করার দরকার আছে। সেক্ষেত্রে তাঁরা ব্যয় বরাদ্দের কথা খেয়াল করুন। বালুরঘাট হাসপাতালে এক্স-রে মেশিন খারাপ হয়ে গেছে, এই বালুরঘাট হাসপাতালের এই অব্যবস্থা দূরীকরণের জন্য ব্যয় বরাদ্দ পাওয়া যায় নি। এসব ক্ষেত্রে অতিরিক্ত ব্যয় বরাদ্দের কথা মনে থাকে না কেন? আমি এ বিষয়ে শৈলবাবুর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। তিনি ভবিষ্যতে ব্যয় বরাদ্দ যখন নেবেন তখন খেয়াল করবেন। জনগণের জীবনের সঙ্গে যে সব জিনিষ জড়িত যে লাইফলাইন খারাপ হয়ে থাকে, এক্স-রে মেশিন যা খারাপ হয়ে থাকে বিভিন্ন ব্লাড ব্যাঙ্ক থেকে রক্ত সরবরাহ ব্যাপারে যাতে জনসাধারণ রক্ত পায় তার জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ করুন। তাঁরা যেন শুধু রাজভবনের লিফ্‌ট সারানর জন্য কি তাদের বাড়ী ঘরের লিফ্‌ট মেরামতীর জন্যই টাকা অতিরিক্ত বরাদ্দ না করেন, এই অনুরোধ রেখেই আমি আমার বক্তব্য শেষ করছি এবং একথাও বলছি যে বহু রকম অসঙ্গতি থাকার ফলে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারছি না।

Shri Ganesh Ghosh:

.. স্পীকার, স্যার, আমাদের মুখ্যমন্ত্রী ১৯৫৯-৬০ সালের সাধারণ শাসন খাতে অতিরিক্ত ব্যয় রার জন্য আমাদের কাছ থেকে ১০ লক্ষ ৯৯ হাজার অর্থাৎ ১১ লক্ষ টাকা দাবী করেছেন। এটা তিরিক্ত খরচ হয়ে গেছে। সুতরাং এই টাকা আজকে ৫ বছর বাদে মঞ্জুর করা হোক বলে দাবী রা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, যে নৃশংস কান্ড যে নিষ্ঠুর হত্যাকান্ড যে কলঙ্ককর ন্ডের সঙ্গে এই সরকার অর্থাৎ মন্ত্রিমন্ডলী জড়িত বিশেষ করে ১৯৫৯-৬০ সালের কথা মনে রে আমি এই ব্যয় বরাদ্দের দাবীর বিরোধিতা করছি। যদি মনুষ্যত্ব জ্ঞান থাকে, যদি হৃদয় বলে ান জিনিষ থাকে, মানবতা বলে কোন অনুভূতি মন্ত্রিমন্ডলীর কারও থাকে তাহলে তাঁর আজকে জ্জায় উচিত এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী ফিরিয়ে নেওয়া। আমি তাই বলি একমাত্র লবাবু সেই সময় মন্ত্রী ছিলেন না, আজকে তাঁকে উপলক্ষ্য করে অনেক অপ্রিয় কথা আমাকে তে হবে সেজন্য আমি সংকোচ বোধ করছি। আমি চেয়েছিলাম খাদ্যমন্ত্রী প্রফুল্লবাবু উপস্থিত কুন। ডাঃ বিধানচন্দ্র রায়, বর্তমান মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন জনসাধারণের বিরুদ্ধে যে ষ্ঠুর ষড়যন্ত্র করেছিলেন, যেভাবে প্রায় একশত নরনারীকে হত্যা করেছিলেন তা অত্যন্ত াান্তিক।

[.20—2-30 p.m.]

ভাপতি মহাশয়, আপনার বোধ হয় কেন নিশ্চয়ই খুব ভাল করে জানা আছে, কারণ, তারপরের নার সঙ্গে বিশেষ করে এর ভেতর যা ঘটেছিল তার সঙ্গে আপনি অচ্ছেদ্যভাবে জড়িত। সে রের মাঝামাঝি খাদ্যের দাম অস্বাভাবিকভাবে বেড়ে গেল। সরকার সুসমভাবে খাদ্য বণ্টন ার ব্যবস্থা করতে পারলেন না। তখন জনসাধারণের ভেতর আন্দোলন আরম্ভ হল। তারা লে সস্তা দামে যাতে তারা খাদ্য পেতে পারে তার ব্যবস্থা করা হোক। কলকাতার দক্ষিণাঞ্চলে র্থাৎ ২৪-পরগণার দক্ষিণাঞ্চলে ভীষণভাবে খাদ্যাভাব দেখা দিল, দুর্ভিক্ষের অবস্থা দেখা দিল। নুষ গাছের পাতা, গাছের মূল খেয়ে থাকতে আরম্ভ করল। তবুও যখন তারা দিন কাটাতে রল না তখন হাজার হাজার চাষী কৃষক ছেলেমেয়েদের হাত ধরে কলকাতায় চলে আসতে আরম্ভ ল একথা আপনি জানেন। সেদিন কলকাতা, ২৪-পরগনা, বাংলার বিভিন্ন জায়গায় বিরোধী মিটিং করে, পাড়ায় পাড়ায়, শহরে শহরে মিটিং করে সরকারের দৃষ্টি আকর্ষণ করলে যে দ্যের অভাব হয়েছে আপনারা খাদ্য দেবার ব্যবস্থা করুন, দাম কমাবার ব্যবস্থা করুন, যে খাদ্য তে চাল গেছে সেই মজুত ধরার চেষ্টা করুন, যারা খাদ্য নিয়ে ব্যবসা করে সেই খাদ্য লোলুপ ফা লোলুপদের হাত থেকে খাদ্য বাঁচিয়ে জনসাধারণের মধ্যে দেবার ব্যবস্থা করুন। আমি ন এই কংগ্রেসের ভেতর বহু সদস্য আছেন যাঁরা সেদিন সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন, াদের চোখের সামনে নয় আমাদের চোখের আড়ালে করেছেন যদিও আজ ওখানে বসে বসে উ কেউ লেজ নাড়ছেন। কিন্তু সেদিন খাদ্যের এমন অবস্থা হয়েছিল মাননীয় সভাপতি মহাশয় কংগ্রেসের ভেতর বহু সদস্য যাঁরা মানবিক বোধ হারায় নি, যাঁদের ভেতর মনুষ্যত্ব বোধ ছিল, জনসাধারণের সঙ্গে অচ্ছেদ্যভাবে জড়িত ছিলেন তাঁরাও কংগ্রেস নেতাদের কাছে কংগ্রেস দের কাছে দাবি করেছিলেন যে খাদ্যের দাম কমান হোক, হোর্ডারদের ধরার ব্যবস্থা করা হোক, ফাখোরীদের সংযত করার ব্যবস্থা করা হোক, খাদ্য সুসমভাবে বণ্টন করার ব্যবস্থা করা হোক। তু অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা সরকার তা তো করলেন না বরঞ্চ কি করলেন জানেন পতি মহাশয় যখন বামপন্থীদের সমস্ত দল স্থির করলেন যে কলকাতায় একটা বড় ডিমন- ন করে বিক্ষোভ প্রদর্শন করে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হবে যে খাদ্যের অবস্থা নীয়, খাদ্য দেবার ব্যবস্থা করা হোক, তখন অত্যন্ত নিভৃতে কংগ্রেসের সাধারণ সভ্যদের াচরে এবং সাধারণ মানুষের অগোচরে তো বটেই ঐ রাইটার্স বিল্ডিংসের ভেতরে অত্যন্ত র, নৃশংস ষড়যন্ত্র করা হয়েছিল যে, যদি মানুষ আসে গ্রাম থেকে তাহলে তাদের শিক্ষা য়া হবে, এমন শিক্ষা দেওয়া হবে যাতে আর কোনদিন এমন করে খাদের দাবি নিয়ে কলকাতায় াসে। সভাপতি মহাশয়, এই কথাগুলি বার বার আপনাকে মনে করিয়ে দিচ্ছি, কারণ, ৫ হয়ে গেছে হয়ত আপনার স্পষ্ট স্মরণ নেই। ২৮শে, ২৯শে, ৩০শে আগস্ট মানুষ আসতে ম্ভ করল। ১৯৫৯ সাল খাদ্যের দুর্বৎসব। ৩১শে আগস্ট সবচেয়ে বেশী লোকের সমাবেশ । সরকার কি করলেন সভাপতি মহাশয়, শৈলবাবুকে লক্ষ্য করে বলতে হচ্ছে আমি তার

জন্য খুব দুঃখ বোধ করছি, শৈলবাবু এর জবাব দিতে পারবেন না, কারণ সেই সময় শৈল মন্ত্রী ছিলেন না, সেই সময় যখন হেমন্তবাবু, কমিউনিস্ট পার্টির নেতা, পি এস পি-র ও সমস্ত বামপন্থী দলের নেতারা আন্দোলনের আহ্বান জানিয়েছেন তখন হঠাৎ একদিন মন্ত্রি করলেন কি—খাদ্য দেবার ব্যবস্থা তো করলেন না, গোপনে যারা মজুত করে তাদের ধরার ব্যব করলেন না, লালবাজারের পুলিশকে ডেকে একথা বললেন না যে যেখানে যেখানে হোর্ডার ত তাদের ধর--তাঁরা পুলিশকে নির্দেশ দিলেন বামপন্থীদের নেতৃস্থানীয় প্রত্যেককে জেলখা পুর, তাদের খাদ্য দেওয়া হবে না, তা সত্ত্বেও যদি মানুষ কলকাতায় আসে তাহলে তাদের শ দেওয়া হবে। কি জবাব দেবেন শৈলবাবু! শৈলবাবু জবাব দিতে পারবেন? জবাব দি পারবেন না। স্পীকার মহাশয় আজকে প্রফুল্লবাবু এখানে নেই যিনি এটা মুভ করেছেন। কাছ থেকে আমি জবাব চাই। তারপর গোপনে ১৮ তারিখে রাত্রি বেলায় বামপন্থী সমস্ত দ নেতাদের দমদম জেলে আটক করা হল।

কি অপরাধ, চার্জ নেই কিছু, কি দাবী করেছেন—সস্তা দামে খাদ্য দাও, আর তো কিছু দা করে নি। তখন বর্ডার ডিসপুট হয় নি। সভাপতি মহাশয়, আপনি জানেন তখন বর্ডারে হাঙ্গ হয় নি, কিছুই নেই, শুধু বাংলাদেশের ভেতর সস্তা দামে চাল দাও, ন্যায্য বন্টন ব্যবস্থা ক হোর্ড ধর, মুনাফালোলুপদের সংযত কর, এই ছিল দাবী। বিনা বিচারে ধরা হল, আর ও বলেন কি না গণতন্ত্রের কথা। কি অপরাধ করেছিল বিনা বিচারে আটকাবার সেই উত্তর শৈলব দেবেন কি? উনি কিছুই জানেনা, তবুও ওঁকে লক্ষ্য করে বলছি—বিনা বিচারে সমস্ত বামপন্থ নেতাদের জেলখানায় বন্ধ করে রাখা হল ৩১শে অগাস্ট যখন বেশী বেশী করে মানুষ আস আরম্ভ করলো, হাজারে হাজারে নয়, লক্ষ লক্ষ মানুষ, দরিদ্র লোক কাকদ্বীপ থেকে কৃষক মায়ে তাঁদের লজ্জা নিবারণ করতে পারে নি, তারা যখন রাজ্যপালের ভবনের সামনে দিয়ে রাইটা বিল্ডিংস যাচ্ছিল "সস্তা দরে খাদ্য দাও, নৈলে গদী ছেড়ে দাও" এই দাবী নিয়ে তখন সভাপ মহাশয় আপনি বোধ হয় দেখেছেন, 'স্বাধীনতা'র পাতায় দিনের পর দিন তাদের ছবি বেরিয়ে - কি বেরিয়েছে, ৩০শে আগস্ট রাইটার্স বিল্ডিংসে পুলিশের উচ্চস্থানীয় অফিসারদের সং তখন এই মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবু, যিনি এই দাবী মুভ করেছেন, আর ডাঃ রায়; তাঁরা বসে ষড়য করেছেন এদের শিক্ষা দিতে হবে। কেমন করে শিক্ষা দিতে হবে, ব্যবস্থা করা হচ্ছে ব্যাপকভা সভাপতি মহাশয়, স্থির ছিল মনুমেন্টে প্রসেশন যাবে, রাজ্যপালের বাড়ীর সামনে দিয়ে লাঠি নিয়ে রাইফেল নিয়ে পুলিশ দাঁড় করানো হয়েছে, গ্রান্ড হোটেলের পেছনে, ফ্রি স্কুল স্ট্রীটের মো আমও পুলিশ দাঁড় করানো হয়েছে। কি জবাব দেবেন শৈলবাবু? খাদ্য অভিযানে সমস্ত মানুষ সস্তা দামে খাদ্য চেয়ে যাতে রাজ্যপালের বাড়ীর সামনে দিয়ে সেখানে গ্রান্ড হোটেল, ফ্রি স্কুল স্ট্রীট, ধর্মতলা-ফ্রি স্কুল স্ট্রীট, ফ্রি স্কুল স্ট্রীট-পার্ক স্ট্রীটের মোড়ে এই সমস্ত এলাকাটা একটা ইমার্জেন্সী বেসিসে পুলিশ দিয়ে ঘেরাও করে ফেলা হল, যেন একটা নির্দেশেই, যখন একটা ইঙ্গিত উঠবে তখনই সমস্ত মানুষগুলির যেন পুলিশের লাঠির, গুলির সঙ্গে সামনা সামনি পরিচয় হয়ে যায়। কি বলবো, অতি নীচ, অতি কলঙ্ককর ষড়যন্ত্র সেদিন করা হ তারপর মানুষ এলো—আপনি ছবি দেখেছেন সভাপতি মহাশয়, 'স্বাধীনতা'য় সেই ছবি বেরিয়ে ছিল, কৃষক মায়েদের উলঙ্গ করে সেদিন তাদের পরনের শতছিন্ন কাপড় কেড়ে নেওয়া হয়েছিল কি জবাব দেবেন শৈলবাবু? আপনি প্রফুল্লবাবুকে খবর দেবেন, তিনি জবাব দেবেন, কারণ তাঁ হাতে তাদের রক্ত রয়েছে, তাঁর হাতে সেই মায়েদের উপর নির্যাতনের কলঙ্কময় ছবি রয়েছে তাদের পেটানো হল। লাঠি দিয়ে মানুষকে মেরে ফেলা যায় আপনি জানেন? এই প্রফুল্লবাবু এই ডাঃ রায়, সেই নির্দেশ দিয়েছিলেন পুলিশকে গুলি খরচ ক'রো না, লাঠি দিয়ে পিটিয়ে পিটিয়ে মার। আপনি সেকথা জানেন লাঠি দিয়ে পুরুষকে, নারীকে সেদিন লাটসাহেবের বাড়ীর সামনে পিটিয়ে পিটিয়ে মেরে ফেলা হয়েছে। এর কি জবাব আছে? কি চেয়েছিল তারা—তারা চেয়েছিল সস্তা দামে খাদ্য, আর তো কিছু নয়। হাওড়া সহরকে মিলিটারীর হাতে তুলে দেওয়া হল। কি চেয়েছিল সেখানকার লোকেরা—তারা রাস্তার নেমে ডিমনস্ট্রেশন করেছিল, আর বিক্ষোভ দেখিয়েছিল, সস্তা দামে খাদ্য দাও, খাদ্যের সুসম বন্টন ব্যবস্থা কর, তা না হলে গদী ছেড়ে দাও।

[2-30—2-40 p.m.]

এই কি খুব একটা আনডেমোক্রেটিক দাবী? অগণতান্ত্রিক দাবী? এই দাবী করলে কি ভারতবর্ষের গণতন্ত্র ব্যাহত হয়? এই দাবী করলে ভারতের সার্বভৌমত্ব, ভারতের স্বাধীনতা লঙ্ঘিত হয় কি? সেই দাবী করেছিল তারা, আর সেই দাবীর বদলে কত মানুষকে এ'রা পুলিশ দিয়ে পিটিয়ে পিটেয়ে হত্যা করেছে, গুলি করে নয়। এর সংখ্যা কত বলতে পারবেন শৈলবাবু? কি জানেন শৈলবাবু! ঘর থেকে তিনি হয়ত সেদিন বেরোন নি—ভয়ে, ভয়ে। জনসাধারণের ভয়ে দরজা বন্ধ করে তিনি ঘরের ভিতরে বসে ছিলেন। কি বলবেন শৈলবাবু? হাওড়ায় কি ঘটনা ঘটেছে তিনি সব খবর রাখেন? জনসাধারণের বীরত্ব, জনসাধারণের শৌর্য ও সাহস সেদিন কেমন এক উঁচু পথ দিয়ে আকাশচুম্বী হয়ে উঠেছিল। সে খবর বোধ হয় শৈলবাবু জানেন না। সেদিন জনসাধারণ, মানুষ শুধু হাতে ঐ পুলিশের লাঠি, বন্দুকের সামনা-সামনি হয়ে প্রাণ দিয়েছে। যার ফলে ডাঃ রায় এবং প্রফুল্লবাবু নির্লজ্জের মত, কাপুরুষের মত সিভিল অ্যাড-মিনিস্ট্রেশন বন্ধ করে দিয়ে হাওড়া সহরকে মিলিটারীর হাতে তুলে দিয়েছিলেন। এর জবাব দেবেন শৈলবাবু? জবাব দেবার আছে কিছু? জানেন কিছু শৈলবাবু? কেন প্রফুল্লবাবু এখানে উপস্থিত নেই? আমরা ত বার বার বলছি খবর দেওয়া হোক তাঁকে এখানে আসবার জন্য, প্রফুল্ল-বাবু আসছেন না কেন? সেদিন হাওড়ায় এই রকম হয়েছে- হাওড়া স্টেসন থেকে সাধারণ মানুষ, বাসের প্যাসেঞ্জাররা বাসে উঠে বসে আছে, পুলিশের নির্দেশে সেই বাস গিয়ে ঢেকে থানার মধ্যে, এবং সেই বাসের ভিতর যারা ছিল তাদের সকলকে নির্দয়ভাবে, নৃশংসভাবে পেটান হয়েছে এবং তার ফলে বহু লোকের হাত, পা, মাথা ভেঙ্গেছে। কার নির্দেশে? ঐ কাপুরুষ প্রফুল্ল সেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের মন্ত্রিসভার নির্দেশে। কি জবাব দেবেন শৈলবাবু? সভাপতি মহাশয়, এ কথাও আপনি জানেন যে, সেই সময় মানুষ ক্ষেপে যায়, মানুষ বেপরোয়া হয়ে পড়ে এবং একটি অবিমৃষ্যকারী নিষ্ঠুর কনস্টেবল ক্ষিপ্ত জনতার হাতে পড়ে যায়। নিশ্চয় সে মার খায়, এবং মারটা একটু বেশী হয়েছিল, তার প্রাণটা চলে যায়। আর কি হল? দিল্লীতে আমাদের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু, তিনি সেখানেতে খুব অশোভন বিক্ষোভ দেখালেন, খুব অশোভন উষ্মা প্রকাশ করছেন, যে বাংলাদেশে আর ল' অ্যান্ড অর্ডার নেই, শান্তি-শৃংখলা নেই, বাংলাদেশে আর শান্তি-শৃংখলা থাকছে না, অর্থাৎ একটি কনস্টেবলকে মেরে ফেলেছে তারা। তিনি কি জানেন না যে তাঁর কনস্টেবল, যারা রাইটার্স বিল্ডিংস-এ বসে থাকে, তারা নিরীহ ৮০ জন মানুষকে হত্যা করেছে? এ খবর কি প্রধানমন্ত্রী রাখতে পারেন নি? সেই ৮০ জন মানুষের জন্য, স্বাভাবিক মানুষ হিসাবে তাঁর অন্ততঃ এক ফোঁটা চোখের জল পড়া উচিত ছিল। কই, তা কি পড়েছে? আমি দুঃখিত, যে ৮০ জন মানুষের প্রাণ শুধু শুধু এইভাবে গিয়েছে,- এই কথাত পণ্ডিত নেহরুর মুখ দিয়ে বেরোল না? কি আর বলবো, সভাপতি মহাশয়, বলতে বলতে হয়ত অনেক অপ্রিয় কথা বলে ফেলবো, যার প্রয়োজন নেই। শুধু একটি কথা বলি, এই যে নিষ্ঠুরতা, এই যে অমানুষিকতা, এই যে কাপুরুষতা সেদিন বাংলার মন্ত্রিসভা দেখিয়েছেন, সাধারণ মানুষের প্রতি, তার আর পুনরাবৃত্তি করবেন না! বেশ, সাধারণ মানুষকে খাদ্য দিতে পারবেন না, কিন্তু সাধারণ মানুষের ডিমনস্ট্রেশন, তাদের বিক্ষোভ আপনারা শুনুন। মানুষকে খাদ্য দেবার চেষ্টা করুন, যদি পারেন। তাও যদি না পারেন, বলুন পারলাম না। যতদিন পর্যন্ত বিধানসভায় আপনাদের সংখ্যা গরিষ্ঠতা আছে, ততদিন গদিতে তো আপনারা থাকবেনই। স্বীকার করুন, বলুন যে আমরা খাদ্য দিতে পারলাম না। আপনারা বলুন যে হোর্ডারদের আমরা ধরবো না, মুনাফাখোর-দের আমরা চেক করবো না, আমরা কিছু করতে পারি না। কিন্তু, তাই বলে মানুষের জীবন নিয়ে, এই রকম নিষ্ঠুরভাবে হত্যা করার কোন অধিকার আপনাদের আছে কি? সেই অধিকার আপনাদের নেই, এই কথা বলা মানেই ত আপনাদের অনেক বড় মানুষ হিসাবে দেখা। মানুষ হিসাবে আপনারা এত ছোট যে দেখছি মানবিকতা বোধ আপনাদের নেই। আপনারা অত্যন্ত নিষ্ঠুর ও অমানুষ। সেই জন্য শাসন খাতে ১৯৫৯ সালের যে অতিরিক্ত ব্যয়, প্রায় ১১ লক্ষ টাকা, আপনারা দাবী করেছেন, সেই ৮০ জন মানুষের স্মৃতিতে এই দাবীর আমি বিরোধিতা করছি।

১৯৫৯ সালে তার পরের বছরের শেষ দিকে সেই ৮০ জন মানুষ, যারা নিরপরাধ মানুষ, নারী পুরুষ, যারা প্রাণ হারিয়েছিল খাদ্যের দাবীতে তাদের স্মৃতিতে একটি স্মৃতি স্তম্ভ, খুব মডেস্ট, সাধারণ স্মৃতি স্তম্ভ ওয়েলিংটন স্কোয়ারে তৈরী হল। সরকার কোন একটা মন্ত্রী পাঠিয়ে

সেখানে ফুলের মালা দিলেন না। কি মনে হয় এতে? কি বলবো এতে? শৈলবাবুত যান ... আচ্ছা ৮০ জন মানুষ তাদের ত দোষ নেই, বামপন্থী নেতারা খারাপ, তাঁরা শান্তি শৃঙ্খলা ভ... করে, তাঁদের জেলে বন্ধ কর। কিন্তু কাকদ্বীপের কৃষক মা তারা কি অপরাধ করেছিল? সে ৮০ জন মানুষ, তাদের ত কোন অপরাধ নেই। তাদের স্মৃতিতে যখন স্মৃতিস্তম্ভ তখন শৈলবাবু একটি মালা দিতে যান নি। কিন্তু দুঃখের সঙ্গে বলবো ১৯৬২ সালে যখন বর্ড... নিয়ে মানুষ বিভ্রান্ত হল তখন এই কংগ্রেস নেতাদের এবং বিশেষ করে এই কংগ্রেস মন্ত্রীদে... নিয়োজিত কিছু সমাজবিরোধী লোকেরা গিয়ে সেই স্মৃতিস্তম্ভকে অবমাননা করে, সেই স্মৃতি স্তম্ভকে ভেঙ্গে দেয়। কি যুক্তি আছে? কি যুক্তি আছে শৈলবাবু বলুন। ভেঙ্গে দেবার প... এই যে ডিসিক্রিশন অব হোলি প্লেস যার সঙ্গে বাংলার তিন কোটি মানুষের আবেগ জড়িত, ... সরকার থেকে ত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা করলেন না, কোন এনকোয়ারি পর্যন্ত করা হ... না, এই রকম একটা স্মৃতি স্তম্ভকে অবমাননা করলো কংগ্রেস নেতৃত্ব, কই একটি এনকোয়া... পর্যন্ত হল না, ব্যবস্থা ত দূরের কথা। শৈলবাবু কি এর জবাব দিতে পারবেন? সভাপা... মহাশয়, আমি আর বিবৃতি বড় করতে চাই না, আমি শুধু বলছি এই যে শাসন খাতে যে ১১ ল... টাকা চাওয়া হয়েছে তার বিরোধিতা করি এবং সকলের কাছে আবেদন করি জনমত নির্বিশে... সেদিনের সেই নিষ্ঠুরতা, সে দিনের সেই অমানুষিকতা স্মরণ করে আজকে এই ১১ লক্ষ টাক... কে দেবে? প্রফুল্লবাবু দেবেন। তাঁর যা আছে, তাঁর সম্পত্তি, জামা কাপড় বিক্রি করে, ডাঃ রায়ে... সমস্ত সম্পত্তি বিক্রি করে এই ১১ লক্ষ টাকা আদায় করা হোক, জনসাধারণ ১১ লক্ষ টাক... দেবে না।

Shri Sudhir Chandra Das:

চেয়ারম্যান মহাশয়, আমরা বার বার বলেছি যে পুরানো শব ব্যবচ্ছেদ করার মত অতিরিক্ত ব্য... বরাদ্দের মঞ্জুরী আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে। অর্থাৎ ১৯৫৯-৬০ সালের ব্য... আমাদের সামনে আজ আসার অর্থ এই সম্পর্কে আলোচনার জন্য কিছু না বলা। অর্থাৎ এই বিষয় কিছু বলবার স্কোপ থাকে না এই জন্য যে ডিটেল কিছু নেই এবং বহু দিনের পুরানো জিনিষ যার সম্পর্কে খোঁজ-খবর নিয়ে এখানে আলোচনা করতে যাওয়া সম্ভব নয় এটা নিশ্চয়ই সরকার পক্ষের জানা উচিত। এবং এটা বার বার বলা হয়েছে যে এটা পরের বৎসরই অস... সঙ্গত। এবং আগেই বলেছেন কানাইবাবু যে সাপ্লিমেণ্টারি, রিভাইসড্ এস্টিমেট, ইত্যাদি স... রকম হবার পর যে এক্সেস এক্সপেণ্ডিচার হয় এটা আনতে গভর্নমেণ্টের এত দীর্ঘসূত্রতা রয়েছে এর পিছনে এত গলদ রয়েছে, ত্রুটি রয়েছে, যে কথা বারবার বলা সত্ত্বেও এর সংশোধন হয় নি এটা অত্যান্ত পরিতাপের বিষয়। যেমন আমি কয়েকটি হেডের কথা বলতে চাই।

[2-40—2-50 p.m.]

দেখতে পাচ্ছি যে ইলেকসন-এর ইলেকটোরাল রোল ছাপানোর জন্য তিন লক্ষ ৩৬ হাজার টাকা এক্সেস এক্সপেণ্ডিচার চেয়েছেন। এটা তো ইলেকসন-এর সময় নিশ্চয়ই এটা বরাদ্দ করা হয়েছিল এবং সে টাকার সঙ্গে আবার তিন লক্ষ ৩৬ হাজার শুধু ভোটার লিস্ট ছাপানোর জন্য অ্যান্ড অন ইলেকসনস দ্যান অ্যান্টিসিপেটেড। অর্থাৎ ইলেকসন-এর খরচা যা চিন্তা করা হয়েছিল তার থেকে বেশী খরচা হয়েছে বলে এই হেডটাকে রেখেছেন। আমরা এইটুকু জানি যেটা সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে ইলেকসন-এর যারা স্টাফ, যারা গ্রামাঞ্চলে যান তাদের জন্য তারা মফঃস্বলে গিয়ে পৌঁছান একদিন আগে এবং পরের দিনও আসতে পারেন না এবং ইলেকসন-এর দিনে তাদের থাকতে হয় সেই কারণে তাদের যে খরচা দেওয়া হয় সে খরচা অত্যান্ত কম। এবং তাও আবার পরে পান দেরী করে পান। অথচ আমরা এখানে টাকা বরাদ্দ রাখছি এবং অতিরিক্ত ব্যয়ও রাখা হয়েছে যা মঞ্জুর করবার জন্য এখানে রেখেছেন এই বিষয়টা বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া দরকার বলে আমি মনে করি। দ্বিতীয়ত, এখানে রয়েছে সাব-ডিভিসনাল এস্টাবলিশমেন্ট এটা কিসের জন্য তা পরিস্কার নেই, কোন কোন সাব-ডিভিসন কেবল আছে

extensive tours undertaken by a large number of officers and staff in connection with the food relief operations.

এখানে কোন সাব-ডিভিসন-এ কোথায় ফ্লাড হয়েছিল সেটা না দিয়ে কেবল ইন জেনারেল দেওয়া হয়েছে। সুতরাং এই বিষয়ের উপর আলোচনা করা খুবই কষ্টকর। আমরা জানি সরকারী জীপের যে অপব্যবহার যেভাবে হয় তাতে ফ্লাড লাগলে বা অন্য কোন কাজের একটা অছিলা এলেই সরকারী কর্মচারীদের একেবারে জীপ নিয়ে ছোটাছুটি এবং মন্ত্রীমণ্ডলীরাও হয়ত অনেক সময় অকারণে এবং নানারকম দলীয় কাজ করবার জন্য দলের কাজের জন্য তারা সরকারী গাড়ি ব্যবহার করেন। সেজন্য আমি অন্তত একসেস এক্সপেণ্ডিচার পাশ করার সময় ডিটেলড অ্যাকাউন্ট-এর কথা জানতে চাই এবং এখানে এটা থাকা উচিত ছিল। এবং যাতে আমরা পরিস্কার করে ধরতে পারব তা না হলে পরে এই টাকা দলের জন্য গাড়ি ব্যবহার করা হচ্ছে। এটা আমরা চোখের সামনে দেখেছি। তারপর আরেকটি বিষয় আমি উত্থাপন করতে চাচ্ছি এবং এর জবাব প্রফুল্লবাবুর কাছ থেকে চাই। সেটা হচ্ছে তিনি যে এক কোটি নয় লক্ষ টাকা খাদ্য ক্রয়ের জন্য দিয়েছেন অতিরিক্ত এটা কেন দিতে হল এটা পরিস্কার বুঝতে পারা যাচ্ছে না। কেন না তিনি বলছেন

value of rice and paddy on the basis of latter decision of the Government of U. P. and M. P. in March 1960 also accounts for the excess.

অর্থাৎ তিনি পরে মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশের কাছ থেকে তাঁর যা রেট জানতে পেরেছিলেন এবং যেটা তার বেসিস ছিল তার থেকে বেশী রেট নেওয়া হয়েছে কেন? একটা রাজ্য সরকারের সংগে আরেকটি রাজ্য সরকারের খাদ্য নেওয়া হবে সেটা কেন রেট স্থির করা হয় নি। যদি স্থির করা হয়ে থাকে তাহলে কেনই বা আমাদের থেকে বেশী নেওয়া হয়েছে এর কৈফিয়ত খাদ্যমন্ত্রীকে দিতে হবে। এখানে সামান্য টাকা নয় ১ কোটি ৯ লক্ষ টাকা তারা নিচ্ছেন। যেখানে এই টাকা দিতে হচ্ছে সেখানে গলদ কোথায় ছিল, কথাবার্তা আগে কি ছিল এবং দর আগে স্থির করা ছিল কিনা সেটা আমরা জানতে চাই। গভর্নমেন্ট রেকর্ড-এ কি ছিল এবং কি রেট ধার্য হয়েছিল এবং কেন মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশ তারা বেশী টাকা দাবী করেছে এবং সেই টাকা পশ্চিমবংগ সরকারের কাছে থেকে বেশী আদায় করেছেন কিনা সেটা জানতে পারলে তবে আমরা মঞ্জুর করব। সেই কারণে আমরা মনে করি এই এক্সেস এক্সপেণ্ডিচার আমাদের কাছে দেরী করে পেশ করাটা একটা গুরুতর অন্যায় বলে মনে করি। কারণ আমরা দেখতে পাচ্ছি এর মধ্যে অনেক গোঁজামিল রয়েছে এবং দলীয় কাজের নমুনা রয়েছে অনেক অপদার্থ আছে এবং সরকারী কর্মচারীদের অকর্মণ্যতা ঢাকবার জন্য এই এক্সেস এক্সপেণ্ডিচার দেরী করে পাশ করান হচ্ছে। আজকে কার দোষে এত টাকা খাদ্যের নামে এক্সেস এক্সপেণ্ডিচার দিতে হচ্ছে তাদের দোষ ঢাকবার জন্য আর কোন উপায় ছিল না সেজন্য এটা এত দেরী করে আনা হয়েছে। সেজন্য আমি প্রফুল্লবাবুকে চ্যালেঞ্জ করছি তিনি বলুন এটা যে কেন একটা রাজ্য সরকার তার সংগে কথার ঠিক থাকবে না খাদ্য সম্পর্কে এবং তার পরে তাকে এক কোটি টাকা বেশী দিতে হবে। সেটা আজ পরিস্কার করে জানতে চাই। সেজন্য আমি কখনও এই এক্সেস এক্সপেণ্ডিচারকে সমর্থন করতে পারি না যেখানে ডিটেলস নেই যেখানে কোন জবাব নেই, যেখানে কোন কৈফিয়ৎ নাই সেখানে আমি সমর্থন করতে পারি না।

Shri Niranjan Sen Gupta:

মাননীয় সভাপতি মহাশয় আমি ৫৯-৬০ সালে একসেস এক্সপেণ্ডিচার-এর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে জেলের একসেস এক্সপেণ্ডিচার এবং জেল ম্যানুফ্যাকচার নিয়ে যা হয়েছে। আমি বলতে চাই জেল ম্যানুফ্যাকচার সম্পর্কে আমরা এই হাউসে বহুবার অনুরোধ করেছি জেল মন্ত্রীকে যাতে আমাদের একটা স্পষ্ট ধারনা জেল ম্যানুফ্যাকচার সম্পর্কে দেওয়া হয়। তার কারণ জেলে বহু জিনিস তৈরী হয় এবং বহু কারখানা এবং সেখানে বহু লোক খাটে। জেলখানার ভিতরে যত পপুলেসান আছে সেই পপুলেসান-এর গেনফুল এমপ্লয়মেন্ট সেখানে হয় কি না সেটা একটা বিচার্য বিষয়। আমি মনে করি যে এখন কয়েদীদের কিছুমাত্র পারিশ্রমিক দেওয়া হয়। এবং সেই পারিশ্রমিক বাড়িয়ে গেনফুল এমপ্লয়মেন্ট আরও করা যায় কি না সেদিকে জেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেমন আলীপুর জেলে একটা বিরাট প্রেস আছে, আমার নিজের ধারনা সেই প্রেস আরও ভালভাবে চালালে সেখানে আরও অনেক কাজ করা যায়। এই হাউসে অনেক আপত্তি হয়েছে আমাদের প্রসিডিংস পাওয়া যায় না—আমি যখন জেল ভিজিটর ছিলাম, সেই প্রেস-এ দুই-একবার গিয়েছি। আমি

আলাপ-আলোচনা করে দেখেছি যে বেঙ্গল গভর্নমেন্ট ফরম সেখানে ছাপান হয় কিন্তু পরে খোঁজ নিয়ে জানলাম যে ফর্মস-এর একটা অংশ সেখানে ছাপান হয়। কিন্তু আমি আলাপ-আলোচনা করে পেলাম যে সেখানে বেঙ্গল গভর্নমেন্ট-এর যত ফর্মস দরকার সবই সেখান থেকে ছাপান যেতে পারে। সুতরাং আমার নিজের ধারনা জেলখানার পপুলেসান তাদের গেনফুল এমপ্লয়মেন্ট-এর দিকে জেলমন্ত্রী নজর দিলে খুব ভাল হয়। আরেকটি কথা জেলমন্ত্রীকে বলি। সেটা হচ্ছে জেলে যা জিনিস তৈরী হয় তার দাম অত্যন্ত চড়া অথচ সেখানে কয়েদীদের যা পারিশ্রমিক দেওয়া হয় তা অত্যন্ত কম। সুতরাং চড়া দাম কম পারিশ্রমিক এটা কেন হয় তা আমি বুঝিনা। আমি জেলমন্ত্রীর কাছ থেকে চেয়েছিলাম জেল ম্যানুফ্যাকচার সম্বন্ধে আমাদের একটা সুস্পষ্ট ধারণা সরকারের তরফ থেকে দেওয়া হউক। সেখানে কি কি জিনিস তৈরী হয়, কত লোক সেখানে খাটে এবং কত পারিশ্রমিক দেওয়া হয়। এবং দাম এইরকম হবে কেন ইত্যাদি আমি জেলের যারা কর্তৃপক্ষ এবং যারা পরিচালনা করেন তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আরেকটি ব্যাপারে আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি সেটা হচ্ছে ১৯৬০-৬১ সালে যে বায়বরাদ্দ যে এক্সেস এক্সপেন্ডিচার সেখানে সিভিল ওয়ার্কস ৩২ হাজার ৫২৭ টাকা এক্সেস এক্সপেন্ডিচার মঞ্জুর করবার জন্য চেয়েছেন। এ নিয়ে আমাদের মাননীয় সদস্য মুর্মু তিনি বলেছেন অলরেডি যে রাজভবনের লিফট তৈরীর জন্য এটা ব্যয় হয়েছে। আমাদের এটা স্যাংসান করতে হবে। আমি এর ঘোর বিরোধীতা করি।

[2-50—3 p.m.]

আমি ঘোর বিরোধিতা করছি। বেঙ্গল গভর্নমেন্টের অনেকগুলো রাস্তা আছে, কোলকাতারও অনেকগুলো রাস্তা আছে—যেমন নেতাজী সুভাষ রোড, রাজা সুবোধ মল্লিক রোড। সেগুলির অবস্থা যদি দেখেন তাহলে আশ্চর্য হয়ে যাবেন, তাছাড়া কোলকাতার উপর আরও যে বড় বড় রাস্তাগুলো আছে সেগুলি খুবই অচল। সেইসব রাস্তাগুলো দিয়ে হেটে গেলে বর্ষাকালে মানুষ হোচট খেয়ে পাথ হোলস-এ পড়ে আহত হয়। সেইসব রাস্তায় আমি নিজে চলে এসব দেখেছি। অথচ এদিকে তাঁরা রাজভবনের লিফট তৈরী করবার জন্য টাকা বরাদ্দ করছেন। সাধারণ মানুষের চলার রাস্তা সারানোর দিকে তাঁদের দৃষ্টি নেই অথচ এসব তাঁরা করছেন। খগেনবাবুকে আমি জিজ্ঞাসা করতে চাই আপনার হাতে যে রাস্তাগুলো আছে, বিশেষত কোলকাতায় যে রাস্তাগুলো আছে তাতে বর্ষাকালে যখন জল জমে এবং তখন যদি মানুষ হোলস-এর মধ্যে পড়ে যায় তার জন্য কি ব্যবস্থা করেছেন? এসব দিকে নজর না দিয়ে তাঁরা যখন রাজভবনের লিফট তৈরী করবার জন্য এক্সেস এক্সপেন্ডিচার করছেন তখন মনে হয় এই মন্ত্রিমণ্ডলীর সাধারণ মানুষের দিকে নজর নেই। আজকে জনসাধারণ খাদ্য, বস্ত্র এবং অন্যান্য ব্যাপারে যে পর্যায়ে এসে দাঁড়িয়েছে তাতে তাদের সাধারণ চলার পথটুকুও যদি বিপদসঙ্কুল হয়ে ওঠে তাহলে তারা যাবে কোথায়। কাজেই আমি আশা করি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকৃষ্ট হবে। তারপর, বাস্তুহারাদের সম্বন্ধে এক্সেস এক্সপেন্ডিচার এখানে চাওয়া হয়েছে। মাননীয় সদস্য গোপাল ব্যানার্জি মহাশয় এ সম্বন্ধে বলেছেন এবং আমিও বহুবার সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে, বাস্তুহারাদের সম্বন্ধে একটা বাস্তব নীতি এখানে রাখুন, আমাদের সঙ্গে আলোচনা করুন। কিন্তু সেই নীতি নিয়ে কখনও আলোচনা করা হয় নি এবং আমরা জানি না এই লক্ষ লক্ষ বাস্তুহারার ভবিষ্যৎ কি? এখানে তাদের সম্পর্কে বহু কথা বলা হয়েছে, কিন্তু তাদের সম্পর্কে কোন পরিকল্পনা নেই এবং কোন পরিকল্পনার কোন জিনিস আমাদের কাছে তুলে ধরেন নি। তারপর, অনেকে বলেছেন বহু আগেকার বছরের এক্সেস এক্সপেন্ডিচার যা এখানে উপস্থিত করেছেন তা নিয়ে আলোচনা করা মুস্কিলের ব্যাপার। শুধু তাই নয়, সেই সময় হাউসের যাঁরা মেম্বার ছিলেন তাঁদের মধ্যে অনেকে এখন না থাকায় তাঁরা এই এক্সেস এক্সপেন্ডিচার পাশ করতে পারছেন না। এক হাউস বাজেট পাশ করেছে এবং এক্সেস এক্সপেন্ডিচার অন্য হাউসকে পাশ করতে হচ্ছে এই জিনিস পরিবর্তন করা দরকার। যে বছর এক্সেস এক্সপেন্ডিচার হবে তার পরের বছর সেটা হাউসে না এনে ৩-৪ বছর পর হাউসে সেটা রাখবেন এবং সব লোক সেইসব জিনিস ভুলে যাবে এবং নূতন সদস্যেরা এসে সেটা পাশ করবেন এটা অত্যন্ত অশোভন জিনিস। কাজেই এদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করে বলছি খুব তৎপরতার সঙ্গে এগুলো করবেন—নাহলে অসুবিধা হয়। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Kumar Banerjee: মাননীয় সভাপতি মহাশয়, আজকে যে স্টেটমেন্ট অফ এক্সেস এক্সপেন্ডিচার আমাদের কাছে আনা হয়েছে এটা যেন পোস্ট-মর্টেন অ্যাফেয়ার হিসেব আমাদের কাছে এসেছে এবং এর যেন ময়না তদন্ত হবে। ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালে যে খরচ করা হয়েছে আমরা তখন এখানে ছিলাম না, অনেক মন্ত্রী যাঁরা এখন আছেন তাঁরাও এখানে ছিলেন না। এগুলো সমর্থন করবার একটা প্রথা আছে, কিন্তু সেই প্রথা যদি এই হয় যে, দলের নামে যা ইচ্ছে কর, কনস্টিটিউসন-এ প্রথা আছে কাজেই কোন গতিকে একটা বই লিখে পাঠিয়ে দাও তাহলে তো মুস্কিল। রেজিস্ট্রেসন সম্বন্ধে যে টাকা চেয়েছেন তাতে আইনমন্ত্রীকে বলি এই যে দলিল পেশ করা হয়েছে সেই দলিল যদি রেজিস্ট্রার-এর কাছে উপস্থিত হোত তাহলে রেজিস্ট্রি হোত না। স্যার, ২ বছরের ৫ কোটি টাকা এক্সেস এক্সপেন্ডিচার আমাদের সমর্থন করতে বলা হয়েছে। কনস্টিটিউসন এর একটা আর্টিকেল-এ আছে তোমরা এটা রেকমেন্ড করবে এবং সেইজনাই এটা এসেছে। রেগুলারাইজ করবার কথা কে বলেছেন? অডিটর বলেছেন। কেন বলেছেন? বাজেটের যে হেড-এ যে বরাদ্দ ছিল সেই হেড থেকে বাইরে চলে গিয়েছিল বলে বলেছেন। আমার বক্তব্য হচ্ছে যেমন খুশী খরচ করে তারপর সেটা রেগুলারাইস করবার জন্য এই যে লোক দেখান জিনিস অ্যাসেম্বলীতে আনার ব্যবস্থা হয়েছে এটা চিরকালের জন্য বন্ধ করা উচিত। এই টাকা জনসাধারণের টাকা এবং ৫ কোটি টাকা আমরা স্বপ্নেও দেখতে পারি না। জনসাধারণের জীবনে ৫ কোটি টাকা যে কত টাকা সেটা আমরা জানি। ১০০ হাজারে ১ লক্ষ, ১০০ লক্ষে ১ কোটি তার ৫ কোটি টাকা! মানুষ এই টাকা দেখতেও পায় না। স্যার, আমি আশ্চর্য হয়ে যাই ১৫০ কোটি টাকার বাজেটের পর, ২০৯ কোটি টাকা আর থাকা সত্ত্বেও তারপর এই ৫ কোটি টাকা পাশ করিয়ে নেবার জন্য এখানে এঁরা এসেছেন। যখন খরচ হয়েছে তখন আমরা ছিলাম না, অনেক মন্ত্রী তখন ছিলেন না, কিন্তু তবুও আমাদের পাশ করতে হবে। আমি জিজ্ঞাসা করি যদি আমরা পাশ না করি তাহলে কি অন্যায়টা আমরা করব?

যদি বলেন চোখ-কাণ বুজে এসে, যাই থাকুক হাত তুলবে না হয় লাল-নীল আলো জেলে যাবে, আমি বলবো এটাই কি আমাদের কাজ? এই যে পাঁচ কোটি টাকার হিসাব দিলেন, এই টাকাটা তো কোন ব্যক্তিবিশেষের টাকা নয়, এটা জনসাধারণের টাকা। এইভাবে কি কেউ পাশ করতে পারে? এই টাকা যদি কারও বাড়ির টাকা হত, বাড়ির গোমস্তা যদি এসে মালিককে বলতো তাহলে কি এইরকম কোন দিন পাশ করতো? কিন্তু আমাদের গণতান্ত্রিক দেশ সবই বিচিত্র এই গণতন্ত্রই আমি দেখতে পাচ্ছি বার বার। কেন এইরকম হয়? মাত্র সেদিন এসেছিলাম, বাজেট আলোচনার সময় দিনের পর দিন এখানে রু বুক রেড বুক দেওয়া হয়েছে। বাজেটে হাজার হাজার দফা রয়েছে। সমস্ত চলে গেল, দিনকতক পরে আবার সাপ্লিমেন্টারী এল, আবার এটা এসেছে ৫ কোটি টাকা ছেড়ে দাও। কোন লোক কি জনসাধারণের প্রতিনিধি হয়ে তাঁর বিবেকের কাছে আবেদন করে এইরকম চোখ-কাণ বুজে এই টাকা পাশ করতে পারে? কনস্টিটিউশনে এই রকম নিয়ম থাকতে পারে, কিন্ত এটা আমাদের প্রতি অন্যায় আশা করা। এই যদি অবস্থা হয় তাহলে আমি বলবো এটা আইনসিদ্ধ নয়, এটা আইনে লেখা থাকতে পারে, কিন্তু এটা কোন আইনেই লেখা নেই যে চোখ-কাণ বুজে যা কিছু আছে পাশ করে দাও, জনসাধারণের টাকা খরচ হয়ে যায় যাক। মিঃ প্রেসিডেন্ট এটা কেন বলি আজকের দিনে এটা কি ময়না তদন্ত নয়? এটা তো পোস্ট মর্টেম একজামিনেশন, সেদিন গোর থেকে মানুষকে তুলে এনে তার তদন্ত হয়েছে এবং এই দেশেই হয়েছে। এটা যদি আসছে বছরের টাকা হত তাহলে কথা ছিল। এটা ১৯৫৯-৬০-৬১ সালের কথা, যখন আমরা ছিলাম না তখনকার কথা, আজকে গোর থেকে মানুষকে তুলে এনে পোস্টমর্টেম এগজামিনেসন করা হচ্ছে। এতে দেখছি লেখা আছে এক্সট্রা ডি এ দিয়েছেন, লোক নিয়োগ করেছেন যত খুসী লোক নিয়োগ করেছেন। বাজেটে একটা টাকা ধরা ছিল, কোন প্রিন্সিপলে বাজেট তৈরী হয়, কিরকম এস্টিমেট তাঁরা করেন? রাস্তা খুলে রাখা হয়েছে মন্ত্রীমন্ডলী খরচ করতে পারে যত খুসী আমলাতন্ত্রের মাধ্যমে। এই অবস্থা যদি বন্ধ না করতে পারেন তাহলে দুর্নীতির কথা বলবেন না। অন্য মানুষের টাকা নিয়ে খেলা আমরা সমর্থন করতে পারি না এবং এটা যদি চলে যতই তারা বই ছাপান না কেন দুর্নীতি উঠিয়ে দেবার কথা না বলাই উচিত, পরের টাকা নিয়ে যারা খরচ করেন তাদের দায়িত্ববোধ থাকা উচিত।

[3—3-10 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি, লক্ষ লক্ষ কোটি কোটি টাকার যেসব অঙ্ক খাতায় লেখা আছে এই সব হিসাব তাঁরা দেখেছেন কিনা? যদি দেখে থাকেন তাহলে দাঁড়িয়ে বলুন যে, জনসাধারণের এক পয়সা তাঁরা অপচয় করেন নি। বলতে তাঁরা পারবেন না। কারণ, তাঁরা আমলাতন্ত্র দ্বারা পরিবেষ্টিত। তাঁরা রিপোর্ট নেন, যা ইচ্ছা তাঁরা লিখে দেন আর তাতে সই করেন ঠাণ্ডাঘরে বসে বসে। এতে লেখা আছে বেশি ট্যুর করেছেন তার জন্য বেশি ডিয়ার-নেস অ্যালাউয়ান্স দেওয়া হয়েছে। অনেক বেশি মহরার রাখা হয়েছে এইসবের জন্য ৪।৫ লক্ষ টাকা। ৪।৫ লক্ষ টাকা আমরা জীবনে দেখতে পাই নি। ৪।৫ লক্ষ মহরার ডিয়ারনেস এ্যালাউয়ান্স হয়ে গেল ৩৮ হাজার। জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনে অত টাকা চেয়েছেন। কলকাতা শহরের ফুটপাথে আজকে ১৭ বছর স্বাধীনতা পাবার পরও লোকে বসবাস করছে। পার্মানেণ্টলি। সেগুলি ভুলবার জন্য মন্ত্রিমহাশয় টাকা খুঁজে পাচ্ছেন না। ইচ্ছা করলে এই ৫।১০ লক্ষ টাকা এই অ্যাকাউণ্টে অন্য অ্যাকাউণ্ট থেকে খরচ করে এই রকম খাতা এনে যদি বলতেন যে, ৫০ লক্ষ বস্তিবাসীদের জন্য আমরা ৫০ লক্ষ টাকা খরচ করেছি তাহলে জনসাধারণের প্রতিনিধি হিসাবে আমরা তা সমর্থন করতাম। এ কি করে সমর্থন করব? ট্যুর এক্সপেনসেস বেড়ে গেছে, অনেক ট্যুর হয়েছে, কিন্তু কোথায় ট্যুর করল, কে ট্যুর করল কিছুই জানি না। তবে যদি আপনারা বলেন যে, এই এখানকার রীতি, এখানে এইরকম হয় তাহলে আমার বলবার কিছু নাই। আমরা এই টাকা দেব না, এর বিরোধিতা করছি। যদি কিছু লিখে রাখতে হয় আমাদের বিরোধিতা করার জন্য তাও লিখে রাখুন। কারণ, আমি জানি, এইরকম শাসনব্যবস্থা চিরস্থায়ী হবে না। এর পর যারা আসবে যারাই আসুক, তারা যদি দেখে যে, এই টাকা অপব্যয় হয়েছে তাহলে তারা এই মন্ত্রিমণ্ডলীর বাড়ি নিলামে চড়াবে। ৫ কোটি টাকা দুই বছরে বেশি খরচ হয়েছে। এই সেদিন বাজেট করেছি এ কি করে হয়? আমরা দেখছি যে ইচ্ছামত এরা খরচ করে তারপরে এইরকম একটা খাতা আমাদের সামনে এনে হাজির করে। এতে হয় নি মন্ত্রীদের যারা কর্মচারী তাদের বাজেট থাকুক না থাকুক লোক নেবার দরকার হোক না হোক যত খুশি লোক নিয়ে নিতে পারে যা ইচ্ছা খরচ করে যেতে পারে এবং দু বছর তিন বছর পরে সাদা কাগজে ছাপিয়ে এখানে আনতে পারে। সংখ্যাগরিষ্ঠ গণতন্ত্র এই সমস্ত কথা শুনে আমাদের লজ্জা হয়। শৈলবাবুকে বললেই উনি বলবেন আমাদের শুনে কান পচে গেছে আমরা নাকি গণতন্ত্রকে হত্যা করি। যদি এইরকম করে চালিয়ে যান যেতে পারে আজ হয়ত আমরা কিছু করতে পারব না আর কেউ কিছু করতে পারবে কিনা জানি না, কিন্তু আমরা ভগবানকে বিশ্বাস করি এইরকমভাবে যদি রাজত্ব চলে তাহলে এ রাজত্ব কিছুতেই থাকবে না। আমরা এখানে এসে উল্টো দেখি যেন একটা নতুন পৃথিবীতে এসেছি। অনেক সময় আমার মনে হয় এটা দিন না রাত্রি। কারণ, আমরা দেখছি বাজারে কিছুই পাওয়া যাচ্ছে না অথচ ওঁরা এখানে এসে বলছেন, সব ঠিক আছে, কোন গোলমাল নেই। আমি নিজে বাজারে যাই, সেখানে দেখেছি কোন জিনিস পাই না। অথচ এখানে এসে শুনি সব ঠিক আছে কোন অসুবিধা নেই। এখানে এসে শুনি কলেজে ছাত্রভর্তির অসুবিধা নেই, কলেজে সিট খালি পড়ে আছে। একথা সেদিন একজন দায়িত্বশীল মন্ত্রীর কাছ থেকে আমরা শুনলাম। অথচ ছাত্রভর্তির ব্যাপার নিয়ে আমাদের কাছে লোক যায়; আমরা লেখালেখি করি, ঘোরাঘুরি করি কোন ছাত্রকে কলেজে ভর্তি করতে পারি না। অ্যাসেম্বলিতে আগে কখনও আসি নি কিছু জানতাম না। এখানকার হাওয়া এখানকার পরিবেশের সাধারণ মানুষের সঙ্গে কোন মিল নেই। এখানকার ঠাণ্ডা থেকে বেরিয়ে গেলেই গরম। এইরকম ব্যবস্থা এখানকার। আমি মাননীয় সদস্যদের এই কথা বলব-আমি রাজনীতির কথা বলছি না যে মানুষের মধ্যে যদি দল হয় তাহলে এই দেশের মঙ্গল নেই সেজন্য দলনির্বিশেষে বলছি জনসাধারণের এই পাঁচ পাঁচ কোটি টাকা এই দু বছরের মধ্যে কেন এইভাবে খরচ হবে? তার জন্যই কি তাঁরা এখানে বসে আছেন? এ কি তাঁদের কোন বিবেক নেই? তাঁরা কি বলতে পারেন না কিসের জন্য এই টাকা খরচ করেছেন? আমরা দেখতে চাই যে তাঁরা ঠিক খরচ করেছেন। যেসব এক্সেস এক্সপেণ্ডিচার হয়েছে সেগুলি কোন অঘটন বা দুর্ঘটনার জন্য হয় নি। রাষ্ট্র পরিচালনার জন্য যে সাধারণ ব্যয় হয় সেই ব্যয় করার জন্য বাজেটে ব্যবস্থা আছে। তা যদি না থাকত তাহলে বাজেট এখানে আনবার দরকার নেই যা ইচ্ছা তাই

খরচ করে যান। একবারে শেষকালে দু-তিনশো কোটি টাকা পাশ করে নিলেই হবে কিন্তু এ তো হওয়া উচিত নয় ওঁরা বলবেন তার উত্তরে যে আমাদের এখানে কনস্টিটিউশনে লেখা আছে যে, এরকম আমরা ঠিক একেবারে হিসাবনিকাশ করতে পারি না সমস্ত অনুমানের উপর বাজেট হয়, সেজন্য একটু-আধটু এদিক-ওদিক হয়। যদি ১০।২০।৫০ হাজার কি লাখ টাকা হয় তা হলে বুঝতে পারি, হঠাৎ যদি কোন অঘটন ঘটে তাহলে বুঝতে পারি, কিন্তু এরকম কেন হয় একথা কি আমরা জানতে পারব না? তবে অন্তত যে আপনাদের আমরা বলি, আপনারা কিছুই শোনেন না তা আমরা জানি কিন্তু তবুও আমাদের বলবার সুযোগ দিয়েছেন বলে ধন্যবাদ। এটুকু স্বাধীনতা এখানে পাওয়া গেছে যে, একটা দুটো কথা বলা যাচ্ছে। আপনারা জানেন যে এতে কিছুই হবে না। মন্ত্রিত্ব চালাতে হবে যা খুশি পাশ করবেন। আমি বলতে চাচ্ছি এই রাজত্বে এখানে রাষ্ট্র পরিচালনায় সতের বছরের ভেতর মাত্র এক বৎসর এ রকম এক্সেস এক্সপেণ্ডিচার হয় নি। আপনার অফিসারদের জিজ্ঞাসা করবেন তারা আপনাকে খবর দেবে। বারবার প্রতিবার এই সতের বছর ধরে যথানিয়মে একটা এক্সেস্ এক্সপেণ্ডিচারে লক্ষ লক্ষ টাকা আসে। যদি এক বছর এটা সম্ভব হয়ে থাকে তাহলে কেন প্রতি বছর এটা সম্ভব হবে না। আমি অনুনয়-বিনয় করছি যে আপনারা যদি বাস্তবিক পক্ষে জনসাধারণের প্রতিনিধিত্ব করেন তাহলে তাদের টাকা চোখ বুজে আপনারা সহি করে দেবেন না এটা আইনাসিদ্ধ নয় এটা বেআইনী ব্যাপার।

Shri A. H. Besterwitch: Mr. Chairman, Sir, today we have got to pass items of excess expenditure of over Rs. 5 crores incurred during 1959-60 and 1960-61. It is surprising. Just at the beginning of the year we had gone through the budget session and passed a lot of money. Then, suddenly we had another supplementary budget and that too was passed by the House. But I cannot understand how is it possible for us to pass certain expenses which were incurred in 1959-60 and 1960-61, when we were not in the House. We were not in the House in those days.

Let us examine the items one by one. There is a lot of money spent on 'Jails'. We know, previously we had a lot of income from the Jails and that income always used to be spent on 'Jails'. Here we find that from the Jails we get nothing but excess expenditure as at page 5. Why is this excess expenditure? Because the Government, I believe, did not pay money to the Jails for the jail produce. If the Government do not pay money to the Jails for the Jail produce it is a very difficult problem. In fact, Government is spending money, getting it sanctioned, but whose money is this? This is public money. They are playing ducks and drakes with the public money.

[3-10—3-20 p.m.]

According to the Explanatory Memorandum we find that certain establishments have not been paid for certain articles. What have the Government done with the money? Why did not they pay the money to the Jail authorities? And if the Government did not pay the money to the Jail authorities can it be called an excess expenditure because the Government have already got it sanctioned for the years 1959-60, 1960-61, 1961-62 and so on? They have got the money sanctioned. So, why did not they pay them? When we find that the prisoners of jails produce a lot of articles still there is ample scope for further production of many articles such as bidis, etc. I had been to the jail on one occasion and I found that lot of bidis was going inside the jails, for the prisoners. If the Government or the Jail authorities think that they would make arrangements for manufacturing bidis as home industry then I am certain that they would have another source of income, and this sort of excess expenditure will not arise.

Let us come to the Education Department. My friend the Hon'ble Minister may say that everything is o.k. but what is happening in the schools, specially in the mufassil schools. I would like to mention that

when all the results of the last examination were out, the result of Smt. Pratima Dey, Roll. Bahara, PWF 11, who appeared as a student from Murshidabad, is not out as yet. Now sessions of the colleges are going to be closed and I do not know how she is going to be admitted by any of the colleges. An we find that there is excess expenditure of a huge amount of money in the case of this Education Department. I do not want to go into details.

Let us now turn to the P.W.D. Department. The Hon'ble Minister has already said that he has got huge amount of money in his hands but, unfortunately, we find here that there is again an excess expenditure. It is a very very complicated issue. The Hon'ble Minister, under whose charge is placed the Roads and Buildings Department, is regularly surrendering the money back to the Central Government, and when the State Government cannot spead the money that was sanctioned then comes the question of excess expenditure on this account? Sir, I cannot understand his view point. We regularly see that the Hon'ble Minister is not doing his work properly. He cannot spend the money that he has been sanctioned, still there is a huge amount of excess expenditure. I think this is nothing but a pure bluff. These things are bamboozling the people, these are done by the Ministers stitting on the Treasury Bench. They are bluffing at the people. We want a clear and distinct reply from the Ministers concerned who are piloting the motions for granting the excess expenditure.

If public money is going to be spent in such a way and at the same time if whatever money the Hon'ble Ministers have got sanctioned is not going to be utilized, how can they say that there is extra expenditure in this department or that department? Is it that some persons, some gentlemen put all the money in the pocket? Centraily I cannot accept the contention of the Minister who is piloting this Bill. On page 11 of explanatory memorandum what does Khagen Basu say? He says: The excess was due to the supply and installation of a set of passenger lift at Raj Bhavan which could not wait for provision of funds in the usual way till the next year and had to be competed within the financial year on an emergency basis in view of the visit of the distinguished guests. It is very purprising. If that was the case in 1960-61, why did he not bring that in the budget or supplementary budget of 1961-62? Why has he brought this excess expenditure in this House after three or four years? What is the necessity of his coming here for sanction of excess expenditure after three or four years? He is trying to throw dust in the eyes of the Honourable members of this House. If such was the urgency, then he could have brought it in 1961-62 when we were also not here. I have seen in my district, viz., Jalpaiguri that there are various items on the list for expenditure, but nothing has been done. To tell you very candidly, Sir, I cannot for once accept this excess expenditure whatsoever.

Shri Sanat Kumar Raha:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ব্যয়বরাদ্দের বাইরে অতিরিক্ত খরচ করে ফেলার পর যথাবিধি অনুযায়ী এই বিধানসভার সদস্যদের মতামত নিয়ে এই খরচটাকে বিধিশুদ্ধ করার জন্য এই একসেস্ এক্সপেন্ডিচারের বরাদ্দ আমাদের কাছে আনা হয়েছে। আমার প্রথম প্রশ্ন হচ্ছে এই যে, যাঁরা বাজেট বরাদ্দের টাকা বেঁধে দিয়েছেন তাঁরা এই বাড়তি খরচ চ্যালেঞ্জ করার কোন সুযোগ পেলেন না। সংবিধানে এটা থাকলেও এ প্রশ্ন আমার আছে। দ্বিতীয়ত যখন সরকার নিজে ১০০ কোটি টাকা খরচ করেন বছর বছর তখন তাঁদের পক্ষে দু-চার কোটি টাকা অতিরিক্ত খরচ করাটা খুব অযৌক্তিক নয়, যদি বাড়তি খরচ হয়েই যায়। প্রশ্ন হচ্ছে এখানে যখন বাড়তি খরচ হয়ে যায় তখন সেই বাড়তি খরচটা কি কারণে হল সেটা জানা উচিত। এখানে কথা উঠেছিল পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট

সম্পর্কে। পাবলিক অ্যাকাউন্টস কমিটি মিটিংয়ে আমি কয়েকবার থাকবার সুযোগ পেয়েছিলাম, আমার মনে হয়েছে হাউজে আজ পর্যন্ত পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট আলোচিত হল না। আলোচনা হলে তারপরে একসেস্ এক্সপেন্ডিচারের বরাদ্দ সম্পর্কে যদি বক্তব্য থাকত। তা হলে আমরা অ্যাসেম্বলি মেম্বাররা বুঝতে পারতাম যে, পাবলিক অ্যাকাউন্টস কমিটি মিটিংয়ে কোন্ কোন্ বরাদ্দ থেকে কিভাবে সমালোচনা করেছে তার সম্পর্কে আইডিয়া পাওয়া যেত। কিন্তু পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট, তার সমালোচনা আমাদের সামনে আসে নি। খুব আংশিকভাবে যে কথাগুলি মেমোরান্ডাম আকারে দেওয়া হয়েছে তাতে বুঝবার কোন উপায় নেই কিভাবে খরচ হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এই যে, সরকারের পক্ষ থেকে অতিরিক্ত ব্যয় করা স্বাভাবিক করতে হবে, কিন্তু সে ব্যয় যুক্তিসঙ্গত কিনা, ন্যায়নীতি অনুসারে চলছে কিনা সেটা বিচার করবার ভার যেমন পাবলিক অ্যাকাউন্টস কমিটির পক্ষে তেমনি স্বভাবতঃই আমাদের উপরে সেই দায়িত্ব দেওয়া হয়েছে।

[3-20—3-30 p.m.]

বৎসরের পর পর বৎসর অ্যাকাউন্টস দেখে ভেবেছিলাম

General Administration, Administeration of Justice, Ports and Pilotage, Education, Miscellaneous Contribution

এগুলি প্রত্যেক বৎসরের থাকবে, এগুলি কমন হেডস্। কিন্তু কোন প্ল্যান্ড ওয়েতে ইকনমিক কালকুলেশন না করে বিভিন্ন হেডএ খরচ করে যাচ্ছেন এবং কতগুলি একসেস্ এক্সপেন্ডিচার ভ্যালিডেট করে নিচ্ছেন এই উদ্দেশ্যে। যদি এর মধ্যে নিয়মশৃঙ্খলা থাকত এবং একটা পরিকল্পনার সংগে এইসব বরাদ্দ করা হত তাহলে এত আনসিরিয়াস ওয়েতে খরচ হত না। প্রথমেই মনে পড়ে শিক্ষাক্ষেত্রের এই বিরাট অংকের টাকার কথা একটা হঠাৎ আকস্মিক খরচ হল, আগে এর কোন চিন্তা ছিল না, ডেভেলপমেন্ট খাতে খরচ করতে হয়েছে—এই যে যুক্তি, এই যুক্তি গ্রাহ্য বলে মনে হয় না। তারপরেই জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএ মোটা টাকা খরচ। প্রথমেই আমার মনে হল জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএ তো খরচ হবেই, গণ-আন্দোলনের বিরুদ্ধে জনসাধারণের উপর উৎপীড়ন করার জন্য জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএ খরচ হবেই পুলিশের জন্য টাকা লাগবে জেলে ভরবার জন্য টাকা লাগবে কেন না খরচ হবে? কিন্তু জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএ আমি যখন দেখতে পেলাম কোন্ কোন্ খাতে বেশি খরচ হল—

preparation of electoral roll, for loan collection work, food and relief operation work.

খুব ভাল কথা এর বিরুদ্ধে বলবার কিছু নেই তা হলে আমার বক্তব্য থাকে কোথায়? এই সবই খরচ হয়েছে, কেননা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএর জন্য। কিন্তু বিচার বিভাগে যান, ৬ মাসের জায়গায় ৬ বৎসর লাগে, জেলে যান, জেলে অপচয়ের সীমা নাই। পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট দেখেছি। ইনস্ট্রুমেন্ট জাহাজে পড়ে আছে। কিন্তু এজন্য লক্ষ লক্ষ টাকা খরচ। এখানে একটা জায়গায় লেখা আছে

in addition to unscheduled administration charges.

এই অপচয় এই উৎপীড়নের ব্যয় এইসব নিয়েই এই একসেস্ এক্সপেন্ডিচার হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, একসেস্ এক্সপেন্ডিচারগুলি এমন বিশুদ্ধ করে রাখা হয়েছে যে, এগুলি পড়ে বলবার উপায় নাই কতটা অপব্যয় হয়েছে উৎপীড়নের জন্য কতটা অন্যায়ভাবে কত ব্যয় হয়েছে। তা যদি থাকত তাহলে আমাদের এই গণতান্ত্রিক সরকারের গণতান্ত্রিক আলোচনায় সৎসাহসের পরিচয় পাওয়া যেত। তাহলে এক্সেস এক্সপেন্ডিচারের মধ্যে যেমন লেখা আছে

for preparation of electoral rolls, for loan collection work, food and relief operation work.

তেমনি এও লেখা থাকত—

for repressive work, for food stayagraha, for dehoarding, Government dehoard

করবেন সিজ করবেন—এসবের জন্য আকস্মিক ব্যয় আছে। লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়, সেই টাকা যদি জনসাধারণের স্বার্থে লাগে নিশ্চয়ই তা আমরা সমর্থন করব, কিন্তু যেসব ব্যয় জন-

সাধারণের স্বার্থে হয়েছে বলে বিচার করতে পারি না তাকে আমরা সমর্থন করতে পারি না। যদি না স্পষ্টভাবে লেখা থাকে, কত টাকা অপচয় হয়েছে, উৎপীড়নের জন্য ও অন্যায়ভাবে কত টাকা ব্যয় হয়েছে এগুলি না জানা পর্যন্ত তা কিছুতেই সমর্থন করা যায় না। একবার বাজেট হবে ফরম্যাল প্রসিডিওরএ তারপর আবার নানা হেডএ খরচ হবে এই জিনিসগুলি অত্যন্ত জীবনহীন এবং এগুলি মৃত্যুর মতো আনুষ্ঠানিক কায়দায় চলেছে। আমার মনে হয় একসেস্ এক্সপেন্ডিচারও আমরা জীবন্ত করতে পারি যদি সঠিক ব্যাখ্যা দেওয়া যায় কত টাকা সরকার জনসাধারণের আন্দোলনকে দমন করতে গিয়ে ও অন্যান্য অন্যায় কাজ করতে গিয়ে ব্যয় করেছেন। এসব পেলে পর একসেস্ এক্সপেন্ডিচার সম্পর্কে আমরা সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করতে পারি। তারপর চার বৎসর বাদে আপনারা এসে বললেন এত টাকা খরচ হয়েছে। কি বাবত খরচ হয়েছে, কিসে খরচ হয়েছে তা আমরা জানতে পারলাম না। এখানে এসে বললেন খরচ হয়েছে। আমার মনে হয় তন্ন তন্ন করে প্রশ্ন করলেই পাওয়া যাবে

preparation of electoral roll, loan collection for food operation

কত টাকা খরচ হয়েছে। তেমনি আপনারা লিখে দিচ্ছেন কিছু আনইউজুয়াল এক্সপেন্ডিচার হয়ে গিয়েছে। এখানে লেখা আছে এক জায়গায়

late decision of Government M.P.

এই লেটার ডিসিশনএর ফলে আনথট অফ ক্যালকুলেশনএ আনঅ্যান্টিসিপেটেডলি হায়ার রেটস দিতে হয়েছে। আমার মনে হয়, এসব জিনিস অত্যন্ত ইররেসপন্সিবলি হয়েছে। কোন রেস-পন্সিবল সরকার হলে, সেন্টার এবং স্টেটসএর নীতির মধ্যে কোহেসান ও জাজমেন্ট থাকলে এইরকমটা হত না। সুতরাং এখানে ৫ কোটি টাকার এই দাবি আদায় করবার জন্য ভাসাভাসা ভাবে যা বলা হয়েছে তাতে আমরা সন্তুষ্ট হয় নি। জনসাধারণের স্বার্থে ব্যয় হলে সমর্থন করা যায়। কাজেই এই বিল আমরা সমর্থন করতে পারি না।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment.]

[3-50—4 p.m.]

Change of order of business regarding questions

Mr. Speaker: Honourable members, the question placed before the Labour Minister will be taken up tomorrow instead of the questions placed before the Minister for Refugee Rehabilitation as Shrimati Ava Maiti will not be returning to Calcutta tomorrow. Therefore, questions relating to the Labour Department will be answered by the Labour Minister tomorrow.

VOTING ON EXCESS EXPENDITURE

(For the years 1959-60 and 1960-61)

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালের অতিরিক্ত ব্যয় বরাদ্দের তালিকা পেশ করা হয়েছে। যদি দেখা যেত, এই অতিরিক্ত ব্যয় সঠিকভাবে বা যুক্তি-পূর্ণভাবে হয়েছে তাহলে হয়ত আমরা এই মোসন সমর্থন করতাম। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখবেন বিভিন্ন খাতে এই যে অতিরিক্ত ব্যয় করা হয়েছে তার অধিকাংশই অপব্যয় করা হয়েছে। উদাহরণস্বরূপ আমি আপনার কাছে প্রথমে শিক্ষা খাতের কথা তুলে ধরি। ১৯৫৯-৬০ সালে শিক্ষা খাতে ১ কোটি ৫৯ লক্ষ টাকা এবং ১৯৬০-৬১ সালে শিক্ষাখাতে ৯৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে। এর কারণ হিসেবে বলা হয়েছে যে, ডেভেলপমেন্ট-এর জন্য এই অতিরিক্ত ব্যয় হয়েছে। শিক্ষাক্ষেত্রে ডেভেলপমেন্ট বলতে আমরা যে জিনিস বুঝি সেটা হচ্ছে শিক্ষা সম্পর্কে ডেভেলপমেন্ট বা শিক্ষার উন্নতি। আমরা যদি সঠিকভাবে দেখি তাহলে দেখব হয়ত কিছুটা মেটেরিয়াল ডেভেলপমেন্ট হয়েছে, কোথাও কোথাও বড় বড় ইমারত তৈরি হয়েছে, কিন্তু আদবে শিক্ষাক্ষেত্রে কোনরকম উন্নতি সাধিত হয় নি। যাঁরা শিক্ষাদান করেন

সেই শিক্ষকসমাজ আজকে অত্যন্ত দুর্দিনের মধ্যে পড়ে আন্দোলনের পথে নামতে বাধ্য হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, অতিরিক্ত ব্যয়ের কথা বলা হয়েছে, কিন্তু আমরা দেখছি প্রাথমিক শিক্ষক থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পর্যন্ত আজকে বাধ্য হয়ে অতিরিক্ত মহার্ঘ ভাতা এবং নূতন পে-স্কেল-এর দাবিতে আন্দোলন শুরু করেছেন এবং একথা আপনি নিশ্চয়ই জানেন যে, পশ্চিম বাংলার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং কলেজ শিক্ষক সমিতি বাধ্য হয়ে ১৮ই সেপ্টেম্বর কর্মবিরতি পালন করতে এগিয়ে চলেছেন। শিক্ষাক্ষেত্রে যেখানে অতিরিক্ত ব্যয় করা হয়েছে সেখানে আমরা দেখছি শিক্ষকসমাজ বারে বারে সরকারের কাছে তাঁদের দাবিগুলি বিবেচনা করবার জন্য প্রার্থনা জানিয়েছেন আর সরকার শিক্ষক সমাজের সেই ন্যায়সঙ্গত দাবি প্রত্যাখ্যান করেছেন। এই কারণে বিশ্ববিদ্যালয় এবং কলেজের শিক্ষক সমাজ বাধ্য হয়ে আন্দোলনের পথে নেমেছেন এবং সরকারের কাছে তাঁদের বক্তব্য বলেছেন। তারপর শিক্ষাক্ষেত্রে অতিরিক্ত ব্যয় করা হলেও বিভিন্ন ক্ষেত্রে কিভাবে অপব্যয় করেছেন সেটা আমরা দেখেছি। যেমন তিন বছর আগে হুগলিতে বি, টি, কলেজ হোস্টেল নামে একটা ইমারত তৈরি করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেটা ব্যবহার করবার জন্য কোনরকম ব্যবস্থা করা হয়নি। এই বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলা হয়েছে যে, তিন বছর হয়ে গেল সরকার বহু টাকা খরচ করে বি, টি, কলেজ হোস্টেল তৈরি করলেন কিন্তু আজ পর্যন্ত সেটা ব্যবহার করা হল না। অর্থাৎ সরকার একটা ইমারত তৈরি করেছেন কিন্তু সেটা ব্যবহার করবার জন্য উপযুক্ত বন্দোবস্ত না করার ফলে সেক্ষেত্রে অপব্যয় হল। তারপর আমি একথা বিধানসভায় রেখেছি যে, হুগলি জেলায় রবীন্দ্র-ভবন তৈরি করবার জন্য এই শিক্ষাদপ্তর থেকে যে টাকা মঞ্জুর করা হয়েছে সেই টাকা উপযুক্তভাবে খরচ করা হয় নি। আজ তিন বছর হয়ে গেল সেখানকার সাধারণ মানুষের কাছ থেকে চাঁদা সংগ্রহ করা হয়েছে, সরকারের কাছ থেকেই পাওয়া গেছে, কিন্তু আজ পর্যন্ত সেই রবীন্দ্র-ভবন নির্মাণ করা হল না। এই বিষয়ে কিছুদিন আগে এই সেসনে শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। শুধু তাই নয়, আমি এই বিষয়ে বলবার চেষ্টা করেছি যে, সেই রবীন্দ্র-ভবন নির্মাণ করবার জন্য যে কমিটি গঠন করা হয়েছে তার কোষাধ্যক্ষ হচ্ছেন হুগলির জেলাশাসক এবং গত তিন বছর ধরে সাধারণ মানুষের কাছ থেকে যে টাকা তোলা হয়েছে সেই টাকার অডিট করা হয় নি। এই বিষয়ে আমি সরকারকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করেছিলাম যে, সাধারণ মানুষের কাছ থেকে যে টাকা এসেছে সেই টাকার অডিট করা হয় নি এবং সেই কমিটির ট্রেজারার হচ্ছেন একজন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। কাজেই বলছিলাম শিক্ষাখাতে ডেভেলপ-মেন্টএর জন্য অতিরিক্ত খরচ করা হলেও সাধারণভাবে সেগুলি কাজে লাগানো হচ্ছে না।

আমি আর একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে বর্ধমান জেলার পাণ্ডবেশ্বরে একটা প্রতিষ্ঠান আছে, জারোয়া ইনস্টিটিউশন। সেখানকার প্রধান শিক্ষক মিঃ ভৌমিক গত কয়েক বছর ধরে সরকারের কাছ থেকে টাকা নেন উন্নতির জন্য, কিন্তু স্কুলের কোন রকম ডেভেলপমেন্ট হয় নি। পাণ্ডবেশ্বরের জারোয়া ইনস্টিটিউশন থেকে সমস্ত শিক্ষকরা শিক্ষামন্ত্রীর কাছে অভিযোগ পেশ করেছেন বিগত কয়েক বছরের বেতন পান নি, কোনরকম সুযোগ-সুবিধা পান নি। অথচ দেখা যায় সরকারের শিক্ষা দপ্তর থেকে সেই ভদ্রলোক যথারীতি সমস্ত রকম গ্র্যান্ট নিয়ে যান। দেখা যাচ্ছে সরকারের শিক্ষা দপ্তর টাকা খরচ করবার চেষ্টা করছেন কিন্তু এই যে অপব্যয় হচ্ছে এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করেও আজ পর্যন্ত কোনরকম সুরাহা হয় নি। কাজে কাজেই শিক্ষা খাতে যে টাকা অতিরিক্ত ব্যয় করা হচ্ছে সেই খরচের মধ্য দিয়ে প্রকৃতপক্ষে কোন উন্নতিসাধন করা হয় নি এবং করার কোনরকম চেষ্টাও হয় নি।

তারপর দেখা যাচ্ছে মেডিকেল বিভাগে ১৯৬০-৬১ সালে ১২ লক্ষ টাকা অতিরিক্ত খরচ করা হয়েছে। কিন্তু এখনও কিজন্য এই অতিরিক্ত খরচ করা হল সে সম্পর্কে পরিষ্কার কোন রকম বক্তব্য প্রচার করা হয় নি। আমরা দেখছি বিভিন্ন জায়গায় কিছু কিছু হেলথ সেন্টার রয়েছে কিন্তু সেই সমস্ত হেলথ সেন্টারগুলি সক্রিয়ভাবে চালু করার জন্য কোনরকম প্রচেষ্টা সরকারের পক্ষ থেকে করা হয় নি। তার ফলে যে এলাকায় হেল্‌থ সেন্টার করা হয়েছে সেই এলাকার লোকেরা কোন রকম সুযোগ-সুবিধা পায় নি। তারপর আমি দেখছি শহরের কাছাকাছি গ্রামে যেসমস্ত হেল্‌থ সেন্টার হয়েছে যদিও তার পাশ দিয়ে ইলেকট্রিসিটি গিয়েছে তথাপি সেই সব হেল্‌থ সেন্টারে আলোর ব্যবস্থা হয় নি। এমন হেল্‌থ সেন্টার আছে যেখানে ডাক্তার নাই ঔষধ সরবরাহের ব্যবস্থা নাই। মেডিকেল বিভাগে খরচ করা হয় কিন্তু দেখা যাচ্ছে সাধারণ

মানুষের যতটা সুযোগ-সুবিধা পাওয়া দরকার সেটা তাঁরা আজ পর্যন্ত করতে পারেন নি। তা ছাড়া কতগুলি বড় বড় ইম্পরট্যাণ্ট জায়গায় হাসপাতাল আছে যেগুলি এমন অবস্থায় এসেছে যে সেখানে সমস্ত শাসনব্যবস্থা ভেঙ্গে পড়েছে। হুগলিতে সরকারী হাসপাতাল ছাড়া একটি অক্সিলিয়ারি হাসপাতাল আছে, সেখানে কলেরা রোগীর চিকিৎসা করা হয়, অ্যান্টিটিটেনাস রোগীর চিকিৎসা করা হয়, টি বি রোগীদের রাখা হয়। আপনি শুনে আশ্চর্য হবেন যে, এই অক্সিলিয়ারি হাসপাতাল বর্ধমান জেলার সদর শহর চুঁচুড়া শহরে আছে সেই অক্সিলিয়ারি হাসপাতালে আজ পর্যন্ত ইলেকট্রিসিটির কোন ব্যবস্থা করা হয় নি। সেখানে দুজন মাত্র ডাক্তার আছে রাত্রিবেলা কোন ডাক্তার থাকে না ঔষধ পাওয়া যায় না কলেরা রোগীদের ইঞ্জেকশন দিতে হলে বাইরে থেকে কিনে আনতে হয়। অথচ দেখা যাচ্ছে যে ১৯৬০-৬১ সালে অতিরিক্ত খরচ করে বসে আছেন ১২ লক্ষ টাকা। যেখানে আমরা দেখছি কোনরকম সুব্যবস্থা করতে পারেন নি অথচ অতিরিক্ত খরচ করেছেন সেখানে এই যে অনুমোদনের জন্য আবেদন সেটা কিভাবে সমর্থন করতে পারি? তেমনিভাবে দেখতে পাচ্ছি ইরিগেশনে ১৯৬০-৬১ সালে ২০ হাজার টাকা খরচ করেছেন বিভিন্ন জায়গায় এমব্যাঙ্কমেন্ট করেছেন। হুগলির চুঁচুড়া শহর গঙ্গানদীর ধারে অবস্থিত সেই গঙ্গানদীর ধার বিভিন্ন জায়গায় ধ্বসে যাওয়ায় সরকার এগিয়ে গেছেন সেখানে এমব্যাঙ্কমেন্ট করার জন্য। তিন বছর আগে হুগলি-চুঁচুড়ার একটা অংশ তুলাপট্টি থানায় এমব্যাঙ্কমেন্ট করা হয়েছে, এক লক্ষ টাকা খরচ করে। তারপরে দেখছি যে অংশে করেছেন সেই অংশ প্রায় ভেঙ্গে যেতে বসেছে। এ বিষয়ে প্রশ্নোত্তরে জিজ্ঞাসা করেছিলাম সরকার অবগত আছেন কিনা, এই এমব্যাঙ্কমেন্টের পিছনে সরকার যে টাকা খরচ করেছেন সেটা গঙ্গাগর্ভে নিহিত হতে চলেছে। সরকার বলছেন যে, না এইরকম কোন অবস্থা সৃষ্টি হয় নি। অর্থাৎ দেখতে পাচ্ছি যে, যদি এই এমব্যাঙ্কমেন্টের প্রোটেকশনের ব্যবস্থা না করেন, মেনটেনান্সের চেষ্টা না করেন তাহলে সমস্ত টাকা অপচয় হবে।

কাজে কাজেই আমরা দেখছি যেসমস্ত বিভাগে অতিরিক্ত খরচ হয়েছে সেই সমস্ত বিভাগে দেখা যাচ্ছে যে, সেই টাকাগুলি যথার্থভাবে খরচ করা হয় নি। সেই টাকাগুলি তারা ঠিকভাবে খরচ করবার চেষ্টা করে নি ফলে সেগুলি সঠিকভাবে ব্যয় করতে সক্ষম হয় নি। এইসব কারণে যসব অতিরিক্ত ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করা হয়েছে আমি তার বিরোধিতা করছি।

4--4-10 p.m.]

Shri Bhakti Bhusan Mandal:

মঃ স্পীকার, স্যার, এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ সম্পর্কে বলতে উঠে আমি সমস্ত বিষয় সম্বন্ধে না বলে কয়েকটি ডিপার্টমেন্ট সম্বন্ধে কয়েকটি কনক্রিট এগজ্যাম্পল দিয়ে দেখাতে চাই যে এই ডিপার্টমেন্টগুলির অতিরিক্ত টাকা পাওয়া তো উচিত নয়, বরং যেটা খরচ করে ফেলেছে সেটা তাদের কাছ থেকে কেটে নেওয়া বিশেষ প্রয়োজন। আমি প্রথমে এ্যাডমিনিষ্ট্রেসান অব জাস্টিসের কথা বলছি যেটায় আমরা প্রাইমারিলি ইনভলভড আছি। আমাদের এই ডিপার্টমেন্টের যিনি মিনিষ্টার তিনি ৭২ বছর নিশ্চয়ই পার হয়ে গেছেন। কাজেই তাঁকে ব্যঙ্গ করার বিশেষ প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কারণ বয়স হয়ে গেলে কাজ করার শক্তি চলে যায়। সেজন্য বলছি সবচেয়ে ইমপর্ট্যান্ট জিনিস যেটা সেটা সম্পূর্ণ বন্ধ হতে চলেছে। আজ ৩।৪ মাস ধরে ডেমি এবং ফোলিও কোন সিভিল কোর্টে সাপ্লাই করা হচ্ছে না এবং এজন্য যাঁরা কোর্টে যান তাঁরা নিশ্চয়ই বুঝবেন যে সেখানে কি অবস্থার সৃষ্টি হয়েছে। শুধু তাই নয়, ডিস্ট্রিক্ট এ্যান্ড সেসানস জজ হাই কোর্টের কাছে এই পয়েন্টে লেখার পর হাইকোর্ট বলেছেন —যেখানে তিন দিন পরে ফোলিও না দিলে রিজেক্ট হয়ে যায়, ২।৩ মাসের মধ্যে যেন ফোলিও রিজেক্ট করা না হয়। একটা মানুষের মোকদ্দমা হল, হয়ত তাতে তার ৩।৪ মাসের জেল হল। এখন ফোলিও পাচ্ছে না। ফোলিও না পাওয়ার জন্য জাজমেন্টের কপি পাওয়া যাচ্ছে না এবং কপি না পেলে সে এ্যাপিল করতে পারছে না। এই অবস্থার সেখানে সৃষ্টি হয়েছে এবং এ সম্বন্ধে কোন কিছু করার ব্যবস্থা আজ পর্যন্ত দেখতে পাচ্ছি না। এটা প্রত্যেক জেলায় আছে এবং আমরা দেখতে পাই যে সেখানে কি অবস্থার সৃষ্টি করা হয়েছে। শুধু তাই নয়, এ্যাডমিনিষ্ট্রেসান অব জাস্টিস আরো বড় আকার ধারণ করেছে। আমি আমাদের বীরভূম জেলার

কথা বলছি। সেখানে একজন ডেপুটি ম্যাজিস্ট্রেট আছেন, তিনি বিচার করেন। বিচারকালে আমরা দেখেছি কি জঘন্য ব্যাপার। আমি তাঁর নাম করে বলছি তিনি হচ্ছেন শ্যামলকান্তি দাস, সেকেন্ড অফিসার। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে কোর্টে যেখানে বিচার হচ্ছে সেই বিচারের সময় তিনি চেয়ারে বসে সিগারেট খাচ্ছেন। এই রকম নজীর বাংলা দেশে কেন ভারতবর্ষের কোথাও আজ পর্যন্ত দেখা যায় নি। কোর্ট আওয়ারের সময় মামলা যখন চলছে সেই সময় সেই চেয়ারে বসে অর্থাৎ যেটাকে চেয়ার অব জাস্টিস বলা হয় যাকে দেখে মানুষ নত হয়ে সম্ভ্রম দেখাবে সেই চেয়ারে বসে সিগারেট খাচ্ছেন। এই কেলেঙ্কারীর কথা বীরভূম জেলার ময়ূরাক্ষী পত্রিকা লিখেছে এবং সেই পত্রিকা সেসান জজের হাতে দেওয়া হয়েছে এবং আমাদের যিনি কমিশনার তাঁকে দেওয়া হয়েছে। আমি নাম করে বলছি তাঁর নাম হচ্ছে শ্যামলকান্তি দাস। তাঁর সম্বন্ধে আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। যেসব লোক এতবড় ব্যাভিচারের বিরুদ্ধে বলতে গিয়েছিল তাদের অবস্থা সেখানে দুর্বিসহ হয়ে উঠেছে। ময়ূরাক্ষী পত্রিকায় বেরুবার পর সেখানে সেসান জজ, কমিশনার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের হাতে সেই পত্রিকা দেওয়া হয়েছে। অথচ আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয় নি। আমি অনেক কিছু দেখেছি বললে একটা রামায়ণের সৃষ্টি হবে। কিন্তু আমি কয়েকটি কনক্রিট জিনিস বলছি। শিয়ালদহ কোর্টে একদিন হঠাৎ গিয়েছিলাম, সেখানে গিয়ে দেখলাম সেখানকার একজন ম্যাজিস্ট্রেট মিঃ এম সর্বাধিকারী তিনি আজ ৮।৯ বছর ধরে একই পোস্টে আছেন। আমরা জানি পুলিশ ম্যাজিস্ট্রেটকে ২।৩ বছরের মধ্যে ট্রান্সফার করা উচিত নয়। কিন্তু আমি বলতে চাই--এ সম্বন্ধে এনকোয়ারী করা উচিত, সেখানকার যারা সি আই, তাঁরা ১৩ বছর ধরে আছেন। আমি অবাক হয়ে গেলাম সেই সি আই ম্যাজিস্ট্রেটের কাছে না বললে বেল হয় না। এগুলি দেখা দরকার। এমন কি শুনেছি তাঁকে কয়েক মাস আগে ট্রান্সফার করা সত্ত্বেও আর একজন সি আই দেওয়া সত্ত্বেও তিনি এই কাজ করছেন, ডি সির এই অর্ডার মানেন না। কিন্তু কোন ব্যবস্থা হয় নি।

এ বিষয়ে আমি বলতে চাই যে এগুলি সম্বন্ধে এনকোয়ারী করা উচিত। এবং যদি সংস্কারের হয়-তাহলে ব্যবস্থা করা উচিত। এবং আর যদি ব্যবস্থা করা না হয় তাহলে আমরা মনে করি শিলিবার যতই গণতান্ত্রিক বলুন আর যাই বলুন, মোটের উপর আমি যেটা বললছি যদি ডাইরেক্ট এ্যাকসান না নেওয়া হয় তাহলে এই এ্যাসেম্বলী করে এতগুলো টাকা নষ্ট করার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। তারপর আর একটা কথা বলছি আমাদের স্থবির মন্ত্রী আছেন—তাঁকে বারবার বলছি যে বোম্বের মত জায়গায়, আরো অনেক জায়গা আছে সেখানে

Separation of executive and judiciary

হয়েছে। আমাদের বাজেটের সময় বারবার বল্লে বলবেন সমস্ত ঠিক হয়ে গেছে, কারণ তিনি জানেন সেদিন একবার জবাব দেওয়া হয়ে গেল একটা বছর পাট হয়ে যাবে।

Separation of judiciary and executive.

না হওয়া পর্যন্ত দেশে যে বিচার বিভ্রাট হচ্ছে তা আপনারা সকলেই জানেন কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা করা হল না। এই বিচার সম্বন্ধে আরো কয়েকটা কথা আছে কিন্তু বেশী বলবার সময় নেই, আর বলার প্রয়োজনও বেশী নেই। আমি কয়েকটা জিনিস সম্বন্ধে বলছি—ইরিগেশান ডিপার্টমেন্ট সম্বন্ধে, দুবরাজপুর থানার অন্তর্গত দাঁতিন বলে একটা দীঘি আছে, তিন হাজার একরের, এত বড় দীঘি বাংলাদেশে আর আছে কিনা সন্দেহ, সেটা বলা হয়েছিল যে গভর্নমেন্ট হতে কাটার ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে করা হবে, অর্ডার হয়েছিল ১৯৫৮ সালে এবং বলা হয়েছে—

The Commissioner is to look to the matter.

কিন্তু দুঃখের বিষয় ১৯৬৪ সাল হল, আজও পর্যন্ত সে সম্বন্ধে কোন কিছু একটা অর্ডার পর্যন্ত হয় নি এবং একটা ফাইল দেখার পর দেখলাম যে ১৯৫৮-৫৯ সালের যে অর্ডার

The Commissioner will look to the matter and give report.

সেটা কম্প্লায়েন্সের কথা ছেড়ে দিন, আজ পর্যন্ত ১৯৬৪ সালে তার কোন ইনকোয়ারী হয় নি। এই রকম অবস্থা যদি চলতে থাকে তাহলে আমার তো মনে হয় একসেস যে গ্রান্ট দেওয়া হয়েছে সেটা দেখা উচিত নয় বরং কিছু টাকা কেটে নেওয়া উচিত, অবশ্য কেটে কার কাছ থেকে নেব ঠিক নেই, সেদিক দিয়ে মুস্কিল আছে। তাই আমি বলছি এই যে গ্রান্ট চাওয়া হয়েছে এটা বিরোধীতা করা ছাড়া উপায় নেই বলে আমি বিরোধীতা করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই একসেস এক্সপেন্ডিচার এটাকে সরকারী স্বেচ্ছাচারিতার একটা চরম নিদর্শন বলে আমি মনে করি। এ সম্পর্কে আমরা গত বছর সরকারের সমালোচনা করে আসছি, আমরা পরামর্শ দিয়া আসছি কিন্তু আমরা দেখি প্রত্যেক বছর তারা সাপ্লিমেন্টারী বাজেট অথবা একসেস এক্সপেন্ডিচার উপস্থিত করেন এবং ভোটের জোরে পাশ করিয়ে নেন। আমরা এটা সম্পর্কে সরকারকে বারবার সতর্ক করে দিয়েছি যে বাজেট তাহলে করার দরকার কি। মাননীয় অর্থ মন্ত্রিমহাশয় বলবেন যে আমরা বছরের শেষে অনেক বেশী টাকা খরচ করে ফেলেছি ডেভলপমেন্টের জন্য, সেজন্য আমাদের টাকা খরচ হয়ে যায়, কারণ গতবার তিনি একথা বলেছিলেন। আমরা সেজন্য তাঁদের বলেছি যে বছরে দুটো বাজেট করুন—প্রথম ছয় মাসের জন্য করে তারপর সংশোধিত বাজেট আনুন। তাহলে এরকম জনস্বার্থবিরোধী জিনিস প্রতি বছর আনবার দরকার হয় না। জনস্বার্থবিরোধী এজন্য বলছি যদি এ্যাসেম্বলীর মত নিতে হয় তাহলে এরকম জবরদস্তিমূলক এক্সপেন্ডিচার করে, তারপরে আমাদের মত নেবার কোন অর্থ হয় না। আমরা বলি যদি সত্যিকার সদস্যদের মত নিতে হয় তাহলে পূর্বেই তা নিন কিন্তু নাকচ করার পর মত নেবার কোন অর্থ বুঝি না। এজন্য আমরা তাঁদের সতর্ক করেছিলাম—আমরা বলছি বরং একটা বাজেট এ্যাডভাইসরী কমিটি করুন, তাতে ভাল হবে, তারা সারা বছরের জন্য বাজেট তৈরী করুন, আর ছয় মাস পরে একবার রিভাইজ করুন এবং এ্যাডভাইসরী কমিটির মত নিন--তাহলে আর আপনাদের এ্যাসেম্বলীর সামনে উপস্থিত হতে হবে না। তাছাড়া আর একটা দেখতে পাচ্ছি ১৯৫৯-৬০ পর্যন্ত সাপ্লিমেন্টারী বাজেটের উপর খরচ হল ৪ কোটি ৬২ লক্ষ ৭৪ হাজার ২১০—এই যে টাকা খরচ হল, সরকার যদি বিবেকসম্মতভাবে খরচ করতেন তাহলে আমি মনে করি এরকমভাবে তাঁরা খরচ করতে পারতেন না।

[4-10—4-20 p.m.]

আমি ছেলেবেলায় একটা চাণক্যের শ্লোক মুখস্থ করতাম। সেই চাণক্যের শ্লোকে আছে—"আত্মবৎ সর্বভূতেষু, পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ", কিন্তু এখানে কংগ্রেসী শাসনে একটা নূতন জিনিস শিখলাম। সেটা হচ্ছে এই সরকারী অর্থের লোষ্ট্রবৎ। অর্থাৎ সরকারী টাকা তারা মাটির মত ব্যবহার করেন। এখন আমি এ'দের বলতে পারি যে যাঁরা একেবারে পরমহংসদেব হয়ে উঠেছেন। যেমন পরমহংসদেব বলতেন 'টাকা মাটি, মাটি টাকা'। এখন আমাদের এই সরকারী মন্ত্রীরা এবং বিশেষ করে কংগ্রেসী মন্ত্রীরা মনে করছেন এই টাকাকে—'টাকা মাটি, মাটি টাকা'। অর্থাৎ টাকা আর মাটি সমান জিনিস। সাধারণের যে অর্থ, তার যে কিছু মূল্য আছে, তা তারা অনুভব করেন না। লোকে যে এত কষ্ট করে পয়সা দেয়, সেটা উপযুক্তভাবে ব্যয়িত হোক, সেটা যদি ও'রা চাইতেন, এবং সেইভাবে বিচার করতেন, তাহলে তাঁরা জনসাধারণের এই টাকা নিয়ে যা ইচ্ছে তাই করতেন না। এইরকমভাবে তারা কোটি কোটি টাকা খরচ করে ফেলতেন না। তারা এর মধ্যে যে এক্সপ্লানেশান দিয়েছেন যে ডেভেলপমেন্ট স্কীম এর জন্য এত টাকা খরচ করেছেন, তা কমাতেন না। আমি এখানে সব বিষয়ে যাবো না। দু-একটা বিষয় নিয়ে আলোচনা করতে চাই। শিক্ষা সম্বন্ধে অনেকে বললেন যে শিক্ষা খাতে তাঁরা ২,৫৫,৪১,০৭৯ টাকা তাঁরা খরচ করেছেন, এবং এর একমাত্র কারণ তাঁরা দেখিয়েছেন যে ডেভেলপমেন্ট স্কীমে তারা এই টাকা খরচ করেছেন। কিন্তু আমরা জানি এবং সরকারী হিসাব চেক দেখতে পাই যে প্রায় ৩২ হাজার প্রাথমিক বিদ্যালয় সারা পশ্চিমবাংলায় আছে। আমি জোর করে বলতে পারি যে এই ৩২ হাজার প্রাইমারী স্কুলের মধ্যে অধিকাংশ জায়গায় ট্রেন্ড টিচার্স পাওয়া যায় না। তাঁরা বলছেন যে বেসিক স্কুলের ব্যবস্থা

করেছেন। কিন্তু বেসিক গ্রেড টিচার্স অধিকাংশ স্কুলেই নেই। এবং এক একটা স্কুল থেকে মাত্র চার জন, পাঁচ জন করে ট্রেনিংএর জন্য শিক্ষকদের পাঠান হয়। অর্থাৎ ব্যাপকভাবে ট্রেনিং করার ব্যবস্থা নেই। তা ছাড়া আমি তাঁদের কাছে বলতে চাই নিরক্ষরতা দূর করার জন্য, কি ডেভেলপমেন্ট তাঁরা করলেন। আজ ১৭ বছর দেশ শাসনের পরে আমরা দেখছি এখানে শতকরা ৭০ জন লোক নিরক্ষর। এর চেয়ে আর কলঙ্কের বিষয় কি হতে পারে। তাঁদের ১৭ বছর ধরে দেশ শাসন করার পর, বাংলাদেশের ৭০ জন লোক এখনও নিরক্ষর। এইভাবে যদি তাঁরা ডেভেলপমেন্ট করতে চান, তা করুন। কিন্তু, আমরা মনে করি যে যদি সত্যিকার শিক্ষার ক্ষেত্রে ডেভেলপমেন্ট করতে হয়, তাহলে সম্পূর্ণরূপে নিরক্ষরতা দূর করতে হবে। যখন আমাদের দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে বলছেন, সেখানে নিরক্ষরতা দূর করতে না পারলে, কি করে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে, তা আমি চিন্তা করতে পারি না।

তারপর প্রাথমিক বিদ্যালয়ের কথা আরও ধরা যাক। সেখানে গরীব ছাত্ররা বই কিনে পড়াশুনো করতে পারে না। এই সকল গরীব ছাত্রদের বইএর কোন ব্যবস্থা সরকার করতে পারেন নি। গরীব ছাত্ররা জামা, কাপড়ের অভাবে স্কুলে আসতে পারে না, সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। স্কুলে ছাত্রদের জন্য মধ্যাহ্নের সময় যদি সামান্য একটা টিফিনের ব্যবস্থা তাঁরা করতে পারতেন, তাহলে জানতাম বাংলাদেশে শিক্ষার ক্ষেত্রে একটা ডেভেলপমেণ্ট-এর কিছু কাজ তারা করলেন। কিন্তু তা তাঁরা করতে পারেন নি। অথচ আজ আমরা এখানে দেখছি যে সরকার অতিরিক্ত আধ কোটি টাকা ব্যয় করে ফেলেছেন। তারপর সাধারণ খাতে দেখা যাক। সেখানে তারা ১৪ লক্ষ ১০ হাজার ৩৭ টাকা, ডেভেলপমেণ্ট-এর জন্য খরচ করেছেন। এই যে এ্যাডমিনিস্ট্রেশান এর কি অপদার্থতা এবং কি রকম দুর্নীতি পরায়ন অফিসাররা এর মধ্যে রয়েছে, তা আর বেশী বলবার দরকার নেই, সকলেই জানেন। আজ সমস্ত দেশের মধ্যে একটা হতাশা সৃষ্টি হয়েছে। খাদ্যে ভেজাল, ওষুধে ভেজাল, চোরাকারবারীদের রাজত্ব, এসব কথা আর লিখে কি বলবো, সকলেই প্রত্যক্ষ করছেন। এই এ্যাডমিনিস্ট্রেশনএর ত্রুটি, বিচ্যুতি এবং অপদার্থতার জন্য, আজ বাংলাদেশে দুর্ভিক্ষের হাহাকার চারিদিকে ছড়িয়ে পড়েছে। আজ কমপেনসেসানএর দিকে যদি দেখি, তাহলে দেখা যায় যে তাঁরা অনেককে কমপেনসেসানএর নোটিশ জন্য রোল তৈরী করতে চলে গেছে পাঁচ, সাত বছর। কাজেই এই এ্যাডমিনিস্ট্রেশানএর জন্য আমাদের আরও অতিরিক্ত টাকা ব্যয় করতে কেন হবে! তারপর ধরুন বিচার বিভাগের কথা। এই খাতে প্রায় ৪ কোটি ৮২ লক্ষ ৫৫৪ টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে। কিন্তু কোর্টে এক একটা মামলার ব্যয় হতে বহু সময় লেগে যাচ্ছে। আপনি মফঃস্বলের কোর্টে যান, বা জেলা কোর্টে যান, অথবা হাইকোর্টে আসুন, এক একটা কেস চার বছর, পাঁচ বছর, ছয় বছর ধরে পড়ে আছে। অর্থাৎ আমি কোর্টে বিচারের জন্য গেলাম, সেই বিচার পেতে যদি সাত বছর আমার দেরী হয়, তাহলে সে বিচারের মূল্য কি আছে? সব জায়গাগুলিতেই বিচারকের অভাব। সব জায়গায় শুনি যে বিচারকের অভাব, জজের অভাব। এমন কি হাইকোর্টে ৭।৮ বৎসর পর্যন্ত এক একটা কেস পড়ে থাকে। সেখানে যদি জাজ না বাড়াতে পারা যায়—তাছাড়া আদালতে যে দুর্নীতি আছে তার কথা আমি বাদই দিলাম - বিচারক যদি না বাড়ান যায় তাহলে কিভাবে বিচার করা হবে। জেলখানার সম্বন্ধে টাকা চেয়েছেন, সেখানে আমরা বলেছি যে মানুষকে যদি সমাজে ফিরিয়ে আনতে চান তাহলে সেখানে শিক্ষার ব্যবস্থা করুন, তাদের মজুরীর ব্যবস্থা করুন। তাদের যেন জেল থেকে বেরিয়ে এসে পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে সেই দিকে লক্ষ্য রেখে জেলকে সংশোধন করুন। আমি জানি যারা বড় বড় চোর তারা থাকে বাইরে আর যারা লাট কমডো চুরি করে তারা যায় জেলে এবং তারা ডাকাত হয়ে বেরিয়ে আসে। কাজেই তাদের শিক্ষার যদি ব্যবস্থা করা না হয়, তাদের অবস্থার যতক্ষণ পরিবর্তন না হয়, ততক্ষণ হবে না। কাজেই আমরা যতই টাকা খরচ করি না কেন তা কাজে লাগবে না। সেইজন্য এই যে একসেস এক্সপেনডিচার আছে তার তীব্র প্রতিবাদ করছি এবং আমি মনে করছি এবং যে সাজেশন দিচ্ছি যে বাজেটটাকে নীতিগতভাবে তার নীতি পরিবর্তন করুন, এ্যাডভাইসরী কমিটি গঠন করুন। চলে যাবার বাজেট এখন পরের সালের বাজেট পাশ করুন এবং বছরের মাঝখানে যদি সংশোধিত

বাজেট আনেন তাহলে আমাদের সমালোচনার সম্মুখীন হতে হবে না এই আমাদের ধারণা। তাই আমি এই যে একসেস এক্সপেনডিচার তার তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালের উত্থাপন করাতে আজকে এই যে প্রায় সাড়ে তিন ঘণ্টাব্যাপী বিতর্কের সৃষ্টি হয়েছে সেটা আমি অতি মনযোগ সহকারে শুনেছি। কিন্তু দুঃখের বিষয় আমাদের মাননীয় সদস্যগণ এই যে আমাদের কনষ্টিটিউশনে আর্থিক ব্যবস্থার পুঙ্খানুপুঙ্খ নীতি লিপিবদ্ধ রয়েছে সেই সম্বন্ধে তাঁরা সম্পূর্ণ উদাসীন। দুঃখের সঙ্গে বলতে হয় আজকে এই যিনিসটা, যেটা হচ্ছে একেবারে ফর্মাল স্যাংশন তার উত্তরে ও'রা বললেন কেউ, যে এখানে এ জিনিষটা মুখ বুজে সহ্য করা যায় না এটা তুচ্ছতাচ্ছিল্য করে খেলাধুলার ছলে এই দুই বৎসরের পাঁচ কোটি টাকার মঞ্জুরী চাচ্ছি। দেরীতে কমপ্লেন করলেন সুধীর দাস মহাশয়, মাননীয় বিজয় ব্যানার্জী মহাশয় বললেন মুখ বুজে পাশ করিয়ে দিতে হয় তা আমরা করবো না, আমাদের বুঝিয়ে দিতে হবে। বুঝিয়ে নিশ্চয়ই দিতে হবে। সনত রাহা মহাশয় বললেন কত অপচয়, কত অপব্যবহার তা না জেনে অন্ধের মত সমর্থন করা যায় না, শ্রীশম্ভু চরণ ঘোষ মহাশয়, তিনি দীর্ঘ আলোচনা করলেন যে বিষয়ে সেটা আমাদের এই একসেস এক্সপেনডিচারের মধ্যেই দেখেতে পেলাম না। শ্রীবলাই লাল দাস মহাপাত্র মহাশয় সরকারের স্বেচ্ছাচারিতার কথা উল্লেখ করেছেন। দুঃখের কথা, আজকে অতি দুঃখের সঙ্গে বলতে হয় যে আজ সরকারকে যেমন দোষ দেওয়া হচ্ছে যে আমরা এ বিষয় সতর্ক নই, আমরা সতর্কতার সঙ্গে করছি না কিন্তু আমি আজকে এটা দেখাবো যে বিধান সভার বিরোধী দলের কর্তব্য সম্বন্ধে কতটা বন্ধুগণ উদাসীন। এই যে একসেস এক্সপেনডিচার এসেছে এর যা পুরানো কাগজগুলি যার মধ্যে দিয়ে এসেছে আজ অবধি সে সম্বন্ধে কতবার এই হাউসে পুস্তিকাকারে বিতরণ করা হয়েছে যার উপর ভিত্তি করে আজকে এটা আনা হয়েছে। আমি দেখছি ১৭ই ডিসেম্বর ১৯৬২ সালে এই দীর্ঘ পুস্তিকা, অডিটার জেনারেলস রিপোর্ট পেশ করা হয়েছে।

[4-20—4-30 p.m.]

সেদিন পাবলিক এ্যাকাউন্টস কমিটি চার দিন ধরে পুঙ্খানুপুঙ্খরূপে অডিটর-জেনারেল-এর রিপোর্ট বিবেচনা করে পাঠিয়েছেন হাউসের কাছে

The Committee recommends that the excesses both under voted grant and charged appropriation for the year may be regularised. Public Accounts Committee

মধ্যে মাননীয় সদস্য গণেশ ঘোষ, মাননীয় রাহা মহাশয়ও আছেন। পাবলিক এ্যাকাউন্টস কমিটি এই হাউসেই কমিটি, তাঁদেরই উপর দেওয়া হয়েছে সরকারের অপব্যয়, অনাচার, স্বেচ্ছা-চারিতা ইত্যাদি পরীক্ষা করে দেখবার ভার। তাঁরা সেখানে চার দিন অডিটর জেনারেলএর অবজেকশন, ডিপার্টমেণ্টাল রিপোর্ট বিবেচনা করে লিপিবদ্ধ করেছেন এবং আমরা তাঁদেরই রিকমেন্ডেসন অনুসারে রেগুলারাইজ করার জন্য পেশ করছি। কেন? কনস্টিটিউসনএ আছে একটা পয়সাও সরকারের খরচ করার অধিকার নাই। যতক্ষণ না—

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে এক্সপ্লেনেটরী মেমোরান্ডামএ ২।৪টা লাইন লিখতে আপত্তি কি আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনারা যদি ইন্টারাপ্ট করেন তাহলে বলা হয় না। এগুলি তো আপনারা ওয়েস্ট পেপার বাসকেটএ ফেলে দিলেন পাবলিক এ্যাকাউন্টস কমিটি রিপোর্ট।

Dr. Kanai Lal Bhattacharya:

পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট আলোচনা হয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনার মতে হলেই তো হবে না। আমরা ভারতীয় সংবিধান অনুসারেই চলেছি—আপনি পড়েন নি।

Dr. Kanai Lal Bhattacharya:

সংসদীয় রীতিতে কোন জায়গায় বলা হয় নি এক্সপ্লেনেটরী মেমোরান্ডাম লিখে দিয়ে কোন খবর করতে পারবেন না।

The Hon'ble Saila Kumar Mukherjee:

সরকারী বিশেষজ্ঞগণের নির্দেশানুসারেই হয়। আপনি বলছেন এটা দেওয়া উচিত ছিল সেটা জানুয়ারী মাসে প্লেস করা হয়েছে। দুবার করে কেন দেবে? দুঃখের সঙ্গে বলছি ৫ বৎসর আমি এই সভায় অধ্যক্ষতা করেছি। মাননীয় বঙ্কিমবাবু কম্যুনিস্ট পার্টি থেকে দেখেছি, আগ্রহ প্রকাশ করতেন পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট এর আলোচনার জন্য, তিনি তার জন্য সময় চাইতেন। তার জন্য পর পর কয়টা দিন ধার্য করাও হয়েছে। পাবলিক এ্যাকাউন্টস কমিটি যেটা এই হাউসের কমিটি, তাতেও বিরোধী দলের সংখ্যা বেশী। বিরোধী দলেরও কর্তব্য যেটা আলোচনার জন্য চাওয়া। আপনারা যদি না চান সেটা কি আমাদের দোষ? মাননীয় সদস্য গণেশ বাবুকে আমি একটা কথা বলতে চাই দুই বৎসরে পাঁচ কোটি টাকা একসেস এক্সপেন্ডিচার চাওয়া হয়েছে তিনি শুধু এইটেই দেখলেন, তিনি দেখলেন না কত টাকা সেভিংস হয়েছে। সেভিংসগুলি তো আপনাদের সামনে আসে না, তার জন্য আপনাদের কাছে আসতে হয় না, যা কিছু অতিরিক্ত ও বেশি খরচ হয়েছে তার প্রত্যেকটা গ্রান্টএর জন্য হাউসের কাছে আসতে হয়। সুতরাং ৪০০ কোটি টাকা দুই বৎসরে খরচ করা হয়েছে যেখানে সেখানে ৫ কোটি টাকা একসেস এক্সপেন্ডিচার যেটা অডিটর জেনারেল পরীক্ষা করেছেন, পাবলিক এ্যাকাউন্টস কমিটি পরীক্ষা করেছেন, যেটা পাবলিক এ্যাকাউন্টস কমিটির অনুমোদনক্রমে হাউসএর কাছে এসেছে তার উপর অতিরিক্ত আর কিছু বলবার নেই। অন্য দিকে দেখুন,

Public Accounts Committee is a Committee not appointed by Government; it is a committee, appointed by the Speaker, consisting of the majority members of the Opposition.

তাঁরা চার দিন বসেছেন। অডিটর-জেনারেল চার দিন তাঁদের সঙ্গে বসেছেন, তাঁরা বিবেচনা করে রেকমেন্ড করেছেন। সুতরাং এখানে আসাটা শুধু ফর্মাল ব্যাপার। মাননীয় গণেশবাবু অনেক ব্যঙ্গ করলেন আমাকে "শৈলবাবু কি জবাব দেবেন", তিনি কি জবাব দিতে পারেন এভাবে বার বার উক্তি করে। তিনি ডাঃ রায়ের নামও টেনে আনেন। গণেশবাবু এখানে নাই–

Mr. Speaker: He is attending a Committee Meeting.

The Hon'ble Saila Kumar Mukherjee: I am sorry, Sir.

এখানে বাংলাদেশে অলটারনেটিভ গভর্নমেন্টএর কথাও তোলা হয়েছিল। বিধান সভার রুদ্ধকক্ষে এইসব কথা বলা সোজা, এই বিষয়ে আমাদের জবাব দেবার কিছু নাই, বাংলাদেশের জনসাধারণই এর জবাব দিয়েছেন পর পর কয়েক বার।

[4-30—4-39 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

শৈলবাবু জানেন না যে পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট গত বছরের আগের বছর যেটা পেশ করা হয়েছিল হাউসের সামনে তার কমপ্লিট পেপার্স গভর্নমেন্টএর তরফ থেকে পেশ করা হয় নি বলেই আলোচনা হয় নি। এই বছর যেটা পেশ করা হয়েছে সেটার আলোচনা আমাদের মধ্যে কথা হয়েছে, হবে না। একসেস এক্সপেন্ডিচারএর আলোচনা হবে কিনা তা বিজনেস এ্যাডভাইসরি কমিটি যেটা এই হাউসেরই কমিটি, ও'রা টাইম এ্যালোট করে ঠিক করে দিয়েছেন এখানে আলোচনা হবে।

The motion of the Hon'ble ISWARDAS JALAN that a sum of Rs. 38,762 be granted to make good an excess on the Grant No. 6, Major Head: "11—Registration" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble PRAFULLA CHADRA SEN that a sum of Rs 10,99,704 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: "25—General Administration" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble ISWARDAS JALAN that a sum of Rs. 2,34,079 be granted to make good an excess on the Grant No. 15, Major Head: "27—Administration of Justice" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble JAGANNATH KOLAY that a sum of Rs. 11,343 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: "28—Jails" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble SAILA KUMAR MUKHERJEE that a sum of Rs. 1,17,493 be granted to make good an excess on the Grant No. 18, Major Head: "30—Ports and Pilotage" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble RABINDRALAL SINHA that a sum of Rs. 1,59,36,900 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: "37—Education" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble ARDHENDU SHEKHAR NASKAR that a sum of Rs. 7,384 be granted to make an excess on the Grant No. 29, Major Head: "43—Industries—Cinchona" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble PRAFULLA CHANDRA SEN that a sum of Rs. 49,88,434 be granted to make good an excess on the Grant No. 39, Major Head: "57 Miscellaneous—Expenditure on displaced persons" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble PRAFULLA CHANDRA SEN that a sum of Rs. 1,09,38,100 be granted to make good an excess on the Grant No. 46, Major Head: "85—Capital Outlay on Schemes of Government Trading" for the year 1959-60, was then put and agreed to.

The motion of the Hon'ble ISWARDAS JALAN that a sum of Rs. 2,282 be granted to make good an excess on the Grant No. 6, Major Head: "11—Registration" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble PRAFULLA CHANDRA SEN that a sum of Rs. 3,10,333 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: "25—General Administration" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble ISWARDAS JALAN that a sum of Rs. 2,48,475 be granted to make good an excess on the Grant No. 15, Major Head: "27—Administration of Justice" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble SAILA KUMAR MUKHERJEE that a sum of Rs. 18,361 be granted to make good an excess on the Grant No. 18, Major Head: "30—Ports and Pilotage" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble RABINDRA LAL SINHA that a sum of Rs. 96,04,859 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: "37—Education" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble PURABI MUKHOPADHYAY that a sum of Rs. 12,09,209 be granted to make good an excess on the Grant No. 21, Major Head: "38—Medical" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble S. M. FAZLUR RAHMAN that a sum of Rs. 5,146 be granted to make good an excess on the Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments—Fire Services" for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble PRAFULLA CHANDRA SEN that a sum of Rs. 9,80,406 be granted to make good an excess on the Grant No. 33, Major Head: "47—Miscellaneous Departments—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc." for the year 1960-61, was then put and agreed to.

The motion of the Hon'ble SAILA KUMAR MUKHERJEE that a sum of Rs. 4,27,207 be granted to make an excess on the Grant No. 37, Major Head: "55—Superannuation Allowances and Pensions" for the year 1960-61, was then put and agreed to.

Mr. Speaker: Honourable members, the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill 1964 will come up to-morrow. Notice of amendments, if any, may be given by 12 noon tomorrow.) After the Appropriation Bill is disposed of, the Calcutta Municipal (Amendment) Bill, 1964 will be taken up followed by the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee, as per the revised programme of business already circulated to the honourable members.

Adjournment

The House was then adjourned at 4-39 p.m. till 1 p.m. on Thursday, the 3rd September, 1964, in the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 3rd September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 10 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 164 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Unemployment dole

***294.** (Admitted question No. *945.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের বেকার যুবকগণকে বেকার ভাতা দিবার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
নাই।

Shri Sudhir Chandra Das:
বেকারদের যে সংকটজনক অবস্থা হয়েছে বেকার জীবনে অনেকে আত্মহত্যা করেছে এটা মন্ত্রিমহাশয় জানেন কিনা এবং ভাতা দেওয়ার কোন পরিকল্পনা নেওয়া হবে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
বর্তমানে কোন পরিকল্পনা নাই।

Shri Narayan Choubey:
বর্তমানে পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড বেকার সংখ্যা কত?

The Hon'ble Bijoy Singh Nahar:
নোটিশ দিলে বলতে পারব।

Shri Kashi Kanta Maitra:
মাননীয় মন্ত্রিমহাশয় সরাসরি বলে দিলেন যে, বর্তমানে পরিকল্পনা নেই। এটা তিনি জানেন কিনা এই যে আন-এমপ্লয়মেন্ট ইন্সিওরেন্সের পৃথিবীর অন্যান্য দেশ থেকে আমাদের দেশে যে আইডিয়া এসেছে সেইসমস্ত দেশে যারা বেকার তারা রেজিস্টার্ড হওয়ার সময় তাদের নাম দিয়ে আসবার পর তাদের ভাতা দেওয়া হয় এইজন্য যে তার একটা প্রধান কারণ হচ্ছে অ্যালাওয়েন্স যদি গভর্নমেন্ট তাদের দেন তাহলে আন-এমপ্লয়মেন্ট রেজিস্টারে যে রেজিস্টার্ড আন-এমপ্লয়মেন্ট থাকে সেই ফিগারটা অ্যাকিউরেট হয়। এটা কি আপনার জানা আছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
কতকগুলি দেশে আছে।

Shri Kashi Kanta Maitra:

তাহলে আমাদের দেশে যে নথিভুক্ত বেকারের সংখ্যা আপনি প্রতি বছর একবার দেন—গত বছর দিয়েছিলেন ৪ লক্ষের কিছু বেশী, সেই যে বেকার যারা রয়েছে তাদের জন্য আন-এমপ্লয়মেন্ট ডোল বা আন-এমপ্লয়মেন্ট ইন্সিওরেন্স কিছু না থাকার ফলে অনেকে সেখানে নাম লেখান না। যদি তাদের ভাতা দেওয়ার ব্যবস্থা করেন তাহলে রেজিস্টারের মধ্যে কারেক্ট ফিগার পাওয়া যায় এবং তাহলে বলতে পারেন যে আমাদের দেশে নথিভুক্ত বেকারের সংখ্যা এত।

The Hon'ble Bijoy Singh Nahar:

বর্তমানে কোন পরিকল্পনা নেই।

Shri Kashi Kanta Maitra:

এই যে তথ্য আছে সেটা স্বীকার করেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আপনি যা প্রশ্ন করছেন এইরকম করার এখন কোন পরিকল্পনা আমাদের নেই।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বেকারদের ভাতা দেওয়া অথবা কাজ দেওয়ার জন্য সরকারের কোন দায়িত্ব আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

সরকার সব সময় চেষ্টা করেন তাদের কাজ যুগিয়ে দেবার জন্য। সরকারের হাতে এত কাজ নেই যে সব বেকার একটা কাজ পেয়ে যাবে। তা হয় না। এটা ঠিক যে যেসব নতুন নতুন পরিকল্পনা হচ্ছে সেই পরিকল্পনার ভেতর দিয়ে যাতে সকলে কাজ পায় তারই চেষ্টা সমস্ত পরিকল্পনার মধ্য দিয়ে চলছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন বর্তমানে নথিভুক্ত হওয়ার পর কতদিন বেকার যুবক যুবতীকে বেকার অবস্থায় থাকতে হয়?

The Hon'ble Bijoy Singh Nahar:

যতদিন না তাদের উপযুক্ত কাজ খালি হয়।

Shri Kashi Kanta Maitra:

তাহলে এরকম একটা অ্যাসিওরেন্স দিতে পারেন কিনা যে একজন যুবক বা যুবতী নথিভুক্ত বেকার হিসাবে সে ৬ মাস থাকতে পারে ৬ মাস পরে তাকে যদি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চাকরি না দিতে পারে তাহলে সরকার থেকে তাকে ভাতা দেওয়া হবে?

The Hon'ble Bijoy Singh Nahar:

বর্তমানে সেরকম কোন পরিকল্পনা নেই।

Shri Sanat Kumar Raha:

বাংলাদেশে সত্যই যারা বেকার যুবক এবং যুবতী তাদের এগজাক্টলি সংখ্যার সম্পূর্ণ তালিকা গঠন করার কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় বার বার বললেন যে, বর্তমানে এইরকম কোন পরিকল্পনা নেই অর্থাৎ ভাতা বা কাজ দেওয়ার পরিকল্পনা নেই। আমার জিজ্ঞাসা এই সঙ্কটজনক অবস্থার কথা বিবেচনা করে তাদের সম্পর্কে আপনি বিবেচনা করবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এখন সমস্ত বেকারকে ভাতা দেওয়ার কথা বিবেচনা করছি না।

Shri Narayan Choubey:

আপনি বলেছেন বেকারের এগজস্‌টিভ লিস্ট তৈরি করার প্ল্যান নেই। আপনি এগজসটিভ লিস্ট তৈরি করতে চান না।

Mr. Speaker: This is an expression of opinion.

Shri Anadi Das:

সরকার বলেছেন আমরা চেষ্টা করছি কিন্তু চেষ্টা করে পারছি না। তাতে করে right of service in the Constitution সেটা দিতে পারছে না বলে গভর্নমেন্ট ফেলিওর হচ্ছে সেটা কি মন্ত্রিমহাশয় মনে করছেন না?

[No reply.]

Lock-out at Dhakeswari Cotton Mills in Burdwan district

***295.** (Admitted question No. *956.)

শ্রীবিজয় পাল: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দীর্ঘদিন যাবৎ ঢাকেশ্বরী কটন মিল (হীরাপুর থানা, বর্ধমান) লক আউটের ফলে দেড় হাজার শ্রমিক অবর্ণনীয় দুঃখ-কষ্ট ভোগ করছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(১) মিল কর্তৃপক্ষ যাহাতে অবিলম্বে লক আউট তুলিয়া লয় তাহার জন্য শ্রম দপ্তর কিছু করিয়াছেন কিনা;

(২) যদি শ্রম দপ্তর এ ব্যাপারে হস্তক্ষেপ করিয়া থাকেন তাহার ফলাফল কি হইয়াছে; এবং

(গ) ইহা কি সত্য যে, ঐ মিলের অংশীদাররা মিলটিকে লিকুইডিসন-এ দেবার জন্য হাইকোর্টে আবেদন করিয়াছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) হ্যাঁ, গত ১৭-১০-৬৩ তারিখ হইতে এই কটন মিলে লকআউট চলিতেছে।

(খ) (১) ও (২) বিরোধটির মীমাংসার জন্য যথাসাধ্য চেষ্টা করা হইয়াছিল, কিন্তু কোন মীমাংসা সম্ভবপর না হওয়ায় লক আউটের যৌক্তিকতার প্রশ্নটি বিচারের জন্য শিল্পন্যায়পীঠে পাঠান হইয়াছে এবং বিষয়টি এখনও বিচারাধীন।

(গ) হ্যাঁ।

Shri Bijoy Pal:

কতদিন যাবত আর এভাবে ঢাকেশ্বরীর শ্রমিকরা লক আউটের মধ্যে বাস করবে এবং অনাহারে-অর্ধাহারে দিন কাটাবে?

The Hon'ble Bijoy Singh Nahar:

যতদিন মালিক কাজ চালু না করেন ততদিন সেখানে নূতনভাবে কাজ দেওয়ার কোন সম্ভাবনা দেখছি না।

Shri Bijoy Pal:

মন্ত্রিমহাশয় কি জানেন যে মিলের একটা শ্রমিক কয়েকদিন আগে অনাহারে-অর্ধাহারে মারা গেছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমাদের কাছে কোন খবর আসে নি।

Shri Monoranjan Roy:

মন্ত্রিমহাশয় বললেন যে, যতদিন পর্যন্ত কারখানা চালু না করবে ততদিন পর্যন্ত এটা বন্ধ থাকবে, তিনি বলেছেন এটা অ্যাডজুডিকেশনে দেয়া হয়েছে। সেকশন ১০(৩)-তে লকআউট ইল্লিগ্যাল করাটা কি তিনি যুক্তিযুক্ত মনে করেন, কি করেন না, না করলে কেন করেন না?

The Hon'ble Bijoy Singh Nahar:

এখানে লক আউট ইল্লিগ্যাল, লিগ্যালের প্রশ্ন আসে না, আমরা ১০(৩)-তে করতে পারি, কিন্তু কারখানা চলবে না, তার কারণ হচ্ছে (গ)-তে দেখতে পাচ্ছেন তারা হাইকোর্টে কেস করেছেন ফর লিকুইডিশন, মালিকরা বহু টাকা দিতে পারেন নি, কেবল শ্রমিকদের নয় আরো বহু রকমের টাকা পাওনা আছে, তারা দিতে পারছেন না। ১০(৩) করলেও কারখানা চালু করা সম্ভবপর হবে না বলে আমরা করছি না।

Shri Monoranjan Roy:

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট রেগুলেশন অ্যাক্ট বলে একটা আইন আছে, মন্ত্রিমহাশয় সেই আইনানুযায়ী কারখানাটা নিয়ে সেটা চালু করার কথা চিন্তা করছেন কিনা, না করলে কেন করেন নি? অতীতের ইতিহাস আছে এ ব্যাপারে ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি এটুকু বলতে পারি এই কারখানা সরকারের নেয়া উচিত কিনা, কারণ সেখানে যে মেশিনগুলি আছে সেগুলি এত পুরানো যে সেই মেশিন দিয়ে কোন কারখানা চালিয়ে লাভ করা যাবে না। তাই আমরা সেটা নেবার জন্য আগ্রহান্বিত নই।

Shri Monoranjan Roy:

শ্রমিকদের যে টাকা পাওনা আছে সেই টাকা আদায় কি করে হবে কারখানা বন্ধ থাকলে, আপনারা নেবেন না, ডি আই অ্যাক্ট করবেন না ইল্লিগ্যাল ডিক্লেয়ার করতে চান না, তাহলে শ্রমিকদের পাওনা আদায় করার জন্য সরকার কি চেষ্টা করছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটার জন্য [illegible] দেয়া হয়েছে, সেখানকার রায় বেরুলে সংগে সংগে যাতে তাদের টাকা আদায় হতে পারে তার জন্য চেষ্টা করা হচ্ছে, আর হাইকোর্টে যে লিকুইডিসনের জন্য আছে, যদি লিকুইডেটর অ্যাপয়েন্টেড হয় তাহলে তাদের ক্লেম তারা পাবে।

Shri Bijoy Pal:

যাদের বেতন বাকি আছে অন্তত দুই-আড়াই-তিন মাসের সেই বেতন চুকিয়ে দেবার কি ব্যবস্থা একটা করতে পারেন না?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটা সম্বন্ধে চেষ্টা করছি—গত ১৯৬৩ সালের অগাস্ট মাস পর্যন্ত তারা মাইনে দিয়েছে অনেক লড়াই করে। এখন চেষ্টা করছি যা বাকী আছে তা যদি না দেন তাহলে আইনের মাধ্যমে যা করতে পারি তাই করতে হবে, কিন্তু এটুকু বলে দিচ্ছি যে তাদের যা অবস্থা এবং তারা যেভাবে চলছেন তাতে এমনি যে তারা দেবেন এটা আমি মনে করি না।

Shri Bijoy Pal:

যেসমস্ত শ্রমিক অর্ধাশন-অনশনে দিন কাটাচ্ছে তাদের সরকার থেকে কোন রিলিফ দিতে পারেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

যখন শ্রমিকদের প্রতিনিধি আমার কাছে এসেছিলেন তখন তাদের আমি স্পষ্টভাবে বলেছিলাম যে এই কারখানা চলবে না, তারা অন্য চেষ্টা করুন।

[1-10—1-20 p.m.]

Shri Bijoy Pal:

যেসমস্ত শ্রমিক অর্ধাশন ও অনশনে রয়েছেন তারা সরকার থেকে রিলিফ পেতে পারে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

শ্রমিকদের প্রতিনিধি যাঁরা এসেছিলেন তাঁদের অত্যন্ত স্পষ্ট ভাষায় বলা হয়েছিল এই কারখানা চলবে না, আপনারা অন্যত্র চেষ্টা করুন।

Shri Gopikaranjan Mitra:

এই অঞ্চলে কো-অপারেটিভ সেক্টর-এ সূতাকল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারব।

Shri Monoranjan Roy: Workmen's compensation Act and Defence of India Act apply করে টাকা আদায় করতে পারতেন। সরকারের পক্ষে এটা সম্মানজনক নয় যে, যে শ্রমিকেরা এতদিন কাজ করেছে তাদের বেতনের টাকা সরকার আদায় করে দেবেন না।

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি আগেই বলেছি অনেক চেষ্টা করে অগাস্ট মাস পর্যন্ত মাইনে আদায় করে দেওয়া হয়েছে। এখনও সেপ্টেম্বর-এর কিছুদিন বাকি আছে চেষ্টা করা হচ্ছে সেটাও যাতে পাওয়া যায়। তাঁদের ব্যাংক-এ টাকা নাই। মালপত্র যা আছে তা সবশুদ্ধ লিকুইডেশন-এ গিয়েছে।

Shri Monoranjan Roy:

তরুণবাবুর ডিপার্টমেণ্ট থেকে মহালক্ষ্মী কারখানার ব্যাপার বলা হয়েছিল এই কারখানা নিয়ে সরকার চালু করতে পারবেন না, কারণ মেসিনপত্র পুরানো। কিন্তু একজন প্রাইভেট লোক তাই নিয়ে কাজ চালাচ্ছেন, সামান্যকিছু পরিবর্তন করতে হয়েছে। সুতরাং সরকারের এই যে ধারনা পুরানো মেসিন নিয়ে চালাতে পারবেন না, এই ধারনা কোথা থেকে হল?

The Hon'ble Bijoy Singh Nahar:

কোথা থেকে হল বলতে পারি না, এটুকু বলতে পারি তাঁরা ১৮৭৯-এর পুরানো মেসিন কিনে কারখানা চালু করেছিলেন। সুতরাং এই কারখানা সরকার নিতে চান না। অন্য কেউ যদি নিতে চান আমি মালিককে বলতে পারি বিক্রী করার জন্য।

Shri Anadi Das:

আপনি বললেন এই কারখানার মেসিন পুরানো, টাকা-পয়সাও নাই। কিন্তু অডিটেড ব্যালান্স-সিট-এ রিহ্যাবিলিটেশন অন্‌-চার্জ-এ যে টাকা তারা পেয়েছেন বলে দেখান হয়েছে সেই টাকা কিভাবে ব্যয় হল সেটা সরকার অনুসন্ধান করেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারব, তবে আমার যতদূর জানা আছে এই মিল রিহ্যাবিলিটেশন গ্রাণ্ট নেয় নি।

Shri Bhadra Bahadur Hamal:

এই মিলের মেসিন যে পুরানো আপনি নিজে তা দেখেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি কারখানাটা দেখেছি, কিন্তু আমি তো মেসিন এক্সপার্ট নই।

Shri Haridas Chakraborty:

Industrial Housing Scheme এ তাঁরা সরকার থেকে কোন টাকা পেয়েছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারব।

Shri Monoranjan Roy:

ভারতবর্ষে যখন প্রথম সূতাকল মেসিন চালু হয় এবং আজো নতুন মিল যখন খোলা হয়, কয়লার মেসিন ছাড়া নতুন মেসিন দিয়ে চালু করা হয় না এই কথা কি জানেন?

Mr. Speaker:

এই কোশ্চেন অ্যারাইজ করে না।

Shri Narayan Choubey:

আপনি বললেন পুরানো মেসিন চলবে না, গভর্নমেন্ট কি এক্সপার্ট ওপিনিয়ন নিয়েছিলেন এই বিষয়ে?

The Hon'ble Bijoy Singh Nahar:

এক্সপার্ট কমিটির ওপিনিয়ন নিতে হলে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট নেবেন। আমি এই কথা বলতে পারি যে মেসিনারী আছে তার উপর যে রিপোর্ট আমরা পেয়েছি তাতে সরকারকে অনুরোধ করতে পারব না এই মেসিন নিয়েই চালাও।

Shri Narayan Choubey:

এই মেসিন চলতে পারে না এই রিপোর্ট কোথা থেকে পেলেন, কারা দিল এই রিপোর্ট?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমাদের ফ্যাক্টরীর লোক যাঁরা গিয়ে দেখেছেন তাঁরা বলেছেন।

Shri Narayan Choubey:

স্যার, তিনি বলেছেন কোন টেকনিসিয়ান দেখে নি।

Mr. Speaker:

যেটা তিনি জানেন সেটাই তো তিনি বলবেন।

Shops and Establishments Act, 1963

*286. (Admitted question No. *994.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্যে দোকান কর্মচারি আইন, ১৯৬৩, চালু না হইবার কারণ কি; এবং

(খ) কবে হইতে এই আইন চালু হইবে?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) নূতন আইন চালু করিবার নূতন নিয়মাবলী প্রস্তুত করিতে হইয়াছে। প্রত্যেকটি নিয়ম আইনসংগতভাবে হইয়াছে কিনা তাহা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হইয়াছে। নিয়মাবলী প্রকাশ করিয়া সংশ্লিষ্ট সংস্থা কিংবা ব্যক্তির মতামত গ্রহণ করিতে হইয়াছে। লিখিতভাবে যেসব মতামত পাওয়া গিয়াছে তাহা ভালভাবে পরীক্ষা করিয়া খসড়া নিয়মাবলীর কিছু কিছু পরিবর্তন করিতে হইয়াছে। নিয়মাবলী চূড়ান্তভাবে প্রকাশ করিবার পূর্বে পরিবর্তিত নিয়মগুলিকে পুনরায় আইনের দিক দিয়া পরীক্ষা করা হইয়াছে। নিয়মাবলী চূড়ান্ত না করা পর্যন্ত নূতন আইন চালু করা সম্ভব হয় নাই। সম্প্রতি নিয়মাবলী চূড়ান্ত প্রকাশিত হইয়াছে।

(খ) ১৫ই অগাস্ট ১৯৬৪ হইতে এই আইন চালু করা হইতেছে।

এই প্রশ্নটার আগেই উত্তর দেওয়া হয়েছিল, এখন বলতে পারি ১৫ই অগাস্ট থেকে এই আইন চালু হয়ে গিয়েছে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ এই অ্যাক্টে কোন কর্মচারীকে একজেমশন দেবার কোনরকম কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এই অ্যাক্টে যদি থাকে তাহলে আছে, এই অ্যাক্টের বাইরে কোন পরিকল্পনা নেই।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ রুলস-এর মধ্যে, যেমন আমি আপনাকে প্রশ্ন করছি এটা কি সত্য অনেকগুলি কারখানার মালিক, বিশেষ করে সেলস স্টাফ, সেলসম্যান, তাদের এই অ্যাক্টের বাইরে রাখবার জন্য একজেমশনের জন্য দরখাস্ত করেছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এ প্রশ্নের সঙ্গে এটা নেই। আপনি আলাদা প্রশ্ন করলে আমি দেখবো।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ আমি আপনাকে বলছি যারা সপ এস্টাবলিসমেন্টের অ্যাক্টের মধ্যে পড়ে, আপনি কি এইরকম কোন নোটিশ বা এইরকম কোন খবর বা দরখাস্ত পেয়েছেন বিশেষ বিশেষ কারখানা থেকে যারা সেলসম্যান তাদের এই অ্যাক্টের আওতা থেকে বাদ দেওয়া হোক? দরখাস্ত করেছে অ্যাক্টে যে একজেমশনের প্রভিশন আছে তাতে এইরকম কোন সংবাদ আছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এই প্রশ্ন থেকে এটা উঠে না। আপনি অন্য প্রশ্ন দিলে বলতে পারবো।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি একটি তারিখ বলেছেন চালু করার দিন সম্পর্কে। ওয়েস্ট বেঙ্গলে সাইমালটেনিয়াসলি সমস্ত জায়গায় কি এটা চালু করবার ব্যবস্থা করা হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ সমস্ত পশ্চিমবঙ্গে এই আইন চালু করা হয়েছে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এই যে সপ অ্যান্ড এস্টাবলিশমেন্টের অ্যাসিস্ট্যান্ট, যারা চাকরী করে, তাদের আলাদা, সেপারেট ডাইরেক্টরেটের আন্ডারে রাখা হয়েছে, না এই লেবার কমিশনারের আন্ডারে রাখা হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ চিফ ইন্সপেক্টার অফ সপ অ্যান্ড এস্টাবলিসমেন্টস, তাঁকেই এই দায়িত্ব দেওয়া হয়েছে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি সেইজন্য বলছি তাহলে ত ওয়েস্ট বেঙ্গল লেবার কমিশনারের আওতায়ই হচ্ছে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ লেবার কমিশনারকেই চিফ ইন্সপেক্টার অফ সপ অ্যান্ড এস্টাবলিসমেন্ট করা হয়েছে, তিনি আলাদাভাবে এই কাজ করবেন।

[1-20—1-30 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনার নিশ্চয়ই জানা আছে ওয়েস্ট বেঙ্গলে যে সমস্ত ফ্যাক্টরী রয়েছে এবং শ্রম সংক্রান্ত যেসমস্ত শিল্প বিরোধ রয়েছে সেই ব্যাপার নিয়ে এই দপ্তরকে অত্যন্ত ব্যস্ত থাকতে হয়। আমার প্রশ্ন হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সপস অ্যান্ড এস্টাবলিশমেন্টস অ্যাক্ট চালু করার ফলে অন্ততপক্ষে ২০ লক্ষ লোক যেখানে এসে যাবে সেখানে এই ২০ লক্ষ লোককে এনলিসমেন্ট করা এবং অগনিত দোকানের জন্য কিভাবে আইন প্রযুক্ত হবে সেই তালিকা করা সাইমালটেনিয়াসলী এই দুটি কাজ যদি ঐ এস্টাবলিশমেন্টকে করতে দেন তাহলে কোন কাজ করা কি সম্ভব? এইভাবে করলে এই আইনকে অকেজো করবেন কিনা সেই প্র্যাকটিক্যাল জিনিসটি আপনি ভেবে দেখেছেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি ভেবে দেখেছি এবং যে ব্যবস্থা করা যায় সেটা করা যাবে। এ'দের অফিস অন্য জায়গায় করে দেওয়া হয়েছে, এস্টাবলিশমেন্ট বাড়ান হয়েছে এবং একজন ডেপুটি লেবার কমিশনারকে দায়িত্ব দিয়ে বসিয়ে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, এ সম্বন্ধে যেমন যেমন কাজ বাড়বে তেমন তেমন ব্যবস্থা করা হবে।

শ্রীনারায়ণ চৌবে: জেলায় জেলায় কত স্টাফ বেড়েছে? অর্থাৎ আমার প্রশ্ন হচ্ছে ১/২টি যেখানে ইন্সপেক্টার ছিল সেখানে এই আইন চালু করার জন্য স্টাফ বাড়ান হয়েছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এত ডিটেলস বলতে পারব না। শুধু এইটুকু বলতে পারি প্রত্যেক জেলার জন্য লোক নিয়েছি।

শ্রীনেপালচন্দ্র রায়: মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন এই আইন চালু করবার আগে এখানে আপনারা বলেছেন এবং আমরাও বলেছি যে, ইন-সাফিয়াল্সী অফ স্টাফ-এর জন্য আইন হলেও চালু হতে পারবে না। এইদিকে নজর দিয়ে আমরা সাজেসন দিয়েছিলাম এবং এর আগে ডিসকাসন হয়েছিল যে, ডিস্ট্রিক্ট ওয়াইস-এ যদি অনেকগুলো কর্মচারী না থাকে তাহলে এই আইন চালু হতে পারবে না সেদিক থেকে আমার প্রশ্ন হচ্ছে এইদিকে খেয়াল রেখেছেন কিনা এবং কতজন কর্মচারী নিযুক্ত করেছেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: কতজন নিযুক্ত করা হয়েছে সেটা বলতে গেলে নোটিশ চাই। তবে এটুকু বলতে পারি এদিকে নজর রাখা হয়েছে।

Shri A. H Besterwitch: The Hon'ble Minister has just stated that one Deputy Labour Commissioner has been appointed to help the Labour Commissioner. Is it a fact that Mr. Kundu has been appointed the Deputy Labour Commissioner?

The Hon'ble Bijoy Singh Nahar: Yes.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether Mr. Kundu is the Deputy Labour Commissioner-in-charge of other affairs also?

The Hon'ble Bijoy Singh Nahar: I have already stated that.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased enough to state whether Mr. Kundu is solely in charge of the plantation?

The Hon'ble Bijoy Singh Nahar: Yes. There is no harm if a man works much more than that.

Shri A. H. Besterwtch: Will the Hon'ble Minister be pleased to state how much work the Deputy Labour Commissioner is to do?

The Hon'ble Bijoy Singh Nahar: He has still enough time to do that work.

শ্রীকাশীকান্ত মৈত্র: মিঃ বেস্টারউইচ বলেছেন, মিঃ কুণ্ডু, ডেপুটি লেবার কমিশনার, ল আ্যান্ড এনফোর্সমেন্ট। আমার প্রশ্ন হচ্ছে তাঁকে যদি সপস আ্যান্ড এস্টাবলিশমেন্ট-এর ভার দেন তাহলে কোন কাজ তিনি সিরিয়াসলী করবেন? আমার মনে হচ্ছে আপনারা খুব সিরিয়াস নন।

দি অনারেবল বিজয় সিং নাহার: ইম্প্লিমেন্টেসন-এর কাজ তিনি ভালভাবে দেখছেন এবং তার সঙ্গে এটাও তিনি দেখবেন। তাছাড়া তিনি যে নূতন ব্যবস্থা করেছেন সেটা সুন্দর হয়েছে।

শ্রীকাশীকান্ত মৈত্র: ডেপুটি লেবার কমিশনার, মিঃ কুন্ডুর কাছে চিঠি দিলে সামান্য সৌজন্যমূলক উত্তর পর্যন্ত পাওয়া যায় না—তার এফিসিয়েন্সী আমরা দেখেছি। তাঁর কাছে লেবার ইউনিয়ন থেকে চিঠি লিখলে তার জবাব পাওয়া যায় না। কাজেই আমার মনে হয় ২০ লক্ষ কর্মচারীর যে অর্গানাইজেসন গড়ে উঠেছে তার ভার যদি তাঁর উপর দেন তাহলে কখনও তা হবে না।

দি অনারেবল বিজয় সিং নাহার: আপনার যদি কোন অভিযোগ থাকে তাহলে আমি দেখব। তবে তিনি ভালভাবে কাজ করছেন এবং তিনি একজন ভাল অফিসার।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether Mr. Kundu is also in charge of the Statistical Department of the Labour Directorate.

The Hon'ble Bijoy Singh Nahar: No.

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় এটা কি জানেন আগে যে আইন ছিল সপস এস্টাবলিশমেন্টস্ সম্পর্কে তার সুযোগ-সুবিধা থেকে বহু কর্মচারীকে বঞ্চিত রাখা হয়েছে, ম্যারেজ ন-পিয়ন এইরকম কিছু লোককে একজেমশন করা হয়েছিল, ঠিক তেমনিভাবে আমরা জানি আপনার কাছে দরখাস্ত করেছে, এইসব কারখানাগুলিতে সেলস স্টাফের বাইরে থাকার জন্য কোথাও এরা আইনের সুবিধা পায় না, এই অবস্থায় আপনি কি এই আশ্বাস দিতে পারেন যে এইসমস্ত দরখাস্ত পেয়ে আপনি দেখবেন তারা যাতে আইনের আওতার বাইরে না যেতে পারে।

দি অনারেবল বিজয় সিং নাহার: দরখাস্ত পেলে নিশ্চয়ই ভালভাবে বিবেচনা করবো।

শ্রীমনোরঞ্জন রায়: মালিকরা দেবেন না তাই তারা দরখাস্ত দিতে পারবে না।

দি অনারেবল বিজয় সিং নাহার: শ্রমিকরা যদি এলার্ট হয় তাহলে তারা দিতে পারবে।

Strike notice of Cinchona Plantation workers

***297.** (Admitted question No. *1019.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the workers of Cinchona Plantation and Medicinal Plants in the district of Darjeeling had served a strike notice to go on strike with effect from the 18th May, 1964; and

(b) if so, what were their grievances and how the dispute was settled?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Yes.

(b) The workmen had the following demands:

(i) to declare all the workers of the Cinchona Plantations, Mungpoo and Medicinal Plants, Rango, permanent immediately with retrospective effect.

(ii) to immediately revise the wages of the daily-rated workers.

The dispute was settled through conciliation. The strike notice was withdrawn following the Memorandum of settlement signed on 16th May, 1964.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি বললেন যে রি-কনসিলেশন হয়ে গেছে আসল দাবী ছিল পার্মানেন্ট করার, সেটা কি হয়ে গেছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: তারা রাজী হয়ে সেটেলমেন্ট করেছে এবং সমস্ত স্ট্রাইক নোটিশ তুলে নিয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: রি-কনসিলেশন কি কি সর্তে হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: নোটিশ দিলে বলতে পারি।

Shri Deo Prakash Rai: Will the Hon'ble Minister kindly state the total number of workers in cinchona plantation?

The Hon'ble Bijoy Singh Nahar: I have not got the figure of total number with me.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state as to how many workers are on permanent list and how many on temporary list?

The Hon'ble Bijoy Singh Nahar: I want notice.

Rajarhat J. D. Hospital

***293.** (Admitted question No. *1028.)

শ্রীজীবনকৃষ্ণ দে: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজারহাট জে, ডি হাসপাতালের সংস্কার ও সম্প্রসারণ কার্য কতদিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়;

(খ) ঐ হাসপাতালে আজ অবধি বৈদ্যুতিক আলো এবং পাখার ব্যবস্থা না হওয়ার কারণ কি; এবং

(গ) ঐ হাসপাতাল গ্রাউন্ড ঘেরার কোন পরিকল্পনা বর্তমানে আছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) সঠিক বলা যায় না। যত শীঘ্র সম্ভব সম্পন্ন করিবার চেষ্টা করা হইতেছে।

(খ) হাসপাতালের নিকট বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা না থাকায়।

(গ) না।

শ্রীজীবনকৃষ্ণ দে: কতদিন থেকে এই কাজ আরম্ভ হয়েছে।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ১৯৬২-৬৩ তে।

শ্রীজীবনকৃষ্ণ দে: এই পর্যন্ত দু বছর হয়ে গেছে, কতটা হয়েছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ১৯৬৫-এ শেষ হবে জানা গেছে।

শ্রীজীবনকৃষ্ণ দে: হাসপাতালের এনক্লোজার সম্বন্ধে তো কিছু বলছেন না?

দি অনারেবল মুখোপাধ্যায়: আমরা বাউন্ডারী ওয়াল করবো না।

শ্রীজীবনকৃষ্ণ দে: সমস্ত টি বি হাসপাতালে এনক্লোজার হয়ে গেছে, না থাকলে অসুবিধা হয় এটা বুঝতেই পারেন।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: বাজেটে যে টাকা আছে, তাতে যদি আরও ৪টি বেড বাড়াতে পারি তাতে বেশী লাভ হবে, কাজেই বাউন্ডারী ওয়ালের পেছনে খরচ করতে চাই না।

Oil-mills

***299.** (Admitted question No. *1038.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কতগুলি তেলকল পশ্চিমবঙ্গে আছে;

(খ) উক্ত কলগুলির কোন মালিক ভেজাল তেলের জন্য গ্রেপ্তার হইয়াছে কিনা; এবং

(গ) গ্রেপ্তার হইলে তাহাদের নাম ও ঠিকানা কি;

[1-30—1-40 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) নদীয়া জেলা বাদে সমগ্র পশ্চিমবঙ্গে তেল কলের সংখ্যা ২৯২টি। নদীয়া জেলার সংখ্যা এখনও পাওয়া যায় নাই।

(খ) ১৯৫৪ সালের খাদ্যে ভেজাল নিরোধক আইনে গ্রেপ্তারের কোন বিধান নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

এই ভেজাল নিরোধ করার জন্য আগমার্ক ব্যাপার সম্পর্কে সরকার কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এটার সঙ্গে ও প্রশ্ন আসে না।

Shri Gopal Banerjee:

যদি ভেজাল দিয়ে থাকে তাহলে তাদের গ্রেপ্তার করা হয় কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ভেজাল নিরোধক আইনে গ্রেপ্তারের কোন ব্যবস্থা নেই।

Shri Narayan Choubey:

মালিকের বিরুদ্ধে কোন কেস করা হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

১৩টি জায়গায় ভেজাল পাওয়া গিয়েছিল। ১৩টার মধ্যে ৮টা জায়গায় কেস সাব-জুডিস আছে, কেস চলছে। ৫টা জায়গায় কেস রুজু করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

মালিক কি অপরাধী হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

সবগুলিই মালিকের বিরুদ্ধে।

Shri Anadi Das:

কতগুলি তেলকল থেকে তেল নেওয়া হয়েছিল?

The Hon'ble Purabi Mukhopadhyay:

১৩টা জায়গায় ভেজাল প্রমাণিত হয়েছে। যতগুলি তেলকল আছে সমস্ত জায়গা থেকে তেল নেওয়া হয়েছে।

Payment of salaries to the employees of North Suburban Hospital

*300. (Admitted question No. *1043.) **Shri Gopal Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that the employees of North Suburban Hospital, Cossipore, are not getting their wages in time;

(b) if so, what steps have been taken by the Government to ensure payment of wages to the employees regularly; and

(c) whether the Government considers the desirability of taking over the management of the said hospital?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) The North Suburban Hospital is a non-Government institution. Payment of salaries and wages to its employees is the responsibility of its managing authority.

(b) Does not arise.

(c) Not at present.

Shri Gopal Banerjee:

এই হাসপাতালটা প্রাইভেট হাসপাতাল ঠিকই। কিন্তু সরকার থেকে টাকা পয়সা দেওয়া হয় কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

৭৫ হাজার করে টাকা দেওয়া হয়।

Shri Gopal Banerjee:

টাকাটা যখন দেওয়া হয় সেই সময় এটা দেখা হয় কিনা সেখানকার যারা কর্মচারী তারা মাইনে পাচ্ছে কি পাচ্ছে না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা বেড মেন্টেন্যান্সের জন্য টাকা দিই। আমি হাসপাতাল অথরিটিকে ডেকেছিলাম তাদের কি আয় আছে না আছে, তাদের ব্যয় সঙ্কুলান হচ্ছে কিনা, তাতে তাঁরা বলেছিলেন তাঁদের সাময়িক অর্থের অভাব পড়েছে। তার জন্য ২৫ হাজার টাকা করে প্রত্যেক ইনস্টলমেন্টে দিচ্ছি।

Shri Gopal Banerjee:

এই হাসপাতাল সরকার থেকে নিয়ে নেওয়ার জন্য স্থানীয় লোকদের কাছ থেকে কোন রিপ্রেজেন-টেসান পেয়েছেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

স্থানীয় লোকদের কাছ থেকে রিপ্রেজেনটেসান না হোক আমাদের ওখানকার স্থানীয় এম. এল. এ ডঃ সুশীল দাসগুপ্ত মহাশয় আমার কাছে এসেছিলেন এবং কাগজেও লেখা হয়েছিল হাস-পাতালের এই অবস্থা একে নিয়ে নেওয়া হোক। কিন্তু এই বাড়িটা পুরান, এই হাসপাতাল যদি আগামীকাল থেকে সরকারী হাসপাতালে পরিণত হয় তাহলে এইরকম ডিলাপিডেটেড কন্ডিসানে সরকার হাসপাতাল চালাতে পারবেন না। আমাদের এখন টাকা নেই। ভবিষ্যতে আমরা এই হাসপাতাল নেব। যতদিন নিতে না পারছি ততদিন এর জন্য যত টাকা প্রয়োজন হয় যদি বেশী প্রয়োজন হয় তাহলে বাড়িয়ে দেব। কারণ, এই হাসপাতাল জনসাধারণের খুব উপকার করছে।

Shri Gopal Banerjee:

ভবিষ্যত বলতে কতদিনের মধ্যে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

বাজেট যখন উপস্থিত হবে তখন দেখতে পাবেন।

Shri Monoranjan Roy:

৭৫ হাজার টাকা বললেন দিচ্ছেন। কিন্তু তার রোগীরা খেতে পাচ্ছে কি পাচ্ছে না এ খবর রাখেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমাদের নোমিনি ওখানে থাকে, তাঁদের কাছ থেকে প্রত্যেক মাসে আমরা রিপোর্ট নিই।

Shri Monoranjan Roy:

রোগীরা ঐ হাসপাতালে খেতে পায় না এই খবর রাখেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমার কাছে সেরকম কোন রিপোর্ট নেই। ৭৫ হাজার টাকা খরচ করবার পর যদি সেই হাসপাতালের রোগীরা খেতে না পায় তাহলে ৭৫ হাজার টাকা জলে দিচ্ছি—
I will close down the hospital.

Shri Monoranjan Roy:

এই হাসপাতালের রোগীরা খেতে পায় না।

The Hon'ble Purabi Mukhopadhyay:

এটা সম্পূর্ণ অসত্য।

Shri Monoranjan Roy:

এটাই সত্য।

The Hon'ble Purabi Mukhopadhyay:

এটা অসত্য।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এমপ্লয়ীদের তরফ থেকে কোন রিপ্রেজেন্টেসান এসেছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে কোন হাসপাতালের এমপ্লয়ী যে বেসরকারী হোক তাদের কোন ডিসপিউট সম্বন্ধে দপ্তরের কাছে আসে নি। আমার কাছে পাঠিয়েছিল, আমি আমার মন্তব্য লিখে লেবার ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দিয়েছি।

Great Bengal Salt Company

***301.** (Admitted question No. *1067.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত রামনগর থানা এলাকায় অবস্থিত গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানীতে কতজন শ্রমিক কাজ করিতেছেন;

(খ) উক্ত কারখানায় ফ্যাক্টরী অ্যাক্ট চালু আছে কিনা;

(গ) যদি উক্ত কারখানায় ফ্যাক্টরী অ্যাক্ট চালু থাকে তাহা হইলে সরকার কি অবগত আছেন যে শ্রমিকগণকে আইনসংগতভাবে বেতন, প্রভিডেণ্ট ফাণ্ড, গ্র্যাচুইটি, ছুটি, মেডিক্যাল রিলিফ প্রভৃতি সুযোগসুবিধা দেওয়া হইতেছে না; এবং

(ঘ) সরকার উক্ত কোম্পানীর শ্রমিকগণের অভাব-অভিযোগ সম্বন্ধে সম্প্রতি কোন দরখাস্ত পাইয়াছেন কি না এবং যদি কোন দরখাস্ত পাইয়া থাকেন তাহার কি ব্যবস্থা করা হইয়াছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) প্রায় দুইশত জন।

(খ) হাঁ, আছে।

(গ) এইরূপ কোন অভিযোগ জানা নাই।

(ঘ) সরকার উক্ত কোম্পানীর শ্রমিকগণের অভাব-অভিযোগ সম্বন্ধে কোন দরখাস্ত পান নাই।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় (গ) প্রশ্নের জবাবে বলছেন এইরূপ কোন অভিযোগ জানা নাই, আমি তাঁকে জানাচ্ছি যে, গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানীর শ্রমিকদিগকে দেড় টাকার বেশী মাইনা দেয়া হয় না, বছরে ৫-৬ দিনের বেশী ছুটি দেয়া হয় না, শনিবার-রবিবার তাদের কাজ করতে হয় অথচ ওভারটাইম দেয়া হয় না, কারখানায় ২০০ কর্মী কাজ করেন অথচ ডাক্তার নেই, সাধারণত বাইরে গিয়ে তাদের চিকিৎসিত হতে হয়। তাছাড়া সেখানে যে ইন্সপেক্টার আছেন, অভিযোগ করলেও তিনি শোনেন না, সেখানে মালিকের বাড়িতে ভুঁড়িভোজ করে রিপোর্ট দিয়ে চলে আসেন—এই অভিযোগগুলি তদন্ত করবেন কি কোন দায়িত্বপূর্ণ অফিসার দিয়ে, বিশেষ করে লেবার কমিশনার বা ডেপুটি লেবার কমিশনারকে দিয়ে? সেখানে অভিযোগ করলে চাকরী যায়, এই হচ্ছে সেখানকার অবস্থা।

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় সদস্য যেগুলি বললেন যদি তিনি অনুগ্রহ করে আমাকে লিখে পাঠান তাহলে আমি নিশ্চয়ই ভালভাবে তদন্ত করবার ব্যবস্থা করে তাঁকে জানিয়ে দেব।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, দু-বছর ধরে এও অ্যাসিওরেন্স দিয়েছেন—তিনি কি করে এত মনে রাখেন বুঝতে পারি না।

The Hon'ble Bijoy Singh Nahar:

মনে রাখতে পারি না বলেই তো অনুরোধ করেছিলাম, আপনি শোনেন নি।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে এখানে বলা হয়েছে ফ্যাক্টরী অ্যাক্ট ওখানে চালু আছে কিন্তু ফ্যাকটরী অ্যাক্ট অনুযায়ী ২৪০ দিন কাজ হলে যে ২০ দিনে ১ দিন ছুটি হয়, সেই ছুটি শ্রমিকরা পায় কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমার যতদূর জানা আছে সেখানে সারা বছর কাজ চলে না, জানুয়ারী থেকে জুন মাস কাজ চলে এবং একদিনে ৫ ঘণ্টার বেশী কাজ হয় না এবং সপ্তাহে দুই দিন থেকে তিন দিনের বেশী কাজ হয় না।

Shri Balai Lal Das Mahapatra:

সিজনের সময় সেখানে ৬-৭ মাস একাধিকক্রমে কাজকর্ম হয়।

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি নোটে যা পেয়েছি সেটাই বললাম, কোন কমপ্লেন পাই নি, তবুও আমাকে অনুগ্রহ করে জানালে আমি আরো ভালভাবে দেখে জানিয়ে দেব।

Shri Balai Lal Das Mahapatra:

দীঘা অঞ্চলে যে লবণের কারখানা আছে সে সম্বন্ধে খোঁজ নিয়ে দেখবেন যে সেখানে ৬ মাস থেকে ৭ মাস কাজ হয়, সেখানে শ্রমিকদের ফাঁকি দেবার জন্য ডুপ্লিকেট খাতা রাখা হয়। সেজন্য আমি বলছিলাম লেবার কমিশনার বা ডেপুটি লেবার কমিশনার দ্বারা তদন্ত করাবেন, তাহলে জানতে পারবেন যে কতদিন কাজ হয়, সেখানে ডুপ্লিকেট খাতা রাখা হয়েছে কিনা। শ্রমিকরা অভিযোগ করলে সেখানে ছাটাই করা হয়। এইসমস্ত গুরুতর অভিযোগ আমি আনছি।

[No reply.]

Outbreak of Cholera and Diphtheria in Calcutta

***302.** (Admitted question No. *1102.)

ডাঃ সুশীল দাশগুপ্ত: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতার কোনও কোনও স্থানে ডিপথেরিয়া এপিডেমিক-এর মত আরম্ভ হইয়াছে;

(খ) তুলনামূলকভাবে ১৯৬১ সালে ও ১৯৬৩ সালে কলেরা ও ডিপথেরিয়া এই দুই রোগের ইন্সিডেন্স এবং ডেথ রেট কত; এবং

(গ) অবগত থাকিলে, এই (ডিপথেরিয়া) সংক্রামক ব্যাধির প্রসার বন্ধ করিবার কোনও ব্যাপক পরিকল্পনা স্বাস্থ্য দপ্তরের আছে কিনা?

[1-40—1-50 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) কলিকাতায় বিক্ষিপ্তভাবে ডিপথিরিয়া হইতেছে। কিন্তু কলিকাতার কোন কোন স্থানে এই রোগ এপিডেমিকএর মত হইয়াছে এরূপ কোন সংবাদ সরকার অবগত নহেন।

(খ) এই সম্পর্কে বিবরণী (ক) দ্রষ্টব্য।

(গ) হ্যাঁ, আছে। অর্থাভাবের জন্য এই ব্যাপক পরিকল্পনাটি তৃতীয় পঞ্চবার্ষিকী যোজনাকালে সমগ্র পশ্চিমবঙ্গে চালু করা সম্ভব হয় নাই। চতুর্থ পঞ্চবার্ষিকী যোজনায় ইহা অন্তর্ভুক্ত করার প্রস্তাব বিবেচনাধীন।

উল্লিখিত প্রকল্পটি বর্তমানে চালু সম্ভব না হইলেও রাজ্যসরকার ডিপথিরিয়া, টিটেনাস এবং হুপিং কাফ রোগত্রয়ের প্রতিরোধকল্পে শিশুদিগকে ট্রিপল অ্যান্টিজেনএর দ্বারা ইনজেকশন দেওয়ার জন্য ১৯৬০ সালের অক্টোবর হইতে কলিকাতার ১৬টি বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। ১৯৬২ সালের নভেম্বর মাস হইতে রাজ্যের অন্যান্য জেলার আরও ১২১টি কেন্দ্রে এই ব্যবস্থা চালু হইয়াছে।

Statement referred to in reply to close (Kha) of Starred question No. 302.

বিবরণী 'ক'

Statement showing the incidents and death from Cholera and Diphtheria in Calcutta.

	CHOLERA				DIPHTHERIA			
Year.	Attack.	Rate per mille of population.	Death.	Rete per mille of population.	Attack.	Rate per mille of population.	Death.	Rate per mille of population.
1961	3,638	1·2	1,110	·3	3,412	1·2	510	·2
1963	4,592	1·6	1,516	·4	3,386	1·2	527	·2

Shri Susil Kumar Das Gupta :

আপনি বললেন ১৯৬০ সাল থেকে এই প্রিভেন্টিভ ট্রিপল অ্যান্টিজেন দেওয়া হচ্ছে, কলকাতার হাসপাতালে কত পেসেন্টকে দেওয়া হয়েছে বলতে পারেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

প্রত্যেক বছরের টোটাল ফিগার আমার কাছে রয়েছে। প্রায় আট হাজার লোকের হয়েছে, খুব বেশি হয় নি। ট্রিপল অ্যান্টিজেন জনপ্রিয় করবার জন্য এবং যাতে প্রত্যেকটা শিশুকে ট্রিপল অ্যান্টিজেন ব্যবস্থায় আনা যায় তার জন্য আমরা সরকার থেকে অবিলম্বে একটা পরিকল্পনা গ্রহণ করছি। এই পরিকল্পনাতে প্রাথমিকভাবে আমরা কলকাতা শহর, হাওড়া, দমদম বরাহনগর এই সমস্ত শহরাঞ্চলে যেসমস্ত স্কুলগোয়িং চিলড্রেন রয়েছে তাদের সকলকে যাতে এই ট্রিপল অ্যান্টিজেন ইনজেকশন দেওয়া যায় তার জন্য সমস্ত স্কুলের প্রাইমারি সেকসনএ সরকারী ডাক্তারদের এবং বেসরকারী প্রতিষ্ঠানের ডাক্তারদের সাহায্যে গঠিত একটা বিরাট স্কোয়াড অবিলম্বে পাঠাব। এই উদ্দেশ্যে আমরা ট্রিপল অ্যান্টিজেনএর একটা স্টক বিল্ড করতে শুরু করেছি। বাংলাদেশে যেসংখ্যক স্কুল রয়েছে তা সব কভার করতে গেলে যে স্টকএর প্রয়োজন

তা পেতে এখনও কিছু দেরি হবে। এখানে দুটোমাত্র প্রতিষ্ঠান, স্ম্যাক্সো এবং বেঙ্গল ইমিউ-নিটি এটা তৈরি করেন। তাঁরা জানিয়েছেন ১,২০০ অ্যাম্পউল-এর বেশি তাঁরা ফর্টনাইটলি দিতে পারবেন না। কাসুলি থেকে আমরা যে স্টক পাব তা আমাদের হাতে আসামাত্র আমরা কলকাতা এবং শহরাঞ্চলের সমস্ত স্কুলের প্রাইমারি সেকসন ছেলেদের যাদের দশ বৎসর বয়স হয়েছে তাদের ট্রিপল্ অ্যান্টিজেন ইনজেকশন দেব।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:
মাননীয় মন্ত্রিমহাশয়া জানাবেন কি ট্রিপল অ্যান্টিজেন পপুলারাইজ করবার জন্য কি করেছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:
হাসপাতাল ছাড়া অন্য কোন ব্যবস্থা এখনও হয় নি। হাসপাতালে বর্তমানে যে ব্যবস্থা আছে তাতে এক টাকা ফি দিতে হয়। ইনডিজেন্ট পেসেন্টদের ফি দিতে হয় না। এতে আমাদের বড় জোর ৫।৭ হাজার টাকা লাগতে পারে বেশি, সেজন্য এটা ওয়েভ করবার জন্য আমরা বলেছি। বিভিন্ন জেলায় হাসপাতালগুলিতে ইমিউনাইজেশন সেন্টার খুলে তাদের ভিতর দিয়ে ট্রিপল অ্যান্টিজেন পপুলার করবার জন্য ব্যবস্থা হয়েছে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani :
বস্তি অঞ্চলের জন্য কোন প্রোগ্রাম নিয়েছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:
স্কুলএর ছেলেদের ট্রিপল অ্যান্টিজেন দেওয়া সম্পর্কে অভিভাবকদের মধ্যে কি রিঅ্যাকশন হয় সেটা আমরা প্রথমে দেখতে চেয়েছিলাম। এর পরে আমরা বস্তিবাসীদের তো বটেই, পেভ্-মেন্ট ডোয়েলারদের পর্যন্ত দেব।

Shri Niranjan Sengupta :
আপনি বললেন, অর্থাভাবে করতে পারছেন না, কত অর্থের প্রয়োজন এই পরিকল্পনা চালু করতে?

The Hon'ble Purabi Mukhopadhyay :
কম্প্রিহেন্সিভ প্ল্যান করতে টাকা লাগবে না?

Shri Niranjan Sengupta :
কত টাকার প্রয়োজন?

The Hon'ble Purabi Mukhopadhyay: Diphtheria, whooping cough. ইত্যাদির জন্য আমাদের একটা কম্প্রিহেন্সিভ প্ল্যান আছে, তাতে কয়েক লক্ষ টাকার প্রয়োজন। এখন আর আমাদের এই ব্যাপারে হাত দেবার উপায় নাই।

Shri Radhakrishna Singha:
যে পরিকল্পনা কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলের জন্য নিচ্ছেন মফঃস্বল শহরে স্কুলএর প্রাইমারি সেকসনএর ছাত্রদের জন্য এই পরিকল্পনা করা উচিত কিনা এবং করবেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:
করা উচিত নিশ্চয়ই তবে এখন পর্যন্ত জেলাগুলি থেকে ডিপথিরিয়া খুব বেশি হচ্ছে বলে খবর আসে নি। দ্বিতীয় কথা হল প্রত্যেক জেলা হাসপাতালে আমরা ট্রিপল অ্যান্টিজেন পাঠাচ্ছি, হাসপাতালে এসে চিকিৎসা করতে হবে, এইভাবেই এখন এই ক্যাম্পেন চলেছে। প্রত্যেক মফঃস্বল টাউনের স্কুলে করা হবে কিনা সেটা নির্ভর করবে অন দি সাকসেস অব দিস ক্যাম্পেন।

Shri Kashi Kanta Maitra:
মন্ত্রিমহাশয়ার বিবৃতি থেকে এটা ধরে নিতে পারি কিনা যে মফস্বলে এই রোগের বিস্তার না ঘটলে তাঁরা সচেতন হবেন না, অর্থাৎ গ্রামাঞ্চল থেকে ডিপথিরিয়ার সংবাদ খুব বেশি আসছে না, সেজন্য কোন প্রতিষেধক ব্যবস্থাও করবেন না?

The Hon'ble Purabi Mukhopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নোটিফায়েবল ডিজিজ, অসুখ হলে খবর পৌঁছাতেই হবে। গ্রামাঞ্চল থেকে কোন অ্যালার্মিং সংবাদ আমরা পাচ্ছি না। দু-একটা যদি হয়, তবে তার

প্রতিষেধক হিসাবে হাসপাতালে বর্তমানে যে ব্যবস্থা আছে সেটাই সাফিসিয়েন্ট বলে মনে করছি।

T. B. hospitals

***303.** (Admitted question No. *1151.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কয়টি যক্ষ্মা হাসপাতাল আছে ও তাহাতে মোট কয়টি শয্যা রহিয়াছে;

(খ) বিভিন্ন হাসপাতালে কত জন রোগী পাঁচ বৎসরের ঊর্ধ্বকাল শয্যাতে রহিয়াছে; এবং

(গ) দীর্ঘদিন ধরিয়া তাহাদিগকে কেন রাখা হইয়াছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: (ক) ১৩টি যক্ষ্মা হাসপাতাল আছে-৫টি সরকারী এবং ৮টি বেসরকারী। এগুলিতে মোট ৩,৭৫১টি শয্যা আছে।

(খ) সরকারী হাসপাতালগুলিতে এরূপ রোগীর সংখ্যা ১২২--কাঁচরাপাড়া যক্ষ্মা হাসপাতালে ১১৮ জন এবং এম, আর, বাঙ্গুর স্যানাটোরিয়মে ৪ জন।

(গ) এই রোগীদিগের মধ্যে, ৫২ জনের রোগ মুক্তির সম্ভাবনা নাই, ২১ জন যক্ষ্মারোগের ঔষধ এবং অন্যান্য চিকিৎসা পদ্ধতি অবলম্বনে চিকিৎসার পর শল্য চিকিৎসার জন্য অপেক্ষা করিতেছেন এবং বাকি ৪৯ জন রোগমুক্ত হইয়াছেন এবং তাহাদিগকে হাসপাতাল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে কিন্তু তাঁহারা শয্যা ত্যাগ করিতেছেন না। যাঁহারা রোগমুক্ত হন নাই, স্বেচ্ছায় চলিয়া না গেলে তাঁহাদিগকে হাসপাতাল হইতে ছাড়িয়া দেওয়া সম্ভব নহে। শল্য চিকিৎসার প্রয়োজনে এরূপ রোগীর হাসপাতাল ছাড়িয়া যাইবার প্রশ্ন উঠে না। রোগমুক্ত অন্য ৪৯ জন রোগী নানা অজুহাতে শয্যাত্যাগ করিতেছে না।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি তো জানেন এই দেশে অনেক যক্ষ্মারোগী আছে অথচ আসনের সংখ্যা কম। কাজেই সেক্ষেত্রে যেসমস্ত রোগী দীর্ঘদিন ধরে রয়েছে তারা নানা অজুহাতে রয়েছে একথা বলেছেন এটা সত্য, কিন্তু সেই অজুহাত দূর হতে পারে যদি আপনারা যক্ষ্মারোগ ভাল হবার পরে আফটারকেয়ার কলোনি করে তাদের একটু থাকবার ব্যবস্থা করে দেন। তা না হলে যদি একটি রোগী হাসপাতাল থেকে বেরিয়ে যায় তখন সঙ্গে সঙ্গে সাধারণ জীবনে পড়লেই আবার রোগ ধরতে পারে এবং অন্যান্য রোগ হতে পারে এইজন্য আমি বলি যে আপনারা আফটারকেয়ার কলোনি করার জন্য ঐ যক্ষ্মারোগী যক্ষ্মারোগ মুক্ত হবার পর যখন তারা বিশ্রাম পেয়ে সাধারণ জীবনযাত্রা নির্বাহ করতে পারে কিম্বা তারা সাধারণ খাওয়া খেয়ে জীবনধারণ করতে পারে এমন পরিকল্পনা করবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রশ্নের বিস্তারিত জবাব আমি এই হাউসে বহুবার দিয়েছি সমস্ত প্রশ্নের আবার জবাব দিতে গেলে অনেক সময় লাগে। আমি মনে করি না যে সমস্ত পেসেন্টকেই আফটারকেয়ার কলোনিতে নিয়ে যাওয়ার প্রয়োজন আছে। যাদের একেবারেই কোন অর্থসঙ্গতি নেই তাদের কথাই আমরা চিন্তা করছি।

শ্রীঅনঙ্গমোহন দাস: আমি বলতে চাচ্ছিলাম যে অজুহাতে যারা হাসপাতালে রয়েছে তাদের সরাবেন কি করে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: বুঝলাম না।

শ্রীঅনঙ্গমোহন দাস: যারা অজুহাত নিয়ে রয়েছে তাদের একটা পাল্টা ব্যবস্থা করে তাদের সরানো দরকার। জোর করে তো তাদের সরানো যাবে না, তাদের জন্য কোন ব্যবস্থা করবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: না, আমার স্বাস্থ্য দপ্তর কোন সমাজসেবী প্রতিষ্ঠান নয়। যাঁরা হাসপাতালের বেড ছাড়ছেন না তাঁরা রিহ্যাবিলিটেশন কলোনিতে কিছুদিনের জন্য গিয়ে বেড ছাড়বেন এ আমি বিশ্বাস করি না। আমাদের রিহ্যাবিলিটেশন কলোনিতে রোগী সুস্থ হয়ে আপনার চেয়েও সক্ষম হয়েছে এরকম লোকও বেড ছাড়ে নি।

Death of a patient in Tamluk Sadar Hospital

***304.** (Admitted question No. *1239.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, তমলুক সদর হাসপাতালে শ্রীমতী গঙ্গাবালা খাটুয়া, গ্রাম শংকুটিয়া, থানা পাঁশকুড়া, ৩০শে জুন ১৯৬৪ তারিখে ভর্তি হইয়াছিল এবং হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলা এবং পরে খারাপ ঔষধ ব্যবহারের ফলে ২রা জুলাই, ১৯৬৪ তারিখে ঐ হাসপাতালে তাহার মৃত্যু হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কিনা;

(গ) তদন্ত হইয়া থাকিলে তাহার ফলাফল কি; এবং

(ঘ) ঐ মৃত্যুর জন্য দায়ী ব্যক্তির বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়:

(ক) শ্রীমতী গঙ্গাবালা খাটুয়া নাম্নী এক ভদ্রমহিলাকে তমলুক মহকুমা হাসপাতালে ৩০।৬।৬৪ তারিখে ব্যাহত প্রসব বেদনার জন্য ভর্তি করা হয়। ভর্তির পূর্বেই শ্রীমতী খাটুয়ার শারীরিক অবস্থা অত্যন্ত খারাপ থাকায় তাঁহাকে শল্যচিকিৎসকের দ্বারা বা যন্ত্র প্রয়োগের দ্বারা প্রসব করানো সম্ভব হয় নাই এবং তিনি ২-৭-৬৪ তারিখে হাসপাতালে মারা যান।

(খ) এই সম্পর্কে যথাযথ তদন্ত করা হইয়াছে।

(গ) তদন্তে কোন ব্যক্তিবিশেষের ত্রুটি পরিলক্ষিত হয় নাই।

(ঘ) ঐ মৃত্যুর জন্য কোন ব্যক্তিবিশেষ দায়ী না থাকায় কাহারও বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের প্রশ্ন উঠে না।

[1-50 – 2 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে তদন্ত আরম্ভ হল এটা কোন্ অভিযোগের মূলে হল না অন্য কিছুর ভিত্তিতে হল?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আনন্দবাজার পত্রিকায় "মর্গে সন্তান প্রসব" এই বলে একটা খবর বেরিয়েছিল এবং তার উপর আমরা তদন্ত করেছিলাম।

শ্রীসুধীরচন্দ্র দাস: তদন্ত কে করেছিলেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর ডাঃ সিংহ-রায়।

শ্রীসুধীরচন্দ্র দাস: ঐ ঘটনার পর ওখানকার ডাক্তারকে বদলি করা হয়েছে কিনা জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ডাক্তারকে বদলি করা হয়েছে অন্য অভিযোগে—এই বদলীর সঙ্গে মৃত্যুর কোন সম্পর্ক নেই। বদলীর অর্ডার গিয়েছে এই ঘটনার ২/৩ মাস আগে।

শ্রীসুধীরচন্দ্র দাস: ডাক্তারের বিরুদ্ধে অভিযোগ ছিল বলে বদলি করা হয়েছে বললেন। কি অভিযোগ ছিল জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এটা অন্য প্রশ্ন, কাজেই এটা থেকে এই প্রশ্ন ওঠে না।

শ্রীসুধীরচন্দ্র দাস: ডাক্তারের দুর্ব্যবহারের ফলে তাঁকে বদলী করা হয়েছে বলে আমরা শুনেছি। আমার প্রশ্ন হচ্ছে কি অভিযোগ যার জন্য তাকে বদলী করা হয়েছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এই প্রশ্নের সঙ্গে ওটা ওঠে না। তবে এই মৃত্যুর পেছনে কোন ডাক্তারের দুর্ব্যবহার আছে বলে আমি মনে করি না, এই ঘটনা খবরের কাগজে বেরুবার পর আমরা দুবার হেড কোয়ার্টার থেকে লোক পাঠাই এবং এটা সত্য বলে প্রমাণিত হয়েছে।

Leprosy eradication unit

***305.** (Admitted question No. *1258.)

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুষ্ঠ নিবারণী ইউনিট কয়টি জেলায় কাজ করিতেছে;

(খ) বর্তমানে মোট কতগুলি ইউনিট কাজ করিতেছে এবং ইউনিটগুলির কাজ দেখাশুনার ভার কাহার উপর দেওয়া আছে;

(গ) ডবলু. এইচ, ও.-এর কনসালটান্ট (লেপ্রসি) আমাদের স্টেটের কাজকর্ম সম্বন্ধে কোন মতামত সম্প্রতি দিয়াছেন কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মতামতটা কি?

Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ১০টি জেলায় কুষ্ঠ নিবারণী ইউনিট কাজ করিতেছে।

(খ) বর্তমানে বিভিন্ন জেলায় মোট ২২টি ইউনিট কাজ করিতেছে। প্রত্যেক ইউনিটে একজন করিয়া ভারপ্রাপ্ত চিকিৎসক আছেন। জেলা পর্যায়ে মুখ্য জেলা চিকিৎসক (চীফ মেডিকেল অফিসার, হেল্‌থ) ইউনিটগুলোর কাজ দেখাশোনা করেন।

(গ) এবং (ঘ) ডবলিউ. এইচ. ও. কনসালটেন্ট কুষ্ঠ নিবারণ কর্মপন্থা এবং কর্মচারীদের প্রশিক্ষণ (ট্রেনিং প্রোগ্রাম) সম্বন্ধে বিভাগীয় কর্মচারীদের সঙ্গে আলোচনা করিয়াছেন, কিন্তু কুষ্ঠ নিবারণী ইউনিটগুলোর কাজ সম্বন্ধে কোন মতামত দেন নাই।

শ্রীরামকৃষ্ণ সিংহঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন জেলায় বা শহরে কুষ্ঠ নিবারণের জন্য বা কুষ্ঠ চিকিৎসার জন্য যদি কোন নন-অফিসিয়াল অর্গানাইজেশন তৈরি হয় তা হলে গভর্নমেন্ট কি তাদের কোন সাহায্য দেবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ যদি সেখানে উপযুক্ত চিকিৎসক থাকেন তাহলে আমরা নিশ্চয়ই সাহায্য দিয়ে থাকি।

শ্রীরাধাকৃষ্ণ সিংহঃ কোন নন অফিসিয়াল অর্গানাইজেশন যদি কুষ্ঠ নিবারণী চিকিৎসার ব্যবস্থা করেন তা হলে তাঁরা নিশ্চয়ই ডাক্তারদের নিয়ে ব্যবস্থা করবেন। আমার প্রশ্ন হচ্ছে এরকম হলে আপনারা সাহায্য দেবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা নন্‌অফিসিয়াল অর্গানাইজেশনকে দিয়ে কাজ করানো পছন্দ করি, কারণ তাঁরা আমাদের চেয়ে কম টাকা দিয়ে কাজ করান—তাঁরা পার্টটাইম লোক নিয়ে কাজ করান। কুষ্ঠ নিবারণী কাজটা হচ্ছে টেকনিক্যাল কাজ, কাজেই সেই গুণসম্পন্ন লোক যদি কোথাও না থাকে তা হলে সেখানে আমরা এনকারেজ করব না।

শ্রীনাথানিয়েল মুর্মুঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, ওয়ার্ল্ড হেল্‌থ অর্গানাইজেশন-এর যিনি কনসালটেন্ট তিনি এমন কোন মন্তব্য করেছেন কিনা যে বাংলাদেশে কুষ্ঠ নিবারণী কাজ অবহেলার সঙ্গে চলেছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ না, করেন নি।

Santipur Health Centre

***306.** (Admitted question No. *1278.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর হেল্‌থ সেন্টারে কয়টি বেড আছে এবং কোন ম্যাটারনিটি ওয়ার্ড আছে কি;

(খ) উক্ত সেন্টার-এ কোন ইলেকট্রিক লাইট, ফ্যান ও ফোন আছে কি; এবং

(গ) (খ) প্রশ্নের উত্তর যদি 'না' হয়, তাহলে ইহার কারণ কি?

The Hon'bl Purabi Mukhopadhyay :

(ক) শান্তিপুর হেল্থ সেন্টারএ কুড়িটি শয্যা আছে; তন্মধ্যে ১০টি শয্যা রোগিনীদের জন্য নির্দিষ্ট এবং প্রসূতিগণও ঐ দশটি শয্যাতে ভর্তি হইতে পারেন।

(খ) না।

(গ) সরকারের গৃহীত নীতি অনুসারে যদি স্থানীয় জনসাধারণ স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণের জন্য প্রয়োজনীয় ব্যয়ের ½ অংশ বহন করেন সেই স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণের ব্যবস্থা করা হয়; শান্তিপুর স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণের প্রয়োজনীয় ব্যয়ের ¼ অংশ বহন করিতে শান্তিপুর মিউনিসিপ্যালিটি সম্মত হইয়াছেন এবং এ সম্বন্ধে যথোচিত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ এই ব্যবস্থা কতদিনে সম্পন্ন হবে জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা অর্ডার দিয়ে দিয়েছি।

Shift duty for female warders

***307.** (Admitted question No. *1109.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the Government have any scheme to introduce 8 hours shift duty for the female warders in the District and Special Jails in the State of West Bengal; and

(b) if the answer to (a) be in the affirmative will the Hon'ble Minister be pleased to state as to when the said scheme is likely to be introduced?

The Hon'ble Jagannath Kolay: (a) No, as no female warder in a District or Special Jail has effective duty for 8 hours.

(b) Does not arise.

Grievances of the Cinema employees

***309.** (Admitted question No. *1001.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সিনেমা কর্মচারীবৃন্দ নতুন বেতনের স্কেল, বোনাস, গ্র্যাচুইটি প্রভৃতি দাবীর ভিত্তিতে মালিকদের নিকট ১৯৬৯-র জুলাই মাসে যে দাবীনামা পেশ করিয়াছে, তাহা সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) হ্যাঁ।

(খ) মালিক ও ইউনিয়ন আপোষ-আলোচনার দ্বারা দাবিগুলি মিটাইয়া লইবার ব্যবস্থা করিয়াছেন। একটি ত্রিদলীয় চুক্তি সম্পাদনের জন্য ত্রিপক্ষ সম্মেলন চলিতেছে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আপনি এই দাবিনামা পাবার পর আজ পর্যন্ত ইউনিয়নের সাথে যে বৈঠক করেছেন এবং সেই বৈঠকে আপনারা যে সিদ্ধান্ত করেছেন সেই সিদ্ধান্ত কি মালিক মেনে নিয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এখনও কথা চলছে, আমি আশা করছি আজকেই হয়ত এগ্রিমেন্ট সাইন্ হতে পারে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: একথা কি সত্য, ইউনিয়ন কর্মচারীর পক্ষ থেকে প্রতিনিধি দল সরকারের সাথে বসার পর যে সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন, এই দীর্ঘদিন মালিকের টালবাহানায় এই সিদ্ধান্ত কার্যকরী না করতে বাংলাদেশের কর্মচারীরা বিভিন্ন জয়াগায় অসন্তোষের জন্য ধর্মঘট করেছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: মালিকপক্ষ এই সম্বন্ধে হাইকোর্টে কেস করে ইনজাংশন করেছিল সেজন্য বন্ধ ছিল।

শ্রীশম্ভুচরণ ঘোষ: এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, নূতন পে-স্কেল সম্পর্কে আলোচনা চলছে, আপনি বলছেন আজকে চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার কথা আছে, কিন্তু এর আগে সরকার পক্ষ থেকে মিনিমাম ওয়েজ নোটিফিকেশন করা হয়েছিল, সেটা কি বাংলাদেশের সমস্ত মালিক মেনে নিয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: মালিক সংস্থা মেনে নিয়েছে, সমস্ত হাউসের মালিকরা মেনে নিয়েছে কিনা জানি না, কলকাতার প্রায় সব হাউসে এই বেতন চালু করে দিয়েছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: নূতন পে-স্কেল সম্বন্ধে আলোচনা হচ্ছে এবং ত্রিপক্ষের আলোচনার মধ্যে দিয়ে সিদ্ধান্ত নেওয়ার কথা হচ্ছে, মিনিমাম ওয়েজ নোটিফিকেশন করে আপনারা বললেন মালিক মেনে নিয়েছে, বাংলাদেশের বহু হাউসে তা এখনও চালু হয় নি, বাংলাদেশের অনেক হাউসে যদি চালু করা না হয়ে থাকে, তা হলে নূতন পে-স্কেল-এর সিদ্ধান্তে উপনীত হলেও তা কার্যকরী করার স্কোপ থাকবে না, কাজে কাজেই বাংলাদেশের বিভিন্ন হাউসে এখনও যে মিনিমাম ওয়েজ চালু করা হয় নি সে সম্বন্ধে আপনি ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এখনও হাইকোর্টে কেস আছে, ইনজাংশন আছে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব নয়।

শ্রীনারায়ণ চৌবে: আপনি বলেছেন মালিক সমিতি মিনিমাম স্কেল মেনে নিয়েছে আপনি কি জানেন মালিক সমিতি বিভিন্ন হাউসে তাদের ইনকামের ভিত্তিতে কত পারসেন্ট কোন্ হল দেবে এভাবে একটা চুক্তি করেছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: কি চুক্তি কিভাবে করেছে ডিটেলস বলতে পারি না তবে এটা আশা করছি মালিক এবং শ্রমিক পক্ষে চুক্তি সম্পাদিত হবে যাতে দুই পক্ষই রাজী হয়ে ব্যবস্থা করে নেবেন।

শ্রীনারায়ণ চৌবে: সেই চুক্তিতে মিনিমাম স্কেল না মানা হলে আপনি কি ব্যবস্থা অবলম্বন করবেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: চুক্তি এখনও হয় নি, হবার পর সরকারের যদি বিবেচনা করার থাকে তবে বিবেচনা করবেন।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আপনি বললেন দীর্ঘদিন আগে মিনিমাম ওয়েজ ব্যাপারে নোটিফিকেশনকে কিছু হাউসে মেনে নিয়েছে এবং বেশির ভাগ মিনিমাম ওয়েজ ইমপ্লিমেণ্ট করে নি, এখনও হাইকোর্টে কেস পেন্ডিং আছে সেজন্য অনেক হাউসে ইমপ্লিমেন্ট করা যায় নি, আপনি হয়ত জানেন যে, মিনিমাম ওয়েজ ব্যাপারে মালিকপক্ষ থেকে কোন কেস হাইকোর্টে পেন্ডিং নেই।

দি অনারেবল বিজয় সিং নাহার: আছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: নেই, কাজে কাজেই এখনও যেসমস্ত জায়গায় মালিকরা করছে না, মফঃস্বলে গ্রামাঞ্চলের হাউসগুলোতে মালিকরা যখন বদমাইসী করে করছে না এ বিষয়ে সরকার তাঁদের উপর কোন চাপ দেবেন কিনা এটাই প্রশ্ন। মিনিমাম ওয়েজ ইমপ্লিমেন্ট না করাতে পারলে পে-স্কেল করে কোন কোন কর্মচারীর বেনিফিট হবে না।

দি অনারেবল বিজয় সিং নাহার: বারে বারেই বলছি এখনও ইঞ্জাংশন আছে।

Diphtheria cases in Calcutta

***308.** (Admitted question No. *1480.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that incidence of Diphtheria has been on the increase in Calcutta recently; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) number of such cases during the last one month (week by week),

(ii) number of cases admitted to Hospitals during that period and number of deaths, and

(iii) what steps have the Government taken to cope with the disease?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) There was a seasonal increase in the incidence of Diphtheria in Calcutta from July last which is however showing a downward trend from the beginning of August.

(b) (i) The figures of incidence in Calcutta are as under:—

Week ending	No. of incidence
1-8-64	129
8-8-64	109
15-8-64	102
22-8-64	101
	441

(ii) During the period from week ending 1-8-64 to 22-8-64, there were 441 admissions with 21 deaths in Calcutta.

(iii) The State Government have already taken up a scheme for immunisation of children against Diphtheria, Tetenus and Whooping Cough by Triple Antigen injections. The scheme is in operation in 16 Government and non-Government Hospitals in Calcutta since October, 1960. Each child is given three injections at an interval of 4-6 weeks on payment of a fee of Re. 1 per course of injection.

[2—2-10 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

স্যার, আপনি জানেন ডিপথেরিয়া সিরাম ট্রিটমেন্ট কত কস্টলি। আমি সেজন্য মাননীয় মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করছি ব্যাপকভাবে ফ্রি সিরাম ট্রিটমেন্টের ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা করতে যাচ্ছি।

Shri Narayan Choubay:

স্যার, আমার একটা প্রশ্ন ২০শে আগস্ট উঠেছিল। তারপর সেটা হেল্ড ওভার হয়। ৩-৯-৬৪ তারিখে আবার সেটা আসে। কোয়েশ্চেন নং ২৪৯, অ্যাডমিটেড কোয়েশ্চেন নং ৭৬৪ সেটা এখনও আসছে না কেন? ১ মাস আগে কোয়েশ্চেন দিয়েছি, সেটা একটু দয়া করে দেখবেন কোয়েশ্চেনটা ছিল

regarding adulteration of mustard oil.

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Medicine and diet per hospital patient

***310.** (Admitted question No. *1202.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা, মহকুমা এবং থানা হাসপাতালে প্রত্যহ প্রতি রোগীর জন্য—

(১) বহির্বিভাগে (আউট-ডোর) রোগীর জন্য কত মূল্যের ঔষধ ;

(২) শয্যায় ভর্তি (ইন-ডোর) রোগীর জন্য কত মূল্যের ঔষধ ও পথ্য দেওয়া হয় ; এবং

(খ) কলিকাতা শহরে সরকারী হাসপাতালসমূহে বহির্বিভাগে (আউটডোর) কত মূল্যের ঔষধ এবং অন্তর্বিভাগ (ইন-ডোর) কত মূল্যের ঔষধ এবং পথ্য দেওয়া হয়?

The Minister for Health:

(ক) (১) এবং (২)—ঔষধের বরাদ্দ—

হাসপাতাল	বহির্বিভাগ প্রত্যহ রোগী প্রতি	অন্তর্বিভাগ প্রত্যহ রোগী প্রতি
(অ) জেলা ও মহকুমা হাসপাতাল ...	০·১৯ পঃ	০·৫০ পঃ
(আ) স্বাস্থ্যকেন্দ্র	০·১২ পঃ	০·২৫ পঃ
সাধারণ রোগীপ্রতি পথ্যের বরাদ্দ—		
(অ) এম, আর, বাঙ্গুর হাসপাতাল, টালিগঞ্জ এবং হাওড়া জেনারেল হাসপাতাল ব্যতীত অন্যান্য জেলা এবং মহকুমা হাসপাতাল ...		১·৫০, পঃ
(আ) এম, আর, বাঙ্গুর হাসপাতাল এবং হাওড়া জেনারেল হাসপাতাল		২:০০ পঃ
(খ) যক্ষ্মারোগীপ্রতি		২·৫০ পঃ
ঔষধের বরাদ্দ		
সকল হাসপাতাল ...	০·২৫ পঃ	১·০০ পঃ
পথ্যের বরাদ্দ		
সাধারণ রোগীপ্রতি		
(অ) শেঠ সুখলাল কারনানী মেমোরিয়াল হাসপাতাল ব্যতীত অন্যান্য হাসপাতাল ...		২·০০ পঃ
(আ) শেঠ সুখলাল কারনানী মেমোরিয়াল হাসপাতাল যক্ষ্মারোগী প্রতি ...		২·৫০ পঃ

(ক) এবং (খ) অনুচ্ছেদে উক্ত ঔষধের বরাদ্দ ছাড়া বিশেষ ঔষধাদির জন্য শয্যাপ্রতি কলিকাতা শহরের হাসপাতালসমূহের জন্য বার্ষিক ৬০ টাকা এবং অন্যান্য হাসপাতালের জন্য বার্ষিক ৫০ টাকা বরাদ্দ আছে।

ইহা ছাড়া অ্যান্টিবায়োটিক ঔষধ, সর্প এবং শৃগাল-কুকুর দংশনের প্রতিষেধক ঔষধ প্রয়োজনমত সরবরাহ করা হয়।

Adulteration in spices

***311.** (Admitted question No. *1441.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে লঙ্কা, হলুদ, গোল মরিচ ও সাবু দানাতে ভেজাল চলিতেছে, ইহা কি সরকার অবগত আছেন;

(খ) অবগত থাকিলে, ঐ ভেজাল সম্পর্কে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা ও তদন্তের ফলাফল কি; এবং

(গ) এই সকল দ্রব্যে ভেজাল প্রতিরোধের জন্য কি কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Health:

(ক) কোন কোন ক্ষেত্রে ভেজাল পাওয়া গিয়াছে।

(খ) প্রিভেনসন অফ ফুড অ্যাডালটারেশন অ্যাক্ট-এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। বিবরণী নিম্নে স্থাপিত হইল।

(গ) বিভিন্ন স্থানীয় কর্তৃপক্ষকে হুঁসিয়ার করিয়া দেওয়া হইয়াছে। খাদ্য পরিদর্শকগণ আজ্ঞানুসারে অধিকতর নমুনা সংগ্রহের কার্যে ব্যাপৃত রহিয়াছেন। সংগৃহীত নমুনাগুলি স্থানীয় বিশ্লেষণাগারে পরীক্ষান্তে ভেজাল প্রমাণিত খাদ্যের ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা রুজু করা হইয়াছে এবং হইতেছে। বিশ্লেষণাগারগুলিতে ব্যাপকভাবে কাজ চালাইবার জন্য প্রয়োজনমত কর্মচারীর সংখ্যাবৃদ্ধি করা হইতেছে।

Statement referred to in clause (Kha) in reply to starred question No. 311.

বিবরণী

দ্রব্যের নাম	কার্যকাল	গৃহীত নমুনার সংখ্যা	পরীক্ষীত নমুনার সংখ্যা	ভেজাল প্রমাণিত নমুনার সংখ্যা	কোন জিনিসের দ্বারা ভেজাল দেওয়া হইয়াছে	মামলা দায়েরের সংখ্যা	শাস্তিপ্রাপ্ত ব্যবসায়ীর সংখ্যা
১। [illegible]	১।১।৬৪ হইতে ১৫।৮।৬৪	১৬	১৫	৯	Siliceous matter, foreign Seeds, salt, Coalter dye.	৫	২
২। হলুদ	ঐ	৮১	৬৭	১৬	Siliceous matter, lead Compounds, Metaril yellow, Coalter dye, Wheat Starch.	১৬	১১
৩। গোলমরিচ	ঐ	২৯	২৮	১	Light bernes.	১	মামলা বিচারাধীন
৪। [illegible]	ঐ	১২	৩	..		..	..

Minimum wages for the municipal employees

***312.** (Admitted question No. *1003.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পৌর কর্মচারীদের জন্য অবিলম্বে নূতনভাবে সর্বনিম্ন বেতন আইন সংশোধন করিবার জন্য সরকার কোন চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Labour:

(ক) সর্বনিম্ন বেতন আইন পার্লামেন্ট কর্তৃক ১৯৬১ সালে সংশোধিত হইয়াছে, বর্তমানে সংশোধনের কথা সরকার চিন্তা করিতেছেন না। কারণ কোন প্রয়োজন দেখা দেয় নাই। মাননীয় সদস্য যদি পক্ষান্তরে জানিতে চান যে, পৌর কর্মচারীদের জন্য নির্ধারিত নিম্নতম বেতনের সংশোধন করার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা, তাহা হইলে বলা যায় যে, সরকার ঐরূপ চিন্তা করিতেছেন।

UNSTARRED QUESTIONS

(to which written anwsers were laid on the Table)

Block Development Committees for Blocks in Jhargram subdivision

522. (Admitted question No. 482.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতো: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার নিম্নলিখিত ব্লকগুলিতে ব্লক কমিটি গঠিত হইয়াছে কিনা: (১) নয়াগ্রাম, (২) গোপীবল্লভপুর-ওয়ান, (৩) গোপীবল্লভপুর-টু, (৪) সাঁকরাইল ও (৫) জামবনী;

(খ) গঠিত হইয়া থাকিলে—

(১) কবে এবং কাহাকে কাহাকে লইয়া গঠিত হইয়াছে; এবং

(২) কোন্ ব্লকের কয়টি অধিবেশন হইয়াছে এবং কি কি বিষয় আলোচিত হইয়াছে?

The Minister for State for Agriculture and Community Development:

(ক) নয়াগ্রাম, গোপীবল্লভপুর-ওয়ান, সাঁকরাইল ও জামবনী ব্লকে ব্লক কমিটি গঠিত হইয়াছে।

(খ) —

(১) নয়াগ্রাম ও গোপীবল্লভপুর ১নং ব্লক দুইটিতে ৬ই এপ্রিল ১৯৬৪ তারিখে, সাঁকরাইল ব্লকে ২৫এ অগাস্ট ১৯৬৪ তারিখে এবং জামবনী ব্লকে ২৪এ অগাস্ট ১৯৬৩ তারিখে ব্লক কমিটি গঠিত হইয়াছে।

উক্ত চারিটি ব্লক কমিটির সভ্যতালিকা ইহার সঙ্গে পৃথক পত্রে প্রদত্ত হইল।

(২) নয়াগ্রাম, গোপীবল্লভপুর ১নং ও সাঁকরাইল ব্লকের ব্লক কমিটি তিনটির কোনো অধিবেশন এই পর্যন্ত হয় নাই।

আবনী ব্লক কমিটির দুইটি অধিবেশন হইয়াছে এবং উহাতে নিম্ন বিষয়গুলি আলোচিত হয়—

(অ) ব্লক উন্নয়ন সমিতির অধিকার ও কর্তব্য সম্পর্কে সম্পাদকের বিবৃতি

(আ) ১৯৬২-৬৩ সালে বিভিন্ন খাতে ব্যয় সম্পর্কিত বিবৃতি পেশ ও উক্ত কমিটির অনুমোদন

(ই) বর্তমান বৎসরের বাজেট পেশ ও অনুমোদন

(ঈ) বিবিধ কৃষি প্রকল্প অনুমোদন

(উ) ব্লক উন্নয়ন সমিতিতে অন্তর্ভুক্তির জন্য মনোনয়ন (কো-অপসন)

(ঊ) অন্যান্য

(ঋ) বর্তমান বছরের বিভিন্ন প্রকল্প ও ব্যয়বরাদ্দের অনুমোদন

(৯) অন্যান্য।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 522.

List of the Members of the Block Development Committee for Nayagram Development Block.

1. Subdivisional Officer, Jhargram—Chairman.
2. Block Development Officer—Secretary.
3. Agriculture Extension Officer.
4. Inspector of Co-operative Societies.
5. Medical Officer-in-charge of Primary Health Centre.
6. Veterinary Assistant Surgeon.
7. Extension Officer, Industries.
8. Sub-Assistant Engineer (Overseer).
9. Extension Officer, Panchayat.
10. Sub-Inspector of Schools.
11. Social Education Organiser.
12. Mukhya Sevika.
13. Shri Subodh Hansda, M.P., village Jubrajpur, P.O. Jhargram.
14. Shri Debnath Hansda, M.L.A., village Saria, P.O. Chhatinasole, Midnapur.
15. Shri K. M. Chowdhury, President Panchayat, Union No. 1, village Pathardahara, P.O. Chandabila, Midnapur.
16. Shri R. C. Mahata, President Panchayat, Union No. 2, P.O. Chandabila, village Barakhakri, Midnapur.
17. Shri P. N. Kulia, President Panchayat, Union No. 3, village Chhottajharia, P.O. Nayagram, Midnapur.
18. Shri A. M. Sinha, President Panchayat, Union No. 4, village and P.O. Morchi, Midnapur.
19. Shri M. Mahakul, President Panchayat, Union No. 5, village and P.O. Kharikamathani, Midnapur.
20. Shri B. Chanda, President Panchayat, Union No. 6, village and P.O. Nayagram, Midnapur.
21. Shri B. R. Mahapatra, President Panchayat, Union No. 7, village and P. O. Jamirapal, Midnapur.

22 Shri N. Das, President Panchayat, Union No. 8, village Berajal, P.O. Kharikamathani, Midnapur.

23 Shri R. N. Mahato, President Panchayat, Union No. 9, village Patharbandh, P.O. Baligeria, Midnapur.

24 Shri G. Mahanti, President Panchayat, Union No. 10, P.O. Kusdiha, Midnapur.

25 Shri B. Bhunia, President Panchayat, Union No. 11, village Narar, P.O. Satpantia, Midnapur.

26 Shri S. N. Mahato, Elected Collection Panchayat, Union No. 1, village and P.O. Chandabila, Midnapur.

27 Shri M. Mahato, Elected Collection Panchayat, Union No. 2, village Barakhakri, P.O. Chandabila, Midnapur.

28 Shri Debendranath Pal, Elected Collection Panchayat, Union No. 3, village Malam, P.O. Nayagram, Midnapur.

29 Shri Sk. Saheb Jan Mian, Elected Collection Panchayat, Union No. 4, village and P.O. Morchi, Midnapur.

30 Shri Dibakar De, Elected Collection Panchayat, Union No. 5, village Dokra, P.O. Baligeria, Midnapur.

31 Shri Purna Chandra Das, Elected Collection Panchayat, Union No. 6, village and P.O. Nayagram, Midnapur.

32 Shri Rajendranath Kuila, Elected Collection Panchayat, Union No. 8, village Nerajal, P.O. Kharikamathani, Midnapur.

33 Shri Golak Behari Das Mahapatra, Elected Collection Panchayat Union No. 7, village and P.O. Jamirapal, Midnapur.

34 Shri Ashutosh Khan, Elected Collection Panchayat, Union No. 9, village and P.O. Baligeria, Midnapur.

35 Shri Harish Ch. Thayel, Elected Collection Panchayat, Union No. 10, village Ramkrishnapur, P.O. Dhamsai, Midnapur.

36 Shri Subodh Ch. Jana, elected Collection Panchayat, Union No. 11, village Narori, P.O. Satpantia, Midnapur.

List of the Members of the Block Development Committee for Gopiballavpur-I Development Block

1 Subdivisional Officer, Jhargram—Chairman.
2 Block Development Officer, Gopiballavpur-I—Secretary.
3 Agriculture Extension Officer.
4 Inspector of Co-operative Societies.
5 Medical Officer-in-charge of Primary Health Centre.
6 Veterinary Assistant Surgeon.
7 Extension Officer, Industries.
8 Sub-Assistant Engineer (Overseer).
9 Extension Officer (Panchayat).
10 Sub-Inspector of Schools.
11 Social Education Organiser.
12 Mukhya Sevika.
13 Shri Subodh Hansda, M.P., village Jubrajpur, P.O. Jhargram.
14 Shri Deb Nath Hansda, M.L.A., village Dhansosle, P.O. Saira.

15 Shri Sarat Chandra Patra, President Panchayat, Union No. I, village and P.O. Attangi.

16 Shri Satish Chandra Sahu, President Panchayat, Union No. II, village and P.O. Asanboni.

17 Shri Arabinda Pattanayak, President Panchayat, Union No. III, village Karuibura, P.O. Gopiballavpur.

18 Shri Charu Chandra Das, President Panchayat, Union No. IV, village and P.O. Gopiballavpur.

19 Shri Upendra Nath Pahri, President Panchayat, Union No. V, village and P.O. Alampur.

20 Shri Nagendra Nath Bala, Elected Member, Union No. I, village Gournayagram, P.O. Attangi.

21 Shri Bhubaneswar Basuri, Elected Member, Union No. II, village Ukta, P.O. Asanboni.

22 Shri Achyutananda Marial, Elected Member, Union No. III, village Narisole, P.O. Saira.

23 Shri Monoranjan Kundu, Elected Member, Union No. IV, village and P.O. Gopiballavpur.

24 Shri Gour Hari Mahapatra, Elected Member, Union No. V, village Gopalpur, P.O. Alampur.

List of the Members of the Block Development Committee for Sankrail Development Block

1 Subdivisional Officer, Jhargram—Chairman.

2 Block Development Officer, Sankrail—Secretary.

3. Agricultural Extension Officer.

4 Inspector of Co-operative Societies.

5 Medical Officer-in-charge of Primary Health Centre.

6 Veterinary Assistant Surgeon.

7 Extension Officer, Industries.

8 Sub-Assistant Engineer.

9 Extension Officer (Panchayat).

10 Sub-Inspector of Schools.

11 Social Education Organiser.

12 Mukhya Sevika.

13. Shri Subodh Hansda, M. P., Jubaraj,pur, P. O. Jhargram.

14 Shri Surendranath Mahata, M.L.A., P.O. Jhargram.

15 Shri Pitambar Besra, Member, District Board, Midnapur, P.O. Kultikri.

16 Shri Anil Chandra Das Prodhan, Anchal No. 1, village Banksole, P.O. Barkand-Ramchandrapur.

17 Shri Sashi Bhusan Mahata, Elected Member, village Jambedia, P.O. Barkand-Ramchandrapur.

18 Shri Umesh Chandra Dey, Prodhan, Anchal No. 2, village and P.O. Rogra.

19 Shri Purna Chandra Das, Elected Member, village and P.O. Rogra.

20 Shri Manmathanath Shee, Prodhan, Anchal No. 3, village Birdahi, P.O. Rohini.

21 Shri Kalicharan Paloi, Elected Member, Anchal No. 3, village Haripur.

22 Shri Ashutosh Surangi, Prodhan, Anchal No. 4, village and P.O. Rohini.

23 Shri Harish Chandra Mahapatra, Elected Member, Anchal No. 4, village and P.O. Rohini.

24 Shri Jnanranjan Mahata, Prodhan, Anchal No. 5, village Bhalukkulia, P.O. Rohini.

25 Shri Paresh Chandra Mahata, Elected Member, Anchal No. 5, village Haribhanga, P.O. Rohini.

26 Shri Kunja Behari Mahata, Prodhan, Anchal No. 6, village Nischinta, P.O. Dudhkundi.

27 Shri Ajit Kumar Pahari, Elected Member, Anchal No. 6, village Manikjhatia, P.O. Dudhkundi.

28 Shri Nakul Chandra Mahata, Prodhan, Anchal No. 7, village Tentla, P.O. Kushgeria.

29. Shri Satrughna Mahata, Elected Member, Anchal No. 7, village Khudmarai, P. O. Kushgeria.

30 Shri Banabehari Misra, Prodhan, Anchal No. 8, village Chirakuti, P.O. Keshiapida.

31 Shri Paritosh Kumar Bhunia, Elected Member, Anchal No. 8, village Cholaberia, P.O. Keshiapada.

32 Shri Matial Ghosh, Prodhan, Anchal No. 9, village and P.O. Kultikri.

33 Shri Harendranath Jana, Elected Member, Anchal No. 9, village Thengamara, P.O. Kultikri.

34 Shri Jnanendra Nath Prodhan, Prodhan, Anchal No. 10, village and P.O. Laudaha.

35. Shri Joynarayan Sarangi, Elected Member, Anchal No. 10, village and P.O. Laudaha.

List of the Members of the Block Development Committee for Jamboni Development Block

1 Subdivisional Officer, Jhargram—Chairman.

2 Block Development Officer, Jamboni—Secretary.

3. Agricultural Extension Officer.

4 Inspector of Co-operative Societies.

5 Medical Officer-in-charge of Primary Health Centre.

6 Veterinary Assistant Surgeon.

7 Extension Officer, Industries.

8 Sub-Assistant Engineer (Overseer).

9 Extension Officer (Panchayat).

10 Sub-Inspector of Schools, Gidni Circle.

11 Social Education Organiser.

12 Mukhya Sevika.

13 Shri Subodh Hansda, M.P., village Jubrajpur, P.O. Jhargram.

14 Shri Mahendranath Mahata, M.L.A. and Chairman, District Board, Midnapur.

15 Shri Mohini Mohan Pani, President Panchayat, Union No. 1.

16 Shri Bhupati Charan Patra, President Panchayat, Union No. 2.
17 Shri Krishna Kamal Kar, President Panchayat, Union No. 3.
18 Shri Upendra Nath Mahato, President Panchayat, Union No. 4.
19. Shri Sankhunath Sarangi, President Panchayat, Union No. 5.
20 Shri Golak Bh. Shit, President Panchayat, Union No. 6.
21 Shri Ramjiban Show, President Panchayat, Union No. 7.
22 Shri Fakir Ch. Show, Elected Member, Union No. 1.
23 Shri Manik Ch. Patra, Elected Member, Union No. 2.
24 Shri Dhaneswar Pani, Elected Member, Union No. 3.
25 Shri Bhupati Charan Mahata, Elected Member, Union No. 4.
26 Shri Bhabani Ch. Rana, Elected Member, Union No. 5.
27 Shri Jugal Krishna Rana, Elected Member, Union No. 6.
28 Shri Atul Ch. Kuila, Elected Member, Union No. 7.

Unemployed gold artisans in Patashpur Police-station, Midnapore

523. (Admitted question No. 898.)

শ্রীরাধানাথ দাস অধিকারী: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর থানার যতজন স্বর্ণশিল্পী স্বর্ণ নিয়ন্ত্রণ আদেশ চালু হওয়ার ফলে বেকার হইয়াছেন;

(খ) উহাদের মধ্যে কতজন সরকার হইতে সাহায্য পাইয়াছেন ও কতজনের সাহায্যের আবেদন বিবেচনাধীন আছে; এবং

(গ) ইহাদের মধ্যে কতজন ব্যবসা-ঋণ পাইবার জন্য আবেদন করিয়াছিলেন ও কতজন এই ঋণ পাইয়াছেন?

The Minister for Labour:

(ক) জানা নাই।

(খ) পটাশপুর থানার স্বর্ণশিল্পীদের মধ্যে ১৬৬ জন খয়রাতি সাহায্য পাইয়াছেন। ৪০টি আবেদন এখনও বিবেচনাধীন আছে।

(গ) উক্ত স্বর্ণশিল্পীদের নিকট হইতে ব্যবসায়ের জন্য ঋণের আবেদন একটিও পাওয়া যায় নাই।

Supply of sugar to confectioneries and tea-stalls in Katwa and Dainhata

524. (Admitted question No. 972.)

শ্রীনারায়ণ দাস দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাটোয়া ও দাঁইহাট শহরে মিষ্টি ব্যবসায়ী এবং চায়ের [illegible] চিনি সরবরাহ করিবার কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কতজনকে ও কি পরিমাণে চিনি দিবার ব্যবস্থা আছে; এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে তাহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) অপ্রতুলতার দরুন মিষ্টি ব্যবসায়ী ও চায়ের স্টলে কোন চিনি সরবরাহ করা হয় না। এখানে উল্লেখ করা যায় যে, কিছু আটক করা চিনি বর্তমানে উল্লিখিত ব্যবসায়ীদের মধ্যে বিলি করা হইতেছে।

(খ) ক-এ উল্লিখিত আটক চিনি হইতে এ যাবত ১২ জন মিষ্টি ব্যবসায়ীর মধ্যে প্রতি ব্যবসায়ীকে ৮ কিলো হিসাবে এবং ১৯টি চায়ের স্টলে, প্রতি স্টলে ৩ কিলো হিসাবে বণ্টন করা হইয়াছে।

(গ) এ প্রশ্ন উঠে না।

Girls' School attached to Jagatpur Adarsha Vidyalaya in Howrah district

525. (Admitted question No. 1078.) **Shri Abani Kumar Basu:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if there is any Girls' Junior High or High School attached to Jagatpur Adarsha Vidyalaya in the district of Howrah?

(b) If the answer be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the name of the said School;

(ii) whether the institution is a Junior High or High School;

(iii) the classwise enrolment of the said School;

(iv) the amount of grant received every year under different heads since the inception of the School;

(v) the date when the School was last inspected by the District Inspector of Schools;

(vi) the names of the members of the Managing Committee of the said school;

(vii) whether there is a Girls' Hostel attached to the said School; and

(viii) if so, the amount the school has received as grant for the construction of Girls' Hostel.

The Minister for Education: (a) No. There is a separate Junior High School for Girls named Jagatpur Adarsha Balika Vidyalaya under a separate Managing Committee in a separate building.

(b) Particulars regarding that school are as follows:

(i) Jagatpur Adarsha Balika Vidyalaya (IV-Class Junior High School).

(ii) IV-Class Junior High School.

(iii) Enrolment (classwise):

V—42.

VI—27.

VII—38.

VIII—28.

(iv) Lump grant from Board of Secondary Education, West Bengal:

1957-58—Rs. 960.00.

1958-59—Rs. 1,000.00.

1959-60—Rs. 1,000.00.

For Twin Teachers' quarters Rs. 5,250.00 from Government.

1960-61—Rs. 1,000.00.

1961-62—Rs. 1,480.00.

1962-63—Rs. 1,490.00.

1963-64—A Memo. for a lump grant of Rs. 1,500.00 has been received by the School, but has not yet been cashed.

(v) The District Inspector of Schools (Howrah) paid a visit to the School on the 29th July, 1964.

(vi) 1. Dr. D. N. Das. 2. Shri Gunadhar Mondal. 3. Shri Kalipada Das. 4. Shri Bhawani Chandra Das. 5. Shri Nagendra Nath Dasgupta. 6. Shri Adhir Chandra Gayen. 7. Head Mistress (ex-officio). 8. Sm. Raseswari Pal. 9. Sm. Gangamani Sadhukhan. 10. Sub-Inspector of Schools, Uluberia North.

(vii) No.

(viii) Does not arise.

Tubewells in Sankrail police-station, Howrah

526. (Admitted question No. 1109.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state whether the Government has got a plan for resinking the out of order tubewells and sinking new ones in Sankrail police-station area?

The Minister for Health: Under the normal Rural Water Supply Programme of the Health Department, every year a district-wise allocation of tubewells (both sinking of new tubewells and resinking of derelict ones) is made by Government on the basis of the annual provision of funds in the Health Budget, but the tubewells, etc., in different Blocks is made by the District Magistrate in consultation with the District Health Committee and the Block Development Committees according to priority of needs of the different village. Under the Rural Water Supply Programme of 1963-64, two new sinking and two resinking of tubewells were taken up in Sankrail area and these works are in progress. Current year's allotment of water supply sources for this area out of the district quota is not yet known. In addition to this arrangement a sum of Rs. 50,000 will be provided under Community Development Programme for meeting the cost of water supply during the Stage I of the Block.

Upgrading of Sheoraphuly Netaji Vidyamandir, Hooghly

527. (Admitted question No. 1111.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether Netaji Vidyamandir, P.O. Sheoraphully, has been upgraded;

(b) if so, when it was upgraded; and

(c) how many students passed the School Final Examination and the percentage of passes in the previous two years before it was upgraded?

The Minister for Education: (a) Yes.

(b) It was upgraded with effect from March, 1961, with permission to introduce Humanities Stream only.

(c) The School was first recognised as a High School with effect from 1st April, 1960 and as such there was no candidate for the School Final Examination in the previous two years before it was upgraded.

High and Higher Secondary Schools in Hooghly district

528. (Admitted question No. 1113.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the names and addresses of High and Higher Secondary Schools in Hooghly district;

(b) the names of the Schools under grant-in-aid scheme in the said district; and

(c) how many of these aided Schools have got science course?

The Minister for Education: (a) A list of such Schools is laid on the Table.

(b) Such Schools have been marked "Aided" in the list mentioned against (a) above.

(c) Eighty-six such Schools have got "Science" course up to 1963-64.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 528.

A list of High Schools in the district of Hooghly

BOYS—AIDED

1 Akna Union High School, P.O. Akna.
2 Babnan High School, P.O. Babnan.
3 Baksha Bindubasini Niharbala Vidyalaya, P.O. Baksha.
4 Bandel St. John's High School, P.O. Hooghly.
5 Bandel Vidyamandir, P.O. Bandel.
6 Bansberia Municipal High School, Shibpore, P.O. Tribeni.
7 Bantika High School, P.O. Boinchee (unaided).
8 Baruipara Rakhal Vidyapith, P.O. Baruipara.
9 Batanal Union High School, P.O. Batanal.
10 Beraberi Suryanarayan Memorial High School, P.O. Beraberi.
11 Bhonpur-Jajneswar Vidyapith, P.O. Boinchee.
12 Boinchee B. L. Mukherjee's Free Institution, P.O. Boincheegram.
13 Champadani Nibaran Mukhopadhyay Vidyamandir, P.O. Baidyabati.
14 Chhanakra High School, P.O. Harinkhola.
15 Damdama Narendra Memorial High School, P.O. Ayema Nawabpur.
16 Dankuni Sri Ramkrishna Vidyasram, P.O. Dankuni.
17 Dedhara A. P. High School, P.O. Kananadi.
18 Dhanyaghori High School, P.O. Bander via Ghatal.
19 Dihi Bagnan K. B. Roy High School, P.O. Dihi Bagnan.
20 Dumurdaha Dhrubananda High School, P.O. Dumurdaha.
21 Ghoshpur Union Netaji Bidyapith, P.O. Ghoshpur.
22 Gourhati Haradas Institution, P.O. Gutipara.
23 Guti Udaichand Vidyamandir, P.O. Guti.
24 Haral Daspur Tinkari Shibani-Prasad High School, P.O. Haral Daspur.
25 Hatni Purna Chandra Vidyamandir, P.O. Hatni.
26 Hooghly Gauhari Harijan Vidyamandir, P.O. Hooghly.
27 Hooghly Madhyamik Sikshayatan, Antarbagan, P.O. Chinsurah.
28 Ichapur High School, P.O. Gopinagar.
29 Jajur High School, P.O. Jajur.

30 Jangalpara Krishnarampur Deshapran High School, P.O. Jangalpara Bazar.

31 Jirat Colony High School, P.O. Jirat.

32. Khanakul-Krishnagar Jnanada Institution, Gopalnagar, P. O. Nangaulpara.

33 Kotrang Bhupendra Smriti Vidyalaya, P.O. Bhadrakali.

34 Lakshmanpur Panchanan High School, P.O. Lakshmanpur.

35 Madhubati Surabala Vidyamandir, P.O. Balarambati.

36 Magra Uttamchandra High School, P.O. Magra.

37 Marokhana High School, P.O. Marokhana.

38 Masat Aptap Mitra High School, P.O. Masat.

39 Milangarh Sikshaniketan, P.O. Milangarh via Bandel.

40 Moyal Karali Charan Ray Institution, P.O. Mayal Bandipur.

41 Parambua Jagadhatri High School, P.O. Chenchua.

42 Pawnan Radharani High School, P.O. Pawnan.

43 Pursurah High School, P.O. Pursurah.

44 Ramnagar Atul Vidyalaya, Village Ramnagar, P.O. Khanakul.

45. Ramnathpur Kumirmorah Ashutosh Nanilal High School, P. O. Kumirmorah.

46 Rishra Vidyapith, 22 Gandhi Sarak, P.O. Rishra.

47 Sugandhya High School, P.O. Sugandhya.

48 Thakuranichak Union High School, P.O. Thakuranichak.

49 Uttarpara Hind Motors High School, P.O. Uttarpara.

50 Uttarpara Union High School, P.O. Uttarpara.

GIRLS—AIDED

51 Ayeda Satyabrata Balika Vidyalaya, P.O. Ayeda Kismat.

52 Baidyabati Charushila Bose Balika Vidyalaya, P.O. Baidyabati.

53 Bora Madhusudan Balika Vidyalaya, P.O. Bora.

54 Chatra Nandalal Institution for Girls, Bazar Road, Chatra, P.O. Serampore.

55 Chinsurah Balika Siksha Mandir, Seal's Lane, P.O. Chinsurah.

56 Garalgacha Balika Vidyalaya, P.O. Garalgacha.

57 Haripal Tirthabasi Girls' High School, P.O. Haripal.

58 Jirat Asutosh Smriti Mandir Balika Bidyalaya, P.O. Jirat.

59 Mogra Provabati Balika Vidyalaya, P.O. Mogra.

60 Radha Govinda Nagor R. P. Balika Vidyalaya, P.O. Bhadrakali.

61 Sahaganj Fulkumari Girls' High School, P.O. Sahaganj.

62 Serampore Mission Girls' High School, 25 High Street, P.O. Serampore.

63 Sheakhala Benimadhab Girls' High School, P.O. Sheakhala.

64 Singur Golapmohini Mallick Girls' High School, P.O. Singur.

65 Sripur Radharani Vidyamandir for Girls, P.O. Sripur Bazar.

66 Tarakeswar Girls' High School, P.O. Tarakeswar.

67 Telinipara Bhadreswar Girls' High School, P.O. Bhadreswar.

68 Tribeni Girls' High School, P.O. Tribeni.

69 Uttarpara Union Girls' High School, P.O. Uttarpara.

A list of Higher Secondary Schools in the district of Hooghly.

	Name of school.		Course sanctioned. H-Humanities, Agri-Agriculture, Sc-Science, Tech-Technical, Com-Commerce.			
1.	Hooghly Collegiate School, P. O. Hooghly..	Govt.	H.	Sc.	Tech.	
2.	Uttarpara Government High School P. O. Uttarpara.	Govt.	H.	Sc.	Tech.	
3.	Itachuna Srinarayan Institution, P. O. Itachuna.	Aided	H.	Sc.	Tech.	Agr.
4.	Konnagar High School, P. O. Konnagar ..	Aided	H.	Sc.	Tech.	
5.	Chandernagore Krishna Bhamini-Nari Siksha Mandir, P. O. Chandernagore.	Aided	H.	Sc.	Home Sc.	
6.	Anur High School, P. O. Anur ..	Aided	H.	Sc.	Com.	
7.	Baidyabati Banamali Mookherjee Institution, P. O. Baidyabati.	Aided	H.	Sc.	Com.	
8.	Bhanderhati B. M. Institution, P. O. Bhanderhati.	Aided	H.	Sc.		
9.	Antpur High School, P. O. Antpur ..	Aided	H.	Sc.	Agr.	
10.	Chatra Nandalal Institution, P. O. Serampore.	Aided	H.	Sc.	Com.	
11.	Jangipara D. N. High School, P. O. Jangipara.	Aided	H.	Sc.	Com.	
12.	Serampore Union Institution, P. O. Serampore.	Aided	H.	Sc.		
13.	Singur Mahamaya High School, P. O. Singur.	Aided	H.	Sc.	Com.	
14.	Telinipara Bhadreswar High School, P. O. Bhadreswar.	Aided	H.	Sc.	Com.	
15.	Uttarpara Amarendra Vidyapith, P. O. Uttarpara.	Aided	H.	Sc.	Com.	
16.	Bakulia Rajendranath Institution, P. O. Bakuliagram.	Aided	H.	Sc.		
17.	Champadanga High School, P. O. Champadanga.	Aided	H.	Sc.		
18.	Dwarhatta Rajeswari Institution, P. O. Dwarhatta.	Aided	H.	Sc.		
19.	Seakhola Beni Madhab High School, P. O. Seakhola.	Aided	H.	Sc.	Com.	
20.	Ghutiabazar Binodini Girls' High School, P. O. Ghutiabazar.	Aided	H.	Sc.		
21.	Bhadrakali High School, P. O. Badrakali	Aided	H.	Sc.	Com.	
22.	Bengai High School, P. O. Bengai ..	Aided	H.	Sc.	Agr.	
23.	Bhangamora Nutangram Kedarnath China Memorial Institution, P. O. Bhangamora.	Aided	H.	Sc.		
24.	Chinsurah Duff High School, P. O. Chinsurah.	Aided	H.	Sc.	Com.	
25.	Gurup Ramanikanta Institution, P. O. Gurup.	Aided	H.	Sc.	Com.	
26.	Janai Training High School, P. O. Janai ..	Aided	H.	Sc.	Com.	
27.	Prabartak Vidyarthi Bhaban, P. O Chandernagore.	Aided	H.	Sc.	Com.	
28.	Chinsurah Balika Bani Mandir, P. O. Chinsurah.	Aided	H.			
29.	Keshabpur Mahendra Institution, P. O. Tarakeswar.	Aided	H.	Sc.	Agr.	

A list of Higher Secondary Schools in the district of Hooghly.

	Name of school.		Course sanctioned. H-Humanities, Agri-Agriculture, Sc-Science, Tech-Technical, Com-Commerce.		
30.	Bagati Ramgopal Ghosh High School, P. O. Mogra.	Aided	H.	Sc.	Com.
31.	Natibpur Bhudev Vidyalaya, P. O. Natibpur.	Aided	H.	Sc.	
32.	Hooghly Girls' High Schlool, P. O. Hooghly.	Aided	H.		
33.	Prabartak Nari Mandir Girls' High School. P. O. Chandernagore.	Aided	H.		
34.	Ushangiri Balika Vidyalaya, P. O. Chandernagore.	Aided	H.		
35.	Uttarpara Girls' High School, P. O. Uttarpara.	Aided	H.	Home Sc.	
36.	Serampore Girls' High School, P. O. Serampore.	Aided	H.	Sc.	
37.	Nabagram Hiralal Paul Balika Vidyalaya, P. O. Konnagar.	Aided	H.	Sc.	Home Sc.
38.	Bansberia High School, P. O. Bansberia ..	Aided	H.	Sc.	
39.	Mahesh High School, 8 Jannagar Road, P. O. Rishra.	Aided	H.	Sc.	
40.	Haripal G. D. High School, P. O. Haripal	Aided	H.	Sc.	Com.
41.	Bora Madhusudan High School, P. O. Bora.	Aided	H.	Sc.	Com.
42.	Kanailal Vidyamandir, P. O. Chandernagore	Aided	H.	Sc.	Com.
43.	Dashghara High School, P. O. Dasghara ..	Aided	H.	Sc.	Com.
44.	Arambag High School, P. O. Arambag ..	Aided	H.	Sc.	
45.	Hooghly Branch School, P. O. Hooghly ..	Govt.	H.	Sc.	
46.	Puinan High School, P. O. Puinan ..	Aided	H.	Sc.	
47.	Akuni B. G. High School, P. O. Akuni ..	Aided	H.	Sc.	Com.
48.	Balagarh High School, P. O. Balagarh ..	Aided	H.	Sc.	
49.	Bansberia Girls' High School, P. O. Bansberia.	Aided	H.		
50.	Serampore Ramesh Chandra Girls' High School.	Aided	H.	Sc.	
51.	Rishra Girls' High School, P. O. Rishra ..	Aided	H.	Sc.	
52.	Chandernagore Lalbagan Balika Vidyalaya	Aided	H.		
53.	Rishra High School, P. O. Rishra ..	Aided	H.	Sc.	
54.	Garbati High School, P. O. Buroshibtola ..	Aided	H.	Sc.	
55.	Chinsurah Deshbandhu Memorial High School.	Aided	H.	Sc.	
56.	Durgacharan Rakshit Banga Vidyalaya, P.O. Chandernagore.	Aided	H.	Sc.	Com.
57.	Sekendarpur Rai K. P. Pal Bahadur High School, P. O. Helan.	Aided	H.	Sc.	
58.	Goghat High School, P. O. Goghat ..	Aided	H.	Sc.	

A list of Higher Secondary Schools in the district of Hooghly.

	Name of school.		Course sanctioned. H-Humanities, Agri-Agriculture, Sc-Science, Tech-Technical, Com-Commerce.		
59.	Jangalpara Bagula Charan Kundu Memorial High School, P. O. Jangalpara.	Aided	H.	Sc.	Com.
60.	Konnagar Nabagram Vidyapith, P. O. Nabagram	Aided	H.	Sc.	
61.	Anandanagar A. C. Roy High School, P. O. Anandanagar.	Aided	H.		
62.	Dwarbasini Kumar Rajendra High School, P. O. Dwarbasini.	Aided	H.	Sc.	
63.	Belnuri Union Institution, P. O. Belnuri	Aided	H.	Sc.	
64.	Deulpara Bhudhari Nath Vidyaniketan, P. O. Deulpara.	Aided	H.	Sc.	Com.
65.	Chandernagore Banga Vidyalaya, P. O. Chandernagore.	Aided	H.	Sc.	Com.
66.	Pandua Sasibhusan Saha High School, P. O. Pandua.	Aided	H.	Sc.	
67.	Ilsoba Mondlai High School, P. O. Ilsoba	Aided	H.		
68.	Bhastara Jajneswar High School, P. O. Bhastara.	Aided	H.	Sc.	
69.	Ghutiabazar Mallickbati Pathsala, P. O. Hooghly.	Aided	H.	Sc.	
70.	Makhla Debiswari Vidyanikotan, P. O. Makhla.	Aided	H.		
71.	Pandua Radharani Girls' High School, P.O. Pandua.	Aided	H.	Sc.	
72.	Nandanpur Rupchand Academy, P. O. Nandanpur.	Aided	H.		
73.	Tirol High School, P. O. Tirol.. ..	Aided	H.	Sc.	Com.
74.	Garalgachha High School, P. O Garalgachha.	Aided	H.	Sc.	
75.	Somra Durgacharan High School, P. O. Somra.	Aided	H.		
76.	Rajbalhat High School, P. O. Rajbalhat	Aided	H.	Sc.	
77.	Konnagar Rajendra Smriti Vidyalaya, P. O. Konnagar.	Aided	H.	Sc.	Com.
78.	Tarakeswar High School, P. O. Tarakeswar	Aided	H.	Sc.	Com.
79.	Talpur Pathsala, P. O. Talpur.. ..	Aided	H.	Sc.	
80.	Mahesh Parameswari Balika Vidyalaya, P. O. Rishra.	Aided	H.		

A list of Higher Secondary Schools in the district of Hooghly.

	Name of school.		Course sanctioned. H-Humanities, Agri-Agriculture, Sc-Science, Tech-Technical, Com-Commerce.		
81.	Bhadrakali Deshapriya Balika Vidyamandir, P. O. Bhadrakali.	Aided	H.		
82.	Bhadreswar Dharmatala Girls' High School, P. O. Bhadreswar.	Aided	H.		
83.	Arambag Girls' High School, P. O. Arambag.	Aided	H.	Sc.	
84.	Telinipara Bhadreswar Girls, High School, P. O. Bhadreswar.	Aided	H.		
85.	Kamarpur R. K. Mission Multipurpose School, P. O. Kamarpur.	Aided	H.	Sc.	Agr.
86.	Dakshindihi High School, P. O. Dakshindihi	Aided	H.		
87.	Moloypur High School, P. O. Moloypur ..	Aided	H.	Sc.	
88.	Konnagar Hindu Girls' High School, P. O. Konnagar.	Aided	H.		
89.	Dhaniakhali Mahamaya Vidyamandir, P. O. Dhaniakhali.	Aided	H.	Sc.	
90.	Serampore High School, P. O. Serampore	Aided	H.	Sc.	
91.	Guptipara High School, P. O. Guptipara	Aided	H.	Sc.	
92.	Gossain Malipara High School, P. O. Gossain Malipara.	Aided	H.		
93.	Digra Mallickbati Deshbandhu Vidyapith, P. O. Bhadreswar.	Aided	H.	Sc.	
94.	Mahesh Sri Ramkrishna Ashram Vidyalaya, P. O. Rishra.	Aided	H.	Sc.	
95.	Bahirkhand Girish Institution, P. O. Bahirkhand.	Aided	H.	Sc.	
96.	Nalikul Deshbandhu Banimandir, P. O. Nalikul.	Aided	H.	Sc.	
97.	Dr. Sital Prasad Ghosh Adarsha Sikshalaya, P. O. Chandernagore.	Aided	H.	Sc.	Com.
98.	Kanaipur High School, P. O. Kanaipur ..	Aided	H.	..	Com.
99.	Jamgram Janardan Institution, P. O. Jamgram.	Aided	H.		
100.	Kalipur Swamiji High School, P. O. Arambag.	Aided	H.	Sc.	

A list of Higher Secondary Schools in the district of Hooghly.

	Name of School.		Course sanctioned. H-Humanities, Agri-Agriculture, Sc-Science, Tech-Technical, Com.Commerce.		
101.	Bajua High School, P. O. Bajua ..	Aided	H.	Sc.	
102.	Shyampur High School, P. O. Purshyampur	Aided	H.	Sc.	
103.	Chandrahati Dilip Kumar High School, P. O. Triboni.	Aided	H.	Sc.	
104.	Shyama Prosad Jatiya Vidyalaya, P. O. Sahaganj.	Aided	H.		
105.	Damdama N. M. High School, P.O. Ayama	Aided	H.		
106.	Baradangal Ramnath Institution, P. O. Baradangal.	Aided	H.	Sc.	
107.	Daulatpur Daluigachha Bharati Vidyalaya, P. O. Pargopalnagar.	Aided	H.	Sc.	
108.	Guptipara Girls' High School, P. O. Guptipara.	Aided	H.		
109.	Saradeswari Kanya Vidyapith, P. O. Itachuna.	Aided	H.	Sc.	
110.	Badanganj High School, P. O. Badanganj	Aided	H.		
111.	Bali High School, P. O. Bali	Aided	H.	Sc.	
112.	Bandipur High School, P. O. Bandipur ..	Aided	H.	Sc.	
113.	Campdani Arya Vidyapith, P. O. Baidyabati.	Aided	H.	..	Com.
114.	Chinsurah S.C. Shome Training Academy, P.O Chinsurah.	Aided	H.	..	Com.
115.	Gurbari Mukunda Ballav A, C. High School, P. O. Ghopa.	Aided	H.		
116.	Kinkarbati Agricultural Institution, P. O. Kinkarbati.	Aided	H		
117.	Muthadanga Ramkrishna High School, P. O. Mayapur.	Aided	H.	Sc.	
118.	Serampore Town Academy, P. O. Serampore.	Aided	H.		
119.	Sheoraphuli Netaji Vidyamandir, P. O. .. Sheoraphuli.	..	H.	Sc.	
120.	Bhadreswar Sarada Palli Kannya Vidyapith for Girls, P. O. Bhadreswar.	Aided	H.	Sc.	
121.	Boinche Binapani Balika Vidyalaya, P. O. Boinchegram.	..	H.		
122.	Dhaniakhali Pankaj Debi Girls' School, P. O. Dhaniakhali.	Aided	H.		
123.	Dunlop Girls' (Jr). High School ..	..	H.		

Extension of Kadamtala-Domjur Bus Route to Baragachia, Howrah

529. (Admitted question No. 1114.)

শ্রীঅনাদি দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় কদমতলা হইতে ডোমজুড় পর্যন্ত যে বাসরুট আছে তাহা বড়গাছিয়া পর্যন্ত বিস্তৃত করার কোন পরিকল্পনা আছে কিনা ;

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ সময় হইতে তাহা কার্যকরী করা হইবে এবং পরিকল্পনা না থাকিলে, এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন কিনা ;

(গ) ইহা কি সত্য যে, হাওড়া-আমতা ও হাওড়া-শিয়াখালা লাইট রেলওয়ে উঠিয়া যাইবার সম্ভাবনা দেখা দিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে, এই অঞ্চলের লোকের যাতায়াতের জন্য সরকার কোন বিকল্প ব্যবস্থা করিতেছেন কিনা?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটি সংশ্লিষ্ট বিভাগের বিবেচনাধীন আছে।

(গ) ও (ঘ) গত কয়েক বৎসর মার্টিন বার্ন লিমিটেডের পরিচালনাধীন হাওড়া-আমতা, হাওড়া-শিয়াখালা প্রভৃতি লাইট রেলে আর্থিক অস্বচ্ছলতার দরুণ ঐ লাইনগুলি যাহাতে উঠিয়া না যায়, এজন্য উক্ত কোম্পানী সরকারের নিকট—আর্থিক সাহায্য প্রার্থনা করিয়াছেন, ঐ প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Minimum Wage Order to Lok Sevak Patrika staff

530. (Admitted question No. 1116.) **Dr. Kanai Lal Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Depratment be pleased to state—

(a) whether the proprietor of Lok Sevak Patrika has implemented the minimum wage order and is paying the minimum wages to its employees and reporters; and

(b) if not, what steps the Government propose to take in this matter?

The Minister for Labour: (a) The working journalists in the Lok Sevak are covered by the Wage Order, dated 29th May, 1959, issued under the Working Journalists (Fixation of Rates of Wages) Act, 1958, which has not been implemented by the management and the working journalists are not being paid in accordance with that Order.

(b) Steps are being taken under the Working Journalists (Fixation of Rates of Wages) Act, 1958, to prosecute the management for violation of the Wage Order.

Lalat-Janaka Road in Midnapore district

531. (Admitted question No. 1123.)

শ্রীরাধানাথ দাস অধিকারী: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ললাট-জনকা রোডের মোট দৈর্ঘ্য কত; এবং

(খ) উঁহাকে কয় ভাগে ভাগ করিয়া কোন্ কোন্ ভাগ কোন্ পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) আনুমানিক ৩৬ মাইল।

(খ) সম্পূর্ণ রাস্তাটি এখনও গৃহীত হয় নাই। তবে এই রাস্তাটির খেজুরী-হেঁড়্যা অংশ (১৩ মাইল) হেঁড়্যা-মুগবেড়িয়া অংশ (৬ মাইল) ২য় পরিকল্পনায় এবং মুগবেড়িয়া-ইটাবেড়িয়া অংশ (৪ মাইল) ৩য় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হইয়াছে।

Suri-Rajnagar Road to Sisal Farm, Birbhum

532. (Admitted question No. 1142.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার সিউড়ী-রাজনগর রাস্তা হইতে একটি রাস্তা (পাকা) সিসাল ফার্ম, আলিগড় পর্যন্ত মঞ্জুরী লাভ করিয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) এই রাস্তাটির কাজ আরম্ভ হয় নাই কেন; এবং

(২) এই রাস্তাটির কাজ কখন আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রয়োজনীয় জমির দখল না পাওয়ায়;

(২) জমির দখল পাইলে এই বর্ষার পরেই।

Progress of Lalat-Janaka Road

533. (Admitted question No. 1179.)

শ্রীরাধানাথ দাস অধিকারী: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ললাট-জনকা রোডের কতখানি অংশের নির্মাণকার্য সমাধা হইয়াছে ও কোন কোন অংশের নির্মাণকার্য চলিতেছে;

(খ) ইহা কি সত্য যে, কাঁথি হইয়া রসুলপুর নদী পার করাইয়া মালপত্রাদি বহন করা হইতেছে?

The Minister for Public Works (Roads):

(ক) ললাট-জনকা রাস্তার দ্বিতীয় পরিকল্পনাকালে গৃহীত খেজুরী-হেঁড়্যা ও হেঁড়্যা-মুগবেড়িয়া অংশ এবং তৃতীয় পরিকল্পনাকালে গৃহীত মুগবেড়িয়া-ইটাবেড়িয়া অংশে নির্মাণকার্য চলিতেছে।

(খ) হ্যাঁ।

Bridges on Mechada-Digha Road, Midnapore

534. (Admitted question No. 1200.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মেছেদা-দীঘা রাস্তায় কোন্ কোন্ নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা আছে ;

(খ) উহাদের প্রত্যেকটির এস্টিমেট কত এবং উহাদের জন্য কন্ট্রাক্টর নিযুক্ত হইয়াছে কিনা ;

(গ) উহাদের নির্মাণ কাজ কবে আরম্ভ হইবে; এবং

(ঘ) এই রাস্তাটিকে উত্তরদিকে বাড়াইয়া কলিকাতা-কটক রাস্তার সঙ্গে যোগদানের কোন পরিকল্পনা আছে কিনা ;

(ঙ) পরিকল্পনা থাকিলে তাহার এস্টিমেট কত?

The Minister for Public Works (Roads):

(ক) রসুলপুর এবং হলদি নদীর উপর।

(খ) রসুলপুরের উপর সেতুর এস্টিমেট ১০·৪৯ লক্ষ টাকা; কন্ট্রাক্টর নিযুক্ত হইয়াছে। হলদির উপর সেতুর এস্টিমেট এখনও প্রস্তুত হয় নাই ; ডিজাইন এবং অন্যান্য প্রাথমিক কাজের ব্যবস্থা করা হইতেছে।

(গ) রসুলপুর সেতুর নির্মাণ কাজ আরম্ভ হইয়া গিয়াছে। প্রাথমিক কার্যাদি শেষ হওয়ার পূর্বে হলদির উপরে সেতু নির্মাণের কাজ আরম্ভ করার প্রশ্ন উঠে না।

(ঘ) হ্যাঁ, ৬নং জাতীয় সড়ক পর্যন্ত বাড়াইবার পরিকল্পনা আছে।

(ঙ) ঐ রাস্তার জন্য প্রয়োজনীয় সমগ্র কাজের এস্টিমেট এখনও প্রস্তুত করা হয় নাই।

Orissa rice and paddy in West Bengal

535. (Admitted question No. 1209.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর এযাবত উড়িষ্যা রাজ্য হইতে যেসব চাউল ও ধান সরাসরি সরকারের মাধ্যমে ও ব্যবসায়ীদের মাধ্যমে পশ্চিমবঙ্গে আসিয়াছে তাহার মধ্যে কত পরিমাণ মেদিনীপুর জেলায় আসিয়াছে ; এবং

(খ) কত পরিমাণ খোলা বাজারে এবং কত পরিমাণ রেশনের মাধ্যমে বণ্টন হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) এই বৎসর ১২ই আগস্ট পর্যন্ত উড়িষ্যা রাজ্য হইতে ব্যবসায়ীদের মাধ্যমে পশ্চিমবঙ্গে আসিয়াছে ৭৬,৭৯০ মেট্রিক টন চাউল ও ৬,৭৩৮ মেট্রিক টন ধান। উহার মধ্যে ৩০৬ মেট্রিক টন চাউল ও ১,০৪৮ মেট্রিক টন ধান আসিয়াছে মেদিনীপুর জেলায়।

এই বৎসর উড়িষ্যা রাজ্য হইতে সরাসরি সরকারের মাধ্যমে কোন চাউল বা ধান পশ্চিমবঙ্গে আসে নাই।

(খ) উক্ত আমদানিকৃত সমুদয় চাউল ও ধানই খোলা বাজারে বিক্রীত হইয়াছে ও হইবে।

Blocks in Midnapore district

536. (Admitted question No. 1211.)

শ্রী[illegible]ন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লক ১৯৬০ সাল বা তৎপূর্বে গঠিত হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কোন্ কোন্‌টির নিজস্ব ঘর আছে বা জায়গা সংগৃহীত হইয়াছে;

(গ) বাকীগুলির গৃহনির্মাণ বা স্থান সংগ্রহের কাজ কোন্ পর্যায়ে আছে; এবং

(ঘ) কতদিনের মধ্যে এগুলির গৃহনির্মাণ বা স্থান নির্বাচন শেষ হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এই সঙ্গে একটি তালিকা দেওয়া হইল।

(খ) (১) ঝাড়গ্রাম, খেজুরী, ভগবানপুর ১, তমলুক ১, বিনপুর ১, বিনপুর ২, চন্দ্রকোণা ১, চন্দ্রকোণা ২, ব্লকের নিজস্ব ঘর আছে।

(২) পাঁশকুড়া ১, পাঁশকুড়া ২, ডেব্‌রা, দাঁতন ১ ব্লকের জন্য জায়গা সংগৃহীত হইয়াছে।

(গ) এতদ্‌ভিন্ন ব্লকের স্থান নির্বাচন সম্বন্ধে জেলাশাসকের সহিত পত্রালাপ চলিতেছে।

(ঘ) কত শীঘ্র জমির স্থান নির্বাচন এবং অধিগ্রহের কাজ সম্পূর্ণ হইবে সেই সম্পর্কে এখনই নিশ্চিতভাবে বলিবার সময় আসে নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 536.

১৯৬০ সাল বা তৎপূর্বে গঠিত (মেদিনীপুর জেলার) ব্লকের তালিকা

(১) ঝাড়গ্রাম	(১৩) কেশিয়ারী
(২) খেজুড়ী	(১৪) তমলুক ২
(৩) ভগবানপুর ১	(১৫) ভগবানপুর ২
(৪) তমলুক ১	(১৬) ময়না
(৫) বিনপুর ১	(১৭) ঘাটাল
(৬) বিনপুর ২	(১৮) দাঁতন ১
(৭) পাঁশকুড়া ১	(১৯) নারায়ণগড়
(৮) পাঁশকুড়া ২	(২০) দাসপুর ১
(৯) ডেবরা	(২১) দাসপুর ২
(১০) চন্দ্রকোণা ১	(২২) মহিষাদল ১
(১১) চন্দ্রকোণা ২	(২৩) মহিষাদল ২
(১২) পিংলা	

Gopiganj-Kalmizol Road, Midnapore

537. (Admitted question No. 1218.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত মেদিনীপুর জেলার গোপীগঞ্জ কলমীজোল রাস্তার ফাইন্যাল প্ল্যান তৈয়ারী হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ কোন্ মৌজার ভিতর দিয়া উক্ত রাস্তার নক্সা তৈয়ারী হইয়াছে; এবং

(২) উক্ত রাস্তার কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Dadan-Patrabar Road from Contai-Digha Road

538. (Admitted question No. 1229.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি-দীঘা রাস্তা হইতে দাদন-পাত্রবাড় পাকা রাস্তা নির্মাণ করা হইতেছে;

(খ) সত্য হইলে, উক্ত রাস্তার জন্য কত একর জমি দখল নেওয়া হইয়াছে;

(গ) উক্ত রাস্তার উপর কত জনের বসতবাটী পড়িয়াছে;

(ঘ) উক্ত জমির মূল্য ও বাড়ীর মূল্য নির্ধারিত হইয়াছে কিনা;

(ঙ) নির্ধারণ হইয়া থাকিলে, বিঘা প্রতি কত মূল্য ধরা হইয়াছে; এবং

(চ) দখলীকৃত জমি ও ঘরের মূল্য কতদিনের মধ্যে দেওয়া হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) আনুমানিক ১·৪১ একর।

(গ) বসতবাটী সংলগ্ন কিছু জমি দখল লওয়া হইয়াছে; কিন্তু কোনও বসতবাটী লওয়া হয় নাই।

(ঘ) জেলা সমাহর্তা এখনও মূল্য নির্ধারণ করেন নাই।

(ঙ) এবং (চ) এই প্রশ্ন এখন উঠে না।

Deaths from Diphtheria and Tetanus in West Bengal

539. (Admitted question No. 1235.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে ডিপথিরীয়া ও ধনুষ্টংকার রোগে আক্রান্ত হইয়া কত জন মৃত্যুমুখে পতিত হইয়াছে; এবং

(খ) ডিপথেরিয়া ও ধনুষ্টংকার রোগ কি সংক্রামক?

The Minister for Healht:

(ক) ডিপথেরিয়া ও ধনুষ্টংকার রোগে পঞ্জীভুক্ত মৃত্যুর (ডেথস রেজিস্টার) সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:

সাল	ডিপথেরিয়া রোগে মৃত্যুর সংখ্যা	ধনুষ্টংকার রোগে মৃত্যুর সংখ্যা
১৯৬২	৬৪৬	২.৭৬৫
১৯৬৩	৫৬৬	২.৫০৯

(খ) হ্যাঁ।

Registration offices in Midnapore district

540. (Admitted question No. 1247.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ রেজেস্ট্রী অফিস জয়েন্ট অফিসরূপে চলিতেছে

(খ) এগুলিকে পৃথক পৃথক অফিসরূপে (ইণ্ডিপেণ্ডেণ্ট অফিস) গণ্য করিবার কোন পরিকল্পনা আছে কি;

(গ) এ জেলায় কয়টি রেজেস্ট্রি অফিসের কোন নিজস্ব ঘর নাই; এবং

(ঘ) এগুলির জন্য নিজস্ব অফিসঘর প্রস্তুত করার কোন পরিকল্পনা আছে কি?

The Minister for Judicial:

(ক) মেদিনীপুর জেলায় নিম্নলিখিত অফিসগুলি যুক্ত অফিসরূপে কাজ করিতেছে:

(১) খড়্গপুরস্থিত মেদিনীপুরের যুক্ত অবর নিবন্ধকরণ।

(২) ময়নাস্থিত তমলুকের অবর নিবন্ধকরণ।

(৩) হাঁসচরাস্থিত নন্দীগ্রামের অবর নিবন্ধকরণ।

(৪) কণ্টাইস্থিত কণ্টাইয়ের অবর নিবন্ধকরণ।

(৫) পটাশপুরস্থিত এগরার অবর নিবন্ধকরণ।

ইহা ছাড়া, সোনাখালিস্থিত ঘাটালের যুক্ত অবর নিবন্ধকরণ খোলার আদেশও ইতিমধ্যেই সরকার কর্তৃক মঞ্জুর করা হইয়াছে। উপযুক্ত বাড়ী পাওয়ামাত্র এই অফিসটিও খোলা হইবে।

(খ) উপরি-উক্ত অফিসগুলিকে পৃথক অফিসরূপে গণ্য করিবার প্রস্তাব বর্তমানে নাই। ঐরূপ করিলে জনসাধারণের সুবিধার চাইতে অসুবিধাই বেশী হইবে, কারণ এইরূপ ক্ষেত্রে জনসাধারণ তখন নিজ নিজ সুবিধা অনুযায়ী যে কোন অফিসে দলিল রেজেস্ট্রি করিবার সুযোগ হারাইবেন।

(গ) একুশটি অবর নিবন্ধকরণের নিজস্ব কোন ঘর নাই।

(ঘ) বর্তমানে এইরূপ কোন পরিকল্পনা নাই।

Rate of electricity supplied by Kalimpong Electric Supply Co.

541. (Admitted question No. 1255.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what is the rate of electric energy per unit supplied by Kalimpong Electric Supply Co.; and

(b) whether the Government contemplates to bring the existing rate down to a level within the reach of common people?

The Minister for Commerce and Industries: (a) A statement is placed on the Table.

(b) The existing rates cannot be brought down because the Clear Profit of the licensee does not exceed the Reasonable Return as laid down in the Sixth Schedule to the Electricity (Supply) Act, 1948.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 541.

The rate of electric energy per unit supplied by the Kalimpong Electric Supply Co. is as follows :

Metered supply for Domestic purposes—

For lights and fans—

(a) All energy consumed per month	.. ..	Rs. 0·50np. per unit.
	Rebate ..	Rs. 0·03 np. per unit.
	Net Rate ..	Rs. 0·47 np. per unit.
(b) In case of big consumption by a single party or an organisation when consumption exceeds 1,000 units per month, all energy consumer per montn.		Rs. 0·375 np. per unit.
	Rebate ..	Rs. 0·03 nP. per unit.
	Net Rate ..	Rs. 0·345 nP. per unit.

Tne above rates are subject to a minimum cnarge of Rs. 2 only per K W. load connected per month of each building or house.

Rate for unmetered supply—

(c) Each 25 watts lamp burnig 6 hours daily.	.. ..	Rs. 2·25 nP. per month.

Rate for heating, cooking, refrigerating, service-pump, are lamp, advertisement and batteries—

(d) All energy consumed per mmonth	.. ..	Rs. 0·25 nP. per unit.
	Rebate ..	Rs. 0·03 nP. per unit.
	Net Rate ..	Rs. 0·22 nP. per unit.

Rates for industrial purposes—

(i) All energy consumed up to 500 units per month—

	Gross Rate ..	Rs. 0·22 nP. per unit.
	Rebate ..	Rs. 0·03 nP. per unit.
	Net Rate ..	Rs. 0·19 nP. per unit.

(ii) All energy consumed from 501 units up to 1,500 units per month—

	Gross Rate ..	Rs. 0·19 nP. per unit.
	Rebate ..	Rs. 0·13 nP. per unit.
	Net Rate ..	Rs. 0·16 nP. per unit.

(iii) All energy consumed from 1,501 units and upwards per month—

	Gross Rate ..	Rs. 0·16 nP. per unit.
	Rebate ..	Rs. 0·03 nP. per unit.
	Net Rate ..	Rs. 0·13 nP. per unit.

All the above rates under (i), (ii) and (iii) are subject to a minimum charge of Rs. 5 per H. P. connected per month.

Staff of Small Pox Eradication Scheme

542. (Admitted question No. 1302.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্মল পক্স ইরাডিকেশন স্কীম-এর অধীনে এই রাজ্যে কতজন কি কি কাজে নিযুক্ত রহিয়াছে;

(খ) তাহাদিগের মাসিক বেতনের হার কত;

(গ) এক এক জেলায় কাজ শেষ হইলে তাহাদিগকে আবার কোথায় পাঠান হইবে; এবং

(ঘ) এইসকল কর্মচারী স্থায়ী না অস্থায়ী?

The Minister for Health:

(ক) সদর সংগঠনের জন্য:—

সহ-স্বাস্থ্যকৃত্যক অধিকর্তা—১ জন।

প্রধান সহায়ক—১ জন।

উত্তরবর্গীয় সহায়ক—১ জন।

পরিসংখ্যায়ক—১ জন।

অবরবর্গীয় সহায়ক—২ জন।

মুদ্রলেখক—১ জন।

পিয়ন (১ জন আর্দালী পিয়ন)—২ জন।

ড্রাইভার—১ জন।

ক্লীনার—১ জন।

অপারেশানস ইউনিট অরগানাইজেশনের জন্য (৯টি ইউনিট)

সুপারভাইজিং মেডিক্যাল অফিসার অফ হেলথ্—৯ জন।

করণিক-মুদ্রলেখক—৯ জন।

আর্দালী পিয়ন—৯ জন।

প্যারা মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট—৯ জন।

হেলথ্ এডুকেটর—১৮ জন।

স্যানিটারী ইন্সপেক্টর—১১৪ জন।

স্বাস্থ্য সহায়ক—৩৬৫ জন।

সহায়ক। স্বাস্থ্য কর্মী—৫৭১ জন।

জি ডি এ (জেনারেল ডিউটি অ্যাটেনডেন্ট)—১১৪ জন।

ড্রাইভার—২৭ জন।

মেকানিক—৯ জন।

ক্লীনার—৯ জন।

(খ) সহ-স্বাস্থ্যকৃত্যক অধিকর্তা—অন সিলেকসন গ্রেড অফ ওয়েস্ট বেঙ্গল হেলথ্ সার্ভিসেস কেডার: ৮৫০—৫০—১,৩৫০।

প্রধান সহায়ক—মাসিক ২০০ টাকা—৩০০ টাকা এবং বিশেষ বেতন মাসিক ২০ টাকা।

উত্তরবর্গীয় সহায়ক—মাসিক ২০০ টাকা—৩০০ টাকা।

পরিসংখ্যান—মাসিক—২৫০ টাকা—৫৫০ টাকা।

অবরবর্গীয় সহায়ক, করণিক-মুদ্রলেখক, মুদ্রলেখক প্রভৃতি—মাসিক ১২৫ টাকা—২০০ টাকা।

পিয়ন (আর্দালী প্রভৃতি), ক্লীনার—মাসিক ৬০ টাকা—৭৫ টাকা।

ড্রাইভার, মেকানিক—মাসিক ১০০ টাকা—১৪০ টাকা।

সুপারভাইজিং মেডিক্যাল অফিসার অফ হেল্থ—অন বেসিক গ্রেড অফ ওয়েস্ট বেঙ্গল হেলথ্ সার্ভিসেস কেডার: ৩০০—২৫—৮০০।

প্যারা-মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট, স্যানিটারী ইন্সপেক্টর—মাসিক ১২৫ টাকা—২০০ টাকা গ্রেড-৩, মাসিক ১৫০ টাকা—২৫০ টাকা গ্রেড—২, মাসিক ২০০ টাকা—৪০০ টাকা গ্রেড—১।

হেলথ্ এডুকেটর—মাসিক ১৫০ টাকা—২৫০ টাকা গ্রেড—৩, মাসিক ২৫০ টাকা—৪৫০ টাকা গ্রেড—২, মাসিক ৩৫০ টাকা—৫৫০ টাকা গ্রেড—১।

স্বাস্থ্য সহায়ক—মাসিক ১২৫ টাকা—২০০ টাকা।

সহকারী স্বাস্থ্য কর্মী—মাসিক ১০০ টাকা—১৪০ টাকা।

(গ) এক এক জেলার কাজ শেষ হইলে প্রত্যেক ইউনিটের সমস্ত স্টাফকে সকল স্টোর ও যন্ত্রপাতি সহ অন্য জায়গায় পাঠান হইবে।

(ঘ) অস্থায়ী।

Contai-Khejuri-Petua Ghat Road in Contai police-station

543. (Admitted question No. 1306.)

শ্রীসুধীরচন্দ্র দাস: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনায় চাষাবাদের জন্য কাঁথি থানার পেটুয়া ফেরীঘাট পর্যন্ত যাতায়াতের রাস্তা না থাকায় কাঁথি-খেজুরী রাস্তা হইতে পেটুয়া ঘাট পর্যন্ত একটি সংযোগকারী পিচ রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর 'না' হইলে, তাহার কারণ কি?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) খেজুরী-কাঁথি রাস্তা ঐ অঞ্চলের কাছাকাছি দিয়া যাইতেছে এবং মেদিনীপুর জিলা উন্নয়ন পরিষদ অগ্রাধিকার না দেওয়ায় প্রস্তাবিত রাস্তাটি গ্রহণ করা হয় নাই।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge will please make a statement on the unsatisfactory condition of the North Bengal State Transport Corporation, called attention by Shri Jiban Krishna Dey.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, with reference to the Calling Attention Notice of Shri Jiban Krishna Dey, with your leave I beg to make the following statement:

The North Bengal State Transport Corporation wanted a loan of Rs. 10 lakhs and a capital grant of another Rs. 10 lakhs for purchase of vehicles and other capital expenditure. Government have already sanctioned a loan of Rs. 10 lakhs, and have asked the Corporation to withdraw Rs. 5 lakhs from their depreciation fund. With these Rs. 15 lakhs it will be possible

for the Corporation to purchase 20 vehicles which are required for the replacement of the old buses. The Corporation have already placed orders for 20 buses out of which 10 have arrived and 10 more are expected to arrive this month.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge will please make a statement on the outbreak of Cholera and Diphtheria in Calcutta, called attention by Shri Ananga Mohan Das.

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, আপনার অনুমতি নিয়ে নিম্নলিখিত স্টেটমেন্ট এই হাউসে রাখছি। কলকাতা শহরে বর্তমানে কলেরা এবং ডিফথিরিয়ার মৃদু প্রকোপ রহিয়াছে। গত কয়েক সপ্তাহে কলকাতায় কলেরা ও ডিফথিরিয়া রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা নিম্নে প্রদত্ত [illegible] অনুরূপ সময়ে গত বৎসরে এই দুই রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা উল্লিখিত হইল। আমি ১-৮-৬৪ অন্ত সপ্তাহ থেকে ২২-৮-৬৪ অন্ত সপ্তাহের আক্রান্ত ও মৃতের সংখ্যা দিয়েছি, সেজন্য আর দিচ্ছি না। ৩-৮-৬৩ থেকে ২৪-৮-৬৩ তারিখের গত বৎসরের ডিফথিরিয়ায় এবং কলেরায় আক্রান্ত ও মৃতের সংখ্যা দিচ্ছি।

অন্ত সপ্তাহ	কলেরা		ডিফথিরিয়া	
	আক্রান্ত	মৃত	আক্রান্ত	মৃত
৩রা অগাস্ট ১৯৬৩	৩৬	২৭	১৬০	১০
১০ই অগাস্ট ১৯৬৩	৪২	১০	১৬০	১৩
১৭ই অগাস্ট ১৯৬৩	৩৩	১৩	১৫০	১০
২৪এ অগাস্ট ১৯৬৩	৩৪	১৫	১৬৩	১১

বিশুদ্ধ পানীয় জলের অভাব হেতু ভেজাল খাদ্য গ্রহণের জন্যই কলেরা বেগ বাড়িতেছে এরূপ ধারণার কোন ভিত্তি আছে ইহা সরকার মনে করেন না। তবে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি ও ভেজাল নিরোধ করবার জন্য ব্যবস্থা অবলম্বিত হইয়াছে ও হইতেছে। শহরের অধিবাসীদিগকে সরবরাহের পূর্বে পরিস্রুত পানীয় জল যথারীতি ক্লোরিন সংযোগে বিশোধন করা হয়। উপরন্তু উহার বিশুদ্ধতা সম্বন্ধে নিঃসন্দেহ হইবার উদ্দেশ্যে পৌরসভার স্বাস্থ্যবিভাগ বিভিন্ন স্থান হইতে জলের নমুনা সংগ্রহ করিয়া উহা বিশ্লেষণ করেন এবং দৈবক্রমে যদি কোন নমুনা অসন্তোষজনক মনে হয় তবে সরবরাহকারী নলসমূহের স্থানীয় বিশোধন করিবার ব্যবস্থাও চালু আছে। পান করা ব্যতীত অন্য উদ্দেশ্যে (যথা রাস্তাঘাট ও নর্দমা ধৌত করণ, অগ্নি নির্বাপণ প্রভৃতি) যে অপরিস্রুত জল সরবরাহ করা হয় তাহাও সরবরাহের পূর্বে জনস্বাস্থ্যের খাতিরে ক্লোরিন দ্বারা বিশোধন করিয়া নেওয়া হয়। সুতরাং জলের অবিশুদ্ধতা নিবন্ধন কলেরা রোগের প্রকোপ বৃদ্ধি হইতেছে ইহা মনে হয় না। জল সরবরাহের পরিমাণ সম্বন্ধে ইহা বলা প্রয়োজন যে বর্তমানে কলি[illegible]র জন্য দৈনিক গড়পড়তা জল সরবরাহের পরিমাণ ১১ কোটি গ্যালন। ৪·২৮ কোটি টাকা ব্যয়ের যে জল সরবরাহ প্রকল্পটি শেষ হইতে চলিয়াছে তাহাতে কলিকাতায় পরিস্রুত জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পাইয়া দৈনিক ১৫ কোটি গ্যালন হইবে। পরিকল্পনাগুলি সম্পূর্ণ হইলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পাইয়া জন প্রতি দৈনিক ৩৫ হইতে ৪০ গ্যালন দাঁড়াইবে। মাননীয় স্পীকার মহাশয়, আমার স্টেটমেন্ট খুব বড়, সেজন্য আমি এটা টেবিলে লে করে দিচ্ছি।

Mr. Speaker:

আপনি টেবিলে লে করে দেবেন।

Statement referred to by the Health Minister in reply to Calling Attention Notice.

কলিকাতা শহরে বর্তমানে কলেরা ও ডিপথিরিয়ার মৃদু প্রকোপ রহিয়াছে। গত কয়েক সপ্তাহে কলিকাতায় কলেরা ও ডিপথিরিয়া রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল। অনুরূপ সময়ে গত বৎসরে ঐ দুই রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যাও উল্লিখিত হইল।

অন্ত সপ্তাহ	কলেরা		ডিফথিরিয়া	
	আক্রান্ত	মৃত	আক্রান্ত	মৃত
১লা অগাস্ট ১৯৬৪	৪০	২৩	১২৯	×
৮ই অগাস্ট ১৯৬৪	৫৪	১৪	১০৯	৭
১৫ই অগাস্ট ১৯৬৪	৪৯	২১	১০২	৯
২২এ অগাস্ট ১৯৬৪	৩৭	১৮	১০১	৫
৩রা অগাস্ট ১৯৬৩	৩৬	২৭	১৬০	১০
১০ই অগাস্ট ১৯৬৩	৪২	১০	১৬০	১৩
১৭ই অগাস্ট ১৯৬৩	৩৩	১৩	১৫০	১০
২৪এ অগাস্ট ১৯৬৩	৩৪	১৫	১৬৩	১১

বিশুদ্ধ পানীয় জলের অভাবহেতু অথবা ভেজাল খাদ্য গ্রহণের জন্যই কলেরা রোগ বাড়িতেছে এরূপ ধারনার কোন ভিত্তি আছে ইহা সরকার মনে করেন না। তবে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি ও ভেজাল নিরোধ করিবার জন্য বিবিধ ব্যবস্থা অবলম্বিত হইয়াছে ও হইতেছে। শহরের অধিবাসীদিগকে সরবরাহের পূর্বে প্রতিশ্রুত পানীয় জল যথারীতি ক্লোরিন সংযোগে বিশোধন করা হয়। উপরন্তু উহার বিশুদ্ধতা সম্বন্ধে নিঃসন্দেহ হইবার উদ্দেশ্যে পৌরসভার স্বাস্থ্য বিভাগ বিভিন্ন স্থান হইতে জলের নমুনা সংগ্রহ করিয়া উহা বিশ্লেষণ করেন এবং দৈবক্রমে যদি কোন নমুনা অসন্তোষজনক মনে হয় তবে সরবরাহকারী নলসমূহের স্থানীয় বিশোধন করিবার ব্যবস্থাও চালু আছে। পান করা ব্যতীত অন্য উদ্দেশ্যে (যথা রাস্তাঘাট ও নর্দমা ধোতকরণ, অগ্নি নির্বাপণ প্রভৃতি) যে অপরিস্রুত জল সরবরাহ করা হয় তাহাও সরবরাহের পূর্বে জনস্বাস্থ্যের খাতিরে ক্লোরিন দ্বারা বিশোধন করিয়া লওয়া হয়। সুতরাং জলের অবিশুদ্ধতা নিবন্ধন কলেরা রোগের প্রকোপ বৃদ্ধি হইতেছে, ইহা মনে হয় না।

জল সরবরাহের পরিমাণ সম্বন্ধে ইহা বলা প্রয়োজনীয় যে বর্তমানে কলিকাতাবাসীদের জন্য দৈনিক গড়পড়তা জল সরবরাহের পরিমাণ ১১ কোটি গ্যালন। ৪·২৮ কোটি টাকা ব্যয়ের যে জল সরবরাহ প্রকল্পটি শেষ হইতে চলিয়াছে তাহাতে কলিকাতায় পরিস্রুত জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পাইয়া দৈনিক ১৫ কোটি গ্যালন হইবে। পরিকল্পনাগুলি সম্পূর্ণ হইলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পাইয়া জনপ্রতি দৈনিক ৩৫ হইতে ৪০ গ্যালন দাঁড়াইবে।

কলেরা নিয়ন্ত্রণের অন্যতম ব্যবস্থা হিসাবে বলা যায় যে ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর মাধ্যমে আবর্জনা নিষ্কাশন দ্বারা কলেরা ও অন্যান্য সংক্রামক রোগগুলিকে স্থায়ীভাবে নির্মূল করার যে দীর্ঘমেয়াদী পরিকল্পনা কলিকাতা মেট্রোপলিটন প্ল্যানিং সংস্থা কর্তৃক রূপায়িত হইতেছে তাহা কার্যকরী হওয়া সাপেক্ষে একটি স্বল্পমেয়াদী পরিকল্পনাও সরকার কলিকাতার পৌর এলাকায় কার্যকরী করিয়াছেন। এই স্বল্পমেয়াদী পরিকল্পনায় কলিকাতা ও পার্শ্ববর্তী এলাকার অধিবাসীগণকে সুপরিকল্পিত ভাবে বৎসরে দুইবার অন্যান্য ইঞ্জেকসনের সহিত কলেরা প্রতিষেধক টীকা দেওয়া হয়। এতদ্ব্যতীত ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ ও বিশ্ব-স্বাস্থ্য সংস্থার সহযোগিতায় সরকার কলেরা প্রতিরোধের বিষয়ে গবেষণার জন্য একটি পৃথক সংস্থা গঠন করিয়াছেন এবং ঐ সংস্থার কার্য অনেক দূর অগ্রসর হইয়াছে।

ডিপথিরিয়া রোগ প্রতিরোধকল্পে সরকার ১৯৬০ সালের ১লা অক্টোবর হইতে কলিকাতার বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে ট্রিপল অ্যান্টিজেন ইঞ্জেকসান দিবার ব্যবস্থা চালু করিয়াছেন। এই ইঞ্জেকসান একসঙ্গে তিনটি রোগ যথা—ডিপথিরিয়া, ধনুষ্টংকার ও হুপিং কফ

প্রতিরোধ করে। বর্তমানে কলিকাতায় মোট ১৬টি কেন্দ্রে এই ব্যবস্থা চালু আছে। ১৯৬০ সালের অক্টোবর মাস হইতে ১৯৬৪ সালের জুন মাস পর্যন্ত মোট ৭,৮৮৯ জন শিশুকে ট্রিপল অ্যান্টিজেন ইঞ্জেকসান দেওয়া হইয়াছে। অচিরে সরকারী ও বেসরকারী চিকিৎসক লইয়া গঠিত বিভিন্ন দলের সাহায্যে বৃহত্তর কলিকাতা এলাকায় স্কুলের ছাত্রছাত্রীদিগকে ট্রিপল অ্যান্টিজেন দিবার ব্যবস্থা করা হইতেছে।

খাদ্যদ্রব্য বিশেষ করিয়া সরিষার তৈল এবং মশলায় ভেজাল প্রতিরোধের জন্য সরকার বিশেষ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। স্থানীয় কর্তৃপক্ষকে ব্যাপকতর ভাবে ঐসকল খাদ্যদ্রব্যের নমুনা সংগ্রহের নির্দেশ দেওয়া হইয়াছে। কলিকাতা কর্পোরেশনের কার্যে সহায়তা করিবার জন্য সরকার ২৪ জন অতিরিক্ত খাদ্য পরিদর্শক নিয়োগ করিয়াছেন। কলিকাতায় সরকারী বিশ্লেষণাগারটির কার্যক্ষমতা-বৃদ্ধি করিবার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। ইহা ছাড়া খাদ্যে ভেজাল নিরোধক আইন সংশোধনের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট একটি প্রস্তাবও পেশ করা হইয়াছে।

Shri Hemanta Kumar Basu:

যারা ডিফথিরিয়ায় মারা গেছে তাদের ইন্জেকসান দেওয়া হয়েছিল কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আক্রান্ত হবার পর ট্রিপল অ্যান্টিজেন ইঞ্জেকসান দেওয়ার নিয়ম আছে কিনা, দেওয়া চলে কিনা সেটা ডাক্তাররা বলতে পারেন।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received 7 notices of Calling Attention on the following subjects, namely—(1) Floods in the rivers of Darjeeling, Jalpai guri and Cooch Behar districts—by Shri Hare Krishna Konar. (2) From Shri Ananga Mohan Das—Reported blackmarketing of Orissa rice in West Bengal. (3) From Shri Bhabani Mukhopadhyay—Search of the residence of the District Magistrate. (4) Shri Gopal Banerjee—Critcial food situation in the State and non-availability of rice at prices fixed by the Government. (5) Non-availability of foodgrains in Asansol industrial area—by Shri Bejoy Pal. (6) Shri Ananga Mohan Das—Recommendations of the West Bengal Government regarding the proposed Central Act to provide for punishment of the food adulterers. (7) Shri Ananga Mohan Das—Disruption of communication with Darjeeling due to landslides during monsoon.

I have selected the notice of Shri Hare Krishna Konar on the subject of floods in the rivers of Darjeeling, Jalpaiguri and Cooch Behar districts. The Hon'ble Minister concerned will please make a statement on the subject today, if possible or give a date for the same.

The Hon'ble Ardhendu Sekhar Naskar: On Monday.

Tragic death of a boy in the Storm water channel at Mayurbhanj Road

Shri Narendra Nath Sen:

মিঃ স্পীকার স্যার, ক্যালকাটা কর্পোরেশনের অবহেলার জন্য গত ২৭এ অগাস্ট ময়ূরভঞ্জ রোড এবং মোমিনপুর রোডের বস্তীতে একটা বিশেষ শোচনীয় দুর্ঘটনার ফলে ৭ বছরের একটা বালক রফিক নামে, সে মৃত্যুবরণ করতে বাধ্য হয়েছে এবং তারপরে আজও পর্যন্ত ক্যালকাটা কর্পোরেশন ওখানে কোনপ্রকার নিরাপত্তার ব্যবস্থা অবলম্বন করেন নি। সেখানে যে বিপদসঙ্কুল অবস্থা হয়েছে সে বিষয়ে আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে ব্যাপারটা হয়েছে, একটা স্টর্ম ওয়াটার চ্যানেল ঐ এলাকায় আছে, স্টর্ম ওয়াটার চ্যানেল একটা বস্তীর মধ্যে—১৩নং ময়ূরভঞ্জ রোড এবং ১৭নং মোমিনপুর রোডের বস্তীর মধ্যে রয়েছে ৬ ফুট ডায়ামিটারের। এটা যখন ৪০ বছর আগে তৈরী হয়েছিল তখন সেখানে আয়রন রেলিংস দিয়ে বন্ধ করা ছিল। বহুদিন আগে সেটা ভেঙ্গে গিয়েছিল, কোন ব্যবস্থা করা হয় নি। সেদিন

একটা বালক এর দু-পাশের স্লোপ দিয়ে পড়ে যায় হঠাৎ এবং এর ভেতর ঢুকে যায়। একটা লোক হঠাৎ দুটো পা ভেসে যাচ্ছে দেখে চীৎকার করে ওঠে। তখন এই ছেলেটার খোঁজ পাওয়া যায়।

Mr. Speaker:

মিঃ সেন, আপনি একটা আন-ফর্চুনেট ইন্সিডেন্টের প্রতি অ্যাটেনসান ড্র করছেন। এটা সকলেই কাগজে দেখেছেন। এত বিবৃতি দেবার দরকার নেই।

Shri Narendra Nath Sen:

এর প্রতি গভর্নমেন্ট অ্যাটেনসন ড্রন হয়েছে কিনা জানতে চাই এবং মাননীয় মন্ত্রিমহাশয় যদি কিছু করে থাকেন, সেই স্টেপটা জানালে ভাল হয়।

Theft in Assembly House Canteen

Shri Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যুগান্তরে বেরিয়েছে বিধানসভার ক্যান্টিন থেকে জমাট দুধ, চিনি, চা প্রভৃতি চুরি গিয়েছে। এতে এই জায়গায় যাঁরা থাকেন ইনডাইরেক্টলি তাঁদেরই উপর অভিযোগ আসে। আমি আপনাকে অনুরোধ করব, অ্যাজ স্পিকার অফ দি হাউস আপনারই কন্ট্রোল-এ বিধানসভা, আপনি এই জিনিসটা তদন্ত করে এই জায়গায় যাঁরা থাকেন তাঁদের এক্‌জোনারেট করার ব্যবস্থা করবেন।

Supply of bad quality sugar in Asansol

Shri Bijoy Pal:

স্যার, আমাদের আসানসোলে এখনো রেশনিং হয় নি। ইতিমধ্যেই সেখানে অনেক জায়গায় লুঠতরাজ আরম্ভ হয়েছে। এতে আসানসোলের মতো একটা শিল্পাঞ্চলের প্রোডাকসন ব্যাহত হতে পারে। আশা করি এই সম্পর্কে সরকার তদন্ত করবেন।

Medical benefit to class IV staff of Legislature

Shri Narayan Choubey:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে একটা খবর দেখেছি কাগজে যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ক্লাস ফোর স্টাফ মেডিক্যাল ভাতা বিল করে না নিয়ে প্রতি মাসে ৫ টাকা করে পাবেন বলে ঠিক হয়েছে। যদিও আমরা মনে করি এটা ইনসাফিসিয়েন্ট তবু সরকার যখন দিচ্ছেন তাঁরা নেবেন। কিন্তু আমি সরকারকে এই অনুরোধ করছি ক্লাস ফোর স্টাফ এবং অন্যান্য এমপ্লয়িজ সকলেই যাতে এটা পান তার ব্যবস্থা যেন করা হয়। বিধানসভার এমপ্লয়ীরা নাকি এটা পাবেন না আমরা শুনছি। বিধানসভার কর্মচারীরাও যাতে পান তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

LAYING OF RULES

Amendment to the West Bengal Industrial Disputes Rules, 1958

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to lay before the Assembly an amendment to the West Bengal Industrial Disputes Rules, 1958.

GOVERNMENT BILLS

[2-10—2-20 p.m.]

The West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, be taken into cnosideration.

Sir, only yesterday the House passed several grants on excess expenditure for 1959-60 and 1960-61 as examined by the Public Accounts Committee and 'as placed before the House for regularisation according to the recommendation of the Public Accounts Committee. Under Article 266(3) of the Constitution no money can be paid out of the Consolidated Fund of the State unless it is covered by an appropriate law passed by the Legislautre. Therefore, this Bill is being introduced under Articles 204 and 205 of the Constitution of India to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of moneys required to meet the excess expenditure which have been so voted by the Assembly and also to regularise further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution. No amendment is provided for in the Constitution to such Bill. The details of the proposed Appropriation Bill have been included in the two schedules to the Bill. With these words, Sir, I move that the Bill be taken into consideration.

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, এই যে বাড়তি খরচের অ্যাপ্রপ্রিয়েসান বিল যেটা অর্থমন্ত্রী আমাদের সামনে এনেছেন এইরকম খরচ চাইবার প্রপ্রাইটি, ইম-প্রপ্রাইটি সে সম্পর্কে গতকাল অনেক বলা হয়ে গিয়েছে কাজে কাজেই আমি সেটার পুনরুক্তি করতে চাই না। কিন্তু এক দিক দিয়ে এই-রকম বাড়তি খরচ আনবার ফলে আমরা একটা লংভিউ নিয়ে ৫ বৎসর ধরে আমরা এই গভর্ন-মেন্ট পলিসি, এই গভর্নমেন্টের চেহারা ৫ বছর আগে কি ছিল, আজকে কি আছে, তার কোন পরিবর্তন হয়েছে কিনা গভর্নমেন্টের মধ্যে কিছু কিছু পলিটিক্যাল এবং সোসিয়াল ইন্ডিকেশন সেগুলি সম্পর্কে আলোচনা করতে পারি। এই যে বিলের মধ্যে প্রায় পনে পাঁচ কোটি টাকা দাবী করা হয়েছে, পনে পাঁচ কোটি টাকা খুব গুরুত্বপূর্ণ নয়, যদিও ৫ কোটি টাকা বাড়তি খরচ হবে এটা বাজেট হবার পর সাপ্লিমেন্টারী এস্টিমেট হবার পর এটা কোন একটা এক্সপার্ট দ্বারা চালু গভর্নমেন্টের পক্ষে শোভনীয় নয়, তবুও এই ৫ কোটি টাকা—যেখানে সমস্ত খরচ ১০০ কোটি টাকার বেশী সেখানে ৫ কোটি টাকা বেশী কিছু নয় কিন্তু যেসমস্ত মূল সমস্যা পশ্চিমবঙ্গকে পীড়িত করছে যার জন্য আংশিকভাবে এই বাড়তি খরচ হয়েছে তা নিয়ে আলো-চনা করতে পারা যায়। এই মূল সমস্যার যেমন একটা খাদ্য সমস্যা। খাদ্য সমস্যা ঐ ১৯৫৯-৬০ সালেতে, খাদ্য সমস্যার কথা আমরা জানি, সেই সময় খাদ্য সমস্যা তার ফলে পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থা, সারা কৃষি প্রথার অঙ্গ হিসাবে বিশেষ করে পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থা, তার ভিতর অসঙ্গতি এবং অসম্পূর্ণতা ছিল তাকে লুপ্ত করা যায় নি, সামন্ত প্রথা যা অবশিষ্ট ছিল তাকে লুপ্ত করা যায় নি এবং লুপ্ত করা যায় নি আমি এই সভায় এবারও বলেছি। আমাদের মুখ্যমন্ত্রী খানিকটা একজিবিট করে বলতে চেয়েছিলেন, একটু অহঙ্কার করে বলতে চেয়েছিলেন যে, হ্যাঁ, এবং শৈলবাবুও তাঁর বক্তৃতায় বললেন যে সেইবারেতে যে খাদ্য সমস্যা সমাধানের জন্য জনগণ এসেছিল তার উত্তরে কলকাতা শহরে যে অত্যাচার করা হয়েছিল সেটা জনগণ পছন্দ করেছে কেন না বিপুলভাবে '৬২ সালে তাঁরা জিতে এসেছেন। এইরকম উক্তি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ইতিপূর্বে করেছিলেন যে আগে জনগণ কিছু কিছু বেশী পরিমাণে বিরোধী দলের পিছনে সমাবেশ হতেন এখন কম হচ্ছে কাজে কাজেই খাদ্য সমস্যা বা খাদ্য মূল্য বৃদ্ধি, কি জনগণ এর জন্য পীড়িত হচ্ছে এ ব্যাপারগুলি অনেকখানি অলীক। এখন এইসমস্ত বলার মধ্যে দিয়ে কিম্বা ঐ ১৯৫৯-৬০ সালের যে সময়টার জন্য অতিরিক্ত বরাদ্দ দাবী করা হয়েছে সেই সময়েতে শৈলবাবু কালকে যে উত্তর দিয়েছেন যে, হ্যাঁ ১৯৫৯-৬০ সালে কলকাতা শহরে যা হয়েছিল, বিরোধী দল থেকে যে কথা বলা হয়েছিল প্রথমে ৩১এ অগাস্ট, তারপর ১লা, ২রা সেপ্টেম্বর যে তাণ্ডব হয়েছিল এবং সাধারণ মানুষ অত্যাচারিত হয়ে গুলী লাঠির আঘাতে হতাহত হয়েছিল সে সম্পর্কে গভর্নমেন্টের অ্যাটিচিউড হচ্ছে এইটুকু যে জনগণ তাঁদের ভোট দিয়ে তা প্রমাণ করেছে। কিন্তু এর আগেও সেই যে কোচবিহারে যখন গুলী চালান হয়েছিল এবং গভর্নমেন্টকে নারীঘাতী, শিশুঘাতী এই নাম নিতে হয়েছিল তারপরেতেও শুনেছি

১৯৫৭ সালের নির্বাচনেতে ঐ কোচবিহারের সিটে আবার গভর্নমেন্টকে জিতিয়ে দিয়েছে বলে এখনকার খাদ্যমন্ত্রী এক সময় অহঙ্কার প্রকাশ করেছিলেন। কিন্তু জনগণের যে বিচার, সাধারণ মানুষ যখন বিপুল সংখ্যায় মত করে তারা একটা সময়, নির্ঘণ্ট হিসাব করে করে না।

[2-20—2-30 p.m.]

যেমন পুরাণে আমরা দেখি অনেক পাপ করে, অনেক পাপ পুঞ্জীভূত হবার ফলে রাবণ রাজার মৃত্যু হয়েছিল, ঠিক তেমনি আবার দেখি কোচবিহারের নারী হত্যা, শিশু হত্যার জবাব কোচবিহারে মানুষ ১৯৫৭ সালে দেয় নি, ১৯৬২ সালে দিয়েছে। এই জবাব দিতে দেরী হয়েছে, কিন্তু সুনিশ্চিতভাবে তারা দিয়েছে—অর্থাৎ কোচবিহারের বেশীর ভাগ আসনে গভর্নমেন্ট হেরেছে। কাজেই মূল কথা এটা নয় যে, বিরোধীদল খাদ্যাভাবের দাবীতে জনসাধারণকে সমবেত করতে পারছে কি পারছে না বা পরের নির্বাচনে জনসাধারণ গভর্নমেন্টকে ভোট দিয়েছে বলে এটা প্রমাণিত হোল না যে, বিরোধী দল যে প্রতিবাদ করেছিল সেটা অন্যায় হয়েছে, অশোভন হয়েছে। আমার বক্তব্য হচ্ছে গভর্নমেন্টকে কৈফিয়ত দিতে হবে, একটা গণতান্ত্রিক পরিবেশের মধ্যে জবাব দিতে হবে যে, খাদ্য সংকটের পেছনে রয়েছে কৃষি সমস্যা, কৃষি সংকট, উৎপাদনের সঙ্কট এবং তার সঙ্গে জড়িত রয়েছে সামন্ত প্রথার অবশেষ যেটা তাঁরা লুপ্ত করতে পারেন নি, শ্রেণীস্বার্থ তাঁরা লুপ্ত করতে পারেন নি। কাজেই সেদিক থেকে এইসব ইনস্টিটিউসন-এর পরিবর্তে শ্রেণী বিন্যাসের প্রয়োজনীয়তা আছে এবং সেদিক থেকে গভর্নমেন্ট যে পশ্চাদপদ আছেন সেটাই হোল খাদ্য উৎপাদন ব্যাহত হবার জন্য দায়ী। তার জবাব যখন বিশ্লেষণ হয়, উপরতলাতে বিশ্লেষণ হয়, কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশনের প্যানেলে তার বিশ্লেষণে একতা বেরিয়ে আসে। কিন্তু এখানে যাঁরা হাতে হাতে কাজ করছেন তাঁদের যে ওমিসন্স অ্যান্ড কমিশনস, তাঁদের যে অন্যায়, তাঁরা যে কাজ করেন নি সে সম্পর্কে কোন আত্ম সমালোচনাপূর্ণ কথা উঠছে না। আজকে তাঁরা ১৯৬৪ সালে ১৯৫৯-৬০, সালে কি অতিরিক্ত ব্যয় করেছেন বা জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এ কত খরচ করেছেন বা ফুড ডেমোনেস্ট্রেটরদের আঘাত করবার জন্য কত খরচ করেছেন তা নিয়ে আলোচনা করছেন। আজকে আমি জিজ্ঞাসা করি এবং আপনাদের সেকথার জবাব দিতে হবে যে, আপনারা কি সামন্ত সমাজের যে লুপ্ত অবশেষ আছে তাকে ধ্বংস করবার জন্য, লিকুইডেট করবার জন্য প্রস্তুত হচ্ছেন? সেদিন সরকার থেকে মজুত বিরোধী অভিযান হয় নি। এই বছর যে মজুত বিরোধী অভিযান হোল সেটা পুলিশের সহযোগিতায় হোল, জনসাধারণের সহযোগিতায় নয়। যেখানে ৫-৬ লক্ষ টন আছে সেখানে কয়েক লক্ষ মণ বেরুল—অর্থাৎ টনের জায়গায় মণ বেরুল। কাজেই আমরা দেখছি সরকারের এই যে মজুত বিরোধী অভিযান তার মধ্যে মজুতদারদের রক্ষা করার প্রয়াস রয়েছে। যদি জনগণের সহায়তায় মজুত বিরোধী আন্দোলন হোত তাহলে মজুত থাকতে পারত না। কিন্তু সরকার তা করেন নি বলে মনে হচ্ছে মজুতদারদের সমর্থন করার মনোবৃত্তি এখনও জীবিত রয়েছে। ১৯৫৯-৬০ সালে কৃষি ব্যবস্থার মধ্যে যে গলতি তাতে মনে হয় সামন্ত প্রথা আটক রাখার ব্যবস্থা আজও রয়েছে। ১৯৫৯-৬০ সালে আমরা দেখেছি যে চোরাকারবারী ও মজুতদারদের দিকে তাঁদের একটু ঝোঁক ছিল, তাদের সমর্থনের চেষ্টা ছিল। সেইসময় আমরা যখন খাদ্যমূল্য নিয়ন্ত্রণের কথা বলেছিলাম তখন কি দেখলাম! দেখলাম প্রচণ্ড প্রতিরোধ ছিল গভর্নমেন্টের পক্ষ থেকে এবং স্টেট ট্রেডিং-এর কথা যখন আমরা বললাম তখন তারা মার মার করে এগিয়ে এসেছিলেন। কিন্তু আজ সেখানে স্টেট ট্রেডিং তাঁরা নিচ্ছেন। কিন্তু শুধু মাত্র খাদ্যের পাইকারী ব্যবসায়ে, প্রাইভেট ট্রেডার্স ছাড়া সরকার অন্যতম প্রতিযোগী হবেন, একথাই কেন্দ্র থেকে শোনা যাচ্ছে। স্টেট ট্রেডিং কিভাবে হবে? গভর্নমেন্ট প্রকিওর করবেন তা নয়, গভর্নমেন্ট কো-অপারেটিভ মারফত প্রকিওর করবেন তা নয়, গভর্নমেন্ট প্রকিওর করবেন রাইস মিলারদের মারফত, যারা মজুত করার জন্য বহুলাংশে দায়ী। একথা কেউ অস্বীকার করতে পারবেন না। স্বয়ং খাদ্যমন্ত্রীও একথা অস্বীকার করতে পারবেন না যে রাইস মিলাররাই মজুত করার জন্য বহুলাংশে দায়ী। তেমনি সেদিন দাবী উঠেছিল, তখনও সেই দাবী অবশ্য তারস্বরে উঠে নি এবং সারা ভারতব্যাপী হয়ে উঠে নি, সেই দাবী হচ্ছে ব্যাঙ্ক ন্যাসনালাইজেসান করা হোক, মজুতদারদের ব্যাঙ্ক থেকে মজুত করার জন্য যে কর্জ দেওয়া হয় তা সীমাবদ্ধ করা হোক। তারপর কথা উঠেছে তারা এক খাতের বদলে অন্য খাতেও টাকা আগাম চাইতে পারে, খাদ্যের বদলে কৃষি পণ্যের জন্য আগাম চাইতে পারবে। ফলে দেখা গেছে

যে ১,৬০০ কোটি টাকা ব্যাঙ্ক লগ্নী করেছে, তার মধ্যে ১৬০ কোটি টাকা কৃষিপণ্যে লগ্নী দিয়েছে। এবং কৃষিপণ্যে লগ্নী বলে খাদ্যে লগ্নী তারা করতে পারবে। তা আটকাবার উপায় নাই। সেদিক থেকে ব্যাঙ্ক জাতীয়করণের দাবী মুখ্য হয়ে উঠেছে এবং এই দাবী নিয়ে আন্দোলন শুধু পশ্চিমবঙ্গে হয় নি, আজকে ১৯৬৪ সালে অতীতের অবস্থার সঙ্গে বর্তমান অবস্থার যখন কম্পেয়ার করছি তখন দেখছি সারা ভারতবর্ষব্যাপী খাদ্যের দাবীতে সত্যাগ্রহ হচ্ছে, আন্দোলন হচ্ছে, হাজার হাজার লোক সত্যাগ্রহ করে কারাবরণ করেছে। এখনও বহু লোক, সত্যাগ্রহী কারাগারে আছেন। এই সভার এম, এল, এ এদিককার নেতৃস্থানীয় সোমনাথ লাহিড়ী মহাশয় এখনও পর্যন্ত কারাগারে আছেন। সেদিক থেকে এতবড় সত্যাগ্রহ আন্দোলন হয়েছে এবং এটা সরকারের নীতিকে আঘাত করছে। সরকারের ঐ যে নীতি তারই জন্য ১৯৫৯-৬০ সালে যারা সমাবেশে উপস্থিত হয়েছিল সেসমস্ত নরনারীর উপর নির্বিচারে আঘাত করতে কুণ্ঠিত হন নি। আজকে তারা সত্যাগ্রহ করে সরকারকে ধরিয়ে দিচ্ছে যে তোমরা কেন সামন্ত সমাজের অবশিষ্টকে ধ্বংস করছ না, মজুতদারদের কেন ধরছ না, মজুতদার অবশিষ্টকে কেন রেখেছ, ধান এবং চালকল জাতীয়করণের কথা কেন বলছ না, তোমরা কেন ব্যাঙ্ক জাতীয়করণের কথা বলছ না? পাইকারী ব্যবসা সামগ্রিকভাবে গভর্নমেন্ট নেবেন। স্টেট ট্রেডিং করবেন সর্বাঙ্গীণভাবে সে কথা কেন বলছেন না? এর কারণ সরকার ধান-চাল কল মালিকদের বাঁচিয়ে রাখতে চান, তাদের স্টেট ট্রেডিং-এর মধ্যে নিয়ে আসতে চাইছেন, তাঁরা মজুতদার ব্যাপারীদের স্টেট ট্রেডিং-এর অংশীদার করতে চাইছেন। কাজেকাজেই ১৯৫৯-৬০ সালের যে ভূত-প্রেত আজও বেঁচে রয়েছে। আমি সেদিন অনাস্থা প্রস্তাবের উপর মুখ্যমন্ত্রীর জবাবে খুব বিস্মিত হয়েছিলাম। সেখানে বিরোধীপক্ষ থেকে অভিযোগ করা হয়েছিল যে মন্ত্রীসভাকে যে দল চালান সেই কংগ্রেস দলের সভাপতি, ভারতীয় কংগ্রেস দলের সভাপতির হাতে যে লক্ষাধিক টাকার তোড়া দেওয়া হয়েছিল, সেই চাঁদার টাকা এসেছিল চিনির চোরাকারবারীদের কাছ থেকে, এই অভিযোগের জবাবে, আমি স্তম্ভিত হয়ে গেলাম, মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন বললেন যে না চিনির কারবারীরাই নয়, সমস্ত মুনাফাখোর সমস্ত কারবারীদের কাছ থেকে চাঁদা নিয়ে দেওয়া হয়েছিল। এটা জনগণের চাঁদা নয়, চাঁদা হচ্ছে সমস্ত বিজনেস ওয়ার্লড-এর চাঁদা নিয়ে কামরাজের হাতে দেওয়া হয়েছিল, যিনি কংগ্রেস সভাপতির সম্মানিত পদে আছেন।

[2-30—2-40 p.m.]

তাঁকে তাঁরা অভিনন্দন দিয়েছিলেন অর্ঘ তোড়া দিয়েছিলেন বিজনেস ম্যানদের কাছ থেকে চাঁদা নিয়ে যারা সাধারণভাবে মুনাফা করে অনেক অংশে জনবিরোধী নীতি নিয়ে চলে। কাজে কাজেই যেটা আলোচ্য কথা সেটা অত্যন্ত দুঃখ এবং শোকের কথা এবং আমাদের দিক থেকে অত্যন্ত ক্রোধের উদ্রেক করেছিলেন একথা শুনে। এই সঙ্গে আমি আর একটা কথা উল্লেখ না করে পারছি না সেটা হচ্ছে ব্রিটিশ শাসন চলে যাবার আগে আমাদের দেশের সমস্ত জনগণের মধ্যে একটা মৌলিক ঐক্য ছিল। বিদেশী সাম্রাজ্যবাদ এবং সামন্তবাদকে উৎখাত করবার জন্য সমস্ত জনগণের মধ্যে একটা মৌলিক ঐক্য ছিল। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে স্বাধীনতা পাবার পরও ব্রিটিশ সাম্রাজ্যবাদের প্রভাব আমাদের দেশে থেকে গেল এবং সামন্ত সমাজ থেকে গেল এবং তার জের আজ পর্যন্ত চলছে। কাজে কাজেই সেই যে জায়গা সেখানে জনগণকে ঐক্যবন্ধ হয়ে সংগ্রাম করতে হবে। আজকে খাদ্যের জন্য সমস্ত জনগণ ব্যাপক দুর্ভিক্ষে ভুগছে। আমাদের প্রফুল্ল সেনের আমলে দুটো রাজত্ব চলছে—একটা রাজত্ব হচ্ছে আইনসঙ্গত সরকারী রাজত্ব, আর একটা রাজত্ব বেআইনী ব্ল্যাকের রাজত্ব। যেমন খাদ্যের ব্যাপারে দেখছি ১ কিলো চাল আমরা আইনসঙ্গতভাবে কিনি আর ঘাটতি আরো ১ কিলো আড়াই কিলো আমরা বে-আইনীভাবে কালোবাজার থেকে কিনি এবং এই কালোবাজারকে রেগুলেট করছে খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন। কারণ, আইনসঙ্গতভাবে ১ কিলোর বেশী ব্যবস্থা না করে এবং আগামী বছরে মাত্র দেড় কিলো প্রবর্তন করে তিনি চালের চোরাবাজারকে জীবিত করে রাখছেন এবং এর পিছনে যদি দেখা যায় তাহলে দেখা যাবে গ্রামাঞ্চলে সামন্ত কৃষি পদ্ধতির উপর ভিত্তি করে যারা দাঁড়িয়ে আছে সেই গ্রাম্য ধনীদের তিনি রক্ষা করছেন। সেই গ্রামের ধনীরা কংগ্রেসের সাপোর্ট, তাদের বর্জন করার সময় এসেছে জাতীয় স্বার্থে। সামন্তবাদকে ধ্বংস না করলে এ দেশে শিল্পবিপ্লব হতে পারে না, এ দেশ শিল্পসমৃদ্ধ হতে পারে না। আমাদের দেশে কৃষি এবং শিল্পকে উন্নত করার যে পদ্ধতি সেই পদ্ধতিতে উন্নত হতে পারে না। খাদ্য সমস্যার চূড়ান্ত

ভাবে সমাধান হতে পারে না। আজকে আমরা হাহাকার করে বলছি অস্ট্রেলিয়া থেকে গ্রেন সিপ ভারতবর্ষে নিয়ে এস, আমেরিকা থেকে আরো বেশী পরিমাণে এস ও এস পাঠাতে বলতে বাধ্য হচ্ছি। আমেরিকা যারা আমাদের দেশের শিল্প সমৃদ্ধির শত্রু তারা অনেক সময় কন্ডিসান দেয় আমাদের শিল্প সমৃদ্ধির বিরুদ্ধে এবং আমরা অত্যন্ত ব্যাকুলভাবে তাদের স্বারস্থ হতে বাধ্য হচ্ছি। কারণ, গ্রামাঞ্চলে! গ্রাম্য ধনীরা আজো পুরান সামন্ত কৃষি পদ্ধতি আঁকড়ে ধরে আছে, যারা ইনভেস্ট না করে ভাগচাষীদের কাছ থেকে যা পাচ্ছে তাতেই সুখেস্বাচ্ছন্দে দিন কাটাচ্ছে এবং যারা অনগ্রসর কৃষি ও খাদ্য অকুলান পরিবেশের মধ্যে দেশকে রেখে দিচ্ছে। আমরা যদি গত ৫ বছরের লং টার্ম ভিউ পয়েন্ট নিই তাহলে এই জিনিসটা দেখা যাবে আমাদের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যের ভেতর কোন একটা লক্ষ্যের দিকে গতি নেই। এডুকেশান সম্বন্ধে আপনাদের কাছে এই কথা বলব যে দেশের শিল্প বিপ্লব কৃষি বিপ্লব করতে হবে সেই দেশে প্রাইমারী এডুকেশান স্প্রেড এত স্লো কেন? শহরাঞ্চলে যে মিউনিসিপ্যালিটিগুলি আছে যারা অত্যন্ত দীন-দরিদ্র, যারা নিজেদের কর্মচারীদের বেতন দিতে পারে না, যারা সাধারণ সিডিউল মাফিক কাজ করতে পারে না তাদের উপর নির্ভর করে শহরাঞ্চলে

compulsory free primary education

প্রবর্তন করবেন এটা একটা খেয়াল মাত্র, টেকনিক্যাল বায়াস নিয়ে প্রাথমিক শিক্ষা প্রচলন না করলে যে শিল্পবিপ্লবের সহায়তা হতে পারে না সে কথা তাঁরা ভাবছেন না এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Copal Das:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১র যে বাড়তি খরচ সে সম্পর্কে গতকাল সবিশেষ আলোচনা হয়েছে এবং সেই খরচ যা গভর্নমেন্ট পূর্বেই করেছেন তার অনুমতি এই হাউসের কাজ থেকে চাওয়া হয়েছে কিন্তু মানুষ যখন মারা যায় তখন সেই মৃত মানুষের উপর পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে এটা প্রমাণ করা যায় যে মানুষটা মারা গেছে কিন্তু পোস্টমর্টেমের পরে এমন কোন উপায় থাকে না যাতে মানুষটাকে বাঁচানো যায়। সুতরাং বাড়তি খরচ তো সরকার করেই ফেলেছেন, এতো হয়েই গেছে এবং এর উপর যে আলোচনা সেই আলোচনা অনিবার্যভাবে একঘেয়ে হয় এবং তার মাঝখানে কোন প্রাণ থাকে না, কিন্তু সঙ্গে সঙ্গে একথা সত্য যে নীতির উপর দাঁড়িয়ে একটা দেশের গভর্নমেন্ট চলে এবং যে গভর্নমেন্টের নীতি প্রত্যেক বৎসরের বাজেট বরাদ্দের ধারায় বাজেটের উপর প্রতিফলিত হয়, সেই নীতি প্রতিফলিত হয় যখন আমরা দেখি গভর্নমেন্ট বাড়তি খরচ করেন এবং সেই খরচ করার জন্য সম্মতি চান। ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালে কোন কোন ক্ষেত্রে যে বাড়তি খরচ হয়েছিল সেই হিসাব এই কাগজের মাঝখানে আছে আমরা দেখেছি। আমরা দেখেছি যে দুটো ক্ষেত্রে এডুকেশনের উপর বাড়তি খরচ করা হয়েছে, অ্যাডমিনিস্ট্রেশন তার জাস্টিসের ক্ষেত্রে দু'বার খরচ করা হয়েছে, জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে দু'বার বাড়তি টাকা ধরা হয়েছে। আজকে ১৯৬৪ সালে বাংলাদেশের অ্যাসেমব্লীতে দাঁড়িয়ে আমরা যখন ভাবি যে যেখানে দু'বার শিক্ষাখাতে বাড়তি খরচ ধরা হয়েছিল এবং যখন এই কয়েক বৎসরে বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে যে বিপর্যয় সেই বিপর্যয়ের কথা চিন্তা করি, তখন আমাদের মনে এই প্রশ্ন জাগে এই খরচ করা সঙ্গত হয়েছিল কি না। বাংলাদেশের ছাত্র, বাংলাদেশের শিক্ষক, বাংলাদেশের অভিভাবক, এক কথায় সমস্ত দেশের বুদ্ধি বিবেক সম্পন্ন মানুষ একথা জানে যে আমাদের গভর্নমেন্টের শিক্ষানীতি দীর্ঘদিন ধরে কিসের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং বাংলাদেশের সামনে তারা কোন আশার আলো রাখতে পারে নি, বিশেষ করে কিছুদিন আগে আমাদের যে মধ্যশিক্ষা পর্ষৎ সেই মধ্যশিক্ষা পর্ষতের যে কেরামতী, যে কৃতিত্ব সেই কৃতিত্বের কথা আমরা খুব ভালভাবে দেখতে পেলাম। আমরা দেখতে পেলাম যে বাংলা-দেশের লক্ষ লক্ষ স্কুলফাইনাল ছাত্রছাত্রী, বাংলাদেশের লক্ষ লক্ষ হায়ার সেকেন্ডারীর ছাত্রছাত্রী যারা একজামিনেশন দিয়েছিলেন, এই সমস্ত ছাত্রছাত্রী পরীক্ষা দিয়ে এই নিরাপত্তাটুকু বোধ করতে পারে নি যে, তাদের পরীক্ষার খাতা হারিয়ে যাবে না এবং তাদের রেজাল্ট বের হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আজও পর্যন্ত অনেক ছাত্রছাত্রীর পরীক্ষার ফল ইনকমপ্লিট হয়ে আছে—আমি নিজে একথা জানি। এমন ঘটনা ঘটেছে দেখা যাচ্ছে যে মফঃস্বল থেকে যারা পরীক্ষায় বসেছিল এতদিন পরে হঠাৎ পর্ষৎ থেকে তাদের জানিয়ে দেওয়া হল, এই কারণে তাদের

রেজাল্ট ইনকমপ্লিট করে রাখা হয়েছিল যে তারা না কি আদৌ কোন পরীক্ষায় বসে নি—এই ঘটনা ঘটেছে। সংবাদপত্রে বারে বারে দেখেছি যে বারে বারে বাংলাদেশের ছাত্রছাত্রীরা এই পর্বতের কাছে বলিদানের মত নিজেদের এগিয়ে দিয়েছে, শত শত খাতা সেখানে হারিয়ে গেছে এবং তাদের ভাগ্য চিরকালের মত শেষ হয়ে গেছে—এই কেরামতী আমরা শিক্ষাবিভাগের দেখেছি।

[2-40—2-50 p.m.]

আমাদের চোখের সামনে স্কুল ফাইনাল এবং হায়ার সেকেন্ডারী পাস করে ছাত্ররা কলেজে ঢুকতে না পেরে পালিয়ে আসছে, তারা সেখানে কোন জায়গা পাচ্ছে না। আজকে বাংলাদেশে উচ্চশিক্ষার ক্ষেত্রে শিক্ষা সংকোচন নীতি কিভাবে অনুসৃত হচ্ছে তা আমরা সকলেই জানি। এক্ষেত্রে আমাদের স্মরণ করতে হয় এডুকেশন খাতে আমরা বেশি টাকা ধরেছিলাম।

তারপর স্যার, আমরা এখানে সরকার পক্ষ থেকে কৃষির উন্নতি ও অধিক ফসল উৎপাদনের কথা প্রায়ই শুনতে পাই। কিন্তু আমরা জানি আমাদের সরকার কৃষিখাতে বাড়তি খরচ করা দূরের কথা, যে টাকা বরাদ্দ করে থাকেন তার বেশির ভাগই এসট্যাব্লিশমেন্ট-এ ব্যয় করেন। কৃষির ডেভেলপমেন্টের জন্য যে টাকা বরাদ্দ হয় সেই টাকা ফেরত দেওয়া হয়ে থাকে। আমাদের সরকার যদি কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে শিল্পের ব্যবস্থা, বিশেষ করে কুটিরশিল্পের বিস্তারের জন্য একটা ইনিসিয়েটিভ নিতেন তাহলে আমরা সুখী হতে পারতাম। স্পীকার মহাশয়, এই সুযোগে আরেকটা কথা বলি, এখন কিছু কিছু ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠিত হচ্ছে দেশে। বাংলাদেশের ভিতর বিভিন্ন যেসব জেলা রয়েছে সেগুলিকে এক একটা ইউনিট ধরে যদি একটা মাস্টার প্ল্যান করে শিল্প স্থাপনের ব্যবস্থা করা হত তাহলে আজকে যে বেকার সমস্যা, অর্ধবেকার, ডিসগাইজড বেকার, তীব্র থেকে তীব্রতর হচ্ছে তার অনেকটা সমাধান হতে পারত। সেজন্য আমার সাজেসশন হচ্ছে, বাংলাদেশের গ্রামে গ্রামে, জেলায় জেলায় কৃষির উন্নতির পাশাপাশি শিল্পের ব্যবস্থা করতে হবে এবং দেশের ভিতর ছোটখাট কুটিরশিল্প ছড়িয়ে দিতে হবে। স্পীকার মহাশয়, খুব বেশিদিন আগে নয়, ১৯৫৯ সালে বাংলাদেশে একটা ভয়াবহ বন্যা হয়েছিল যার ফলে কয়েকটা জেলা সম্পূর্ণ প্লাবিত হয়ে গিয়েছিল। সেই বিপর্যয়ের কথা মানুষের মন থেকে এখনো মুছে যায় নি। ঘরবাড়ী ও গৃহপালিত জীব হারিয়ে মানুষ মাথায় হাত দিয়ে বসে পড়েছিল। সরকারের তরফ থেকে গ্রাচুইটাস রিলিফ-এর ব্যবস্থা হয়েছিল। অনেকে সেই বিপর্যয়ের দরুণ ভিখারীতে পরিণত হয়েছিল। তারা সরকারের কাছে অনেক কিছু আশা করেছিল। কিন্তু আমাদের সরকারের হাত সেদিকে অত্যন্ত কৃপণ আমরা জানি। তাঁরা অ্যাডমিনিস্ট্রেশন-এর জন্য এস্টাবলিশমেন্টের জন্য, তাঁদের আত্মমাহাত্ম্য প্রচারের জন্য টাকা খরচ করতে পারেন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা মাঝে মাঝে হুকুম দেন যে এক পারসেন্ট বা দুই পারসেন্ট লোককে রিলিফ দান করা হবে। এবং প্রতিটি গ্রামে আমরা জানি সেখানে প্রচুর লোক, বিশেষ করে বর্ষাকালে, যাদের সামনে অন্য কোন উপায় থাকে না, সরকারী দানের উপর নির্ভর করা ছাড়া যাদের কোন পথ থাকে না, তারা কিভাবে ফিরে যায় এবং এই অবস্থা দীর্ঘ দিন ধরে চলছে। এক্সেস এক্সপেন্ডিচারের মাঝখানে আমরা যদি এ জিনিষ দেখতাম যে রিলিফের খাতে কিছু বেশী টাকা দেওয়া হয়েছে সমাজ বিপর্যয়ের কথা চিন্তা করে তাহলে পরে হয়ত আমরা খুশী হতাম। কিন্তু সেদিক দিয়ে কোন নজর দেওয়া হয় নি। মাননীয় স্পীকার, স্যার, আমি এই কথাই বলতে চাই যা খরচ হবার তা খরচ হয়ে গিয়েছে কিন্তু সরকারের যে মূল দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গীর মূল প্রতিফলন এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকে এই সম্পর্কে আমার বক্তব্য উপস্থিত করেছি। আমরা তীব্রভাবে এই যে এক্সেস এক্সপেন্ডিচার এটা যে খুব অন্যায় এবং স্বেচ্ছাচারমূলক তা আমরা কালকে বলেছি, তা সত্ত্বেও সংখ্যাধিক্যের জোরে ও'রা পাশ করিয়েছেন। আজকে আবার অর্থ প্রয়োগ বিল আনা হয়েছে, টাকা খরচ করবার পর আমাদের সম্মতি নেবার কি অর্থ থাকতে পারে আমরা তা বুঝি না, এটাকে একটা প্রহসন ছাড়া আর কিছু মনে করি না। যাই হোক আমি সুখী হতাম যদি ও'রা কোন ইমার্জেন্সি ব্যাপারে অথবা কোন জনকল্যাণের জন্য বিশেষ কোন কারণে খরচ করতেন তাহলে সেটা স্বীকার করে নিতে পারতাম। আজ আমি আমার

কনস্টিটিউয়েন্সী থেকে খবর পাচ্ছি যে সেখানে সাধারণ কৃষকের এই চাষের সময় গরু ক্লোক করা হচ্ছে, লোন দিতে পাচ্ছে না, সেখানে ও'রা রিলিফ দিতে পারছেন না, টেস্ট রিলিফ দিতে পারছেন না, সেখানে গম দিতে পারছেন না, চাল দিতে পারছেন না। একদিকে আবার লোন দেওয়া হচ্ছে অন্য দিকে আবার দেখা যাচ্ছে কি? গরু ক্লোক করা হচ্ছে, কপাট, চৌকাঠ ক্লোক করে নেওয়া হচ্ছে। এই যেখানে বর্গীর জুলুম চলে সেখানে ও'রা ডেভালপমেণ্টের নামে আরো এক্সেস এক্সপেণ্ডিচার দাবী করেন কি লজ্জায় আমি বুঝতে পারি না। আজ আমি অন্য প্রশ্ন এখানে তুলতে চাই না, অনেক সাধারণ খাতে ও'রা খরচ করেছেন, আমি দুটি বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করবো। সব চেয়ে ও'রা বেশী খরচ করেছেন বিচার বিভাগে। তাঁরা বিচার বিভাগে খরচ করেছেন ৪,৮২.৫৫৪ টাকা। সব চেয়ে বেশী খরচ করেছেন শিক্ষা বিভাগে কিন্তু বিচার বিভাগেও কম নয়, প্রায় ৪ লক্ষ টাকা। অথচ আমরা একটা দাবী বরাবর তাঁদের কাছে করে আসছি দেশ স্বাধীন হবার পর থেকে, জনসাধারণের পক্ষ থেকে এই দাবী ১০।১২ বৎসর ধরে এই বিধানসভায় বার বার করে এসেছি যে বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করে দেওয়া হোক।

[2-50—3-30 p.m.]

এই দাবী বহুদিনের দাবী, কিন্তু এ'রা এই গুরুত্বপূর্ণ বিষয়টি বরাবরই এড়িয়ে যাচ্ছেন। এ'রা অবশ্য নানা অজুহাত দেখাচ্ছেন, কিন্তু আমি জানি না কেন এটা করছেন। স্যার, আমরা দেখেছি ভারতবর্ষের বিভিন্ন জায়গায় একে পৃথক করা হয়েছে—মাদ্রাজ করেছে, বোম্বে করেছে। এখানেও ২।৪ বছর আগে দেখেছিলাম এগিয়েছেন, কিন্তু এখন দেখছি এ'রা পিছিয়েছেন। কেন এটা হচ্ছে বুঝতে পারছি না কিন্তু দেখতে পাচ্ছি এর ফলে জনগণের দুর্দশা ভোগ করতে হচ্ছে। যে ম্যাজিস্ট্রেট ওয়ারেণ্ট দিয়ে ধরে আনছেন তিনিই আবার বিচার করছেন। আমরা দেখতে পাচ্ছি শাসকমণ্ডলীর ইচ্ছা, অনিচ্ছা এবং ইঙ্গিত থাকে সব জিনিসের ভেতরে। ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা নেই পুলিশ রিপোর্টের বিরুদ্ধে যাবার—ম্যাজিস্ট্রেট সর্বদা ভাবেন তাঁর কি করে পদোন্নতি হবে, তিনি কি করে মন্ত্রীকে খুশী করবেন। এর ফলে সাধারণ মানুষ সুবিচার পায় না। অনেক সময় আমরা দেখেছি শাসকবর্গ দলের স্বার্থে ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেন, আবার এমনও দেখেছি কোন জায়গায় ম্যাজিস্ট্রেট যদি ভালভাবে কাজ করেন, সৎভাবে কাজ করেন তাহলে তাঁকে বদলী করা হয়। আমি কিছুদিন আগে খবর পেলাম আরামবাগ থেকে একজন ম্যাজিস্ট্রেট বদলী হয়েছেন। কাজেই মনে করি এই বিচার বিভাগ এবং শাসন বিভাগ অবিলম্বে পৃথক করা দরকার এবং এটা যদি গুরুত্ব দিয়ে চিন্তা না করেন তাহলে বিচার বিভাগ সম্পর্কে টাকা চাওয়ার কোন অর্থ হয় না। তারপর স্যার, প্রথমে আইনমন্ত্রী এখানে এসে স্টেটমেণ্ট দিলেন যে, বিচার বিভাগ এবং শাসন বিভাগ পৃথক করা সম্পর্কে হাই কোর্টের কাছে অভিমত চাওয়া হয়েছে। কিন্তু আমি সংবাদ নিয়ে জানতে পেরেছি এরকম কোন অভিমত চাওয়া হয় নি। আমি জানি না এরকম অসত্য কথা কেন বললেন। আমি জানতে চাই হাইকোর্টের এখানে কি জুরিসডিকসন আছে? বিধানসভা আইন পাশ করবে এবং এটা পৃথক করবার ব্যাপারে বিধানসভা হাইকোর্টের অভিমত নিতে পারে—এই মাত্র। কিন্তু হাইকোর্টের উপর নির্ভর করে বন্ধ রাখতে হবে এর কি কারণ থাকতে পারে আমি বুঝতে পারছি না। কাজেই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এটাকে গুরুত্ব দিয়ে ভাবুন এবং অবিলম্বে যাতে ব্যবস্থা হতে পারে তার দিকে নজর দিন। তারপর, সিটি কোর্টের ক্ষমতা খর্ব করা সম্পর্কে আপনার কাছে কিছু বলতে চাই। কিছু সলিসিটর এবং অ্যাটর্নির স্বার্থে সিটি কোর্টের ক্ষমতা খর্ব করা হয়েছে। সিটি কোর্ট করবার মস্তবড় গুরুত্ব ছিল এবং তখন ডাঃ রায় বলেছিলেন দ্রুত সকলের বিচারের সুবিধা হবে। কিন্তু ৮।১০ হাজার টাকার দাবীর বিচারের জন্য যদি হাইকোর্টের শরণাপন্ন হতে হয় তাহলে সাধারণ মানুষ কি করে বিচার পাবে? মাদ্রাজ, বোম্বে এবং এলাহাবাদে দেখেছি তাঁরা ৫০ হাজার টাকার দাবীর বিচারের অধিকার দিয়েছে। কিন্তু আমাদের এখানে সেটা হতে পারছে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে জনসাধারণের স্বার্থ যদি দেখেন তাহলে সিটি কোর্টের ক্ষমতা বাড়িয়ে যাতে ত'রা অন্ততঃ ৫০ হাজার টাকার দাবীর বিচার করতে পারেন সেটা দেখা উচিত। তারপর শুনেছি একজন অ্যাটর্নির সঙ্গে যদি কোন পার্টি চা খান তাহলে তাকে বিল দিতে হয় এবং এর ফলে হাজার মানুষ সর্বস্বান্ত হচ্ছে। কাজেই এই শোষণের দিক থেকে চিন্তা করেও এটা বন্ধ করা দরকার। তারপর আমি

মফঃস্বলের কথা কিছু বলি। ফার্স্ট মুনসেফ-এর ২ হাজার টাকার দাবীর বিচারের অধিকার আছে, সেকেন্ড মুনসেফ-এর ৩ হাজার টাকার দাবীর বিচারের অধিকার আছে এবং জেলা জজের ২৫ হাজার টাকার দাবীর বিচারের অধিকার আছে। এই জেলা জজের ৫০ হাজার টাকার দাবীর বিচার করা উচিত। তারপর আমি মন্ত্রিমহাশয়ের কাছে সুবিধা এবং অসুবিধার কথা কিছু বলতে চাই। হাইকোর্টের অরিজিন্যাল সাইড-এ ১০।১২ বছর সময় লাগে, কিন্তু সিটি কোর্টে যদি দ্রুত বিচারের ব্যবস্থা হয় তাহলে ওখানে যে সময়টা লাগে সেটা আর লাগবে না এবং জজ-এর উপর চাপ পড়বে না। তারপর, অ্যাপিলেট সাইড-এ ৩।৪ বছর বিচার করতে লাগে, কাজেই আমি চাই এই ব্যবস্থা করবেন। স্যার, বিচার বিভাগ সম্পর্কে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে আমি আর একটি কথা বলতে চাই এবং সেটা হচ্ছে মন্ত্রিদের আত্মীয় পোষণ সম্পর্কে। মহাবীর প্রসাদ কছেরা, সিটি কোর্টের অ্যাডভোকেট এবং জালান সাহেবের আত্মীয়। তিনি লইয়ার প্যানেল-এর সদস্য এবং দেওয়ানী ও ফৌজদারী দুটোরই সদস্য। শুধু তাই নয়, তিনি একজন জাস্টিস অফ পিস্‌ এবং তাঁকেই সুযোগ দেওয়া হয়েছে ম্যারেজ রেজিস্ট্রার-এর কাজ করবার জন্য। আমার বক্তব্য হচ্ছে মন্ত্রীরা যদি এরকম আত্মীয়পোষণের ব্যবস্থা করেন তাহলে কি করে দুর্নীতি দূর হবে? এছাড়া শিক্ষা বিভাগের দুর্নীতির কথাও শুনেছি, কাজেই আমার বক্তব্য হচ্ছে এগুলির পরিবর্তন না করে এরকম অতিরিক্ত খরচ করবার কোন অর্থ হয় না।

The Hon'ble Saila Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাল অনুদানের প্রস্তাব যখন আমি পেশ করি হাউসের সামনে, তখন জবাবে যা বলেছিলাম তার চেয়ে একটা বিষয়েও অতিরিক্ত বলবার প্রয়োজন আছে বলে মনে করি না, কেন না যদি এখনও একসেস অ্যাপ্রোপ্রিয়েসন বিল-এর স্কোপ কি এবং কতখানি এর সঙ্গতিপূর্ণ উক্তি করা যায়, সে সম্বন্ধে মাননীয় সদস্যগণের নির্ধারিত কনস্টিটিউসন ধারা এবং বিধানসভার আইনগুলির সম্বন্ধে ধারণা না হয়, তাহলে দীর্ঘকাল এই হাউস-এর অপ্রাসঙ্গিক বক্তৃতা চলবে। মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় এখানে সরকারের খাদ্যনীতি, অর্থনীতি, প্রশাসনিক নীতি সবই উল্লেখ করেছেন এবং একটু আগে মাননীয় শম্ভুবাবু বললেন এটা একটা প্রহসন। এই সমস্ত কথাই তো বিশ দিন ধরে বাজেট আলোচনার সময়, তাঁরা দীর্ঘকাল আলোচনা করেছেন। খাদ্য বিতর্কের সময় দীর্ঘকাল আলোচনা করেছেন, অনাস্থা প্রস্তাবের সময় দীর্ঘকাল আলোচনা করেছেন। কিন্তু একই কথার কতবার জবাব দেব? জবাব দেবার ন্যায়সঙ্গত অধিকারও নাই, স্কোপ অফ দি বিল কতটুকু আছে বলে দিয়েছি। যে বিল আজও হাউস-এর কাছে এসেছে, এটা আপনাদেরই প্রদত্ত জিনিষ, আপনাদেরই বিচার করা জিনিস, সরকার খরচগুলির অনুমতি নিয়েছেন। বিধানসভার নিয়মানুসারে অনুমতি অনুসারে ১৯৫৯-৬০-৬১ সালের যে বাজেট হয়েছে তাতে সেই খরচের সম্মতি নিয়েছেন, এখন নিয়ম হচ্ছে আইনসঙ্গত বিধি ও কর্তব্য হচ্ছে সরকারের অডিটর জেনারেল-এর কাছে নিরীক্ষণের জন্য হিসাব উপস্থিত করা। অডিটর জেনারেল কনস্টিটিউসন অনুসারে একজন ইনডিপেন্ডেন্ট বডি, তিনি কোন সরকারী কর্মচারী নন, তিনি পরীক্ষা করে যে রিপোর্ট দিয়েছেন তা হাউসের মেম্বারদের কাছে সেই বিশদ রিপোর্ট সরবরাহ করা হয়েছে। এবং সেই রিপোর্ট পাবলিক অ্যাকাউন্টস কমিটি, যা সরকারের অপদার্থ কমিটি নয়, বিধানসভারই নিযুক্ত কমিটি তাঁরা চারদিন ধরে বিচার করে সমস্ত দেখেছেন, সন্তুষ্ট হয়েছেন এবং এটা যে রেগুলারাইজ করা দরকার আইন সম্মত উপায়ে, তা বলেছেন। সুতরাং এটা রেগুলারাইজ করার জন্য পেশ করা হয়েছে। আমিও তাই করেছি, কাল আপনারা সম্মতি দিয়েছেন, সুতরাং আজকে কোন কথার জবাব দেবার প্রয়োজন আছে বলে মনে করি না, স্বীকারও করি না, দেওয়া উচিতও নয়। সুতরাং এই এক্সেস অ্যাপ্রোপ্রিয়েশন বিল সরকার গ্রহণ করবেন।

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Mr. Speaker: There are no amendments to any of the clauses.

Clauses 1 to 3

The question that Clauses 1, 2 and 3 do form part of the Bill was then put and agreed to.

Schedules I and II

The question that Schedules I and II do form part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hour)

[After adjournment.]

[3-30—3-40 p.m.]

Student unrest in Contai

Shri Hemanta Kumar Basu:

মিঃ স্পীকার, স্যার, আপনার পারমিশন নিয়ে বলতে চাই যে একখানা টেলিগ্রাম আমি এইমাত্র পেলাম, এটা পড়ে দিচ্ছি

"Akhil Jana of Contai College illegally expelled serious student unrest on way to hunger strike and satyagraha ask immediate intervention."

আমি এ বিষয়ে মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

GOVERNMENT BILLS

Mr. Speaker: There are two Municipal (Amendment) Bills—one The Calcutta Municipal (Amendment) Bill, 1964, consideration and passing, and the other, Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee, consideration and passing. With the consent of the House, I will take up the latter Amendment Bill first, and then the other Amendment Bill will be taken up; that is, the Bill regarding Constituencies will be taken up later, may be tomorrow or day after.

Now, Shri Niranjan Sen Gupta may please speak on the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963 as reported by the Joint Committee

Shri Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬৩ সালের কালকাটা মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল সম্পর্কে আমার বেশ কিছু বক্তব্য আছে। আমরা জানি ১৯২৩ সালে মনীষী সুরেন্দ্র নাথ দ্বারা কলকাতা কর্পোরেশনে স্বায়ত্তশাসন প্রবর্তিত হয়েছিল। তারপর এই কর্পোরেশনের সাথে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, দেশপ্রিয় যতীন্দ্রমোহন, নেতাজী সুভাষচন্দ্র প্রভৃতি দেশবরেণ্য নেতৃবর্গ জড়িত ছিলেন। তাঁদের উদ্দেশ্য ছিল কলকাতা কর্পোরেশনে এই বিলের মাধ্যমে কলকাতার জনসাধারণের অধিকার প্রতিষ্ঠা করা। কিন্তু ১৯২৩ সালে যে অধিকার প্রবর্তিত হয়েছিল ১৯৫১ সালে সেই অধিকার অনেক সংকুচিত হয়েছে। তারপর, আজকে ১৯৬৩ সালের বিলে আমি বলব অ্যাডাল্ট ফ্রানচাইজের নামে ক্ষমতা কেড়ে নেওয়ার একটা ষড়যন্ত্র চলছে। তাই আজকে এই বিল যিনি

উপস্থাপিত করেছেন সেই মন্ত্রিমহাশয়কে আমি আপনার মাধ্যমে এই কথা বলব তিনি চিন্তা করে দেখুন এই বিল কলকাতার নাগরিকদের অধিকার প্রতিষ্ঠা করার দিকে এগিয়ে যাচ্ছে, না, তাকে সংকুচিত করছে। এটা তাঁকে বিচার করে দেখতে অনুরোধ করি। নইলে আজকে এই হাউসে তার জবাবদিহি করতে হবে। আমি একটু একটু করে আমার বক্তব্য আপনার মাধ্যমে রাখছি। প্রায়ই এই হাউসে আমি শুনি যখন কলকাতা কর্পোরেশন সম্পর্কে কোন কিছু ওঠান হয় তখন ও'রা বলেন যে একটা কম্প্রিহেনসিভ বিল আনা হবে যে বিলে সমস্ত জিনিসগুলি থাকবে এবং কলকাতার নাগরিকদের অধিকার সেখানে রক্ষিত হবে, অ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ হবে, সব কিছু হবে সেই বিলে। কিন্তু এবারে যে বিল ও'রা এনেছেন এই বিল কি সেই বিল? আমি একথা বলব বস্তির জনসাধারণ সম্পর্কে এই বিলে কি আছে সেটা খতিয়ে দেখা দরকার। বস্তির লোক কিভাবে ট্যাক্স দেয় বস্তির লোকদের এখানে সমস্ত ভ্যালুয়েশন ধরে, অনেক টাকা সেই ভ্যালুয়েশান হয়, তারপর সেই ভালুয়েশান ইনডিভিজুয়াল এক এক জনের উপর দেয় অর্থাৎ সরকার মিউনিসিপ্যাল আইনে এমন ব্যবস্থা করেছেন যে বস্তির সাধারণ গরীব জনসাধারণ ট্যাক্সের বোঝায় বিপর্যস্ত। অর্থাৎ এবারকার বিলে সেই ট্যাক্সের বোঝা কমানোর কোন ব্যবস্থা নেই। আর একটা ব্যাপার, যাঁরা বাসিন্দা তাঁরা ট্যাক্স দেন কিন্তু রিবেট পাবেন ল্যান্ডলর্ড—এ কোন্ আইন আমি বুঝছি না। শৈলবাবু নিশ্চয়ই জানেন যে যারা ট্যাক্স দেয় তারা রিবেট পায়, কিন্তু এই আইনে রিবেট পাবে ল্যান্ডলর্ড এবং যে গরীব বাসিন্দা ট্যাক্স দেন তাঁরা সময়মত ট্যাক্স দিলে রিবেট পাবেন না, এই যে জিজ্ঞাসা করতে চাই। তারপর, আর একটা ব্যাপার হচ্ছে যে কোলকাতার যে কোন বস্তীতে নিয়ম এখন আছে এটা দূর করার কি ব্যবস্থা এই নূতন বিলে হচ্ছে সেটা আপনার কাছে যেকোন লোক গিয়ে দেখুন না কেন, সেখানে পানীয় জল, লাইট, হাইজিনিক অ্যারেঞ্জমেণ্ট এবং অন্য যা কিছু মানুষের সাধারণ জীবনযাত্রার জন্য দরকার, সমস্ত জিনিসের অভাব; অথচ এই বিলে সেসব দিকে দৃষ্টিপাত দেন নি, কোলকাতায় লক্ষ লক্ষ বস্তি বাসিন্দাদের চরম দুর্দশা দূর করার জন্য কোন ব্যবস্থাই করা হয় নি। কোলকাতায় বহু বস্তি আছে তাঁরা বলেছেন যে তারা বস্তি তুলে দিয়ে বাড়ী করে তাদের সেই জায়গা নেবেন, ভাল কথা, আমরা সেটা সমর্থন করেছি—কিন্তু সেই বাড়ী তুলে সেখানে সমস্ত লোককে নেয়া আমাদের জীবন তো পার হবেই, তারপর কত জীবন যে পার হবে তার ঠিকানা নেই। এই যে প্ল্যান, যা ডাঃ রায়ের আমলে হয়েছিল, বস্তির উন্নতি করার জন্য তাঁরা ভাল ভাল বাড়ী তুলে তাঁদের নেবেন, নেন নি। সেটা কতদূর অগ্রসর হয়েছে শৈলবাবু বলবেন কি? এই যে ইন্টারিম পিরিয়ডে তাদের নেয়, তাদের এই যে সময়টা, এই সময়ে তাদের পানীয় জলের কি ব্যবস্থা হয়েছে?

[3-40—3-50 p.m.]

বহু বস্তিতে জল যায় কর্পোরেশন থেকে, কিন্তু কখনো পায়, কখনো পায় না, দারুণ অবস্থা। বাতি নাই, ড্রেনে পা পড়ে অন্ধকারে। আমার এলাকায় বহু বস্তি আছে যেখানে রাত্রে সন্তর্পণে গেলেও ড্রেনে পা পড়ে যায়। তা ছাড়া কাঁচা ড্রেন। এগুলির হাইজিনিক কনডিশন এত খারাপ যে বস্তিতে রোগ লেগেই আছে। এই বিলে এ সম্বন্ধে কি ব্যবস্থা আছে, শৈলবাবু তো এই বিলটা এনেছেন কলিকাতার নাগরিকদের সুবিধার জন্য। শৈলবাবু আমাদের এই বিলের উপরের একটা লেবেল কথা শোনালেন অ্যাডাল্ট ফ্রানচাইজ, খুব ভাল কথা। এটা হলে আমরা খুব আনন্দিত হব, যখন হবে আমরা দুহাত তুলে আনন্দ করব। কিন্তু অ্যাডাল্ট ফ্রানচাইজ হলেও পিছনের যে অন্ধকার তা দূর করার কি ব্যবস্থা করেছেন আমরা সেটাই জানতে চাই। তারপর বস্তিবাসীদের দুরবস্থার কথা, ল্যান্ডওনার পারমিশন না দিলে সেখানে কিছুই হবে না, ড্রেন হবে না, আলো হবে না, কিছুই হবে না। অবশ্য সম্প্রতি আলোর কিছু ব্যবস্থা হয়েছে ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন আইনে। কিন্ত ফিলটার্ড ওয়াটার ল্যান্ডলর্ড পারমিশন না দিলে হবে না। গণেশবাবু সেদিন বলেছেন এমারজেন্সী পিরিয়ড-এ সরকারের ক্ষমতা আছে কর্পোরেশনকে ক্ষমতা দেওয়ার টিউবওয়েল বসানোর জন্য। কিন্তু সেই ক্ষমতা কেন সাধারণভাবে ব্যবহার করা হচ্ছে না? যখন লোকে জলাভাবে কষ্ট পাচ্ছে, ১/১॥ মাইল থেকে থেকে লোক জল আনে তখন কেন বস্তির ভিতর টিউবওয়েল বসাবার অধিকার সরকার নেবেন না। বস্তির ভিতর কেন পাকা ড্রেন হবে না? এখনো পর্যন্ত যে সমস্ত বস্তি আছে, সেগুলির অন্য ব্যবস্থা যতদিন না

হচ্ছে ততদিন সেগুলি যেন অন্ততঃ স্বাস্থ্যবিধিসম্মত উপায়ে চালানো যায় সেদিকে দৃষ্টি দেওয়া উচিত। কিন্তু এই বিলে তার কোন প্রভিশন নাই। তারপর, ছোট ঘরের মালিক যারা কলকাতায়, তাদের ট্যাক্স আপ টু ১,০০০ হলে পনের পারসেন্ট দিতে হবে, আমার ইনফরমেশনে হয়তো এক-আধটু গলদ থাকতে পারে, কিন্তু মোটামুটি তা হচ্ছে এই. ৩,০০০ হল ১৮ পারসেন্ট up to 12,000, 23 per cent. above that 23 and half per cent. or something like that.

অর্থাৎ, একজন ছোট ঘরের মালিক, যে খুব কষ্ট করে ঘর করেছে তার ঘরের ট্যাক্স দিতেই ঘরবাড়ী বিক্রী হয়ে যাচ্ছে। আমি অনেক জানি যারা ট্যাক্সের ভারে নুইয়ে গিয়েছে, সাধারণ মধ্যবিত্ত লোক, অল্প কিছু উপার্জন করে, তাদের উপর কর্পোরেশনের ট্যাক্স এমনভাবে পড়ে যে তারা নিঃশ্বাস ফেলতে পারে না। লক্ষ লক্ষ টাকা যে বাড়ীর ভ্যালুয়েশন, অনেক বেশি যাদের উপার্জন সে ক্ষেত্রে মাত্র ৭ পারসেণ্ট বেশি। এর থেকেই সরকারের নীতি পরিষ্কার হয়ে যায়। যারা অক্ষম তাদের উপর ট্যাক্স বসাতে সরকারের লজ্জা নাই। সুতরাং ট্যাক্সের প্রথা যেটা ক্যালকাটা কর্পোরেশন-এ আছে সেটা পরিবর্তন না করলে ছোট বাড়ীর মালিক যারা তাদের জীবনে বাড়ীভোগ করা চলবে না। আর এই দুর্মূল্যের বাজারে যেখানে চালের দাম ৪০।৫০ টাকা, তাও পাওয়া যায় না, তেলের দাম এত, মাছের দাম এত, তারপরে আবার কর্পোরেশনের বাড়ীর ট্যাক্স হচ্ছে এত, সব মিলিয়ে একজন মধ্যবিত্ত লোকের পনক্ষ ট্যাক্স দেওয়া অসম্ভব। সরকার সেদিকে চিন্তা করে কি এই বিলটা এনেছেন? এতে কিছুই নেই। সুতরাং আজকে শৈলবাবুকে কর্মাপ্রহেনসিভ বিল নিয়ে আসতে হলে এদিকে দৃষ্টি দেওয়া উচিত ছিল কিন্তু উচিত মনে করেন নি, মনে করলে নিশ্চয়ই এর ভিতর তা থাকতো। সুতরাং এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা, খুব চোখের সামনে, খুব প্লেয়ারিং, এই কলকাতা কর্পোরেশনের আয় ১২ কোটি টাকা এবং এর সাথে আমি আর একটা বড় কর্পোরেশনের কথা বলি বম্বের আয় ৩৩ কোটি টাকা। এখন এই যে বম্বের ৩৩ কোটি টাকা আয়, মাননীয় স্পীকার মহাশয়, এই আয় কিন্তু বাড়ীর ট্যাক্স থেকে আসে না বেশীর ভাগ। সেখানে অন্য আয় তাদের আছে। কিন্তু কলকাতা কর্পোরেশনের মোটা আয়ই হয় এই ছোট মালিক এবং বাড়ীর মালিকদের কাছ থেকে। এবং তাতেই কর্পোরেশন চলে। পশ্চিমবঙ্গ সরকারের উচিত যে বহুবিধ জিনিষ তাঁরা গ্যাগ করে নিয়েছেন যেমন পেট্রল ট্যাক্স, রোড ট্যাক্স, অ্যামিউজমেণ্ট ট্যাক্স, এর একটা মোটা অংশ কোন কর্পোরেশনে যায় না? এবং সেই দিক দিয়ে কর্পোরেশনকে ধনবান করে গরীব লোকদের সুখ-সুবিধার জন্য ব্যবস্থা করা হয় না কেন একথা শৈলবাবুকে জিজ্ঞাসা করছি। বম্বে কর্পোরেশনের কর্পোরেশন ট্যাক্স ফ্রম দি হাউস ওনারস্ তার যে অংশ তার চেয়ে অনেক বেশী অংশ আসে এই সমস্ত জিনিষ থেকে, পেট্রল ট্যাক্স, রোড ট্যাক্স, অ্যামিউজমেণ্ট ট্যাক্স, নানাবিধ আয় থেকে সরকারের কাছ থেকে তারা পায়। বাংলাদেশে কেন এই ব্যবস্থা নেই? আপনারা কর্পোরেশনকে সেইভাবে সুখ-সুবিধা দিতে পারেন না কেন এটা আমার বুদ্ধির অগম্য। তাই আমি এটা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই সেই রকম ব্যবস্থা হবে কি? তারপরে এই বিলে একটা মস্ত বড় জিনিষ যেটার আজকে প্রতিবাদ করা দরকার সেটা হচ্ছে কমিশনারকেই সর্বেসর্বা করা হচ্ছে এবং কর্পোরেশনের কাউন্সিলারদের ক্ষমতা এমনভাবে কেড়ে নেওয়া হয়েছে যে তারা একটা যেন মিয়ার অ্যাডভাইসার বডি। অথচ কর্পোরেশনের কাউন্সিলার কারা? যাঁরা জনসাধারণের ভোটের মাধ্যমে কর্পোরেশনে যান। এখানে সাধারণ নাগরিকের অধিকার যাদের সংগে অঙ্গাঙ্গীভাবে জড়িত সেই কাউন্সিলারদের ক্ষমতা এমনভাবে সঙ্কুচিত করা হয়েছে যা আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। ধরুন, একটা উদাহরণ দিচ্ছি। এই বিলে আছে যে কোন কাউন্সিলার কর্পোরেশনের কোন অ্যাসোসিয়েশনের কিম্বা কোন ইউনিয়নের সভ্য হতে পারবেন না কিম্বা তার ইলেকটেড এক্স-অফিসিও হতে পারবেন না। আচ্ছা, এই যে বিলটা আনা হয়েছে এটা পুলিশ বিল না কি? আপনারা সংবিধানে রাইট দিয়েছেন অ্যাসোসিয়েশনের, অথচ সেই রাইট আপনি একজন জন-প্রতিনিধির কাছ থেকে কেড়ে নিচ্ছেন। এ কিরকম ব্যবস্থা? এই জিনিষটা যদি আজকে এই হাউসের ভিতর না তোলা হয় এবং প্রতিবাদ না জানান হয় তাহলে আমরা জনসাধারণের কাছে দায়ী থাকবো। আমি এটা মনে করি যে আজকে প্রত্যেকটি কাউন্সিলার, প্রত্যেকটি স্বাধীন নাগরিকের এ অধিকার আছে যে তাঁরা যে কোন অ্যাসোসিয়েশনের সভ্য হতে পারবেন, মেম্বার হতে পারবেন।

[3-50—4 p.m.]

সেটা কেড়ে নেবার অধিকার সরকারের নেই কারণ সংবিধানে এটা দেওয়া আছে। তবে সেই সংবিধান পার্লিয়ে সরকার যদি করতে চান তাহলে দেশের লোকের কাছে তাঁরা দায়ী হবেন। মেজোরিটির জোরে পাশ করতে পারেন, কিন্তু সেই মেজোরিটিই উল্টে আপনাদের ঘাড়ে চাপিয়ে দেবে। কাজেই মানুষের অধিকার নিয়ে এরকম খেলা করা উচিত নয়। তারপর আর একটা কথা বলা দরকার এবং সেটা হচ্ছে বর্তমানে কর্পোরেশনের যে অবস্থা সেটা হাউসের সব মাননীয় সদস্যোরাই জানেন। কর্পোরেশনের অ্যামিনিটিস বলতে আমরা আজ কি উপভোগ করি সেটা সকলেই জানেন। সামান্য একটু বর্ষায় কর্পোরেশনের রাস্তায় এত জলস্ফীতি হয় যে মানুষ হাটতে পারে না, চলাচল বন্ধ হয়ে যায়। এটা বহুদিনের সমস্যা, কিন্তু আশ্চর্যের বিষয় সরকার এই জিনিষগুলির প্রতি দৃষ্টি দেন না বা সরকারের বিলে বা সরকারের আয়ত্তের ভেতর যেটা আছে সেদিকে সরকার দৃষ্টি দেন নি। আমি এর আগে হাউসে ফ্লাড ইন কালকাটা স্ট্রীট এই নিয়ে একটা কলিং অ্যাটেনশন মোশন দিয়েছিলাম এবং তার জবাবে ফজলুর রহমান সাহেব যা বললেন তাতে দেখলাম আমাদের জীবনে হবে কি না সন্দেহ। কোলকাতার রাস্তা এমনই চলবে এবং তার মধ্য দিয়ে যদি কোন রকমে বেঁচে থাকা যায়। সরকারের কোন দায়িত্ব নেই, সরকার নির্বিকার। কজেই কমপ্রিহেনসিভ বিল যেটা আমাদের কাছে রেখেছেন আমি মনে করি এটা মোটেই কমপ্রিহেনসিভ বিল নয়—একে ঢেলে সাজা উচিত। অ্যাডাল্ট ফ্রানচাইজ দিচ্ছেন ভাল কথা, আমরা স্বাগত জানাচ্ছি। কিন্তু সেই নামে কর্পোরেশনের নাগরিকদের সমস্ত অধিকার কেড়ে নেবেন এটা আমরা সমর্থন করতে পারি না। তারপর, কর্পোরেশনের কাউন্সিলারদের এই যে ১০০ টাকা মাইনে করেছেন এটা কি তাঁদের ভিক্ষা দিচ্ছেন? একজন কর্পোরেশনের কাউন্সিলারকে যে খাটুনি খাটতে হয় তাতে এরকম অ্যালাউন্স কেন দিচ্ছেন? এটা কোন কিছুই নয়। তাঁরা যদি সর্বসময়ের কর্মী হন এবং যেটা হওয়া বাঞ্ছনীয় তাহলে এই ১০০ টাকায় তাঁদের কি পরিবার প্রতিপালন হয়? কাজেই এটা ভেবে দেখা উচিত এবং কোন কনসিডারেশনে এটা ধার্য করেছেন সেটা বলবেন। তারপর, বর্তমান কর্পোরেশনে যে কমিটি আছে সেখানে মেজোরিটির দ্বারা করেছিলেন বলে তাঁরাই সমস্ত সিট নিচ্ছেন। আমি এর প্রতিবাদ করি। প্রোপোরসনাল রিপ্রেজেন্টেশন সমস্ত কমিটিতে হওয়া উচিত, নতুবা অর্ধেক বা ওয়ানথার্ড করা উচিত। এটা যদি না করেন তাহলে জনসাধারণের স্বার্থ রক্ষিত হবে না। মেজোরিটি পার্টি তাঁদের দলের স্বার্থে এটা করেন এবং আমি তার প্রতিবাদ করছি। আপনারা একটা আইন করুন প্রোপোরসনাল রিপ্রেজেন্টেসন ইন এভরি কমিটি, আদারওয়াইজ নাগরিকদের অধিকার রক্ষিত হবে না। এইসব বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের সামনে জয়েন্ট কমিটি থেকে বিল এসেছে। জয়েন্ট কমিটিতে যেভাবে বিল দেখেছিলাম তার অনেকখানি উন্নত করবার চেষ্টা করা হয়েছে। কোলকাতা সহরের যে প্রশ্ন রয়েছে কর্পোরেশনের শাসনকার্যে যে অব্যবস্থা বহুদিন ধরে রয়েছে তাতে জনসাধারণের এবং এ্যাসেম্বলী সদস্যদের দাবী হচ্ছে এমন একটা বিল আনুন যেটা কমপ্রিহেনসিভ হবে এবং যে সমস্ত সমস্যা আমাদের সামনে রয়েছে তার সমাধান হবে। কিন্তু যে বিল এল সেই বিলের দ্বারা এই সমস্যা সমাধানের রাস্তা আমরা দেখতে পাচ্ছি না। কিন্তু সেই সময় দেখলাম আইনটা এমনভাবে তৈরী করা হয়েছে, আইনে নির্বাচিত যারা প্রতিনিধি তাদের সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে এবং তাদের দ্বারা গঠিত যে স্ট্যান্ডিং কমিটি তাদের হস্ত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে সেই ক্ষমতা হয় স্টেট গভর্নমেন্টের হাতে নয়ত কমিশনারের হাতে দেওয়া হল এবং কমিশনার যে একজন কর্পোরেশনের সার্ভেন্ট ঠিক সেইভাবে তাঁর দায়িত্ব কর্পোরেশনের হাতে রইল না, সমস্ত দায়িত্ব রইল গভর্নমেন্টের উপর। কাজেই যে স্বায়ত্বশাসনশীল প্রতিষ্ঠানের আইন স্যার সুরেন্দ্র নাথ ব্যানার্জী মহাশয় করেছিলেন, আমরা মনে করেছিলাম সেই আইনের আরও উন্নতি হবে, জনসাধারণের উপর আরও ক্ষমতা দেওয়া হবে, দায়িত্ব দেওয়া হবে এবং তাঁরা যাতে

সুষ্ঠুভাবে কর্পোরেশনের কাজ পরিচালনা করেন সরকার মাত্র তাদের সে বিষয়ে সাহায্য করবেন। কিন্তু বিলে দেখলাম সে বিষয়ে কোন ব্যবস্থা হয় নি। বিলটা সম্পূর্ণ জনস্বার্থ-বিরোধী বিল, এবং সরকার যাতে নিজের ক্ষমতায় কর্পোরেশনের শাসন কার্য্য চালাতে পারেন সেদিকে দৃষ্টি রেখে এই বিলটা তৈরী হয়েছে। কাজেই এই বিলের দ্বারা আমাদের বিভিন্ন সমস্যার কোন সমাধান হবে না। আপনারা সকলেই জানেন কলকাতা সহরের এমন অবস্থা দাঁড়িয়েছে, এর রাস্তাঘাটের এর ড্রেনের জলের ব্যবস্থার কোন সমাধান হচ্ছে না। কমিটির উপর কমিটি নিয়োগ হচ্ছে। তারা কিছু কিছু বিষয়ে রিকমেন্ড করেছেন কিন্তু কলকাতা সহরে সামান্য বৃষ্টি হলেই জল দাঁড়িয়ে যায় এবং লোকের যাতায়াতের পক্ষে কত অসুবিধা হয়, যারা ভুক্তভোগী তাঁরা সকলেই জানেন। ড্রেনের জনাই যে এই অবস্থা আমরা সকলেই বুঝি। জলের যে অবস্থা তা বুঝি, স্বাস্থ্যের যে অবস্থা তা আমরা বুঝি। তা ছাড়া কলকাতা সহর যে আর বেশী দিন বাংলাদেশের থাকবে তা মনে হয় না। আমাদের মধ্যে প্রাদেশিক মনোভাব নেই, কিন্তু বাংলাদেশের সহরে বাঙ্গালীর সংখ্যা বেশী থাকবে এটা সম্পূর্ণ স্বাভাবিক। কিন্তু আমরা দেখছি ট্যাক্সের তাড়নায় কলকাতা সহরের যারা পুরানো অধিবাসী তাদের ক্রমে ক্রমে বাড়ী বিক্রি করা ছাড়া পৈতৃক ভিটা পরিত্যাগ করা ছাড়া উপায় নাই, কলকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যে সমস্ত জমি সংগ্রহ করে, সেই সমস্ত জমি এত দামে বিক্রি করে যে কলকাতা সহরের মধ্যবিত্ত সাধারণ মধ্যবিত্তের সেই জমি কিনবার ক্ষমতা নাই। আমাদের ডাঃ বিধানচন্দ্র রায় যখন বেঁচেছিলেন যখন আমাদের সেন্ট্রাল এভিনিউ ইমপ্রুভ হচ্ছিল, বোসপাড়া স্কীমে জমি যাতে সাধারণ মধ্যবিত্ত পেতে পারে সেজন্য এই কথা হয়েছিল যে ইমপ্রুভমেণ্ট ফী দিতে হবে, তাদের বাড়ী তৈরী করার জন্য লোনের ব্যবস্থা করা হোক, যাতে তারা পুনঃ প্রতিষ্ঠিত হতে পারে। যে অবস্থা তাতে কলকাতা সহরে বাঙ্গালীর সংখ্যা ক্রমেই শূন্য হয়ে যাবে এবং কয়েক বছরের মধ্যে দেখা যাবে যে এখানে বাঙ্গালীর কোন স্থান নাই।

[4—4-10 p.m.]

কাজেই ট্যাক্সের হার যেভাবে চলেছে এইভাবে যদি চলে ট্যাক্সের বোঝায় আজ মধ্যবিত্ত বাঙ্গালী জর্জ্জরিত, তার উপর জিনিসপত্রের দাম অগ্নিমূল্য, তাহলে জনসাধারণ যে নিঃশেষ হয়ে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তারপর স্যার, এঁরা খুব বড় একটা আদর্শ নিয়েছিলেন যে এটাকে ক্যালকাটা সিটিজেনের একটা কর্পোরেট বডি বলে তৈরী করবেন। যাই হোক, শেষ অবধি যেভাবে তৈরী করেছিলেন সেটা আইনে টেঁকে নি। আদর্শ অবশ্য বড় ছিল সে বিষয়ে সন্দেহ নেই। এই যে কমিটিগুলি গঠন করেছেন এতে কলকাতা কর্পোরেশনের কাজের অসুবিধা হচ্ছে সবচেয়ে বেশী, এতে গত কয়েক বছর ধরে কর্পোরেশনের কোন কাজ হচ্ছে না। আমি দেখেছি যতদিন পর্যন্ত কলকাতা কর্পোরেশনের বিভিন্ন দল নির্বিশেষে স্ট্যান্ডিং কমিটি গঠিত হত ততদিন পর্যন্ত কলকাতা কর্পোরেশনের কাজে এত অব্যবস্থা ছিল না। কিন্তু আজকে এত অব্যবস্থা হচ্ছে কেন, না, সেখানে একটা দলগত শাসন ব্যবস্থা পরিচালনার চেষ্টা হচ্ছে এবং সেজন্য কলকাতার নাগরিকরা তার প্রতিবাদ জানিয়েছেন, কলকাতা কর্পোরেশনের প্রতিনিধিরা প্রতিবাদ জানিয়েছেন। আমি মনে করেছিলাম যখন এই বিল এল তখন এই বিলের মধ্যে নিশ্চয়ই একটা ব্যবস্থা হবে যে এইরকমভাবে দলাদলিতে যাতে কলকাতা কর্পোরেশনের কাজ অচল হয়ে না পড়তে পারে। এজন্য আমাদের তরফ থেকে যে প্রস্তাব প্রোপোর্সানাল রিপ্রেজেন্টেসান সেটা এস্টিমেট এবং এ্যাকাউন্টস কমিটিতে গ্রহণ করা হয়েছে, কিন্তু আমি আশ্চর্য হয়ে গেলাম যে স্ট্যান্ডিং কমিটি গঠিত হবে সেগুলি প্রোপোর্সনাল রিপ্রেজেন্টেসান বেসিসে করা হবে না। প্রোপোর্সানাল রিপ্রেজেন্টেসান করলে যাদের সংখ্যাধিক্য থাকবে তারা তো পাবেনই তবুও মাইনরিটি রিপ্রেজেন্টেসান থাকত। আমাদের এ্যাসেম্বলীর প্রতিনিধিদের দ্বারা নির্বাচিত হয়ে যাঁরা কাউন্সিলে বা রাজ্যসভায় যান তাঁদের এখানকার কনস্টিটিউসান অনুযায়ী মাইনরিটির রিপ্রেজেন্টেসান যেতে হয়, তাঁদের প্রোপোর্সানাল ভোটে নির্বাচিত হতে হয়। সেই প্রিন্সিপলটাকে কেন যে আমাদের মন্ত্রীমহাশয় গ্রহণ করলেন না, তাঁদের এত কার্পণ্য কেন, যাঁরা জনসাধারণের প্রতিনিধি হয়ে যান তাঁদের ষ্ট্যান্ডিং কমিটিগুলিতে কেন গ্রহণ করা হবে না তা আমি বুঝতে পারছি না। ইচ্ছা করলে শৈলবাবু একটা সংশোধন

এনে এর ব্যবস্থা করতে পারেন। সেজন্য আমি সেদিক দিয়ে তাঁর বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। যদিও এই বিলে কর্পোরেশনের সব ক্ষমতা কেড়ে নিয়ে, ষ্ট্যাণ্ডিং কমিটির সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে কমিশনারের উপর পুরো ক্ষমতা দেওয়া হয়েছে, স্টেট গভর্নমেণ্টের হাতে সমস্ত ক্ষমতা গেছে কিন্তু তা সত্ত্বেও ষ্ট্যান্ডিং কমিটিতে যাতে সব দলীয় প্রতিনিধিরা যেতে পারেন তার ব্যবস্থা করা খুবই সঙ্গত এবং প্রোপোর্সানাল রিপ্রেজেন্টেসান বেসিসে অন্যান্য জায়গায় যেভাবে নির্বাচিত হয় সেইভাবে নির্বাচনের ব্যবস্থা করা উচিত। আমাদের পূর্বতন প্রধানমন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু একবার বলেছিলেন বস্তি দেখলে ইচ্ছা করে জ্বালিয়ে দিই। কিন্তু আমরা দেখছি বস্তির উন্নয়নমূলক কোন বিধান এই বিলের মধ্যে নেই। বস্তিবাসীরা দুর্গন্ধময় পরিবেশের মধ্যে বাস করে, সেখানে জলের অভাব, নালা-নর্দমা দুর্গন্ধময়, বৃষ্টিতে সমস্ত ভেসে যায়, বৃষ্টির জলে দেওয়াল ক্ষয়ে ঘর নষ্ট হয়ে যায়, সিমেন্টের গাঁথুনি দিলে ঘর নষ্ট হয় না কিন্তু বস্তির মালিকরা সেগুলি গেঁথে দেয় না, সেখানে আলোর ব্যবস্থা নেই, জায়গায় জায়গায় টিউবওয়েলের ব্যবস্থা করা হয়েছে বটে কিন্তু তাও যথেষ্ট নয়। দেশবন্ধু চিত্তরঞ্জন দাস যখন তিনি প্রথম মেয়র হয়েছিলেন তখন তিনি ঘোষণা করেছিলেন যে জনসাধারণের সেবার দিকে তাদের মঙ্গলের দিকে দৃষ্টি রেখে কলকাতা কর্পোরেশনের কাজ পরিচালিত হবে। আগে বড় বড় ধনীদের স্বার্থ পূরণ করা এবং বড় বড় অফিসারদের অভিনন্দন দেওয়া এটাই ছিল কর্পোরেশনের নীতি। তাই স্থানে স্থানে প্রাইমারী এডুকেশনের জন্য স্কুল তৈরী করা হবে। গরীব ছেলেদের বিনা দুধে স্বাস্থ্য পুষ্ট হয় না, তাদের জন্য দুধের ব্যবস্থা করতে হবে। জায়গায় জায়গায় স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলা হবে এবং বস্তির উন্নতির চেষ্টা করা হবে কিন্তু আমাদের এই গভর্নমেন্ট দেশবন্ধু দাসের সেই আদর্শকে সম্পূর্ণভাবে উপেক্ষা করেছেন আজকে এই আইনেও সেই সমস্ত বস্তিকে সম্পূর্ণভাবে উপেক্ষা করা হয়েছে। এখানে জমিদারের রাজ্য হয়েছে যে ট্যাক্স বস্তিতে বস্তিতে করা হয় তাতে গরীব বস্তিবাসীর উপর সেটা পড়ে এবং জমিদারের উপর কোন রকম দায়িত্ব থাকে না। কাজেই সেদিক থেকে বাস্তবিকই বস্তিবাসীদের উন্নতির কোন ব্যবস্থা এখানে আমরা দেখতে পাচ্ছি না। এই আইনটা যেভাবে তৈরী করা হয়েছে, যেন সরকারের একটা প্রতিষ্ঠান হিসাবে একটা ব্যাঙ্ক হিসাবে এটাকে গ্রহণ করা হয়েছে। এখানে সুপারসেসানের যে নিয়ম করা হয়েছে সেই নিয়মটাকে এমনভাবে তৈরী করা হয়েছে যে সরকার ইচ্ছা করলেই সামান্য কারণে এই কর্পোরেশনকে সুপারসীড করে নেবেন। তারপরে অ্যাডাল্ট ফ্র্যানচাইজের ভিত্তিতে এই বিল তৈরী হয়েছে, আবার একটা যে এ্যামেন্ডমেন্ট আসছে এই বিলের সেই য়্যামেন্ডমেন্টএর মধ্যে আমরা দেখতে পাচ্ছি যেভাবে এখানকার কনস্টিটিউয়েন্সিকে ভাগ করা হচ্ছে তাতে কর্পোরেশনে বিরোধী দল যাতে যেতে না পারে সেদিকে দৃষ্টি রেখে করা হচ্ছে। কাজেই এই আইন যদি পাশ হয় এটা একটা আমলাতান্ত্রিক আইন হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। অ্যাডাল্ট ফ্র্যানচাইজের ব্যবস্থা করলেও কোন রকমে বিরোধী দলের লোক যাতে সেখানে কম যেতে পারে ঠিক সেভাবে দৃষ্টি রেখে কনস্টিটিউয়েন্সী তৈরী করা হচ্ছে। কাজেই সেদিক থেকে আমার বক্তব্য এই যে যেভাবে এই বিলটা আনা হয়েছে এই বিলের দ্বারা আমাদের যে সমস্ত সমস্যা আছে সে সমস্যাগুলির সমাধান সম্ভব হবে না, শাসন ব্যবস্থার কোন রকম উন্নতি হবে না এবং প্রত্যেক কাজেই সরকারকে এর শাসন ব্যবস্থার উপর হাত দিতে হবে।

[4-10—4-20 p.m.]

এর কাউন্সিলাররা যে কার্য পরিচালনা করবেন সেই অধিকার সম্পূর্ণ কেড়ে নেওয়া হয়েছে। আমি আর বেশী বলতে চাই না এইটুকু শুধু বলব, এখনো সময় আছে যে সমস্ত ডিফেক্ট রয়েছে সেগুলি সংশোধন করার। সেখানেও আপনারাই মেজরিটি পার্টি, আপনাদেরই প্রভাব সেখানে থাকবে সেই বিষয়ে সন্দেহ নেই, কিন্তু গণতান্ত্রিক শাসনে বিরোধী দলগুলিও যাতে একটু সুযোগ সুবিধা পায় যাতে কলকাতার নাগরিকরা জলাভাব, রাস্তাঘাটের অসুবিধা থেকে নিস্তার পায় লোকে অত্যধিক ট্যাকসের হার থেকে বাঁচতে পারে তার ব্যবস্থা করার জন্য বিশেষ করে দেশবন্ধু যে নীতি ঘোষণা করেছিলেন সেদিকে দৃষ্টি রেখে যাতে একটা কমপ্রিহেনসিভ বিল আনেন তার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে

Calcutta Municipal (Second Amendment) Bill

এর উপর দুটো হাউসের ৩৩ জন সদস্য নিয়ে যে সিলেক্ট কমিটি হয়েছিল আমি তার একজন সদস্য ছিলাম। সহযোগিতার মনোভাব নিয়েই সেখানে আলোচনায় অংশ গ্রহণ করি, কিন্ত যেখানে দৃষ্টিভঙ্গীর পার্থক্য নীতিগত সেখানে মতের সমন্বয় হয় না। তাই আমি একটা ডিসেন্ট রিপোর্ট সিলেক্ট কমিটির রিপোর্টের সঙ্গে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় কলকাতায় ৫০ লক্ষ নাগরিকের সুখ স্বাচ্ছন্দ্য বিধানের জন্য যদি সরকার পক্ষ থেকে ন্যূনতম প্রচেষ্টাও হয় তাহলে নিশ্চয়ই আমরা তাকে অভিনন্দন জানাব, কিন্তু যখন আমরা দোষ উদ্দেশ্যমূলকভাবে জনস্বার্থবিরোধী কোনরকম প্রচেষ্টা হয় কোন বিলের মাধ্যমে, তখন জন-সাধারণের প্রতিনিধি হিসাবে তার বিরোধীতা করা আমরা আমাদের কর্তব্য বলে মনে করি। আমি একথা স্পষ্টভাবে বলতে পারি এই ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেন্ডমেন্ট বিল জন-সাধারণের বা কলকাতার নাগরিকদের সুবিধার জন্য আজকে আসে নি। আমি জোর করে বলতে পারি, মূল যে সমস্যা তার সমাধানের কোন প্রচেষ্টা এই বিলে নাই, জলের সমস্যা, ড্রেনের সমস্যা, বস্তিবাসীদের সমস্যা এগুলির একটা কথাও এই বিলে নাই। আমি বিশ্লেষণ করে দেখিয়ে দেব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রের নামজপ করে কিভাবে জনসাধারণের অধিকার খর্ব করার জন্য এই বিল আনা হয়েছে। আপনি জানেন ১৮৯৬এ ম্যাকেঞ্জি অ্যাক্ট যখন হয়েছিল তখন ক্যালকাটা কর্পোরেশনএর ২৮ জন সদস্য পদত্যাগ করেছিলেন। সেদিন ইংরাজের আমলে ঐ ২৮ জন সদস্য পদত্যাগ করার ফলে ম্যাকেঞ্জি এ্যাক্টকে উল্টে দিয়ে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ স্বায়ত্তশাসন মন্ত্রী হিসাবে ১৯২৩ সালে এইখানে যে এ্যাক্ট করে গিয়েছিলেন, স্বায়ত্ত শাসন ব্যবস্থার পূর্ণ ক্ষমতা জনসাধারণের হাতে দিয়ে গিয়েছিলেন আজকে তারপর সেই জায়গায় আজকের স্বায়ত্ত শাসন মন্ত্রী সমস্ত ক্ষমতা জনসাধারণের প্রতিনিধিদের কাছ থেকে কেড়ে নিয়ে যেতে চাইছেন। আমি জানি জনসাধারণের প্রতিনিধির দোষ থাকতে পারে, আমি জানি পৌর প্রতিষ্ঠানে কার দোষ কার গুণ বা কারো দুষ্কর্মকে সমর্থন করতে আমি এখানে উঠিনি। কিন্তু তাহলেও গণতন্ত্রের নামে যদি এই রকম অগণতান্ত্রিক কাজ করা হয় নিশ্চয়ই জন-সাধারণের প্রতিনিধি হিসাবে আমরা তার প্রতিবাদ করবো। আমরা কি দেখছি? আমি জানি আমাদের কথা শোনবার মত লোক নেই, আমি জানি একথা বললেও কিছু হবে না, আমি দিনের পর দিন তাই দেখতে পাচ্ছি এদের একটা মতি স্থির করে কিছু করেন না, যা কিছু করেন তা জোর করে স্টিম রোলার দ্বারা চালিয়ে দেন। ইংরাজের বিলাতী শাসনের আমলেও এই রকম নীতি ছিল না আজ যে নীতি আমরা এখানে দেখছি। মাননীয় স্পীকার মহাশয়। আমার এখানে সহকর্মী বন্ধু প্রাক্তন মেয়র নরেশ নাথ মুখার্জী আছেন, আমি জানি আমার সহকর্মী বন্ধু অনিল মৈত্র এখানে আছেন আমি জানি বলতে পারি না আপনি স্যার স্পীকার, আপনিও মেয়র ছিলেন কিন্তু স্যার, আমাদের দুর্ভাগ্য আজকে দলের স্বার্থে আজকে মানুষের য় কথা বলা মানুষের যে সাহস, মানুষের যে শক্তি, সত্য কথা বলার প্রচেষ্টা করার তার কণ্ঠরোধ তাদের হয়ে গিয়েছে। আজকে আমি একথা স্পষ্ট বলে দিচ্ছি আপনার মারফত যে মানুষের সুবিধার জন্য এই বিল আনা হয় নি। কি কারণে আনা হয়েছে একথা বিশ্লেষণ করা দরকার আছে। মাননীয় শৈলবাবু বলেছিলেন আদর্শ একটা পৌর প্রতিষ্ঠান আমরা তৈরী করে দিচ্ছি, এই রকম আছে গ্রেট ব্রিটেনে, এই রকম আছে বম্বেতে, এই রকম আছে মাদ্রাজে, এই সব ব্যাপার আমরা করে দিচ্ছি, লোকের হাতেই ক্ষমতা থাকবে, স্ট্রিম লাইন হবে, এক্‌জিকিউটিভ হবে, এই রকম কত কথা আমরা শুনেছি। করেছেন কি? একটি একটি করে শুনুন। প্রথমেই তিনি বলেছিলেন যে কমপ্রিহেনসিভ বিল আবার একটা আনতে হবে। কমপ্রিহেনসিভ বিল তিনি এক বৎসর আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন আনবেন। কেন আংশিক ভাবে সংশোধনী বিল বার বার আনা হচ্ছে এটা ঠিক নয়, আমি একটা কমপ্রিহেনসিভ বিল আনব। এই কমপ্রিহেনসিভ বিল আনতে গিয়ে সেটা সিদ্ধান্তের অপেক্ষায় আছে। আর একটা মিউনিসিপ্যাল বিল, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, যাতে কলকাতাকে ভাগাভাগি করা হয়েছে, কাউন্সিলারদের

সংখ্যা ভাগাভাগি করা হয়েছে কিন্তু সেইটার আলোচনা এই সিলেক্ট কমিটিতে দেওয়া হয় নি। আমি বলব ইচ্ছাকৃতভাবে দেওয়া হয় নি। কি বাধা ছিল? ঐ সিলেক্ট কমিটিতে ৩৭ জন সদস্য ছিল তবুও কেন ঐ বিল সিলেক্ট কমিটিতে দেওয়া হল না। প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার এক বৎসরের উপর এখান থেকে পাশ হয়েছে, এক বৎসরে তাঁরা একটা প্ল্যান পর্যন্ত তৈরী করেন নি। যে কোনভাবে আজকে এই বিলটিকে পাশ করিয়ে তার সঙ্গে কলকাতাকে সুবিধামত ভাগাভাগি করে আর একটা সিডিউলড জুড়ে দেবেন। তিনি প্রথম সংশোধনী করেছেন কাউন্সিলারদের মাইনে দাও। বলেছিলেন জনগণের দাবী, বলেছিলেন ফিসিপেরাস ষ্টেটস, নানা রকম ইনষ্টিটিউশন আমাদের তাগাদা দিচ্ছে পৌর প্রতিষ্ঠানের শাসন ব্যবস্থাকে একটু ভাল করুন। আমি জিজ্ঞাসা করি কোন সাধারণ প্রতিনিধি আপনাকে বলেছিলেন কাউন্সিলারদের রেমুনারেশন ফিক্স করুন?

[4-20—4-30 p.m.]

২৫ বছর ধরে আমি কোলকাতা পৌর প্রতিষ্ঠানের সদস্য আছি। নেতাজী সুভাষচন্দ্র বসু আমাকে সেখানে নিয়ে গিয়েছিলেন তাঁর সহকর্মীরূপে সেখানে কাজ করবার জন্য। আমি সেখানে কাজ করেছি এবং এখনও সেখানে আছি। আমি জানি এই ১০০।১২৫।১৫০ টাকা মাইনে যা হয়েছে এটা কেন হয়েছে। টাকা আছে, টাকা দাও। কথার কি কোন সামঞ্জস্য আছে, সেই দৃষ্টিভঙ্গী নিয়ে কি বিল করেছেন? তাই বলছি এই কর্পোরেশন একটা কমার্শিয়াল বডি হবে- এর ডাইরেকটর হবে, শেয়ার হোলডার হবে, ম্যানেজার হবে। কর্পোরেশন একটি সেবা প্রতিষ্ঠান একথা দেশবন্ধু চিত্তরঞ্জন মেয়রের ভাষণে বলেছিলেন। কিন্তু আজকে ঐ আসন থেকে স্বায়ত্বশাসন মন্ত্রীর কাছ থেকে শুনতে হোল কর্পোরেশন একটা কমার্শিয়াল বডি হবে, তার ডাইরেকটর, পার্টনার শেয়ার হোলডার প্রভৃতি হবে। এই হয়েছে তাঁদের দৃষ্টিভঙ্গী, এঁরা সব কমার্শিয়ালাইস করছেন। প্রথম সংশোধনী কর্পোরেশনের কাউন্সিলারদের মাইনে। দ্বিতীয় সংশোধনী হোল বর্তমানে যে দুটি ষ্ট্যান্ডিং কমিটি আছে সেখানে পাঁচটি করেছেন এবং তারপর একটি নূতন আবিষ্কার করেছেন এস্টিমেট কমিটি। এস্টিমেট কমিটি হিসেব নিকেশ পরীক্ষা করবে এবং সুবিধামত লোকদের উপদেশ দেবে যাতে খরচ কম হয়। এছাড়া আরও একটা সংশোধনী করেছেন। স্যার, কর্পোরেশনের কমিশনারএর হাত ছিল এ্যাপয়েন্টমেন্টএর রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জীর আমলে। কিন্তু সেটা আস্তে আস্তে কমবে এবং এখন পাবলিক সার্ভিস কমিশনের রিকমেন্ডেশনএ কমিশনারকে করতে হবে সাবজেক্ট টু দি অ্যাপ্রুভাল অব দি স্টেট গভর্নমেন্ট। এঁরা অনেক দিন ধরে চেষ্টা করছেন কর্পোরেশনকে কোন রকমে এঁদের একটা অধীনস্থ বিভাগ করে রাইটার্স বিল্ডিং থেকে পরিচালনা করবেন। তা যদি করেন তাহলে দয়া করে এই গণতন্ত্র, স্বায়ত্বশাসন প্রভৃতি কথাগুলি আর আওড়াবেন না। কমিশনার হবেন সরকারী কর্মচারী এবং সে ৬০ বছরের মানুষ মরতে বসেছেন। আমি জানি এইসব কথা খবরের কাগজে ছাপাবে না তাতে আমার কিছু যায় আসে না। কিন্তু স্যার, একথা যেন ছাপান হয় যে, এই সংশোধনী বিলে কোন রকম সুবিধা মানুষের জন্য করে নি। তারপর দেখছি এই যে কর্পোরেশনের কাউন্সিলারদের মাইনে করেছেন তাতে কর্পোরেশনের ঘাড়ে ২ লক্ষ টাকা ব্যয়ভার পড়বে। আর কি করেছেন? ট্রাইবুনাল কর। এই সমস্ত বিল্ডিং কমিটি তার অনেক রকম অসুবিধা আছে কাজেই ট্রাইবুনাল কর। ট্রাইবুনাল করলে লোকের যে সমস্ত অসুবিধা আছে, সেগুলি দূর হবে না। হবে শুধু এই যে, অবসরপ্রাপ্ত লোকেরা সেই ট্রাইবুনালে প্রেসিডেন্ট হবেন। গণতন্ত্রে বলেছে গভর্নমেন্টের কর্তব্য হবে গভর্নমেন্ট তার প্রেসিডেন্ট অ্যাপয়েন্ট করবেন দুটি অ্যাসেসর হবে। এছাড়া গণতন্ত্র আর একটা বলেছে সংখ্যা গরিষ্ঠ কর-- অর্থাৎ এইসব বসাও। কিন্ত আশ্চর্যের বিষয় ট্রাইবুনালএর পয়সা দেবে কর্পোরেশন। উনি বিজনেস কমিটি রিপোর্টের কথা অনেকবার বলেছেন কর্পোরেশনএর তদন্ত হয়েছিল, এই রিপোর্ট আমার কাছে আছে, সেই রিপোর্টএ বলা হয়েছে আজকে কলকাতা কর্পোরেশনএর নাগরিকদের যে দুঃখদুর্দশা এর জন্য কর্পোরেশনের অব্যবস্থাই দায়ী। কিন্ত কেন দায়ী? সংখ্যা গরিষ্ঠ দল হিসাবে চার বছর একাধিকক্রমে পৌরশাসন ব্যবস্থা তাঁরাই চালিয়ে আসছেন, একটা এ্যামেন্ডমেন্টও উনি করেন নি, সংখ্যা গরিষ্ঠ দল কিছুই করেন নি। নির্বাচিত প্রতিনিধি

যারা তাদের পৌর শাসন ব্যবস্থাতে হাত দিতে দেওয়া হয় না, তাঁরা কিছু জানেন না কি হচ্ছে না হচ্ছে। কই কোন সংশোধনী তো তাঁরা করেন নি। ইংরাজ আমলে কি ছিল মনে করিয়ে দিচ্ছি। দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের আমলে কি ছিল? সেদিনও একটু বেশী সংখ্যা গরিষ্ঠ দল পৌর প্রতিষ্ঠানে গিয়েছিলেন কিন্তু সেদিন তিনি ইংরেজকে নিয়েছিলেন, মুসলমানদের, সিডিউল্ড কাস্ট, অ্যাংলো ইন্ডিয়ানদের প্রত্যেককে তিনি কমিটিতে স্থান দিয়েছিলেন, গণতন্ত্র তাই বেড়েছে, সেজন্য ১৪।১৫ বছর প্রতিবাদ প্রতিরোধে সংশোধন তিনি করেন নি। তিনি এটা মনে করেন নি যে সংশোধন করা উচিত। ইংরেজদের নিয়ে তিনি ফাইনান্স কমিটির চেয়ারম্যান করেছিলেন, আজকে গণতন্ত্রের সেই অবস্থা নেই। এই হল অবস্থা। ট্রাইবুনাল হলে কি হবে, কতকগুলো টাকা যাবে। আমি তাই আপনাদের বিবেকবুদ্ধির কাছে আবেদন করছি কলকাতার পৌর শাসন ব্যবস্থার অব্যবস্থার দিকে লক্ষ্য করে আপনরা কি মনে করেন যে কাউন্সিলারদের মাইনে দিলেই আর ৮০ জনের জায়গায় ১০০ জন কাউনসিলার করলেই সমস্যার সমাধান হবে? কতকগুলি খরচই শুধু কর্পোরেশনকে বহন করতে হবে। এই রকম অবস্থার ভিতর এই সংশোধনীর ভিতর কোন রকম উন্নতি হওয়া সম্ভব কি অসম্ভব। যদি মনে করেন অসম্ভব অন্ততঃ সে কথা কলকাতার নাগরিকদের মুখের দিকে চেয়ে আপনারা বলুন যে দলগতভাবে আপনারা সর্বনাশ করেছেন। আজকে এই আইন করে যদি রাজনীতিকে, পলিটিকসকে কর্পোরেশন থেকে বার করে না দিতে পারেন তাহলে এই দেশের মঙ্গল হবে না। উনি বলেছেন জলের কি হবে পলিসি ঠিক করবেন, কর্পোরেশনএর কোন্ রাস্তায় জল দেওয়া হবে না হবে পলিসি ঠিক করবেন। আজকে তাহলে এই বলতে হবে ওদিকে যেয়ো না, ও'রা আমদের লোক নয়, ওদিকে ঝাঁট দিও না। কিসের তাদের পলিসি?

আর একটা কথা বলতে চাই সি আই টি, কর্পোরেশনএর কাছ থেকে দুই পার্সেন্ট কন্ট্রিবিউসন পান—

from the annual valuation of the entire properties of Calcutta

মিনিমাম মাসে হত ১০ লক্ষ ১৫ লক্ষ টাকা, সি সি বিশ্বাস কমিটি ১৪।১৫ বছর আগে বলেছিলেন যে এটা অত্যন্ত অন্যায়, কর্পোরেশন সেই টাকা আদায় করতে পারে না। কিন্তু কাগজে যত ট্যাক্স লেখা আছে সেটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে দিতে হয়। আপনি শুনে আশ্চর্য হবেন বছরে ৫০ লাকস অব রুপিস কলকাতা কর্পোরেশনের কাছ থেকে নিচ্ছে। এটা আমার কথা নয় সি সি বিশ্বাস কমিটি যে রেফারেন্স করেছেন সেটা পড়ুন। ১৮৬ পাতা দেখুন, রিপোর্টএ আছে এটা অত্যন্ত অন্যায় যে এরা এত লাখ টাকা করে নিয়ে নেন। যখন ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট হয়েছিল সেই থেকে আজ অবধি অনেক কাজকর্ম গেছে বরাবর টাকার অঙ্ক বাড়িয়ে যাচ্ছে, এটা অত্যন্ত অন্যায়। আরও বলি এই সব ১৯৪৫এ কমিটি অব এক্সপার্টস বলেছিলেন সি সি বিশ্বাস কমিটিকে রেফারেন্স দিয়ে বলেছিলেন

It is beyond the resources of the Corporation to find money for the replacement of the pumping station and Government must do that.

ও'রা করেন নি নট ওনলি দ্যাট এই পোর্ট কনসার্নস যে টাকার হারে ট্যাক্স নেওয়া হয়, আপনি অবাক হয়ে যাবেন শুনে সেই ১০০ টাকা, বিলাতে ১০।১২ হাজার বিঘা যাদের আছে ১৫০।২০০ বাড়ী যাদের বরাবরের যে ট্যাক্স তার হার জানেন কি? সেই পুরানো দামেই তার ভ্যালুয়েসন হবে, আজকে যাদের ৪০০০ কাঠা হয়েছে জনসাধারণের কাছ থেকে সেভাবেই ট্যাক্স নিচ্ছে

[4-30—4-40 p.m.]

আজকে দুই শোর জায়গায় যেটা চার হাজার টাকা কাঠা হয়েছে সেখানে জনসাধারণের কাছ থেকে তারা ট্যাক্স নিচ্ছেন। তারপর তার বাড়ী ভাড়ার উপর ট্যাক্স নিচ্ছেন। কিন্তু যেখানে বিড়লার মত লোক পোর্ট কমিশনারের জায়গায় ভাড়া থাকে সেই পুরান কষ্ট অব কনস্ট্রাকসান...... ...

Mr. Speaker:
আপনি এবারে বসুন।

Shri Bijoy Kumar Banerjee :

আপনি স্যার, যখন ঘড়ি দেখে বলছেন তখন আপত্তি নেই। আমি আর কি বলব, আমি বলবার জন্য তো এখানে প্র্যাকটিস করতে আসি নি। আমার যা বলবার বললাম ও'রা সর্বনাশের পথে যাচ্ছেন যান.................

(At this stage the member having reached his time limit resumed his seat.)

Shrimati Ila Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

Calcutta Municipal (Second Amendment) Bill

মাননীয় মন্ত্রিমহাশয় যা এখানে উপস্থিত করেছেন এটা পাশ হোক সমস্যাসঙ্কুল কলকাতার নাগরিক জীবনের এটা দীর্ঘদিনের দাবি এবং আমরা বিরোধী পক্ষ বার বার দাবি করেছি যে কলকাতার নাগরিক জীবন যে সমস্যার দ্বারা বিপর্যস্ত হচ্ছিল সেই সমস্যার যাতে সমাধান হয় সেদিকে লক্ষ্য রেখে এই বিল পাশ হোক। সে দিক থেকে এই বিল যে খুব সময়োপযোগী হয়েছে সে বিষয়ে আমাদের কোন সন্দেহ নেই। কিন্তু এই সম্পর্কে এখানে বলতে গিয়ে সর্ব-প্রথমেই বলতে চাই যে এই বিল উপস্থাপিত করার সময় মন্ত্রিমহাশয় এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে তিনটি কথা বলেছেন--প্রথম কথা বলেছেন এই বিলের মুখ্য উদ্দেশ্য হচ্ছে নাগরিক জীবনের সমস্ত অসুবিধাগুলি যাতে দূর হয় তার জন্য এই আইন আনা হচ্ছে, দ্বিতীয় কথা বলেছেন পৌরসভার যেসমস্ত নীতি নির্ধারিত হয় সেই নীতিগুলি আইনের অসুবিধার জন্য কার্যকরী করা যাচ্ছে না, সেই অসুবিধা দূর করবার জন্য এই বিল এখানে উপস্থাপিত করা হয়েছে এবং তৃতীয় কথা বলেছেন সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে আগামী বছর থেকে যে নির্বাচন হতে চলেছে তারই ক্ষেত্র প্রস্তুত হবে এই বিলের দ্বারা। যুক্ত কমিটিতে আমি এক-জন মেম্বার ছিলাম। বিলটা যেভাবে এখানে উপস্থাপিত হয়েছে তাতে তিনি যা বলেছেন তা সম্পূর্ণ বিরোধী এবং সমস্ত বিলটা পড়ে এটাই মনে হয়েছে যে এটা একটা জনস্বার্থ বিরোধী বিল রূপে এখানে উপস্থাপিত হয়েছে। কাজেই বিরোধী পক্ষ থেকে এই বিলকে আমরা কিছুতেই সমর্থন করতে পারছি না। এতক্ষণ যাঁরা বললেন তাঁরা সকলেই বিরোধী পক্ষের এবং আমি আশা করেছিলাম যে কংগ্রেস পক্ষ থেকে নিশ্চয়ই ইতিমধ্যে কেউ বলবেন, তারপর আমি বলব। কারণ, এটা সকলের সমস্যার, কংগ্রেস দলে বসে আছেন বলে তাঁদের সমস্যা এবং আমাদের সমস্যার মধ্যে পার্থক্য থাকবে একথা আমি মনে করি না। আমি আশা করি আমি যে কথাগুলি বলব কংগ্রেস সদস্য যাঁরা আছেন যাঁরা সত্যই মানুষের সুখ-দুঃখের সঙ্গে জড়িত আছেন তাঁরা নিশ্চয়ই সেগুলি সমর্থন করবেন। আমরা জানি এখানে আমরা যতই বক্তৃতা দিই না কেন বিলটা যেভাবে সংশোধিত হয়ে আসছে সেইভাবে মন্ত্রিমহাশয় পাশ করাবেন, তবুও জনসাধারণের দিকে লক্ষ্য রেখে কয়েকটা সাধারণ বক্তব্য এখানে রাখছি এবং অনুরোধ করছি মন্ত্রিমহাশয় সেগুলি আবার বিবেচনা করবেন। আমি অবশ্য যুক্ত কমিটিতে ছিলাম, সেখানে চেষ্টা করেও আমরা সেই সংশোধনীগুলিকে পরিবর্তন করতে পারি নি। আপনারা সকলেই জানেন যে ১৯৫১ সালের আইনকে ১৩ বছর ধরে কার্যকরী করতে যেয়ে তার যে ত্রুটি এবং অসামঞ্জস্য সেটা অত্যন্ত বিশদভাবে প্রত্যেক মানুষের চোখে পড়েছে। কাজেই সেই বিশদ বিবরণ এখানে আর দিতে চাই না। কিছুদিন আগে কলকাতার মহামারি নিয়ে সভ্যরা এই পৌরসভা সম্বন্ধে বিশদভাবে আলোচনা করেছেন এই আইনসভায়। শুধু তাই নয়, রাস্তাঘাট পরিষ্কার নিয়ে সংবাদপত্রে এবং আইনসভায় এই পৌরসভা সম্বন্ধে অত্যন্ত বিশদভাবে আলোচনা হয়েছে। পৌরসভার নিম্নতম প্রাথমিক দায়িত্ব হচ্ছে রাস্তাঘাট পরিষ্কার রাখা, জলসরবরাহের ব্যবস্থা করা, শিক্ষা এবং স্বাস্থ্য এই চারটা দিকে জনসাধারণের সুখ-সুবিধার ব্যবস্থা করা। কিন্তু আমরা দীর্ঘদিন ধরে দেখছি যে তার সামান্যতম চাহিদা এই পৌরসভা করতে পারে নি। তাই আশা করেছিলাম যে অন্ততঃ এদিকে লক্ষ্য রেখে সেই সুখ-সুবিধা এবং স্বাচ্ছন্দ্য যাতে আসতে পারে সেদিকে লক্ষ্য রেখে এই বিলের পরিবর্তন করা হবে। কাজেই এই বিলতে সমর্থন করার আগে জনসাধারণের সুখ-সুবিধার দিকে লক্ষ্য রেখে এই বিলে প্রশাসনিক ব্যবস্থার পরিবর্তন হয়েছে কিনা সেটাই আমাদের বিচার্য বিষয়। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে এই বিলের কতকগুলি টুকরো টুকরো সংশোধন এসেছে ঠিকই কিন্তু এখানে আমরা অনেকে

আছি যাঁরা বস্তি এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, কাজেই আজকে যখন এই বিল আমরা আলোচনা করছি তখন সেই বস্তিবাসীদের জীবন উন্নত করবার কোন কথা এখানে আমরা বলছি কিনা। কারণ, তারা আজকে উন্মুখ আগ্রহে আমাদের কথা শোনবার জন্য প্রতীক্ষা করছে। কাজেই শুধু আমরা বিরোধী পক্ষ নয়, এখানে মন্ত্রিসভার অনেক সভ্য আছেন মন্ত্রিমহাশয় আছেন যাদের এলাকাতেও বস্তির মানুষরা বাস করে। কাজেই সেদিকে লক্ষ্য রেখে আমি কতকগুলি কথা এখানে উপস্থিত করতে চাই। প্রথম কথা হচ্ছে যে এই সংশোধনী বিলে বস্তির উন্নয়নের কথা, যেকথা এখানে অনেক সদস্যই বলেছেন এবং এই বিল যুক্ত কমিটিতে যাবার আগে এখানে বহুবার আলোচিত হয়েছে, কিন্তু সেই যে প্রধান বিষয়গুলি তার কিন্তু কোন সংশোধনী আমরা এই বিলের মধ্যে পাচ্ছি না। আমরা আশা করেছিলাম যে মন্ত্রিমহাশয় আমাদের পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশানের বক্তব্য, তালুকদার কমিটির রিপোর্ট এবং বোম্বে, মাদ্রাজ এবং দিল্লী কর্পোরেশন আইনগুলি বিশদভাবে পর্যবেক্ষণ করে যাতে অন্তত দিল্লী, মাদ্রাজ এবং বোম্বে আইনের কিছু কিছু সুখ-সুবিধা আনতে আমাদের চেয়ে বেশী যেটা জনসাধারণকে দেয়া হয়েছে সেগুলি পর্যবেক্ষণ করে তিনি এই বিলের সংশোধনী আনবেন কিন্তু দুঃখের সঙ্গে দেখলাম যে সেভাবে কোন সংশোধনী এখানে আসে নি, উপরন্তু যে জিনিসটা সবচেয়ে বড় হয়ে, এখানে দাঁড়িয়েছে সেটা হচ্ছে এই যে আইনসভার যূপকাষ্ঠে যে কতকগুলি বিশেষ অধিকার স্বীকৃত হয়ে আছে সেই অধিকার এবং গণতন্ত্রকে এখানে সম্পূর্ণভাবে নির্মূল, নষ্ট করা হয়েছে---এক কথায় বলতে গেলে হত্যা করা হয়েছে। বিলের মধ্যে সবচেয়ে বড় কথা যেটা সত্যই অভিনন্দনযোগ্য সেটা হচ্ছে সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে, প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হবে। এছাড়া আর একটাও সংশোধনী আমরা সমর্থন করতে পারছি না, বিশেষ করে যে জিনিসটা সবচেয়ে বড় জিনিস, একদিকে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান কিন্তু স্বায়ত্তশাসনের অধিকারকে এখানে অত্যন্ত নির্মমভাবে হত্যা করা হয়েছে। কারণ এই বিলে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হবে, অর্থাৎ জনসাধারণের প্রতিনিধি যারা সেখানে নির্বাচিত হবেন, একটা খুব বড় জিনিস তাঁরা করছেন এবং মন্ত্রিমহাশয় বক্তৃতার সময় বলেছেন যে একটা বৈপ্লবিক পরিবর্তন আনছেন এটা ঠিকই, অনেক দেরী হলেও তাঁরা করেছেন, সেজন্য নিশ্চয়ই মন্ত্রিমহাশয়কে আমি অভিনন্দন জানাব কিন্তু সঙ্গে সঙ্গে এটুকুও বলবো যে সেই সমস্ত নির্বাচিত প্রতিনিধিদের সমস্ত ক্ষমতা হরণ করার পরিপূর্ণ ব্যবস্থা এই বিলের মধ্যে রয়েছে। কারণ আমরা দেখতে পাচ্ছি যে কমিশনারকে প্রচণ্ডভাবে ক্ষমতা দেয়া হয়েছে—জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিদের হাত থেকে সমস্ত ক্ষমতা কেড়ে নেয়া হল এবং কমিশনারের হাতে প্রচণ্ডভাবে ক্ষমতা দেয়া হল। আর একটা জিনিস রয়েছে যে পৌরসভার যে কোন ব্যাপারে গভর্নমেন্ট হস্তক্ষেপ করতে পারবে এবং গভর্নমেন্টের অনুমোদন ব্যতিরেকে, অনেক কাজই পৌরসভা সেখানে করতে পারবে না। সেজন্যই বোধ হয় ভূতপূর্ব মেয়র রাজেন মজুমদার মহাশয় বলেছিলেন যে এই কর্পোরেশনকে রাইটার্স বিল্ডিংসের একটা দপ্তর হিসাবে গ্রহণ করলে বোধ হয় ভাল হত। কাজেই আমি বলবো যে এই আইনের দ্বারা গণতান্ত্রকে হত্যা করা হয়েছে, কেন না সেখানে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হতে চলেছে সেখানে এই ধরনের সমস্ত ক্ষমতা সরকারের হাতে কেন্দ্রীভূত করে রাখা অত্যন্ত জনস্বার্থবিরোধী। সেজন্যই এই বিলের আমি সম্পূর্ণভাবে বিরোধীতা করছি।

[4-40—4-50 p.m.]

বস্তি সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তারা বিশেষভাবে বলেছেন, আমিও সে সম্পর্কে দুই-একটা কথা বলব। প্রথম কথা হচ্ছে, বস্তির মধ্যে বিশুদ্ধ জলসরবরাহ করার মতো কোন ব্যবস্থা এই সংশোধনীতে নাই। যারা বস্তিতে বাস করে তারা যে নিজের খরচে মাটির দেওয়াল তুলে নিয়ে একটা স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করবে সেরকম ধরনের কোন প্রভিসন এর মধ্যে আনা হয় নি। তাছাড়া কর্পোরেশন-এর খরচে যে বস্তির মধ্যে জলের পাইপ আসতে পারবে এই ধরনেরও কোন কথা নাই। আরেকটা কথা হল, প্রত্যেক বস্তি যাতে আলাদা আলাদাভাবে বিল দিতে পারে, একটা বাড়ির অ্যাসেসমেণ্ট না করে, একটা বস্তির বিল কত হতে পারে সেটা হলে অনেক সুবিধা হত, কিন্তু সেই প্রভিসন এখানে নাই। তাছাড়া, কর্পোরেশনের কোন অঞ্চলে বিষাক্ত

বা দূষিত দ্রব্যের ব্যবস্থা বন্ধ করার কোন ব্যবস্থা এর মধ্যে নাই যেমন আছে দিল্লী বা বোম্বেতে। একটা উদাহরণ দিচ্ছি, বেলেঘাটায় সি আই টি বিল্ডিং-এর কাছে ঝিনুক পুড়িয়ে চূণ করা হয়, তাতে সেখানে এমন দুর্গন্ধ হয় যে সেখান দিয়ে হাঁটা যায় না, চারদিক ধোঁয়ায় ভর্তি হয়ে যায়। এর থেকে হাঁপানি বা সেরকম অন্যান্য রোগ হতে পারে। এই আইনসভায়ও এই সম্পর্কে আমি প্রশ্ন উত্থাপন করেছি, কিন্তু এ সম্বন্ধেও এই আইনে কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। তারপর, ভেজাল নিরোধ যেটা সকলেই চায়, এই ব্যাপারেও দেখছি গভর্নমেন্ট-এর আইন নাই, কর্পোরেশন-এরও আইন নাই, ভেজালকারীকে শাস্তি দেবার মতো কোন আইন নাই। তবে তাঁরা বলছেন তাঁরা কেন্দ্রের কাছে চিঠি লিখবেন যাতে আইন সংশোধন করে ভেজালকারীকে শাস্তি দেওয়া হয় এইরকম ব্যবস্থা করবেন, কিন্তু আমরা আশা করেছিলাম এই বিলের মধ্যেও এই ধরনের একটা প্রভিসন থাকবে। তারপর, বহু বৎসর আগে একটা আইন করার কথা হয়েছিল যে, যেসমস্ত অস্বাস্থ্যকর ও নোংরা জায়গা আছে সেগুলির উন্নতি করতে হবে, যেমন কাশীপুর, টালিগঞ্জ। এগুলি আইন করে পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়েছে, কিন্তু সেগুলি আজো তেমনি নোংরা রয়েছে, আজ পর্যন্ত কোন আইন এল না। তাছাড়া এই বিষয়ে যে সরকারের কোন দায়িত্ব আছে বা কর্পোরেশনের কোন দায়িত্ব আছে তার কোন লক্ষণ এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি না। জমিদারী দখল আইন কলকাতার উপর প্রযোজ্য নয়। কিন্তু যেসমস্ত অস্বাস্থ্যকর জায়গা বা বস্তি রয়েছে সেই জমি বা বস্তির মালিকদের সেইগুলি পরিষ্কার করা বা উন্নতি করার জন্য কোন কথাও এর মধ্যে দেখতে পাচ্ছি না। তারপরে অস্বাস্থ্যকর অঞ্চলে বাড়ি ও বস্তীর মালিক এবং লিজ হোল্ডারদের খুব বাধ্য করা যাচ্ছে না, এমন কোন আইন নেই যে সে সমস্ত জায়গা তারা উন্নত করতে পারে। অথচ কলকাতার উন্নতি হোক, কলকাতা শহরের উন্নতি হোক একথা সকলেই বলেছেন অথচ এটাকে উন্নতি করার কোন ব্যবস্থা এখানে নেই। তাছাড়া কলেরা বসন্ত বা এই সমস্ত মহামারী রোধ করার মত যে সামান্যতম আইন আছে দেখছি সেটা অত্যন্ত দুর্বল। সেটাকে যে জোর করে একেবারেই যাতে স্তব্ধ করে দেওয়া যায় সেরকম কোন জোরালো আইন হয় নি, বিলেও নেই এবং তার কারণ হিসাবে ১৯৬৩ সালে যেভাবে লোকেরা অকারণ মৃত্যুবরণ করেছে অন্তত সেদিকে দৃষ্টি রেখে মন্ত্রিমহাশয় এটাকে সংশোধন করবেন বলে আমি আশা করি। আর একটা জিনিস হচ্ছে প্রত্যেক শিশুর জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা। এটা তাদের জন্মগত অধিকার। এখন এ কথাটা বললেই হয়তো বলবেন যে এটা হচ্ছে গভর্নমেন্টের দায়িত্ব প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা। এর আগে পর্যন্ত আমাদের বলে এসেছেন যে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা কলকাতায় কেন হয় না তার কারণ হচ্ছে কর্পোরেশনের উপর দায়িত্ব কর্পোরেশন সেটা দেখে না। এখন এইভাবে টালবাহানা করে গভর্নমেন্ট বলেন কর্পোরেশন করছে না বলে এটা হচ্ছে না, আর কর্পোরেশন বলে এটা গভর্নমেন্টের দায়িত্ব এইজন্য হচ্ছে না। অথচ এখানেও যে শিশুদের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হতে পারে সেই ধরণের কোন আইন বা সে সম্পর্কে কর্পোরেশনেরই বা কি দায়িত্ব বা সেখানে সরকারের কিছু করবার আছে কিনা কর্পোরেশনের এই শিক্ষা ব্যাপারে সে ধরনের এখানে কিছু নেই। কাজেই এই গুরুত্বপূর্ণ দিকগুলি আমি উল্লেখ করলাম, আরো বহু ব্যাপারেই বলার ইচ্ছা ছিল কিন্তু আমি বেশী বলতে চাই না। সর্বশেষে মন্ত্রিমহাশয়কে আমি এই অনুরোধই করবো যে, যে আশ্বাস এতদিন ধরে সাধারণ মানুষের কাছে দিয়ে এসেছেন যে এই বিলের পরিবর্তন হবে এবং সাধারণ মানুষের সুখ-সুবিধার কিছু পরিবর্তন হবে কিন্তু সে ধরনের কোন কিছু ব্যবস্থা এর মধ্যে নেই। শুধু যেটা রয়েছে সেটা নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা হরণ করার কথা অত্যন্ত ভালভাবে রয়েছে এবং গভর্নমেন্টের হস্তক্ষেপ পুরোপুরিভাবে রয়েছে। সব চেয়ে আর একটি কথা শেষের দিকে বলতে চাই যে মন্ত্রিমহাশয় বললেন যে বৈপ্লবিক পরিবর্তনের মধ্যে একটা পরিবর্তন হচ্ছে কাউন্সিলারদের ১০০ টাকা দেওয়া হচ্ছে। কিন্তু এই দৃষ্টিভঙ্গীকে আমি অত্যন্ত নিন্দা করছি। কারণ কাউন্সিলারদের সমস্ত ক্ষমতা হরণ করে নিয়ে এই যে ১০০ টাকা ঘুষ দেবার ব্যবস্থা করে তাঁদের মুখটি চাপা দিয়ে রাখা এটা অত্যন্ত ঘৃণাভরে আমরা প্রত্যাখ্যান করছি। কাজেই মন্ত্রিমহাশয় যে বলেছেন যে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী তাঁর সঙ্গে আমি মোটেই একমত নই। এই যে নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা হরণ করে নিয়ে ১০০ টাকা ঘুষ দেওয়া এই দৃষ্টিভঙ্গী আমরা ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি এবং সর্বশেষে স্বাধীন ভারতের

পৌরসভার জন্মভূমি কলকাতা যাতে আবার সসম্মানে প্রতিষ্ঠিত হতে পারে, সেই চোরের রাজত্ব আর না হয় সেদিকে দৃষ্টি রেখে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই সংশোধনী আপনি পুনর্বার বিবেচনা করে আপনি এটা পাশ করুন।

Shri Nepal Chandra Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এই মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিলটা সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমার বিরোধী দলের বন্ধুরা অনেক কথাই বললেন, আমাদের ভূতপূর্ব মেয়র শ্রীবিজয় ব্যানার্জী তিনি তাঁর অতীতের অভিজ্ঞতা নিয়ে অনেক কিছুর অবতারণা করলেন, তাঁর কিছু কিছু কথার সঙ্গে নিশ্চয়ই আমরা একমত হবো, আবার কিছু কিছু কথার নিশ্চয়ই বিরোধিতা করবো। প্রথমে এঁরা যে কথাগুলি বলেছেন, অর্থাৎ যে কয়েকজন বক্তৃতা দিলেন, সকলেই কাউন্সিলারদের স্যালারি সম্বন্ধে, অ্যালাউন্স সম্বন্ধে বিরোধিতা করলেন। আমি জিজ্ঞাসা করি ওঁরা কোন নীতির ভিত্তিতে এই স্যালারি বা অ্যালাউন্সের বিরোধিতা করলেন। কেউ কেউ অল্প দেওয়া হয়েছে বলে বিরোধিতা করলেন আবার কেউ কেউ বলেছেন যে এক পয়সাও দিও না। অন্ততঃ আমি মনে করি এককালে দেশ যখন পরাধীন ছিল তখন সামাজিক কল্যাণ হিসেবে দেশের কিছু মানুষ এবং নেতারা, যেমন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন, এই কর্পোরেশন-এ ঢুকেছিলেন দেশের মানুষের মঙ্গল করবার জন্য। তখন টাকাকড়ি বা অ্যালাউন্স নেবার প্রশ্ন ছিল না। যাঁরা বিরোধিতা করেছেন মাইনে না দেবার তাঁদের আমি একথা স্মরণ করিয়ে দিই যে কর্পোরেশন রামকৃষ্ণ মিশন নয়। দেশের স্বাধীনতার জন্য অনেকে জেল খেটেছেন এবং অনেকে অনেক কিছু বলিদান করেছেন। কাজেই আমি এই জিনিষ সমর্থন করি যে প্রত্যেক কাউন্সিলারকে ভাতা দেওয়া দরকার। তাঁরা পকেট থেকে পয়সা খরচ করে রোজ কর্পোরেশনে যাবেন এবং লোকের উপকার করবেন এটা হতে পারে না। তবে অ্যালাউন্স সম্বন্ধে ১০০ টাকা যা বলেছেন তাতে আমি মনে করি এটা অত্যন্ত অল্প আর একটু বেশী অ্যালাউন্স দেওয়া দরকার।

[4-50—5 p.m.]

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: দেড়শ' টাকা করা হয়েছে।

শ্রীনেপালচন্দ্র রায়: আমি বলি ২০০ টাকা করা দরকার। তারপর আমি শুনলাম বিরোধী দলের সকলে একথা বলেছেন যে, এই আইনটি কংগ্রেসী মন্ত্রীরা নাকি এনেছেন বিরোধী দলকে এলিমিনেট করবার জন্য—অর্থাৎ কর্পোরেশন থেকে তাঁদের বিদায় করবার জন্য। তাছাড়া আরও বলেছেন এই বিলে সবই নাকি কংগ্রেস কাউন্সিলাররা লুটেপুটে নিয়ে যাচ্ছে। একটু আগে হেমন্তবাবু বললেন এমনভাবে কাউন্সিলার নিয়োগ করা হচ্ছে যাতে অপজিশন একটি সিট-ও না পান। এত ভয় কিসের? কনস্টিটিউয়েন্সী ভাগ করা হয়েছে এবং জনসাধারণ ভোট দেবে এবং অ্যাডাল্ট ফ্রানচাইজ যখন হয়েছে তখন এই এলাকায় কংগ্রেস, এই এলাকায় কমিউনিস্ট পার্টি এবং এই এলাকায় পি এস পি এটা হবে না। রাস্তা ভাগ করা হয়েছে এবং ১৫ হাজার থেকে ১৯।২০ হাজার করা হয়েছে। স্যার একদিন এঁরা চীৎকার করেছিলেন দেশের গণতন্ত্র শেষ হয়ে গেল, কর্পোরেশন-এ, মিউনিসিপ্যালিটিতে অ্যাডাল্ট ফ্রানচাইজ হোল না। আর আজকে গভর্নমেন্ট যখন অ্যাডাল্ট ফ্রানচাইজ করছেন তখন এঁরা বলছেন রাস্তা ভাগ করে ওঁরা সব নিয়ে যাচ্ছেন। আমি মনে করি দেশের মানুষ যাঁদের উপর বিশ্বাস রাখেন তাঁরাই গভর্নমেন্ট চালাবেন, কর্পোরেশন চালাবেন। আপনাদের উপর দেশের মানুষ বিশ্বাস রাখে না তাই আপনারা গভর্নমেন্ট-এও নেই, কর্পোরেশনেও নেই। আপনাদের মাথায় এক চিন্তা ঢুকেছে সব কেড়ে নেবে, কিন্তু মনে রাখবেন দেশের মানুষের উপকার করতে না পারলে তাঁরা আপনাদের চিরদিন বিশ্বাস করবেন না। এই কোলকাতায় কত ভাঁওতা আপনারা দিয়েছেন—কর্পোরেশনে আমাদের যদি ভোট দাও তাহলে আমরা সমস্ত ট্যাক্স মকুব করে দেব, রাস্তা সোনা দিয়ে মুড়ে দেব। লোককে আপনারা এক, দুই, তিনবার ঠকাতে পারেন, কিন্তু বারবার পারবেন না। এইসব কারণে কোলকাতা শহরের জনসাধারণ আপনাদের বিশ্বাস করে না এবং ভোটও দেবে না। তারপর, মাননীয়া সদস্যা ইলা মিত্র যে কথা বলেছেন আমি তাঁকে সমর্থন করি। তিনি বস্তীর উন্নয়ন সম্পর্কে বলেছেন, আমি তাঁকে সমর্থন করি। আমার মনে হয় কোলকাতা শহরে যতগুলো পাকা

বাড়ী আছে তার চেয়ে বস্তীতে বেশী সংখ্যক অধিবাসী রয়েছে। এই বস্তীর অধিবাসীদের কথা আমি বরাবরই বলে আসছি এবং আজকেও আবার গভর্নমেন্টের কাছে একথা বলছি যে, কোলকাতার উন্নয়ন না করার জন্য সমস্ত বস্তীবাসীরা আমাদের বিরোধিতা করছে। তারা দেখছে কংগ্রেস পাওয়ার-এ রয়েছে, কর্পোরেশনও কংগ্রেসের হস্তগত অথচ এই দরিদ্র বস্তীবাসীরা কোন বেনিফিট-ই পাচ্ছে না।

আমি সরকারের কাছে প্রস্তাব করি যে, তাদের জন্য বড় বড় পাড়া বাড়ী সি আই টি বিল্ডিং করে তাদের সেখানে সিফ্‌ট করার আগে যদি তাদের ইন্টারিম রিলিফ দেবার ব্যবস্থা করেন তাহলে খুব ভাল হবে। কোন বস্তীতে কর্পোরেশন ঝাঁট দেয় না। কোন বস্তীতে কর্পোরেশন থেকে বা হেলথ ডিপার্টমেন্ট থেকে টিউবওয়েল বসান না, কোন পায়খানা কর্পোরেশনের নেই, কোন বস্তীতে জমিদার পায়খানা দেয় না বস্তীওয়ালাদের যেতে হয় গঙ্গার ধারে নয়ত অন্য জায়গায়। হয়ত কোন বস্তীতে লোক আছে পাঁচ হাজার, সেখানে হয়ত ১টা কি দুটো পায়খানা আছে, কলকাতার বুকে এই অব্যবস্থা আছে। আইনে অনেক কথাই হয়ত লেখা আছে, বস্তী উন্নয়নের হয়ত অনেক পরিকল্পনা করেছেন, কয়েকশত টাকা খরচ করে বস্তী উন্নয়নের পরিকল্পনা করবেন কিন্তু তার আগে ইন্টারিম রিলিফ দেবার ব্যবস্থা করুন, কলের জল, পায়খানা, আলো এগুলি দেবার ব্যবস্থা করুন। কলকাতায় পাকা বাড়ীতে লাইট আছে কিন্তু বস্তীতে লাইট দেবেন না। আমি বলি এই ব্যবস্থাগুলি ইমিডিয়েটলি চালু করুন, তবে তো ওঁদের (বিরোধীপক্ষের) খোতা মুখ ভোতা করে দেওয়া হবে! কারণ আজকে ওঁরা তো এই অব্যবস্থারই অ্যাডভানটেজ নিচ্ছে এই বলে যে কর্পোরেশন কংগ্রেসী মেম্বারদেরই, যেহেতু প্রাধান্য সেজন্যই ওঁরা এ বিষয়ে নজর দিচ্ছেন না এবং সরকারের যে আইন আছে তাতে বস্তী এলেকায় পায়খানা করে দেওয়ার এবং জল নিষ্কাশনের বা ঝাঁট দেবার ব্যবস্থা নাই। আজকে কলকাতা শহরে এপিডেমিক লাগলে আমরা কি দেখতে পাই? দেখতে পাই বস্তী এলেকায়ই কলেরা বেশী হয় এবং ঐ এলাকা থেকেই হাসপাতালে রোগী বেশী যায়। বসন্ত হলেও আমরা দেখতে পাই বস্তী থেকেই রোগী বেশী আসে হাসপাতালে। সেজন্য কলকাতার এম এল এ-দের সঙ্গে আমি আলোচনা করে দেখেছি—তাঁরা বামপন্থীই হউন আর দক্ষিণপন্থীই হউন সকলের সঙ্গেই আলোচনা করে দেখেছি, সকলেই চান যে কলকাতার বস্তীতে ইন্টারিম রিলিফ দেওয়া হোক্‌। আমি কোন রাজনীতির কথা বলছি না, যারা পাকা বাড়ীতে বাস করছে আর যারা পাশে বস্তীতে বাস করছে কুকুরের মত, তাদের অবস্থাটা তুলনা করে ভেবে দেখুন। সেজন্য এম এল এ, বিশেষ করে কলকাতার যারা প্রতিনিধিত্ব করছেন তাঁরা প্রতি মুহূর্তে বস্তীর মানুষদের এই অসহায় অবস্থার জন্য দায়ী, তাঁরা কিছুই করতে পাচ্ছেন না, একদিকে হেলথ ডিপার্টমেন্ট বলছে ওটা কর্পোরেশন দেখবে, আমাদের কিছুই নয়, ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট বলছে ওটা কর্পোরেশন দেখবে, এই অবস্থায় কলকাতার বস্তীবাসীরা যায় কোথায়? খালি যদি বড় বড় সি আই টি বিল্ডিং করেন সারা বছরে হয়ত ৫০০ লোকের ব্যবস্থা হবে কিন্তু খবর নিলেই জানতে পারবেন যে বস্তীতে ২২।২৩ লক্ষ লোক বাস করে। সেদিকটা বিবেচনা করে সরকারের তরফ থেকে নিশ্চয়ই বিরোধী পক্ষের সদস্যরা আমার সঙ্গে একমত হবেন, বস্তীতে ইন্টারিম রিলিফ দেওয়া উচিত। যদি তা না হয় তাহলে কলকাতার বসন্ত, কলেরা কোনদিন বন্ধ করা যাবে না, এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে সংশোধনী বিল আমাদের সামনে আনা হয়েছে সে সম্বন্ধে দু-চারটা বক্তব্য হাউসের সামনে আমি রাখবো। অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় এখানে নেই, তাঁকে দেখতেও পাচ্ছি না। ১৯২৩ সালে ক্যালকাটা কর্পোরেশন-এর যে আইন, ক্যালকাটা মিউনিসিপ্যালিটি আইন রচিত হয়েছিল সেই আইনে দীর্ঘদিন ধরে ক্যালকাটা কর্পোরেশন পরিচালনার পর আবার ১৯৫১ সালে এই আইনকে সম্পূর্ণরূপে পরিবর্তন করা হল।

[5—5-10 p.m.]

অর্থাৎ আমরা দেখতে পেলাম যে কাউন্সিলারদের হাত থেকে ক্ষমতা নিয়ে সরকার কিছুটা ক্ষমতা নিজের হাতে রাখবার চেষ্টা করলেন এবং রাইটার্স বিল্ডিংস থেকে এই কলকাতা কর্পোরেশনকে পরিচালনা করার একটা প্রচেষ্টা এই আইনের ভেতর দিয়ে দেখা গেল। ১৯৫১ সালের ক্যালকাটা

মিউনিসিপ্যাল আইনে ক্ষমতা তিন ভাগ করে দেওয়া হল—কাউন্সিলরকে, কমিশনারকে—কমিশনার সরকার কর্তৃক নিযুক্ত হবে, এবং স্ট্যান্ডিং কমিটির হাতে কিছু কিছু ক্ষমতা দেওয়া হল। সেই আইন অনুযায়ী ১৩ বছর ধরে এই ক্যালকাটা কর্পোরেশন চলেছে। এই ১৩ বছরের মধ্যে অনেক অবনতি এই কলকাতা শহরের হয়েছে। তার প্রধান এবং প্রথম কারণ হচ্ছে কলকাতা কর্পোরেশন পরিচালনার জন্য যে আইন তার ত্রুটি-বিচ্যুতি। আমার মনে হয় এটা অনেকেই স্বীকার করেন, পরোক্ষভাবে সরকারও এটা স্বীকার করেন এবং তারই জন্য আমরা খবরের কাগজে দেখেছিলাম যে এই কলকাতা কর্পোরেশনকে ঠিকমত চালনার জন্য ১৯৫১ সালের আইনকে পরিবর্তন করতে হবে। কিন্তু সেই পরিবর্তনের নাম করে যে অ্যামেন্ডমেন্ট বিল আমাদের কাছে এল সেটা দেখে অন্ততঃ আমার এইটুকু মনে হয়েছে যে এর দ্বারা কলকাতা কর্পোরেশনে ক্ষমতার যে লড়াই চলেছে তিন পক্ষের মধ্যে সেই ক্ষমতার লড়াই বন্ধ হবে না এবং কর্পোরেশনের কাজ যেভাবে চলছে তার বিশেষ কিছু উন্নতি হবে না। স্যার, আমি অন্ততঃ একটা জিনিস এর ভেতর দিয়ে লক্ষ্য করছি যে যত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান আছে, স্ট্যাটুটরী বডি আছে সমস্ত জায়গাতে সরকারের একটা টেন্ডেন্সি এসে গেছে কিছু ক্ষমতা নিজের হাতে রেখে দেওয়ার যাতে নাকি এই প্রতিষ্ঠানগুলিকে কলকাঠি নেড়ে পরিচালনা করা যায়, অর্থাৎ রাইটার্স বিল্ডিংসে অফিসার যাঁরা আছেন তাঁরা মনে করেন আইনে যেন এই রকম মারপ্যাচ থাকে যাতে বাংলাদেশের সমস্ত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের উপর তাঁরা সাক্সেসফুলি হস্তক্ষেপ করতে পারেন। স্যার, আমরা এর আগে দেখিয়ে দিয়েছি যে ক্যালকাটা ইউনিভার্সিটি আইন পাশ করার পর আমাদের বাংলাদেশে যতগুলি ইউনিভার্সিটি হয়েছে সমস্ত ইউনিভার্সিটি আইনের মধ্যে ঐ শিক্ষা বিভাগ থেকে কিছুটা কলকাটি নাড়ার জন্য ক্ষমতা রেখে দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে কলকাতা কর্পোরেশন আইনকে নাকচ করে দিয়ে ১৯৫১ শালে যে আইন রচিত হল তার দ্বারা সরকার অনেকখানি ক্ষমতা রেখে দিলেন—সুপারসেশানের ক্ষমতা আগে ছিল তা তো আছেই, তা ছাড়া অনেক ক্ষমতা রেখে দিলেন যাতে রাইটার্স বিল্ডিংস থেকে অফিসাররা কলকাতা কর্পোরেশনের মাঝে মাঝে কানমলা দিতে পারেন। এইভাবে কাউন্সিলারদের ক্ষমতা আস্তে আস্তে তাঁরা সঙ্কুচিত করে নিয়ে এলেন। স্যার, বেঙ্গল মিউনিসিপ্যাল আইন ১৯৫৬ সালে বোধ হয় সংশোধন করা হল, তার ভেতর দিয়েও আমরা দেখলাম সরকার কিছুটা ক্ষমতা কমিশনারদের কাছ থেকে কেড়ে নিয়ে নিজের হাতে রাখলেন। শৈলবাবু যতই বলুন না কেন যে কর্পোরেশনের মধ্যে যাতে এই ক্ষমতার মারামারি না হয় সেটা যাতে আরো ডিফাইণ্ড হয় সেজন্য এই বিল তিনি এনেছেন, সেটা আমি বিশ্বাস করি না। তিনি বুঝিয়ে দিতে পারবেন না যে এই বিলের মধ্যে স্ট্যাণ্ডিং কমিটির যে ক্ষমতা আছে কমিশনারের যে ক্ষমতা আছে কর্পোরেশনের যে ক্ষমতা আছে সেটা কি করে ওয়েল ডিফাইণ্ড হচ্ছে যাতে নাকি কর্পোরেশনের মধ্যে এই ক্ষমতার দ্বন্দ্ব যার জন্য কর্পোরেশনের প্রশাসন ব্যবস্থা ঠিকমত পরিচালনা করা যাচ্ছে না, সেটার উন্নতি এই বিলের ভেতর দিয়ে কোন জায়গায় হচ্ছে। সেটা শৈলবাবু দেখাতে পারবেন না। একটা জিনিস এই বিলের মধ্য দিয়ে দেখতে পাচ্ছি সেটা হচ্ছে আরো কিছু ক্ষমতা যেটা নাকি ১৯৫১ সালের আইনে ছিল তার চেয়েও আরো কিছুটা ক্ষমতা সরকার গ্রহণ করে নিয়েছেন। স্যার, এই বিলের আগে ১৯৫১ সালের আইনে ছিল স্ট্যাণ্ডিং কমিটিকে যাঁরা কাউন্সিলর অল্ডারম্যান নন এই রকম দুজন বাইরের লোককে অ্যাসোসিয়েট মেম্বার করে নিতে পারবে। কিন্তু এই বিলের ভেতর দিয়ে শৈলবাবু সেটা নিয়ে নিলেন—এই যে অ্যাসোসিয়েট মেম্বার হবেন তাঁদের দুজনকে গভর্নমেন্ট নোমিনেট করে দেবেন। এই ক্ষমতা নির্বাচিত কাউন্সিলারদের হাত থেকে নিয়ে নেবার কারণ আছে। কারণটা অবশ্য আমার মনে হয় এই যে কংগ্রেস এখন মনে করছে অ্যাডাল্ট ফ্রানচাইজে হয়ত বিরোধীপক্ষ জিতে যেতে পারে, সেজন্য অন্ততঃ স্ট্যান্ডিং কমিটিতে যাতে কংগ্রেসের দুজন সরকারের ব্যাকডোর দিয়ে ঢুকতে পারেন তার জন্য একটা ব্যবস্থা এখানে করে রেখে দেওয়া হল। স্যার তারপরে আমরা দেখতে পাচ্ছি ১৯৫১ সালের আইনের মধ্যে স্ট্যান্ডিং কমিটির যে সমস্ত ডিউটিজ এবং ফাংসনস ছিল সেগুলি সম্বন্ধে রুল তৈরী করতো কর্পোরেশন। তার ভিতর এমন কিছু গোলতি কর্পোরেশন করেছে কি না জানি না, হঠাৎ সেই ক্ষমতা এই বিলের ভিতর দিয়ে সরকার গ্রহণ করলেন—কেন করছেন তার কোন যুক্তি শৈলবাবু দেন নি তবে নেয়ার কোন প্রয়োজন নেই। আমার মনে হয় যে স্ট্যান্ডিং কমিটি যাতে ঠিক সরকারের মনোমত চলেন সেই-ভাবে তারা রুল তৈরী করবেন এবং সময় সময় যদি প্রয়োজন হয়, রুল পাল্টে দেবেন, যখন

দেখবেন যে স্ট্যান্ডিং কমিটি রাইটার্স বিল্ডিংসের কথামত চলছে না। স্যার, তাছাড়া কমিশনার তার কাজকর্ম কিভাবে করবেন সেটা ১৯৫১ সালের আইন অনুযায়ী ছিল যে এটা কমিশনার করবেন এবং তার জন্য যে রুল করা হবে সেই রুল কর্পোরেশন তৈরী করবে—এই বিলে সেই ক্ষমতা সরকার নিজের হাতে গ্রহণ করছেন। এছাড়াও ১৯৫১ সালের আইনে ছিল যে একজন স্পেশাল ডেপুটি কমিশনারকে যদি কর্পোরেশনের কাউন্সিলাররা রিকুইজিশন করেন তাহলে সরকার অ্যাপয়েন্ট করতে পারবেন—এখানে সেটা বলছেন যে না, নট অ্যাট রিকুইজিশন—সরকার যদি মনে করেন যে স্পেশাল ডেপুটি কমিশনার নিয়োগ করা উচিত তাহলে তারা করে দেবেন, অর্থাৎ কমিশনারের আরো খানিকটা ক্ষমতা তারা এর দ্বারা কেড়ে নেবার ব্যবস্থা করলেন। এছাড়া সব চেয়ে ইম্পর্টেন্ট হচ্ছে যে কর্পোরেশনের সমস্ত অফিসাররা অ্যাপয়েন্টেড হতেন ১৯৫১ সালের আইনানুসারে কর্পোরেশন কর্তৃক, কর্পোরেশন কর্তৃক অ্যাপয়েন্টমেন্ট হবার পর সরকারের কাছ থেকে পার্মিশন নিতে হোত, এখানে এই আইনে করলেন যে ফাইনান্স অফিসার কর্পোরেশন অ্যাপয়েন্ট করতে পারবে না, ফাইনান্স অফিসার স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করবেন। এইভাবে আমার মনে হয় আরো ডিটেল্‌ড যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে এই অ্যামেন্ডমেন্টের ভেতর দিয়ে সরকার অত্যন্ত সাটললী নির্বাচিত কাউন্সিলারদের ক্ষমতা অপহরণ করেছেন এবং নিজের হাতে নিয়েছেন। এটুকুই করতে পেরেছেন, এ ভিন্ন তাদের যে অবজেক্টিভ ছিল যে এই সংশোধনের দ্বারা পাওয়ারগুলি ডিফাইন্ড হবে সেই অবজেক্টিভ এই বিলের দ্বারা পালন হবে না। এ ছাড়া আর একটা আমি দেখাতে পারি যে লাস্ট সিডুলে হাওড়া মিউনিসিপ্যালিটিতে যেটা এক্সটেন্ডেড হবে সেটা ১৯৫১ সালের আইনে একটা প্রভাইসো জুড়ে দিয়েছেন যে হাওড়া মিউনিসিপ্যালিটির যেকোন এডুকেশনাল ইনস্টিটিউসনে তাঁরা গ্রান্ট দিতে পারতেন—এখানে একটা প্রভিশন জুড়ে দিলেন যে এর জন্য স্পেশাল পার্মিশন স্টেট গভর্নমেন্টের নিতে হবে।

[5-10—5-20 p.m.]

হাওড়ার মধ্যে যদি কোন কলেজকে গ্রান্ট দিতে হয় তাহলে সেই গ্রান্ট দিতে গেলে স্পেশাল পারমিশন গভর্নমেন্ট-এর কাছ থেকে নিতে হবে। কাজেই আমি মনে করি এই যে বিল সরকার এনেছেন এই বিলের দ্বারা তাঁরা কর্পোরেশন-এর উন্নতি কিছুই করতে পারবেন না। একটা কথা সরকারের তরফ থেকে বলা যেতে পারে যে, সরকারের হাতে কিছু কিছু ক্ষমতা নেওয়া হয়েছে দুর্নীতি বন্ধ করবার জন্য এবং তাঁদের অ্যাডমিনিস্ট্রেশন-এর এফিসিয়েন্সি বাড়াবার জন্য। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই আজকে ওয়েস্ট বেঙ্গল-এ যে প্রশাসন চলছে তার মধ্যে কি দুর্নীতি নেই। ১৭ বৎসর কংগ্রেসী রাজত্বের পর সমস্ত মানুষ এই কথাই আজকে জিজ্ঞাসা করছে সত্যই এঁদের প্রশাসনিক ক্ষমতা আছে কি না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যদি কেন্দ্র থেকে বলা হয় কনস্টিটিউশন অ্যামেন্ড করে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষমতা অপহরণ করা হবে তাহলে তারা কি সম্মতি দেবেন। কিছু দিন আগে কাগজে দেখেছিলাম সমস্ত ভারতবর্ষে এক রকম শিক্ষা প্রবর্তনের জন্য কেন্দ্র আরো ক্ষমতা চেয়েছিলেন এবং তার জন্য সংবিধান সংশোধনের জন্য সুপারিশ করেছিলেন। সেজন্য তিনি প্রত্যেক রাজ্যের শিক্ষামন্ত্রীদের ডেকে একটা কনফারেন্স করেছিলেন। আমি যতদূর জানি পশ্চিমবঙ্গের তরফ থেকে এবং অন্যান্য সমস্ত স্টেট থেকে আপত্তি করা হয়, তার কারণ ক্ষমতা কেন্দ্রীভূত হওয়া উচিত নয়। ক্ষমতা যদি কেন্দ্রীভূত হয় গণতন্ত্র বাঁচবে না। এই কথা তাঁরা বোঝেন না তা নয়, কিন্তু তৎসত্ত্বেও পশ্চিমবঙ্গে যত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান আছে সেগুলির ক্ষমতা তাঁরা আইন করে নিজেদের হাতে নিয়ে নিচ্ছেন। এই করেই কি তাঁরা দেশের ভিতর তাঁরা সুস্থ গণতান্ত্রিক পদ্ধতি গড়ে তুলছেন? সেজনাই আমি সবিনয়ে মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দেব যে এই ধরণের বিল এনে যদি তাঁরা মনে করে থাকেন যে এর দ্বারা কলকাতা কর্পোরেশনের প্রশাসনিক ব্যবস্থার উন্নতি করবেন তাহলে তাঁরা ভ্রান্ত। আমি আরেকটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই—সেটা হচ্ছে যে কথা নেপালবাবু বললেন, কাউন্সিলারদের মাইনের প্রশ্ন। স্যার, এতদিন কাউন্সিলারদের মাইনে ছিল না, কিন্তু তাঁরা কি কোন কাজ করেন নি? নিশ্চয়ই করেছেন। আমার মনে হয় কাউন্সিলারদের ১০০ টাকা মাইনে দিলে তাঁদের অপমান করা হবে। যদি মাইনে দিতে হয়—মাইনে দেওয়াই উচিত বলে মনে করি—যদিও তাঁরা নির্বাচিত প্রতিনিধি, তাহলেও তাঁদের যেরকম

পরিশ্রম করতে হয় এবং আজকের দিনে যদি তাঁদের ঠিকমতো কাজ চালাতে হয় তাতে তাঁদের যদি অর্থের জন্য অন্য কোন ব্যবস্থা অবলম্বন করতে হয় তাহলে তাঁরা সুষ্ঠুভাবে তাঁদের কার্য সম্পাদন করতে পারবেন না। আজকের দিনে যে কোন মধ্যবিত্ত সংসার ৩০০।৪০০ টাকার কমে চলতে পারে না। লেজিসলেটিভ অ্যাসেম্বলীর সদস্যদের ২০০ টাকা মাইনে, আমার মনে হয় মনে হয় এটা না থাকাই ভাল ছিল। তাই আমি বলছিলাম কাউন্সিলারদের ১০০ টাকা মাইনে ঠেকিয়ে দেওয়া, এটা উচিত নয়, এতে তাঁদের অসম্মান হবে। আমাদের এখানে এই মাইনেটা যা দেওয়া হচ্ছে তা বহুদিন ধরে চলছে, তাই এটা আমাদের মেনে নিতে হয়েছে। ২০০ টাকা একটা মানুষেরও চলে না, চলা সম্ভব নয়, তৎসত্ত্বেও আমাদের এই অপমানজনক ব্যবস্থায় পড়ে থাকতে হচ্ছে, ১৯৩৭ সালে একটা আইন হয়েছিল, সেই আইনের মধ্যে আমাদের এখনো থাকতে হচ্ছে। কিন্তু আমরা নিশ্চয়ই জানি, আমরা যদি আইন রচনা করতাম তাহলে বলতাম যে ২০০ টাকার কম মাইনে না হওয়াই ভাল। সেই জন্যে আমি বলছি এই কাউন্সিলারদের মাত্র ১৫০ টাকা মাইনে দিয়ে অথবা একটা অ্যালাউন্স দিয়ে তাঁদের অপমান করা উচিত নয়। যদি পারেন তাঁদের মাইনে অন্ততঃ ৪০০ টাকা করুন, যদি না পারেন তাহলে একেবারেই ওটা বাদ দিন। যদি মনে করেন যে ফিনান্সে এখন কুলাবে না তাহলে দেবেন না, কিন্তু এইভাবে তাঁদের অপমান করবেন না। আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্যগুলি আপনার সামনে রাখলাম।

Shri Naresh Nath Mookerjee:

সভাপতি মহাশয়, আমি এই দ্বিতীয় সংশোধনী বিল যেটা আজ আমাদের সামনে সিলেক্ট কমিটির রিপোর্ট সহ পেশ করা হয়েছে সেটা সমর্থন করতে উঠেছি। আমি জানি যে এই বিলের মধ্যে কলকাতার নাগরিকদের সকল সমস্যার সমাধানের ব্যবস্থা হয়নি এ বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু তথাপি আমি এটি সমর্থন করছি দুটি কারণে। একটি কারণ হচ্ছে যে আজকে এই ১৯৬৪ সালে এখন পর্যন্ত কলকাতায় প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটের অধিকার দেওয়া হয় নি এটা অত্যন্ত লজ্জার বিষয়। আমরা চিরকাল গর্ব করে এসেছি যে,

What Bengal thinks to day India will think tomorrow

আজকে ছোট ছোট সহরে, পাটনা, বেনারস এবং আরো ছোট ছোট সহরে আমরা গেলে তাঁরা আমাদের অনেক সময় ডেকে অভ্যর্থনা করে নিয়ে যায়। সেখানে আমাদের বলতে লজ্জা করে যে আমাদের সহরে এখনও অ্যাডাল্ট ফ্রানচাইস্ হয়নি। এটা অত্যন্ত লজ্জার কথা। এবং আজকে আমার বন্ধুরা এবং অনেকে বাইরে বলেন যে কলকাতা কর্পোরেশনের কাউন্সিলাররা তাঁদের দায়িত্ব পালন করতে পারেন না, তাঁরা উপযুক্তও নয়, নানা কথা সমালোচনা করেন। তার একটা বড় কারণ হচ্ছে তাঁদের কোন দায়িত্ব দেওয়া হয়নি। আজকে সেই কারণের জন্য এটা সমর্থন করছি। দ্বিতীয় কারণ হচ্ছে যে আমাদের শৈলবাবু, প্রাক্তন স্বায়ত্বশাসনমন্ত্রী, তিনি এই হাউসে আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটি কমপ্রিহেনসিভ বিল আনবেন। এটা কমপ্রিহেনসিভ বিল নয় আমরাও জানি, ওদিকের বন্ধুরাও জানেন। আজকে এই হাউসে, অনেক কথা উঠেছে। যথা, আমাদের কাউন্সিলারদের স্বাধীনতা খর্ব করা হয়েছে, তাঁদের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, কমিশনারকে বেশী পাওয়ার দেওয়া হয়েছে, ইত্যাদি।

[5-20—5-30 p.m.]

মাননীয় সভাপতি মহাশয়, আমার বন্ধু এবং অগ্রজতুল্য হেমন্তদা যে কথা বলেছেন তাতে আমার দুঃখ হচ্ছে। এই সিলেক্ট কমিটিতে আমি বার বার কমিশনারকে বেশী ক্ষমতা দেওয়া এবং কাউন্সিলারদের পাওয়ার কমানোর বিরুদ্ধে প্রতিবাদ করেছি। কিন্তু তিনি কোন আপত্তি তোলেননি।

Mr. Chairman: Mr. Mookerjee, proceedings of Select Committee are not discussed here.

শ্রীনরেশনাথ মুখার্জী: আপনার অবগতির জন্য বলছিলাম। তবে আপনি যখন বলছেন তখন সেই সমালোচনা আর করছি না। সমস্ত দলের প্রতিনিধিরা মিলে আমরা যে সিদ্ধান্ত করেছি আমি সেটা মেনে নিয়েছি এবং এই বিলের মাধ্যমে আমরা যতটুকু পাচ্ছি ততটুকু সমর্থন করি। কাজেই এই বিল পাশ করা হোক এটাই আমার একমাত্র উদ্দেশ্য। তারপর সভাপতি

মহাশয়, কোলকাতার বস্তীর উন্নতির কথা এবং কর্পোরেশন কোন কাজ করেনি এই সকল কথা উঠেছে। আমার বন্ধু নেপালবাবু বললেন, বস্তীতে আলো নেই, জল নেই। আমি আপনাদের এটুকু বলতে পারি এবং আপনারাও বোধহয় সমর্থন করবেন যে, কোলকাতা কর্পোরেশন সমস্ত বস্তীর মধ্যে যতটা পেরেছে টিউবওয়েল এবং যেখানে পেরেছে আলো দেবার চেষ্টা করেছে। আমি একজন প্রতিনিধি হিসেবে একথা জানি এবং এসব কথা সত্য। কোলকাতা কর্পোরেশনের প্রতিনিধিরা বস্তীর উন্নতির জন্য, বস্তীর স্বার্থের জন্য এবং বস্তীবাসীদের দুঃখ নিবারণের জন্য যথেষ্ট চেষ্টা করেছেন। তবে যেখানে পারেনি তার কারণ হচ্ছে হয়ত জমিদার বা বাড়ীওয়ালা আপত্তি করেছে। এরকম অনেক কেস আছে যেখানে জমিদার এবং বাড়ীওয়ালার আপত্তির জন্য টিউবওয়েল বসান যায়নি। এই কয়েক বছরের মধ্যে কয়েক হাজার টিউবওয়েল যে বস্তীতে দেওয়া হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি মনে করি কোলকাতা কর্পোরেশন এবং প্রতিনিধিদের অভিনন্দন জানান উচিত কারণ এখনও পর্যন্ত এই সামান্য আয়ে এবং এত ব্যয় বৃদ্ধি হওয়া সত্বেও, প্রফিট মার্জিন কিছু না থাকা সত্বেও এখনও আমরা কলের জল পাচ্ছি, রাস্তা সাফ পাচ্ছি এবং আলো জ্বলছে। এই প্রসঙ্গে আমি গভর্নমেন্টকে খানিকটা দোষ দেব কারণ এই ১২ বছরের মধ্যে কোলকাতা শহরের উন্নতির জন্য তাঁরা এমন কিছু অর্থ ব্যয় এখন পর্যন্ত করেননি। সি, এম, পি, ও, হয়েছে জানি, কিন্তু এই অর্গানাইজেসনটা কি করছে ও কেন হয়েছে তা জানিনা। কবে তার রিপোর্ট পাওয়া যাবে, কি তার প্ল্যান এসব বিষয় আলোচনা না করলেও এটুকু বুঝেছি যে তার ফলাফল আমাদের জীবনে দেখতে পাব না। তারপর, ইম্প্রুভমেন্ট ট্রাস্টের উপর যে অভিযোগ আনা হয়েছে আমি মনে করি এটা অত্যন্ত অন্যায়ভাবে আনা হয়েছে। কারণ যদি কেউ কিছু উন্নতি করে থাকে কলকাতা সহরের এই ৪০ বছরের মধ্যে তাহলে ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট করেছে। আমরা যখন ফেইল করেছি তখন ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট রবীন্দ্র সরোবরে একটা স্টেডিয়াম করে দিয়েছে এবং এছাড়া আরও অনেক উন্নতি করেছে। আজকে সাউথ ক্যালকাটার লেক একটা মনোরম স্থান, দেখবার মত যায়গা। আমাদের এমন কিছু নেই কলকাতা সহরে বিদেশী এলে আমরা দেখাতে পারি। আমাদের লেককে দেখাতে হয়। সেটা কিন্তু ক্যালকাটা ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট-এর করা, এবং বস্তীর কথা যখন উঠেছে তখন কিন্তু একটা কথা না বলে আমি থাকতে পারি না। আমাদের কলকাতার বস্তীবাসীরা বাস্তবিকপক্ষে পাকা বাড়ীতে কেউ থাকতে চায় না। (হাস্য) যাঁরা হাসছেন তাঁরাও এটাও জানেন, আমিও জানি। আমাকে প্রত্যেকবার ইলেকসন-এর সময় মুচলেকা দিতে হয়েছিল বস্তীবাসী বন্ধুদের, তারা একথা বলেছিল—আপনি বলুন যে আপনারা বস্তী ভাংগবার বা বস্তী উন্নয়নের কোন চেষ্টা করবেন না। যে যাই বলুন না কেন এ সম্বন্ধে আমি প্রমাণ দেখিয়ে দেব। বস্তী থেকে ৫ মাইল দূরে নিয়ে গিয়ে পাকা বাড়ীতে রেখে তাদের জীবনের আমুল পরিবর্তন করার চেষ্টা তাঁরা সহ্য করবেন না, তারা আজীবন সেখানে থেকেছে আজকে দরকার হচ্ছে কলকাতার বাড়ীর উন্নয়ন। বস্তীকে উন্নত করে পাকা করে আধুনিক য়্যামেনিটিস তাদের দেওয়া দরকার। তা না করে যদি আপনারা মনে করেন যে বস্তীগুলিকে ভেংগে বস্তী-বাসীদের সাততলা বাড়ী করে তাদের সেখানে রাখবেন তাহলে সেটা স্বপ্নই থাকবে। বাস্তবে কোনদিন পরিণত হবে না। সেজন্য আজকে কলকাতা সহরে যেখানে জায়গা নেই যেখানে বস্তী-বাসীদের কোন রকম কিছু করা যাচ্ছে না, এত বড় আইডিয়াল নিয়ম, এ পরিকল্পনার কোন মানে হয় না। উল্টো করে বরং আমাদের উচিত হচ্ছে বস্তীগুলিকে আইনের মাধ্যমে য়্যাকোয়ার করে সরকার হাতে নিয়ে সুন্দর হেল্‌দি পরিবেশ সৃষ্টি করা, তার উন্নতি করা। এ ছাড়া যারা ক্রমাগত বলে থাকে কিছু হচ্ছে না তারা শুধু ক্রোকোডাইল টিয়ার্স ফেলবেন কিন্তু কোন উন্নতি হবে না। এ বিষয়ে আমরা ২০ বছর আগে যেখানে ছিলুম, এখনও সেখানেই পড়ে আছি এক পাও এগুতে পারিনি। কতকগুলি ইনসারমাউনটেবল্ ডিফিকালটি আছে আজকে সেগুলির প্রাকটিকাল সলিউসন দরকার তা না করে শুধু বক্তৃতা দিলে আর আদর্শের কথা বললে তার কোন সমাধান হবে না।

অধাই মহোদয়, আমি আরও দুটো কথা বলবো, জেনারেলভাবেই বলবো, পরে ক্লজ বাই ক্লজ বলবো। আজকে এই বিলে অনেক ভাল জিনিষ রয়েছে। এই যে ট্রাইবুনাল, যতই যে বলুন না কেন একথা বিশ্বাস করুন যে কলকাতার বাড়ীওয়ালারা এত [illegible] লোক, প্ল্যান পাশ

করার এত পদ্ধতি তাঁরা জানেন যে আমাদের প্রতিনিধিদেরও ক্ষমতা নেই যে তাঁদের বিরুদ্ধে দাঁড়াই। আজকে কলকাতাকে দেখলে কষ্ট হয়, বিশেষ করে যখন আমরা অন্য দেশ থেকে বাড়ী ফিরে আসি। ইচ্ছা করে না চোখ চেয়ে দেখতে কিরকম বিশ্রীভাবে কলকাতা গড়ে উঠেছে। এক একটা বসতি আড়াইতলা, কোন কোনটা ৫ তলা, কোনটা ১৪ তলা পাসাপাসি দাঁড়িয়ে আছে কোন সিসটেম নেই, কোন নিয়ম নেই, নীতি নেই, গড়ে উঠছে কলকাতা।

আর একটা কথা, আজকে এটা সত্যই যে ক্যালকাটা করপোরেশন-এর কাউন্সিলরদের ক্ষমতা খানিকটা কেড়ে নেওয়া হচ্ছে, কিন্তু সেই ক্ষমতা থাকলে হয়ত তাদের আরও বিপদ হ'ত। আপনারা সকলেই জানেন এই খবরের কাগজে এক বৎসর পূর্বে কি জঘন্যভাবে কর্পোরেশন কাউন্সিলারদের বিরুদ্ধে সমালোচনা হয়েছিল, যথা করিডর প্রাক্‌টিস্‌ তাঁরা নাকি করেন, মানে দালালী করে বেড়ান ইত্যাদি কথা উঠেছিল। এই করিডর প্রাকটিস-এর মানে কি? কেন যেতে হয় তাঁদের অফিসারদের কাছে? যেতে হয় জনসাধারণের কাজ করতে তাগিদ দেবার জন্য। করম হোসেন সাহেব বসে আছেন, আশাকরি তিনি সমর্থন করবেন, অফিসাররা তা না করলে কোন কিছু কাজ করেন না বলে।

[5-30—5-40 p.m.]

কাজ হয়না বলে যেতে হয় এবং প্রত্যহ আমাদের ভোটাররা তাঁদের কাজ হয়না বলে তাঁরা আমাদের কাছে এসে অভিযোগ করেন এবং তাঁদের কাজ করবার জন্য কাউন্সিলরদের যেতে হয় অফিসারদের কাছে। একবার নয় ১০ বার যেতে হয়। সেজন্য সেটা যদি করিডোর প্র্যাকটিস হয়ে থাকে তাহলে আমি বলব কোন কাজই তাঁদের করা উচিত নয়, তাঁদের বাড়ীতে বসে থাকা উচিত। কাউন্সিলারদের মাইনে সম্বন্ধে অনেক কথা উঠেছে। কথাটা খুব সত্য। ডাঃ কানাই ভট্টাচার্য সেকথা বলেছেন। বাস্তবিক আজকের দিনে একজন কাউন্সিলরকে প্রায় ২৪ ঘণ্টা লেগে থাকতে হয়। কর্পোরেশানের কাজ মানে মানুষের দৈনন্দিন জীবনের সংগে রোজ তাঁর সম্বন্ধে এবং ২৪ ঘণ্টা কর্পোরেশানের কাউন্সিলারদের দ্বার খুলে রাখতে হয়। তাঁদের মাইনে না দিন সেও ভাল, কিন্তু ১০০ টাকা একজন এল. ডি. ক্লার্কের চেয়ে নিচে মাইনে এটা যেন না দেওয়া হয়। যবে থেকে সুরেন্দ্রনাথ এই আইন করে গেছেন সেই ৪০ বছর ধরে তাঁরা সকলেই বিনা বেতনে শহরবাসীদের স্বেচ্ছায় সেবা করে এসেছেন, তাঁরা এখনও করবেন। যদি তাঁদের সেবার দাম দিতে হয় তাহলে উপযুক্তভাবে সেটা দেওয়া উচিত, এরকমভাবে নয়। তাঁদের কত দেওয়া উচিত সেটা আমি বলতে চাই না। কিন্তু বাস্তবিক এই জিনিসটা আবার রি-থিংকিং করা প্রয়োজন।

Mr. Speaker's Ruling

Mr. Speaker: I will now give my ruling on the Point of Order raised by Shri Kashi Kanta Maitra.

On the 18th August last Shri Kashi Kanta Maitra raised a Point of Order to the effect that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, could not be considered at this stage, when the Bill had already been moved for being taken into consideration. He drew attention to the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, which is pending in the House after report by the Joint Committee on that Bill.

First, it is argued that the Statements of Objects and Reasons of the two aforesaid Bills are identical. They are not so. The earlier Bill of 1963 did not at all touch upon the reconstitution of the municipal wards pursuant to adult franchise, which is the chief object of the Bill of 1964.

Secondly, it is argued that the preambles of the two Bills are identical. Preambles of all amending Bills are generally identical, as they are invariably set out in the same stereotyped formula.

Thirdly, it is contended that the two aforesaid Bills touch upon almost identical provisions and so the earlier Joint Committee Bill should be withdrawn and the Bill of 1964 should be referred to the same Joint Committee. The provisions of the two Bills are completely different. The principal

object of the present Bill of 1964 is to amend sanctions 7 and 8 and, consequentially, schedule V of the Calcutta Municipal Act, 1961, with a view to increasing and reconstituting the number of municipal wards from 80 to 100 as a result of adult franchise. These provisions being new matters are absent in the earlier Bill of 1963. Section 7 of the Act was proposed to be amended in the earlier original Bill of 1963 but then the proposal was with regard to the creation of a new body, the Council, and had nothing to do with the increase or reconstitution of municipal wards. Even so, that proposal to amend section 7 has been completely dropped by the Joint Committee, and what is now pending before the House is not the original Bill of 1963 but the Bill of 1963 as reported by the Joint Committee without section 7. Moreover, the old Joint Committee is now functus officio after presentation of the report on the earlier Bill, and the present Bill of 1964, which is completely different, cannot be referred to it. This is not to say that the present Bill of 1964 cannot be referred to a new Joint Committee.

Shri Maitra has referred to rule 78(1)(b) of the rules of the House. It has no application to the instant case. It relates to a motion for recommittal of a Bill, reported on by a Select or Joint Committee, to the same Committee. If there is a motion to that effect and if it is adopted the same can be done with respect to the earlier Bill of 1963 already reported on by the Joint Committee.

Shri Maitra referred to page 570 of May's Parliamentary Practice to contend that new clauses and new schedules can be added in the House of Commons to a Bill after the report stage. Even new clauses and new schedules sought to be added are out of order if they are beyond the scope of the Bill. Reference may be had to pages 563 and 533. It is well settled that the procedure of the House of Commons has no application to the Legislatures of India if there are specific rules of procedure made under the Constitution. Rule 321 of our rules of the House provides that an amendment must be relevant to, and within the scope of, the motion to which it is proposed.

Shri Maitra referred to page 637 of May to say that the Joint Committee is competent to take up the matter if the House recommits the matter to it.

There is no doubt about it, but there is no motion before the House for recommittal. The old Joint Committee stands dissolved after the report, and it can only be revived or reconstituted after a motion for recommittal is adopted.

Shri Maitra referred to page 641 of May to contend that the Minister-in-charge cannot say that the Select Committee report be considered at a future day. I may refer to the following words appearing in the same page, "according to the present practice a motion for appointing the report of a committee for consideration on a future day requires notice." The Minister-in-charge has given this notice in respect of the motion for taking the Bill of 1963, as reported by the Joint Committee, into consideration, as provided in rule 78(1)(a) of our rules, and the motion is set down in our programme of business on the future day assigned to it.

In the circumstances, I do not think there is any substantial point in the point of order raised by Shri Maitra. The Calcutta Municipal (Amendment) Bill, 1964, the consideration of which has been already moved, will proceed.

On the 21st August last Shri Kashi Kanta Maitra raised a point of order as to whether, when a point of order is previously raised and the Speaker reserves his ruling thereon, the consideration of the matter subject to the previous point of order is suspended.

Notwithstanding that a ruling on a point of order involving the consideration of Bill is reserved, the discussion of the Bill may be continued but no question should be put.

Shri Kashi Kanta Maitra: Sir, my only point is this: this House by resuming consideration of the Second Amendment Bill, as reported by the Select Committee—by doing that—has not the Hon'ble Minister-in-charge by implication accepted the validity of my contention?

[5-40—5-51 p.m.]

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee

Shri Bhabani Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

Calcutta Municipal Amendment Bill, 1963,

এখানে উপস্থাপিত করার সময় মাননীয় মন্ত্রিমহাশয়, তাঁর ভাষণে যেসমস্ত কথা বলেছেন আমরা এই বিলের ধারাগুলি পর্যালোচনা করতে গিয়ে দেখতে পাচ্ছি তার সংগে বাস্তবের কোন সম্পর্ক নেই। তাঁরা মুখে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের বিস্তার এবং গণতন্ত্র প্রসারের অনেক কথা বলেন, কিন্তু আসলে তাঁদের নীতি মাননীয় সদস্য কানাইবাবু যে পথের কথা বল্লেন সেই পথেই চলেছে, অর্থাৎ, স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির ক্ষমতা হরণ করে সেগুলির ব্যবস্থা কি করে সরকারের হাতে আনা যায় তারই নীতি ও উপায় অবলম্বন করে চলেছেন। স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিরা যাতে প্রকৃতই কাজ করতে পারেন আইনে সেই ব্যবস্থা থাকা উচিত। ক্যালকাটা করপোরেশন এবং বাংলাদেশে যেসমস্ত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান আছে, কি পৌরসভা, কি গ্রামপঞ্চায়েৎ, কি অঞ্চলপঞ্চায়েৎ, তাদের দায়িত্বপালনের জন্য এবং উপযুক্তভাবে কার্যপরিচালনার জন্য আর্থিক সঙ্গতি তাদের হাতে থাকা উচিত। আজকে এখানে নরেশবাবু কংগ্রেস দলের প্রসংশা করে বল্লেন যে, কংগ্রেসই কলিকাতা পৌরপ্রতিষ্ঠানে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ব্যবস্থা করেছেন। এটা তো জনসাধারণের বহু দিনের দাবি, এটা কি বড় গলা করে বলার কথা? যাইহোক, আমি যে কথা বলছিলাম, অন্যান্য প্রদেশে যেখানে পৌরপ্রতিষ্ঠান আছে তাদের অর্থসংগতির ব্যবস্থা করা হয় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনার দ্বারা যেমন বম্বে কর্পোরেশন ইলেকট্রিসিটি সাপ্লাই তাদের হাতে আছে- অর্থাৎ, ব্যবসাপ্রতিষ্ঠানের মালিকানা কর্পোরেশনকে দিয়ে অর্থসঙ্গতির ব্যবস্থা করা হয়। তাছাড়া, আর্থিক সঙ্গতি ভালো করবার জন্য সর্বভারতীয় যে কমিটি সরকার কর্তৃক নিযুক্ত হয়েছিল ডাঃ সুপারিশ অন্যান্য প্রদেশে কার্যকরী হলেও পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এখনো সেসব কার্যকরী করা হয়নি যার ফলে য়্যামিউজমেন্ট ট্যাক্স, সেল্‌স ট্যাক্স-এর শেয়ার যা আইন করে এই সমস্ত প্রতিষ্ঠানের হাতে দেওয়ার কথা সেটাও এখন পর্যন্ত এখানে হয়নি। এজন্য এখানে এই সব প্রতিষ্ঠানকে নিজেদের সামান্য আয়ের উপর নির্ভর করতে হয় এবং সরকারের দয়ার উপর মুখাপেক্ষী হয়ে থাকতে হয়।

এখন আমরা দেখতে পাচ্ছি না কলকাতা কর্পোরেশনের ক্ষেত্রে সেইভাবে তাদের আর্থিক সঙ্গতি, তাদের নিজের পায়ে দাঁড়াবার মত কিছু ব্যবস্থা করে দেওয়া হয়েছে। অপর দিকে আমি দেখতে পাচ্ছি এই সংশোধনী বিলের মধ্যে স্বায়ত্তশাসনের অধিকারকে সংকোচন করার ব্যবস্থা হয়েছে। যেজন্য আগেকার ১৯৫১ সালের বিলে যেখানে কথা ছিল কর্পোরেশন নিজে নির্বাচিত সংস্থা হিসাবে তার যে ষ্ট্যাণ্ডিং কমিটি কিভাবে সেগুলি পরিচালিত হবে, তার ফাংশনস, সেগুলি কর্পোরেশন নিজে ঠিক করে দেবেন। সেখানে ঠিক ছিল যে সেখানে যে কমিশনার থাকবেন কমিশনারের চলার যে কায়দা, তার ফাংশন কর্পোরেশন ঠিক করে দেবে।
কমিশনার থাকবেন কমিশনারের চলার যে কায়দা, তার ফাংশন কর্পোরেশন ঠিক করে দেবে।
আমরা বর্তমান বিলে দেখলাম যে আসলে ষ্ট্যাণ্ডিং কিভাবে ফাংশন করবে সেটা নির্ধারণ করে দেবেন পশ্চিমবঙ্গ সরকার। কমিশনার কিভাবে ফাংশন করবেন সেটাও নির্ধারণ করে দেবেন পশ্চিমবঙ্গ সরকার। অর্থাৎ উপর থেকে সব সময় সেই রাইটার্স বিল্ডিংএর সরকারী দপ্তরের নির্দেশে এই পৌরপ্রতিষ্ঠানকে নিয়ে আসবার ব্যবস্থা করা হয়েছে। এর আগে কানাইবাবু

যেটা মেনশন করেছেন যে অ্যাসোসিয়েটেড মেম্বার ঠিক করার ব্যাপারে, পৌরপ্রতিষ্ঠান নির্বাচিত হলে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে, এখানকার জনসাধারণের প্রতিনিধি তাঁরা হলেন, তাঁরা এই সহরের যাঁরা বিশিষ্ট লোক তাঁদের চেনেন না, যাঁরা গণ্যমান্য লোক তাঁদের চেনেন না, তাঁদেরকে তাঁরা এ্যাসোসিয়েটেড মেম্বার হিসাবে নির্বাচন করবেন না, সেখানে সরকার হস্তক্ষেপ করে অ্যাসোসিয়েটেড মেম্বার ঠিক করে দেবেন। এইভাবেতে আজকে আমরা সাধারণভাবেতে এই যে সংশোধনী বিল আনা হয়েছে এই সংশোধনী বিল আনার ভিতর দিয়ে আমরা সত্য সত্যই বুঝতে পারছি না যে কোথায় গণতন্ত্র প্রসারের কতটুকু ব্যবস্থা হয়েছে। গণতন্ত্রকে একদিকে কেড়ে নেওয়া হচ্ছে, বলা হচ্ছে সরকার সমস্ত কিছু ব্যবস্থা করে দেবেন। তারপর আগে যতজন অফিসার নিয়োগ করতো তার চেয়ে আরো বেশী অফিসার নিয়োগ করার ব্যবস্থা বর্তমান আইনে করে দেওয়া হয়েছে। তারপর, শুধু তাই নয়, যেটুকু ছিটে ফোঁটা গণতন্ত্র তাঁরা দেবার চেষ্টা করেছেন, আমরা দেখতে পাচ্ছি যেখানেতে এস্টিমেট কমিটি করার ব্যবস্থা করা হয়েছে সেই কমিটিতে প্রোপরসনাল রিপ্রেজেণ্টেশন দেবার কথা আছে। অর্থাৎ প্রোপরসনাল রিপ্রেজেণ্টেশন গণতন্ত্রকে ফাংশন করতে গেলে আজকে যখন বিভিন্ন দলের প্রতিনিধিকে জনসাধারণের দ্বারা নির্বাচিত হবে তখন সেখানে গণতন্ত্রের কিছুটা মর্যাদা দিতে গেলে সেখানে প্রোপরসনাল রিপ্রেজেনটেশনের প্রয়োজনীয়তা আছে, সেটা কিছুটা নীতিগতভাবে স্বীকার করা হয়েছে এই আইনের মধ্যে। যেমন দেখতে পাচ্ছি এসটিমেট কমিটির মধ্যে প্রোপরসনাল রিপ্রেজেনটেশনের ভিত্তিতে নির্বাচনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু অন্যান্য স্ট্যাণ্ডিং কমিটির ক্ষেত্রে সেই প্রোপরনাল রিপ্রেজেনটেশনের ব্যাপার নেই। সেইজন্য আজকে কলকাতাবাসী বার বার অভিযোগ করেছে যে কেন একদলীয় লোক নিয়ে ষ্ট্যাণ্ডিং কমিটিগুলি করা হবে। কাজকর্ম করবার জন্য যে সমস্ত কমিটি, যেগুলির সঙ্গে জনসাধারণের জীবনের প্রত্যক্ষ যোগ, সেই কমিটিগুলিকে গঠন করা হচ্ছে শুধুমাত্র যে দল মেজোরিটি সেই দলের লোকদের দ্বারা। সংখ্যালঘু দলের লোকেরা থাকবে না। কয়েক বৎসর ধরে কলকাতা কর্পোরেশনের এই রকম একটা জঘন্য দলবাজি করার ব্যবস্থা হয়েছে, তার বিরুদ্ধে সমস্ত গণতান্ত্রিক মানুষ তাঁদের মত প্রকাশ করেছেন। আজকে যখন দেখতে পাচ্ছি একটা বা, দুটি কমিটির ক্ষেত্রে, ফিনান্স কমিটি এবং এসটিমেট কমিটির মধ্যে বলা হল যে প্রোপরসনাল রিপ্রেজেনটেশন সেখানে রাখা হবে, সেখানে কেন অপর স্ট্যাণ্ডিং কমিটিগুলির ক্ষেত্রে সেই প্রোপরসনাল রিপ্রেজেনটেশন দেবার ব্যবস্থা হল না, এটা একটা তাজ্জব ব্যাপার। সোজা কথা সম্ভবতঃ সরকারী দল ভেবেছেন যে দলীয় কর্তৃত্ব যেভাবে তাঁরা রেখেছেন সেইভাবে রাখা প্রয়োজন, তাঁদের সেই দলীয় সংকীর্ণ স্বার্থের জন্যই গণতন্ত্রের নীতিটা আংশিকভাবে স্বীকার করলেও অন্যান্য ক্ষেত্রে সেটা সম্প্রসারিত করছেন না। সেইজন্য আমার মনে হয় সাধারণভাবে যে নীতিটা এসটিমেট কমিটির ক্ষেত্রে হয়েছে সেই নীতিটা অন্যান্য ষ্ট্যাণ্ডিং কমিটির ক্ষেত্রে প্রয়োগ করার কথাটা এই হাউসে বিবেচনা করবেন এবং মাননীয় মন্ত্রিমহাশয় সেইভাবে একটা সংশোধনী এনে যাতে অন্যান্য ষ্ট্যাণ্ডিং কমিটিগুলি এই প্রোপরসনাল রিপ্রেজেনটেশনের ভিত্তিতে হয় সেই ব্যবস্থা করবেন।

আজকে অন্যান্য প্রসংগ আনতে পারছি না কারণ হাউসের প্রোগ্রামে দেখেছিলাম ১৯৬১ সালের বিলটার আলোচনা করা হবে। একথা বলে আজকে এখানেই বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-51 p.m. till 1 p.m. on Friday the 4th September, 1964, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 4th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 9 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State, and 147 Members.

Starred questions

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta

***313.** (Admitted question No. *1242.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government is aware that Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta, are taking formal steps to transfer their Registered Office from Calcutta to Bangalore;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) how many employees of the said company are being affected by such transfer; and

(ii) whether the Government considers the desirability of taking any steps to prevent such transfer?

Mr. Speaker: Let it be held over; the answer is not yet ready.

Hyro-electric project of the Ramam river

***314.** (Admitted question No. *716.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিঙ জেলা ও সিকিমের সীমান্তবর্তী রমম নদীতে বাঁধ দিয়া বিদ্যুৎ উৎপাদনের সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কত মেগাওয়াট বিদ্যুৎ ইহার ফলে উৎপাদিত হইবে বলিয়া আশা করা যায়?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ (ক) হ্যাঁ।

(খ) চতুর্থ বার্ষিক পরিকল্পনার মধ্যে প্রকল্পটির প্রথম পর্যায়ের কার্য সম্পূর্ণ হইলে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা রহিয়াছে এবং উক্ত প্রকল্পটির তৃতীয় পর্যায়ের কার্য সম্পূর্ণ হইলে সর্বমোট ১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হইবে বলিয়া আশা করা যায়।

অমরেন্দ্রনাথ রায় প্রধানঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, রমম নদীর কোন্ স্থানে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হবে?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ দার্জিলিং ও সিকিমের সীমান্তবর্তী জায়গায়।

অমরেন্দ্রনাথ রায়প্রধানঃ কোন্ স্থানে বৈদ্যুতিক উৎপাদন কেন্দ্র স্থাপিত হবে?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: স্থানটা দার্জিলিং সিকিমের সীমান্তবর্তী জায়গায় আপাতত স্থির হয়েছে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: কোনখানে, নদী থেকে অনেকদূর এগিয়ে গেছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:
আমার কাছে যা আছে তাতে খুব বেশী তথ্য বলতে পারব না, ঠিক জায়গাটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Amarendra Nath Roy Prodhan:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই প্রকল্পটির জন্য কত টাকা খরচ হবে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:
সেটাও এখন সরকারের বিবেচনাধীন আছে।

Shri Amarendra Nath Roy Prodhan:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আগামী কতদিনের মধ্যে এই প্রকল্পটির কাজ আরম্ভ হবে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:
আশা করা যায় প্রথম পর্যায় চতুর্থ পরিকল্পনার প্রথমে আরম্ভ হবে।

Anderson House, Calcutta

***315.** (Admitted question No. *868.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের নিকট পাওনা টাকা আদায়ের দাবীতে পশ্চিমবঙ্গ সরকারের আলিপুরস্থ বিরাট অফিস ভবন এন্ডারসন হাউস বিচারকের আদেশবলে সম্প্রতি ক্রোক করা হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পাওনা টাকার নোটিশ পাওয়া সত্ত্বেও পাওনাদারকে নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা দিবার ব্যবস্থা করা হয় নাই কেন; এবং

(২) এই ত্রুটির জন্য কে বা কাহারা দায়ী?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) এল এ জজের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে অ্যাপিল দায়ের করা হইয়াছে। অ্যাপিলের নিষ্পত্তি না হওয়ায় ন্যাশনাল ইনস্ট্রুমেন্ট ফ্যাক্টরী—যাহার জন্য এই জমি আয়ত্তীকৃত হইয়াছিল- টাকা দিতে বিলম্ব করে। উক্ত সংস্থার নিকট হইতে আদায় সাপেক্ষে রাজ্যসরকার নিজ খাত হইতে ডিক্রির টাকা সম্প্রতি মিটাইয়া দিয়াছেন।

Flood Control Scheme in the Torsa

***316.** (Admitted question No. *894.)

শ্রীননী ভট্টাচার্য: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তোর্সা নদী নিয়ন্ত্রণের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) গ্রহণ করিয়া থাকিলে কোন্ বৎসরে গ্রহণ করিয়াছেন; এবং

(গ) পরিকল্পনা কার্যকরী করার ব্যাপারে বিলম্বের কারণ কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) না।
(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Shri Amarendra Nath Roy Prodhan:

মহাশয় জানেন কি প্রতি বছর তোর্ষা নদীর বন্যার ফলে প্রভূত ক্ষতি হচ্ছে ঐ এলাকায়?

The Hon'ble Syamadas Bhattacharyya:

নীয় সদস্যগণ জানেন যে তোর্ষা নদী থেকে প্রতি বছর বন্যা হয়ে আমাদের যে ক্ষয়-ক্ষতি তা নিবারণ করতে গেলে আমাদের একটা মস্তবড় পরিকল্পনা গ্রহণ করতে হবে। তোর্ষা র উৎপত্তিস্থল তিব্বতের মধ্যে ইয়াটুং ভ্যালি এবং ভুটানের মধ্য দিয়ে তোর্ষা নদী আমাদের চমবংগে প্রবেশ করেছে। তোর্ষা নদী সম্পর্কে অনেকগুলি তথ্য সংগ্রহ করবার জন্য আমা- এখান থেকে ইঞ্জিনীয়ারদের নিয়ে গঠিত অভিযাত্রীদল শীঘ্রই ভুটানে যাচ্ছে। তোর্ষা নদীতে মস্ত ক্ষয়ক্ষতি হচ্ছে সে সম্পর্কে একটা মাস্টার প্ল্যান আমরা তৈরী করছি এবং এ সম্পর্কে কিখানি অগ্রসর হওয়া গেছে। তোর্ষা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য আমরা ইতিমধ্যে কতক- ন পরিকল্পনা গ্রহণ করেছি, তা মোটামুটি বর্ণনা হচ্ছে এই যে কোচবিহার টাউন প্রোটেকসন র্কস তার জন্য খরচ হচ্ছে ৬১ লক্ষ ২৫ হাজার টাকা,

otection of the Right Bank or Char Torsa below N. H. 31, near Lafabari.

জন্য খরচ হচ্ছে ১ লক্ষ ৪১ হাজার টাকা,

otection of the Right Bank of Char Torsa above N. H. 31, near Kadami Tea Estate.

জন্য খরচ হচ্ছে ৯ লক্ষ ২৮ হাজার টাকা,

ining river Torsa above Hashimara Railway bridge near Dalsingpara.

জন্য খরচ হচ্ছে ৯ লক্ষ ৭১ হাজার টাকা,

ension of Dalsingpara embankment.

জন্য খরচ হচ্ছে ২ লক্ষ ১৯ হাজার টাকা,

otection of Hanskhowa and Rajarhat area near Cooch Behar town on the t Bank of Hanskhowa (Torsa) from flood erosion.

জন্য খরচ হচ্ছে ১৫ লক্ষ ৬৯ হাজার টাকা।

Shri Jiban Krishna Dey:

া নদীর ভাংগনে দু-পাড়ের যেসমস্ত লোকেরা, কৃষকেরা জমি হারায় তাদের খাজনা দিয়ে ় হয়—এ সম্বন্ধে কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

থেকে এ প্রশ্ন উঠে না, তবে যেসব জমি বন্যায় সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় তার জন্য খাজনা বের নিশ্চয়ই ব্যবস্থা আছে।

Shrimati Biva Mitra:

য মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, তোর্ষা নদীতে গতবছর হাসিমারায় যে একটা বাঁধ দেয়া ছিল সেই বাঁধে কত লক্ষ টাকা খরচ হয়েছিল এবং সেটা কার্যকরী হয়েছিল কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

য তো এক্ষনি পড়লাম যে

ining river Torsa above Hashimara Railway bridge near Dalsingpara.
জন্য খরচ ৯ লক্ষ ৭১ হাজার টাকা।

Shrimati Biva Mitra:

হাসিমারায় বন্যা নিবারণের জন্য কোন বাঁধ দেয়া হয়েছিল কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি যা খবর পেয়েছি তাতে এই জিনিসটা আমার তো জানা আছে যে মাস্টার প্ল্যান তৈরী হচ্ছে এবং মাস্টার প্ল্যান তৈরী করতে গেলে অনেকগুলি তথ্য আমাদের জানা দরকার, সেটা পূর্বেই বলা হয়েছে এবং এখন মাস্টার প্ল্যান করবার আগে অনেকগুলি পরিকল্পনা কোচবিহারের কাছে এবং অন্যান্য জায়গায় গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনাগুলি আপনার কাছে পড়ে শুনিয়েছি।

Shrimati Biva Mitra:

এই বন্যার জন্য কত লক্ষ একর জমি নষ্ট হয়েছে এবং কত ফসল নষ্ট হয়েছে এটা জানাবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা বলতে পারবো না।

Unlawful Ganja cultivation

***317.** (Admitted question No. *914.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ২৬এ ফেব্রুয়ারী, ১৯৬৪ তারিখের অ-তারকিত ১৫৩নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ২১১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত (খ) প্রশ্নের উত্তরে বর্ণিত বেআইনীভাবে গাঁজা চাষের ব্যাপার সরকার কোন্ সময় জানিতে পারেন; এবং

(খ) উক্ত গাঁজা চাষের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

দি অনারেবল তেনজিং ওয়াংদি: (ক) ১৪-৭-৬৩ তারিখের এক চিঠিতে বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিঃ-এর সেক্রেটারী ১৯৬৩-৬৪ সালে গাঁজা চাষ করিবার ইচ্ছা প্রকাশ করিয়া অনুমতি প্রার্থনা করেন। উক্ত সেক্রেটারীর ২২-৭-৬৩ তারিখের চিঠি হইতে অন্তঃশুল্ক অধিকার জানিতে পারেন যে বীজক্ষেত্র প্রস্তুত করার জন্য তাহারা কিছু জমিতে গাঁজার বীজ বপন করিয়াছেন।

(খ) অনুমতি ব্যতিরেকেই উক্ত সমবায় সমিতি কেন বীজ বপন আরম্ভ করিয়াছেন তাহার কৈফিয়ত তলব করা হয়। জবাবে সমবায় সমিতির সেক্রেটারী জানান যে তাহারা অনুমতি পাইবেন এই আশাতেই চাষের ব্যাপারে অগ্রসর হইয়াছেন।

কিন্তু ইহার পর উক্ত সমবায় সমিতি চাষের ব্যাপারে কোনরূপ যত্ন লন নাই এবং কার্যত গাঁজা আবাদের ক্ষেত্র হইতে সরিয়া দাড়ান।

অন্তঃশুল্ক বিভাগ হইতে গাঁজা চাষের মাঠ পাহারা দিবার জন্য প্রথা অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছিল যাহাতে মাঠ হইতে গাঁজার চারা চুরি না হয়। অল্প কিছু গাঁজার চারা যাহা মাঠে জন্মিয়াছিল তাহা অচিরেই শুকাইয়া যায় এবং গাঁজা উৎপন্নের সকল সম্ভাবনা নির্মূল হইলে সরকারী পাহারাদারদের তুলিয়া নেওয়া হয়।

[1-10—1-20 p.m.]

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্রেটারী আবেদন করেছিলেন এবং তারপর তিনি আশানুরূপ গাঁজার চাষ করেছিলেন। অথচ ২৬এ ফেব্রুয়ারী ১৯৬০ তারিখে, যখন আমি এই প্রশ্ন দিয়েছিলাম, তার আগেই ঐ কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিকুইডেশান-এ গিয়েছিল, তাহলে কি করে সেই লিকুইডেটেড কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্রেটারী অ্যাপ্লাই করতে পারেন, বা করেছিলেন?

The Hon'ble Tenzing Wangdi:

লিকুইডেশানটা অ্যাপ্লাই করবার পরে হয়েছে। অ্যাপ্লাই করা হয়েছিল ১০-৭-৬৩ তারিখে, আর ২২-৭-৬৩ তারিখে পারমিট-এর জন্য অ্যাপ্লাই করা হয় এবং এটা লিকুইডেসান-এ গিয়েছিল নবেম্বার মাসে।

Shri Birendra Narayan Roy:

আমি যতদূর জানি যে কোথাও বে-আইনীভাবে গাঁজার চাষ হলে, তাকে ডেস্ট্রয় করে ফেলা হয় সরকার পক্ষ থেকে, এ ক্ষেত্রে যখন আপনারা জানতে পারলেন যে বে-আইনীভাবে গাঁজার চাষ হয়েছে, তখন তাকে ডেস্ট্রয় না করে, সেখানে পাহারা দেবার ব্যবস্থা করলেন কেন? আর গাঁজা কি শুকিয়ে গেলো ঐ পাহারা দেওয়ার জন্য?

The Hon'ble Tenzing Wangdi: The Excise Department took the necessary action and they thought that in the best interest of the Society it would serve the purpose if some guards were put in the field.

Shri Sanat Kumar Raha:

ঐ কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্রেটারীর বিরুদ্ধে কোন লিগ্যাল অ্যাকসন নেওয়া হয়েছিল কি?

The Hon'ble Tenzing Wangdi: As far as I know, there has been no action taken.

Shri Sanat Kumar Raha:

এই গাঁজা কতটা রাইটার্স বিল্ডিং-এ এসেছে এবং কোলকে কোথায়, কোথায় দেওয়া হয়েছে, বলবেন কি?

(No reply.)

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বহরমপুর গাঁজা ফার্মের জমি যা ছিল সেটা লিকুইডেশান-এর জন্য জমি সংকুচিত হয়ে গিয়েছে এবং সেই জমি থেকে সেক্রেটারী কি তার প্রাইভেট সম্পত্তি করেছেন?

The Hon'ble Tenzing Wangdi:

না, আমি জানি না।

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন এই যে এল, ভি, এ, সির সেক্রেটারী হচ্ছেন শ্রীমনি দুবে, তিনি যে এখানে এইভাবে টাকা তছরূপ করেছেন এবং বহরমপুরের আর একটি স্কুলের টাকা তছরূপ করেছেন, আপনারা সেখানে পাহারার কোন ব্যবস্থা করেছিলেন কি?

The Hon'ble Tenzing Wangdi:

আমার জানা নেই।

Chaklalpur National Agricultural Co-operative Society

***318.** (Admitted question No. *979.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুরের সুতাহাটা থানার অন্তর্গত চকলালপুর জাতীয় সমবায় কৃষি সমিতির পক্ষ হইতে খতিয়ান নং ৩৭৫ হাল ১ খাস, ৩১টি দাগের মোট প্রায় ৩০ একর জমি সরকার হইতে উক্ত সমিতিকে দিবার জন্য কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা;

(খ) উক্ত সমিতির পক্ষ হইতে বর্তমানে কত বিঘা জমি চাষ-আবাদ করা হইতেছে; এবং

(গ) ঐ জমির কত অংশ সরকারী ন্যস্ত জমি?

দি অনারেবেল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) ১৮ একর ৭৯ ডেসিমেল।

(গ) 'খ' দফায় বর্ণিত সমূহ পরিসানই সরকারে ন্যস্ত জমি।

Shri Sanat Kumar Raha:

স্যার, এই প্রশ্ন ৩১৮ নং আর ৩২৮ নং, একই ব্যাপারের কোয়েশ্চেনের উপর আমি যা আনসা দেখে এসেছি তাতে এইটাই প্রমানিত হয়েছে যে সরকার ঐ কো-অপারেটিভকে প্রায় ৩০ বিঘ জমি দিয়েছেন। এখানে ১৮ বিঘা আবাদ করে কো-অপারেটিভ, আর বাকী ১২ বিঘা জা কারা আবাদ করে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

স্থানীয় ল্যান্ড ডিস্ট্রিবিউসান অ্যাডভাইসরি কমিটি রয়েছে, তারা ওখানকার ২৯ জন উদবৃত্ত কৃষককে ১৯৭১ সালের জন্য জমি বন্দোবস্ত দেবার ঠিকা ঠিক করেন, তদনুযায়ী ঐ জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:

কো-অপারেটিভকে দেওয়া জমি, তার কাছ থেকে কেড়ে নিয়ে, কি ঐ ২৯ জন কৃষককে দেওয়া হল?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি যেটা বলেছি শুনুন।

সুতাহাটা থানার অন্তর্গত কল্যাণপুর জাতীয় সমবায় সমিতির পক্ষ থেকে—খতিয়ান নম্বর ৩৭৫, খাল ১ নম্বর, আর খণ্ডিত ৩১টি দাগের মোট ২৯·৭ একর জমি সরকারের পক্ষ থেকে ঐ সমিতিকে বন্দোবস্ত দানের জন্য আবেদন পাওয়া গিয়েছিল। উক্ত জমির মধ্যে ১৮ একর পরিমাণ জমি উক্ত সমিতিকে ১৯৭০ এবং ৭১ সালের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

শ্রীসনৎকুমার রাহা:

সেই ২৯ একর জমি কেন '৭০--৭১ সালে দেওয়া হল না এইটাই প্রশ্ন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

স্থানীয় উপদেষ্টা কমিটির পরামর্শ নিয়েই দেওয়া হয় নি।

শ্রীসনৎকুমার রাহা:

আবার সেই প্রশ্ন আসে কো-অপারেটিভকে দেবার পর সেই জমি ব্যক্তিগতভাবে দেওয়া হল কেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমি বার বার বলেছি স্থানীয় জমি বিলি করবার জন্য যে কমিটি আছে সেই কমিটির পরামর্শ আমরা অগ্রাহ্য করি না।

শ্রীসনৎকুমার রাহা:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের নীতি কি এইটাই যে স্থানীয় জমি বিলি সম্পর্কে যে পরামর্শ কমিটি তারা কো-অপারেটিভকে না দিয়ে ব্যক্তিগতভাবে দিলে সরকার কি সেই নীতি মেনে নেবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমরা একথা বলেছি যে কো-অপারেটিভ সমিতি নিশ্চয়ই ভাল, কিন্তু স্থানীয় ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি যদি দেখেন কিম্বা যদি বোঝেন যে কোন কো-অপারেটিভ সমিতিকে দেবার চেয়ে ব্যক্তিগতভাবে বিভিন্ন কৃষককে জমি দেওয়া বাঞ্ছনীয় তাহলে তাঁরা সেই সুপারিশ করতে পারেন, আমরাও সেই সুপারিশ গ্রহণ করে থাকি।

শ্রীসনৎকুমার রাহা:

ল্যান্ড রিফর্ম অ্যাক্টে আপনারা জমি বিলি সম্পর্কে যেটা বলেছেন যে কো-অপারেটিভকে প্রাইয়োরিটি দিতে হবে সেই নীতিটা থাকে না, তাহলে সরকার কি করে ব্যক্তিগত লোককে জমি দেবার স্বত্ব মেনে নিলেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমরা ল্যান্ড রিফর্ম ডিস্ট্রিবিউসন অ্যাডভাইসরি কমিটির পরামর্শ মেনে চলি।

শ্রীনারায়ণ চৌবে:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে কো-আপারেটিভকে দেবার নীতি প্রাইয়োরিটি হিসাবে আপনারা গ্রহণ করেছেন, তাহলে এক্ষেত্রে যে জমি আপনারা কো-অপারেটিভকে দিয়েছিলেন তার থেকেই জমি নিয়ে যে ব্যক্তিগত কৃষককে দিলেন তার কারণটা কি এই যে আপনাদের ওখানকার মন্ডল কংগ্রেসের নেতারা এই কো-অপারেটিভকে ভাংবার চেষ্টা করছেন? কারণ ঐ জমি আগের বৎসরেও কো-অপারেটিভ চাষ করেছিল, কেন আপনারা এইবার সেই জমি ব্যক্তিগত কৃষককে দিলেন কোঅপারেটিভের হাত থেকে নিয়ে তার জবাবটা কি এই?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

এটা ব্যক্তিগত মতামতের প্রশ্ন আপনি করলেন।

শ্রীনারায়ণ চৌবে:

তাহলে কি কারণে গত ২-৩ বৎসর হল যে জমি চাষ করছিল কো-অপারেটিভ, তার হাত থেকে নিয়ে এদের দিলেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমি ত বার বার বলেছি যে ল্যান্ড ডিস্ট্রিবিউসন অ্যাডভাইসরি কমিটি গঠন করা হয়েছে। কাজেই ল্যান্ড ডিস্ট্রিবিউসন অ্যাডভাইসরি কমিটির পরামর্শ সাধারণভাবে উপেক্ষা করা উচিত নয়। কো-আপারেটিভকে নিশ্চয়ই দেওয়া ভাল এবং মতামতের প্রশ্ন তোলা হলেও আমি বোধ হয় সাপ্লিমেন্টারী হিসাবে একথা বলতে পারি যে কো-অপারেটিভ যেন কারো উপর জুলুমের যন্ত্র না হয়ে উঠে। মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই জানেন, তাঁর প্রশ্ন থেকে মনে হচ্ছে যে এখানে এই কো-অপারেটিভকে জমি দেওয়া নিয়ে কো-অপারেটিভের তরফ থেকে এবং অন্যান্যদের তরফ থেকেও হাইকোর্ট পর্যন্ত মামলা মোকদ্দমা চলেছে এবং সেটাতে অত্যন্ত অবাঞ্ছিত অবস্থার উদ্ভব হয়েছিল এইজনাই আমরা স্থানীয় ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির পরামর্শ এবং স্থানীয় কর্মচারীদের সঙ্গে পরামর্শ করে যেটুকু বুঝেছি সেইভাবে কাজ করা হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা:

এই যে মামলা হয়েছিল হাইকোর্টে সেই মামলার রায়ে কি বলা হয়েছিল? কো-অপারেটিভের বিরুদ্ধে বলা হয়েছিল কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমার জানা নেই।

শ্রীদেবশরণ ঘোষ:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে জমি বণ্টন উপদেষ্টা কমিটি তাদের জমি বণ্টনের নীতি নির্ধারণের কোন ক্ষমতা আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

এই সম্পর্কে আমি বহুবার এখানে বলেছি। আমার মনে হয় না সেকথা এখানে আবার বলার দরকার আছে।

শ্রীদেবশরণ ঘোষঃ

আমার প্রশ্নটা হচ্ছে উপদেষ্টা কমিটির নীতি নির্ধারণ করার কোন ক্ষমতা আছে কিনা? জমি বণ্টন করার ব্যবস্থা করার ক্ষমতা আছে কিন্তু নীতি নির্ধারণ করার কোন ক্ষমতা আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ

ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি স্থির করে দেবেন যে তারা কাকে দেবেন। তারা উপদেশ দেবে কোন কো-অপারেটিভকে দেবেন, না অন্য কাউকে দেবেন বা একেবারেই দেবেন না সে কথাও নিশ্চয়ই বলতে পারবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে জমির খানিকটা অংশ কো-অপারেটিভকে দেওয়া হয়েছে এবং খানিকটা অংশ অন্যকে দেওয়া হয়েছে—প্রাইভেট লোককে, তাহলে এই দুটিত ঐ ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি দিয়েছেন। এখন আমি প্রশ্ন করছি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই যে কো-অপারেটিভকে যে পোর্শনটা দেওয়া হয়েছে, আদৌ দেওয়া হয়েছে কেন যদি সেই কো-অপারেটিভের এগেনস্টে কোন কিছু থাকে? আর যদি না থাকে তাহলে সেই কো-অপারেটিভকে সমস্ত জমিটা না দিয়ে এই রকম একটা ডিফারেনসিয়াল ট্রেটমেণ্ট করার হেতুটা কি ছিল এটা আপনি ভাল করে বলবেন কি?

[1-20—1-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

কমিটির উপর চূড়ান্ত সিদ্ধান্তের ভার দেওয়া ছিল না পরামর্শ দেবার, উপদেশ দেবার ভার ছিল। কমিটি ইচ্ছা করলে এই উপদেশ দিতে পারবেন, যে জমি কো-অপারেটিভ সোসাইটিকে না দিয়ে ভূমিহীন কৃষককে দেওয়া হোক। কিন্তু এখানে তাঁরা কি জন্য কো-অপারেটিভ সোসাইটিকে ১৮ একর জমি দিয়েছেন আমি জানি না। তবে তাঁরা যা দিয়েছেন আমরা সেই পরামর্শই মেনে নিয়েছি।

Shri Narayan Chobey:

ভূমি উপদেষ্টা কমিটিতে কে কে আছেন বলতে পারেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ভূমি উপদেষ্টা কমিটি গঠনের নিয়ম বলেছি: নামগুলি আমি জানি না।

Shri Subodh Chowdhury:

যে উপদেষ্টা কমিটি আছে তাঁরা কি পদ্ধতিতে জমি বণ্টন করা হবে সে সম্পর্কে কোন ব্যবস্থা করতে পারবেন কিনা, না গভর্নমেন্টের কোন নিয়ম আছে যা তারা কার্যকরী করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

গভর্নমেণ্ট থেকে ভূমি উপদেষ্টা কমিটির কাছে একটা নির্দেশ পত্র আছে, সেই নির্দেশ পত্রে বলা হয়েছে কি কি মূলসূত্র অনুসরণ করে ভূমি বণ্টনের ব্যবস্থা করবেন।

Dr. Kanailal Bhattacharyya:

ল্যান্ড রিফরমস এ্যাক্ট-এ নির্দেশ দেওয়া হয়েছে কো-অপারেটিভকে প্রেফারেন্স দেওয়া হবে, সরকারও নিশ্চয়ই কমিটিকে এই নির্দেশই দিয়েছিলেন। কন্তু এক্ষেত্রে তাঁরা যখন সেই নির্দেশ পালন করেন নি তখন সরকার কেন তাদের পরামর্শ মেনে নিলেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

তাঁরা সরকারের কোন নির্দেশ অমান্য করেন নি।

Shri Sanat Kumar Raha:

যে এগারো বিঘা জমি আপনারা ব্যক্তিগত লোককে দেবার ব্যবস্থা করেছেন সেই এগারো বিঘা একটা প্লটে না হয়ে টুকরো টুকরো করে দেওয়া হয়েছে কো-অপারেটিভকে জব্দ করার জন্য এটা কি জানেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা আপনার মতামত হতে পারে, আমি জানি না।

Shri Sanat Kumar Raha:

এই যে অ্যাডভাইসরী কমিটি কো-অপারেটিভ থেকে কেড়ে নিয়ে ব্যক্তিগত লোককে দিলেন এর দ্বারা ভূমি বণ্টন নীতি একটা ফান্ডামেণ্টাল প্রিন্সিপ্যাল ভাওলেট করা হয়েছে বলে আমার মনে হয়, এই সম্পর্কে সরকার কোন ব্যবস্থা করেছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ভূমি উপদেষ্টা কমিটি এই সম্পর্কে বিবেচনা করে দেখছেন?

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে ব্যক্তিগতভাবে জমি দেওয়া হয়েছে এটা কিভাবে বন্দোবস্ত করে দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যরা এইটে নিয়ে কেন এত উৎসাহিতভাবে সাপ্লিমেণ্টারী করছেন আমি বুঝতে পারছি না। যাই হোক, আমি তাঁদের অবগতির জন্য বলতে পারি এখানে প্রায় ৩০ একর জমি বিভিন্ন ভাগ চাষীর নামে রেকর্ড রয়েছে। এখানে যখন কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া হয়েছে তখন কো-অপারেটিভ সোসাইটি সেই সমস্ত ভাগ চাষীর মধ্যে কয়েক জনকে বহিস্কৃত করার জন্য ভূমি বণ্টন উপদেষ্টা কমিটিকে জানান। তাঁরা ভাগ চাষীরা যাদের নাম রেকর্ড আছে তাঁদেরকেই জমি দিতে চান, তবে তাঁরা কো-অপারেটিভ সোসাইটিকেও বঞ্চিত করতে চান না। আমি এই কথা জানাতে চাই, কো-অপারেটিভ সোসাইটি যদি ইচ্ছা করেন যে কাউকে জমি দিতে পারেন, সে সম্পর্কে সুপারিশ করবার অধিকার তাঁদের আছে, কিন্তু সেই সুপারিশ আমরা গ্রহণ করব কিনা সেটা বিচার করতে হবে। সাধারণতঃ আমরা ভূমি বণ্টন কমিটির সুপারিশ গ্রহণ করে থাকি।

Shri Sudhir Chandra Das:

কো-অপারেটিভকে কতদিন বন্দোবস্ত দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ব্যক্তিগতভাবে যতদিন দেওয়া হয়েছে কো-অপারেটিভকেও দেওয়া হয়েছে ততদিন।

Shri Narayan Chobey:

উপদেষ্টা কমিটির উপদেশ অনুযায়ী এই এগারো একর জমি কি বিভিন্ন প্লট-এর মধ্যে বিভক্ত নয়?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এত ডিটেলস জানি না।

Lands adjoining the Darga of Maligram village

***319.** (Admitted question No. *1020.)

ডাঃ গোলাম ইয়াজদানীঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার মালিগ্রাম গ্রামের সংলগ্ন দরগার উত্তর পাশের জমি কে ব্যবহার করে;

(খ) ইহা কি সত্য যে—

(১) সেই জমি জমিদারী প্রথা উচ্ছেদ আইন কার্যকরী হইবার পরে সরকারের উপর ন্যস্ত হইয়াছে; এবং

(২) সেই জমির একটা অংশ দোকান করিবার জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(গ) সত্য হইলে, উক্ত বন্দোবস্ত বিষয়ে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কিনা;

(ঘ) সরকার কি অবগত আছেন যে এই দোকান ঘরটিকে কেন্দ্র করিয়া গত মহরমের সময় একটা গণ্ডগোলের আশঙ্কা দেখা দিয়াছিল; এবং

(ঙ) অবগত থাকিলে, সরকার ঐ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা করিয়াছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) গ্রামটির নাম ফলিগ্রাম—মালিগ্রাম নহে। উক্ত গ্রামের দরগার উত্তর পার্শ্বস্থ ২০৬৫ দাগের খাস জমি দৈনিক বাজাররূপে ব্যবহৃত হয়।

(খ) (১) হ্যাঁ।

(২) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Dr. Golam Yazdani:

এই যে খাস জমি যেখানে বাজার আছে বলেছেন সেখানে একটা দোকান ঘর তৈরী করা হয়েছে এটা কি জানেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

হ্যাঁ, উক্ত বাজারের একজন দোকানদারকে রোদ, বৃষ্টি থেকে মালপত্র রক্ষা করার জন্য ৬।৪ ফিট একটা স্থানে একটা অস্থায়ী আচ্ছাদন তুলবার জন্য অনুমতি দেওয়া হয়েছে।

Dr. Golam Yazdani:

এই অস্থায়ী অনুমতি এটা কি বন্দোবস্তের মতো নয়?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বন্দোবস্ত বলতে যা বোঝায় তাই।

Dr. Golam Yazdani:

স্থানীয় অধিবাসীরা কি মহরমের সময় ঐ দোকন ঘরটি সাময়িকভাবে তুলে দেবার জন্য আবেদন করেছিল? এই দোকানটি তুলে দেওয়া হয় নি কেন? এই সম্পর্কে কোন অভিযোগ পেয়েছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই প্রশ্ন উঠে না। মহরম উৎসবের সময় কয়েকজন স্থানীয় মুসলমান জলসা করবার জন্য অনুমতি চেয়েছিলেন। ওটা দরগার সীমানার বাইরে, সুতরাং ওখানে জলসার কোন অনুমতি দেওয়া হয় নি, এরকম অনুমতি দেবার প্রশ্ন উঠে না। সেজন্য অভিযোগের প্রশ্নই উঠে না।

Dr. Golam Yazdani:

স্মরণাতীতকাল থেকে এই জায়গায় মুসলমানরা মহরম করে আসছেন এই কথা কি জানেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

একথা জানি না।

Dr. Golam Yazdani:

তারা এ ডি এম-এর কাছে গত জানুয়ারী মাসে দরখাস্ত করেছিল, তবে কেন আপনি বলছেন অভিযোগের প্রশ্ন উঠে না, এ প্রশ্নের উত্তরে আপনি কেন বলছেন প্রশ্ন উঠে না। দুইবার অভিযোগ করা হয়েছে, জানুয়ারী মাসে একবার, মহরমের সময় আরেকবার।

The Hon'ble Syamadas Bhattacharyya:

কথাটা জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে কিনা এই নিয়ে, আমি বলেছি বন্দোবস্ত দেওয়া হয় নি। কাজেই এই প্রশ্ন উঠে কি করে বুঝতে পারি না।

Dr. Golam Yazdani:

এই যে অস্থায়ী অনুমতি দেওয়া হয়েছে এটাকে কেন্দ্র করে গন্ডগোল হচ্ছে, তাই সেটা তুলে নিয়ে জনসাধারণ যেভাবে ব্যবহার করতে চায় সেটা কি আপনারা দেবেন না?

[1-30—1-40 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এটা মতামতের প্রশ্ন। তবে যদি দয়া করে শোনেন তাহলে বুঝতে পারবেন ওখানে কি হয়েছিল। ওখানে স্থানীয় কয়েকজন মুসলমান মহরমের সময় জলসার জন্য অনুমতি চায়, কিন্তু সেই অনুমতি দেয় না। তবে এই নিয়ে শান্তি ভঙ্গের কথা যা বলেছেন সেটা অমূলক।

ডাঃ গোলাম ইয়াজদানী: শান্তি ভঙ্গ যদি মনে না করেন তাহলে মহরমের সময় ছোট একটি ঘর রক্ষা করবার জন্য ১২ জন শসস্ত্র পুলিস কেন দেওয়া হয়েছিল?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি এটা জানি না, তবে যদি সত্য হয় তাহলে অত্যন্ত দুঃখের কথা।

শ্রীব[illegible] মৈত্র: এখানে 'ঘ' প্রশ্নে বলা হয়েছে গন্ডগোলের কথা। আমার প্রশ্ন হচ্ছে সেই গন্ডগোলের মধ্যে প্রশ্নকর্তা ছিলেন কিনা সিটা কি আপনি অবগত আছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি ঠিক জানি না।

শ্রীব[illegible] মৈত্র: পুরান সেটেলমেন্ট-এ রেকর্ড অব রাইট যেটা আছে সেখানে এটা মহরমের জন্য ব্যহারযোগ্য জমি বলে লেখা আছে কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: না।

শ্রীব[illegible] মৈত্র: যদি রেকর্ডে না থাকে তাহলে বাজারের জন্য যে ঘর ব্যবহৃত হয় সেটাকে তুলে দেবার জন্য যদি দাবী আসে তাহলে আপনি সেটা মানবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: নিশ্চয়ই মানব না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয় যখন দেখছেন ছোট একটি জায়গা নিয়ে শান্তি ভঙ্গের আশংকা আছে তখন সেটাকে উঠিয়ে দেবার কথা চিন্তা করছেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমি মনে করি না এটা নিয়ে সাম্প্রদায়িক শান্তি ভঙ্গের কথা উঠতে পারে।

ডাঃ গোলাম ইয়াজদানীঃ বছরের মধ্যে মাত্র দুবার উৎসবের সময় ঐ জায়গাটা ব্যবহৃত হয়। সাময়িকভাবে বছরে মাত্র দুবার ব্যবহার করবে এটা বহুদিন ধরে হয়ে আসছে, চিরাচরিত কাল ধরে হয়ে আসছে। এই উৎসব বজায় রাখবার জন্য হিন্দু মুসলমান উভয়ে এই ফাংসনে যোগ দেয়। কাজেই আমার প্রশ্ন হচ্ছে ছোট একটি দোকান ঘর সাময়িকভাবে যেটাকে অনুমতি দিয়েছেন সেটাকে ২।১ দিনের জন্য কি তুলে দিতে পারেন না?

(নো রিপ্লাই)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ আপনি কি অবগত আছেন দরগা থেকে ঐ ঘরের দূরত্ব কত?

(নো রিপ্লাই)

শ্রীসনৎকুমার রাহাঃ দীর্ঘকাল ধরে যে জমিতে মুসলমানদের মহরম অনুষ্ঠিত হোত এবং শান্তি ভঙ্গের কোন কারণ হয় নি সেই জমিতে মুসলমানদের অনুষ্ঠান বন্ধ করবার জন্য কি এই ব্যবস্থা করা হয় নি? এতে কি শান্তি ভঙ্গ হবে না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ শান্তি ভঙ্গ যেকোন কারণে হতে পারে কাজেই সেই প্রশ্ন ওঠে না। এই জমি ব্যবহৃত হয়েছে বলে রেকর্ড পত্রে নেই কাজেই সাম্প্রদায়িকতার কথা তুলে সাপ্লিমেন্টারী করার কোন মানে হয় না।

Issue of Parchas in Purulia district

***320.** (Admitted question No. *1027.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলায় ভূতপূর্ব জমিদারের দেওয়া বাংলা ১৩৭০ সালের খাজনা মিটাইয়া দেওয়ার চেক না দিলে সরকারী কর্তৃপক্ষ কাঁচা পরচা দিতেছেন না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত জেলার বান্দোয়ান থানায় ঐরূপ কয়টি ঘটনা ঘটিয়াছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ ১৩৭০ সালে খাজনা দেওয়া চেক এ্যাটেসটেসন অফিসে না দেখালে কাঁচা পরচা এ্যাটেসটেসন অফিসার নিয়ে নিচ্ছেন—কেন্দাপাড়া মৌজায় এরকম ঘটনা ঘটেছে। এ সম্বন্ধে আপনি কিছু বলবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি—সেটেলমেন্টএর কয়েকটি পর্যায় বা স্তর আছে। খানাপুরি, গুজরাতির ইত্যাদি হল প্রথম পর্যায় এবং এ্যাটেস-টেসন হল শেষ। খানাপুরি, গুজরাতির পর এবং এ্যাটেসটেসন-এর আগে সংশ্লিষ্ট সকল পক্ষকে অর্থাৎ জমিদারী এবং সর্ব শ্রেণীর প্রজাদের কাঁচা পরচা দেওয়া হয়। এটা গ্রহণ করবার জন্য সকলকে ক্যাম্প-এ হাজির হতে হয় এবং পূর্ব থেকে নোটিস দেওয়া হয়। কোন প্রকার কাগজপত্র পেশ করতে হয় না। কাজেই কাঁচা পরচা গ্রহণের সময় প্রজাদের খাজনার কাগজপত্র দাখিলের প্রশ্ন নেই। শুধু এ্যাটেসটেসন-এর সময় দাখিল করতে হয়।

শ্রীঅদ্বৈত মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সেখানে স্থানীয় জমিদারের সাথে এ্যাটেস্‌টেসন অফিসার ষড়যন্ত্র করেছে যাতে তাদের বকেয়া খাজনা আদায় হয়?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এ্যাটেস্‌টেসনএর সময় খাজনার রসিদ দেখাতে হয়।

শ্রীঅদ্বৈত মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে অভিযোগ করেছি সেগুলি তদন্ত করবেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: নিশ্চয়ই তদন্ত করবো।

G. R. to a certain category of people under Relief Manual

***321.** (Admitted question No. *1030.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রিলিফ ম্যানুয়েল-এ উল্লিখিত রুল ১২৬-এর (এফ) ও (জি) ক্যাটিগরীর লোকদের জি আর দিবার ব্যবস্থা কতদিন যাবত বলবৎ আছে?

দি অনারেবল আভা মাইতি: এফ পর্যায়ভুক্ত ব্যক্তিগণকে ১৯১৩ সাল হইতে এবং জি পর্যায়ভুক্ত ব্যক্তিগণকে ১৯৫৩ সালের আগস্ট মাস হইতে জি আর দেওয়ার ব্যবস্থা আছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: ১২৬ নম্বর রুলে এফ এবং জি ক্যাটাগরীতে কোন্ কোন্ লোককে ধরা হয়েছে?

দি অনারেবল আভা মাইতি: এফ-এতে ধরা হয়েছে

Women of respectable birth who are debarred by national custom from appearing in public and are in danger of starvation

এবং জি-তে ধরা হয়েছে

Such other persons who cannot work and cannot be provided with work.

শ্রীশম্ভুচরণ ঘোষ: ইহা কি সত্য এফ এবং জি ক্যাটাগরীর লোকদের আর জি আর যাতে না দেওয়া হয় এই মর্মে সম্প্রতি বিভিন্ন জেলা শাসকদের কাছে আপনার দপ্তর থেকে নির্দেশ পাঠান হয়েছে?

দি অনারেবল আভা মাইতি: যে নির্দেশ দেওয়া হয়েছে তা এফ এবং জি-দের না দেওয়ার জন্য নয়। আমার দপ্তর থেকে নির্দেশ দেওয়া হয়েছিল যে রিলিফ বেশী সংখ্যক লোকদের দেওয়া উচিত, যে সময় চাষ থাকে না, হাতে কাজ থাকে না তখন বেশী রিলিফ দেওয়া উচিত। সেজন্য বলা হয়েছে রিলিফ (এ) থেকে (ই) পর্যন্ত সমস্ত লোককে নিশ্চয়ই দেবো, এফ এবং জি সম্পর্কে বিবেচনা করে দেখবো।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয়া মন্ত্রিমহোদয়া এই মাত্র বললেন এফ এবং জি ক্যাটাগরীর লোকদের অর্থাৎ উচ্চ বংশের মহিলাদের যারা সামাজিক সম্মানের জন্য ভিক্ষা করতে পারে না, এবং জি ক্যাটাগরীর লোকদের—যারা টি বি রোগগ্রস্ত মানুষ, তাদের রিলিফ বন্ধ করার নির্দেশ দেন নি, অথচ বিধানসভায় লিখিত প্রশ্নের উত্তরে ১৮ই আগস্ট মাননীয়া মন্ত্রিমহোদয়া জানিয়েছেন ৩৬৬ নম্বর প্রশ্নের উত্তরে উক্ত দুই শ্রেণীর লোকদের কর্মক্ষম ব্যক্তিগণকে যতদূর সম্ভব জি আর কম দিতে উপদেশ দেওয়া হয়েছে, নির্দেশ দেওয়া হয়েছে। অথচ মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রশ্ন ছিল—এফ এবং জি ক্যাটাগরীর লোকদের যাতে করে জি আর না দেওয়া হয় বিভিন্ন জেলা শাসকদের কাছে এই মর্মে নির্দেশ দেওয়া হয়েছে কিনা? তিনি পরিষ্কারভাবে বললেন (এ) থেকে (ই) পর্যন্ত সকলকে দেওয়া হবে এবং এইরকম কোন নির্দেশ দেওয়া হয় নি। আমার জিজ্ঞাস্য হচ্ছে আপনি যে লিখিত উত্তর দিয়েছেন যে জেলা শাসকদের কাছে নির্দেশ দেওয়া হয়েছে কম জি আর দেওয়ার জন্য এবং এখন মাননীয়া মন্ত্রিমহোদয়া যে উত্তর দিলেন যে নির্দেশ দেওয়া হয় নি, এর কোন্ উত্তরটা ঠিক?

দি অনারেবল আভা মাইতিঃ লিখিত প্রশ্নে যা বললাম এবং এখন যা বললাম তাতে কোন তফাৎ নাই। আমি একথাই বলেছি যে নির্দেশ দেওয়া হয়েছিল। তাতে বলা হয়েছিল (এ) থেকে (ই) পর্যন্ত নিশ্চয়ই সবাইকে দেবো। (এ)-তে আছে—

Idiots and lunatics, (b) cripples, (c) blind persons, (d) all persons who from age or physical infirmity are incapable of earning their living and (e) all persons whose attendance on the sick or on infant children in their own houses is absolutely neccssary.

এরা নিশ্চয়ই পাবে। কিন্তু এফ এবং জি-দের বিবেচনা করে দেব, কারণ আমি বলেছি জানুয়ারী মাস থেকে ডিসেম্বর পর্যন্ত সারা বছরের মধ্যে যে সময় কাজের অভাব হবে, কাজ পাবার অসুবিধা হবে, সেই সময় এফ এবং জি-দের দেব, এর বাইরে তাদের কম দেব। একথাই বলেছি।

[1-40—1-50 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমার প্রশ্ন হচ্ছে ১৯১৩ সাল থেকে অর্থাৎ বৃটিশ আমল থেকে এই এফ ক্যাটাগরীর মানুষরা জি আর পেয়েছে। উচ্চবংশের মহিলারা যারা সামাজিক সম্ভ্রমের জন্য ভিক্ষা করতে পারে না, এফ ক্যাটাগরীর যারা তারা ১৯১৩ সাল থেকে জি আর পেয়ে আসছে। আজকে হঠাৎ তাদের জি আর বন্ধ করার জন্য সরকার চিন্তা করছেন কেন? এবং জি-তে যেকথা বলেছেন পারসনস হু ক্যান নট ওয়ার্ক যাদের কোনরকম কাজে প্রোভাইড করা যাবে না অর্থাৎ টি বি রোগগ্রস্ত মানুষ যারা অন দি পয়েন্ট অফ স্টারভেশন তাদের জন্য ১৯৫৩ সাল থেকে দেওয়া হচ্ছে। তাদের জি আর বন্ধ করার জন্য সরকার বিবেচনা করছেন কেন?

দি অনারেবল আভা মাইতিঃ জি আর বন্ধ করা হোক, একথা একবারও বলা হয় নি। জি আর বন্ধ করা হোক এই নির্দেশ মোটেই দেওয়া হয় নি। তবে এই জিনিসটা বিচার করে দেখা উচিত, যে সংখ্যক লোকের পাওয়া উচিত নয়, সেইরকম লোক যাতে না পায়, আনডিজায়া-রেবল লোক যাতে না পায় এই বিষয়ে তাদের একটু সাবধান করে দেওয়া হয়েছিল। এটা কমপ্লিটলি বন্ধ করার ব্যবস্থা করা হোক, একথা কোথাও বলা হয় নি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয়া মন্ত্রিমহাশয়া জেলাশাসকের কাছে যে নির্দেশ দিয়েছেন সেই নির্দেশের যে অনুলিপি তার থেকে কি তিনি আমাদের সামনে পড়ে দেবেন? সেই অনুলিপি যদি পড়েন তা হলে মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে পারি, সেই অনুলিপির মধ্যে পরিষ্কার আছে এফ এবং জি ক্যাটাগরীকে জি আর বন্ধ করে দেওয়া হোক। সেজন্য মন্ত্রি-মহাশয়ার কাছে আবেদন করছি সেই চিঠিটা হাউসের সামনে পড়ানো হোক, তাহলে দেখা যাবে উনি যে বিবৃতি দিচ্ছেন তার সংগে চিঠির কোন মিল নেই ওনার বিবৃতি অসত্য।

দি অনারেবল আভা মাইতিঃ আমার দিতে কোন অসুবিধা নেই, আমি নিশ্চয়ই দেব।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ জি আর ২ পার্সেন্টের বেশি দেওয়া হবে না, এইরকম কোন ডাইরেকশন ডিস্ট্রিক্ট অথরিটির কাছে দেওয়া আছে কিনা?

দি অনারেবল আভা মাইতিঃ আমি বহুবার বলেছি, কোন পার্সেন্টেজ কষে দেওয়া হয় না, প্রয়োজনমত দেওয়া হয়।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ বিভিন্ন ডিস্ট্রিক্ট অথরিটি ২ পার্সেন্টের বেশি দিতে চায় না, এ সম্বন্ধে কি আপনি অবগত আছেন?

দি অনারেবল আভা মাইতিঃ ডিস্ট্রিক্ট অথরিটি কি বলেছে আপনাকে আমরা জানি না। আমাদের এখান থেকে কোন জায়গায় কত পর্সেন্ট লোককে দেওয়া হবে একথা বলা হয় নি, প্রয়োজনমত দিতে বলা হয়েছে। ডিস্ট্রিক্ট অথরিটি কিংবা লোকাল রিলিফ কমিটি ঠিক করবেন কাকে কাকে দেবেন এবং সেইমত দেওয়া হবে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয়া মন্ত্রিমহাশয়া কি তাহলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে যে সার্কুলার পাঠিয়েছেন সেই সার্কুলার হাউসের কাছে পেশ করবেন?

দি অনারেবল আভা মাইতি: আমি তো বলেছি করব।

শ্রীগোপাল বসু: রিলিফ ম্যানুয়েলের ১২৬ জি-তে আছে
those who cannot work or cannot be provided with work.
তাদেরই জি আর দেওয়া হবে এবং আপনারা যে সার্কুলার দিয়েছেন তাতে লেখা আছে যে, lean months between the period of cultivation and harvesting
এই সময়ের মধ্যে এটা দেওয়া হবে। বাকি সময়ে ড্রাস্টিক্যালি কেটে দেওয়া হবে এটা কি ঠিক?

দি অনারেবল আভা মাইতি: আমি তো বলেছি ওটা আমি দিয়ে দেব. দিলেই বুঝতে পারবেন।

শ্রীগোপাল বসু: উনি একটা জবাব দিয়েছেন যে, আমরা কাট করতে বলি নি এবং এরা কাজ পাবে। যখন তারা কাজ পাবে তখন এটা দেওয়া হবে না। আমার কথা হচ্ছে
those who cannot work or cannot be provided with work
তার মানে হচ্ছে সারা বছর ধরে যারা অত্যন্ত দুরবস্থায় আছে, চাকরি-বাকরি, কাজ পায় না অনাহারে আছে তাদের ১৯৫০ সাল থেকে দেওয়া হচ্ছে। কাজেই হঠাৎ লিন মান্থস না থাকলে কেটে দেওয়া হবে এইরকম নির্দেশ কেন দেওয়া হল?

দি অনারেবল আভা মাইতি: আমাদের টেস্ট রিলিফের যে ব্যবস্থা রয়েছে তাতে এটাই রয়েছে যে, যখন কাজ সৃষ্টি করা যাবে তখন টেস্ট রিলিফ দেওয়া হবে। সেই সময় এবলবডিড যারা তারা জি আর পাবে না।

Shri Gopal Basu:
যারা দুস্থ অবস্থায় আছে, খেতে পায় না, অনাহারে থাকে, তাদের কি ব্যবস্থা হবে?

The Hon'ble Abha Maiti:
তারা রিলিফ কমিটির কাছে অ্যাপ্রোচ করলে নিশ্চয়ই রিলিফ পাবে।

Shri Gopal Basu:
এই সার্কুলারটা মন্ত্রিমহাশয়া উইথড্র করবেন কিনা?

The Hon'ble Abha Maiti:
আমি এর আগে আর একদিন বলেছিলাম যে, আমরা বলে দিয়েছি, লিন পিরিয়ডে বেশি করে দেওয়ার জন্য, কারণ আমরা জানি লিন পিরিয়ডে কাজ থাকে না। ধানকাটা সুরু যতদিন না হয় তার মধ্যে বেশির ভাগ জায়গায় লোকে কাজ পায় না, সুতরাং এই পিরিয়ডে বেশি করে দেওয়ার কথা বলেছি।

Shri Jamini Bhusan Saha:
মন্ত্রিমহাশয়া কি জানেন যে, গত একমাস যাবত জি আর-এ গম কিছু দেওয়া হচ্ছে না?

The Hon'ble Abha Maiti:
মাননীয় সদস্য যেকথা বললেন গম পাওয়ার মাঝখানে কিছু অসুবিধা হয়েছিল, সেজন্য আমরা সমস্ত জেলায় বলে দিয়েছি, তার বদলে ইন ক্যাশ রিলিফ দেওয়ার জন্য।

Shri Jamini Bhusan Saha:
পরিমাণটা কত?

The Hon'ble Abha Maiti:
যেমন আছে চার টাকা, দু টাকা।

Shri Abani Kumar Basu :

মন্ত্রিমহাশয়া জানালেন যে, তিন মাস হলে যখন কাজ পাওয়া যায় না, তখন জি আর ডিস্ট্রি-বিউশন বাড়িয়ে দেওয়া হয়—আমি তার কাছে জানতে চাচ্ছি যে, বাংলাদেশের যেসমস্ত ভূমি-হীন এগ্রিকালচারাল লেবারার রয়েছে তাদের কি সকলের জন্য জি আর-এর গম বন্দোবস্ত করেছেন?

মিঃ স্পীকার:

এর জবাব উনি দিয়েছেন।

The Hon'ble Abha Maiti :

এখানে ভূমিহীন কৃষক বা কারো কথা আসছে না, যার প্রয়োজন হবে রিলিফ কমিটির কাছে দরখাস্ত করলে তাঁরা বিবেচনা করে তাকে দিতে পারেন।

Shri Abani Kumar Basu :

মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে, যেসমস্ত দুঃস্থ কৃষিজীবী মানুষ কাজ পায় না তাদের জন্য দরখাস্ত করলেই কি পাওয়া যায়?

The Hon'ble Abha Maiti :

মাননীয় সদস্য রিলিফ কমিটির একজন মেম্বার, কাজেই তিনি এটা জানেন।

Shri Jamini Bhusan Saha :

মন্ত্রিমহাশয়া জানালেন যে, গমের বদলে ক্যাশ দেবার নির্দেশ দেওয়া হয়েছিল কিন্তু সমস্যাটা যা দাঁড়িয়েছে ব্যারাকপুর সাব-ডিভিশনের লোক ব্যারাকপুর অঞ্চলে যেসব জি আর দেওয়া হচ্ছে সেখানে টাকা দিয়ে কোথা থেকে চাল বা গম কিনবে। কারণ তারা রেশনের দোকানের কার্ড পাচ্ছে না। যাদের জি আর দেওয়া হয়, তাদের কার্ড দেওয়া হয় না—সুতরাং তাদের চাল বা গম পাওয়ার কি ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Abha Maiti :

এ প্রশ্নের উত্তর আমি দিতে পারব না।

মিঃ স্পীকার: উনি তো কোয়েশ্চেনের জবাব দিয়ে দিলেন যে, যখন গম পাওয়া যায় না, তখন টাকা দেওয়া হয়।

Shri Jamini Bhusan Saha :

রিলিফ কমিটির মেম্বার হিসাবে আমি এই সমস্যাটা প্লেস করছি—তারা আমাদের কাছে এসে বলছে কোথায় যাব, কোথায় গম পাব, চাল পাব।

(No reply.)

Shri Sambhu Charan Ghosh :

মন্ত্রিমহাশয়া এখানে একটা কথা বলেছেন যে, যখন কাজ থাকে না তখন যাতে জি আর বেশি করা যায় এবং যখন কাজ থাকে তখন যাতে জি আর কমানো যায়, সে বিষয়ে জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এফ এবং জি সম্পর্কে, কাজ কম থাকুক না বেশি থাকুক এফ এবং জি ক্যাটাগরী তার মধ্যে পড়ে না, তাদের সম্পর্কে এভাবে চিন্তা করছেন কেন এরা কাজ থাকলেও কাজ করতে পারে না এবং কাজ না থাকলেও কাজ করতে পারে না। কাজেই এটা এর আওতায় আসছে কেন, এটা মন্ত্রিমহাশয়ার কাছে জানতে চাচ্ছি।

[1-50—2 p.m.]

দি অনারেবল আভা মাইতি: এই জন্যই এসেছে, আপনারা গত কয়েক বছরে দেখেছেন এবং আমাদের এখানকার অনেক সদস্য রিলিফ কমিটির মেম্বার আছেন, তাঁরাও জানেন যে কতকগুলি ক্ষেত্রে দেখা গিয়েছে যে, এই দুটোর সুযোগ নিয়ে এত বেশি লিবার্যালি দেওয়ার চেষ্টা হয়েছে যে, মুখ্যতঃ দেখা গিয়েছে যে, সেগুলি দেবার কোন প্রয়োজন ছিল না। সেটার একটা দিকের উদ্দেশ্য ছিল সেটাকে কিছুটা সংযত করা এবং আরেকটা উদ্দেশ্য ছিল যে, লিন পিরিয়ডএ যাতে আরও বেশি লোককে দেওয়া যেতে পারে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয়া মন্ত্রিমহাশয়া কি অনুগ্রহ করে জানাবেন কোন্ অঞ্চলে কত ইউনিট জি আর দেওয়া হবে তার চূড়ান্ত নির্ধারণ করার ভার স্থানীয় রিলিফ কমিটির উপর থাকবে না জেলা ম্যাজিস্ট্রেটের উপর থাকবে?

দি অনারেবল আভা মাইতি: নিশ্চয়ই জেলা ম্যাজিস্ট্রেটএর উপর থাকবে। রিলিফ কমিটি হচ্ছে একটা অ্যাডভাইসরি কমিটি।

Maruganj hat ground

***322.** (Admitted question No. *1033.)

শ্রীজীবনকৃষ্ণ দে: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রায় তিনমাস যাবত মারুগঞ্জ হাট গ্রাউন্ড জলমগ্ন অবস্থায় আছে;

(খ) গত তিন বছরে এই হাটের সংস্কার বাবদ কত টাকা খরচ করা হয়েছে; এবং

(গ) ইহার বর্তমান দুরবস্থার প্রতিকারের কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) গত তিন মাস যাবৎ জলমগ্ন আছে বলিয়া কোন সংবাদ পাওয়া যায় নাই। তবে অবিরত বৃষ্টিপাত ও বন্যার দরুন উক্ত হাটে স্বল্পকালের জন্য জল উঠিয়াছিল।

(খ) ৫০০ টাকা।

(গ) ব্যবস্থা অবলম্বন সম্বন্ধীয় বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীজীবনকৃষ্ণ দে: এই হাটটা যে অবস্থায় আছে তাতে খাজনা কত? এবং কত ডাক হয়েছে এবারে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: ১৩৭১ সালে ২,৮৫০ টাকা, ১৩৭০ সালে ২,৬৫০ টাকা এবং ১৩৬৯ সালে ২,৪০০ টাকা ডাকা হয়েছে।

শ্রীজীবনকৃষ্ণ দে: হাটের ডাক অনবরত বেড়ে যাচ্ছে, এটা মন্ত্রিমহাশয় লক্ষ্য করেছেন। এখন কথা হচ্ছে, ঐ হাটটা যেখানে আছে কোচবিহারে, সেখানে আমরা জানি কয়েকমাস ধরে বৃষ্টি হচ্ছে সেই অবস্থায় ঐ হাটটি প্রায়ই জলের নিচে থাকে। সে সম্বন্ধে আপনি বললেন যে, কখনও কখনও জলের নিচে থাকে। কিন্তু ব্যাপারটা তা নয়। হাটটি সম্পর্কে আপনি বলেছেন ব্যয় হয়েছে এ পর্যন্ত ৫০০ টাকা। কিন্তু বর্তমানে হাটটি এই যে অবস্থায় আছে, এটা কবে দূর হবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমরা দেখতে পাচ্ছি, ঐ হাটটা মাঝে মাঝে জলমগ্ন হয়ে যায় এবং জলমগ্ন হয়ে থাকা সত্ত্বেও ওখান থেকে হাটের যা আয় হয়, সেই আয়ও বেড়ে যাচ্ছে, এটা দেখা যাচ্ছে। যাই হোক এই হাট যাতে জলমগ্ন না হতে পারে, তার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন আমরা শীঘ্রই করব।

শ্রীনারায়ণ চৌবেঃ এটা তো শুধু এই হাটের প্রশ্ন নয় সব হাটেরই এই অবস্থা। প্রত্যেকটি হাটের কোথাও কোন ব্যবস্থা নেই তেমন কেনা-বেচার, এই বর্ষার মধ্যে বর্ষার সময় সেখানে হাটু পরিমাণ জল হয়, কাদায় লোকে দাঁড়াতে পারে না।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ সব কয়টি হাটের ব্যবস্থা একসঙ্গে করব।

শ্রীনারায়ণ চৌবেঃ আপনি যে উপযুক্ত ব্যবস্থা নিচ্ছেন বলেছেন, কি ধরনের উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে অনুগ্রহ করে বলবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ সেটা বিশেষজ্ঞরা বলতে পারবেন। একজন মন্ত্রী হলেই সে বিশেষজ্ঞ হয় না।

শ্রীনারায়ণ চৌবেঃ বিশেজ্ঞ মন্ত্রিমহাশয়রা না হলেও বিশেষজ্ঞরা মন্ত্রীদের বলবেন যে, তাঁরা এইরূপ উপযুক্ত ব্যবস্থা চান। তাঁরা কি এইরকম কিছু জানিয়েছেন? সমস্ত ব্যাপারটা অনুগ্রহ করে জানিয়ে দিন।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমি তো সবজান্তা নই। একথা স্বীকার করি যে, সেখানকার যে কোন ওভারসিয়ার আমার চেয়ে হয়ত অনেক বেশি জানতে পারবেন।

শ্রীনারায়ণ চৌবেঃ তারা কি এখন কোন রিপোর্ট কিছু দিয়েছে? সেটা জানতে চাই। অর্থাৎ তারা কোন প্ল্যান করেছে কিনা, জলনিকাশের কোন ব্যবস্থা করেছে কিনা? এইরূপ কিছু হয়েছে, কি হয় নি দয়া করে বলুন। যদি না হয়ে থাকে, বলুন পরে বলবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya: If my friend considers it to be a very important and urgent question, I will certainly give the answer.

শ্রীজীবনকৃষ্ণ দেঃ আমি সেখানে নিজে গিয়ে দেখে এলাম হাটটা জলের নিচে রয়েছে, এবং আমি নিজে এ সম্পর্কে এস ডি ও-র সঙ্গে দেখা করেছি, কিন্তু এ পর্যন্ত তার কোন ব্যবস্থাই হল না। তা হবেটা কবে? সে সম্বন্ধে আপনি কিছুই বলছেন না।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমি এই কথাই বলছি যে, ঐ হাটটা মাঝে মাঝে জলমগ্ন হয়ে যায়। জলমগ্ন হয়, এটা অত্যন্ত দুঃখের কথা। কিন্তু জলমগ্ন যাতে না হতে পারে সেজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আশা করা যায় যে, বর্ষার শেষে, এইরূপ ব্যবস্থা করা সম্ভব হবে।

Tender rates for the works of Rupnarayan Left Bank and Rajapur Drainage Channel

***323.** (Admitted question No. *1051.) **Shri Abani Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) what are the accepted tender rates in respect of annual repairs in respect of the following works for the years 1963-64 and 1964-65, viz., Rupnarayan Left Bank and Rajapur Drainage Channel in Howrah district;

(b) if it is a fact that the tender rates quoted by the different contractors in Hooghly Irrigation Division range between 40 per cent. to 30 per cent. less than the scheduled rates of the Irrigation Department; and

(c) if so, whether the Department has accepted the said rates?

The Hon'ble Syamadas Bhattacharyya: (a) The accepted tender rates for the works "M|R" to Rupnarayan Left Bank and Rajapur Drainage Channel during 1963-64 were 4 per cent. and 1 per cent. above the Departmental Scheduled rates respectively.

The tenders for the above works for the year 1964-65 have not yet been settled.

(b) Tendered rates quoted by Contractors are sometimes 40 per cent. to 30 per cent. less than scheduled rates.

(c) Lowest workable rates are accepted.

শ্রী[illegible] বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি. '৬৪-৬৫-র যে রেট এখনও সেটেল্ড হয় নি, তিনি কোন টেন্ডার নোটিস ইস্যু করেছেন কিনা এবং করলে কি রেট পেয়েছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এই রেট আমি কি করে বলতে পারব? কি রেট কোট করেছেন তা আমি কি করে বলব, বিফোর দি রেটস আর অ্যাকসেপ্টেড।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন, '৬৪-৬৫ সালের ওয়ার্কের জন্য কোন টেন্ডার কল করা হয়েছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এটা বলতে পারি না।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে, ৩০ পার্সেন্ট, ৪০ পার্সেন্ট রেট যেখানে লেস দ্যান দি সিডিউল্ড কোট করা হয় সেখানে এই কাজ করা হয় কিনা? কিংবা কাজ না করে সেখানে যাঁরা কাজের তত্ত্বাবধায়ক থাকেন তাঁদের পকেট বোঝাই করা হয় কিনা?

(নো রিপ্লাই)

Flood in Batoria river

*324. (Admitted question No. *1062.) **Shri Deo Prakash Rai:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) total acreage of lands damaged by the recent flood in Batoria river in Naksalbari region;

(b) total number of houses affected and the number of houses washed away by the said flood; and

(c) the relief and rehabilitation measures taken by the Government for these flood-affected people?

The Hon'ble Abha Maiti: (a) 600 acres;

(b) 230 houses affected and 48 houses washed away;

(c) Immediately after occurrence of the flood, emergency relief with chira, gur was given. The following articles were also given:

21 mds. 35 srs. chira, 5 mds. 14 srs. gur, 8 quintals rice, 1 md. 25 srs. dal, 1 bag salt, 200 lbs. milk powder, 5 tins condensed milk and 150 pcs. bread have already been distributed amongst the flood victims.

Besides, Government have placed at the disposal of the Deputy Commissioner, Darjeeling, Rs. 12,600 and 508 qls. rice for distribution of Gratuitous Relief and Rs. 20,000 for distribution as house-building grants.

Necessary medical relief has also been given in the flood-affected areas.

Distribution of rice through M.R. Shops has been extended to "A", "B" and "C" categories of people of flood-affected area.

Shri Deo Prakash Rai: In answer to (c) the Hon'ble Minister has stated that Rs. 20,000 has been sanctioned for house-building loan and in reply to (b) the Hon'ble Minister has stated 230 houses have been affected due to flood out of which 48 houses have been washed away. May I know from the Hon'ble Minister how much money will be given per family as house-building loan?

The Hon'ble Abha Maiti: This is not loan, this is grant and the maximum amount is Rs. 150 per family. This is grant.

Shri Deo Prakash Rai: I do not think the Hon'ble Minister understands my question. In answer to (c) you have stated that Rs. 20,000 has been sanctioned as house-building loan.

The Hon'ble Abha Maiti: I have stated that Rs. 20,000 has been sanctioned for distribution as house-building grant.

শ্রীভদ্রবাহাদুর হামাল: তাহলে প্রতি বাড়ি হবে না নিশ্চয়ই। যারা লোনের জন্য দরখাস্ত করবে তাদের দরখাস্ত কি কন্সিডার করা হবে?

দি অনারেবল আভা মাইতি: হ্যাঁ, যারা লোনের জন্য দরখাস্ত করবে তাদের নিশ্চয়ই কন্সিডার করা হবে।

শ্রীভদ্রবাহাদুর হামাল: কত দরখাস্ত এসেছে?

দি অনারেবল আভা মাইতি: আমার কাছে সে তথ্য এখন নেই।

Starred questions

(to which answers were laid on the table)

Payment of Compensation to the intermediaries of Midnapore district

***325.** (Admitted question No. *1068.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বহু মধ্যস্বত্বভোগীর রোল দীর্ঘদিন যাবত প্রস্তুত হইয়া গেছে কিন্তু এখনও পর্যন্ত তাহাদের ক্ষতিপূরণ দেওয়া হইতেছে না,

(খ) মধ্যস্বত্বভোগীগণের রায়তি, নিষ্পত্তি বাহালী জমি একই সঙ্গে এই রোলের অন্তর্ভুক্ত করার বাহালী জমির তৌজী নম্বর না পাওয়া পর্যন্ত মহকুমা ক্ষতিপূরণ অফিসে কোন জমিরই ক্ষতিপূরণ দেওয়া হইতেছে না; এবং

(গ) যদি সত্য হয়, তাহা হইলে মহকুমা অফিসগুলিতে মধ্যস্বত্বভোগী বা যাহাতে তাহাদের প্রাপ্য ক্ষতিপূরণের টাকা হয়রানি ও আর্থিক ক্ষতিগ্রস্ত না হইয়া সহজে অতি দ্রুত পাইতে পারেন তাহার জন্য কোন ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

দি মিনিস্টার ফর ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ: (ক) প্রকৃত অবস্থা তাহা নহে। ১৯৬৪ সালের জুলাই মাস পর্যন্ত মেদিনীপুর জেলায় ১,৭৪,৪৬৩টি রোল চূড়ান্তভাবে প্রকাশিত হইয়াছে। তন্মধ্যে ২৫,২৫৮টি রোলে নীট আয় কিছু নাই এবং ৪২,০৮৩টি রোলের টাকা প্রদান করা হইয়াছে। আর ৪০,৪২১টি রোলে মধ্যস্বত্বাধিকারীগণ টাকা লওয়ার জন্য নোটিস পাওয়া সত্ত্বেও টাকা লইতে আসেন নাই। অবশিষ্ট রোলগুলিতে খালি স্বত্ব সংক্রান্ত বকেয়া রাজস্বাদি হিসাব নির্ধারণ সরকারে বর্তাইয়াছে এখন খাস জমি দখল না পাওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে ইত্যাদি প্রশ্ন জড়িত থাকায় রোলগুলির টাকা প্রদানে কিছুটা বিলম্ব হইতেছে।

(খ) আইনের বিধান অনুযায়ী প্রত্যেক মধ্যস্বত্বাধিকারীর সমস্ত স্বত্ব একত্রে সন্নিবিষ্ট করিয়া একটি রোল প্রস্তুত করিতে হয়। বকেয়া রাজস্বাদির পরিমাণ নির্ধারণের জন্য তৌজী নম্বর সংগ্রহ করা আবশ্যক। তৌজি নম্বর দ্রুত সংগ্রহ করিয়া ক্ষতিপূরণ যাহাতে সত্বর প্রদান করা যায় তাহার ব্যবস্থা করা হইতেছে।

(গ) মধ্যস্বত্বভোগীদের হয়রানি ও আর্থিক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা কমানোর জন্য ১,০০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণ স্থানীয়ভাবে প্রদানের ব্যবস্থা হইয়াছে।

Refugee families under Competent Authority Case

***326.** (Admitted question No. *1442.)

শ্রীঅনাদি দাস: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, যেসকল রিফিউজি পরিবার সি এ কেসের অন্তর্ভুক্ত সেই সকল পরিবারের কর্তা মৃত বা নিরুদ্দিষ্ট হইলে, পরিবারের অন্যান্য ব্যক্তিদের সি এ কেসের অন্তর্ভুক্ত হওয়ার সুবিধা আছে কিনা?

দি মিনিস্টার ফর রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন: হ্যাঁ, নর্দিষ্ট ক্ষেত্রে তাহার ব্যবস্থা আছে।

Construction of a bundh on the eastern side of the Torsa

***327.** (Admitted question No. *895.)

শ্রীননী ভট্টাচার্য: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চিলাপাতা বনাঞ্চল হইতে শিমলাবাড়ি পর্যন্ত তোর্সা নদীর পূর্ব পাড়ে বাঁধ নির্মাণ ও দেওডাঙ্গা সাহেবপোতা রাস্তার ভাঙ্গা মেরামতের জন্য গত বৎসর কত টাকা খরচ করা হয়,

(খ) উক্ত বাঁধ ও রাস্তা ভাঙ্গিয়া যাওয়ার কারণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুসন্ধান করিয়াছেন কি; এবং

(গ) অনুসন্ধান করিয়া থাকিলে, উহার ফলাফল কি?

দি মিনিস্টার ফর ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ: (ক) গত বৎসর বাঁধ নির্মাণ ও দেওডাঙ্গা রাস্তা মেরামতের জন্য যথাক্রমে ২১,৭২২ টাকা ও ৫৮৮ টাকা খরচ করা হইয়াছিল।

(খ) হ্যাঁ।

(গ) গত দুই-তিন বৎসর হইতে শিলতোর্সা উহার বামখাতে বহিতে শুরু করে। ফলে দক্ষিণ খাতে গাছ, পাথর ইত্যাদি জমা হইতে থাকে। ইহাতে বামখাতের উপর জলের চাপ বৃদ্ধি পায় এবং তাহার ফলেই অস্থায়ী মাটির বাঁধে ভাঙ্গন আরম্ভ হয়। ইহার পর বন্যার জল দেওডাঙ্গা রাস্তায় বাধাপ্রাপ্ত হয় কিন্তু স্থানীয় কোন কোন ব্যক্তি বন্যার উচ্চতা কমাইবার জন্য রাস্তা কাটিয়া দেন।

Chaklapur National Agricultural Co-operative Society

***328.** (Admitted question No. *980.)

শ্রীসনৎকুমার রাহাঃ সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সুতাহাটা থানায় চকলালপুর জাতীয় সমবায় কৃষি সমিতির জমি কতটা;

(খ) উক্ত সমিতির দখলে সরকারে ন্যস্ত জমি ব্যতীত আরও জমি আছে কিনা যাহা ব্যক্তিগত মালিকানায় সমিতিকে প্রদত্ত হইয়াছে: এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে ন্যস্ত জমির পরিমাণ কত যাহা সরকার হইতে দেওয়া হইয়াছে এবং ব্যক্তি মালিকানায় সমিতিতে প্রদত্ত জমির পরিমাণ কত?

দি মিনিস্টার ফর কো-অপারেশনঃ (ক) ৪৪·০৫ একর।

(খ) হ্যাঁ।

(গ) সরকার প্রদত্ত জমির পরিমাণ—২৯·৯২ একর, ব্যক্তিগত মালিকানায় সমিতিকে প্রদত্ত জমির পরিমাণ—১৪·১৩ একর।

Irrigation Toll office at Uluberia

***329.** (Admitted question No. *1052.) **Shri Abani Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that—

(i) the Irrigation Toll Office at Uluberia under Hooghly Irrigation Division is occupied by the Zilladar of Panchkura subdivision in Midnapore district who is attached to West Midnapore Division;

(ii) that the said Zilladar is now attached to the Canal Revenue Department and not the Irrigation Department;

(b) if the answer to (a) be in the affirmative will the Hon'ble Minister be pleased to state—

(i) whether the arrangement is of a temporary or permanent nature; and

(ii) on what consideration the office of Panchkura subdivision has been transferred to a different district?

The Minister for Irrigation and Waterways: (a) (i) Yes, The Irrigation toll office at Uluberia, now under Hooghly Irrigation Division, is partly occupied by the Zilladar of the Panskura subdivision in Midnapore district, but he is not attached to the West Midnapore Division.

(ii) The said Zilladar is now attached to the Canal Revenue Division, Midnapore, under the administrative control of Land and Land Revenue Department and not to the Irrigation Department. The budget expenditure is however, borne by the Irrigation and Waterways Department.

(b) (i) The arrangement is provisional.

(ii) The office of the Zilladar, Panskura subdivision is located in the Toll Office at Uluberia, because it is the centre of Panskura subdivision (Revenue) comprising of parts of Hooghly, Howrah and Midnapore districts. Further the Sub-Treasury Office is located at Uluberia and this facilities the monetary transactions made by the Zilladar, Panskura subdivision.

Luxury Taxis of Relief Department

***330.** (Admitted question No. *1059.)

শ্রীসুনীল দাশগুপ্ত: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বর্তমান বৎসরে জানুয়ারি মাসে দাঙ্গার (রায়ট) পর রিলিফ কার্যের জন্য ত্রাণবিভাগ কর্তৃক এপ্রিল মাস হইতে দুইখানি লাক্সারি ট্যাক্সি ভাড়া করা হইয়াছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জ নাইবেন কি—

(১) ঐ ট্যাক্সি দুইটি কোন্ তারিখ হইতে ভাড়া করা হইয়াছে এবং কতদিন পর্যন্ত (ভাড়ায়) নিযুক্ত রাখার সিদ্ধান্ত করা হইয়াছে ;

(২) ঐ ট্যাক্সি দুইটির জন্য এপ্রিল, মে ও জুন মাসে কত ঘণ্টা মাইলেজ চার্জ ও কত ঘণ্টা ওয়েটেজ চার্জ দিতে হইবে ;

(৩) কি হারে কত টাকা ঐ ব বত ব্যয় হইবে ; এবং

(৪) ঐ ট্যাক্সি দুইটি এখনও ভাড়ায় নিযুক্ত রাখার কারণ কি?

দি মিনিস্টার ফর রিলিফ: (ক) একখানি ট্যাক্সি এপ্রিল মাসে এবং আর একখ নি ট্যাক্সি মে মাসে ভাড়া করা হইয়াছে।

(খ) (১) একখানি ২০-৪-৬৪ এবং অপরখানি ১২-৫-৬৪ তারিখে ভাড়া করা হইয়াছে। ট্যাক্সি দুইখানি আপাতত ৩১-৮-৬৪ তারিখ পর্যন্ত নিযুক্ত রাখার সিদ্ধান্ত করা হইয়াছে।

(২) এবং (৩) একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল।

(৪) কলিকাতার দাঙ্গাবিধ্বস্ত ব্যক্তিদিগের নিমিত্ত যে সাহায্য ও পুনর্বাসন পরিকল্পনাগুলি গ্রহণ করা হইয়াছে তাহার কার্য ত্বরান্বিত করিবার উদ্দেশ্যেই ট্যাক্সি দুইখানি নিযুক্ত করা হয়। প্রধানতঃ এই ট্যাক্সি দুইটি তদন্ত কার্যের জন্য অফিসারগণকে যথাশীঘ্র একস্থান হইতে অন্য স্থানে বহন, ত্বরায় দাঙ্গাবিধ্বস্ত ব্যক্তিদিগের মধ্যে সাহায্য বিতরণ ও সেই নিমিত্ত বিরাট পরিমাণ অর্থ বিতরণ কেন্দ্রে বহন প্রভৃতি কার্যের জন্য ব্যবহৃত হইয়া থাকে। এইসমস্ত কার্যাবলী এখনও পুরাদমে চলিতে থাকায় ট্যাক্সি দুইখানিকে এখনও নিযুক্ত রাখার প্রয়োজন হইয়াছে ।

Statement referred to in reply clause [(Kha)(2) and (3)] of Starred Question No. 330.

শ্রীসুনীল দাশগুপ্ত: এম এল এ কর্তৃক উত্থাপিত তারকাচিহ্নিত ১০৫৯নং বিধানসভার প্রশ্নের খ (২) এবং (৩) অংশের উত্তরে উল্লিখিত বিবরণী—

ট্যাক্সি দুইটির জন্য এপ্রিল, মে ও জুন মাসে কত ঘণ্টা মাইলের চার্জ ও কত ঘণ্টা ওয়েটেজ চার্জ দিতে হইবে এবং কি হারে কত টাকা ঐ বাবদ ব্যয় হইবে তাহার হিসাব (ট্যাক্সি মালিকগণের নিকট হইতে প্রাপ্ত বিলগুলি পরীক্ষাধীন থাকায় এই হিসাব কিছুটা আনুমানিক)

মাসের নাম	মাইলেজ চার্জ		ওয়েটেজ চার্জ		ভাড়ার হার
	ঘণ্টা ঘ: মি:	ব্যয়ের হিসাব টা: প:	ঘণ্টা	ব্যয়ের হিসাব টা:	
এপ্রিল	১৬ ৪৫	১৯৬ ৫০	৫৭	১৭১	মাইল প্রতি ৭৫ পয়সা বা ঘণ্টা প্রতি ৩ টাকা হিসাবে যেটি অধিক হইবে, তবে অনন্য ১২ টাকা। ওয়েটেজ চার্জ ঘণ্টার ৩ টাকা হিসাবে, তবে ২৪ ঘণ্টার জন্য সর্বাধিক ৪৫ টাকা। এই হার স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগ কর্তৃক নির্দিষ্ট।
মে	৮৪ ৩০	১,০২৬ ০০	২৮৫	৮৫৫	
জুন	১০০ ৩০	১,২২৭ ৭৫	২৮৬	৮৫৮	

Payment of C. R. in Purulia district

***331.** (Admitted question No. *1273.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় দুঃস্থ ব্যক্তিদের কোন স্থানে (১) কেবলমাত্র গম এবং কোন স্থানে (২) গমের সহিত নগদও কিছু দেওয়া হইতেছে ; এবং

(খ) সত্য হইলে কোন্ কোন্ ব্লকে কেবলমাত্র গম দেওয়া হইতেছে এবং কোন্ কোন্ ব্লকে গমের সহিত নগদও দেওয়া হইতেছে?

দি মিনিস্টার ফর রিলিফঃ (ক) ও (খ) জয়পুর ও পুরুলিয়া ২নং ব্লকে কেবলমাত্র গম ও নিম্নলিখিত ব্লকগুলিতে গমের সহিত নগদ অর্থও দেওয়া হইতেছেঃ—

(১) পুরুলিয়া—১নং।
(২) আরশা।
(৩) ঝালদা—১নং।
(৪) ঝালদা—২নং।
(৫) হুরা।
(৬) পুঞ্চা।
(৭) মানবাজার—১নং।
(৮) মানবাজার—২নং।
(৯) রঘুনাথপুর—১নং।
(১০) রঘুনাথপুর—২নং।
(১১) সানতুরি।
(১২) নেতুরিয়া।
(১৩) পারা।
(১৪) কাশীপুর।
(১৫) বলরামপুর।
(১৬) বড়বাজার।
(১৭) বানদোয়ান।
(১৮) বাগমুণ্ডি।

পুরুলিয়া ২নং ও জয়পুর ব্লকে গমের সহিত নগদ অর্থও দেওয়ার ব্যবস্থা ত্বরান্বিত করা হইতেছে।

New arrival of refugees

***332.** (Admitted question No. *1315.)

শ্রীসনৎকুমার রাহাঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের জুলাই হইতে আগস্ট মাসের ১৫ তারিখ পর্যন্ত পাকিস্তান হইতে কত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসিয়াছে ; এবং

(খ) বর্তমানে এই উদ্বাস্তু আগমনের কারণ কি?

দি মিনিস্টার ফর রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনঃ (ক) ১,০৪,৮৪০ জন।

(খ) আগত উদ্বাস্তুগণকে জিজ্ঞাসাবাদ করিয়া জানা যায় যে সাম্প্রদায়িক বিদ্বেষ, অর্থনৈতিক অবরোধ, [illegible] অব্যবস্থা প্রভৃতি নানা অভিযোগে পূর্বপাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায় বর্তমানে ভারতে চলিয়া আসিতেছেন।

Unstarred questions
(to which written answers were laid on the table)

Non-payment of salary to the Primary School teachers of Purulia

544. (Admitted question No. 118.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলা ও ইসলামপুরের প্রাথমিক শিক্ষকবৃন্দ উক্ত এলাকাগুলি পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্তির দিন হইতে ১৭ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের নির্ধারিত বেতন পান নাই ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এইরূপ বেতন না হইবার কারণ কি ; এবং

(২) এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Education :

(ক) হ্যাঁ।

(খ) (১) ১লা নভেম্বর ১৯৫৬ হইতে উক্ত এলাকা পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তির পর ১৭ মাস সরকারী নির্দেশানুযায়ী স্থিতাবস্থা পালন করা হইয়াছে।

(২) এই প্রশ্ন উঠে না।

Health Committee in Nadia district

545. (Admitted question No. 1096) **Shri Gour Chandra Kundu :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any Health Committee in the district of Nadia; and

(b) if so, who are the members of the said Committee and when it was formed?

The Minister for Health : (a) Yes.

(b) The following are the members of the said Committee—

(1) District Magistrate—Chairman.

Members

(2) Chief Medical Officer of Health.

(3) President of the Indian Medical Association, District Branch (if any).

(4) Chairman of the District Board or Zilla Parisad when it comes into being.

(5) Special Officer, Planning and Development.

(6) District Publicity Officer.

(7) Assistant Engineer, Public Health Engineering Directorate for the district.

(8) District Tribal Welfare Officer.

(9) Two members of the State Legislature from each subdivision of the district to be nominated by the Minister for Health, West Bengal.

(10) District Health Officer—Member-convenor.

The Committee was constituted in June, 1964 last.

Government Sisal firm in Birbhum district

546. (Admitted question No. 1143.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডলঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বীরভূম জেলার রাজনগর থানার অন্তর্গত সরকারী সিসাল ফার্মটির ১৯৬০ সাল হইতে ১৯৬৪ সালের মার্চ মাস তক কত লাভ বা ক্ষতি হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

১৯৬৩-৬৪ সালের পূর্বে পর্যন্ত ফার্মের কার্যাবলী বস্তুত যন্ত্রপাতি স্থাপন ও বিভিন্ন উন্নয়নমূলক কার্যের মধ্যেই সীমবদ্ধ ছিল। ১৯৬৩-৬৪ সাল হইতে প্রকৃতপক্ষে সিসাল হইতে প্রস্তুত দড়ি বিক্রয় শুরু হয় ও তাহার দরুন ১,০৫,০৩২·২৯ টাকা পাওয়া যায়। উক্ত টাকা ব্যতীত ৩১এ মার্চ ১৯৬৪ তারিখে ৩০,০০০ টাকা মূল্যের কাঁচা মাল প্রভৃতি মজুত ছিল। ১৯৬৩-৬৪ সালের পূর্বে ইন্টার-ক্রপিং দ্বারা ফার্মের ৬৮,০৪৫ টাকা আয় হইয়াছিল।

১৯৬৩-৬৪ সালে আবর্তক ব্যয় হিসাবে ১,১৮,০৫৭ টাকা খরচ হইয়াছে।

Establishment of a Health Centre at Rajnagar village, Birbhum

547. (Admitted question No. 1144.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডলঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর থানার হেড কোয়ার্টার্স রাজনগর গ্রামে কোন হেলথ সেন্টার নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে ইহার কাজ কখন শুরু হইবে?

The Minister for Heatlh:

(ক) হ্যাঁ, একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) ঐ পরিকল্পনা রূপায়ণের জন্য জমি নির্বাচিত হইয়াছে। ঐ জমির কিয়দংশ ডিস্ট্রিক্ট বোর্ডের সম্পত্তি এবং কিয়দংশ অ্যাকুইজিশন করিয়া লইতে হইবে। ডিস্ট্রিক্ট বোর্ড জমি প্রদান করিতে প্রস্তুত আছেন এই মর্মে প্রতিশ্রুতি পাওয়া গেলে বাকী জমি অ্যাকুইজিশন করিবার ব্যবস্থা করা হইবে। ডিস্ট্রিক্ট বোর্ডকে এই বিষয়ে লেখা হইয়াছে। জমি সংগ্রহ করার পর স্বাস্থ্যকেন্দ্র গৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Tubewells in Pingla police-station, Midnapore

548. (Admitted question No. 1161.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানাতে গত ১৯৬৩-৬৪ সালে কতগুলি নূতন নলকূপ কোন্ কোন্ স্থানে মঞ্জুর হইয়াছে এবং কোন্ কোন্ স্থানে কয়টি পুরাতন নলকূপ মূল সংস্কার মঞ্জুর হইয়াছে;

(খ) ঐগুলি কি পদ্ধতিতে কে নির্বাচন করিয়াছেন;

(গ) ঐগুলির কাজ এখনও শেষ হইয়াছে কি; এবং

(ঘ) শেষ না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Health:

(ক)

স্থানের নাম	নূতন নলকূপের সংখ্যা	পুনঃসংস্কারের জন্য মঞ্জুরিকৃত নলকূপের সংখ্যা
কালিকাডিহি	১	..
সংগর বটিটকি	১	...
ভীমচক	১	...
তেঘোরি	১	...
জমানা	...	২
উপলদা	...	১
তাংগুরা	...	৩
কলুখারা	...	১
পালগেরিয়া	...	১

(খ) মেদিনীপুর জেলাশাসক মহাশয়, জেলা স্বাস্থ্য কমিটি ও ব্লক উন্নয়ন কমিটিগুলির সহিত পরামর্শক্রমে প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি নলকূপ স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী ১৯৬৩-৬৪ সালের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে উক্ত জেলার জন্য বরাদ্দকৃত নলকূপগুলি হইতে পিংলা থানার বিভিন্ন অঞ্চলে উপরি-উক্ত নলকূপগুলি অগ্রাধিকারের ভিত্তিতে বণ্টন করিয়াছেন।

(গ) এবং (ঘ) এ সম্বন্ধে বিস্তৃত বিবরণের জন্য স্থানীয় অফিসারের নিকট লেখা হইয়াছে।

Daspur Thana Health Centre, Midnapore

549. (Admitted question No. 1164.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দাসপুর থানা স্বাস্থ্যকেন্দ্র এলাকা কোন কিছুর দ্বারা ঘেরার কোন ব্যবস্থা নেই ;

(খ) সরকার কি অবগত আছেন যে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের পাশাপাশি গভীর জঙ্গল রহিয়াছে এবং স্বাস্থ্যকেন্দ্রে শৃগাল প্রভৃতি জন্তুর উপদ্রব হয় ; এবং

(গ) অবগত থাকিলে উক্ত জঙ্গল সাফ করার এবং স্বাস্থ্যকেন্দ্রটির নিরাপত্তার জন্য ঘেরার ব্যবস্থার কথা সরকার চিন্তা করিতেছেন কি না এবং করিলে তাহা কতদিনে হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) না, ঐই স্বাস্থ্যকেন্দ্রের প্রাঙ্গণের ভিতরে ও বাহিরে কিছু বাঁশঝাড় আছে এবং সেগুলি অপসারিত করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Price of Matches

550. (Admitted question No. 1178.)

শ্রীসোমনাথ লাহিড়ী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতায় দেশলাই-এর খুচরা দাম বাড়িয়াছে ; এবং

(খ) সত্য হইলে এই মূল্যবৃদ্ধির কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) ইহা সত্য যে কলিকাতার কয়েকটি বাজারে সম্প্রতি ৫০ কাঠির দেশলাই যাহার প্রতিটির পূর্বের মূল্য ছিল ৬ পয়সা তাহা খুচরা বিক্রেতাগণ কর্তৃক প্রতিটি ৭ পয়সায় বিক্রীত হইয়াছে।

(খ) ক্রেতাদের চাহিদার সহিত দেশলাই-এর উৎপাদনের সমতা বজায় না থাকাই এই সাময়িক মূল্যবৃদ্ধির প্রকৃত কারণ।

Krishnagar Sadar Hospital

551. (Admitted question No. 1188.)

শ্রীকাশীকান্ত মৈত্র: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কৃষ্ণনগর মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ কৃষ্ণনগরের বর্তমান সদর হাসপাতাল যে জমির উপর অবস্থিত সেই জমি ও পাকা বাড়ি তদানীন্তন অবিভক্ত বাংলা সরকারকে দান করেছিলেন ;

(খ) সত্য হলে কি কি শর্তে এ দান গ্রহণ করা হয়েছিল ;

(গ) কবে এই হাসপাতাল স্থানান্তরিত করিবার সিদ্ধান্ত নেওয়া হয় এবং এ বিষয়ে পৌর প্রতিষ্ঠানের তদানীন্তন স্থানীয় এম এল এ ও এম পি-এর সম্মতি বা মতামত, স্থানীয় হসপিটাল এডভাইসরী কমিটির মতামত বা জন-প্রতিনিধিত্বমূলক কোন প্রতিষ্ঠানের মতামত দেওয়া হয়েছিল কিনা ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে এই হাসপাতাল স্থানান্তরিত করার বিষয়ে কে কি মতামত দিয়াছিলেন?

The Minister for Health:

(ক) মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ সদর হাসপাতালের পরিচালন ভার অবিভক্ত বাংলা সরকারের হস্তে সাময়িকভাবে ন্যস্ত করিয়াছিলেন।

(খ) শর্তগুলি এইরূপ:

(১) হাসপাতালের ক্যাপিটাল এবং রেভিনিউ সকল সম্পত্তিই সরকারকে হস্তান্তরিত করিতে হইবে ;

(২) হাসপাতালের যেসকল কর্মচারী সরকারী কার্যে থাকিতে ইচ্ছুক এবং এই মর্মে সিভিল সার্জেনের নিকট আবেদন করিবেন, সরকার তাঁহাদিগকে অস্থায়ী কর্মচারী-রূপে রাখিবেন ;

(৩) হাসপাতালের তদানীন্তন ম্যানিজিং কমিটি উপদেষ্টা কমিটি হিসাবে কার্য করিবেন ;

(৪) তদানীন্তন কর্তৃপক্ষ সম্মতি ব্যতীত সরকার হাসপাতালের কোন ক্যাপিটাল সম্পত্তি বিক্রয় করিবেন না বা অন্যভাবে হস্তান্তরিত করিবেন না ;

(৫) সরকার হাসপাতালের আসবাবপত্র, সাজ সরঞ্জাম, প্রয়োজনীয় ঔষধাদির অভাব বা ত্রুটি দূর করিবেন এবং বাড়ি ঘর সযত্নে রক্ষা করিবেন ;

(৬) সরকার হাসপাতালের কর্মচারীগণের বকেয়া বেতনাদি পরিশোধ করিয়া দিবেন ;

(৭) হাসপাতালের কর্মচারীর সংখ্যা মঞ্জুরীকৃত সংখ্যার কম থাকিলে ইহা পরিপূর্ণ করা হইবে ;

(৮) হাসপাতালের পরিচালন ভার গ্রহণ করিবার তারিখ হইতে হাসপাতাল কর্তৃপক্ষ যে হারে বেতন দিতেন সরকার অন্তত সেই হারে বেতন দিবেন। উপরন্তু সরকারী কর্মচারীদিগকে যে হারে মাগ্‌গী ভাতা দেওয়া হয় তাঁহারা সেই হারে উহা পাইবেন;

(৯) মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য জেলা বোর্ড নির্ধারিত হারে হাসপাতালের সংরক্ষণের জন্য অর্থ দান করিতে থাকিবেন ; এবং

(১০) শিল্প সংস্থা এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলি হাসপাতালে পূর্বের ন্যায় সাহায্য করিতে থাকিবেন। প্রতিদানে তাঁহারা যে সকল বিশেষ সুবিধা পূর্বে পাইতেন, তাহা পাইতে থাকিবেন।

এই ব্যবস্থা ১৪ই জুলাই ১৯৫৬, তারিখ পর্যন্ত চালু ছিল। ১৯৫৫ সালে সদর এবং সাবডিভিসন্যাল হসপিট্যালস্‌ অ্যাক্ট পাশ করা হয়। এই আইন অনুযায়ী সকল সদর এবং মহকুমা হাসপাতাল (কৃষ্ণনগর সদর হাসপাতাল সহ) ১৫ই জুলাই ১৯৫৬ তারিখ হইতে সরকারের পূর্ণ কর্তৃত্বে আসে। উক্ত তারিখ হইতে কৃষ্ণনগর সদর হাসপাতাল পূর্ণাঙ্গ সরকারী হাসপাতালরূপে পরিচালিত হইতেছে।

(গ) ৮ই মে, ১৯৫৯, তারিখে স্থানান্তরিত করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই বিষয়ে মিউনিসিপ্যালিটি প্রভৃতির মতামত লইবার প্রয়োজন ছিল না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Samples tested in the Central Laboratory, Corporation of Calcutta

552. (Admitted question No. 1193.) **Shri Clifford Noronha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the number of samples tested in the Central Laboratory of the Calcutta Corporation was 5,056 in 1947-48 but only 2,195 in 1962-63;

(b) if the answer to (a) is in the affirmative, the reason for the heavy decline;

(c) if it is a fact that all the samples of wheat and ice-cream tested in 1962-63 were found adulterated and that over 50 per cent. of other foodstuffs like sweets, etc., were also adulterated; and

(d) if so, what steps do Government propose to take in this regard?

The Minister for Health: (a) Yes.

(b) The procedures for analysis and also for taking samples of food as laid down under the Central Prevention of Food Adulteration Act, 1954, is more elaborate and time consuming than the previous procedures under the Calcutta Municipal Act for these purposes.

(c) All the 9 samples each of wheat and ice-cream were found to be adulterated in 1962-63 and only 15.02 per cent. of other foodstuffs were found adulterated.

It is an important matter to which you are drawing attention of the House.

Shri Kashi Kanta Maitra:

তাহলে আমি কি বলব বুঝতে পারছি না। যদি ওমলেট করতে হয় তাহলে ডিম ফাটাতে হয়, ডিম না ফাটালে ওমলেট হয় না। সুতরাং কথা বলতে গেলে কিভাবে বলব সেটা আপনি বলে দিন, তা না হলে বলবার লিবার্টি দিন।

মিঃ স্পীকারঃ মিঃ মৈত্র, আপনি বোধ হয় জানেন বলার জন্য পার্মিসান নিয়ে যদি ওয়ার্কিং টাইমে বেশী সময় নষ্ট করেন তাহলে

It is my duty to ask you to be short.

Shri Kashi Kanta Maitra:

আপনার পারমিশান নিয়েছি, না নিয়ে দাঁড়াই নি। আমি বলছি যে আজকে আনন্দবাজার পত্রিকায় দেখলাম বীরভূমের আমেদপুর সুগার মিল এখান থেকে দক্ষিণ ভারতে চলে যাচ্ছে। বহুবার এই হাউসে এ সম্বন্ধে অভিযোগ করেছিলাম, বাংলাদেশের দুজন ডিরেক্টর আপত্তি করেছেন এ সম্বন্ধে। ৪৫ লক্ষ টাকা রাজ্যসরকার দিয়েছেন। বাংলাদেশের একটা মিল যার পিছনে ৪৫ লক্ষ টাকা খরচ করে চালু করা হল সেটাকে আজ যদি মাদ্রাজে বিক্রি করে দেওয়া হয় তাহলে বাংলাদেশের মুখে চুনকালি পড়বে। এখানে মন্ত্রিমহাশয় আছেন, তিনি এই অ্যাসিওরেন্স আমাদের দিন যে আমেদপুর সুগার মিল এখান থেকে তিনি যেতে দেবেন না, চালু রাখবেন।

The Hon'ble Purabi Mukhopadhyay: On a point of privilege, Sir, একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে আমাদের কলিং অ্যাটেনসানের জন্য যে নোটিশ দেওয়া হয় তার জন্য আমরা প্রস্তুত হয়ে আসি—তাতে লেখা আছে ইণ্টেনশান টু কল অ্যাটেনসান, আমরা সেই নোটিশ পাবার পর উত্তর প্রত্যুত্তরের দিন ধার্য হবার পর প্রত্যেকদিন যদি আবার মৌখিকভাবে কোন নোটিশ না দিয়ে কলিং অ্যাটেনসান বলে দৃষ্টি আকর্ষণ করাছ তলে যেগুলি বলা হয় এবং তারপর যদি সদস্যরা আমাদের পূর্বে বিজ্ঞাপিত না করে এখানে ইনসিস্ট করেন যে কেন এখন উত্তর দেওয়া হবে না তাহলে হয় উত্তর দিতে গেলে ভুল উত্তর দেওয়া হবে যেটা আমরা করতে চাই না, না হয় উত্তর দিতে গেলে উইদিন কলিং অ্যাটেনশান নোটিশ দিতে হবে। সেজন্য আপনাকে অনুরোধ করব এগুলি লিখিতভাবে না দিলে উত্তর দিতে পারব না।

মিঃ স্পীকারঃ আপনি পয়েন্টের অ্যাডভান্সে চলে গেলেন।

Every member has got a right to draw the attention—not for an answer.

The Hon'ble Purabi Mukhopadhyay: Are we expected to reply then and there?

GOVERNMENT BILL

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee

Shri Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটার উপর আমি আমার বক্তব্য রাখতে উঠেছি সে সম্পূর্ণ আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে একথা বলবো যে বিরোধিতা করবার জন্যই আমরা বিরোধিতা করছি না, এই মনোভাব যদি এই সভায় কোন সদস্যের হয় কিম্বা আপনার হয়, তাহলে সেটা আমি মনে করবো ঠিক হচ্ছে না। মন্ত্রিমহাশয়কে আমি একথা জানিয়ে দিচ্ছি জয়েন্ট কমিটিতে যখন আলোচনা হয়েছিল তখন তিনি দেখেছিলেন যে আমাদের মনোভাব কি ছিল, আমাদের মনোভাব ছিল বিরোধিতা করা নয়, আমাদের মনোভাব ছিল এই বিলটাকে আরো ভালোভাবে রচনা করে কোলকাতার সাধারণ মানুষের কতটুকু কল্যাণ করতে পারা যায় তারই চেষ্টা। এখনও আমরা যে আলোচনা করছি এবং যে আলোচনা হবে তার উদ্দেশ্য একই। আমার বক্তব্য হচ্ছে এটা সকলেই বলেছেন, আমিও বলছি যে আজকে যে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারে এই পৌরসভার নির্বাচন হচ্ছে এটা সত্যই গৌরবের কথা। এই পৌরসভার নির্বাচনে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার অর্জন করবার জন্য এই বিধানসভার বিরোধী-দলের পক্ষ থেকে অনেকেই দীর্ঘ আলোচনা করেছেন কিন্তু তখন আমি একথা বললে ভুল হবে যে কংগ্রেসের সভ্যদের মধ্যে থেকে কাউকে আমরা সমর্থন জানাতে দেখি নি। আজকে আমাদের প্রথম বক্তব্য হচ্ছে এই যে আপনারা এদের অধিকার দিচ্ছেন, অর্থাৎ এতদিন যারা বঞ্চিত ছিল সেই প্রাপ্তবয়স্ক সকলকেই আপনারা অধিকার দিচ্ছেন ভোট দেবার কিন্তু তারা যাদের ভোটে নির্বাচিত হচ্ছে এই আইনের মধ্যে এমন কিছু ক্ষমতা তাদের দিচ্ছেন না যে ভোটারদের জন্য সে কিছু করতে পারবে। ধরুন এই আইনটা যখন হয়ে যাবে তখন পৌরসভার কোন সভ্য-দের এই অধিকার থাকবে না যে বস্তিবাসীর কল্যাণের জন্য তাঁরা কিছু করতে পারবেন। বস্তির যদি সত্যই জলের, ড্রেনের, রাস্তার ব্যবস্থা তাঁরা করতে চান তাহলে আইন তাদের সেই অধিকার দিচ্ছে না। আমি সেজন্য মনে করছি যে এটা অসম্পূর্ণ হয়ে যাচ্ছে, প্রাপ্তবয়স্কের ভোটে যাঁরা নির্বাচিত হচ্ছেন তাঁদের কাজকর্ম করা অসুবিধা হয়ে যাচ্ছে এবং যাঁরা ভোট দিচ্ছেন তাদের ভোট দেয়া মাত্রই সার হচ্ছে কিন্তু তাঁদের কল্যাণ এই সভ্যদের দ্বারা কিছু হচ্ছে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে, আমরা দেখছি যে যেখানে ওষুধ দেবার দরকার ছিল সেখানে ওষুধ পড়লো না কিন্তু খুঁচিয়ে ২-১টা জায়গায় ঘা করা হল। আগে ছিল যেখানে ২ হাজার ভোট এখন সেখানে অন্তত ২০/২২/২৫ হাজার ভোট নিয়ে তাঁরা যাচ্ছেন, কিন্তু আপনারা তাঁদের ক্ষমতা সীমাবদ্ধ করে দিচ্ছেন।

[2-30—2-40 p.m.]

কিন্তু তাদের ক্ষমতা আপনি সীমাবদ্ধ করে দিয়েছেন। আমি মনে করবো নির্বাচিত সভ্যদের ক্ষমতা এইভাবে কেড়ে নেওয়া উচিত নয়। বরঞ্চ আরও বেশী তাদের ক্ষমতা দেওয়া উচিত, এবং এইভাবে যারা প্রাপ্তবয়স্ক ভোটারের ভোটের ভিত্তিতে নির্বাচিত হবেন, তারা যাতে আরও ভালভাবে কাজ করতে পারে, তার জন্য তাদের কাজ করবার ক্ষমতা আরও বেশী বাড়িয়ে দেওয়া উচিত। আমি অনুরোধ করবো এই হাউসে আমরা যখন এ সম্বন্ধে আলোচনা করছি, তখন যাতে এটা সংশোধিত হয় এবং আপনি নিজে যাতে চেষ্টা করে তাদের ক্ষমতা বাড়িয়ে দিতে পারেন, সে দিকে নজর দেবেন।

আমার দ্বিতীয় কথা হচ্ছে আজকে অল্ডারম্যান নির্বাচন, সেটা কেন সিঙ্গল ট্রান্সফারেবল ভোটে হবে না? বহু মতের লোক সেখানে যেতে পারেন। সেই প্রতিনিধিরা তাদের মনের মত নিজেদের লোক কোনখানে দিতে পারবে না? যেমনভাবে বিধানসভা থেকে নির্বাচন হয় কাউন্সিলে লোক পাঠাবার জন্য, ঠিক সেইভাবে যদি এক্ষেত্রে ব্যবস্থা করেন, তাহলে অল্ডারম্যান নির্বাচন ভাল হবে।

আর একটা কথা আমি বলবো, এই যে কমিটির সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে, তা নিয়ে আমি আপত্তি করেছিলাম। আমার মনে হয় কমিটির সংখ্যা যা আছে তাই রাখা উচিত এবং তাদের সুবিধার জন্য যদি আরও কয়েকটি কমিটি করতে হয়, তাহলে সে চেষ্টাও করা উচিত। সবচেয়ে প্রয়োজন হচ্ছে যে এমন একটি আইন রচনা করা, যাতে প্রত্যেকটি সভ্য অন্তত এক-একটি কমিটিতে কাজ করবার সুযোগ পান। আজ দীর্ঘ কয়েক বৎসর ধরে কর্পোরেশনে এরকম একটি দল চালু হয়ে আসছে, অর্থাৎ যারা সংখ্যালঘু, তাদের কমিটি থেকে একেবারে বাদ দেওয়া হয়েছে। কিন্তু কংগ্রেস যখন গোড়ায় কর্পোরেশনে গিয়েছিলেন দেশবন্ধুর নেতৃত্বে, যিনি সম্পূর্ণভাবে প্রত্যেকটি সভ্যকে দু-তিনটি কমিটিতে তাদের নিয়ে বেশ ভালভাবে কাজ চালিয়েছিলেন। আমি সেইজন্য অনুরোধ করবো কমিটির সংখ্যা যদি বাড়ানর প্রয়োজন হয়, বাড়ান, এবং এমন একটি বিধি করুন, যার দ্বারা কর্পোরেশনের প্রত্যেকটি সভ্য এক-একটি কমিটিতে কাজ করবার সুযোগ পায়।

সবচেয়ে একটি অসুবিধার কথা মনে করি। একটা অত্যন্ত ক্ষমতা কেড়ে নেবার কথা মনে করি। আপনারা নির্বাচিত সভ্যদের কোন কর্পোরেশনের ইউনিয়নেতে কাজ করবার সুযোগ দিচ্ছেন না। আজকে কর্পোরেশনের সভ্য যারা, তারা যদি সেখানে নির্বাচন পরিচালনা করবার দায়িত্ব না নিতে পারেন, তাহলে কে নেবেন? সেইজন্য এখানে সবচেয়ে বড় কথা হচ্ছে, যে সভ্যরা ইউনিয়নের যাতে সভ্য হতে পারেন এবং ইউনিয়ন পরিচালনা করবার সুযোগ তারা পেতে পারেন, তার দিকে আপনার নজর দেওয়া উচিত, এবং আমরা যে সংশোধনী এনেছি, সেই সংশোধনীকে আপনার গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। এটা হয়ত ঠিকই যে অনেক সময়, অনেক দিন ধরে, হয়ত পৌরসভার সভ্যরা ভালভাবে কাজ করতে পারেন নি বা সুযোগ পান নি, সেইজন্য সাধারণ লোকের মনে একটু দুঃখ আছে। কিন্তু আমি বিশ্বাস করি এইভাবে নির্বাচনের মধ্য দিয়ে যাঁরা আসবেন, তাঁরা সাধারণ মানুষের প্রকৃত প্রতিনিধি হয়েই যাবেন। এই বিরাট জোর যাদের পিছনে থাকবে তাদের উপরে আমরা বিশ্বাস রাখতে পারি। হয়ত অনেক সময় এইরকম হয়েছে যে সেখানে আইন আছে এবং সেই আইন থাকা সত্ত্বেও পৌরসভার সভ্যরা ভাল কাজ করেন নি, ভাল দিকে যান নি; তার সংশোধনের জন্য এইসব কমিটির দরকার। ব্যক্তিগতভাবে একজন না করতে পারেন, কিন্তু অনেকগুলি কমিটি থাকলে, সেই কমিটির মধ্য দিয়ে ভাল কাজ তারা করতে পারেন। ব্যক্তিগতভাবে একজন না করতে পারে কিন্তু অনেকগুলি কমিটি থাকলে সেই কমিটির মধ্যে দিয়ে নানা ভাল কাজ করতে পারে। আমি একটা উদাহরণ দিতে পারি। আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীনিরঞ্জন সেনগুপ্ত মহাশয় সময় পান নি বলে বলতে পারেন নি, আমি সেই কথা বলতে পারি টালিগঞ্জ এলাকা যখন কলকাতা কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়ে গেল তখন থেকে আজ পর্যন্ত সেই টালিগঞ্জ এলাকার কোন উন্নতি হয় নি। তারাও কলকাতার সাধারণ মানুষের মত কর দেয় কিন্তু তারা এই কলকাতার মানুষেরা অন্ততপক্ষে যে সুবিধা পায় টালিগঞ্জের এলাকার মানুষেরা সে সুবিধা পায় না। আমি সেইজন্য বলবো কর্পোরেশনকে সরকার থেকে যদি এইরকম নির্দেশ দেওয়া হয়--আইনের দ্বারাই হোক বা যেভাবেই হোক--যে এই কলকাতা শহরে অবহেলিত, যেখানে বিশেষভাবে কোন সুবিধা পৌঁছায়নি বা পৌঁছাতে পারে না সেইগুলির আগে সেখানে উন্নতি করা উচিত, সেই এলাকাগুলি ভাল করা উচিত। এই কথা বলে এই বিলটি আরো ভালভাবে সকলের আলোচনার মধ্যে দিয়ে বিলের উন্নতি হতে পারে, এই কথা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বিভিন্ন ধারা আলোচনার সময় আমি আর আর সব বক্তব্য রাখবো।

শ্রীনরেন্দ্রনাথ সেন: মাননীয় স্পীকার মহোদয়, যে বিলটি আমাদের সামনে উপস্থিত হয়েছে এই বিল সমর্থন করতে উঠে আমি দু-একটি কথা বলতে চাই। স্যার, এই বিল সাধারণত প্রশাসনিক অসুবিধা দূর করার জনাই আনা হয়েছে। কাজ করতে গিয়ে যে সব অসুবিধা দেখা গিয়েছে সেইগুলি দূর করবার জন্য কিছু কিছু বিধি ব্যবস্থা করা হয়েছে কিন্তু এর ভিতরে এখনও অনেক জিনিস আসে নি যেগুলি নাকি জনসাধারণের স্বার্থে আসা উচিত ছিল। কাজেই সেদিক দিয়ে এই বিল অসম্পূর্ণ রয়েছে এবং এই বিষয়গুলির সম্বন্ধে আবার নূতন করে সংশোধনী বিল আনার বোধ হয় প্রয়োজন হবে। সেই বিষয়গুলি সম্বন্ধে এখানে বহুবার জনসাধারণের

অসুবিধার কথা বলেছি সে সম্বন্ধে বিশেষ কিছু করা হয় নি। কেন না বিলটার স্কোপ খুব লিমিটেড ছিল, কাজেই এই স্কোপের বাইরে গিয়ে আমরাও সিলেক্ট কমিটিতে এই স্কোপের বাইরে গিয়ে নূতন কোন ধারা আনতে পারি নি বা মিউনিসিপ্যাল অ্যাক্টের কোন পরিবর্তন করতে পারি নি। স্যার, বিলটা সম্বন্ধে কিছু কিছু বিরূপ সমালোচনা হয়েছে আমি সে সম্বন্ধে দু একটি বিষয় উল্লেখ করবো। কিন্তু তার আগে যে জিনিসগুলি জনসাধারণের স্বার্থে আসা উচিত বা অদূর ভবিষ্যতে আসা উচিত সেই অসুবিধাগুলি আমি আগে গভর্নমেন্টের কাছে পেশ করতে চাই যাতে বিশেষ করে অদূর ভবিষ্যতে গভর্নমেন্ট এই সম্বন্ধে নূতন করে ব্যবস্থা অবলম্বন করে নূতন করে সংশোধনী বিল আনতে পারেন। স্যার, প্রথম কথা বলছি যে, কিছুদিন থেকে এখানে বস্তির লোকদের সুযোগ-সুবিধা দেবার কথা বলা হয়েছে। বস্তির হাট সম্বন্ধে যে ডেফিনিসন রয়েছে সেই হাটের ডেফিনিসন যতক্ষণ না পরিবর্তন করা যাবে সেকশন ৫ আইটেম ৩৮-এ হাট সম্বন্ধে যে ডেফিনিসন আছে অর্থাৎ তার প্লিন্থ থেকে দেড় ফুটের উপরে সে আর কোন মেটাল বেড়া দিতে পারবে না, এটার পরিবর্তন যতক্ষণ না হবে ততক্ষণ পর্যন্ত সেই হাটের লোকগুলো মানুষের মত বাস করবার অধিকার পাবে না। কেন এটার পরিবর্তন হবে না আমি বুঝতে পারি না। অবশ্য স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্টের ফলেতে গভর্নমেন্টের এ ধারনা হতে পারে যে যদি কেউ এখানে পাকা ওয়াল করে তাহলে তার কমপেনসেসনে বাধতে পারে। কিন্তু আমার মনে হয় সেই কমপেনসেসনের প্রশ্ন বাদ দিয়েও আজকে হাটের ওনার সে যদি পাকা ওয়াল করে জানলা ইত্যাদি বসিয়ে মানুষের মত বাস করতে চায় তাহলে এই আইনের পরিবর্তন করে তাকে সে অধিকার দেওয়া উচিত। দ্বিতীয়ত বস্তির ইমপ্রুভমেন্ট সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, বস্তির ইমপ্রুভমেন্ট হওয়া উচিত। এমন সব বস্তি আছে যেখানে এত সংকীর্ণ রাস্তা যে একটা অ্যাম্বুলেন্স যাওয়া ত দূরের কথা একটা এপিডেমিকের সময় একটা কলেরা রোগী যদি সেখানে থাকে তাহলে তাকে স্ট্রেচারে করেও বের করা যায় না।

[2-40—2-50 p.m.]

বর্তমান মিউনিসিপ্যাল অ্যাক্টে স্ট্যান্ডার্ড বস্তি সম্পর্কে একটা প্রভিশন আছে, কিন্তু এত বৎসর সত্ত্বেও এ সম্বন্ধে বিশেষ কোন কার্য করা হয় নি। যেসব বস্তিতে এইরকম অবস্থা সেইসব বস্তির মালিককে বাধ্য করে সেই সব জায়গায় সম্প্রসারণ করা উচিত বলে মনে করি—এই প্রভিশন আনা উচিত। স্যার, বস্তিবাসীদের অবস্থা অতি শোচনীয়, তাঁরা মানুষের মতো বাস করার সুযোগ পান না। জল যদি নিতে হয়, সেকশন ২৮০ অফ দি মিউনিসিপ্যাল অ্যাক্টএ আছে যে, হাটএ কোন ডাইরেক্ট কনেকশন দেওয়া হবে না, তাঁকে মালিকের অনুমতি নিতে হবে। পায়খানা, ড্রেন করতে গেলেও মালিকের অনুমতি নিতে হবে। জমিদারকে অনেক টাকা না দিলে এই অনুমতি পাওয়া যায় না। এটার পরিবর্তন হওয়া উচিত। সেকশন ২৮০ ডিলিটেড হওয়া উচিত। সেকশন ৩১৮তে ড্রেন সম্পর্কে একটা প্রভিশন আছে, কোন বস্তির মালিক-জমিদার যদি ড্রেন না করে, কর্পোরেশন-এর এই অধিকার নেওয়া উচিত জমিদারকে জোর করে বাধ্য করা। তারপর কর্পোরেশন সেকশন ১৬৫এ খরচ আদায় করবে। আমি স্বীকার করি, কিছু কিছু পরিবর্তন হয়েছে, কিন্তু স্ল্যাব সম্পর্কে আসলে যে পরিবর্তন হওয়া প্রয়োজন তা হয় নি। মিডল ক্লাস বাড়িওয়ালাদের কিছু সুযোগ দেওয়া উচিত। বর্তমানে ১৬৫তে যে স্ল্যাবটা আছে, তার রিল্যাক্সেশন করা উচিত, যেখানে ১,০০০ টাকা আছে, ১৫ পারসেন্ট সেখানে ২,০০০ টাকা হওয়া উচিত, ১৮ পারসেন্ট যেখানে আছে সেটার পরিমাণ আরও বাড়িয়ে ১০০০এর জায়গায় ২০০০, তিন হাজারের জায়গায় পাঁচ হাজার, ২৩ পারসেন্ট হওয়া উচিত। আমি সাজেসশন দিয়েছিলাম

25 per cent. on the annual valuation, where annual valuation exceeds Rs. 30,000.

এবং তার উপর ৩০,০০০এর উপর ৩০ পারসেন্ট করা উচিত। যদি গভর্নমেন্ট এই আইনটা সংশোধন করে এটা করেন তা হলে কর্পোরেশনের অনেক আয় বাড়বে। স্যার, এভাবে যদি স্ল্যাব ভ্যালুয়েশন দিক থেকে বাড়িয়ে দেওয়া যায় তাহলে মিডল ক্লাস হাউসওনারস কিছু কিছু সুবিধা পাবে বলে মনে করি। তারপর,

Annual valuation of the bustees and huts section 168(4) 202

আছে; আমি বারবার বলেছি বস্তির হাটের আলাদা আলাদা করে অ্যাসেসমেন্ট ভ্যালুয়েশন হওয়া উচিত। বর্তমানে বস্তিগুলিতে যেসব হাট আছে তার প্রত্যেকটার আলাদা নাম্বারিং আছে এবং বর্তমানে যে নিয়ম চলছে ১৬৮ বা ২০০তে তাতে সেই নিয়ম অনুযায়ী এক-একজনকে ১৫ পারসেন্ট দিতে হয়, একজন হাটওনারকে ২৩ পারসেন্টএর উপর ট্যাক্স দিতে হয়। এটার পরিবর্তন হওয়া প্রয়োজন বলে মনে করি। আজকে ট্যাক্সেশনএর অ্যাসেসমেন্ট প্রত্যেক হাটের উপর আলাদা আলাদা হওয়া উচিত, তাহলে স্ল্যাব কিছু কমে যাবে এবং হাটে যেসব গরিব লোক বাস করে তাদের ট্যাক্সের পরিমাণ কমে যাবে—এই সুযোগ-সুবিধা তাদের দেওয়া উচিত। স্যার, আজকাল দেখা যাচ্ছে কলকাতা শহরে প্রায়ই বাড়ি পড়ে যাচ্ছে, হাউস কোলাপ্স করছে। এই বিলে কোন একটা ব্যবস্থা করা উচিত এটা বন্ধ হতে পারে। অবশ্য ৪৩২তে আছে যে, যদি কোন হাউস ডেঞ্জারাস কনডিশনএ পৌঁছে তাহলে কর্পোরেশন ইন্সিওরেন্স বিল্ডিং অ্যাক্টএ নোটিস দিয়ে সেই বাড়ি ডিমলিস করতে পারেন। কিন্তু, স্যার, আপনি জানেন,

prevention is better than cure

এমন একটা প্রভিশন থাকা উচিত যে, কর্পোরেশনএর কমিশনার প্রত্যেক পাকাবাড়ি, মাঝে মাঝে ইন্সপেকশন করবেন এবং প্রয়োজন বোধ করলে পিরিয়ডিক্যালি রিপেয়ার করতে বাধ্য করবেন। সম্প্রতি হাউস কোলাপ্সএ কয়েক জায়গায় লোক মারা গেছে। এটা বন্ধ হওয়া উচিত। কিন্তু কর্পোরেশন কর্তৃপক্ষ বলছেন আমাদের এমন কোন প্রভিশন নাই। কাজেই মিউনিসিপ্যাল অ্যাক্টএ এই প্রভিশন আনা উচিত, কর্পোরেশনএর এই পাওয়ার নেওয়া উচিত যাতে করে কোন বাড়ি ইনসিকিওর এবং ডেঞ্জারাস কন্ডিশনএ পৌঁছাবার আগেই সেই বাড়ির মালিক পিরিয়ডিক্যালি রিপেয়ার করতে বাধ্য হন। তারপর বর্তমানে বিল্ডিং রুলস যেগুলি আছে সিডিউল ১৬এ, তারও কিছু কিছু পরিবর্তন হওয়া উচিত। বিল্ডিং রুলএর রুল ৩, সাব-রুল ৩তে আছে,

Notwithstanding anything contained in sub-rule (1) or sub-rule (2) the Corporation may by order published in the Official Gazette declare that in any street or portion of a street not less than 12 feet in width which is specified in the order the erection of two-storeyed buildings not exceeding 28 feet in height excluding two feet for the plinth and excluding open or balustrated parapets not more than 4 feet high will be permitted without complying with the requirements of those sub-rules 3.

১২ ফিট যেখানে আছে সেটা বাড়িয়ে দেওয়া উচিত। তারপর রুল ৩০এর কিছু রিল্যাক্সেশন হওয়া উচিত। রুল ৩০তে আছে কতগুলি জায়গায় ব্যাক স্পেস যেখানে আছে সেখানে পিছনের হাইট বাড়াতে পারা যাবে কিনা। বাড়ির পিছনে রেলওয়ে লাইন রয়েছে, ট্যাঙ্ক রয়েছে, যথেষ্ট ব্যাকস্পেস রয়েছে এমন স্থলে হাইট বাড়ানোর প্রভিশন থাকা উচিত। তারপর, স্যার,

Sections 598, 599 and 600 of the Act.

এটা আশ্চর্যজনক ব্যাপার! কলকাতার হেস্টিংস এরিয়া আগে ফোর্টএর অধীনে ছিল, কাজেই এসব এলাকায় কেউ বাড়ি করতে পারত না, কম্যান্ডান্টএর অনুমতি ছাড়া। ৫৯৮ বলছে

Control by General Officer Commanding in the Presidency district over Government land and buildings.

এখন এই এরিয়া ক্যালকাটা মিউনিসিপ্যালিটির মধ্যে চলে এসেছে মিলিটারি আওতা থেকে। এখন আর কম্যান্ডিং অফিসারএর অনুমতি নেওয়ার প্রয়োজন নাই। ৫২৯তে আছে, কমিশনার অফ পুলিশএর অনুমতি ছাড়া প্ল্যান স্যাংশন হতে পারে না। কিন্তু পুলিশ কমিশনার বলেছেন এ সম্পর্কে আমাদের কিছু করণীয় নাই। তাই আমি বলছি এগুলি যখন জনসাধারণের স্বার্থে ছেড়ে দেওয়া হয়েছে তখন সেকশন ৫৯৮, ৫৯৯ এবং ৬০০ ডিলিটেড হওয়া উচিত।

স্যার, রুল থার্টিটু এবং সাব-রুল ফোর-এর দিকে আমি গভর্নমেন্টএর দৃষ্টি আকর্ষণ করছি। সাব-রুল ফোর-এ বলছে,

The provision of this rule shall not apply to any alterations or addition made to a building existing at the commencement of this Act, if such alteration or addition merely adds to the height of and rests upon such buildings.

অর্থাৎ এই অনুযায়ী একজন বাড়িওয়ালা একটি সরু জায়গায় বাড়ি করতে পারবে, দু-তিন তলা বাড়ি করতে পারবে, কিন্তু তার পাশের বাড়ির লোকের এয়ার, লাইট নষ্ট হবে এটা হওয়া উচিত নয়। কাজেই এই প্রভিশন থাকা উচিত,

Provided subject to the easement of air and light.

এই কথা বলে আমি এই বিল সমর্থন করছি।

[2-50—3 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Speaker, Sir, this amending Bill reminds me of late Dr. Roy's steering the Joint Select Committee meeting on the Children Bill in the previous House. Almost all the vital suggestions and amendments submitted by the Opposition members were either incorporated in the Bill or explained away very convincingly by him, or later accepted with some modifications on the floor of the Assembly. But this Bill and the report of the Joint Committee and the notes of dissent tell quite a different tale. It seems that almost all our amendments, recommendation, however fundamental they were, have been rejected by the Congress majority. Sir, before the principle of adult franchise was accepted, the Hon'ble Minister-in-charge, then Shri Iswar Das Jalan—unfortunately he is not here today—vehemently opposed it on the most fantastic and undemocratic plea that he who does not pay municipal tax would not have any right to vote. Sir, all that is past history now. Adult franchise has come to stay—and this is the brightest patch of this amending Bill—an agelong stigma is going to be effaced from the face of Calcutta and I congratulate the Hon'ble Minister for this. But the old fact remains. The ruling party does not seem to have wholeheartedly accepted the fact of adult franchise. That is why they are afraid of the consequences of the future and they are anxious to amend the Bill in such a way as to enhance the present interference by the present Government in the administration of the Calcutta Corporation. All efforts are being made to increase the influence of the Government nominated and other allied bureaucrats in the civic administration. The councillors are reduced to the status of mere debators or sometimes howlers. Even the Standing Committee are transformed into mere consultative bodies with the Commissioner as the all powerful despot on the head of all, as if Calcutta Corporation was a civic branch of the State Government. The changed conditions prevailing, namely, the enormous increase in city population and the serious defect in the supply of filtered water to the increased population, the failure of drainage system which was perhaps once adequate for almost less than half the present population, the progressive deterioration in the economic conditions of the masses resulting in abominably wretched conditions in the slums, the repeated visitations of epidemic taking a heavy toll of human work-hours and lives every year—all these demanded that a radical change in the Calcutta Municipal Act should have been attempted instead of a piecemeal and haphazard effort at amendment. Sir, a totally different outlook should have been shown and the above consideration should have been placed in the fore-front in amending the Bill. Mr. Chairman, Sir, you have just now remarked that this Bill is most incomplete in some of those respects and that no such awareness is shown in the present amending Bill. A system of diarchy with a Commissioner on one side and the elected councillors on the other is not only perpetuated but made to weigh more heavily on the side of bureaucracy.

Sir, the number of Standing Committees has also been sought to be reduced and the State Government is making arrangements to encroach on them by deputing one or two of their own nominated members to those Standing Committees for any length of time that they may consider is

advisable. Again, the newly created estimates committee will have to function under rules framed not by the Corporation but by the State Government. Provision has also been made so that every paltry Corporation expenditure will have to await the sanction of the State Government. It will not only create bottlenecks but will, in addition, restrict the autonomy of this self-governing institution. Moreover, if we look for any positive side in the amending Bill we shall be disappointed. We are shocked to see the magnitude of omissions. Councillors should have some tangible scope for serving their constituencies. But there is no provision in the Bill to that effect. There is no provision even for the Borough Committees to function with any weight of authorities or even responsibilities in looking after water supply, sanitation, conservancy system, drainage, health and educational problems within the area of their own jurisdiction. Aldermen and Standing Committees are exclusive preserves of the ruling party and all other elected councillors are debarred from it, and from functioning in their own capacity. It was not so during the British rule, neither in those pre-Independence days when the Congress had a much more overwhelming majority in the Corporation than they have now. A simple method of proportional representation by secret ballots and single transferable vote will do the trick, but the ruling party is not willing to forego its monopoly in them. Sir, the poor bustee dwellers seem to have been left out of consideration in amending the Bill. They do not receive any municipal service worth the name—as if the Corporation do not exist for them. The irony of the thing is that—Mr. Chairman, as you have just now mentioned—a bustee hut-owner pays a comparatively larger share than the owner of a pucca building or mansion. Bustees have no water supply, no drainage, no lighting arrangements, no roads, in spite of Shri Naresh Nath Mukherjee's day-dreaming yesterday. They cannot even have a common tubewell if the zemindar refuses permission for [illegible]. That is our experience. Sir, I do not know what provision has been made in the Municipal Bill to control construction of factories, of godowns, khatals, shops of explosive substances, storeyards of wood and [illegible] oil drums and such other easily inflammable materials which are also [illegible] in them. There is no provision for prevention of manufacture, stocking and sale of adulterated foodstuff in municipal and other market.

Sir, there is another and a very important omission. As everybody knows, the Calcutta Corporation is a very poor Corporation when compared to other big Corporations in India like Bombay, Delhi and Madras, yet there is no provision in the amending Bill for increasing the revenue of the Calcutta Corporation. A share of Motor Vehicles tax and amusement tax raised within the Calcutta Municipal area should have been allotted to the Calcutta Corporation. Sir, schedule 7 regarding the rate of tax on advertisement should have been advantageously revised, and as you have just now mentioned, the slab system of municipal taxation should have been revised too. Sir, instead of attending to all these the Bill proposes a fresh and cumbrous burden on the Corporation's finance by the creation

[3—3-10 p.m.]

of a tribunal with the highly paid President and two Assessors and all the other staff that the President may consider necessary, all at the expense of the Corporation. There may even be more than one tribunal. The rules for the conduct of its business will also be made not by the Corporation, but by the President himself who along with one of the Assessors will be appointed by the State Government. Even the fees for tribunal cases will be fixed not by the Corporation, but by the State Government, thus bringing a fresh additional control by the State Government through the back-

door. Then this tribunal will decide cases of rate-payers with an advantage over them in having full access to all the requisite papers from the Corporation which the rate-payers will not have. And worst of all, this amending Bill deprives the poor rate-payers of the right of appeal in any court of law against any judgment of the tribunal. This is ultra vires of section 266 of the Constitution. Even if a court judgment can be appealed against in higher court, to put a tribunal above all courts of law is wrong and unconstitutional. Even industrial tribunals do not enjoy this immunity. It is an affront on the fundamental rights of the citizen. Another instance of a similar infringment of the fundamental rights is a ban on Councillors against acting as office-bearers or members of Executive Committees of the Corporation Employees' Union. Both these are bad in law and as such must be rectified. Under British rule there was a provision for giving some relief in the shape of tax reduction to widows who had no other source of income except their dwelling house. It is a shame that this concession was taken away after Independence. This must be restored. On the other hand there is an innovation in the Bill. A provision has been made for pay and meeting allowance for the Councillors, the total of both not exceeding Rs. 150 per month per head. Why this pittance? Is it only to insult the Councillors. There is no doubt that the Councillors are as much entitled to remuneration for work as elected representatives of the people as we here in the Assembly or members of Parliament. But the rate-payers may demand to know that if financial consideration stand in the way bettering municipal service to them, what right has the Corporation to start a new tradition of paying their Councillors? When municipal employees are clamouring for increased pay and dearness allowance, when slum clearance is being delayed for lack of finance, what is the justification for starting to pay the Councillors who have till now been serving the people in an honorary capacity as city fathers? It will be worth while to find out how the Councillors themselves feel about it and how the rate-payers will receive such an innovation. All these go to show the callousness and narrowness of the Ruling Party. Instead of enacting laws which will contribute to the improvement of functioning of Calcutta Corporation and re-establishing it in the esteem of the citizens, they are just trying to increase governmental control of the Corporation thus ridiculing its character of self-government. So I oppose this Bill.

Shrimati Biva Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে বিল এখানে এসেছে এ সম্বন্ধে আমি একথাই বলতে চাই যে সমস্যাসংকুল কলকাতার অধিবাসীদের এই বিলের দিকে যে দৃষ্টি আছে সেটা আমরা প্রত্যেকেই বুঝতে পারছি। আমরা কলকাতা কর্পোরেশনের দুরবস্থার কথা গত এক বছর ধরে কাগজে দেখতে পাচ্ছি। এই বিলের মাধ্যমে কিছু তার এ্যামেন্ড করে নিয়ে আসা হয়েছে বটে কিন্তু সম্যক এ্যামেন্ডমেন্ট হয়েছে বলে আমরা বোধ করছি না। মাননীয় সদস্য শ্রীভবানী মুখার্জী মহাশয় সেই কথাটা এই হাউসে তুলেছিলেন কিন্তু সেই কথাটা বিশদভাবে বিশ্লেষণ করেননি। কলকাতা কর্পোরেশনের আমরা এফিসিয়েন্সি চাই, অ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি দরকার এটা ঠিকই। কিন্তু এ্যাডমিনিষ্ট্রেটিভ এফিসিয়েন্সি যদি চাইতে হয় তাহলে তার আর্থিক সংগতি থাকা দরকার। কলকাতার মানুষের উপর আজকে বিশেষ চাপ এসে পড়েছে। রেট-পেয়ার্সদের কথা আজকে আমরা ভাবছি না। ক্রমশঃ আমরা তাদের উপর ট্যাক্সের হার চাপিয়ে দিচ্ছি। যেটুকু ট্যাক্স ধার্য হয় সেটুকু যদি আদায় হয় তাহলে হয়ত কাজ সুপরিচালিত হয়। কিন্তু এত সমস্যা যে এটুকুই সব নয়। কারণ, আজকে কলকাতা কর্পোরেশানের মধ্যে যেসমস্ত ছেলেমেয়ে লেখাপড়া শিখছে তারা খুব মুষ্টিমেয়। আজকে বাংলাদেশের গ্রামে গ্রামে স্কুল হচ্ছে ফ্রি এডুকেশান হচ্ছে, কিন্তু কলকাতা কর্পোরেশানের নিম্নমধ্যবিত্ত বাড়ীর ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারছে না। সেজন্য আমি একথা বলতে চাই যে কলকাতা

কর্পোরেশানের এফিসিয়েন্সি যদি বাড়াতে হয় তাহলে সরকারকে টাকা দিতে হবে, শুধু রেট-পেয়ারদের টাকা থেকে এর সংকুলান হবে না। অন্যান্য যেসমস্ত ট্যাক্স আছে কলকাতা কর্পোরেশান সেই সমস্ত ট্যাক্স পায় না, তার আংশিক টাকা পায়। কিন্তু যাঁরা আজকে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সেই কাউন্সিলরদের উপর সেই চাপ এসে পড়েছে। কিন্তু আমরা একথা বলব যে তাঁদের উপর চাপ দিলে হবে না, তাঁদের উপর চাপ দেওয়ার আগে আমাদের ভাবতে হবে কলকাতা কর্পোরেশানের উন্নতিসাধনের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা দরকার। কিন্তু আমরা গত এক বছর ধরে দেখছি কাউন্সিলরদের সঙ্গে এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারের নানা রকমের ঝগড়া। আজকে আমরা মনুষ্যের মানসিক পরিবর্তন করতে পারছি না। মানুষের মানসিক পরিবর্তন না হলে নিজেদের মধ্যে কো-অপারেশান না থাকলে কখনও এ্যাডমিনিস্ট্রেশানে সুশৃংখলা আসতে পারে না। আজকে যে মিউনিসিপ্যাল এ্যাক্ট এসেছে সেটাকে অভিনন্দন জানাচ্ছি। কারণ, প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচিত প্রতিনিধিরা ওখানে যাবেন এবং কলকাতার জনসাধারণের উপর তাঁদের দৃষ্টি থাকবে, তাদের সুখদুঃখের সঙ্গে তাঁরা জড়িয়ে থাকবেন। কলকাতা কর্পোরেশানে যে নির্বাচন হত তাতে রেট-পেয়ারদের ভোট থাকত, কিছু শিক্ষিত লোকের ভোট থাকত, কিন্তু প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার ছিল না। আজকে সাধারণ মানুষের যেসব সমস্যা আছে সুখদুঃখ আছে সেইসব কথা চিন্তা করে আইন তৈরি করা [illegible] তাইজন্য আমি আজকে একথা বলতে চাই যেকথা মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র এবং অন্যের [illegible] বলেছেন যে কোলকাতায় বস্তিবাসীদের প্রতি আমরা আমাদের চক্ষু বন্ধ করে রেখেছি। আমরা [illegible] আগে অনেক সময় সিলেক্ট কমিটিতে বলেছি যে এই য়্যাক্টের মধ্যে এমন জিনিস দেয়া [illegible] ঐ আইনের [illegible] ঐ বস্তির জমিদারের কাছ থেকে একটা কল কিংবা একটা ড্রেন পায়খানা করাতে পারে। তাদের সেই জমিটুকুর দাম না দিয়ে আইন এমনভাবে তৈরী [illegible] দরকার যাতে এই শুভেচ্ছাটুকু তাদের আমরা দিতে পারি। প্রত্যেক বস্তিতে যাতে কলকাতা কর্পোরেশনের একটা করে ঠাকুরঘর থাকে, একটি করে সমাজসেবার ঘর থাকে বার বার এই অনুরোধ জানিয়েছিলাম। আজকে তাদের দেখতে পাচ্ছি যে গ্রামে কিছু সমাজ-সেবার কাজ হচ্ছে, সোসাল ওয়েলফেয়ার বোর্ড থেকে কিছু গ্রান্ট হচ্ছে—সেখানে অনেক সমাজ-সেবার কাজ হচ্ছে [illegible] কোলকাতা সহরে সমাজ-সেবার কাজ তো দূরের কথা, যারা কোলকাতা সহরের অন্ধকারের মধ্যে বাস করছে, যেসমস্ত বস্তিবাসীরা দিনরাত্রি নিজেদের দৈনন্দিন জীবন চালাবার জন্য কর্মে রত হচ্ছেন, যারা সারাদিন খেটে দু পয়সা রোজগার করে এনে ছেলেমেয়েদের খাওয়াচ্ছে তাদের ওষুধের জন্য লাইন দিতে হচ্ছে, চালের লাইন দিতে হচ্ছে, তেলের লাইন দিতে হচ্ছে, খাবারের সন্ধান করতে হচ্ছে—সেই সমস্ত লোকদের কথা ভেবে আজকে কোলকাতা কর্পোরেশনের কাউন্সিলার যাঁরা নির্বাচিত হবেন তাঁদের চলতে হবে। সেজন্য এই আইনকে আমি অভিনন্দন জানাবো কিন্তু এই আইনের মধ্যে ওদের সুযোগ সুবিধায় কোন ব্যবস্থা আছে বলে আমি দেখতে পাইনি।

[3-10—3-35p.m.]

আর একটি কথা আমি বলতে চাই, এই কর্পোরেশনের কাউন্সিলাররা কত সম্মানিত ব্যক্তি একটা কাউন্সিলারকে দেখলে লোক কত খুশী হয়, তাঁদের উপর কত লোক নির্ভর করে। সেই সমস্ত কাউন্সিলারদের এই বিলের মধ্যে মাইনে বলে যেকথা বলা হচ্ছে, সেকথাটা নিশ্চয়ই তুলে দেয়া উচিৎ, কারণ আইনের জন্য কেউ সমাজসেবার কাজ করতে আসে না। জনসাধারণের প্রতিনিধি যাঁরা হয়ে আসেন তাঁরা বহু বৎসর ধরে জনসাধারণের সেবা করেন, তারপরে প্রতিনিধিত্ব গ্রহণ করেন। তাঁদের কি টাকার অভাব হয়েছে? য়্যাডমিনিস্ট্রেটিভ অফিসারের হাতে সমস্ত ক্ষমতা দেয়া হয়েছে, তিনি যদি এঁদের সঙ্গে কো-অপারেট করে চলেন, তাহলে দেখা যাবে কোলকাতার কিছু হয়ত সমস্যার সমাধান হতে পারে। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের কাছে একথা বলতে চাচ্ছি ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল যেটা এসেছে সেটাকে আমি সমর্থন জানালাম কিন্তু আমাদের কিছু কিছু যেসমস্ত কথা ছিল সেগুলি আমি আপনার মাধ্যমে জানালাম।

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment.)

[3-35—3-45 p.m.]

NON-OFFICIAL BUSINESS

PRIVATE MEMBERS' BILLS

The City Civil Court (Amendment) Bill, 1964

Mr. Speaker: Shri Kashi Kanta Maitra to move for leave to introduce the City Civil Court (Amendment) Bill, 1964.

Shri Kashi Kanta Maitra: Sir, I beg to introduce the City Civil Court (Amendment) Bill, 1964.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিলটি হাউসের সামনে উপস্থিত করছি, আমি মনে করি এই বিলটি খুব গুরুত্বপূর্ণ বিল। আপনার হয়ত স্মরণ থাকতে পারে ১৯৫৩ সালে বাংলা সরকার সিটি সিভিল কোর্ট অ্যাক্ট পাশ করেন। কেন জানি না। ১৯৫৩ সালে যখন এই অ্যাক্ট পাশ হল, তারপর দীর্ঘ চার বৎসর সিটি কোর্ট চালু হল, হবার পর ১৯৫৭ সালে এই সিটি সিভিল কোর্ট অ্যাক্ট হল। সিটি সিভিল কোর্টের যখন আইন প্রণীত হয়, তখন এই নগর দেওয়ানী আদালত সৃষ্ট হল, এবং এর উদ্দেশ্য হিসাবে সেদিন মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে "এর উদ্দেশ্য হচ্ছে কলকাতা হাইকোর্ট থেকে মামলা, মকদ্দমা সরিয়ে নিয়ে এসে নগর দেওয়ানী আদালতের মধ্যে আনার চেষ্টা করা"। "যাতে কলকাতা হাইকোর্টের আদালতে, সেখানে যে কাজের ভীড় রয়েছে, তা কমান যায় এবং অল্প সময়ের মধ্যে মানুষ ন্যায়, বিচার পেতে পারে, তার জন্যই এই আইনটি প্রণীত করলাম। এই কথা তখন তিনি ঘোষণা করেছিলেন। কিন্তু যখন এই আইনটি তৈরি হল তখন সেই আইনের মধ্যে তখন সব সিডিউল এনট্রি করে দিলেন, যার ফলে আইনটাকে সম্পূর্ণ অকেজো করবার চেষ্টা করা হল। এবং আমার মনে পড়ে, হয়ত আপনারও স্মরণ থাকতে পারে যে সেদিন বিরোধী পক্ষের সদস্য ছিলেন শ্রীকুমার ব্যানার্জী, তিনি বলেছিলেন

We are giving birth to a rickety child

এখন আমার মনে হচ্ছে যে শুধু একটি রিকেটি চাইল্ডকে জন্ম দেওয়াই হয়নি, তাকে তিল, তিল করে, না খাইয়ে অনাহারে রেখে, তাকে মারবার জঘন্য ষড়যন্ত্র এই শ্বেতদ্বীপ পরিহিত নূতন আইন মন্ত্রী চালিয়েছেন। আমার এ কথা তাঁকে বলতে দ্বিধা নেই, যে তিনি একটি বিশেষ শ্রেণী স্বার্থে এই বিলটি করেছেন। আমি যে বিলটি এনেছি, তার মাধ্যমে জানাতে চাই, আমি কি কি বলতে চেয়েছি। পুরাণ যে আইন ছিল, সেই আইনের প্রথম সিডিউল-এর সেকসন ৫(৮)এর আওতার মধ্যে যেটা ছিল, সেটার মধ্যে আপনি দেখুন। আপনি যদি দয়া করে বিলটির দিকে দৃষ্টি দেন, দেখবেন এনট্রি নং ১ থেকে আরম্ভ করে এনট্রি নং ১৭, সবগুলি পড়ে দেখুন। আমি আপনার মাধ্যমে এগুলি রাখছি, কেন না, আমি আশা করি আইনমন্ত্রী নিশ্চয় এগুলির জবাব দেবেন। আমি দেখতে চাই কি জবাব তিনি দেন। এই সিডিউল-এ বলা হচ্ছে যে সমস্ত মামলাগুলি নগর দেওয়ানী আদালতে বিচার হবে না, সেই মামলাগুলির নেচার বা প্রকৃতি কি?

1. Suits and proceedings triably by the High Court as a Court of Admiralty or Vice-Admiralty, or as a Colonial Court of Admiralty.

এই সব মামলা হাইকোর্ট ছাড়া হবে না।

2. Suits and proceedings relating to or arising out of shipping or navigation (including in particular carriage by sea, ships, cargo, freight, collisions, salvage, average, maritime, lien, bottomry, respondentia, wages of seamen or master and disbursements) not otherwise triable under entry 1.

3. Suits and proceedings relating to or arising out of carriage by air.

4. Subject to entry 1 and entry 2, suits and proceedings exceeding five thousand rupees in value—

(i) relating to or arising out of import or export of merchandise or

(ii) relating to or arising out of stock exchange transaction or future markets.

(iii) relating to or arising out of documents of title to goods as defined in the Indian Sale of Goods Act, 1930;

(iv) arising out of transactions of merchants and traders relating to the buying or the selling of goods or relating to the construction of mercantile documents;

(v) relating to or arising out of transactions of mercantile agents as defined in the Indian Sale of Goods Act, 1930.

5. Suits and proceedings exceeding five thousand rupees in value relating to or arising out of bills of exchange, hundis or other negotiable securities for money, letters of credit or letters of advice, but not suits and proceedings relating to or arising out of cheques, promissory or currency notes.

6. Suits and proceedings exceeding five thousand rupees in value for dissolution of partnership and for an account of partnership transactions.

7. Suits and proceedings relating to or arising out of mortgages or, charges or lien on immovable property.

8. Suits and proceedings for the administration of assets of deceased persons.

9. Suits and proceedings relating to or arising out of trusts or endowments.

10. Suits and proceedings—

(i) under the Indian Companies Act, 1913, or the Banking Companies Act, 1949, or

(ii) relating to or arising out of the constitution, incorporation, management or winding up of corporations.

11. Suits and proceedings under the Arbitration Act, 1940, other than suits and proceedings under Chapter IV of that Act.

12. Proceedings for the relief of insolvent debtors triable by the High Court.

13. Proceedings under the Indian Lunacy Act, 1912, triable by the High Court.

14. Suits and proceedings triable by the High Court as a Court having testamentary or intestate jurisdiction but not proceedings under Part X of the Indian Succession Act, 1925, in respect of succession certificates.

15. Suits and proceedings triable by the High Court as a Court of matrimonial jurisdiction.

16. Suits and proceedings triable by the High Court under any special law other than the Letters Patent.

17. Suits and proceedings triable by the Small Cause Court.

যে কোন আইনজীবী, সাধারণ বুদ্ধিসম্পন্ন যে কোন নাগরিকের এবং এই আইনসভার যে কোন সদস্যেরই মনে হবে এই রকম একটা হাস্যাস্পদ জিনিষ কি করে যে আইনের মধ্যে ঢুকতে পারে আমরা বুঝতে পারি না। আপনি বিশেষ আইনজীবী হিসাবে জানেন এবং এই হাউসে যে সব আইনজীবী সদস্য আছেন এবং যাঁরা আইনজীবী নন তাঁরাও বুঝতে পারবেন। আমি বলে দিলাম অ্যাডমিরালটি সুটস্ বা ভাইস অ্যাডমিরালটি সুট্স্ সেটা না হয় ছেড়েই দিলাম, এন্ট্রি নং ৩ থেকে আরম্ভ করে ১৭ নং পর্যন্ত আইটেম বাংলাদেশের যে কোন আদালতে বিচার হতে পারে। মজার ব্যাপার দেখুন আপনি যে আলীপুর ডিস্ট্রিক্ট জজ্ তিনি আনলিমিটেড পিকিউনিয়ারি জুরিসডিকশনের মামলা শুনতে পারেন। আমি কংগ্রেস সদস্য আনন্দবাবু, সামশুদ্দিন সাহেব, নরেনবাবু, যাঁরা এখানে আছেন তাঁদের অনুরোধ করবো দলীয় দৃষ্টিভঙ্গী দিয়ে যেন তাঁরা এটাকে না দেখেন, ভেবে দেখুন কত বড় অবিচার আপনারা করছেন। আলীপুরের ডিস্ট্রিক্ট জজ্, নদীয়া, বীরভূম, মুর্শিদাবাদ, বাংলাদেশের যে কোন জেলা জজ্ আনলিমিটেড পিকিউনিয়ারি জুরিসডিকশনের মামলা করতে পারেন, ৫০ হাজার, ১ লক্ষ টাকার মামলা প্রতি দিন তাঁরা করতে পারেন কিন্তু সেই আলীপুরের জজকে প্রমোশন দিয়ে—যদিও সিটি কোর্টের জজের র‍্যাঙ্ক একই, তবুও আমরা মনে করি সিটি কোর্টে এলে পরে তাঁদের ভাতা আরো বেশী হয়, সেটা প্রাইস পোস্ট—নদীয়া থেকে, মুর্শিদাবাদ থেকে না বাংলাদেশের অন্যান্য জেলা জজেরা তাঁরা উন্নীত হয়ে এলেন সিটি কোর্টে, তাঁদের সিটি কোর্টে প্রমোশনের লাভটা কি হল? সেখানে ৫ হাজারের বেশী বিশেষ বিশেষ মামলা তাঁরা শুনতে পারবেন না। ১০ হাজার এক ধরনের কমার্শিয়াল সুটে তার বেশী তাঁরা শুনতে পারবেন না। এবং এই বিচারগুলি আলীপুরের সাব-জজ্, বাংলাদেশের যে কোন জেলা জজের সাব জজ্ বিচার করতে পারেন। কিন্তু আপনারা আইন করে দিলেন কার স্বার্থে? ঐ যে আমাদের শ্বেত টুপি পরিহিত আইনমন্ত্রী তাঁর জাতভাইদের স্বার্থে এটা করেছেন। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, কেন? না, আমরা দীর্ঘদিন ধরে এই আন্দোলন করে এসেছি, ও'র কানে এমন তুলো ও'রা এটে রেখেছেন যে হাজার বললেও উনি শুনবেন না। আমি আপনাকে দেখাচ্ছি ল কমিশন রিপোর্ট এ সম্বন্ধে কি বলেছেন। ল কমিশন ভারত সরকার বসিয়েছিলেন লক্ষ লক্ষ টাকা খরচ করে এই ল কমিশন কি বলছে এবার শুনুন। তাঁদের ফোর্টিন্থ ল কমিশন রিপোর্টেতে ১১৮৯ পাতায় বলছেন,

"The establishment of the City Civil Court in 1957 had not the effect of reducing the number of pending proceedings in the High Court on the Original Side as section 20 of the Act of 1953 specifically prohibits the transfer of any suit or proceeding pending in the High Court to the City Civil Court".

শুধু এই নয় আমি আরও একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১১৯১ পাতায় বলছেন—

"There are inordinate delays in the disposal of suits on the Original Side. The year of the institution of 13768 original suits pending on 1st January 1957, is given below".

তাঁরা দেখাচ্ছেন যে, ১৩ হাজার ৭৬৮টা সুট অরিজিনাল সাইড-এ ছিল, এখন দেখা যাচ্ছে ১২ বছর ১৩ বছর ১৪ বছর ধরে একটা সুট পড়ে রয়েছে অথচ আমরা দেখছি নিম্ন আদালতে ২ বছর আড়াই বছরের মধ্যে একটা সুট হয়ে যাচ্ছে। এই আদালতে আমরা দেখছি—এটা কাদের স্বার্থে, এবং বলছেন তারা আরও

According to the Chief Justice of the High Court.

আমাদের হাই কোর্ট-এর চীফ জাস্টিস এর সাক্ষী নিয়ে তাঁরা বলছেন,

"According to the Chief Justice of the High Court, the considerable congestion of suits and other proceedings on the Original Side is in some measure due to the fact that the Attorneys take no steps to bring the commercial causes to stage hearing, but allow them to remain on the file

of the Court as useless load to be carried from year to year. Delays in the disposal of proceedings are also in some measure attributable to the procedural rules of the Court which have been described as archaic and cumbrous".

তাঁরা বলছেন যে এই আইনের বলে হাইকোর্ট-এর অরিজিনাল রুলস-এর ফলে এই বছর বছর মামলা চলে আসছে, এটর্নিরা মামলা করতে চান না, মামলা সম্পন্ন তাঁরা করবেন না, এর ফলে আইন যা রয়েছে তা আজকের দিনে একেবারে অচল। তাঁরা বলছেন,

"The City Sessions Courts in Bombay and Madras which have been established much earlier than the Calcutta Court possess all the powers which the High Court did in the respective States in exercise of its Ordinary Original Criminal Jurisdiction. The evidence given before us revealed that the City Sessions Courts in those States were functioning efficiently. There is no reason why the Court should not be able to deal with these matters in Calcutta. We, therefore, recommend that the City Sessions Court be given exclusive jurisdiction and the Ordinary Original Criminal Jurisdiction of the High Court be abolished. This will result in a substantial saving of the judge power in the High Court."

[3-45—3-55 p.m.]

শুধু তাই নয় এইভাবে এ'রা দেখিয়ে দিলেন যে যদি এইভাবে আমরা যদি সিটি কোর্ট-এর জুরিসডিকশন বাড়িয়ে দিই তাহলে হাইকোর্ট-এর আদালতে কাজের চাপ কমে যাবে। শুধু তাই নয়, অধ্যক্ষ মহাশয় এ'রা আইনের মধ্যে আরেকটা কারচুপি করলেন সেকশন ৭ বলে একটা আইনের ধারা ঢুকিয়ে দিলেন তাতে বললেন যদি সিটি কোর্ট-এ কোন মামলা চলাকালীন কোন পার্টি যদি মনে করেন এর মধ্যে জটিল আইনের প্রশ্ন রয়েছে তাহলে তারা হাইকোর্টে-এ গিয়ে মামলা করে সেই মামলাকে ফিরিয়ে নিয়ে যেতে পারবেন। আমি এই সংশোধনী বিল এনেছি তাতে আমি বলেছি এই সেকসান ৭কে রিপিল করে দেওয়া হউক। এখানে আমি বলছি অধ্যক্ষ মহাশয়, যে আমরা ইনসাল্ট করছি অপমান করছি যারা হায়ার জুডিসিয়াল সার্ভিস-এর যারা মেম্বার তাদের। আমি আজকে আপনাকে বলছি যে আমাদের হাই কোর্টের হায়ার জুডিসিয়াল সার্ভিসেস থেকে যারা এসেছেন জাস্টিস দুর্গা বসু, জাস্টিস বিজয়েস মুখার্জী এবং জাস্টিস আর, এন, দত্ত, জাস্টিস দাশগুপ্ত প্রভৃতি বিভিন্ন জাজ যাঁরা হাই কোর্ট-এ এসেছেন সার্ভিস থেকে আমি বলতে পারি তারা যথেষ্ট সুনাম অর্জন করেছেন এবং ন্যায় বিচারের ব্যাপারেতে তাঁরা বার-এর এবং বাংলাদেশের সাধারণ মানুষের কাছে অনেক শ্রদ্ধা অর্জন করেছেন এবং প্রভূত সুনাম অর্জন করেছেন। এবং এই হাই কোর্ট-এ শুধু দুর্গাদাস বসু তিনি আজকে হাই কোর্ট এর জাজ হয়েছেন, তিনি মুন্সেফ ছিলেন একদিন। কিন্তু কে না জানে তাঁর অসামান্য পাণ্ডিত্যের কথা। ভারতবর্ষের যে সংবিধান তার উপরে তার যা ওয়ার্ক, মনুমেণ্টাল ওয়ার্ক এবং পৃথিবীর সর্ব দেশের তিনি সুখ্যাতি অর্জন করেছেন। আজকে তিনি হাই কোর্ট-এর জাজ তিনি মুনসেফও ছিলেন, তিনি হাই কোর্ট-এর বিচারপতি হিসাবে এত সুনাম অর্জন করেছেন, বিজয়েস মুখার্জী তিনি হাই কোর্ট-এ প্রচণ্ড সুনাম অর্জন করেছেন কিন্তু এরা যদি সিটি সিভিল কোর্ট এ থাকেন তারা ১০ হাজার টাকা মামলা তারা শুনতে পারবেন না-কেন না

Complicated question of law.

আমি বলছি কাকে ইনসাল্ট করছেন। যারা আপনাদের হায়ার জুডিসিয়াল সার্ভিস-এর লোক যাদের আপনারা হাই কোর্ট-এ রিক্রুট করে নিয়ে আসছেন। আমি বলি এটা যদি কোর্ট কমপ্লিকেটেড কোয়েশ্চেন হয় তা হলে তাদের একদিন তো শিখতে হবে—জলে না নামলে কেউ সাঁতার শেখে না, হাঁটতে গেলে আছাড় খেতে হবে প্রথম দিকে। সুতরাং যদি ধরে নেওয়া যায় যে কমপ্লিকেটেড কোয়েশ্চেন—প্রথম দিকে তারা বিচার করতে পারবেন না তাহলে ডেমোক্রেসি এই কথাই বলে যে থ্রু ট্রায়াল এণ্ড এরর্স তাদের শিখিয়ে নিন, তৈরী করে নিন। সুতরাং সিটি কোর্ট-এর এই আইন ৯ ধারা আপনারা রেখে দিয়েছেন তার ফলে হাই কোর্ট-এর জুরিসডিকসান আপনারা কেটে দিচ্ছেন। আমি জানি অধ্যক্ষ মহাশয়, এখানে এই মাননীয় আইনমন্ত্রী গত দুই

বাজেট অধিবেশনে আমি যখন এই সব কথা বলেছিলাম তখন তিনি বলেছিলেন যে সিটি কোর্ট রাখবার কারণ তিনটি। আমি আপনাকে দেখাচ্ছি যে তার কোন যুক্তি টিকছে না। তিনি প্রথম যুক্তিতে বলেছিলেন যে ক্যালকাটা সিটি হচ্ছে কমার্সিয়াল সিটি এবং এখানে কমার্সিয়াল কেস ট্রাই করতে সিটি কোর্ট-এর জাজরা পারে না। নিউ ইয়র্ক-এর মত জায়গা, আমেরিকার বড় বড় সহর তার চাইতেও কি বড় কমার্সিয়াল টাউন, ক্যালকাটা, বোম্বে এবং মাদ্রাজ-এ ৫০ হাজার জুরিসডিকসান তারা করে দিয়েছেন, যে কোন মামলা তারা বিচার করতে পারছেন। বোম্বেতে তারা জুডিসিয়াল বাড়িয়ে দিয়েছেন, ২৫ হাজার টাকা করে দিয়েছেন, যে কোন মামলা সিটি কোর্ট বিচার করছেন। কিন্তু ক্যালকাটা হাই কোর্ট-এ ঐ বিচারক লাইন টেনে দিয়েছেন অরিজিনাল জুরিসডিকসান ঐ লোয়ার সার্কুলার রোড, আপার সার্কুলার রোড, ঐদিকে স্ট্র্যান্ড রোড আর ওদিকে বাগবাজার এই যে লাইন ইংরাজের আমলে টেনে দেওয়া হয়েছে তার আওতার মধ্যে ব্যবসায়ী শ্রেণী যাদের বলে যে নেব কেবল দেব না চাঁদ, বাবাজীর দল অথবা নিথিরাম বাটপোরিয়া এবং চনচনিয়া, এই ধরনের ব্যবসায়ীর দল তাদের সুবিধার্থে আজকে এই আইনটা করে রেখে দিয়েছেন। এবং সিটি কোর্টকে তাদেরই জন্য আজকে আপনারা ক্রিপ্‌ল করে দিচ্ছেন না। আমি সেজন্য বলছি যে ঐ যে তিনি বললেন যে আমরা কমার্সিয়াল কেস ট্রাই করতে পারি না—এটা সম্পূর্ণ ভুল ধারণা। এই কমার্সিয়াল-এর বিচার আলিপুরে হচ্ছে, এর বিচার মেদিনীপুরে হচ্ছে, বর্ধমানে হচ্ছে বাংলাদেশে সমস্ত জেলায় হচ্ছে কিন্তু কলকাতা নগর দেওয়ানী আদালতে কেন হবে না? তিনি দ্বিতীয় যুক্তি দেখিয়েছিলেন যে সিটি কোর্ট-এর জাজ তিন থেকে ১০এ বাড়ান হয়েছে। কিন্তু তিনি একটি মস্ত ধাপ্পা দিয়ে গিয়েছেন সেটা হচ্ছে তিনি স্মল কজেস কোর্টকে সিটি কোর্ট-এর সঙ্গে জুড়ে দিয়েছেন। তার ফলে এখন সিটি কোর্ট সম্বন্ধে বলা হয় যে এটা উচ্ছেদের আদালত, বিচ্ছেদের আদালত, বিবাহ বিচ্ছেদের আদালত এবং ভাড়াটিয়া উচ্ছেদের আদালত। এই হচ্ছে সিটি কোর্ট-এর আজকে পরিচয়। এ ছাড়া আজকে সেখানে দেখবেন যত ইজেক্টমেন্ট সুট সব সিটি কোর্ট-এ হচ্ছে কিন্তু কোন ইমপরট্যান্ট সাবস-ট্যানসিয়াল কজ এখানে আসছে না। সমস্ত রেখে দিয়েছেন হাই কোর্ট। এবং তৃতীয় কথা তিনি বলেছিলেন যে সিটি কোর্ট-এর চাইতে হাই কোর্ট ইনস্টিটিউসানাল ফি নাই, মামলা করতে খরচা লাগে না। এত বড় লজ্জার কথা তিনি কি করে স্বীকার করে গেলেন আমি জানি না এখানে সাফাই গেয়ে কি করে জাস্টিফাই করলেন তা আমি বুঝতে পারলাম না। তাঁর হাই যুক্তি হচ্ছে এই হাই কোর্ট-এর অরিজিন্যাল সাইড একজন ব্যবসায়ী যদি এক লাখ টাকার মামলা করে তাকে কোর্ট ফি দিতে হয় না, ১৮ টাকা খরচা করলে ১০ লক্ষ টাকার মামলা রুজু করতে পারে। এই বিজু পট্টনায়ক সেদিন দেখলাম ইণ্ডিয়ান নিউজ প্রেস-এর এগেনস্ট-এ ২৫ লাখ টাকার ডিফ্যামেসান সুট কলকাতা হাই কোর্ট-এ সুট ফাইল করলেন কেন? ২৫ লক্ষ টাকার ডিফ্যামেসান সুট তিনি যদি এলাহাবাদে, বোম্বে, কিম্বা ম্যাড্রাস-এ করতেন তাকে অন্ততপক্ষে ৮০ হাজার থেকে ১ লাখ টাকা কোর্ট ফি তাকে দিতে হত। তিনি দেখলেন চমৎকার ব্যবস্থা এখানে জালান সাহেব করে রেখে দিয়েছেন তখনই তিনি কলকাতা হাই কোর্ট-এ একটি মামলা করলেন ২৫ লাখ টাকার দাবী দিয়ে মোট টাকা বা ২০ টাকা খরচা করে তিনি মামলা করলেন। অথচ গ্রামের একটি ভাগচাষীকে ১০০ টাকার একটা মামলা করতে গেলে তাকে এড-ভেলোরেম কোর্ট ফি ১০ টাকা দিতে হবে। বাংলাদেশের যে কোন প্রান্তের যে কোন লোককে ১০০ টাকার মামলা করতে হলে তাকে এড-ভেলোরেম কোর্ট ফি দিতে হবে—যত টাকা দাবী করবে তত টাকার উপর কোর্ট ফি দিতে হবে। কিন্তু কলকাতা আদালতে—যেহেতু ঐ বাটপারিয়ার দল নিথিরামের দল, এখানে রাজত্ব করছেন তাদের সুবিধার জন্য জালান সাহেব হাই কোর্ট-এর অরিজিন্যাল সাইড-এর ঐ পাওয়ারটাকে রেখে দিয়েছেন। আমরা বলছি না যে হাই কোর্ট-এ সেটা উড়িয়ে দিন। কিন্তু আমরা বলছি যে আপনার ল কমিশন যা বলেছেন তাই করুন। আমি তো মনে করি অরিজিন্যাল সাইড রাখবার প্রয়োজন নাই—তা সে কথা আমি বলছি না, আমি বলতে চাই ল কমিশন যে রিকমেন্ডেশান দিয়েছেন সেটাকে আপনারা চালু করুন। এবং তা যদি আপনারা মানেন তাহলে সিটি কোর্ট-এর জুরিসডিকসান বাড়বে এবং তাহলে অনেক তাড়াতাড়ি বিচার পাবে। তিনি বলছিলেন কোর্ট নাকি কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার তো খ্যাতনামা এটর্নি হিসাবে সুনাম আছে, আপনি জানেন স্যানডারসন ম্যানস ভার্সেস মোহনলাল লালচাঁদ-এর মামলা আজকে ইতিহাস বিখ্যাত মামলার

পরিণত হয়েছে—হাই কোর্ট-এর বিখ্যাত একজন বিচারপতি স্বনামধন্য শ্রী পি, বি, মুখার্জী তাঁর রায় এবং সেটা জালান সাহেবের যদি মনে না থাকে নোট করে নিতে পারেন সেটা, এ, আই, আর ১৯৫৩, ৫৪, ক্যালকাটা উইকলি নোটস-এ রিপোর্টেড হয়েছে। আমি আপনাকে শোনাচ্ছি আপনি স্টারটলড হয়ে যাবেন যে অরিজিন্যাল সাইড উনি ধাপ্পা দিয়ে বললেন যে খরচা কম। ঐ ১৮ টাকা দিয়ে মামলা করা যায় বটে কিন্তু পরিণাম কি শুনুন। এই মামলাতে দেখা গেল ১ লক্ষ ৭৩ হাজার ৩৫ টাকা ৬ আনা চার্জ করলেন এটর্নি স্যানডারসন এবং মরগ্যান, ১ লক্ষ ৭৫ হাজার টাকা একটা উইনডিং আপ প্রসিডিংস-এর মামলা হল। এবং শুধু সাড়ে পাঁচ মাসের খরচার বিল হচ্ছে এবং এই দেড় বছরের হিসাব হচ্ছে স্যার, ১৯৫০ সাল থেকে আগস্ট মাস থেকে ২৯ সেপ্টেম্বর ৫১ সাল ঐ ১ লক্ষ ৭৫ হাজার টাকা তাদের হল কসট্ বিল, ওঁরা মাননীয় বিচারপতির কাছে সেই মোহনলাল লালচাঁদ আবেদন করলেন এবং বিচারপতি স্যানডারসন এন্ড মরগ্যান-এর বিল এলাউ করেন নি। এবং তিনি তাতে যে সমস্ত গুরুত্বপূর্ণ ঐতিহাসিক মন্তব্য করেছেন আমার মনে হয় মন্ত্রিমহাশয়ের সেগুলি দেখা উচিত। কিন্তু তাতে দেখা যাচ্ছে মামলা করতে হয়ত কাগজে কলমে খরচা হচ্ছে না কিন্তু এই এক লক্ষ ৭৫ হাজার টাকা গেল কার টাকা, এই টাকা কে পেল, এই টাকা তারা পেলে ইন পকেট, আউট পকেট করে। গভর্নমেন্ট পেল না। হাই কোর্ট-এর এ্যাপিলেট সাইড হচ্ছে সারপ্লাস আর অরিজিন্যাল সাইড ডেফিসিট। অরিজিন্যাল সাইড-এর ঘাটতি পূরণ হয় অ্যাপিলেট সাইড-এর কনট্রি-বিউশন নিয়ে। তা উনি জানেন বোধ হয়। সুতরাং আজকে আমি বলছি অরিজিন্যাল সাইড সোনার মফচেন পরে হাতে সোনার ব্যান্ড দিয়ে সিল্কের জামা পরে মাথায় জরীর টুপি পরে পায়ে ভাল জুতো পরে শান্তিপুরের চুনোট-করা ধুতি পরে যে লোক হাসতে হাসতে ওদের চেম্বার থেকে বেরিয়ে মামলাটুকু করে ২ বছর বাদে খালিপদ হয়ে, কালিপদ নয় এবং বাদিপোতার গামছা পরে চোখের জল ফেলতে ফেলতে হাই কোর্ট থেকে তাদের বেরিয়ে আসতে হয়।

মোস্ট অব দি কেসেস—অর্থাৎ এইট্টি টু নাইনটি পারসেন্ট অব কেসেস আর ডিসাইডেড বাই কমপ্রোমাইস। কারণ গরীব মানুষ বড়লোকের সঙ্গে লড়াই করতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যদি বড়লোক হয় তাহলে ইর্নানিউমারেবল ডকুমেন্ট ফাইল করবে, এক্সিবিট করবে, এ্যাডজোর্নমেন্ট নেবে এবং কাউন্সিলকে কস্টলী ফি দেবে। কাজেই তাদের সঙ্গে লড়ে গরীব মানুষ পেরে ওঠেনা। আজকে আপনারা ডিসক্রিমিনেসন করছেন—অর্থাৎ গরীব মানুষ ট্যাক্স দেবে আর অরিজিন্যাল সাইডে ট্যাক্স দিতে হবে না, খরচের টাকা দিতে হবে না, এ্যাড ভ্যালোরেম কোর্ট ফি দিতে হবে না। যদি বলেন অরিজিন্যাল সাইডের ব্যবস্থা যুক্তিযুক্ত তাহলে আমি বলব অরিজিন্যাল সাইডে যে ব্যবস্থা প্রয়োগ করেছেন সেটা সারা বাংলা-দেশে প্রয়োগ করুন। হুন্ডির মামলা বাংলাদেশের সব জায়গায় বিচার হচ্ছে, কিন্তু সিটি কোর্টে কেন সেটার বিচার হবে না, কেন সেটার বিচার তাঁরা করতে পারবেন না? মর্টগেজ সুটু-এর বিচার কেন সিটি কোর্ট করতে পারবে না? অথচ বাংলাদেশের সব জায়গায় বিচার হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দয়া করে এশিট্ট নম্বর এ্যান্ড থ্রি-টা একবার দেখুন। স্মলকজ কোর্ট অর্থ হচ্ছে ছোট আদালত—সেই স্মলকজ কোর্টে ক্যারেজ বাই এয়ার যেটা বলছেন সেখানে দেখছি ঐ ছোট আদালত ২ হাজার টাকা পর্যন্ত বিচার করতে পারবে। কিন্তু এই ২ হাজার যখন ১০ হাজার হয়ে যাবে তখন স্মলকজ কোর্ট কেন, সিটি কোর্ট-ও বিচার করতে পারবে না। অর্থাৎ দেখা যাচ্ছে ক্যারেজ বাই এয়ারের মামলা যদি ২ হাজার টাকার হয় তাহলে স্মলকজ কোর্ট বিচার করতে পারবে এবং যদি ২ হাজার ১ টাকা বা ৩ হাজার টাকা হয় তাহলে সেটা হাইকোর্টে চলে আসবে। এ সম্বন্ধে আমি কংগ্রেস বেঞ্চ-এ যাঁরা আছেন তাঁদের গভীরভাবে অনুধাবন করতে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ল কমিশন একটা কথা যা বলেছেন সেটা আমি আপনার অবগতির জন্য এখানে রাখছি এবং আশা করি কংগ্রেসের সদস্যেরা তাঁদের বক্তব্য রাখবেন। ডাঃ নরেশ সেনগুপ্ত একজন বিখ্যাত জুরিস্ট, তিনি ভারতের গর্ব। তিনি ল কমিশনের মেম্বার ছিলেন এবং তাঁর রিপোর্টের ১২৪০ পৃষ্ঠায় একটা জায়গায় বলেছেন,

"I do not say that the Original Side of the High Court should be abolished. I would be quite content if the High Court follows the procedure laid down in the Civil Procedure Code just like all other Civil courts. It has been

pointed out that if there is a superior efficiency in the procedure laid down in the High Court rules, we would suggest that the same procedure ought to be applied by other courts also. There should not be any discrimination between the High Court and Mufassil Courts. If the High Court procedure leads to same efficient administration of justice, there is no reason why it should not be extended to all Courts, at any rate, in a limited number of cases. It is not impossible to have the same procedure followed in the High Court in other Courts in a limited number of cases and give the Mufassil litigants the advantage of a decision of a High Court standard which can be achieved by providing for circuits with Judges of the High Court who will be in Mufassil Courts accompanied by this set of lawyers and administering the same laws according to the same procedure".

তাই বলছি এই যে ডিসক্রিমিনেসন করছেন এটা বন্ধ করুন এবং হায়ার জুডিসিয়াল সার্ভিসে যাঁরা সিটি কোর্টে এসেছেন তাঁদের পাওয়ার বাড়িয়ে দিন যাতে করে দ্রুতগতিতে মামলার নিষ্পত্তি হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সার্কুলার রোডের দক্ষিণ দিকে যদি কারুর বাড়ী পড়ল তাহলে তিনি হাই কোর্টে মামলা করতে পারেন- -অবশ্য যদি হুণ্ডি ২ হাজার টাকার উপরে হয়। অর্থাৎ সার্কুলার রোডের এপারে যদি হয় তাহলে তিনি হাই কোর্টের অরিজিন্যাল সাইডে বা আদিম বিভাগে আসতে পারবেন। কিন্তু ওপারে যদি বাড়ী হয় তাহলে তাঁকে আলিপুরে যেতে হবে। ভবানীপুরের একজন নাগরিক যদি হুণ্ডির মামলা করতে চান তাহলে তিনি আলিপুরে করতে পারেন। কিন্তু পার্ক স্ট্রিট-এর এদিকে অরিজিন্যাল জুরিডিকসনের মধ্যে যদি একজন নাগরিক পড়েন বা একজন কমারশিয়াল ক্ল্যায়েন্ট পড়েন তাহলে তিনি হাই কোর্টে মামলা করতে পারেন এবং ইন্সটিটিউসন কস্ট লাগবে না। তাদের সুবিধার জন্যই এই জিনিস করা হয়েছে তাই বলছিলাম এই দিকটা একবার বিচার করবেন। আপনারা যদি দলীয় ঠুলি বর্জন করেন তাহলে দেখবেন এই বিল যুক্তিযুক্ত এবং এই বিল যদি গ্রহণ করেন, অন্ততঃ প্রিন্সিপল যদি এ্যাকসেপ্ট করেন তাহলে দেখবেন বাংলাদেশের অনেক কল্যাণ হবে এবং সাধারণ নাগরিকরা বুঝবে আপনারা গণতান্ত্রিক পদ্ধতিতে চলছেন। এক একজনের জন্য এক একরকম আইন করবেন না। স্যার, আবোল তাবোল-এর অমর কবি লিখেছিলেন শিব ঠাকুরের দেশে আইন কানুন সর্বনেশে - ঠিক সেই রকম আমরাও দেখছি নন্দী ভৃংগীর দেশে আইন কানুন সর্বনেশে। এখানে রামরাজত্বের কোন লক্ষণ আমরা দেখতে পাচ্ছি না—এটা অ্যাবসলিউটলী হনুমান রাজত্ব। তাই আমি আপনাদের বলছি আপনারা সাদা টুপি ছেড়ে ক্লাস ইন্টারেস্ট-এর উর্ধ্বে উঠুন। আপনাকে আজ স্মরণ করিয়ে দেই বি, জি, খের আপনার চেয়ে অনেক বড় ব্যক্তি ছিলেন। তিনি যখন বোম্বের চিফ মিনিস্টার ছিলেন তখন তিনি নিজে একজন এ্যাটর্নি হয়েও একথা বলেছিলেন যে, অরিজিন্যাল সাইড রাখব না। তখন ভুলাভাই দেশাই মহাত্মা গান্ধীকে টেনে এনেছিলেন একথা বলতে যে, আপনার প্রভাব বি, জি, খের এর উপর প্রয়োগ করুন যাতে তিনি এই আইন না করেন। তখন বি, জি, খের বলেছিলেন কারুর কথা আমি শুনব না, মানুষের দুঃখের কথা বিবেচনা করে আমি ক্লাশ ইন্টারেস্ট-এর উর্ধ্বে যাব। বি, জি, খের সেদিন শ্রেণী স্বার্থের উর্ধ্বে উঠেছিলেন। কাজেই আপনাকে বলছি হয় আপনি শ্রেণী স্বার্থের উর্ধ্বে উঠুন, আর না হয় অন্য কোন যোগ্য ব্যক্তিকে দিন যিনি আমাদের বক্তব্য বুঝতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলে হাউসের অনুমোদনের জন্য এই বিল রাখছি।

[3-55—4-5 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to oppose the introduction of this Bill. It is a highly controversial matter and the whole controversy was discussed when the City Civil Court Bill was passed, and at that time it was decided that this jurisdiction should be given to the City Civil Court, and the rest of the jurisdiction should remain with the High Court. As a result of the passing of this Bill about two-third of the suits have come to the City Civil Court and it is only one-third of the suits which now remain in the High Court. It is too early to make any change with regard to jurisdiction. Even the Law Reforms Commission did not go beyond vesting the jurisdiction of the City Civil Court up to Rs. 10,000.

I need not go into the merits or demerits of the whole scheme. So far as the present Bill is concerned, we are not thinking of accepting this Bill, and I therefore oppose the introduction of this Bill.

Shri Kashi Kanta Maitra:

অপোজ করছেন কেন, উনি বললেন কন্ট্রোভার্সিয়াল, কন্ট্রোভার্সি নিশ্চয়ই আছে। বিরোধিতা নিশ্চয়ই থাকবে। কিন্তু উনি কোন যুক্তি দিলেন না। আমার রাইট অব রিপ্লাই আছে। উনি কিছু বললে সে যুক্তি হয়ত আমি খণ্ডন করতে পারতাম।

Under the rules of business, it is not necessary to point out that, it is the duty of the Hon'ble Minister when he opposes the leave to introduce a Bill, to indicate the reasons why he is opposing. Up till now, I have not heard him saying anything which would give me any inspiration to oppose him, because he has given no indication. Therefore, I want to know—that is my right—what are the reasons on the basis of which he is trying to refute my argument. I have given some reasons, and up till now he has not given any reasons. If he could find it convenient to give reasons it would have been better for me to appreciate it and refute his arguments, and it would be appreciated by all the honourable members.

Shri Jyoti Basu:

মন্ত্রিমহাশয়ের যে বিরোধিতা সেটা খুব জোরালো বলে মনে হল না। উনি বলে গেলেন এড়িয়ে যাবার জন্য যাতে উত্তর কিছু না দিতে হয়, তাই উনি বললেন এটা কন্ট্রোভার্সিয়াল, এটা আমরা জানি। উনি বললেন এখনো সময় আসে নি এ সম্বন্ধে কিছু বলবার। কারণ সিভিল কোর্ট করেছি, এখানে টু-থার্ড কেস হচ্ছে হাই কোর্ট-এ কেস ইত্যাদি আছে, এখানেও আছে ইত্যাদি বলে এড়িয়ে গেলেন। শ্রী মিত্র বহু আরগুমেন্ট দিলেন ল কমিশন রিপোর্ট থেকে পড়ে শোনালেন, অনেকগুলি যুক্তি তিনি দিলেন, এতে আমরা নিশ্চয়ই আশা করতে পারি মন্ত্রী মহাশয় যখন উত্তর দেবেন উনি এই যুক্তিগুলি খণ্ডন করবেন তাহলে আমরা বুঝতাম। পরে কি হবে না হবে আমরা দেখবো। কিন্তু যুক্তিগুলি তিনি একটাও তো খণ্ডন করলেন না। সেজনা এটাও আমার জানা দরকার কোন চিন্তা করেছেন কিনা, বিলটা আগে পেয়েছেন কিনা এবং অদূর ভবিষ্যতে অন্ততঃ সরকার পক্ষ থেকে কোন বিল আনবেন কিনা, এই রকম চিন্তা করেছেন কিনা। কেন না আমরা জানি প্রাইভেট মেম্বার্স বিল এরকম কখনও পাশ হয় না। সেজন্য সরকার পক্ষ থেকে এটুকু জানতে পারলে সুবিধা হত, তাহলে উনি এটা উইথড্র করে নিতেন। উনি যে যুক্তি দিলেন মন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন তার মধ্যে যথেষ্ট লজিক আছে, সাধারণ মানুষের পক্ষ নিয়ে যদি কেউ কথা বলেন, যদি চিন্তা করেন তিনি অন্ততঃ মনে করবেন কেন আসছে না তার উত্তর পেলাম না। হয় জালান সাহেব উত্তর দিন না হয় বলুন চিন্তা করছেন পরে এরকম আনবার চেষ্টা করবেন।

শ্রীবিজয় কুমার ব্যানার্জী:

মিঃ স্পীকার, স্যার, এটা কি রকম নিয়ম আমি জানি না। আমি নতুন লোক, এ সম্বন্ধে আমি জিজ্ঞাসা করছি এটার কর্তা কে—আপনি, না কে? এই রকম বিল এনে মন্ত্রিমহাশয় যদি বলেন যে না হবে না তাহলে..............

মিঃ স্পীকার:

এবারে বুঝতে পারবেন, আপনি বসুন।

Shri Kashi Kanta Maitra: Sir, I am prepared to withdraw the Bill if the Hon'ble Minister gives an assurance that he is going to bring in a legislation to this effect—to bring in an amendment so that the existing congestion in the High Court may be removed and in view of that matter I am prepared to withdraw the Bill as has been suggested by Shri Jyoti Basu.

The Hon'ble Iswar Das Jalan: I am sorry I cannot make any promise at this stage. Of course every Bill has always been considered whenever circumstances required a change.

[4-5—4-15 p.m.]

Mr. Speaker: I now put the motion of Shri Kashi Kanta Maitra for leave to introduce the City Civil Court (Amendment) Bill, 1964.

The motion of Shri Kashi Kanta Maitra asking for leave to introduce the City Civil Court (Amendment) Bill, 1964, was then put and a division taken with the following result:—

NOES—58

Bandyopadhyay, The Hon'ble Smarajit
Barman, Shri Shyama Prosad
Beri, Shri Daya Ram
Bhattacharyya, The Hon'ble Syamadas
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shrimati Santi
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charu Shila
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazulr Rahaman, The Hon'ble S. M.
Guha, Dr. Prabodh Kumar
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Karam Hossain, Shri
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Sishuram
Mookherjee, Shri Naresh Nath

Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsuddin Ahmed, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohan
Tudu, Shrimati Tushar

AYES—30

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Choubey, Shri Narayan
Das, Shri Anadi
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Haldar, Shri Mahananda
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Adwaita

Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Sen Gupta, Shri Niranjan

(As the Division gong was sounded, **Shri Narendra Nath Sen:** Mr. Speaker, Sir, I am in favour of the Bill because I have on many occasions demanded the enlargement of the jurisdiction of the City Civil Court but I am bound to vote for the Government. Sir, I have made my position clear.)

The Ayes being 30 and the Noes 58, the motion was lost.

Point of order

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে শ্রীনরেন সেন বললেন ভোট দেবার সময়, এটা নিশ্চয়ই রেকর্ড হয়েছে, যে আমি এই বিলের পক্ষে কিন্তু

I am bound to vote for the Government

বাউন্ড কেন, এখানে তো কোন বাউন্ড নেই কোন জিনিসের দ্বারা। ও'র রাইট আছে ভোট দেবার। আমি জিজ্ঞাসা করছি ওকে কি ও'রা ফোন করেছেন? উনি ওদিকে গিয়েছিলেন দেখলাম মিনিস্টারের কাছে—

Can he force anybody?

The Hon'ble Prafulla Chandra Sen:

উনি স্বেচ্ছায় ভোট দিয়েছেন। উনি সাবালক এবং সজ্ঞানেই ভোট দিয়েছেন।

Private Members' Resolution

Mr. Speaker: Shri Benoy Krishna Chowdhury....

Shri Ganesh Ghosh: Mr. Speaker, Sir, I want your permission to move the resolution. I beg to move that this Assembly is of opinion that immediate steps be taken by the Government to start State Trading in food-grains, mustard oil, pulses and fish.

মিঃ স্পীকার, স্যার, এখন বাংলাদেশে যা খাদ্য পরিস্থিতি—চাল নেই, আটা নেই, ময়দা নেই, মাছ নেই, তেল নেই। এরূপ অবস্থায় তার উন্নতির কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। বহু বছর থেকে বিরোধী পক্ষ থেকে আমরা দাবী করে এসেছি যেন সরকার রাষ্ট্রীয় ব্যবসা আরম্ভ করেন খাদ্যশস্যের বিষয়ে। ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪ থেকে আরম্ভ করে ১৯৬৩ সাল পর্যন্ত ও'রা বাধা দিয়েছেন। ও'রা বলেছেন এটা হবে না। এবার কেন্দ্রীয় সরকার থেকে যখন এই নীতি গ্রহণ করেছেন তখন বাংলা সরকার বলছেন আমরা স্টেট ট্রেডিং ইন ফুড গ্রেনস আরম্ভ করবো কিন্তু এই রাষ্ট্রীয় ব্যবসার অবস্থা কি হবে সেটা আমাদের বিরোধী পক্ষের নেতা জ্যোতিবাবু খাদ্য বিতর্কের সময় জানতে চেয়েছিলেন অতি পরিষ্কারভাবে। মুখ্যমন্ত্রী কোন কিছু বলেন নি কিন্তু যা বলেছেন তাতে আমাদের যথেষ্ট উদ্বিগ্ন হবার কারণ আছে। আমরা চাই বর্তমানে যে খাদ্য সঙ্কট আজকে এই সেপ্টেম্বর মাসে যে অবস্থা আছে সেটাকে আরো

সুসহ করার ব্যবস্থা করুন। গম বিদেশ থেকে নাকি প্রচুর পরিমাণে এসেছে এবং আরও আসবে, অর্থাৎ গম সরবরাহের ব্যবস্থা নাকি বেশ ভাল রকম আছে। প্রফুল্লবাবু যখনই সুযোগ পান মাঠে, ঘাটে, মিটিংএ, এমন কি অ্যাসেমব্লীতে, তিনি সব সময় বলেন যে আমাদের খাদ্যের যে অভ্যাস আছে, তাকে পরিবর্তন করতে হবে, এবং চালের পরিবর্তে গম খাওয়ার অভ্যাস আপনারা করুন। বেশী করে আপনারা গম খান। সেই গমও আজ তাঁরা দিতে পারছেন না। কিছুদিন আগে যখন কলকাতা শহরে গম সরবরাহের ব্যবস্থাও ভেঙ্গে পড়লো, তখন প্রফুল্লবাবু এর কারণ হিসেবে বললেন যে জাহাজে গম আছে, কিন্তু আমাদের লরী, ট্রাকের অভাব, গম আনতে পারছি না। তখন তাঁকে জিজ্ঞাসা করা হল এই সপ্তাহে গমের বদলে কি চাল দেওয়া হবে? উনি বললেন—না। সুতরাং এক কে জি চাল খেয়েই মানুষকে দিন কাটাতে হবে, এর চেয়ে বেশী চাল পাওয়া যাবে না। সুতরাং দেখা যাচ্ছে গমও পাওয়া যাচ্ছে না, আর চালের তো অভাব রয়েছেই। আমরা আট দশ বৎসর থেকে স্টেট ট্রেডিং এর কথা বলে আসছি। ও'রা সম্প্রতি রাজী হয়েছেন শুনলাম। কিন্তু ও'দের চিন্তাধারা যে খুব সঙ্গত এবং যুক্তিপূর্ণ তা মনে হয় না। অবিলম্বে এই রাষ্ট্রীয় ব্যবসা চালু করবার ও'দের ইচ্ছা আছে বলে মনে হচ্ছে না। এই রাষ্ট্রীয় ব্যবসা যেভাবে ও'রা করবেন, তাতে যে সরকারী গুদামে যথেষ্ট পরিমাণ খাদ্য শস্য থাকবে, তাও মনে হচ্ছে না। ও'রা অনেকগুলি রেশান সপ করেছেন এবং সম্প্রতি ও'রা যে খাদ্য সরবরাহের নীতি নিয়েছেন, তাতে অনেক জায়গায় ফেয়ার প্রাইস সপ ও'রা খুলেছেন। কিন্তু সপ করলে কি হবে, ও'রা রেশান দিতে পারেন না। প্রত্যেকটি ফেয়ার প্রাইস রেশান সপের সঙ্গে যে ইউনিট বাঁধা আছে, সেই ইউনিট এর প্রয়োজন অনুযায়ী ও'রা চাল এবং হুইট সাপ্লাই করতে পারেন না, বা করছেন না। ও'দের দৃষ্টিতে এটা আনা হচ্ছে, ও'রা বলছেন দেখছি। মুস্কিল হচ্ছে আজকে চাল নেই, কালকে গম নেই, এইটাই রোটেট করে মাসের পর মাস, সপ্তাহের পর সপ্তাহ চলেছে। এটা কি ও'রা বোঝেন না যে সরকারের হাতে প্রচুর পরিমাণ স্টক যদি না থাকে, তাহলে রেশনিং সপএ সাপ্লাই করা যায় না? ও'দের যে কথা —দাম কমিয়ে আনবো, সরকারের যে স্টক আছে, সেটা রিলিজ করে দাম কমাবো। কিন্তু স্টক যদি না থাকে তাহলে লোকেরা খেতে পাবে না, রেশনিং সপেও সাপ্লাই হবে না, বাজারের দামও কমবে না। এই স্টক করবার জন্য আমরা বার বার বলেছি এবং বছরের পর বছর ধরে আমরা দাবী করে আসছি যে খাদ্য শস্যের রাষ্ট্রীয় ব্যবসা চালু করা হোক। আজকে যেভাবে খাদ্য সংকট আরও ঘনীভূত হয়ে উঠেছে, আমরা দাবী করছি যে সরকার শুধু গ্রাম থেকে চাল প্রকিওর করেই নয়, বাংলার যে সবচেয়ে প্রয়োজনীয় খাদ্য দ্রব্য রাইস, অর্থাৎ ধান এবং সরষের তেল এবং মাছগুলি রাষ্ট্রীয় ব্যবসা হিসাবে চালু করা উচিত। মিঃ স্পীকার, স্যার, কংগ্রেস পক্ষ থেকে যে একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন, তাতে মাছ এবং সরষের তেলকে রাষ্ট্রীয় ব্যবসা থেকে বাদ দেওয়া হয়েছে। এখানে ফজলুর রহমন সাহেবকে দেখতে পাচ্ছি না, উনিও অনেক কিছু আশার বাণী শুনিয়েছেন, তিনি নাকি মাছ সরবরাহ করবার বিশেষ চেষ্টা করছেন। কিন্তু আজকে কয়েকটি পাইকারী মৎস্য ব্যবসায়ীরা বাংলা সরকারকে হিমশিম খাইয়ে দিয়েছেন। কিছুতেই তারা মাছ আনছে না, মাছের ব্যবসা তারা করবে না। শুধু কলকাতার আশেপাশে ঝিলগুলি যেখানে আছে, সেখানে মাছের চাষ হয়, অর্থাৎ কিনা ভেড়িতে। সেই ভেড়ি থেকে তারা মাছ ধরবে না, যদি না মাছের দাম বাড়ান হয়। এই অবস্থায় যদি রাষ্ট্রীয় ব্যবসা মাছের চালু না করা যায়, তাহলে বাংলা দেশের লোককে কি করে প্রফুল্লবাবু মাছ খাওয়াবেন? ঐযে সাগরিকা জাহাজ টাহাজের কথা পুরান হয়ে গিয়েছে, এবং তার দ্বারা কিছুই উপকার হবে না, যদিও মাসে মাসে কয়েক হাজার টাকা খরচ করে আপনারা চেষ্টা করেছেন এগুলিকে ইন ফরম রাখবার জন্য। সেইজন্য আমরা বলছি অবিলম্বে রাষ্ট্রীয় ব্যবসা চালু করা হোক মৎস্যের ক্ষেত্রে। কিন্তু সরকার যেভাবে রাষ্ট্রীয় ব্যাবসা চালু করতে চাচ্ছেন, সেভাবে নয়। অর্থাৎ প্রফুল্লবাবু যে কথা বলছেন যে সরকারের লোক যাবেন প্রকিওর করতে, এবং সঙ্গে সঙ্গে যারা গ্রামের মুনাফাখোর ও মজুতদার, তারাও যাবে সেখানে প্রকিওর করতে। তারাও লাইসেন্স চাইবেন প্রকিওর করার এবং প্রফুল্লবাবু তাদের দরাজভাবে লাইসেন্স দেবেন। সরকার থেকে লোক যাবেন, তাঁরা প্রকিওর করবেন ৩০ লক্ষ মণ, এবং যারা ইনডিভিজুয়াল [illegible],

স্টকিস্টস অর্থাৎ যারা চালের পাইকারী ব্যবসা করে, তারাও প্রকিওর করবে ৩০ লক্ষ মণ। এর ফলে সরকারের স্টকএ বিশেষ কিছু আসবে না। এ সম্পর্কে প্রফুল্লবাবু কি কোন নিশ্চয়তা দিতে পারেন? নিশ্চয়তা তিনি মোটেই দিতে পারেন না।

[4-15—4-25 p.m.]

এবং সে নিশ্চয়তা শুধু একটি পথেই পাওয়া যায় সেটা হচ্ছে যদি প্রাইভেট ট্রেডার্স প্রকিওরমেন্ট করার লাইসেন্স আদৌ মঞ্জুর না করেন। কেন মঞ্জুর করবেন, কেন এই প্রকিওরমেন্ট বিষয়ে প্রাইভেট ট্রেডার্সদের রাইট থাকবে, এর কোন যুক্তি আছে কি? ও'রা বলবেন যে কেন ব্যবসা থেকে ওদের বঞ্চিত করবো সাধারণ সাড়ে তিন কোটি বাংলা দেশের মানুষকে যারা খাদ্য থেকে বঞ্চিত করেছে তাদের ব্যবসা থেকে বঞ্চিত করার যুক্তি প্রফুল্লবাবু খুঁজে পান না এটা খুব আশ্চর্য বলে মনে হয়। আমরা তাই বলি অবিলম্বে রাষ্ট্র ব্যবসা এই খাদ্য বিষয়ে অর্থাৎ চাল, ধান, তেল ও মাছ চালু করা হোক। ও'রা হয়ত বলবেন যে আমরাত ব্যবস্থা আরম্ভ করে দিয়েছি, কিছু কিছু করেছি এবং আগামী জানুয়ারী মাসে থেকে করবো। জানুয়ারী মাস থেকে কেন? এই যে চার মাস কি তাহলে বাংলার মানুষ এই রকম কষ্টেই থাকবে? আজকে মাছ নেই, আজকে সরিষার তেল নেই, তিন টাকা চার আনা সরষের তেলের দাম উনি ঠিক করে দিলেন কিন্তু চার টাকার কম পাওয়া যায় না। মাছের দাম যা ঠিক করা হয়েছে দুই শত লোকের লাইন দিয়েও সে দামেতে মাছ পাওয়া যায় না, মাছ আসছেও না। অথচ সেই মাছ আনবার জন্য কোন ব্যবস্থাও ত করছেন না। আজকে ফজলুর রহমান সাহেব অর্থাৎ বাংলার সরকার, বাংলা গভর্নমেন্ট থেকে নিযুক্ত করে কেন অন্যান্য জায়গার, চিল্কাতে, উত্তর প্রদেশে, বিহারে, মাছ আনবার জন্য লোক পাঠান হচ্ছে না? আমি ত তার কোন কারণ খুঁজে পাই না। কারণ হচ্ছে এই যে যাঁরা মাছের মুনাফাখোরী করে তাদের আরো মুনাফা করবার সুযোগ দেওয়া হচ্ছে। এইজন্য সরকারী রাষ্ট্র ব্যবসা খাদ্য দ্রব্যে এই সম্বন্ধে খুব জোরালো যুক্তি কি? জোরালো যুক্তি হচ্ছে বাংলার সাড়ে তিন কোটি মানুষ এই দাবী করে যে অবিলম্বে আরম্ভ করা হোক। ও'রা বলছেন আরম্ভ হবে জানুয়ারী মাস থেকে। এখনইত বোরো ধান উঠছে, এখনইত আউশ ধান উঠছে, কেন সেগুলি প্রাইভেট স্টকে যাবে, কেন সেগুলি সরকারী গুদামে উঠবে না, কেন অক্‌টোবর মাস থেকে স্টেট ট্রেডিং আরম্ভ হবে না? নভেম্বর মাস থেকে ত ধান উঠবে, নভেম্বরেত আমন ধান উঠবে। ও'রা নভেম্বর যাবে, ডিসেম্বর যাবে, তারপরে খাতা লেখালেখি করতে করতে ও'দের যখন আরম্ভ হবে, ও'দের লোকেরা যখন গ্রামে যাবেন তখন জানুয়ারী মাসের শেষে কিম্বা ফেব্রুয়ারী মাসে। এটাত একটা মানে স্ট্যান্ডিং ওয়েস্টস হয়ে দাঁড়িয়েছে যে বাংলা দেশের সরকার যখন লেভি প্রথা চালু করলেন, ক্যাবিনেট থেকে ডিসিসন নিলেন, সন্ধ্যা বেলাতেই প্রফুল্লবাবু রিপোর্টারদের ডেকে বলে দিলেন যে আমরা লেভি করবো বর্ধমানে। সাত দিন লাগলো কলকাতা থেকে বর্ধমানে সরকারী নির্দেশ যেতে। কালনার এস ডি ও খবর পেলেন না। যেটুকু চাল ঐ মুনাফাখোরদের স্টকে ছিল লুকিয়ে গেল সে চালগুলি, ও'রা ধরতে পারলেন না। তারপরে সরকারের হুকুম গেল লেভি তোমরা কর। সুতরাং ও'রা যে কথা বলছেন যে জানুয়ারী মাস থেকে করবো সেটা করতে করতে জানুয়ারী শেষ হবে অথচ আমন ধান বাজারে বের হবে, অন্ততঃ মাঠ থেকে উঠবে নভেম্বরের শেষে। কেন অক্‌টোবর থেকে এই রাষ্ট্রীয় ব্যবসা চালু করা হবে না? কেন সরিষা আমদানী করার জন্য ইউ পি থেকে উত্তর প্রদেশেও কংগ্রেস সরকার—সেই প্রদেশের সরকারের সঙ্গে আলোচনা করে উত্তর প্রদেশ থেকে কিছু সরষে জোগাড় করার কেন ব্যবস্থা করবেন না বাংলা সরকার? কেন বাংলা সরকার নিজেদের লোক উত্তর প্রদেশে পাঠিয়ে সরিষা কেনার ব্যবস্থা করবেন না আজকে এই সেপ্টেম্বর মাসেই তার কোন যুক্তি আছে কিনা জানি না, যদি যুক্তি থাকে নিশ্চয়ই প্রফুল্লবাবু দেবেন। আমরা তাই দাবী করছি যে সরিষার তেলকে বাদ না দিয়ে, সরিষার তেল বাংলার প্রতি দিনের খাদ্যে অপরিহার্য এবং আজকের কাগজেই দেখেছেন সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে নারিকেল তেল যাদের ব্লাড প্রেসার আছে তারা নারিকেল তেল খেলে তাদের কোলেসটেরল কনটেন্ট বেড়ে যায়, সেটা বিপজ্জনক, সেইজন্য সরিষার তেল আপনাকে দিতেই হবে যদি আপনি বাংলা দেশের জনসাধারণের খাদ্য সমস্যার সমাধানের দায়িত্ব নেন।

স্বতরাং সরিষা আমদানীর ব্যবস্থা করতে হবে এবং সেটা যদি প্রাইভেট হোর্ডার্সদের হাতে রাখেন তাহলে সরিষা আসবে না, সরিষার তেলের দাম চার টাকা, পাঁচ টাকা হবে। আজকেই হয়েছে তিন টাকা চার আনা দাম বেঁধে রেখেছেন ম্বখ্যমন্ত্রী মহাশয় কিন্তু চার টাকার কম সরিষার তেল কোন জায়গায় পাওয়া যায় না। এই অবস্থার কি কোন সমাধান নেই? স্বতরাং যে এ্যামেন্ডমেন্ট এনেছেন আপনারা বিবেচনা করে দেখ্বন মাছ এবং সরিষার তেল তার থেকে বাদ দেবার চেষ্টা আপনারা করছেন, বাদ দেবেন না এবং অবিলম্বে রাষ্ট্রীয় ব্যবসা চাল্ব করে দিন। অবিলম্বে মানে এই সেপ্টেম্বর মাসে, কি অক্টোবর মাসেই আরম্ভ করা যায়। এত কি ব্যবস্থা করতে হবে? রাষ্ট্রীয় ব্যবসা চাল্ব করতে কেন সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর লাগবে ব্বঝতে পারি না। আমরা এটা কিছ্বতেই বিশ্বাস করতে পারি না। যাই হোক, রাষ্ট্রীয় ব্যবসা যখন চাল্ব হবে, অমরা দাবী জানিয়ে রাখছি সরকার থেকে প্রকিওরমেন্ট ব্যবস্থায় কৃষকের যাতে ন্যায্যম্বল্য পায় তার যেন স্বষ্ঠ্ব ব্যবস্থা করা হয়। রাইটার্স বিল্ডিংসএ বসে করে দিলাম তাতে কৃষকেরা খ্বসী হবে না, ইকনমিক প্রাইস হবে না, ইনসেনটিভ এ্যান্ড প্রোডাকশানও হবে না। তাই বলছি দাম যেন কৃষি সংক্রান্ত যেসব অর্গেনাইজেশানস আছে তাদের সঙ্গে পরামর্শ করে নির্ধারিত করা হয়। প্রাইভেট ট্রেডিং থেকে প্রকিওরমেন্ট যাতে সম্পর্ণভাবে বন্ধ হয় এই দাবীও রাখছি।

Mr. Speaker: All the amendments are taken as moved.

[4-25—4-35 p.m.]

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in line 3, after the words "pulses and fish", the following words be added, viz.:

> "to meet the challenge of black-marketeers and hoarders quickly and effectively in the present situation".

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ মান্বষের দ্বঃখে বিচলিত হ'য়ে পশ্চিমবঙ্গ সরকার জিনিষ-পত্রের সস্তা দাম বেঁধে দিয়েছেন এবং এজন্য কেন্দ্রিয় সরকারের প্রশংসাজনক সার্টিফিকেট দিয়েছেন। কিন্তু একথা সত্য যে, আজও ম্বল সমস্যার সমাধান হয়নি। মজ্বতদার, কালোবাজারী ও ম্বনাফাখোরের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে সরকার সম্প্বর্ণ ব্যর্থ হয়েছেন, ফলে বাজারে জিনিসপত্রের অভাব এবং ম্বল্যের ক্রমবর্ধমান উর্ধ্বগতি সাধারণ মান্বষের জীবনকে দ্বর্বিষহ করে তুলেছে। তৃতীয় পাঁচ-সালা পরিকল্পনার শ্বরু থেকে আজ পর্যন্ত দেখা যায় অল-ইন্ডিয়া বেসিসএ হোলসেল প্রাইস ইনডেক্স শতকরা ১৩·৭ বেড়েছে, শ্বধ্বমাত্র ১৯৬৩-৬৪ সালে এই প্রাইস ইনডেক্স শতকরা ৯·৫ বেড়েছে। সাম্প্রতিককালের মধ্যে প্রাইস ইনডেক্স ঠিক এভাবে বেড়েছে বলে জানি না। ম্বখ্যমন্ত্রী এই বিধানসভায় বিভিন্নভাবে ঘোষণা করেছেন এই বছর উৎপাদন বৃদ্ধি হয়েছে, কিন্তু উৎপাদন বৃদ্ধি হওয়া সত্ত্বেও গত বছরের তুলনায় এই বছর জিনিসের দাম অনেক বেড়েছে। আমরা দেখেছি জিনিসের দাম একটা স্থিতিশীল পর্যায়ে রাখতে সম্প্বর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছেন। যখন [illegible] কথা বলা হয় তখন জনসংখ্যাবৃদ্ধি, গ্রামের সাধারণ চাষী কর্তৃক মাল মজ্বত করে রাখা ইত্যাদি কথা আমাদের বলা হয়। কিন্তু আমরা যদি ১৯৬৩ সালের মার্চ পর্যন্ত সিডিউল্ড ব্যাঙ্কএর হিসাব দেখি তা হলে দেখব ধানচালের ব্যবসা করবার জন্য আডভান্স দেওয়া হয়েছে ব্যবসায়ীদের ২৩ কোটি টাকা, এবং এই কথা নিয়ে তারা সমস্ত খাদ্যশস্য মজ্বত করবার ব্যবস্থা করেছে। কিছ্বদিন আগে রিজার্ভ ব্যাঙ্কএর গভর্নর মিঃ পি সি ভট্টাচার্য বলেছেন, ব্যাঙ্ক থেকে যে দাদন দেওয়া হয়েছে তাতে একটা নেগলিজিবল অ্যামাউন্ট ব্যবসায়ীরা হোর্ড করতে পারে যেখানে ১০ মিলিয়ন টন মার্কেটেবল সারপ্লাস থাকার কথা, কিন্তু সেই দশ মিলিয়ন টনএর মধ্যে ১৮ মিলিয়ন টন খাদ্য-শস্য মজ্বত করেছে তারা এই ব্যাঙ্কের দাদনের টাকা দিয়ে। মিঃ ভট্টাচার্য বলেছেন, বাকি অধিকাংশ ক্ষেত্রে তারা মজ্বত করেছে ব্ল্যাক মানি দিয়ে। আমরা কাগজে দেখেছি, বড় বড় ফিল্ম স্টারদের ব্ল্যাক মনি ধরার জন্য সরকার খ্বব তৎপর হয়েছেন, খ্বব ভাল কথা, কিন্তু ব্যবসায়ীরা

যেখানে কালো টাকা দিয়ে খাদ্যশস্য মজুত করে খাদ্যসঙ্কট সৃষ্টি করছে, তাদের থেকে কালো টাকা উদ্ধার করার কোন ব্যবস্থা সরকার করছেন না। এই যেখানে আজকে ব্যবসায়ী শ্রেণীর মনোবৃত্তি, যেখানে তারা কৃত্রিম অনটনের সৃষ্টি করছে, সেক্ষেত্রেও আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, সরকার স্টেট ট্রেডিংএর কথা বললেও এই ব্যবসায়ী শ্রেণীর উপরই তাঁদের নির্ভর করতে হচ্ছে। আমরা বার বার বলেছি যে, খাদ্যশস্যের ব্যাপারে মিশ্র অর্থনীতির প্রয়োগ বিপজ্জনক, খাদ্যশস্যের মিশ্র অর্থনীতি চালু করার চেষ্টা হলে তার ভয়ানক পরিণাম সাধারণ মানুষের জীবনে ফলবে। স্টেট ট্রেডিংএর ঘোষণা করা হয়েছে সরকার থেকে। এতদিন আমরা তার স্বরূপ জানতে পারি নি। কিন্তু গতকাল শ্রীসুব্রহ্মণিয়ম যে বিবৃতি দিয়েছেন তার মধ্যে দিয়ে তিনি পরিষ্কারভাবে সরকারের মত প্রকাশ করে বলেছেন, স্টেট ট্রেডিং আমরা করব, বিভিন্ন কো-অপারেটিভ, প্রোকিওরমেন্টও করছি এবং করব, কিন্তু তার সাথে সাথে বেসরকারী যে পাইকারী ব্যবসায়ী সম্প্রদায় তাদের ব্যবসাও চলতে থাকুক। গতকাল ব্যাংগালোরে তিনি এই কথা বলেছেন। আমরা ভেবে পাই না এই যে, বিজনেস কমিউনিটি যারা মানুষের দুঃখের জন্য দায়ী তাদের আজকেও কেন সেই সুযোগ দেওয়া হচ্ছে। আমরা পরিষ্কারভাবেই বলি, এটা বেসরকারী সংস্থার হাতে দেওয়া চলবে না, আমরা বারে বারে বলছি, রাষ্ট্রীয়করণের কথা, তাতে মিক্সড ইকনমির কোন স্থান থাকবে না, তাতে পাইকার এবং আড়তদারদের কোন স্থান থাকবে না। স্টেট ট্রেডিংএর মধ্যে দিয়ে সমস্তই সরকারের হাতে নিতে হবে। সরকার ঘোষণা করেছেন জানুয়ারি থেকে স্টেট ট্রেডিং চালু করা হবে। এর মধ্যে ফসল উঠে যাবে এবং আড়তদারের ঘরে চলে যাবে, সুতরাং এটা একটা প্রহসনে পরিণত হবে। আমাদের দাবি হচ্ছে, সরকারের যদি আন্তরিকতা থাকে তবে নভেম্বর থেকেই স্টেট ট্রেডিং চালু করতে হবে এবং তার জন্য মেসিনারি সেট-আপ করতে হবে। আমরা দেখেছি যে, সরকারের প্রশাসনযন্ত্র এমন অকেজো এবং দুর্বল যে তার মধ্যে দিয়ে সরকারের সমস্ত উদ্দেশ্যই বানচাল হয়ে যায়। শ্রীনন্দ সদাচার সমিতি গঠন করেছেন, কিন্তু মিঃ স্পীকার, স্যার, আপনি লক্ষ্য করলে দেখে থাকবেন যে, সদাচার সমিতির অফিসে দারোয়ানের ঘুষের দায়ে চাকরি গেছে।

[4-30—4-40 p.m.]

সেই মেসিনারির মধ্যে এই ব্যবসায়ী সম্প্রদায়ের কোনরকম দালাল বা চর যেন না থাকে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসে একথা রাখতে চাই যে, আমরা যদি মনে করি স্টেট ট্রেডিং-এর মধ্যে কাজ সীমাবদ্ধ রাখলে বা স্টেট ট্রেডিং চালু করলেই সমস্যার সমাধান হল তাহলে আমি মনে করি, তা হল না। এর সাথে সাথে আমাদের কতগুলি জিনিসের প্রতি নজর দিতে হবে। বিশিষ্ট অর্থনীতিবিদ সি এন ভকিল কতগুলি সুপারিশ করেছেন। তিনি পরিষ্কারভাবে বলেছেন শুধুমাত্র স্টেট ট্রেডিং নয়, তার সঙ্গে সঙ্গে তিনটি জিনিস করতে হবে। প্রথমত, উৎপাদন বৃদ্ধির দিকে নজর দিতে হবে, দ্বিতীয়ত ইনফ্লেশন বন্ধ করতে হবে এবং তৃতীয়ত আনরিপোর্টেড গ্রেনস উদ্ধার করতে হবে। স্যার, পশ্চিমবঙ্গ সরকারের নিযুক্ত মূল্য নিয়ন্ত্রণ তদন্ত কমিটি যেটা গঠন হয়েছে তাঁরা অত্যন্ত কঠোরভাবে কৃষিবিভাগকে সমালোচনা করেছেন। এই অপদার্থ কৃষিবিভাগ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তিন বছরে মাত্র বরাদ্দ টাকার ৩৭ ভাগ খরচ করেছে। মিঃ ভকিল বলেছেন শুধুমাত্র কৃষি উৎপাদনের কথা বললেই হবে না, কৃষককে ইনসেনটিভ দিতে হবে যাতে তারা প্রয়োজনীয় জিনিস সস্তায় পেতে পারে। কাপড়, তেল, নুন যাতে পেতে পারে সেদিকে নজর দিতে হবে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা, দেশের স্বাধীনতার পর আজ পর্যন্ত বিদেশ থেকে ২৫০০ কোটি টাকার খাদ্য আমদানি করা হয়েছে, কিন্তু ১০০ ভাগের এক ভাগও উৎপাদন বৃদ্ধির কাজে লগ্নী করা হয় নি। মিঃ ভকিল বলেছেন, ইনফ্লেশন বন্ধ করবার জন্য সরকারকে সচেষ্ট হতে হবে। তিনি আরও বলেছেন, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের ডেফিসিট ফাইনান্সিং প্রয়োগ করতে হবে, তবে যতটা কম করে করা যায় সেটা লক্ষ্য রাখতে হবে। আমরা যদি ডেফিসিট ফাইনান্সিং সম্বন্ধে সতর্ক থাকি তাহলে ইনফ্লেশন চেক করতে পারব। পরিশেষে তিনি বলেছেন, আন-রিপোর্টেড গ্রেনস যেগুলো আছে সেগুলি উদ্ধার করবার জন্য সরকারকে ব্যবস্থা অবলম্বন করতে হবে। স্যার, মিঃ ভকিল সাবধান করেছেন এবং সরকারকে বলেছেন, ডিটারমাইন্ড অ্যাটাক অন অল ফ্রন্টস হাউয়েভার আনপ্লেজান্ট উইল ইন্ড দি

ডেজায়ার্ড রেসাল্ট। তিনি বলেছেন মজুত উদ্ধার করতে গিয়ে যদি অপ্রীতিকর কাজ করতে হয় তা হলে তা করতে হবে। আমরা জানি দুর্গাপুর সম্মেলনে চাঁদার ক্ষেত্রে অসুবিধা হবে, ব্যাঘাত হবে—কিন্তু তবুও দেশের মানুষের স্বার্থে এই ব্যবস্থা অবলম্বন যদি করেন তাহলে স্টেট ট্রেডিং কার্যকরী করতে পারবেন। পরিশেষে আমি বলতে চাই, সরকার যদি আজকে সামান্যতম ব্যবস্থা অবলম্বন না করেন তা হলে তার ফল খুব খারাপ হবে। এই সরকার দেশের মানুষের কাছে যে স্তোকবাক্য বলেছেন তার বিরুদ্ধে শুধু আমরা বামপন্থী দলই নয়, আপনি কাগজে দেখেছেন বোম্বের বিশিষ্ট কংগ্রেস নেতা মিঃ গ্যাডগিল পর্যন্ত বলেছেন, তিনি সাবধান-বাণী উচ্চারণ করেছেন। কংগ্রেসের এই প্রবীণ নেতা যে কথা বলেছেন আমি তা আনন্দবাজার পত্রিকা থেকে পড়ছি। মিঃ গ্যাডগিল-এর মতে, অতীতের ভুলভ্রান্তি হইতেই বর্তমানের সংকট দেখা গিয়াছে। এই সঙ্কট পাকিস্তানী এবং চীনা আক্রমণের চেয়েও খারাপ। সরকারের কোন কোন নীতি বণিক শ্রেণীর অনুকূলে প্রভাবিত। স্যার, একজন কংগ্রেস নেতা প্রকাশ্য জনসভায় বলেছেন, আজকে বণিক সমাজের স্বার্থে এঁরা নীতি পরিচালনা করছেন। মিঃ গ্যাডগিল আরও বলেছেন, কংগ্রেসই দেশে স্থায়িত্ব আনিতে পারিত। কিন্তু তৎসত্ত্বেও তিনি সরকারকে পদত্যাগ করিতে বলিতেছেন। বামপন্থীরা আপনাদের পদত্যাগ করতে বললে আপনারা তাঁদের পরিহাস করেন। কিন্তু এতে দেখছি একজন প্রবীণ কংগ্রেস নেতা সরকার সম্বন্ধে সাবধানবাণী উচ্চারণ করেছেন, সরকারকে পদত্যাগ করতে বলেছেন। যা হোক, আমার শেষ বক্তব্য হচ্ছে, আপনারা যদি আপনাদের নীতির পরিবর্তন না করেন তাহলে দেশের মানুষের সামনে যে পরিস্থিতি আসছে তার জন্য আপনাদের প্রস্তুত হতে হবে, তার মোকাবিলা আপনাদের করতে হবে।

Shri Ananda Copal Mukhopadhyay: Sir, I beg to move that in line 3, for the words "foodgrains, mustard oil, pulses and fish", the following be substituted viz.:—

> "paddy, rice, wheat and wheat-products and to enlist the help of the Co-operative Organisations and Anchalik Parishads in respect of such State trading".

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্য শ্রীবিনয় চৌধুরী মহাশয় যে প্রস্তাব এখানে রেখেছেন, আমি সেই প্রস্তাবের উপর যে সংশোধনী প্রস্তাব দিয়েছি, সেই সংশোধনী প্রস্তাবের সমর্থনে এই বিধানসভায় আপনার মাধ্যমে সদস্যদের কাছে দু-একটি কথা নিবেদন করতে চাই। কিন্তু আমার বক্তব্য নিবেদন করার আগে আমি এখানে হতাশা প্রকাশ না করে পারছি না এজন্য যে, আমি ভাবছিলাম আজকের যে প্রস্তাব বিশেষ করে বেসরকারী প্রস্তাব এবং এই গুরুত্বপূর্ণ প্রস্তাব অন্তত বিরোধীপক্ষের সদস্যরা গুরুত্ব দিয়ে বিচার করবেন। আমরা সেই গুরুত্বের নমুনা বিরোধী পক্ষের আসনে উপস্থিত সদস্যদের সংখ্যা দিয়ে বুঝতে পারছি। বিশেষ করে যিনি প্রস্তাবক, তিনি নিজেই গরহাজির। তাতে মনে হচ্ছে, এই প্রস্তাব রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। প্রস্তাবক যে কথা বলতে চেয়েছেন তার সঙ্গে আমার মূল বিষয়ের পার্থক্য হল, স্টেট ট্রেডিংএ আমার কোন আপত্তি নাই, কিন্তু আমি বলছি—

Paddy, rice, wheat and wheat-products

সেখানে তিনি বলেছেন

Foodgrains, mustard oil, pulses and fish

দরকার হলে তিনি হয়ত এট্‌সেটরা যোগ করতে চান। আমার এখানে আপত্তি আছে। আমি আমার সংশোধনীর মধ্যে যোগ করেছি, এই স্টেট ট্রেডিং করতে গিয়ে সরকার যেন সমবায়ের মাধ্যমে এবং পঞ্চায়েতের মাধ্যমে যতদূর সম্ভব যেন স্টেট ট্রেডিং চালু করেন। আমাদের দেশের বর্তমান খাদ্য পরিস্থিতি যা তা সামান্য আলোচনা করলেই দেখা যাবে খাদ্য পরিস্থিতির সম্যক ছবি তুলে ধরা যাবে না, কারণ বাংলাদেশের পাশে অন্যান্য প্রদেশে যে খাদ্যসঙ্কট আছে সেই পরিস্থিতির উপর আরও গুরুত্ব দিতে হবে ; কারণ সেখানে যদি খাদ্য পরিস্থিতির সঙ্কট না হয় তা হলে গুরুত্ব একটু কমবে। কাজেই সারা ভারতবর্ষের অবস্থা কি এক মিনিটের

মধ্যে সভাকক্ষে তুলে ধরতে চাই। ১৯৬২-৬৩ সালে ৭৮·৫ মিলিয়ন টন আমাদের দেশে উৎপন্ন হয়েছে। ১৯৬৩-৬৪ সালে আমরা দেখেছি ৭৯·৩ মিলিয়ন টন খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। খাদ্যশস্য উৎপাদনের দিক থেকে দেখলে আমরা দেখব টোটাল উৎপাদন অল্প একটু বেশি হতে পারে, কিন্তু সেখানে লোকসংখ্যার যে হার বেড়েছে এবং খাদ্যের উৎপাদনের যে হার বেড়েছে সে রেশিও হিসাব করলে দেখব লোকসংখ্যার অনুপাতে খাদ্য উৎপাদন বৃদ্ধি না হওয়ার দরুন এই সমস্যা এত প্রকটাকার ধারণ করার একটা বিশেষ কারণ। এই সঙ্গে আমরা দেখব ১৯৬৩ সালে কত খাদ্য বিদেশ থেকে আমদানি করেছি। ১৯৬৩ সালে আমদানি করেছি ৪·৬ মিলিয়ন টন এবং ১৯৬৪ সালে, এখন পর্যন্ত যা এনেছি বা এসে পৌঁছেছে, তার পরিমাণ হল ৬ মিলিয়ন টন। যদিও গত বৎসরের তুলনায় এ বছর বেশি খাদ্য আনতে পেরেছি, তবু দেখতে পাচ্ছি, খাদ্য পরিস্থিতি গত বছরের চেয়ে এ বছর যেন একটু ভয়ঙ্কর রূপ নিয়ে দেখা দিয়েছে। কিন্তু এই পরিস্থিতির সম্মুখীন হওয়ার জন্য, দেশে যাতে খাদ্য-ব্যবস্থার সুষ্ঠু বণ্টন ব্যবস্থা হয় তার ব্যবস্থা করতে হবে। এবং আমি দুটি জিনিস পরিষ্কার-ভাবে সরকারের সামনে তুলে ধরতে চাই, সেটা হল খাদ্যশস্যের যারা উৎপাদক তাদের রেমুনারেটিভ প্রাইস দিতে হবে।

[4-40—4-50 p.m.]

এবং যে কনজিউমার তাকেও ন্যায্যমূল্যে খাদ্যশস্য দিতে হবে। এই দুইটি জিনিসকে মনে রেখে আজকে আমরা স্টেট ট্রেডিংএর কথা চিন্তা করছি। মাননীয় সদস্য শ্রীবিনয় চৌধুরী মহাশয় কি কথা মনে রেখে স্টেট ট্রেডিংএর কথা বলেছিলেন জানি না কিন্তু আমরা এই দুইটি কথা পরিষ্কার মনে রেখে স্টেট ট্রেডিংএর কথা চিন্তা করছি এবং স্টেট ট্রেডিং করতে গেলে সরকারী পরিচালন ব্যবস্থায় যে স্টেট ট্রেডিং চলবে তার যেখানে ত্রুটি থাকতে পারে তার সম্বন্ধে আমরা পূর্বেই হুঁসিয়ারি দিতে চাই। আমি আমার নিজের বক্তব্য রাখবার আগে বলতে চাই যে, বিরোধী পক্ষের সদস্য শ্রীশম্ভু ঘোষ মহাশয় খাদ্যশস্যের ব্যবসা সম্বন্ধে পরি-স্থিতি সম্বন্ধে গাডগিল সাহেবের বক্তৃতা উদ্ধৃত করে বললেন যে, দুর্গাপুরে আসন্ন অধিবেশনের জন্য খাদ্যশস্যের দাম বেড়েছে। দুর্গাপুরে ভারতীয় জাতীয় কংগ্রেসের যে অধিবেশন হবে সেই ভারতীয় জাতীয় কংগ্রেসের যে রেকমেন্ডেশন তা আমি হাউসের সামনে তুলে ধরতে চাই, এবং স্টেট ট্রেডিং সম্বন্ধে তাঁদের যে মতামত সেটাও আমি হাউসের সামনে জোরের সঙ্গে রাখতে চাই—

"Working Committee has noted the decision of the Government of India to set up a Foodgrains Trading Corporation to enter the foodgrains trading of the country. The Working Committee endorses the decision to set up a Government agency particularly from the point of view of stabilising influence it will have on the prices of foodgrains both to the producers and the consumers. The Working Committee hopes that it will be run on strictly commercial line without being constructed by red-tape of Governmental procedures which will only increase the cost of foodgrains to the consumers. There is need to arm the Corporation with sufficient powers to enable it to obtain a commanding position in the foodgrains trade."

আমি নিশ্চয়ই জানি যে, মাননীয় সদস্য শম্ভুবাবু তাঁর বক্তব্য পেশ করবার পর সভাকক্ষ ত্যাগ করে চলে যাবেন। তিনি হয়ত প্রেস বন্ধুদের সঙ্গে বা অন্য কারোর সঙ্গে দেখা করছেন। কারণ তিনি জানেন, তাঁর পরে কংগ্রেস সদস্য যাঁরা উঠবেন তাঁদের সমালোচনার উত্তর দেবার মত তাঁর এমন কিছু যুক্তি থাকবে না যা তাঁদের যুক্তিকে খণ্ডন করে তিনি এমন কিছু বলতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, বর্তমানে এই পরিস্থিতির কথা চিন্তা করে পৃথিবীর অন্যতম বৃহৎ রাজনৈতিক প্রতিষ্ঠান জাতীয় কংগ্রেস যে নীতি নির্ধারণ করেছেন এবং কেন্দ্রীয় সরকার যে খাদ্যনীতি গ্রহণ করেছেন বিশেষ করে পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের খাদ্যনীতি গ্রহণ করবার আগে স্টেট ট্রেডিং সম্বন্ধে সারা ভারতবর্ষের সামনে যে একটা মূল বিষয়ে নিয়

দিয়েছেন তার জন্য তাঁকে আমরা অভিনন্দন জানাচ্ছি। স্টেট ট্রেডিং করতে গেলে যখন remunerative price to the producers এর কথা আমরা বলেছি পশ্চিমবঙ্গ সরকার সেই remunerative price to the producers এর কথা আজ নয়, এর থেকে অনেক আগেই চিন্তা করেছেন। আমরা যখন fair price to the consumers এর কথা চিন্তা করছি পশ্চিমবঙ্গ সরকার ফেয়ার প্রাইস টু দি কনজিউমারস কি হবে সেটা আগে চিন্তা করেছেন। আজ তাঁর চিন্তাধারাকে সমর্থন করে সারা ভারতবর্ষ তাঁর চিন্তা-ধারায় প্রভাবিত হয়ে সেই প্রাইস ডিটারমিন করতে যাচ্ছে এবং একটা সেন্টার কমিটি অ্যাপয়েন্টেড হয়েছে যাঁরা এই ফার্ম প্রোডিউসের কি ন্যায্যমূল্য হতে পারে সেটা ডিটারমিন করতে চলেছেন। স্পীকার মহাশয়, আজকে কেন আমরা সমবায় এবং আঞ্চলিক পরিষদের মাধ্যমে স্টেট ট্রেডিং করার কথা বেশি করে বলছি, তার সমর্থনে আমি আপনার সামনে নিবেদন করতে চাই যে, আজকে এই গুরুতর পরিস্থিতির সৃষ্টি খাদ্য উৎপাদন ঘাটতির জন্য যতটা না হয়েছে তার থেকে বেশি হয়েছে কৃত্রিম উপায়ে অভাব সৃষ্টির জন্য এবং কৃত্রিম উপায়ে অভাব সৃষ্টি তাদেরই দ্বারা হয়েছে যারা হচ্ছে একশ্রেণীর ব্যবসায়ী এবং একশ্রেণীর উৎপাদক, যারা দেশে খাদ্যশস্যকে নিয়ে ফাটকাবাজী মুনাফাবাজী করে চলেছে।

ফাটকাবাজী, মুনাফাবাজী করার সুযোগ পেয়েছে দুটো কারণে—একটা কারণ হচ্ছে যে, দেশে যেসমস্ত টাকা কালোবাজারে আছে সেই টাকা এই খাদ্যশস্যের ব্যাপারে নিবৃত্ত হয়েছে। ডিমনিটাইজেশনের কথা আমাদের দেশে গত এক বৎসর ধরে চলেছে। আমরা যারা গ্রামের চাষীদের সঙ্গে একটু পরিচিত আছি আমরা জানি গত বৎসর চাষ হবার আগে চাষের ফসল ঘরে উঠবার আগে ফরোয়ার্ড ট্রেডিং ইন ফুডগ্রেন্‌স হয়েছে এবং তার বিশেষ কারণ হ'ল ঐ কালো টাকা তারা টাকায় রাখতে সাহস করে নি। তাই ঐ বাজারের মালকে আগে থেকে কেনবার জন্য দাদন দিয়েছে, বাজারের তেলকে কেনবার জন্য তৈলবীজ তারা কিনেছে, এমন কি নুন কেনবার জন্য তারা ব্যবসায়ে সেই টাকা নিয়োগ করেছে, ঐ দেশলাইয়ের বাক্সকে পর্যন্ত তারা মজুতী কারবারের মধ্যে ঢুকিয়ে নেবার চেষ্টা করেছে। আর একটা দিক রয়েছে, সেই দিকটা হল যে, আজকে রিজার্ভ ব্যাঙ্ক যে কোন কারণেই হোক ফুডগ্রেন্‌স আডভান্স দেওয়া এখনও পর্যন্ত বন্ধ করে নি এবং এই দুটো বিশেষ কারণে আজকে বাজারে যে টাকা ঘুরে বেড়াচ্ছে এবং ব্যাঙ্কের মাধ্যমে যে লগ্নী কারবার হয়েছে তাতে খাদ্যশস্যের ব্যবসায়ে এমন একটা মজুতী অবস্থার সৃষ্টি হয়েছে, খাদ্যশস্য মজুত করে রেখে আর্টিফিসিয়াল স্কার্সিটি সৃষ্টি হয়েছে। আজকে আমরা এটাকে একটা চ্যালেঞ্জ বলে গ্রহণ করি। গ্যাডগিল সাহেবের বক্তৃতা শম্ভুবাবু পড়েছেন, কিন্তু শেষদিকটা তিনি পড়েন নি, শেষ দিকটা পড়লে পরিষ্কার বলতেন, তা তো অন্য কারও হাতে তুলে দেওয়া চলে না, এই সরকার দায়িত্বশীল কংগ্রেসের হাতেই থাকা সম্ভব, অন্যদের হাতে থাকা চলে না। তাই শম্ভুবাবু অশ্বত্থামা এটুকু বলে বাকিটা ইতি গজ এটা বলেন নি। তিনি বাংলা কাগজ পড়েছেন, ইংরাজী কাগজটা একটু পড়বেন। এখানে আমি তাদের বলব যে, আজকে যদি আমরা এই সঙ্গে সমবায় বিপণন ব্যবস্থাকে গ্রাম-গ্রামান্তর থেকে শহর পর্যন্ত চালু করতে পারি তাহলে এই সমস্ত মুনাফাবাজ ব্যবসাদারদের চক্রান্ত থেকে আমরা খাদ্যশস্যের ব্যবসাকেই শুধু নয়, অন্যান্য কনজিউমার্স গুডসের ব্যবসাকে আমরা বের করে এনে এমন একটা বাজারে সমতা রক্ষা করতে পারি যে, তারা কোনরকমে এই কালো টাকা দিয়ে বাজারে যে কোন জিনিসের যে কোন দিন যে কোন সময়ে মূল্যবৃদ্ধি করতে পারবে না। মাননীয় স্পীকার মহোদয়, আপনার অভিজ্ঞতা আছে, আপনি দেখেছেন, যেসমস্ত জায়গায় কনজিউমার্স কো-অপারেটিভ গ্রো করেছে, যেসমস্ত জায়গায় উৎসাহী কর্মীরা কন-জিউমার্স কো-অপারেটিভ তৈরি করেছেন সেখানে দেখবেন ন্যায্যমূল্যে জিনিসই যে শুধু পাওয়া যাচ্ছে তা নয় তার ফল বাজারের অন্য দোকানের উপর গিয়ে পড়ছে এবং সেখানে অন্যান্য দোকানও খানিকটা ন্যায্যমূল্যে জিনিস দিতে বাধ্য হচ্ছে এবং সমবায়ের মাধ্যমে আর পঞ্চায়েতের মাধ্যমে আমরা স্টেট চাইব যে, আজকে স্টেট ট্রেডিং প্রথাকে চালু করা হোক এবং এই সঙ্গে সঙ্গে এই [illegible] সমর্থনের একটা কথা বলতে চাই খাদ্যশস্য নিয়ে যে প্রস্তাব রেখেছেন,

তার মাধ্যমে সরকারের সমালোচনা করুন, তার মাধ্যমে পথে-ঘাটে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য তাঁরা জনসভা করুন, তাঁরা আন্দোলনের হুমকি দিন কিন্তু যে পথ তাঁরা নিয়েছেন সেই পথটা ঠিক নয়। আমি একজন সাধারণ সদস্য হিসাবে এবং এদেশের বাসিন্দা হিসাবে একথা জনসাধারণকে আপনার মাধ্যমে জানাতে চাই যে, তাঁরা যে পথে জনসাধারণকে নিয়ে চলেছেন সে পথ ভ্রান্ত পথ। একটা উদাহরণ আমি দেব।

[4-50—5 p.m.]

গত চারদিন আগে আসানসোল মহকুমায় চাঁদা নামক একটি জায়গায় বামপন্থী কম্যুনিস্ট দলের নেতৃত্বে খাদ্য আন্দোলনের দাবিতে জনসভা করে শোভাযাত্রা হয়েছিল। সেই সময় ঐ চাঁদায় একটি হাট বসেছিল, তারা সেই হাট লুঠ করেছিল। সেখানে ২২টি ছোট ছোট দোকানদার শস্য বিক্রয় করছিল, সেই ২২টি দোকানদারদের শস্য এঁরা লুঠ করেছেন।

[কোয়েশ্চেন, কোয়েশ্চেন]

Shri Narayan Choubey:

এখানে কোয়েশ্চেন নয়। যদি সাহস থাকে ঐখানে গিয়ে কোয়েশ্চেন করবেন নারায়ণ চোবে মহাশয়। জনসাধারণের লাঠির পেটায় আপনাদের ১৬ জন কর্মী সেখানে আহত হয়েছেন। আর একটা উদাহরণ দিই। রানীগঞ্জে ছাত্রদের নিয়ে ঐ বামপন্থী কম্যুনিস্ট নেতৃদল সেখানে এক শোভাযাত্রা করে যাচ্ছিলেন, সেই শোভাযাত্রা যখন রানীগঞ্জ বাজারের মধ্য দিয়ে যাচ্ছিল, তখন সেখান দিয়ে এক লরী করে চিনি যাচ্ছিল বার্ন কোম্পানীর মজদুরদের এম আর শপএর জন্য। তাঁরা ছাত্রদের উৎক্ষিপ্ত করেছেন, জানি না তাদের কোথায় নিয়ে যাবেন, ছাত্ররা সেই লরী থামিয়ে, গাড়ি থেকে সেই চিনির বস্তা টেনে রাস্তায় নামান এবং বস্তা ছিঁড়ে সমস্ত চিনি রাস্তায় ফেলে দেয়। তাঁরা আন্দোলনকে এমন ভ্রান্ত পথে পরিচালিত করেন যার ফলে এই ঘটনা ঘটে। আজ কার স্বার্থে আঘাত লেগেছে? আজ বার্ন কোম্পানীর তিন হাজার মজদুর, সেখানে এক সপ্তাহ যাবত তারা চিনি পাবে না। তাদের ঘরে কি অসুস্থ আত্মীয়স্বজন নেই? তাদের ঘরে ঐ অসুস্থ পরিজন, তারা বার্লির সাথে একটু চিনির জন্য অপেক্ষা করে বসে থাকবে, ঐ আন্দোলনের নেতারা কি তাদের সামনে গিয়ে চিনি পৌঁছে দেবেন, না, ঐসব ছাত্রদের উৎক্ষিপ্ত করে জনসাধারণকে বিভ্রান্ত করবেন?

মাননীয় স্পীকার মহোদয়, তাই আমি নিবেদন করছি ওঁরা ক্ষান্ত হন, ঠিক পথে আন্দোলনকে পরিচালিত করুন। দেশ যখন সংকটের সামনে আসে, তখন বিরোধীপক্ষের যে সেখানে একটা দায়িত্বপূর্ণ ভূমিকা থাকে। সেই দায়িত্বপূর্ণ ভূমিকা তাঁরা গ্রহণ করলে, দেশের মানুষও তাঁদের সমর্থন করবে।

Deputation of All Bengal Teachers' Association

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, ১৪৪ ধারার বাইরে এই অ্যাসেম্বলীর কাছে অল বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েসান এর প্রায় দেড় হাজার কর্মী ও শিক্ষক, শিক্ষিকা, তারা ডেপুটেসান-এ এসেছেন শিক্ষামন্ত্রীর কাছে। কিন্তু শিক্ষামন্ত্রীকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। তিনি একটি চিঠি দিয়েছিলেন ডেপুটেশনিস্টদের আসবার জন্য, অবশ্য তাতে কোন তারিখ বা দিন ধার্য করেন নি। তিনি বলেছিলেন যে তাঁদের প্রতিনিধিদের সঙ্গে তিনি দেখা করতে পারেন। ওরা বলছেন যে ২০ হাজার কর্মচারী এবং শিক্ষক, শিক্ষিকাদের সই সহ একটি স্মারকলিপি তাঁরা সঙ্গে করে নিয়ে এসেছেন। আমি জানি না, তবে ওরা আমাকে বলতে বলেছেন। কিন্তু আমি শিক্ষামন্ত্রী-মহাশয়কে কোথাও খুঁজে পাচ্ছি না, এখানে বলতে বাধ্য হলাম। এটা অত্যন্ত গুরুতর বিষয়। ওরা বলছেন যে এদের ডিম্যান্ড যদি মিটে না যায়, তাহলে এরা অন্য পথ গ্রহণ করতে বাধ্য হবেন। কারণ এরা যেসমস্ত দাবী করছেন তা অত্যন্ত ন্যায্য দাবী। তা আমি জানি না কি করবো। এখানে বিশেষ মন্ত্রীদের দেখতে পাওয়া যাচ্ছে না, এক-আধজন বসে আছেন। আমার মনে হয় এমন গুরুত্ব দিয়ে এঁরা খাদ্য ব্যাপারটা দেখছেন যে তাঁরা মন্ত্রীদের এখানে উপস্থিত থাকাটাও

প্রয়োজন বোধ করেন না। এইটাই আমি দেখছি। সেইজন্য আপনি যদি দয়া করে শিক্ষামন্ত্রী-মহাশয় কোথায় আছেন বলতে পারেন, তাহলে আমি তাঁর সঙ্গে গিয়ে কথা বলতে পারি, যে তিনি এ বিষয় ওদের সঙ্গে কি করবেন। আপনি অফিসারকে দিয়ে খোঁজ নিন তিনি কোথায় আছেন।

Mr. Speaker:

আচ্ছা, আমি দেখছি খোঁজ করে।

Private Members' Resolutions

Shri Narayan Choubey:

শ্রীনারায়ণ চৌবেঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় আনন্দগোপাল মুখোপাধ্যায় যে আমেন্ডমেন্ট নিয়ে এসেছেন আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত না হলেও পঞ্চায়েত এবং কো-অপারেটিভ সম্বন্ধে তিনি যা বলেছেন তা আমি সমর্থন করি। তবে আমরা মনে করি যে মাছ যদি এখন না করতে পারা যায়, ডাল, সরিষার তেল ইত্যাদি জিনিস নিয়ে এবং খাদ্যদ্রব্য যা আছে সমস্ত নিয়েই আমাদের স্টেট ট্রেডিং আরম্ভ করা উচিত। কারণ মানুষ শুধু ভাত এবং রুটিই খায় না, ডাল-তরকারীও মিনিমাম খেতে হয় এবং সমস্তগুলিই প্রায় এক জায়গা থেকে বিক্রি হয় অতএব এদিক থেকে আমি মনে করি যে এ জিনিসটাকে বিচার করা উচিত। মাননীয় সদস্য কংগ্রেস এম এল এ, যিনি বললেন, আনন্দবাবু, তিনিও স্বীকার করলেন যে এবারে যে সমস্যা দেখা দিয়েছে, যে সঙ্কট দেখা দিয়েছে, সেটা সম্পূর্ণ ম্যান মেড। মানুষ দ্বারা তৈরী সঙ্কট দেখা দিয়েছে এবং সেইজন্যই যাতে করে স্টেট ট্রেডিং সরকার করতে বাধ্য হন তার জন্য সারা ভারতবর্ষে আন্দোলন দেখা দিয়েছে। আনন্দবাবু বললেন, একটা কথা যে, বাংলাদেশের মন্ত্রী-সভা এবং বাংলাদেশের কংগ্রেস স্টেট ট্রেডিং সম্বন্ধে নেতৃত্ব দিয়েছে। একথা বলার সময় তাঁর একটু ভাবা উচিত ছিল, বাংলা সরকারের লজ্জা পাওয়া উচিত ছিল যে এই পশ্চিমবঙ্গই একমাত্র দেশ যেখানে প্রতি বৎসর খাদ্যসঙ্কট দেখা দিয়েছে এবং বাংলাদেশের নেতৃত্ব মেনে নিয়ে এইবারই বোধহয় সারা ভারতব্যাপি এইরকম সঙ্কট দেখা দিল। অতএব খালি বাংলাদেশের সরকার স্টেট ট্রেডিং মেনে নিয়ে নেতৃত্ব দিলেন তাই নয় বাংলাদেশের সরকারের নীতির ফলে বাংলাদেশ জুড়ে ১৯৫৪-৫৫ সালে থেকে আরম্ভ করে ব্যাপক আন্দোলন চলছে। আমরা এবার দেখতে পাচ্ছি সারা ভারতবর্ষব্যাপি যে আন্দোলন দেখা দিয়েছে এবং আপনারা জানেন যে ভারতবর্ষে কমিউনিস্ট পার্টির নেতৃত্বে সারা ভারতবর্ষব্যাপি ২৪ দিন সত্যাগ্রহ আন্দোলন হয়েছিল এবং তার ফলে আমরা দেখতে পাচ্ছি যে কংগ্রেসের মধ্যেও একাংশ ভাবতে আরম্ভ করেছেন স্টেট ট্রেডিং করতে হবে। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন যখন আমরা ১৯৫৪-৫৫ সালে কি ১৯৫৮ সালে বলতাম যে স্টেট ট্রেডিং চাই, এখন যিনি আমাদের মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রী তখন তিনি খাদ্যমন্ত্রী ছিলেন, তিনি বলতেন আমাদের দেশে স্টেট ট্রেডিং চলবে না, ওসমস্ত রাশিয়ায় চলে, চীনে চলে। কিন্তু আজকে এমন আমাদের অদৃষ্টের পরিহাস এবং এমন আন্দোলনের ফল এবং এমন অবস্থা দেখা দিয়েছে যে স্টেট ট্রেডিং করা ছাড়া গতি নেই। এদের মানতে হচ্ছে যে ব্লাক মার্কেটিয়াররা, প্রফিটিয়ার্সরা, হোডার্সরা গ্রামে গ্রামে খাদ্য কর্নার করছে। ওয়ার্কিং কমিটিতে মানতে হচ্ছে যে প্রডাকশন বৃদ্ধি হওয়া সত্ত্বেও কিছু স্পেকুলেটার, কিছু ব্ল্যাকমার্কেটিয়ার, কিছু হোর্ডার্স হোর্ড করছে যার ফলে সঙ্কট দেখা দিয়েছে। সঙ্কট শুধুমাত্র প্রডাকশনে নয়, সঙ্কট দেখা দিয়েছে ডিস্ট্রিবিউশনে এবং যার জন্য ওরা বলছেন যে স্টেট ট্রেডিং করবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ভয় লাগে স্টেট ট্রেডিং-এর নামে ওরা কি করবেন। মুখ্যমন্ত্রী যা বলছেন তা হচ্ছে এই যে বাংলাদেশের সারপ্লাস চাল, মার্কেটেবল সারপ্লাস যা আসে ১৪ লক্ষ টন তার উনি ৭ কি ৮ লক্ষ টন কিনবেন, বাকী উড়িষ্যা থেকে এবং কেন্দ্র থেকে নিয়ে ১০ লক্ষ টন পর্যন্ত উনি করবেন এবং তা দিয়ে ওনারা কলকাতা এবং শিল্পাঞ্চলকে খাওয়াবেন, ১ কেজি থেকে দেড় কেজি করে দেবেন চাল, বাকী তাঁরা গ্রামাঞ্চলে বা অন্যান্য শহরে মডিফায়েড র‍্যাশনিং-এর মাধ্যমে সরবরাহ করতে পারবেন। স্বতঃই প্রশ্ন আসে যদি কলকাতা এবং শিল্পাঞ্চলে ওরা বলেছেন যে দেড় কেজি করে চাল দিতে পারবেন যদি ওরা সংগ্রহ করতে পারেন আর তা না হলে ১ কেজি করে দেবেন কিম্বা আরো কমিয়ে দেবেন এই আমাদের মুখ্যমন্ত্রী আমাদের বলেছেন। তার ফল হচ্ছে এই যে ওদের সংগ্রহ না করতে পারার জন্য আমাদের কলকাতা এবং শিল্পাঞ্চলের লোকেরা দেড় কেজি

করে চাল পাবো কি পাবো না এটা নির্ভর করছে এবং যদি ওরা সংগ্রহ করতে না পারেন, যদি এক কেজি করে বা তার চেয়ে কম করে চাল দেন তাহলে মানুষকে ব্ল্যাকমার্কেটে চাল কিনতে হবে যা এখন কিনতে হচ্ছে। তার মানে ওদের সংগ্রহ না করতে পারার ফলে ঐ স্টেট ট্রেডিং-এর নামে স্টেট ট্রেডিং থাকবে কিন্তু আসলে ব্ল্যাকমার্কেটিংকে ওরা চালু রাখবেন এটাই এদের বক্তব্য থেকে আমাদের মনে হচ্ছে। দ্বিতীয় বক্তব্য হচ্ছে ওরা কাকে দিয়ে প্রকিয়োর করবেন, কিভাবে প্রকিয়োর করবেন? আমাদের বক্তব্য হচ্ছে ওরা যদি এই নীতি নিয়ে থাকে প্রকিয়োরমেন্টের জন্য সেইসমস্ত ডি পি এজেন্ট বা ঐ মিল মালিককে বলবেন যে তোমরা প্রকিয়োর কর, তোমাদেরটা প্রকিয়োর কর সরকারেরটাও প্রকিয়োর কর তাহলে দেখা যাবে ঐ ১৯৪৩ সালে যা হয়েছিল ঐ স ওয়ালেস ইসপাহানী কোং যখন প্রকিয়োর করেছিল, সরকারের পক্ষে তারা করে নি নিজের প্রকিয়োরমেন্ট তারা করেছিল এবং তার ফলে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। এখানেও তাই হবে ওদের যদি আবার বিশ্বাস করেন। যাদের সম্বন্ধে বলছেন যে ওরা ব্ল্যাক মানি দিয়ে ফুড গ্রেন কর্নার করছেন, যাদের সম্বন্ধে বলছেন যে ওরা হোর্ড করছে, যদি ওদেরই আবার বলেন যে তোমরা আবার প্রকিয়োর কর তাহলে ফলটা হবে এই যে প্রকিয়োরমেন্ট গভর্নমেন্টের ওরা করবে না, নিজেদের প্রকিয়োরমেন্ট ওরা করবে।

[5—5-10 p.m.]

এবং আমি মনে করি যে প্রকিয়োরমেন্ট-এর কাজ আরম্ভ হবে জানুয়ারীতে নয় এখন থেকে আরম্ভ হওয়া উচিত। আপনারা প্রকিওরমেন্ট করুন বা না করুন রিয়াল প্রকিওরমেন্ট গ্রামে গ্রামে সুরু হয়ে গেছে। এখন থেকে দাদন দেওয়া সুরু হয়ে গেছে। ধান জন্মাবার আগে ধান বিক্রি হয়ে গেছে। চাষীদের দাদন দেওয়া হচ্ছে তারা ধান জানুয়ারী মাসে দেবে, কিন্তু আপনারা যদি এখন থেকে ফিল্ড-এ না নামেন, যদি কৃষককে ধানের জন্য দাদন না দেন, চাষের জন্য খরচ না দেন তা হলে কিছুতেই আপনারা ধান সংগ্রহ করতে পারবেন না। এটা আপনারাও জানেন এবং আমরাও জানি। তাই জন্য কর্তব্য হচ্ছে যে ক্রেডিট কো-অপারেটিভ-এর মাধ্যমে যদি এখন থেকে ওদের পয়সা না দেন তাহলে পরে আপনারা ঐ ধান সংগ্রহ করতে পারবেন না। আপনাদের স্বপ্ন স্বপ্ন থেকে যাবে। যেমন ১৯৫১-এ আপনারা বলেছিলেন জানুয়ারী মাস থেকে আপনারা ধানের দর বেধে দিয়েছিলেন তারপরে যেই বৈশাখ মাস এল আপনারা ধানের দর তুলে দিতে বাধ্য হলেন আপনারা ম্যানেজ করতে পারলেন না। আমি বলি সেইরকম অবস্থাই হবে। সেজন্য বলছি এখন থেকে ফিলড-এ নামুন না হলে পরে আপনারা স্টেট ট্রেডিং করতে পারবেন না। এবং ফেল হতে বাধ্য হবে। দ্বিতীয় কথা হচ্ছে যদি আপনারা কো-অপারেটিভ-এর মাধ্যমে কৃষককে লোন দিতে চান, ধান কিনতে যান তাহলে টাকা লাগবে সেই টাকা সংগ্রহের জন্য যদি আপনারা কম্পিটিশন করেন -ঐ যাদের ব্ল্যাক মানি আছে এবং ঐ স্পেকুলেটার্সদের সঙ্গে আপনি পারবেন না যতক্ষণ না আপনারা ব্যাঙ্ক ন্যাশনালাইজ করবেন। সেজন্য প্রশ্ন আসে যে গভর্নমেন্টের উচিত কেন্দ্রীয় সরকারকে বলা ব্যাঙ্ক ন্যাশনালাইজ কর এবং ঐ ব্যাঙ্ক-এর মাধ্যমে আপনারা ঐ টাকা দিয়ে ব্যবসা করতে পারেন। তৃতীয় কথা হচ্ছে এখন থেকে যদি আপনারা ডি-হোর্ডিং না করেন—সবাই বললেন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী বলেছেন গত বছরের থেকে এই বছর ৩৫ লক্ষ টন চাল বেশী হয়েছে তবুও চাল পাওয়া যাচ্ছে না। কংগ্রেস সরকার কংগ্রেস মন্ত্রী কংগ্রেস-এর এম এল এ-রাও স্বীকার করছেন যে চাল হোর্ডেড হয়ে রয়েছে কিন্তু এখন থেকে যদি ডি-হোডিং না করেন তাহলে পরে আপনারা যখন ধান-চাল কিনতে যাবেন তখন ধান-চালের দর এমন থাকবে যে আপনারা তার আসেপাশে যেতে পারবেন না। সেজন্য আমার তৃতীয় কথা হচ্ছে যে ডি-হোডিং ব্যবস্থা আপনারা অবিলম্বে করুন। এর আগে আপনারা অল্প কিছু আরম্ভ করেছিলেন কিন্তু এখন ছেড়ে দিয়েছেন যার গ্রামের মহাজন জোতদাররা আপনাদের উপর রেগে গেছে যে আপনারা অল্পকিছু আরম্ভ করেছিলেন এবং সেই রাগের ভয়ে আপনারা ছেড়ে দিয়েছেন। আমাদের বক্তব্য হচ্ছে অবিলম্বে ডি-হোর্ডিং চালু করুন। পুলিশের সহায়তায় পিপলস কমিটির সহায়তায় আপনারা ডি-হোর্ডিং চালু করুন। তা না হলে আপনারা ধানের দরকে ফেলতে পারবেন না এবং ধানের দর না ফেলতে পারলে আপনারা পড়তা ফেলতে পারবেন না। আবার সেই ঘুরেফিরে ব্ল্যাক মার্কেট-এর হাতে আসতে হবে। আমাদের আরেকটা কথা হচ্ছে যে আপনারা স্টেট ট্রেডিং-এর

নামে কি করবেন তা আমরা বুঝতে পারছি না। আজকে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী স্টেট ট্রেডিং কর্পোরেশন-এর এখানে চেয়ারম্যান করবেন বলে কাগজে দেখছিলাম যে বলেছেন এখানে ব্যাংক-এর চেয়ারম্যানকে। অতএব আমাদের ভয় লাগছে ঐ স্টেট ট্রেডিং-এর নামে আপনার আমার বোধ হয় ঐ বড় বড় ব্ল্যাক মার্কেটার যারা যাদের আপনারা আশেপাশে রাখতে চাইছেন যাদের জন্য এই সংকট তাদের যদি আপনারা নিয়ে আসেন তাহলে পরে আপনাদের স্টেট ট্রেডিং ওরা ক্যানচাল করবেই করবে। মনে রাখবেন এরা ট্রোজান হর্স-এর মত কাজ করবে। যখন এরা দেখবে আন্দোলনের ফলে পাবলিক ওপিনিয়ন ক্রিয়েট হয়েছে এবং যার ফলে কংগ্রেস সরকারের একাংশ বলতে আরম্ভ করেছে স্টেট ট্রেডিং চাই, তখন এই সমস্ত লোক যারা ব্ল্যাক মার্কেটিং করছে, হোর্ড করছে তারাও ভাল কথা বলে ঐসমস্ত স্টেট ট্রেডিং-এর মধ্যে ডুববে কিম্বা বড় বড় এজেন্ট হবে এবং তারা ভেতর থেকে স্যাবোটেজ করে দেবে। এর আগেও আমরা এই জিনিস দেখেছি। সুতরাং আমি বলি আগে থেকে আপনারা সাবধান হন তা না হলে ব্যর্থ হতে বাধ্য হবে। আমি আরেকটা কথা বলতে চাই যে আপনারা জানেন কিছুদিন আগে ধান-চাল মিলওনার্সরা কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের মেমোর‍্যান্ডাম নিয়ে গিয়েছিল এবং বলেছিল যে আপনারা স্টেট ট্রেডিং করবেন না তাহলে অনেক লোক বেকার হবে এবং বাংলাদেশের লোকেরা যে চাল খায় তা আপনারা দিতে পারবেন না ইত্যাদি বলে এসেছিল। অর্থাৎ এরা একটা জেহাদ সুরু করে দিয়েছে স্টেট ট্রেডিং-এর বিরুদ্ধে বড় বড় মালিকদের ইতিমধ্যে একটা জেহাদ সুরু হয়ে গেছে। সেই জেহাদকে যদি আপনারা হারাতে চান তাহলে পরে আপনাদের কর্তব্য শুধুমাত্র ঐ সরকারী কর্মচারীদের উপর নির্ভর করলে হবে না। কারণ সরকারী অফিসাররা ছোট থেকে আরম্ভ করে বড় অফিসার পর্যন্ত ঘুষ খায়। অনেকে ইতিমধ্যে হাঁ করে বসে আছে কবে রেশনিং সুরু হবে তাহলে তারা লোককে টাইট দেবে। সেজন্য আপনারা যদি এখন থেকে পিপলস কো-অপারেশন না নেন সেজন্য পিপলস কমিটি তৈরী না করেন তাহলে জানবেন এই স্টেট ট্রেডিং-এর নামে যা অবস্থা হবে তারপরে সাধারণ মানুষ কয়েকদিন বাদে বলতে বাধ্য হবে যে আর স্টেট ট্রেডিং-এর দরকার নেই, আগে যেমন ছিল সেই ভাল ছিল। আপনারা দেখবেন ভিতর থেকে স্যাবোটেজ করে আপনারা ব্যাক টু দি ওল্ড পলিসি করতে বাধ্য হবেন। সেজন্য বলছি পিপলস কো-অপারেশান নেবার জন্য এম এল এ বলুন সমস্ত পার্টির লোক নিয়ে অঞ্চল পঞ্চায়েতের লোক নিয়ে পিপলস কো-অপারেশন কমিটি না করেন তাহলে আপনাাদর স্টেট ট্রেডিং ফেল করবে। সেজন্য বলছি ঐ প্রকিওরমেন্ট এবং হোলসেল ট্রেড যেন আপনারা নিজের হাতে নিয়ে নেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nathaniel Murmu:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য বিনয়কৃষ্ণ চৌধুরী এই স্টেট ট্রেডিং ইন ফুড গ্রেনস, মাস্টার্ড অয়েল পালসেস অ্যান্ড ফিস সম্পর্কে যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই স্টেট ট্রেডিং অফ রাইস সম্পর্কে বলতে গিয়ে গত বাজেটের আগে যে স্বল্পকালীন অধিবেশন হয়েছিল সেবারে খাদ্যসঙ্কট সমাধানকল্পে বিরোধী দলের তরফ থেকে এই কথাটা বার বার বলা হয়েছিল স্টেট ট্রেডিং অথবা বাফার স্টক এই দুটোর একটা না করলে দর ধরে রাখা যাবে না—এই কথাটা খুব জোর দিয়ে মুখ্যমন্ত্রীকে বলা হয়েছিল। তিনি তখন বলেছিলেন আমরা এই দুটোর কোনটাই করব না একটা অভিনব উপায় তারা আবিস্কার করেছিলেন যার দ্বারা বাংলাদেশে দর স্থিতাবস্থা থাকবে এবং সরবরাহ থাকবে। কিন্তু আমরা দেখেছি যে তাদের অব্যবস্থাচিত্তের জন্য বাংলাদেশ কি অবস্থায় পড়েছিল। স্টেট ট্রেডিং করতে হবে সেটা আজকে ভারতবর্ষের বুদ্ধিজীবি জনসাধারণ তারা বুঝতে পেরেছেন। এবং স্টেট ট্রেডিং সম্পর্কে বহুরকম কথাবার্তা শোনা যাচ্ছে। কংগ্রেসী নেতা ভূতপূর্ব খাদ্যমন্ত্রী জন সাহেব গ্যাডগিল সাহেব, খাদিলকর তাদের বক্তৃতা আমরা পড়ছি কিন্তু একটা কথা কোন জায়গায় বলা হচ্ছে না যেটা অত্যন্ত ক্রুসিয়াল সেটা হচ্ছে রাইস মিলস সম্পর্কে। বাংলাদেশে যদি ধানচালের কারবার রাষ্ট্রায়ত্ত হয় এবং হবে নিশ্চয়ই সে ক্ষেত্রে ধানচালের কলগুলির ভূমিকা কি হবে। সেখানে এক্সপার্টরা বার বার বলেছেন যে স্টেট ট্রেডিং করতে গেলে রাইস মিলগুলি জাতীয়করণ করতে হবে। কেন না বাজার থেকে যে ধান কেনা হবে রাইস মিল-এ যখন যাবে মিলিং-এর জন্য সেখানে একটা বিরাট লিকেজ থাকার সম্ভাবনা আছে। কাজেই স্টেট ট্রেডিং করতে গেলে সরকারের

কাছে এই বক্তব্য আমি রাখতে চাই যে মিলগুলি বাদ দিয়ে যদি স্টেট ট্রেডিং করা যায় তাহলে রাইস ট্রেডিং করা যায় তাহলে রাইস মিলগুলি ভবিষ্যতে একটা বিরাট সমস্যা দেখা দেবে। সেজন্য স্টেট ট্রেডিং ইন রাইস করতে গেলে রাইস মিলগুলি সরকারের হাতে নিয়ে নিতে এটা আমাদের দাবী। দ্বিতীয়ত স্টেট ট্রেডিং করার ক্ষেত্রে তাড়াতাড়ি মেসিনারী সেট করার কথা যেটা বলা হচ্ছে যেখানে বলা হচ্ছে ইমিডিয়েটলি স্টেট ট্রেডিং করতে হবে সেটা এই কারণে যে জানুয়ারী মাস হলে দেরী হয়ে যাবে। কারণ নভেম্বরের শেষে ধানচাল উঠে এবং ডিসেম্বর জানুয়ারীর মধ্যে যদি সরকার ধান-চাল কেনার ব্যবস্থা না করেন তাহলে স্টেট ট্রেডিং ব্যর্থ হতে বাধ্য। সেজন্য এক্ষনি স্টেট ট্রেডিং ঘোষণা করা দরকার। এবং এখন থেকে খুব জোর দিয়ে স্টেট ট্রেডিং এর কাজ সুরু করা দরকার। কর্মচারী সরকারের হাতে রয়েছে। আমি কিছুদিন আগে বলেছিলাম যে ১৯৫৬ সালের খাদ্য দপ্তরের যে উদ্বৃত্ত কর্মচারী রয়েছে তাদের ছাঁটাই করা হয়েছে তারা অভিজ্ঞ তাদেরকে অবিলম্বে নিয়োগ করে প্রিলিমিনারী কাজ আরম্ভ করে দেওয়া উচিত। যদি আর দেরী করা হয় তাহলে আগামীবার আবার আমাদের অসুবিধায় পড়তে হবে। আমি জোর দিয়ে বলতে চাই স্টেট ট্রেডিং অবিলম্বে আরম্ভ করতে হবে এবং চাষীদের ন্যায্যমূল্য দিতে হবে। এবং ব্যাঙ্কগুলি থেকে দাদন দেওয়া বন্ধ করতে হবে। তারপর রাইস মিলগুলিকে অবিলম্বে জাতীয়করণ করতে হবে এবং সরকারী আওতায় এগুলি চালাতে হবে। আজকে বন্ধুবর আনন্দবাবু যে ম্যালথুসিয়ান থিওরীর কথা বললেন আজকের দিনে তা শুনব বলে আশা করি নি।

[5-10—5-20 p.m.]

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে বন্ধুবর আনন্দবাবু কুখ্যাত ম্যালথাস-এর থিয়োরী বললেন। আজকে একথা শুনব বলে এখানে আসি নি। তিনি বলেছেন জনসংখ্যা যে হারে বেড়েছে উৎপাদনের রেসিও সেই হারে বাড়ে নি। একথা জানা কথা যে, জনসংখ্যা বাড়বে এবং সরকারের কাছে তার হিসেব আছে। কিন্তু উৎপাদন বাড়েনি কেন? তার কারণ কি? তবে তার কারণ তাঁর রিপোর্টেই আছে অর্থাৎ উৎপাদন বাড়াবার ব্যবস্থা করা হয় নি। গ্রামাঞ্চলে কৃষির অব্যবস্থা রয়েছে, জমিজমা সংক্রান্ত ব্যাপারে অব্যবস্থা রয়েছে। শুধু তাই নয়, উৎপাদন বাড়াবার জন্য চাষীদের যে উৎসাহ দেওয়া দরকার সেটা আপনারা দেন নি, তারা ন্যায্যমূল্য পায় নি এবং তার ফলে চাষী উৎসাহিত হয় নি। তাদের ন্যায্যমূল্য দেওয়া দূরে থাকুক, ঘাটতি দিয়ে তাদের উৎপাদিত জিনিস বিক্রয় করতে হয়। আমার মতে চাষী যাতে ন্যায্যমূল্য পায় এবং শিল্পজাত জিনিস এবং কৃষিজাত জিনিসের দরের একটা অনুপাত যাতে করা যায় সেটা করা দরকার। জাপানী প্রথায় চাষ করলে ৩ গুণ ফসল বাড়ে এটা তাঁদের এক্সপার্ট কমিটি বলেছিলেন। আমি জিজ্ঞাসা করি সেই জাপানী প্রথার কি ব্যবস্থা করেছেন? কংগ্রেস নেতা মিঃ গ্যাডগিল বলেছেন বিদেশ থেকে আমদানী করতে ২৫০০ কোটি টাকা খরচ করেছেন। আমি জিজ্ঞাসা করি খাদ্যশস্য বাড়াবার জন্য সেই ২৫০০ কোটি টাকার কত অংশ ইনভেস্ট করা হয়েছে? এরা কুখ্যাত ম্যালথাস-এর থিয়োরীর কথা বলেছেন, জনসংখ্যা বেড়েছে বলেছেন। আমি আপনাদের বলতে চাই এই ২৭ বছর ধরে আপনারা বাংলাদেশের এবং ভারতবর্ষের লোককে অনেক ধোঁকা দিয়েছেন, অসাম্ভব নীতি গ্রহণ করে অনেক ধোঁকা দিয়েছেন, কিন্তু এখন যদি [illegible] নীতি না [illegible] তাহলে এই স্টেট ট্রেডিং ব্যর্থ হবে। [illegible] ব্যাঙ্কের দাদন [illegible] বন্ধ [illegible], চালকল [illegible] করতে হবে, উদ্বৃত্ত খাদ্য দপ্তরের অভিজ্ঞ কর্মচারীদের নিয়ে অবিলম্বে কাজ আরম্ভ করতে হবে এবং মরশুমের প্রথম থেকেই সংগ্রহ করতে হবে। সংগ্রহ যদি ঠিক না থাকে তাহলে রেশনিং ঠিক রাখতে পারবেন না। কোলকাতায় এবং ইন্ডাস্ট্রিয়াল এলাকায় সমস্ত সরবরাহের দায়িত্ব নেবেন এবং বাংলাদেশের অন্যান্য জায়গায় মডিফায়েড রেশনিং চালু করবেন তাতে হবে না। এই ধরনের দুইরকম বিভেদমূলক নীতি বা ব্যবস্থা দুর্নীতি আরও বাড়িয়ে তুলবে। আমার বক্তব্য হচ্ছে সারা বাংলাদেশের দায়িত্ব নিতে হবে, স্টেট ট্রেডিং করতে হবে। এই কথা বলে আমি বিনয়বাবুর প্রস্তাব সমর্থন করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি বিনয়বাবুর প্রস্তাব সমর্থন করে শম্ভুবাবু এবং কাশীবাবুর যে অ্যামেন্ডমেন্ট আছে সেই দুটি সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই।

এখানে অনেকে অনেক কথা বলেছেন এবং বহুরকমভাবে বলেছেন। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যাঁরা আজ গদীতে বসে আছেন তাঁরা কানে তুলো দিয়েছেন এবং পিঠে কুলো বেঁধেছেন। অবশ্য এখনও পিঠের দিকটা নিরাপদ আছে, কিন্তু কতদিন আর থাকবে জানি না। (শ্রীজহর ব্যানার্জী: ভাবনা হচ্ছে নাকি?) ভাবনা বন্ধুদের হওয়া উচিৎ, কিন্তু দুঃখের বিষয় ওঁদের ভাবনা করবারও অবকাশ নেই। নিজের কাজে এতই ব্যস্ত যে দেশের ভাবনা তো ছেড়ে দিয়েছেনই, নিজের পৃষ্ঠ-দেশের ভাবনাটাও ভাবতে পারছেন না। যাহোক, এখন কথা হচ্ছে যে, এই স্টেট ট্রেডিং নিয়ে আমার পূর্ববর্তী বক্তা যখন অনেক কথা বলে গেছেন তখন আমি আর তার মধ্যে যাব না। তবে একটি কথা বলতে চাই যে, আমরা কোন অবস্থার মধ্যে দাঁড়িয়ে এই স্টেট ট্রেডিং-এর কথা বলছি। আনন্দবাবু স্টেট ট্রেডিং-এর কথা বলেছেন, কিন্তু আনন্দবাবুর বলবার অনেক আগে এই হাউসের সকলের তরফ থেকে এই স্টেট ট্রেডিং-এর কথা বলা হয়েছিল। কিন্তু তখন মন্ত্রি-মহাশয় দাঁড়িয়ে বলেছিলেন ঐসব হবে না, হওয়া সম্ভব নয়। তাহলে আজকে কেন সেইসব হচ্ছে? তাহলে বোঝা যাচ্ছে অপজিসন একটা জিনিস যতদিন আগে ভাবে এঁদের সেটা ভাবতে অনেক দেরী লাগে। আমরা একটু আগে ভাবতে পারি বলে আমাদের দোষ দিলে হবে না, ভগবান আমাদের সেই বুদ্ধি দিয়েছেন।

এই স্টেট ট্রেডিং-এর কথা উঠেছে কেন? আজকে দুটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়ে গেছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রায় শেষ হতে চলল, কিন্তু দেখা গেছে কি? প্রায় দুটো পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা করে ১১ হাজার কোটি টাকা খরচ করে কয়েকটি পরিবারের হাতে বাড়ির সম্পত্তির ¾ ভাগ তুলে দিয়েছেন এঁরা। এই করে এঁরা ২৭ কোটি লোকের দৈনিক আয় তিন আনার মধ্যে রেখে দিয়েছেন। সেজন্য এই ২৭ কোটির লোকের জন্য স্টেট ট্রেডিং দূরের কথা তাদের সাবসিসটেন্স দেওয়ার মত অবস্থা নেই। কাজেই আজকে এই স্টেট ট্রেডিং-এর কথা বলতে গেলে এই চিত্রটা বাদ দিয়ে স্টেট ট্রেডিং-এর কথা আসতে পারে না। আজকে এমন অবস্থা দাঁড়িয়েছে যে, যে-কোন জেলায় যান দেখবেন হাহাকার। কাঁথিতে মা ছেলেকে বিক্রী করছে। সেই ব্রিটিশ আমলের প্রথমদিকে যে গল্প পড়েছিলাম, সেইসময় ছেলে বিক্রি হত, আর আজকে কংগ্রেসী রাজত্বের ১৭ বছর বাদে মা তাঁর সন্তানকে বিক্রী করছে। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে!

[গোলমাল]

এঁরা খবরও রাখেন না যে মা ছেলেকে বিক্রি করছে, এটাই সবচেয়ে আশ্চর্যের কথা। রাশিয়ায় কি হল তার খবর রাখছেন, চীনে কি হল তার খবর রাখছেন আর বাড়ির কাছে কাঁথিতে মা ছেলেকে বিক্রি করছে, হতভাগিনী মালতী গোস্বামী তাঁর ছেলেকে গঙ্গায় ডুবিয়ে দিল সে খবর এঁরা রাখেন না।

[কংগ্রেস বেঞ্চ থেকেঃ সে একটা পাগল।]

পাগল? সে কেন পাগল হয়েছিল? কতদিন থেকে পাগল সেটা বলুন না। যাক, আপনাদের মাধ্যমে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে দুটি পঞ্চবার্ষিকী কল্পনায় প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকা খরচ করে ব্ল্যাক মানি হয়ে গেছে, এবং সেই ব্ল্যাক মানি কংগ্রেস রাজত্বকে নাগপাশে বেঁধে রেখে দিচ্ছে। ওরা ব্ল্যাক মানির কাছে মাথা নত করে বসে আছে, আর বড় বড় কথা বলছে, এরা এদের মস্তক বিক্রি করছে। তা যদি না হয় মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাত্র ছয় শত মিলার আর কয়েক হাজার ব্যবসায়ী এবং পাইকার বাংলাদেশের গভর্নমেন্টকে হিমসিম খাইয়ে দিল? তারা গভর্নমেন্টকে বানচাল করে দিল? নইলে কি বুদ্ধি ছিল। এরকম একটা গভর্নমেন্ট ছয় শত মিলারের কাছে জব্দ হয়ে গেল! আবার বড় বড় কথা বলেন। আপনাদের পাকিস্তানের হতভাগ্য মানুষদের কি ব্যবস্থা হল এদেশে আনবার। আন্দোলন করলে আমরা দেখলাম সতেরো-আঠারো হাজার রাজস্থানী ফৌজ, মাদ্রাজী ফৌজ পাঠিয়ে সেখানে দাপট দেখালেন, সেই দাপট গেল কোথায় ২০এ মে হরতালের সময়? তারা বুঝি হাওয়ায় উড়ে গেল? ওই ছয়শত মিলারকে ধরতে পারলেন না কেন? ধরতে পারবেন না তার কারণ এটাই কংগ্রেস সরকারের বর্তমান নীতি। এই নীতিই

আজকে ব্ল্যাক মার্কেটকে জন্ম দিচ্ছে। তারা একদিকে মিশ্র অর্থনীতির কথা বলছেন, আর একদিকে এই মিশ্র অর্থনীতিকে অত্যন্ত লঘুভাবে বিকৃতভাবে প্রয়োগ করছেন যার ফলে সমস্ত দেশের অর্থনীতিকে বড় বড় মহাজনদের হাতে তুলে দিচ্ছেন। কিন্তু সত্যি সত্যি যেদিন জনতা উত্তেজিত হবে সেদিন আর বলবার অবসর থাকবে না।

[5-20—5-30 p.m.]

এই স্টেট ট্রেডিং-এর কথা বলতে গিয়ে সোজাসুজি মাছের কথা বলছি। স্যার, আপনি জানেন যে ইলিশ মাছ বাজারে পাওয়া যাচ্ছে না, পাওয়া গেলেও আপনি ইলিশ মাছ বাজারে গিয়ে পাবেন না, ইলিশ মাছের খোঁজ করতে হবে মিষ্টির দোকানে। মিষ্টির দোকানে খোঁজ করলে হয়ত পাবেন ৮-১০ টাকা সেরে অথবা বাগবাজারে গঙ্গার ধারে কোথাও ঝোপে গিয়ে লুকিয়ে থাকেন তাহলে যদি পান ২৮ টাকা দরে। এই হচ্ছে মাছের অবস্থা। আজকে যে কোন মাছ কিনতে যান কিনবার সামর্থ্য নেই, অথচ মাছ আছে। কোল্ড স্টোরেজে খবর নিন দেখবেন ২১ দিন ধরে সেখানে মাছ আটকে রাখতে পারে। তারা এই সরকারকে চোখ রাঙিয়ে বলছে যে আমরা যা খুশী করব তোমরা কিছু বলতে পারবে না। এরা কোল্ড স্টোরেজে মাছ রাখবার ব্যবস্থা করেছে। স্যার, আপনি বাঙালী, আমিও বাঙালী, আমি জিজ্ঞাসা করছি ইলিশ মাছের বিকল্প কি? প্রফুল্লবাবু তো অমুকের বিকল্প তোমুক, তোমুকের বিকল্প অমুক বলে বহু তথ্য দিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি ইলিশ মাছের বিকল্প কি? সেটা কি অশ্ব ডিম্ব? এরপর আর একটা কথা আপনাকে বলছি এরা অনেক বড় বড় কথা বলেন, এরা অপোজিসানের দায়িত্ব সম্বন্ধে কথা বলেন। অপোজিসনের একমাত্র দায়িত্ব হচ্ছে বিশেষত যেখানে ট্রেজারী বেঞ্চ দায়িত্ব পালন করেন না, তাঁদের নিজস্ব ম্যানিফেস্টোকে পর্যন্ত কোন আমল দেন না সেখানে জনসাধারণের যে দাবি সেই দাবি তুলে চোরকে চোর বলা, জোচ্চোরকে জোচ্চোর বলা, যাদেরকে ধ্বংস করা দরকার তাদের ধ্বংস করব এই এই কথা স্পষ্ট বলা এই হচ্ছে অপোজিসনের দায়িত্ব। সব দেশেই অপোজিসন তাই করে। কাজেই অপোজিসানের তরফ থেকে আমরা বলি স্টেট ট্রেডিং জনতার সহযোগিতা নিয়ে করা উচিত। আমরা দেখেছি কংগ্রেসের লোকদের নিয়ে কনজিউমার্স কো-অপারেটিভ করা হয়েছে। আমি মুর্শিদাবাদের কথা জানি, সেখানে কনজিউমার্স কো-অপারেটিভ করা হয়েছে, আমাদের কাউকে ডাকা হয় নি। তলায় তলায় দেখলাম সেখানে থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড় নিয়ে কনজিউমার্স কো-অপারেটিভ হয়ে গেছে। লালবাগ মহকুমায় জামাই, শ্বশুর, জামাই-এর ভাই, জামাই-এর শালি সব নিয়ে কনজিউমার্স কো-অপারেটিভ হয়ে গেছে এবং যে তেল আমরা ধরেছি সেই তেল জামাতা বাবাজীবন থেকে আরম্ভ করে শ্বশুর শালি পর্যন্ত কনজিউমার্স কো-অপারেটিভের সকলেই নিয়েছেন। এইরকম কনজিউমার্স কো-অপারেটিভকে সাপোর্ট করবেন না। আমরা জনতার যেসমস্ত কমিটির কথা বলি সেই জনতা কমিটির মারফৎ সেখানে সমস্ত দলের লোক থাকবে, যদি স্টেট ট্রেডিং করা যায়, কনজিউমার্স স্টোর্স করা যায়, তাহলে সমস্যা সমাধান হবে কিন্তু স্যার, যাবার আগে আমি এই কথা বলব এই সমস্যা সমাধান করতে পারবেন না, স্টেট ট্রেডিং করলেও পারবেন না। এই সমস্যা সমাধানের দিন ঘনিয়ে আসছে, ২৫এ সেপ্টেম্বর সুরু হবে। সেই সমাধানের একমাত্র কথা আপনারা দয়া করে রাজত্ব ছেড়ে চলে যান, তাহলে দেশের মহা উপকার হবে।

Shri Anadi Das: Sir, I beg to move that in lines 2-3, for the words "State trading in foodgrains, mustard oil, pulses and fish" the following words be substituted, viz.:—

"statutory rationing throughout the State in foodgrains and State trading in mustard oil, pulses and fish."

মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্য বিজয় চৌধুরী মহাশয় যে প্রস্তাব রেখেছেন স্টেট স্ট্রেডিং সম্পর্কে তার উপর আমার অ্যামেণ্ডমেণ্ট থাকলেও সেই অ্যামেণ্ডমেণ্ট তারই সাপ্লিমেণ্ট। সরকার

যেভাবে সমস্ত কাজ পরিচালনা করেন তাতে স্টেট ট্রেডিং-এর মধ্যে সেইরকম গলদ থাকার ফলে অবস্থা যে আরো ভয়াবহ হতে পারে এই আশংকা অনেকেই প্রকাশ করেছেন। স্টেট ট্রেডিং-এর মধ্যে তাই একটা নাম আছে মাত্র, কিন্তু দেশের প্রতিটি মানুষকে খাওয়াবার দায়িত্ব তার মধ্যে নেই। আমার অ্যামেন্ডমেন্টে আছে প্রতিটি মানুষকে খাওয়াবার দায়িত্ব এই সরকারকে নিতে হবে। স্টেট ট্রেডিং থেকেও আরো একটু বেশী গিয়ে সারা দেশে রেশনিং প্রথার প্রবর্তন ছাড়া যে অবস্থার এরা সৃষ্টি করেছেন সেই অবস্থায় চাল, খাবার জিনিস, গম ইত্যাদির ব্যাপারে কোন সুরাহা এরা আনতে পারবেন না। একথা সত্য যে এরা এদের কার্যের ফলে যে রক্তদুষ্টি সৃষ্টি করেছেন এবং তার ফলে শরীরের চারিদিকে যে স্ফোটক দেখা দিয়েছে সেই রক্তদুষ্টি দূর করবার দিকে এরা যাচ্ছেন না, স্ফোটকের উপর মলম লাগাবার চেষ্টা করছেন মাত্র।

ফলটা হচ্ছে এই যে স্ফোটকও দূর হচ্ছে না, রক্তদোষও দূর হচ্ছে না, বরং চতুর্দিকে আরো স্ফোটক বাড়ছে। যে ব্যবস্থা ওরা করেছেন, রাষ্ট্রীয়করণ বহু জায়গায় হয়েছে, বাস চলছে কোলকাতায়, আরো অনেক কিছু হয়েছে, কিছু কিছু যা হয়েছে প্রতিটি জায়গায় লোকের মুখে শুধু একটিমাত্র কথা শোনা যায় যে গভর্নমেণ্ট যাতে হাত দেয় সেটাই খারাপ হয়ে যায়। যদি চালের দর বাঁধতে যায়, চাল উধাও হয়ে যায়, তেলের দর বাঁধতে যায় তেল উধাও হয়ে যায়, মাছের দর বাঁধতে যদি যায় মাছ উধাও হয়ে যায়—একথা প্রতিটি মানুষের মুখে শোনা যায়। কাজেই আজ শুধু স্টেট ট্রেডিং নয়, আজকে পরিষ্কারভাবে সমস্ত মানুষকে খাওয়াবার দায়িত্ব এই সরকারকে নিতে হবে। তাই এই স্টেট ট্রেডিং-এর পরিণাম কি হবে, চাল যদি যোগাড় করতে না পারেন হাফ-হার্টেড মেজারে প্রাইভেট ট্রেডিং চলবে, সরকার কিছু ট্রেডে যাবেন এবং সেই ট্রেড কিরকম হবে সেটা পরিষ্কার বুঝা যায় এবং তার নমুনা এখন আমরা পাচ্ছি—যখন বাস্তবিকপক্ষে ধান না জন্মাতে তার কেনাবেচা সুরু হয়ে গেছে তখন সরকার আশ্বাস দিচ্ছেন আমরা করবো, আমরা করবো আমরা করবো, এই অবস্থার উপর এই সরকার বেঁচে আছেন। তা না হলে এই ১৭ বছরের মধ্যে যে অবস্থা তৈরী হয়েছে কোন সরকার যদি নাও থাকতো তাহলে এর থেকে খারাপ অবস্থা আর কি হতে পারে? তাই আমি বলছি যে এখন থেকে সাবধান হওয়া দরকার। এক্ষনি ধান সংগ্রহের দিকে, যেকথা আমার পূর্ববর্তী বক্তারা বলে গেছেন, সে ব্যাপারে সতর্ক হওয়া দরকার। সমস্ত জায়গায় সরকার যদি সেই দায়িত্ব না নেন, তার মধ্যে যদি ফাঁক দেবার ভয় থাকে যে ঐ তো একটা করা হয়েছিল, দেশে একটি সঙ্কট হয়েছিল, স্টেট ট্রেডিং তোমরা চেয়েছিলে, অনেক চাইবার পর আমরা তো মনে করেছিলাম ঠিক, কিন্তু তা হল না, আবার একটা বছর কেটে যাবে এইরকম একটা মনোভাব যদি থাকে তাহলে কিছুই হবে না যে মনোভাব এখনও সরকারের মধ্যে কিছু কিছু আছে যে এরকম করে কাটিয়ে দাও। নভেম্বর মাসে ফসল যখন উঠবে তখন যদি একটু [illegible] কমে যায় তাহলে স্টেট ট্রেডিং-এর কথাটা আবার চাপা পড়ে যাবে এই মনোভাব সরকারের মনের মধ্যে আছে। সেজন্য আমি সতর্ক করে দিতে চাই যে এবারে ফসল উঠলে যদি বা সাময়িকভাবে কিছু দর কম হতে পারে কিন্তু যে স্বাদ দেশের পাইকারী ব্যবসাদারেরা পেয়েছে সেই স্বাদ তারা ভুলবে না। এই দায়িত্ব সরকারকে নিতে হবে। শুধু স্টেট ট্রেডিং বলে উড়িয়ে দিলে চলবে না যে স্টেট ট্রেডিং চালু করে দিয়াছি, তারপর চাল সংগ্রহ করা হল না আবার আজকে ভূতের মুখে রামনাম শোনা যাচ্ছে, ওরা বরাবর কেন আসছেন টেণ্ডার ব্যবসাদার তেলের মালিকরা অন্যায় কিছু করে নি, এটা বরাবর আমরা লক্ষ্য করে আসছি। আজকে আনন্দগোপালবাবুও বললেন, সেদিন মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন তাঁর লিখিত বক্তব্যে যে হোর্ডাররা আমাদের পলিসির বিরুদ্ধে গেল, তাই কিছু করতে পারি নি, একথা বলছেন, ভূতের মুখে রামনাম শোনা [illegible] কিন্তু সন্দেহ হয় শেষ পর্যন্ত যেভাবে রাজত্ব চলছে স্টেট কন্ট্রোলিং-এর বিরুদ্ধে যাতে জনতার মনটা চলে যায়। এরকমভাবে জনতাকে ভাঁওতা দেয়া হচ্ছে, তাদের শক্তিকে খর্ব করা হচ্ছে, তারা সেদিনের অপেক্ষায় আছে যেদিন প্রতিক্রিয়াশীল শক্তি ওদের কোনপ্রকারে অপসারিত করে দেশের গদীতে বসবেন এবং তার থেকে ওরাও রেহাই পাবেন না। দেশকে এইভাবে তাঁরা পরিচালিত করছেন, কিন্তু আমি একথা বলতে পারি যে এভাবে দেশের লোক তাঁদের চালাতে দেবেন না, তাঁরা তার উপযুক্ত ব্যবস্থা করবেন—২৫এ সেপ্টেম্বর যেদিন ডাক দেয়া হয়েছে নিশ্চয়ই সারা ভারতবর্ষে সেদিন এদের যে রূপ তাতে আর একটু আঘাত তাঁরা পাবেন।

[5-30—5-40 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটু আগে আনন্দবাবু আমাদের শম্ভুবাবুকে লক্ষ্য করে বললেন যে তিনি বক্তৃতার পর পালিয়ে গিয়েছেন। আমি এখন আনন্দবাবুর বক্তৃতার পর তাঁর সিটের দিকে দেখছি, কিন্তু তাঁকে সেখানে দেখতে পাচ্ছি না, ঐ ভদ্রলোকটিও বোধহয় এখান থেকে পালিয়ে গিয়েছেন। যাই হোক, এখানে স্টেট ট্রেডিং সম্পর্কে যে বেসরকারী প্রস্তাব এসেছে সে প্রস্তাব আমরা সকলেই সমর্থন করি, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু ও পক্ষের যারা কংগ্রেসী বন্ধু, তাঁরা একটু আগে বললেন যে কংগ্রেস নাকি লিড দিয়েছেন স্টেট ট্রেডিং এর ব্যাপারে। এখানে একথা বলে লাভ নেই, কারণ এঁদের চামড়া বিলক্ষণ মোটা। তখনকার এ্যাসেম্বলীর প্রসিডিংস খুললেই দেখতে পাবেন যে সাত, আট বছর আগে থেকে স্টেট ট্রেডিং এর কথা ঐ বামপন্থীরা বলে আসছেন, না, ওরা বলেছেন? গত ডিসেম্বর মাসে এই হাউসে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে ধানের দর এমন বেঁধে দেবো, প্রথমে ১৪ টাকা করে দেবো, তারপরে যদি দেখি আরও কমান সম্ভব, তাহলে ১৩ টাকা, ১২ টাকা করে দেবো। কিন্তু তারপর দেখা গেল খাদ্য সংকট দূর হল না। সুতরাং নির্লজ্জতারও একটা সীমা আছে; আর এটাও মনে রাখা দরকার যে মানুষের স্মরণ শক্তিও আছে একটু। ওঁরা যদি জোর করে বলেন যে স্টেট ট্রেডিংএ ওঁরা লীড দিয়েছেন, ওঁরাই আওয়াজ তুলেছেন, তাহলে এতে বলার কিছু নেই। যাই হোক, সেটাও মেনে নিতে রাজী আছি, যদি ওঁরা সেইভাবে স্টেট ট্রেডিং করেন। কিন্তু ওঁরা করতে চাইছেন কি? ওঁরা বলছেন যে আমরাও বাজারে থাকবো আর ঐ বাজারে ব্যবসাদাররাও থাকবে। এতে ফল কি হবে? তাঁরা একটা এক্সপেরিমেন্ট করবেন। গত ১৬ বছর ধরে তাঁরা এক রকমের এক্সপেরিমেন্ট করেছেন, আবার স্টেট ট্রেডিং নিয়ে এক্সপেরিমেন্ট করবেন। একথা সবাই জানেন যে যদি এই বাজারে এই সব মুনাফাখোর ব্যবসাদাররা থাকে, তাহলে আপনারা প্রতিকার করতে পারবেন না। এরা বাজার থেকে ধান, চাল বেশী দরে কিনে নিয়ে যাবে, আর আপনাদের যারা সরকারের তরফ থেকে ঐ স্টেট ট্রেডিং কর্পোরেশন বলুন, আর যাই বলুন তাদের তরফ থেকে বাজারে যাবেন, তাদের কেবল সেখানে মাছি তাড়াতে হবে। অবশ্য এখানে প্রশ্ন আসতে পারে যে আমরা দর বেঁধে দিয়েছি, কাউকে তার চেয়ে বেশী দরে কিনতে দেবো না। দরত এবারেও বেঁধে দিয়েছেন কিন্তু তা কি কোথাও কার্যকরী হচ্ছে? আপনারা এখানে যে জিনিষটা করতে চান, তা বেশ পরিষ্কার বোঝা যাচ্ছে আপনারা এমন একটা দর বেঁধে দিতে চান, যে সেই দর যাতে কোন জায়গায় কার্যকরী না হয়, তার পুরো ব্যবস্থা আপনারা করছেন। যাতে লোকে আর কোন দিন দর বাঁধার কথা না বলে, তার পুরো ব্যাবস্থা আপনারা করছেন। ঠিক স্টেট ট্রেডিংএ আপনারা তাই করবেন। এই স্টেট ট্রেডিং, স্টেট ট্রেডিং বলে সারা ভারতের লোক চিৎকার করছে বিশেষ করে বাংলা দেশের বামপন্থী লোকেরা চিৎকার করছে, তাই কি আপনারা ঠিক করেছেন যে স্টেট ট্রেডিং এমনভাবে চালু করবেন, যাতে বাংলাদেশের লোকেরা জীবনে আর স্টেট ট্রেডিংএর নাম না করে? (এ ভয়েসঃ সকল বামপন্থীরা ত এক সুরে বলছেন না?) তাতে আপনার খুব অসুবিধা হচ্ছে বলে মনে হচ্ছে। যাই হোক আমরা দাবী করছি যে সমস্ত জায়গায় স্টেট ট্রেডিংটা সরকার পুরো করুন, স্টেট ট্রেডিংএর ব্যাপারে অন্য কাউকে আসতে দেবেন না তবেই সত্যিকারভাবে স্টেট ট্রেডিং চালু হতে পারে। দু নম্বর হচ্ছে, প্রশ্ন আসতে পারে যে এত টাকা পাবো কোথায়? সরকারের হাতে তো এত টাকা নেই। আমি বলি ব্যাঙ্কগুলি ন্যাশনালাইজ করলেই তা হয়। তাতে কিছু অসুবিধা নেই। যদি সত্যই ভালভাবে স্টেট ট্রেডিং চালু করতে হয় যদি মানুষকে সত্যকারের দাম দিতে হয় যদি তাদের মহাজনদের হাত থেকে বাঁচাতে হয় তাদের সরকারকে এর সম্পূর্ণ দায়িত্বভার নিতে হবে। একটু আশ্চর্যের সঙ্গে আনন্দবাবুর বক্তৃতার মধ্যে তাঁর একটা কথা লক্ষ্য করলাম যে উনি স্বীকার করেন যে রিজার্ভ ব্যাঙ্ক এই সমস্ত বড় বড় চালের ব্যবসায়ীদের যে দাদনটা দিচ্ছেন সেটা তাঁর ভাল লাগেনি। উনি বুঝতে পারছেন না যে এখন তাদের দাদন কেন দেওয়া হচ্ছে? এটা বুঝতে ত কিছু অসুবিধা নেই। তাঁর এটা বোঝা উচিত। যারা চোরাকারবারীর দালালী করে, তারা

বুঝতে পারেন না যে রিজার্ভ ব্যাংক কেন চালের ব্যবসায়ীকে দাদন দিচ্ছে? আনন্দবাবুর এটা বুঝতে এত অসুবিধা হচ্ছে কেন? আপনি এতবড় লীড দিচ্ছেন, আপনি এত মহৎ জ্ঞানী ব্যক্তি, আর আপনি এইটা বুঝতে পারলেন না, যে কেন রিজার্ভ ব্যাংক তাদের দাদন দিচ্ছে।

যাই হোক ওঁর সঙ্গে বিতর্কে যাওয়ায় কোন লাভ নেই কিছু। কেন না যখন উনি ক্লেম করছেন যে আমরা স্টেট ট্রেডিংএর লীড দিয়েছি, তা ভাল, লীড দিন আমাদের আপত্তি নেই আমরা আপনাদের লীডের পিছনে পিছনে যাবো কিন্তু লীডটা রাখেন যেন সেটাই হচ্ছে কথা। কেন না আপনাদের এই ১৬ বৎসরের লীড [illegible] । [illegible] একটা এ্যামেন্ডমেন্ট [illegible] এনেছেন [illegible], সে বড় চমৎকার এ্যামেন্ডমেন্ট, [illegible] ঐ মাছ এবং সারষার তেল সেটা এর মধ্যে থেকে বাদ দিয়ে দিন। [illegible] কি ভেড়ী আছে না কি? আপনার ভেড়ী [illegible] একটা [illegible] না [illegible] আপনার ভেড়ী আছে কিনা। তা ২৫ টাকায় [illegible] মাছের [illegible] এতেও আপনাদের শান্তি হচ্ছে না, এতেও আনন্দ হচ্ছে না, আরো দর বাড়াতে চান। যদি সাধারণ অর্থনীতির আপনার জ্ঞান থাকতো তাহলে বুঝতে পারতেন যে [illegible] এই চালে টাকা খাটাচ্ছে যদি কাল তারা চালে টাকা খাটাতে না পারে [illegible] এই মাছে, তেলে, নুনে, সমস্ত জায়গায় তারা টাকা খাটাবে। তাহলে কোথায় [illegible] পারবেন তাদের [illegible] কতখানি [illegible] আপনাদের [illegible] গিয়েছে এই সমস্ত [illegible] আপনারা [illegible] আপনারাই [illegible] করেন। [illegible] দিয়েছেন যাতে [illegible] বছর [illegible] চালে এবং তেলে পুরো টাকা খাটিয়ে, এই [illegible] পাঁচ টাকা দামে সরিষার তেলের নামে যে বস্তুটা চলছে সেটাও না পাওয়া যায় এই ত বন্দোবস্ত। সুতরাং এই কথা বলার আগে একটু ভেবে দেখতে হবে যে আপনারা [illegible] যদি ঐ এ্যামেন্ডমেন্টটা না আনতেন তাহলে বুঝতাম যে আপনাদের কোন সাধু উদ্দেশ্য [illegible]। কিন্তু আপনাদের উদ্দেশ্যের মধ্যে আপনার উদ্দেশ্যটা বোঝা গেল কারণ নিশ্চয়ই আপনাদের পক্ষ থেকে ঐ আামেন্ডমেন্টটা এনেছেন, তা আপনি ভেড়ীর মালিক নন আপনাকে [illegible] কি করবো। তা ভেড়ীর মালিক না হয়ে আপনি এত দালালী করতে পারেন [illegible] মালিক হলে [illegible] কি করতেন তাত আমার জানা নেই। [illegible] যে [illegible] ভেড়ীর [illegible] বেশী [illegible] আপনার দেখতে পাচ্ছি তাই যে ভেড়ীর মালিকের [illegible] আপনার দরদ বেশী সেইজন্য ঐ এ্যামেন্ডমেন্টটি এনেছেন এবং তার থেকে আপনার চরিত্র আপনি পরিষ্কার করে দিয়েছেন। যাক সে বিতর্কে গিয়ে লাভ নেই কিছু। তা আমরা মনে করি যে সত্যিকারের যদি স্টেট ট্রেডিং চালু করতে হয় তাহলে সরকারকে পুরো [illegible] সেল ট্রেডে দায়িত্ব নিতে হবে। যদি হোল সেল ট্রেডের দায়িত্ব না নেওয়া হয় তাহলে সরকারের হাতে চাল আসবে না এটা পরীক্ষিত হয়েছে। দর বাঁধলেন সুতরাং চাল এসে যাবে [illegible] লাভ নেই, সুতরাং এইটাই সরকারের বন্দোবস্ত করতে হবে। যদি বলেন কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম তাহলে এইটাই আমরা দিচ্ছি। গ্রহণ করবেন? কিন্তু আমরা [illegible] কানাঘুষায় শোনা যাচ্ছে, আপনাদের বড় বড় মন্ত্রীদের বক্তৃতাতে বোঝা যাচ্ছে, আপনারা স্টেট ট্রেডিংএর নামে যে জিনিষটা করতে যাচ্ছেন সেটা হচ্ছে প্রহসন। দ্বিতীয়তঃ আমরা [illegible] জানি না ঐ স্টেট ট্রেডিং বলেন আর যাই বলুন তাতে কি রকম ধরণের লোক [illegible] কি [illegible]। এখন সবায়ের মধ্যে যদি ভূত ঢুকে থাকে, এখন ধরুন আনন্দ বাবুর [illegible] লোক যদি ঐ কর্পোরেশনের মধ্যে চলে যায় সেই কর্পোরেশনের অবিলম্বে ১২টা [illegible] বিষয় কোন সন্দেহ নেই। কারণ উনি এখনই মাছের ব্যাপারে যে রকম ওকালতী [illegible] চালের ব্যাপারে উনি সেই রকমই ওকালতী আরম্ভ করবেন। যাই [illegible] প্রথম দরকার [illegible] ক্ষমতা নেবেন। [illegible] নম্বর হচ্ছে যদি [illegible] প্রথম [illegible] ১৬ বছরের [illegible] করে দেখালেন, [illegible] টাকা [illegible] কোথায়? কোন অসুবিধা নেই। এখন [illegible] বলেন [illegible] ঐ যে টাকার প্রশ্ন, আমাদের যে অসুবিধার কথা বারবার লোকের কাছে তুলে ধরার চেষ্টা করছি এবং অন্য দলকে ল্যাং

মারার চেষ্টা করছি তাহলে সে সুযোগ বা অস্ত্র আর থাকবে না। তা যদি বলেন তাহলে আপত্তি নেই তা যদি না করেন তাহলে বুঝবো যে আপনাদের মধ্যে যাঁরা খুব সততার বড়াই করেন তাঁরা উঠে দাঁড়িয়ে বলবেন, হ্যাঁ, আজকে স্টেট ট্রেডিং যদি চালু করতে হয় তার জন্য যে যে ব্যবস্থা অবলম্বন করা দরকার, যে যে আইন করার দরকার, সে আইন আমার দল করবে, এই ১৬ বছরের মধ্যে আমরা যেটা কার্যকরী করতে পারি নি সেটা করবো। রাজী আছেন। এই সমস্ত বিরোধী পক্ষ আপনাদের সঙ্গে হাত মিলাবে। কিন্তু তাত আপনারা করবেন না, সেটা করলে আর দলের দালালী করা চলে না।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: উই এ্যাকসেপ্‌ট দি অফার। নিজেদের দলের মধ্যে আগে হাত মিলান।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরী: সেটা বলে লাভ নেই, সেটা বলে স্টেট ট্রেডিং নীতি বদলান যায় না। তারপরে হচ্ছে এসেনসিয়াল কমোডিটিস। এ ব্যাপারে যদি আপনি এক সঙ্গে কার্যকরী না করেন তাহলে কিছুই হবে না। আর তৃতীয় কথা হচ্ছে স্টেট ট্রেডিং কোন একটা জায়গায় শুধু চালের উপর করলে হবে না এবং অন্যান্য জিনিসের উপর করলেও হবে না যদি অন্যান্য প্রদেশে ঠিক সমানভাবে ব্যবস্থা অবলম্বন করা না যায়।

[5-40—5-50 p.m.]

আমরা সরষের তেলের ব্যাপারে এই ব্যবস্থা করতে গিয়েছিলাম, কিন্তু বিহার সরকার বাধা সৃষ্টি করেছিলেন, সেজন্য আমরা পেরে উঠলাম না। সেজন্য আপনাদের কাছে আমার আবেদন এই যে, অবিলম্বে একটা ব্যবস্থা অবলম্বন করুন যাতে করে এই কথা বলবার সুযোগ তাঁদের না আসে। আপনারা স্টেট ট্রেডিংএর কথাই বলুন আর যাই বলুন, চোরাকারবারীদের দালালীই আপনারা করছেন এবং তাই করবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে শ্রীগণেশ ঘোষ যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি, এবং শ্রীআনন্দগোপাল মুখার্জী যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। আমি আপনার বেশি সময় নেব না, সামান্য কয়েকটা কথা বলব সকলের মনেই আজকে এই কথা জাগছে স্টেট ট্রেডিং কার জন্য হচ্ছে, কার কথায় হল, স্টেট ট্রেডিং এর জন্য বাহাদুরী নেবে। মাননীয় সদস্যরা এপক্ষে থেকে কেউ কেউ বলছেন, মশাই আমরা অনেক দিন আগে থেকেই স্টেট ট্রেডিং এর কথা বলে আসছি, আর আজকে তোমরা স্টেট ট্রেডিং এর কথা বলছ, কাজে কাজেই স্টেট ট্রেডিং যদিও তোমরা কর তাহলে তার জন্য যা কিছু বাহাদুরী আমাদের, তোমাদের নয়। মাননীয় স্পীকার মহাশয়, আমরা আমাদের অভিজ্ঞতা থেকে এটা জানি যে আমাদের দেশে পর পর দুটো পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে, পুল রাস্তা মাঠ খাতে, এবং অন্যান্য নানা রকম উন্নয়নমূলক কাজের জন্য তাতে আমাদের দেশে যে মূল্যবৃদ্ধি হয়েছে সে বিষয়ে সন্দেহ নাই, দ্বিমত নাই। এটা সকলেই বুঝতে পেরেছেন। কি করে এই খানিকটা মুদ্রাস্ফীতি নিবারণ করব তার জন্য আমরা অনেক দিন থেকেই ভাবছি। সদস্যরা বলতে পারেন উপহাস করে, মশাই, আমরা তো আগেই বলেছিলাম, কেন তোমরা করলে না। এখন কথা হচ্ছে, যারা ফুটবল খেলে তারা খেলে, যারা বাইরে থেকে দেখে তারা সমালোচনা করে, এবং এরকমভাবে যদি কিকটা করতো তাহলে নিশ্চয়ই গোল হত। আমাদের বিরোধী দলের বন্ধুদেরও সেই অবস্থা। বাইরে থেকে সমালোচনা করা, খুঁত দোষত্রুটি দেখিয়ে দেওয়া দর্শক হিসাবে সোজা, তাঁরা তা দেখান এবং দেখাচ্ছেন এবং দেখিয়ে দিয়ে কখনো কখনো আমাদের উপকার করেন না তা নয়। তাই তাঁরা যদি বাহাদুরী নিতে চান আমাদের আপত্তি নাই, কেন না আমাদের এটা গণতান্ত্রিক রাষ্ট্র, কেন না আমরা গণতন্ত্রসম্মত উপায়ে রাষ্ট্র পরিচালনা করছি। আমাদের বিরোধী দলের বন্ধুরা যদি কোন পথ আমাদের দেখিয়ে দেন এবং তা যদি আমরা গ্রহণ করি তাতে লজ্জা নাই। গণতন্ত্রে বিরোধী দলের কাজই তাই। কিন্তু দুঃখের কথা, আমাদের দেশের বিরোধী দল যাঁরা তারা সেরকম রেসপনসিবল নন। কেন? এইমাত্র আমার বন্ধু শ্রীআনন্দগোপাল মুখার্জী একটু রাগ করে বললেন আগে তাঁরা নিজেদের মধ্যে মিলে মিশে চলুন, দেখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমি বরাবর বলে এসেছি বিরোধী দল যদি রেসপন্সিবল হত, অর্থাৎ তাঁরা যদি এক সঙ্গে মিলে কাজ করতেন এবং যদি তাঁদের একটা সুসংবদ্ধ কর্মসূচী থাকত তাহলে বিরোধী দলের সদস্যদের কথার মূল্য থাকত, তাহলে আমরা বুঝতে পারতাম তাঁরা যেকথা বলছেন ভেবে চিন্তেই বলেছেন, আমাদের জব্দ করবার জন্য নয়, উপহাস করার জন্য নয়। এবং তাহলে তাঁরা সম্মানও পেতেন।

Shrimati Ila Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি পয়েন্ট অব অর্ডার তুলে এটা বলতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রী স্টেট ট্রেডিং সম্পর্কে বলছেন, বিরোধী দলের কি মত, তাঁদের কি কর্মসূচী এগুলি কি এখানে অপ্রাসঙ্গিক নয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় অধ্যক্ষ মহাশয় নিশ্চয়ই নির্দেশ দেবেন এটা প্রাসঙ্গিক। এটা প্রাসঙ্গিক এই জন্য যে, বিরোধী দলের সমালোচনা করার অধিকার নিশ্চয়ই আছে, কিন্তু সেই সমালোচনার কতটা মূল্য সেটা যাচাই করতে হবে। আমি সেই যাচাই-এর কথাই বলছিলাম। আমরা বিরোধী দলের কোন কথা শুনব না তা নয়। যদিও আমাদের এই হাউসে খুব বেশী হয় নি তাহলেও এমন হয়েছে যে, আমরা তাঁদের সংশোধনী প্রস্তাব গ্রহণ করেছি। গ্রহণ করেছি কেন? না আমরা বুঝেছি তাঁরা ঠিক কথা বলেছেন, তাঁরা এমন কথা বলেছেন যেটা যুক্তিযুক্ত, যেটা গ্রহণযোগ্য, তা যদি হয়, কেন গ্রহণ করব না, নিশ্চয়ই করব। যাই হোক, আমি বলছিলাম রাষ্ট্রীয় বাণিজ্যের জন্য বাহাদুরী কে নেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা যদি বাহাদুরী নিয়ে খুসী হন, আমাদের আপত্তি নাই, তাঁরা বাহাদুরী নিন। শ্রীখগেন রায় চৌধুরী ম[illegible]ছিলেন, স্টেট ট্রেডিং তোমরা করতে পার না, তোমরা বলছ বটে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গল্প বোধ হয় জানেন, একটি গরিব বিধবার ছেলে মুনসেফ হয়েছিল, ধনী প্রতিবেশীরা শুনে বললে হতে পারে না। তারপর তাঁরা যখন শুনলেন, না, সত্যিই হয়েছে, তখন তাঁরা বললেন, [illegible] হতে পারে কিন্তু মাইনে পায় না। এও হয়েছে, তোমরা স্টেট ট্রেডিং করবে বটে, কিন্তু [illegible] করতে পারবে না। কেন না, আমরা তো লোক ভাল নই, আমরা তো জনসাধারণে[illegible] চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও এখানে বলেছি, বিরোধী দলের বন্ধু[illegible] যতটা নির্বোধ মনে করেন আমরা ততটা মনে করি না। জনসাধারণের [illegible] আছে। জনসাধারণ নির্বোধ নন, তাঁরা বিভ্রান্ত হতে চান না, যদিও বিরোধী দ[illegible]দের দ্বারা তাঁদের বিভ্রান্ত করার জন্য কম চেষ্টা করেন না। তাঁরা একবার নয়, দুবার [illegible] আমাকে এই সংখ্যাগরিষ্ঠ করে এখানে পাঠিয়েছে, [illegible] এখানে বসে আছি।

[5-50 --6 p.m.]

কাজে কাজেই এঁদের সঙ্গে আমি কথা কাটাকাটি করতে চাই না। তবে বিরোধী দলের বন্ধুদের একটি কথা আমি বলতে চাই তা তাঁরা যে গ্রুপ-এরই হোক না কেন এবং সে কথাটি হচ্ছে স্টেট ট্রেডিং কথাটি মুখে, প্রস্তাবে এবং বক্তৃতায় বলা যত সোজা কাজে তত সোজা নয়। [illegible] দেশের কথা বললে অনেকে ক্ষুন্ন হবেন, কিন্তু যাঁরা রুশ দেশ সম্পর্কে পড়াশুনা করেন, খবর রাখেন তাঁরা আমার চেয়ে কম জানেন না। তাঁরা স্বীকার করবেন কিনা জানি না যে, তাঁদের দেশে গ্রেট পার্চেসিং স্কীমএর কি গতি হয়েছিল। যা হোক, আমার বলবার উদ্দেশ্য হচ্ছে আমরা স্টেট ট্রেডিং যেটা করছি সেটা কিভাবে করব। একজন মাননীয় বন্ধু বললেন আপনারা স্টেট ট্রেডিং করবেন বটে, কিন্তু তাঁর মতে সেটা একদিকে স্টেট ট্রেডিং-এর প্রহসন চলবে এবং আর একদিকে সমস্ত ব্যবসায়ী, মুনাফাখোর এবং কালো বাজারীরা তাদের কারবার চালাবে। কি করে চলবে? আমার বন্ধু আনন্দবাবু বলেছেন আমরা ধান, চাল, গম এবং গমজাত দ্রব্যের স্টেট ট্রেডিং করব। আমাদের পশ্চিম বাংলায় যে পরিমাণ ধান উৎপন্ন হয় তার মোটামুটি শতকরা ২৫ ভাগ সারা বাজারে আসে এবং যাকে বলে মার্কেটেবল সারপ্লাস। অর্থাৎ যদি ৪৪ লক্ষ টন হয়, তাহলে ১১ লক্ষ টন বাজারে আসে, যদি ৪৮ লক্ষ টন হয় তাহলে ১২ লক্ষ টন বাজারে আসে। স্টেট

ট্রেডিং আমরা যেটা করব আমাদের বুদ্ধিতে, বিবেচনায় আমরা তা মার্কেটেবল সারপ্লাস নিয়ে করব। আমি সেই দেশের নাম করব না যেখানে চাষী, কৃষক যারা মাথার ঘাম পায়ে ফেলে যে শস্য উৎপন্ন করেছে তার সমস্তটা কেড়ে নেওয়া হয়েছে। আমরা তা করছি না। আমরা চাই যে কৃষক উৎপাদন করছে তাকে পেট ভরে খেতে দিতে হবে। আমাদের স্টেট ট্রেডিংএর একটা দিক নয়, দুটো দিক আছে। একটা দিক হচ্ছে উৎপাদনের স্বার্থ রক্ষা করা এবং তাকে এমন মূল্য দিতে হবে যাতে তার আর্থিক ক্ষতি না হয়। তবে তাকে শুধু মূল্য দিলেই হবে না, উৎপাদককে ভরপেট খেতে দিতে হবে এবং তার মুখের গ্রাস কেড়ে নেওয়া চলবে না। কাজে কাজেই স্পীকার মহাশয়, আমরা যে স্টেট ট্রেডিংএর পরিকল্পনা করছি তার মানে হচ্ছে আমাদের এখানে যে পরিমাণ শস্য উৎপন্ন হয়, যেটা মার্কেটেবল সারপ্লাস বাজারে আসে সেটা আমরা নেব। এখন প্রশ্ন উঠতে পারে [illegible] উদ্দেশ্য এবং কি দরে নেব? এমন দরে আমরা নেব যাতে করে কৃষকের ক্ষতি না হয় এবং উৎপাদনের মূল্য হিসেব করে, যাচাই করে আমরা নেব। আর একটি কথা এই [illegible] আমাদের দেশে নানা রকম কৃষক আছে এবং এই কৃষকদের মধ্যে কারও [illegible] বিঘা জমি আছে কারও পাঁচ বিঘা জমি আছে [illegible] বিঘা জমি আছে [illegible] জমি আছে, কারও ৩০ বিঘা জমি আছে আবার কারও ৭৫ বিঘা জমি আছে। এখন কথা হোল যার দু বিঘা জমি আছে তাকেও কিছু না কিছু বিক্রি করতে হয়। [illegible] কথা বলছি। [illegible] পর যদি তার ১০।২০।৪০ মণ ফসল হয় অর্থাৎ যে পরিমাণ ফসলে তার ছয় মাসের খোরাক। পর্যাপ্ত নয় তাকেও কিছু পরিমাণ বিক্রি করতে হয়। এই সমস্ত কৃষকদের সম্বন্ধে নারায়ণ [illegible] মহাশয় বলেছিলেন তাদের কিনে খেতে হয়। আমাদের কথা হচ্ছে উৎপাদক হিসেবে কৃষকদের স্বার্থ দেখতে হবে এবং ক্রেতাদের স্বার্থও দেখতে হবে। আবার [illegible] আছে অর্থাৎ সাংসারিক খরচের পর যাদের হাতে উদ্বৃত্ত থাকে তারা যখন সেটা বাজারে নিয়ে আসবে তাদেরও ন্যায্যমূল্য দিতে হবে। এই সমস্ত কৃষকদের ধরে রাখবার যে সমস্যা আছে তার কারণ হচ্ছে স্বাধীনতার পর কৃষকদের ক্রয় ক্ষমতা বেড়েছে, তাদের উন্নতি হয়েছে এবং আমরা তার জন্য আনন্দিত [illegible] কাজেই এই সমস্ত কৃষকদের স্বার্থ নিশ্চয়ই আমাদের দেখতে হবে।

কিন্তু সেই স্বার্থ দেশের আপামর জনসাধারণ, যারা দরিদ্র, গরীব তাদের স্বার্থের বিরোধী যেন না হয়। সেজন্য আমরা স্টেট ট্রেডিং যখন করবো তখন ন্যায্যমূল্য বেঁধে দেবো। আর আমরা ঠিক করেছি এই যে ১০ লক্ষই হোক আর ১২ লক্ষই হোক, যে উৎপাদন হয় তার সিকি ভাগ এবং মোটা অংশ আমরা নিয়ে নেব এবং তা নেবার জন্য আমাদের যদি ধানচাল কল রাষ্ট্রায়ত্ত করতে হয় নিশ্চয়ই আমরা তা করবো। তবে আমাদের যে অভিজ্ঞতা আছে, আমরা পূর্বেও করেছি এখানে ১৯৪৮ সালে, ১৯৪৯ সালে, ১৯৫০ সালে, ১৯৫১ সালে, ১৯৫৪ সালে এই সমস্ত চাল আমরা এখানে সংগ্রহ করতাম এবং বন্টনও করতাম, আমরা স্ট্যাটুটারী রেশনিং কলকাতায় রেখেছিলাম তখন আমরা শিল্পাঞ্চলে দেখেছি সমস্ত ধানকল আমাদের নিয়ম কানুন মেনে চলেছে, আমাদের আয়ত্বাধীন তারা ছিল এবং যদি আমরা বুঝি তাদের আয়ত্বে রাখতে পারবো না নিশ্চয়ই রাষ্ট্রায়ত্ত করবো, আমরা তার জন্য কুণ্ঠিত হবো না। আমাদের উদ্দেশ্য হল দুটি, আগেই বলেছি, উৎপাদককে ন্যায্যমূল্য দেওয়া, দ্বিতীয়টি হল ক্রেতারা এবং ন্যায্যমূল্যে বিক্রেতাদের মধ্যে মাঝখানে যারা লাভ করছে তাদের লাভ করতে না দেওয়া। যারা মুনাফাখোরী করছিল তাদের আমরা মুনাফা করতে দেব না, যারা কালবাজারী করছিল তাদের আমরা কালবাজারী করতে দেব না। সেজন্য পশ্চিমবঙ্গ সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে ধান এবং চালে স্টেট ট্রেডিং করবেন এবং গম এবং গমজাত দ্রব্য সেটা আটাই হোক, ময়দাই হোক আর সুজিই হোক, তাতে করবো। প্রসঙ্গতঃ আমাদের বিরোধী দলের একজন মাননীয় বন্ধু বলেছিলেন, মশায়, আপনারা গম দিতে পারেন নি, হ্যাঁ, আমরা গম দিতে পারি নি, সকলেই জানে, অধ্যক্ষ মহাশয়, আপনিও বিলক্ষণ জানেন যে আমাদের গমের জন্য এখনও বিদেশের উপর নির্ভর করতে হয় [illegible] বিশেষ [illegible] আমাদের এখনও বাইরের উপর নির্ভর করতে হয়। এতে আমাদের মোটেই আশ্বাস দেওয়া চলে না। আমরা কেন বিদেশ থেকে আনবো, আমাদের উৎপাদন বাড়াতে হবে, কেন আমাদের এখনও বিদেশ থেকে বিশেষ করে আমেরিকা থেকে গম

আনতে হচ্ছে, এবার অন্যান্য প্রদেশেও গমের খুব চাহিদা। সেজন্য আমাদের পশ্চিম বাংলায় যতটা গমের প্রয়োজন ছিল গত দুমাস তা আমরা পাই নি। আমরা আশা করছি এবং কেন্দ্রীয় সরকার বলেছেন সেপ্টেম্বর মাস থেকে আমাদের যতটা প্রয়োজন তাঁরা সেই প্রয়োজন মত গম সরবরাহ করতে পারবেন। আমি এটা প্রসংগতঃ বললাম একজন মাননীয় সদস্য বলেছিলেন বলে। আমরা এই সমস্ত জিনিসের উপর রাষ্ট্র ব্যবসা বা স্টেট ট্রেডিং করবো এবং আমরা যদি করি তাহলে তার ফল ভাল হবে, তাতে হয়ত আমাদের বিরোধী দলের সদস্যরা আমাদের শুভেচ্ছা জানাবেন না। অভিনন্দন জানাবেন না কিন্তু তার ফল ভাল হবে। এবার [illegible] ঠাট্টা করেছেন আমরা কি করেছি, কলকাতা সহর এবং শিল্পাঞ্চলে ৬০ লক্ষ লোককে [illegible] আরম্ভ করি কাল আমি হিসাব দেখছিলাম, এখন আমরা ১ কোটি ৫ লক্ষ লোককে [illegible] কলকাতা এবং শিল্পাঞ্চলের ৬০ লক্ষ লোক এবং গ্রামাঞ্চলের ৪৫ লক্ষ লোককে মডিফায়েড রেশনিং যাকে ইনফরমেল রেশনিং বলে তার অন্তর্ভুক্ত করেছি। আমাদের উদ্দেশ্য হচ্ছে ১লা জানুয়ারী থেকে কলকাতা এবং শিল্পাঞ্চলের যে লোকসংখ্যা ৬০ লক্ষ তাতে স্ট্যাটুটারী রেশনিং করবো। আমাদের উদ্দেশ্য হচ্ছে যে আমরা দেড় কি দু কিলো করে চাল দেব, আমি আরও বলছি আধ [illegible] বাধ্যতামূলকভাবে গম বা গমজাত দ্রব্য দেব [illegible] উপর পাউরুটি [illegible] ব্যাপারে [illegible] যাব।

[6-10 p.m.]

আপনার নিশ্চয়ই স্মরণ আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পূর্বে যখন স্ট্যাটুটারী রেশনিং ছিল সেই স্ট্যাটুটারী রেশনিংয়ের সময়ে মোট এক সের ১২ ছটাক পর্যন্ত নেমে গিয়েছিল। সেই সময় গমের পরিবর্তে [illegible] এখন নিতে হবে। আমি সেদিনও বলেছি পাউরুটি [illegible] আমাদের [illegible] অন্যান্য প্রদেশ কি করছে জানি না [illegible] আমার [illegible] কেন্দ্রীয় [illegible] এখন যেভাবে চিন্তা করছেন তাতে আমার আশা হয় [illegible] ব্যবসা হবে এবং আমাদের দেশে আমরা যে এটা তৈরি [illegible] [illegible] আমার বিশ্বাস [illegible] আমরা সার্থকতা লাভ করব। আমরা [illegible] না। [illegible] বলেছেন যে [illegible] মাছের উপর কেন করলেন [illegible] পৃথিবীর [illegible] [illegible] সেরকম কোন নেই। কাজে কাজেই এমন জিনিস [illegible] আমরা রাষ্ট্রীয় ব্যবসা করব বা স্টেট ট্রেডিং করব যার উপর আমাদের একটু [illegible]। [illegible] রইল [illegible] প্রদেশে, রাজস্থানে মধ্য প্রদেশে আর আমি এখানে কি করে স্টেট ট্রেডিং করতে পারি [illegible] সেই রাজ্যের যাঁরা কর্তা তাঁরা যদি রাষ্ট্রীয় ব্যবসা করেন [illegible] নিশ্চয়ই হবে এবং কেন্দ্রীয় সরকার যদি রাজী করান যে এই সমস্ত দ্রব্যের উপর রাষ্ট্রীয় ব্যবসা হবে। সেটা আমার কথায় হবে না, মাননীয় বিরোধী দলের সদস্যদের কথায় হবে না। বিরোধী দলের সদস্যরা যদি বলেন যে তুমি মাছের উপর কর তাহলে সেটা বাতুলতা মাত্র। কারণ, আমাদের [illegible] শতকরা ৬০ ভাগ মাছ অন্য প্রদেশ থেকে, পাকিস্তান থেকে আনতে হয়। যদি কোন মাননীয় সদস্য বলেন যে পাকিস্তানের উপর নির্ভর করে তোমরা স্টেট ট্রেডিং কর তাহলে লোকে আমাদের বাতুল বলবে। কাজে কাজেই আমরা সেই সমস্ত জিনিস নিয়ে রাষ্ট্রীয় ব্যবসা করব যেটা করা আমাদের পক্ষে সম্ভবপর হবে আমরা সাফল্যমণ্ডিত হব। আজকে এই দুটো জিনিস নিয়ে আমরা করব। একজন বললেন মহাশয়, যদি স্টেট ট্রেডিং করবেন তবে আজই কেন করছেন না? যাঁদের কোন দায়িত্বজ্ঞান নেই তাঁরাই এই কথা বলতে পারেন। আজই কি করে করব? স্টেট ট্রেডিং এমন একটা জিনিস এর জন্য এমন আয়োজন দরকার, এর জন্য এমন ব্যবস্থা দরকার এর জন্য এমন মেশিনারী দরকার, সেটা যাঁরা দায়িত্বশীল তাঁরা জানেন এবং তাঁরা একথা কখনও বলবেন না। আমি আগেই বলেছি আমাদের বিরোধী দল দায়িত্বশীল নন, কেন না তাঁদের নেতৃত্ব নেই তাঁদের নির্দিষ্ট কর্মসূচী নেই, যাঁর যা ইচ্ছা [illegible] বলতে পারেন। কাজে কাজেই দায়িত্ববোধ [illegible] আমাদের এগোতে হবে। দায়িত্ববোধ [illegible] আমরা [illegible] [illegible] না। সেটা করা আমাদের পক্ষে সম্ভব [illegible] করব। [illegible] আমাদের মাননীয় বন্ধু [illegible] গোপাল [illegible] মহাশয় বলেছেন যে [illegible] এবং [illegible]

পরিষদের সহযোগিতা নিতে হবে। নিশ্চয়ই নেওয়া দরকার। আগে যখন আমরা প্রোকিওরমেন্ট করতাম তখন আমাদের কমিউনিটি ডেভেলপমেন্ট ছিল না, আমাদের ব্লক ছিল না, আমাদের তখন জমিদারী প্রথা ছিল। এখন আমাদের দেশে জমিদারী প্রথা লোপ পেয়েছে। আমাদের সরকারী কর্মচারী রয়েছে, ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্টে, ব্লকে কর্মচারী রয়েছে এবং আমাদের সমবায় আন্দোলন আমি দুঃখের সঙ্গে বলছি যদিও এখনও দুর্বল কিন্তু পূর্বাপেক্ষা সমবায় আন্দোলন শক্তিশালী হয়েছে, এই সমবায় আন্দোলনকে আমরা আরো শক্তিশালী করতে চাই, এর ভিত্তিকে আরো মজবুত করতে চাই। এতে আমাদের গ্রামীণ অর্থনীতিতে একটা বৈপ্লবিক পরিবর্তন আসবে। সমবায়ের শুধু একটা দিক নয় বহু দিক রয়েছে। নতুনভাবে সমবায়কে আমরা দাঁড় করাতে চাই। সেই উদ্দেশ্যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আধ ঘণ্টা সময় নিয়েছি, আর কিছু বলতে চাই না, আমি আনন্দবাবুর এই সংশোধনী প্রস্তাব সমর্থন করছি।

Deputation of Teachers

Shri Jyoti Basu:

মিঃ স্পীকার, স্যার, শিক্ষামন্ত্রী মহাশয়কে কোথাও খুঁজে পেলাম না। তিনি কি বাড়ী চলে গেছেন? আমি তাঁর ঘরে গিয়েছিলাম, কোথাও খুঁজে পেলাম না। কথা হচ্ছে শিক্ষক-শিক্ষিকারা ২৫ হাজার সই নিয়ে কয়েকজন এখানে এসেছেন, এটা মুখ্যমন্ত্রীর কাছে দিয়ে যাবেন।

Private Members' Resolutions

Shri Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, রথতলা কিম্বা রামকৃষ্ণপুর অথবা

hoarders and blackmarketeers in foodgrains.

তাদের কোন ডাইরেক্ট রিপ্রেজেনটেটিভ বোধ হয় এরকম বক্তৃতা দিতে পারতেন না, যা আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবু দিলেন। ভাঁড়ামির দিক থেকে ভাঁড়ামি হয়েছে এবং নির্বুদ্ধিতার দিক থেকে এটা কম যায় নি। যদি

State Trading in wheat and wheat products.

যে হুইট আমেরিকা থেকে আসছে, সেটা যদি সম্ভব হয়, তা হলে উত্তরপ্রদেশ থেকে সরিষার ব্যাপারে কিছুতেই স্টেট ট্রেডিং করা যায় না. কলকাতার আশেপাশে এত ভেড়িতে মাছ আছে, সেই ভেড়িগুলি ভেড়ির মালিকরা টাকা দিয়ে কিনে রেখেছেন—আমাকে খুব কড়া কড়া কথা বলতে হচ্ছে, কারণ যে ভাঁড়ামি উনি করছেন তার জবাব কেবল কথা কথায়ই দেওয়া যায়—সেই ভেড়ি ন্যাশনালাইজ করা যায় না, ভেড়ির মাছে স্টেট ট্রেডিং কিছুতেই করা যায় না, এটা বাংলাদেশের মুখ্যমন্ত্রীর মুখ দিয়ে জানতে হল আমাদের কি দুর্ভাগ্য। উনি আরম্ভ করলেন বাহাদুরীর কথা দিয়ে—এই বাংলার কংগ্রেসী মন্ত্রিসভার যে বাহাদুরী তার কাছে আমরা যাব কি করে? অনশন অর্ধাশন না খাইয়ে মারা কলকাতা বন্দরের জাহাজে গম আছে লরী ট্রাক যোগাড় করতে পারি নি বলে রেশন দিতে পারি নি, এই বাহাদুরীর কাছে আমরা কি করে যাই? মিঃ স্পীকার, স্যার, আমরা তার কাছে যেতে পারি কি? তারপরে নরহত্যা, শিশুহত্যা কাকদ্বীপের মায়েরা চাঁদা চাইতে এসেছেন তাদের লাঠি দিয়ে পিটিয়ে মারা—ও'দের বাহাদুরীর কাছে আমরা কি করে যাব—বাহাদুরী আপনাদের। স্টেট ট্রেডিংএর কথা আমরা বরাবর বলে এসেছি, ও'রা এতদিন গ্রহণ করেন নি। এখন না যেন এই অবস্থা বিবেচনা করে আনন্দগোপালবাবুরা এবং প্রফুল্লবাবুরা এটা গ্রহণ করেছেন। আমরা অত্যন্ত কৃতার্থ হয়েছি, বাধিত হয়েছি—কিন্তু স্টেট ট্রেডিং বলছেন, সেটি কারবার একথা বলছেন না—সেটা বললে ঠিক যুগোপযোগী যথার্থ কথা বলা হত। স্টেট ট্রেডিং মানে আমরা বুঝি স্টেট ট্রেডিং ফুডগ্রেনের মত বিশেষ করে ধানের মত এরকম একটা আমাদের দেশে সেটা স্টেপল ফুড এবং আমন ক্রপ সেটা হচ্ছে ফান্ডামেন্টাল ফুড ক্রপ বাংলাদেশে তাতে স্টেট ট্রেডিং-এর কথা বলা হচ্ছে এবং এই বছর টালবাহানা করে আনন্দবাবু এবং প্রফুল্লবাবু সেটা গ্রহণ করেছেন। কিন্তু কি করলেন, ১১ লক্ষ টন যে মার্কেটেবল সারপ্লাস হবে তার বেশির ভাগটা আমরা নেব—এইরকম ও'রা ভাবছেন,

সরকারী এজেন্টরা যাবে প্রকিওর করতে, আর তার সংগে সংগে রথতলা এবং রামকৃষ্ণপুরের এজেন্টরা যাবে এবং প্রফুল্লবাবু আশা করছেন যে, মার্কেটেবল সারপ্লাসের মেজরিটি আমরা নেব। রথতলা থেকে যাবে কারা, তারা তো এদেরই মানুষ—হয়ত কোন কংগ্রেসের প্রেসিডেন্ট, তিনি হয়ত কোন মন্ত্রীর অত্যন্ত অনুগ্রহভাজন ব্যক্তি। সুতরাং প্রফুল্লবাবু যাকে পাঠাবেন আর আনন্দবাবু যাকে পাঠাবেন এই দুজনের মধ্যে যখন প্রকিওরমেন্টের কম্পিটিশন হবে তখন আমাদের বিশ্বাস করতে হবে যে, বাংলার মুখ্যমন্ত্রী যাকে পাঠিয়েছেন, অর্থাৎ বাংলা সরকার যাকে পাঠিয়েছেন, তিনি

majority of the marketable surplus

প্রকিওর করবেন, আর কংগ্রেস থেকে যাকে পাঠিয়েছেন, অর্থাৎ কিনা ঐ রথতলা রামকৃষ্ণপুর থেকে যারা যাবে তারা মার্কেটেবল সারপ্লাস প্রকিওর করতে পারবে না। আমরা বোকা হতে পারি, আপনাদের মত চালাক হতে পারি নি, বাংলার তিন কোটি মানুষকে বিভ্রান্ত করবার মত বুদ্ধি আমাদের হয় নি, কিন্তু মিথ্যা কথা বোঝার মত বুদ্ধি আমাদের আছে। স্পষ্ট বলে দিলেই হয়, যারা হোর্ডারস, ব্ল্যাকমার্কেটিয়ার্স, যারা মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলে তাদের আমরা কন্ট্রোল করব না তারা ধান-চাল বাড়াক, স্টক বাড়াক, দাম বাড়াক, আমরা কিছুতেই স্টপ করব না, প্রকিওর করব না, রেশন যখন সাপ্লাই দিতে পারব না এবং সংগে সংগে আমরা সেই দামটাকে সরকারী রেকগনিশন দিয়ে দেব। সোজা কথা সোজাভাবে বললে আপত্তি কি? আমরা তো বোকা মানুষ, আমাদের তো বুদ্ধি নেই—সোজা কথা বললে আমরা সহজেই বুঝি।

[6-10—6-19 p.m.]

আপনি আমাদের বিরোধী পক্ষের বিরোধীতার কথা বলেছেন, যে আমাদের মধ্যে একতা নেই, আমরা ৯১ জন মানুষ একভাবে কথা বলতে পারি না। আচ্ছা, মিঃ স্পীকার স্যার, চালুনী যেমন সুচকে বিদ্রুপ করে, তাই বলি আপনারা কি জানেন না যে আপনাদের কংগ্রেসের মধ্যে কয়টি গ্রুপ, কয়টি ফ্যাকসন আছে? একবার উত্তর প্রদেশের দিকে তাকান না, সেখানে হিমসিম খেয়ে যাচ্ছেন লালবাহাদুর শাস্ত্রী এবং নন্দা। কেরেলায় কি হয়েছে? (হাস্যরোল।) যাকগে এইগুলি নিয়ে আমি আর বলতে চাই না। এগুলি আমি রাগের চোটে বললাম। প্রফুল্লবাবুর বোঝা উচিত যে স্টেট ট্রেডিং সম্বন্ধে গুরুতর আলোচনা হচ্ছে, সেখানে উনি স্টেট ট্রেডিংএর চেহারা কিভাবে এঁকেছেন? ১১।১২ লক্ষ টন মার্কেটেবল সারপ্লাস-এর মধ্যে আমি অ্যাসুরান্স দিচ্ছি যে ৮ লক্ষ টন, আমি নিশ্চয় সিকিওর করবো, এবং তার জন্য যা ব্যবস্থা করা দরকার তা আমি করবো, এ কথা তিনি যদি বলতেন তাহলে আমরা খুসী হতাম, গ্যারান্টিড হতাম। সরষের ব্যাপারে উনি স্টেট ট্রেডিং করবেন না। উনি বলেছেন মাছের ব্যাপারে আবার স্টেট ট্রেডিং হয় নাকি। এতো আমি কখনও শুনি নি। কি শুনেছেন উনি। উনি এ সম্বন্ধে কতটুকু জানেন? কেবল ঘুরে ফিরে ১৯২১ সালের উড়িষ্যার কথা বলতে চান। সাহস পান না, তবুও বলতে চান, কিভাবে কোন অবস্থায় সেখানে স্টেট ট্রেডিং হয়েছিল। কোন অবস্থায় সেখানে লেভি করা হয়েছিল। কোন অবস্থায় কৃষকদের কাছ থেকে ধান নিয়ে এসেছিল, সে খবর জানেন উনি কিছু? উনি কিছুইত জানেন না। যদি তিনি এসব জানতে চান, তাহলে আমার সংগে আসুন, আমি বসে বসে সব বুঝিয়ে দেবো তাঁকে। কিন্তু বর্তমানে সে অবস্থা তো নেই। আজকে মাছের স্টেট ট্রেডিং করা যায়, প্রফুল্লবাবু তা জেনে রাখুন। কোন জায়গায় মাছের স্টেট ট্রেডিং হয় নি বলে, আর কোথাও করা যাবে না, তা হতে পারে না। বাংলাদেশে মানুষ মাছ না খেলে চলে না। আপনার তো মাছ জোটে। মাছ না জুটলেও, [illegible] জোটে। আপনি বলেন যে আপনার আধ কে জি চালে ১৫ দিন চলে যায়। আপনি চিকেন খান, ডিম খান, মুরগী খান, আপনার মাছ না পেলেও চলে যাবে, আমাদের চলে না। বাংলার সাড়ে তিন কোটি মানুষের প্রত্যহ মাছ না হলে চলে না। এই অবস্থায়, আমি কখনও [illegible] স্টেট ট্রেডিংএর কথা শুনি নি, এই কথা বলে, বিদ্রূপ করে আপনি এড়িয়ে যেতে পারেন কিন্তু আপনার দায়িত্বকে এড়াতে পারেন না। মাছের স্টেট ট্রেডিং করা যাবে না কেন? নিশ্চয় [illegible]। যখন প্রথম এস্টেটস এক্যুইজিসন অ্যাক্ট এখানে আসে, তখন আপনারা ঠিক [illegible] যে ভেড়িগুলো আপনারা [illegible] দিয়ে সমস্ত কলকাতার জমিদারী

আপনারা ন্যাশানালাইজ করে নেবেন। কিন্তু অন সেকেন্ড থট, কিসের জন্য জানি না, তবে আমি অন্দাজ করতে পারি, সে কথা বলতে আমার নিজেরই সঙ্কোচ হয়, ভেড়িগুলোকে আপনারা বাদ দিয়ে দিলেন। কেন ভেড়িগুলো ন্যাশানালাইজ করা যাবে না? কেন ভেড়ির মাছগুলো বাংলা সরকারের মাছ হবে না? কেন হবে না? আপনি বোঝেন নি বলেই হবে না? আপনার দলে যদি উপযুক্ত লোক থাকতেন, তিনি নিশ্চয় এটা করতেন। ডাঃ রায়ের একটা ভিসন ছিল, তিনি বলেছিলেন যে গোবর দিয়ে গ্যাস তৈরী করবো। তিনি আজ বেঁচে নেই, থাকলে নিশ্চয় এটা হতো। আজকে সেই রকম লোক থাকলে বলতে পারতেন যে আমরা মাছ এর ভেড়ি ন্যাশনালাইজ করবো, মাছের স্টেট ট্রেডিং করবো। এঁদের সে ভিসন নেই, এঁদের সাহসও নেই, এঁরা শুধু কমপ্রোমাইজ করতে পারেন

with hoarders and blackmarketers.

সুতরাং আমাদের দাবী হচ্ছে যে আপনারা যদি স্টেট ট্রেডিং করতে চান, তাহলে সিরিয়াসলি স্টেট ট্রেডিং করুন। কেন সেখানে আবার আপনি একজন সতী রাখছেন,

blackmarketer and hoarder,

সেও ব্যবসা করবে, বাংলা সরকারও ব্যবসা করবে কেন? তাকেও ব্যবসা করতে দেবার উদ্দেশ্য কি? আপনি কি তাকে কিছু টাকা পাইয়ে দিতে চান,

at the cost of the people's suffering,

এই কি? তা না'হলে তাকে বাদ আপনি কেন দেবেন না? যখন প্রকিওরমেন্ট করতে হবে, তখন শুধু বাংলা সরকারই একমাত্র প্রকিওরার কেন হবেন না? তার'ত যুক্তি আপনি দিলেন না। এদিকে বিদ্রূপ করে বলা হল ৯১ জনের মধ্যে ইউনিটি নেই। এই কথাটাই কি তার জবাব হল? এইটাই কি তার যুক্তি হল?

আপনি বললেন যে বাইরে থেকে সরষে আনতে পারবেন না। কেন, উত্তর প্রদেশ থেকে বাংলা সরকার এজেন্ট দিয়ে, সেখান থেকে সরষে সিকিওর করে এনে, অন্ততঃ বাংলাদেশে প্রাইভেট নামে, প্রাইভেট ট্রেডিং ইন সরষে হবে না? এটা কেন হবে না? এ ব্যবস্থা আপনি কেন করতে পারছেন না, বলুন। সমস্ত তেলকলগুলোকে কেন সরকার কন্ট্রোল করবেন না? তেলকলগুলোকে একেবারে না নিতে পারেন, কিন্তু সেগুলোকে আপনি কেন কন্ট্রোল করবেন না? তাদের সরকার সরষে দেবে, তারা সরষে ভেঙ্গে তেল করে দেবে, সরকার সেটা নিয়ে বিক্রি করবে ফেয়ার প্রাইস সপএর মারফতে এটা অসম্ভব কথা কি? কেন? এটা কি অসম্ভব কথা, এটা কি এমনই একটা বোকার মত কথা, এমনই একটা বাতুলের মত সাজেসন আমরা দিচ্ছি যেটা আপনারা কিছুতেই গ্রহণ করতে পারেন না? তার ত জবাব দিলেন না। মিঃ স্পীকার, স্যার, কত সিরিয়াস সাজেসন এখানে দেওয়া হয়েছে, তাঁরা নেবেন না। আমরা'ত শাসন করি না ... ফুটবলের দর্শকের মত বাইরে থেকে ... যে প্রফুল্লবাবু, এমনি করে ... ... । কিন্তু প্রফুল্লবাবু আজকে যে গাঁটছড়া বেঁধেছেন হোর্ডাস এবং ব্ল্যাক-মার্কেটিয়ারদের সঙ্গে সে কথাটা বলার সময় প্রফুল্লবাবু একবার ... পর্যন্ত ... না। ... আমাদের কথা হচ্ছে স্টেট ট্রেডিং যদি করতে চান আপনারা সিরিয়াসলি স্টেট ট্রেডিং করুন। ... ২১ লক্ষ ১২ লক্ষ মার্কেটেবল সারপ্লাস তার মধ্যে বেশীর ভাগই যাতে আপনি নিতে পারেন তার ব্যবস্থা করুন। আপনি যা করতে যাচ্ছেন, হবে না। আপনি সবাবরই বলেন, ডিসেম্বর মাসেও বলেছিলেন এবারে কোন ভয় নেই, এবার প্রচুর পরিমাণে ব্যবস্থা করে দেবো কোন আর ভয় নেই, কেন আপনারা একটি অলীক আশংকার কথা বলছেন? একথা'ত বলেছিলেন। তারপর'ত চালের দাম বেঁধে দিলেন, রাখতে পারলেন? ২ টাকা ১০ আনা থেকে ৩ টাকা হল তেলের দাম, রাখতে পেরেছিলেন? এনফোর্স করতে পেরেছিলেন? ৩ টাকা থেকে সওয়া তিন টাকা করলেন, ৩·৯০ পয়সা করছেন, তারা বলছে আরো দাম বেড়ে যাবে। আপনি এনফোর্স করতে পারছেন? লজ্জাও করে না একবার? বাংলা দেশের মুখ্যমন্ত্রী হয়ে এত বড় বড় কথা বলেন যে লোকেরা আমাদের ভোট দেয়—একবার নয়, দুইবার নয়, তিন বার

ভোট দিয়েছে, আস্থা আছে। কিভাবে আস্থা আপনারা রাখছেন এত আমরাও বুঝি, জন-সাধারণও বোঝে। যাকগে সেকথা বললেও সুচ ত ফোটান যাবে না, আপনাদের মোটা চামড়া হয়ে গিয়েছে। ব্ল্যাকমার্কেটিয়ার্স এবং হোর্ডারদের সঙ্গে যারা গাটছড়া বেঁধেছে, যারা তাদের সঙ্গে হাত ধরাধরি করে পলকা ডান্স নাচতে নাচতে যাবে প্রকিওর করতে গ্রামে [illegible] কাছে আর কি বলব। কিন্তু যদি সত্যি সত্যিই স্টেট ট্রেডিং করতে চান তাহলে লাইসেন্স বন্ধ করে দেন। আর কেউ প্রকিওর করতে পারবে না, বাংলা সরকার প্রকিওর করবে। আপনারা [illegible] যারা স্মল ডিলার তাদের বাংলা সরকার দেবে। মাছের স্টেট ট্রেডিংএর ব্যবস্থা [illegible] করুন, নাহলে মাছ খাওয়াতে পারবেন না। ফজলুর রহমান সাহেবের মাথা ভেঙ্গে [illegible] মাথা ঠুকতে ঠুকতে, এই ষড়যন্ত্রের বিরুদ্ধে কিছু করতে পারবেন না। কারণ আপনারাত করতে চান না। দ্বিতীয় কথা হচ্ছে এই সরিষার তেলের জন্য একটা স্টেট ট্রেডিং হতে পারে। আমরা বলছি বলেই নয়, আপনারা'ত বোঝেন সরিষার তেলের অভাব কি। আপনার তো গিন্নী নেই থাকলে হয়ত বুঝতে পারতেন কি হোত। শৈলবাবুকে জিজ্ঞাসা করুন, মন্ত্রী হয়েছো সরিষার তেল আনতে পারো না? তিনি গিন্নীর মুখ ঝামটা খান কিনা জিজ্ঞাসা করুন। সুতরাং আপনাদের কাছে আবেদন হচ্ছে ভাবুন সিরায়াসলি যে সরিষার তেলের স্টেট ট্রেডিং করা যায়। কি করে করা যায় সে কথা ভাবুন। মাছের স্টেট ট্রেডিং করা যায়। কি করে করা যায় সে কথা ভাবুন। শুধু শুধু তুচ্ছ করে উড়িয়ে দেবেন না এবং ১২ লক্ষ টন মার্কেটেবেল সারপ্লাসের বেশীর ভাগ কি করে আনা যায় সে কথা ভাবুন। বিরোধী পক্ষের মধ্যে একতা নেই বলেই তাদের সাজেশনটাকে উড়িয়ে দেবেন না।

The motion of Shri Sambhu Charan Ghosh that in line 3, after the words "pulses and fish", the following words be added, viz.:—

> "to meet the challenge of blackmarketers and hoarders quickly and effectively in the present situation.",

was then put and lost.

The motion of Shri Anadi Das that in lines 2-3 for the words "State trading in foodgrains, mustard oil, pulses and fish" the following words be substituted, viz.:

> "Statutory rationing throughout the State on foodgrains and State trading in mustard oil, pulses and fish."

was then put and lost.

The motion of Shri Ananda Gopal Mukhopadhyay that [illegible] foodgrains, mustard oil, pulses and fish", [illegible] substituted, viz.:

> "[illegible] and wheat-products and to enlist [illegible] Co-operative Organisations and Anchalik Parishads [illegible] State trading.",

was then put and agreed to.

The motion of Shri Ganesh Ghosh, as amended by the motion of Shri Ananda Gopal Mukhopadhyay, that "this Assembly is of opinion that immediate steps be taken by the Government to start State trading in paddy, rice, wheat and wheat-products and to enlist the help of the Co-operative Organisations and Anchalik Parishads in respect of such State trading" was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-20 p.m. till 1 p.m. on Monday, the [illegible]th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 7th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State and 134 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Resignation of Shri B. P. Neogi

***191.** (Admitted question No. *417.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তরের জয়েন্ট সেক্রেটারী শ্রী বি পি নিয়োগী পদত্যাগ করিয়াছেন;

(খ) সত্য হইলে, পদত্যাগের কারণ কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ (ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ শিক্ষা বিভাগের অফিসার অন স্পেশাল ডিউটি অ্যান্ড এক্স-অফিসিও জয়েন্ট সেক্রেটারী শ্রী বি পি নিয়োগী পদত্যাগ করিয়াছেন।

(খ) শিক্ষা দপ্তরে শ্রী নিয়োগীকে যে কাজের ভার দেওয়া হইয়াছিল, তাহা তাঁহার মনঃপূত না হওয়ায় তিনি পদত্যাগ করিয়াছেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ তিনি পশ্চিমবঙ্গের শিক্ষাদপ্তরে কতদিন যাবত নিযুক্ত আছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ...কতদিন যাবত আছেন বলতে পারব না। ১৯৬১ সালে ডেপুটি সেক্রেটারী যখন ছিলেন তখন ১৮ই জানুয়ারী তারিখে তিনি আই, এ, এস থেকে রিটায়ার করেন। ১৯৬১ সাল থেকে তাঁকে পরপর পুনর্নিয়োগ করা হয়েছিল, এটা তার পুনর্নিয়োগের ৪র্থ বৎসর।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ এই কথা কি ঠিক, আমাদের শিক্ষামন্ত্রী থেকে আপনি শিক্ষামন্ত্রীর পদ গ্রহণ করার পর শিক্ষা দপ্তরে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বসমূহ পুনর্বণ্টন করা হয়েছিল?

দি অনারেবল [illegible] সিংহঃ হ্যাঁ, তাঁর পদত্যাগপত্র গৃহীত হবার পরে আমি কার্যভার গ্রহণের পূর্বে শিক্ষা-সচিব কার্যের নববিন্যাস করেছিলেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ এই নববিন্যাসের সময় তাঁর হাতে যে দায়িত্ব ছিল সেগুলি ইচ্ছাকৃতভাবে ঊর্ধতন অফিসারের ইঙ্গিতে সরিয়ে নেওয়া হয়েছিল?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ নববিন্যাসের সময় তাঁর হাতে গুরুত্বপূর্ণ কাজ রাখা হয় নি বলে আপনি যা বলছেন তা ঠিক নয়, এবং ঊর্ধতন অফিসারের নির্দেশে এটা করা হয়েছে এটাও ঠিক নয়। এটা শিক্ষাসচিব যিনি তিনিই করেছেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ যে দায়িত্বগুলি তাঁর হাত থেকে সরিয়ে নেওয়া হয়েছে সেগুলি কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ মোটামুটি বলতে পারি। শিক্ষাসচিব যে যে কার্যের পুনর্বিন্যাস করেছিলেন তার ফাইল আমি শিক্ষামন্ত্রী হিসাবে ভার গ্রহণের পর আমার কাছে প্লেস করেন। তখন শ্রী নিয়োগী আমার কাছে একটা রিপ্রেজেন্টেশন করেন এবং আমার সঙ্গে দেখা করেন। যে মূল দুটো কাজ তাঁর থেকে নিয়ে অন্যকে দেওয়া হয়েছিল এবং যেগুলি চলে যাবার জন্য তিনি রিপ্রেজেনন্টেশন করেছিলেন তার প্রথমটা হচ্ছে কলেজগুলির প্রশাসনিক ব্যবস্থা, অর্থাৎ অধ্যাপকদের নিয়োগ বদলী ইত্যাদি, দ্বিতীয়টা হল অফিস এস্টাবলিশমেন্ট, অর্থাৎ হেড কোয়ার্টার এস্টাবলিশমেন্ট। এই দুটো নিয়ে তিনি আমার কাছে রিপ্রেজেন্টেশন করেন। নববিন্যাসের যে অর্ডার সেটা সেক্রেটারী আমার কাছে প্লেস করেন, আমি সেটাতে কিছু পরিবর্তন সাধন করি, অর্থাৎ আমার অর্ডার হচ্ছে, যে কাজের ভার এক্স-অফিসিও জয়েন্ট সেক্রেটারীকে দেওয়া হয়েছে তা ছাড়া অফিস এস্টাবলিশমেন্ট শ্রী নিয়োগী দেখবেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ তাঁকে যে কাজ তখন দেওয়া হয়েছিল পরে তা থেকে তাঁকে অব্যাহতি দেওয়া হয় এটা কি ঠিক?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ প্রথম কথা হচ্ছে, যখন তাঁকে দায়িত্ব দেওয়া হয়েছিল তখন তিনি এক্স-অফিসিও জয়েন্ট সেক্রেটারী ও জয়েন্ট ডাইরেক্টর ছিলেন। তখন পোস্ট ছিল একটা, ডাইরেক্টর সেক্রেটারী একই লোক ছিলেন সেজন্য শ্রী নিয়োগীর পুনর্নিয়োগ হয়

as Joint Director and ex-officio Joint Secretary.

তখন সর্ববিভাগের প্রশাসনিক ব্যবস্থা বিভাগীয় সচিবের হাতে ছিল। কিন্তু সেই সময় বিভাগীয় সচিব ছুটি নেন, তাই তদানীন্তন মন্ত্রিমহাশয় আদেশ দেন

during the absence of the Secretary on leave and pending his return ex-officio Joint Secretary

এই কাজগুলি দেখবেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ একথা কি ঠিক যে গুরুত্বপূর্ণ দায়িত্ব তাঁর থেকে নিয়ে নেওয়া হয়েছিল সেগুলি তাঁর সাবঅর্ডিনেট অফিসার শ্রীকালিপদ লাহিড়ীকে দেওয়া হয়েছিল?

দি অনারেবল [illegible] সিংহঃ তার সাবর্ডিনেট অফিসারকে দেওয়া হয়েছিল এটা ঠিক নয়। কাজের সুবিধার জন্য সমস্ত অফিসারের মধ্যে নববিন্যাস করে শ্রী নিয়োগীর হাতে যে দায়িত্ব দেওয়া হয়েছিল তা যথেষ্ট গুরুত্বপূর্ণ এবং স্পেশাল অফিসার হিসাবে স্পেশাল রেসপনসিবিলিটি তাঁর হাতে রাখা হয়েছিল এবং জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর দুটো বিষয়ের মধ্যে একটা তাঁকেই দেওয়া হয়েছিল।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি যদি বলি শ্রী নিয়োগীকে তাঁর পদ থেকে সরিয়ে দেবার পিছনে শিক্ষাসচিব শ্রী ডি এম সেনের একটা মটিভ ছিল, তাহলে কি এই অভিযোগ অস্বীকার করতে পারেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ সম্পূর্ণভাবে করব। শ্রী নিয়োগী আমার কাছে যে রিপ্রেজেন্টেশন করেছিলেন তাতে তিনি পরিষ্কারভাবে বলেছিলেন অ্যাজ দি ডিপার্টমেন্টাল হেড সেক্রেটারীর অধিকার আছে, সুতরাং তিনি ক্ষমতার অতিরিক্ত কিছু করেন নি। তারপর শ্রী সেন যে নববিন্যাস করেছিলেন তাতে আমি সার্টেন মডিফিকেশন করেছি, এবং তা করে অ্যাপ্রুভ করেছি, সুতরাং দায়িত্ব আমার।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ পূর্বতন শিক্ষামন্ত্রী পদত্যাগ করার পরেই হঠাৎ এই নববিন্যাস করার প্রয়োজন দেখা দিল কেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এতে কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদিত হবে বলে মনে করা হয়েছে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ তাহলে কি পূর্বতন শিক্ষামন্ত্রী যেভাবে অফিস অ্যাডমিনিস্ট্রেশন করতেন সেটা পরিবর্তন করার প্রয়োজনীয়তা আপনি অনুভব করেছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ অফিস অ্যাডমিনিস্ট্রেশন যেভাবেই চলুক, কোন অফিসার একথা বলতে পারেন না এই কাজ ছাড়া আমি করব না।

Construction of the Mahammedbazar Junior Basic School

***192.** (Admitted question No. *982.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that though work order for construction of the Mahammedbazar Junior Basic School was issued in November, 1963 no work was done till today;

(b) if so, the reasons therefor; and

(c) if any money has been advanced to contractor for the said purpose?

[1-10—1-20 p.m.]

The Hon'ble Rabindralal Sinha: (a) Yes. (b) Non-availability of cement. (c) No.

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মহম্মদবাজার জুনিয়র বেসিক স্কুল-এর কন্ট্রাক্টর-এর নাম প্রকাশ করবেন কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এই কাজটা স্কুল বোর্ডের আন্ডারে এবং ম্যানেজিং কমিটি যেটা আছে তারা কনস্ট্রাকসন-এর ভার নিয়েছেন। কারণ ইট ইনভলভস্ এ লোকাল কন্ট্রিবিউশন অফ টুয়েলভ হাফ পারসেন্ট।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আমি জানতে চাই কোন কন্ট্রাক্টর নিযুক্ত হয়েছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ স্কুল কমিটি কি করেছেন আমি বলতে পারি না।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬৩ সালের নভেম্বর মাসের মধ্যে কোন লোককে ২ হাজার টাকা অ্যাডভান্স দেওয়া হয়েছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমি বলেছি কোন অ্যাডভান্স দেওয়া হয় নি।

Visit of some Ministers in Kandi subdivision

***193.** (Admitted question No. *1010.)

শ্রীশৈলেন অধিকারী: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের জুলাই মাসের ৭ তারিখ হইতে ১৫ তারিখ পর্যন্ত কোন্ কোন্ মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মুর্শিদাবাদ জিলার কান্দী মহাকুমায় গিয়াছিলেন ; এবং

(খ) উক্ত মন্ত্রীদের উক্ত স্থানে যাওয়ার দরুন রাহাখরচ এবং অন্যান্য খরচ বাবদ সরকারী তহবিল হইতে কত খরচ হইয়াছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: (ক) গত জুলাই মাসে কেবল মাত্র কয়েকজন মন্ত্রী মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমায় গিয়াছিলেন।

(খ) মন্ত্রিগণ উক্ত সফরের জন্য ভ্রমণ-ভাতা বাবদ কিছু দাবী করেন নাই।

শ্রী[illegible] অধিকারী: যে সমস্ত মন্ত্রীরা গিয়েছিলেন তাঁদের নাম দয়া করে জানাবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: সকলেই গিয়েছিলেন, অসুস্থতার জন্য একমাত্র আই, ডি, জালান এবং জগন্নাথ কোলে যান নি।

শ্রী[illegible] অধিকারী: আপনি বললেন তাঁরা গিয়েছিলেন, কিন্তু কোন ভাতা দাবী করেন নি। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তাঁরা কি নন-অফিসিয়াল ভিজিট-এ গিয়েছিলেন, না এর মধ্যে অফিসিয়াল ভিজিট ছিল?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: অফিসিয়াল ভিজিট থাকতে পারে কিন্তু তাঁরা কোন ভাতা দাবী করেন নি। তবে মূলতঃ তাঁরা নন-অফিসিয়াল ভিজিট-এ গিয়েছিলেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে মন্ত্রীরা গিয়েছিলেন তাঁদের সংগে কোন্ কোন্ অফিসার বা সেক্রেটারী ট্যুর করেছিলেন জানাবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: যাঁরা কান্দিতে গিয়েছিলেন তাঁদের সংগে কোন অফিসার ছিলেন না।

Government High School, Darjeeling

***195.** (Admitted question No. *1058.) **Shri Deoprakash Rai:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total number of students in the Government High School, Darjeeling, having Nepali as their mother tongue;

(b) the total number of students having Bengali as their mother tongue;

(c) the sanctioned strength of teaching staff in the said school; and

(d) the present strength of the teaching staff?

The Hon'ble Rabindralal Sinha: (a) 379; (b) 180; (c) 42; (d) 35.

Shri Lakshmi Ranjan Josse: The sanctioned strength of the teaching staff in the said school is 42 and the present strength is 35. So it is understaffed by 7 teachers. Why it is like that? If 42 is the reasonable number of teaching staff why was it allowed to continue with 35?

The Hon'ble Rabindralal Sinha: Recruitment of teachers in Government high schools is made on the recommendation of the Public Service Commission, West Bengal. The Public Service Commission received no response from candidates with adequate qualification in reference to advertisement in connection with recruitment to posts of Assistant Masters for Nepali section of Darjeeling Government High School in spite of repeated advertisement. It is now proposed to relax the academic qualification for the post.

Shri Deo Prakash Rai: How many teachers of the present strength of 35 have Nepali as their mother tongue?

The Hon'ble Rabindralal Sinha: 2 Nepali, 2 Tibetan, 1 Hindi, 1 Urdu and 16 teachers can teach through Nepali medium. One B.Sc. whole time teacher of Darjeeling has just been offered an appointment. If he joins the total figure will be increased by 1.

Shri Lakshmi Ranjan Josse: Sir, the question is how many of 35 have Nepali as their mother tongue—the reply has not been to the point.

The Hon'ble Rabindralal Sinha: It is definitely to the point. Of the 35 teachers 2 Nepali, 2 Tibetan, 1 Hindi, 1 Urdu and 16 teachers can teach through Nepali medium.

Rabindra Bhavan at Serampore

***196.** (Admitted question No. *1080.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is aware that a "Rabindra Bhavan" has been built up with funds collected by the Serampore Subdivisional Rabindranath Centenary Committee which had the S.D.O. as the ex-officio Chairman; and

(b) who now administer and manage the "Rabindra Bhavan"?

The Hon'ble Rabindralal Sinha: (a) Yes. (b) There is a Board of Trustees of Rabindra Bhavan, Serampore constituted as follows:—

(1) S.D.O., Serampore—Chairman.

(2) Dr. Gopal Das Nag—Secretary.

(3) Shri Dhirendra Nath Som.

(4) Shri Shyamadas Banerjee.

(5) Dr. Narayan Banerjee.

শ্রীপাঁচুগোপাল ভাদ্‌ড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বোর্ড অব ট্রাস্টিজ কারা অ্যাপয়েন্ট করেছিল?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: যতদূর জানা আছে, রবীন্দ্র শতবার্ষিকী কমিটি, শ্রীরামপুর।

শ্রীপাঁচুগোপাল ভাদ্‌ড়ী: কোন্ তারিখের মিটিংএ অ্যাপয়েন্ট হয়েছিল জানেন কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: বলতে পারি না।

শ্রীপাঁচুগোপাল ভাদ্‌ড়ী: এখানে কোন কমিটি ফাংশন করে না এরকম কোন অভিযোগ পেয়েছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: না, আমি পাই নি।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ কত টাকা উঠেছিল এই রবীন্দ্রভবন বিল্ড-আপ করার জন্য?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ সঠিক বলতে পারি না, তবে আমার যে রিপোর্ট আছে, তাতে দেখছি ৪৩ হাজার টাকা তারা কণ্ট্রিবিউশন থেকে খরচ করেছে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ আপনি জানেন যে, একটা কমিটি হয়েছিল, ঘটনাচক্রে আমি তার মধ্যে ছিলাম, সে কমিটি কোন নোটিফায়েড মিটিং করে বোর্ড অব ট্রাস্টিজ গঠিত করে নি।

দি অনারেবল [illegible] সিংহঃ না, আমাদের জানা নাই।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ এ সম্পর্কে অনুসন্ধান করে দেখবেন কিনা যে, এই রবীন্দ্রভবন সেন্টেনারি কমিটির কোন মিটিং কল না করে বোর্ড অব ট্রাস্টিজ গঠিত হয়েছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এটা যদিও রিকোয়েস্ট ফর অ্যাকশন তা সত্ত্বেও যদি ডিটেলস লিখে দেন, নিশ্চয়ই আমি দেখব।

Improvement of pay scales of college teachers

***197.** (Admitted question No. *421.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের কলেজের অধ্যাপকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আপাততঃ নাই।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের আপাততঃ নাই, এই উত্তর দেবার পেছনে কি কি কারণ আছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আপনি জিজ্ঞাসা করেছেন কোন পরিকল্পনা আছে কিনা, আমি বলেছি বর্তমানে নেই।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ কেন নেই বলবেন কি?

দি অনারেবল [illegible] সিংহঃ পরিকল্পনা আছে কিনা জিজ্ঞাসা করেছেন, আমি বলেছি নাই।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ গত পরশুদিন পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়ের কলেজ অধ্যাপক সমিতি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করেছিলেন এবং বেতন বৃদ্ধি প্রশ্ন নিয়ে আলোচনা করেছিলেন, তখন তিনি তাঁদের অ্যাসিওরেন্স দিয়েছিলেন যে, ফোর্থ প্ল্যানে করার ইচ্ছা আছে, তার আগেও করবার চেষ্টা করছি যদি হয়। এটা ঠিক কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এটা ঠিক নয়। আমি পরিষ্কার বলে দিয়েছি, তৃতীয় পরিকল্পনায় আর্থিক অবস্থা যা তাতে করা যাবে না, চতুর্থ পরিকল্পনায় আমরা নিশ্চয়ই কেন্দ্রীয় সরকার এবং প্ল্যানিং কমিশনের সঙ্গে টেক-আপ করব।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি এখন জিজ্ঞাসা করছি, পশ্চিমবঙ্গের কলেজের অধ্যাপকরা যে বেতন বৃদ্ধির কথা বলছেন তার জন্য কত টাকা অতিরিক্ত পশ্চিমবঙ্গের সরকারের খরচ হবে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ স্কীম করলে কোটি টাকার উপর গিয়ে দাঁড়াবে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ একথা কি সত্য যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বলা হয়েছে বিভিন্ন রাজ্যসরকারের কাছে যে, যদি তাঁরা কলেজী শিক্ষকদের অধ্যাপকদের বেতন বৃদ্ধি প্রথন বিবেচনা করেন তাহলে কেন্দ্রীয় সরকার শতকরা ৫০ ভাগ সাহায্য দেবেন?

দি অনারেবল [illegible] সিংহঃ আমার এরকম জানা নাই।

[1-20—1-30 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য শ্রীশম্ভু ঘোষের প্রশ্নোত্তরে মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয় বললেন যে, কোন পরিকল্পনা নেই। তার কোন যুক্তি বা কারণ দেখান নি। কিন্তু পরে অতিরিক্ত প্রশ্নোত্তরে তিনি কারণটা বলেছেন। আমি জিজ্ঞাসা করছি এই যে, টাকা নেই বলে যে অভিযোগ উনি তুলেছেন অজুহাত দেখাচ্ছেন—বাংলাদেশে আমরা দেখছি শিক্ষাবিভাগের একটা প্রবণতা আছে তিন-চার মাইল অন্তর অন্তর ব্যাঙের ছাতার মত কলেজ গজিয়ে উঠছে অথচ সেখানে কোয়ালিফায়েড টিচার নেই। তার জন্য আমাদের শিক্ষাদপ্তর থেকে যে টাকা ব্যয় করছেন সেটাকে সংকোচ করে বর্তমানে কলেজে যে প্রফেসর রয়েছেন তাঁদের স্কেল বাড়াবার জন্য বিবেচনা করছেন না কেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: অজুহাত কথাটা আমি স্বীকার করলাম না। আর তা ছাড়া তিনি বলেছেন, তাতে বলতে পারি কলেজকে অ্যাফিলিয়েশন দেবার দায়িত্ব আমাদের নয়। আমরা জানি না, তা সত্বেও ইউনিভার্সিটি কলেজকে অ্যাফিলিয়েশন দিয়ে দিতে পারে এবং অ্যাফিলিয়েশন দেবার আগে বর্তমান আইন অনুযায়ী তাঁরা আমাদের সংগে কোন পরামর্শ করেন না।

শ্রীকাশীকান্ত মৈত্র: অ্যাফিলিয়েশন দেওয়ার দায়িত্ব ক্যালকাটা ইউনিভার্সিটির, শিক্ষাদপ্তরের নয়, সেটা আমরা জানি। কিন্তু প্রশ্ন হচ্ছে অ্যাফিলিয়েশনের পরে আমরা দেখছি কোন একটা জায়গায় এক বিঘা জমি দেখিয়ে দিলে—মফঃস্বলে এক বিঘা জমির খুব বেশি দাম নয়, বা পাঁচ বিঘা জমি দেখিয়ে দিল, সেখানে শিক্ষাদপ্তর থেকে বিল্ডিং গ্রান্ট বলে লক্ষাধিক টাকা দিচ্ছেন। ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাফিলিয়েশন দিয়ে দিলেন সেই সমস্ত মাসরুম কলেজ এবং ইনস্টিটিউশনকে। আপনারা তাদের জন্য বিল্ডিং গ্রান্ট বা অন্য গ্রান্টে টাকা নষ্ট করছেন। সেই টাকাটা যদি প্রফেসরদের বর্ধিত বেতনের জন্য দিয়ে দিতে পারেন তাহলে আংশিকভাবে তার সমাধান হতে পারে।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: এই রকম কোন মাসরুম কলেজকে বর্তমানে আমরা কোন বিল্ডিং গ্রান্ট দিই না।

শ্রীজ্যোতি বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, কিছুদিন আগে প্রায় এক হাজার উপর কলেজের অধ্যাপকরা তাঁদের মাইনের কথা নিয়ে অ্যাসেম্বলির বাইরে এসেছিলেন, এবং তাঁরা এখনও ভাবছেন যে, বেতন বৃদ্ধি না হলে হয়ত কর্মবিরতির পথে তাঁদের যেতে হবে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: [illegible] জানি না, তবে কিছু লোক এসেছিলেন এটা ঠিকই। অধ্যাপক তাঁদের মধ্যে নিশ্চয়ই ছিলেন, সকলেই অধ্যাপক কিনা আমার জানা নেই। তবে কয়েকজন নেতৃস্থানীয় অধ্যাপক আমার কাছে এসে আমার সংগে দেখা করেছিলেন এবং আমাকে একটা মেমোরান্ডাম দিয়ে গেছেন। তাতে তাঁরা বলেছেন যে, প্রতীক কর্মবিরতি তাঁরা একদিন করবেন তাঁদের দাবি না মিটলে।

শ্রীজ্যোতি বসু: অধ্যাপকরা যখন এই পথে যেতে বাধ্য হচ্ছেন, সচারাচর যাঁরা এই পথে যান না, তখন কি মন্ত্রিমহাশয় এটা ভাবছেন না এই নতুন পরিস্থিতিতে যেখানে জিনিষপত্রের এত দাম বেড়েছে সেখানে কিছু বেতন বৃদ্ধি এঁদের হওয়া উচিত, যাঁদের উপর সমস্ত সমাজের শিক্ষার ভার রয়েছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: সেটা খালি কলেজ অধ্যাপকদের নয়, সর্বস্তরের ব্যাপারে সেটা বিবেচনার কথা। কিন্তু সব জিনিষটা হবে আমাদের আর্থিক সংগতির পরিপ্রেক্ষিতে। আর্থিক সংগতি না থাকলে ও জিনিষ বিচার করা যায় না।

শ্রীজ্যোতি বসুঃ সেইজন্য ইতিপূর্বে আপনাকে জিজ্ঞাসা করা হয়েছিল তার সঠিক উত্তর আমরা পাইনি। সরকার যখন এই সিদ্ধান্ত করেছেন যে বেতন বৃদ্ধি করতে পারবেন না, তখন নিশ্চয়ই তাঁরা একটা ক্যালকুলেশানের ভিত্তিতে করেছেন। আমরা জানতে চাই ১০ টাকা ১৫ টাকা, ২৫ টাকা, ৩০ টাকা, এই রকম কত টাকা বাড়ালে আপনাদের কত টাকার প্রয়োজন, এই রকম কোন ক্যালকুলেশান সরকার করেছেন কিনা এবং কেন আপনারা সেটা রিজেক্ট করলেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমার কাছে তাঁরা একটা স্কীম নিয়ে এসেছিলেন তাতে ১০ টাকা, ২৫ টাকা বাড়াবার প্রশ্ন নয়, হোল পে স্ট্রাকচার রিভাইজ করবার জন্য। সুতরাং ১০ টাকা, ২৫ টাকা বাড়াবার কথা নয়, প্রায় ৬ হাজার কলেজ অধ্যাপক আছেন এর থেকে হিসাব করতে হবে।

শ্রীজ্যোতি বসুঃ আমি জিজ্ঞাসা করছিলাম, এই যে স্কীম তাঁরা দিয়েছেন এটা ক্যালকুলেট করে কি আপনি দেখেছেন যে কত লাগবে? সেটা যদি না পারেন, তার কমে কিছু আপনি করতে পারবেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ পে স্কেল যেটা করেছেন তার ক্যালকুলেশান আমার কাছে নেই, আমি এখন বলতে পারছি না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ কলেজ অধ্যাপকদের পক্ষ থেকে প্রতিনিধি দল যখন আপনার সাথে দেখা করেছিলেন, বেতন বৃদ্ধির ব্যাপার নিয়ে, তখন আপনি তাঁদের পরিষ্কার জানিয়েছিলেন যে বেতন বৃদ্ধি সম্পর্কে আপাততঃ সরকারের কোন পরিকল্পনা নেই। কিন্তু আপনি এই কলেজ অধ্যাপকদের কাছে ৫ টাকা মহার্ঘভাতা বাড়াবার জন্য একটা নির্লজ্জ উক্তি সেখানে করেছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ একথা সত্য নয়। আমি তাঁদের কাছে ৫ টাকা বাড়াবার কোন প্রস্তাব দিইনি। আমি তাঁদের কাছে খালি বলেছিলাম যে আজকে সেকেন্ডারী টিচারদের যা করেছি। আপনাদের কাছে প্রস্তাব দিচ্ছি না, এর বাইরে আমাদের যাবার ক্ষমতা নেই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মন্ত্রিমহাশয় বল্লেন যে তাঁরা স্কীম দিয়েছিলেন, আমি আপনাকে বলছি তাঁরা যে স্কীম দিয়েছিলেন সেটা ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন যে স্কেল রেকমেন্ড করেছেন সেই স্কেলটা কি নয়?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ ইউ জি সি ঐ রেকমেন্ড করেছেন বলে আমি জানি না।

শ্রীমতী ইলা মিত্রঃ পার্লামেণ্টের থার্ড রিপোর্ট যেটা ইউ, জি, সি, থেকে রেকমেণ্ড করে সে আগে ছিল এবং ১৯৬২ সাল থেকে আমরা একথাগুলি জানছি যে এটা বিবেচনা করা হচ্ছে থার্ড রিপোর্ট টু পার্লামেন্ট-এ. আমরা দেখতে পাই যে কেন্দ্র থেকে শ্রীমালী এই আশ্বাস দিয়েছিলেন, যখন অধ্যাপকদের পক্ষ থেকে প্রতিনিধিরা গিয়েছিলেন তখন, যে যদি প্রভিন্সিয়াল গভর্নমেন্ট ৫০ পার্সেন্ট বেয়ার করতে পারেন তাহলে কেন্দ্র থেকে ৫০ পার্সেন্ট দেয়া হবে, সে সম্পর্কে বিবেচনা করবেন কি?

দি অনারেবল [illegible] সিংহঃ আমি একথা জানি না।

শ্রীমতী ইলা মিত্র : আমি স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই যে, এই পে স্কেলস সম্পর্কে, যে স্কেলটা কলেজ অধ্যাপকরা দিয়েছেন ১৯৬২ সালে, যখন স্বর্গীয় ডাঃ রায় বেঁচেছিলেন, তখন কলেজ অধ্যাপকদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার সময় তিনি এ সম্পর্কে বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছিলেন, সে সম্পর্কে যে মিনিটস আছে সেটা কি দেখেছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ : না।

শ্রীকাশীকান্ত মৈত্র : আপনি কি কেন্দ্রীয় সরকারের শিক্ষাদপ্তরে পশ্চিমবঙ্গের অধ্যাপকরা যে দাবী জানিয়েছেন এবং তাঁরা যে স্কেল চেয়েছেন সেটাকে ইমপ্লিমেন্ট করতে গেলে কি পরিমাণ অর্থের দরকার হবে সে সম্পর্কে কেন্দ্রের সাহায্য চেয়েছেন বা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর দপ্তর থেকে কোন উত্তর পেয়েছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ : আমাদের বর্তমানে যা আর্থিক সঙ্গতি তাতে ৫০ পার্সেণ্ট করার মত সংগতি নেই এবং কেন্দ্রীয় সরকারের কাছে তৃতীয় পরিকল্পনার গোড়াতে, আমি কাগজ পত্র থেকে যা দেখেছি লেখা হয়েছিল যে কলেজ টিচারদের স্যালারীর ইম্প্রুভমেণ্টের কোন ব্যবস্থা করা যায় কিনা, তাতে তাঁরা বলেছেন যে তৃতীয় পরিকল্পনায় এজন্য কোন টাকা বরাদ্দ করা নেই, এটা কেন্দ্রীয় সরকার জানিয়েছেন গোড়াতে, তারপরে বর্তমানে আর্থিক অবস্থা আমাদের নেই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য : স্যার, অবনীবাবুর প্রশ্নটা যদি আমি করি কোন আপত্তি আছে? Have you got any objecton to it. It is the property of the House and we are definitely interested in it.

মিঃ স্পীকার : ১৪ই তারিখে সেটা সিফটেড হয়ে আছে।

Conversion of High Schools into Higher Secondary Schools

***199.** (Admitted question No. *428.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত যে সমস্ত বিদ্যালয়ে দশম শ্রেণী পর্যন্ত আছে, সেগুলির একাদশ শ্রেণীতে রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কবে নাগাদ তাহা কার্যকরী করা হইবে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ : (ক) হ্যাঁ, আছে।

(খ) আবশ্যক অর্থ ও যোগ্য শিক্ষকের অভাবে তৃতীয় পরিকল্পনায় এই ক্ষেত্রে বিলম্ব হইতেছে। প্ল্যানিং কমিশনের শিক্ষা উপদেষ্টা কমিটি আশা করেন যে চতুর্থ পরিকল্পনায় ইহা সম্পূর্ণ কার্যকরী হইবে।

শ্রীশম্ভুচরণ ঘোষ : এখন পর্যন্ত পশ্চিমবঙ্গে এই দশম শ্রেণীর বিদ্যালয়ের সংখ্যা কত?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ স্কুল আপগ্রেডেড হয়েছে, ১২৬৪, আর বাকী ১১৯৮টা দশম শ্রেণী আছে।

শ্রীমতী শান্তি দাসঃ আপনার ডিপার্টমেন্ট থেকে প্রথম প্রথম অনেক স্কুলে সার্কুলার গেছে যে যদি তারা তাদের নিজেদের দায়িত্ব নিয়ে ১১ ক্লাশ খুলতে পারে তাঁহলে খুলতে পারে, কিন্তু ১১ ক্লাস খোলবার জন্য যে ফাইন্যানসিয়াল লায়াবিলিটি স্কুলের ঘাড়ে পড়েছে, সেই লায়াবিলিটি কি আপনার এডুকেশন ডিপার্টমেণ্টে নেবে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আপনি স্পেসিফিক্যালী কোথায় কি সার্কুলার গেছে বললে তা ইনকোয়ারী করে দেখতে পারি। এরকম কোন সার্কুলার গেছে বলে আমার জানা নেই, তবে আজকে আর্থিক অসংগতির জন্য যত দ্রুত এটা করা উচিত তা আমরা করতে পারছি না। সেজন্য যদি কোন স্কুল তাদের সংগতিতে করতে পারেন, আমরা বাধা দিচ্ছি না।

[1-30—1-40 p.m.]

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় বললেন যে, আর্থিক সঙ্গতি ছাড়াও উপযুক্ত শিক্ষকের অভাবেও এই আপগ্রেডিং আজকের দিনে করা যাচ্ছে না। উপযুক্ত শিক্ষক তৈরী করবার জন্য সরকারের পক্ষ থেকে কোন স্কিম নেওয়া হয়েছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমরা অনবরতই চেষ্টা করে যাচ্ছি, যাতে বি টি কলেজের সংখ্যা বাড়ান যায়। যাতে যে সমস্ত সাইন্স টিচারস অনার্স নন, তাদের সর্ট কোর্স ট্রেনিং দিয়ে, হায়ার সেকেন্ডারী স্কুলে সাইন্স পড়াবার ব্যবস্থা করা যায়, তার চেষ্টা আমরা করে যাচ্ছি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বললেন যে, শিক্ষকের ডেফিসিয়েন্সি, উপযুক্ত কোয়ালিফায়েড টিচার্স-এর অভাবের দরুন আপগ্রেডিং করা যাচ্ছে না। কিন্তু যে সমস্ত হায়ার সেকেন্ডারী স্কুল চালু রয়েছে দীর্ঘদিন ধরে সেই সমস্ত স্কুলেতেও দেখা যায় যে, সেখানে পুরো স্টাফ নেই। যেমন আমি বলছি কৃষ্ণনগর কলেজিয়েট স্কুল, সেটানে ৭ জন টিচার্স শর্ট। একশো বছরের উপরের একটা প্রাচীন প্রতিষ্ঠান, সেই ইনস্টিটিউসন-এরও এই অবস্থা। সুতরাং শিক্ষকের অভাব যদি অনেক জায়গায় থেকে যায়, তাহলে আপনাদের আপগ্রেডিং বাই ট্রান্সফরমেশন কত বছরের মধ্যে হবে, সে সম্বন্ধে কি ভেবে দেখেছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ কৃষ্ণনগর স্কুল সম্বন্ধে জানালে, আমি অনুসন্ধান করে বলবো। আজকে আমি এটা স্বীকারও করতে পারছি না, অস্বীকারও করতে পারছি না, যে বাংলাদেশে যে হায়ার সেকেন্ডারী স্কুলগুলি আছে.................

শ্রীকাশীকান্ত মৈত্রঃ কৃষ্ণনগর স্কুলের কথা না হয় বাদ দিন। কিন্তু, আপনি এটা জানেন কি না ....

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমার জবাবটা শেষ করতে দিন। বাংলাদেশে যে সকল হায়ার সেকেন্ডারী স্কুল আছে, তারা অনেক জায়গায়, বিশেষ করে সাইন্স সাবজেক্ট পড়ানর অসুবিধা নেই তা নয়, কিছু অসুবিধা আছে, এবং আমি সংবাদ নিতে বলেছি, অলরেডি ডিপার্টমেন্ট-এ, যে কোথায় সাইন্স টিচার্স-এর অভাব আছে, এ্যাট প্রেজেন্ট কি পজিসন, এটা আমি অ্যাসার্টেন করছি, এবং নিশ্চয়ই আমরা সাধ্যমত চেষ্টা করবো আরও টিচার্স বাড়াতে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বললেন যে, দশম শ্রেণী থেকে একাদশ শ্রেণীর বিদ্যালয়ে রূপান্তরিত করবার জন্য শুধুমাত্র উপযুক্ত শিক্ষক বা সরকারী অর্থের অভাব, একমাত্র কারণ নয়, বাংলাদেশে এমন বহু বিদ্যালয় আছে, যেগুলি ভাড়া বাড়ীতে থাকে, এবং এখনই রাজ্যসরকারের পক্ষ থেকে সেই সমস্ত ভাড়া বাড়ীতে যে সকল দশম শ্রেণীর বিদ্যালয় আছে, সেগুলিকে একাদশ শ্রেণীতে রূপান্তরিত করার জন্য কোন রকম ব্যবস্থা তাঁরা করছেন না। আমার কোয়েশ্চেন হচ্ছে, এ সম্পর্কে কোন রকম ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমিও গোড়াতেই বলেছি যে একসংগে সমস্ত দশম শ্রেণীর স্কুলকে একাদশ শ্রেণীতে পরিণত করতে পারবো না। আমাদের আর্থিক সঙ্গতি অনুযায়ী আমরা করে যাবো। তাতে হয়ত যেটা করা সহজ হবে গোড়াতে এবং অন্য বিষয় সমান হলে করাটা যেখানে সহজ হবে, সেখানেই যাবো আগে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি আর একটি সাপ্লেমেন্টারী করছি। ধরুন যেখানে উপযুক্ত শিক্ষকের অভাব নেই, কিন্তু যেহেতু বিদ্যালয়টি একটি ভাড়া বাড়িতে আছে, সেইটাই তার কাছে বাধাস্বরূপ হয়ে আছে, সে উন্নীত হতে পারছে না, এ বিষয়েতে রাজ্যসরকার যদি এই বাধাটি সরিয়ে নেন, তাহলে বাংলাদেশে অনেক স্কুল আছে, যারা নিজেদের চেষ্টায় উন্নীত হতে পারে। এটা কি মাননীয় শিক্ষা-মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ অর্থের অসুবিধা না হলে, তারা যদি এখানি টাকা না চান, তাহলে বিবেচনা করা যাবে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ শম্ভুবাবু এইমাত্র যে প্রশ্নটি করলেন, তার খেই ধরে বলতে চাচ্ছি যে এই রকম কোন সর্ত আছে কিনা যে আপগ্রেডিং করতে গেলে সেই স্কুলের নিজস্ব বাড়ী থাকা চাই? অর্থাৎ আজকে যেখানে গভর্নমেন্টের সিমেন্টের অভাব রয়েছে, লোহা, টিন, পাওয়া যাচ্ছে না বলছেন, টাকার প্রশ্ন ছেড়েই দিলাম, কারণ, টাকা থাকলেও সেগুলি পাওয়া যাবে না, এগুলি কনট্রোলড কমোডিটিস সেখানে আপনাদের এমন কোন সারকুলার বা রুল আছে কিনা যে আপগ্রেডিং করতে গেলে তোমার নিজস্ব বিল্ডিং থাকা চাই, এই রকম স্পেসিফিকেসান-এর বাড়ী চাই, তা যদি না হয়, তাহলে সেটা আপগ্রেডিং-এর পক্ষে অন্তরায় হয়ে দাঁড়ায়। মাননীয় শম্ভুবাবু যে প্রশ্নটা করে-ছিলেন, সেটা এই রকমই ছিল। তিনি প্রশ্ন করেছিলেন যে যদি এই রকম কোন সার্কুলার থাকে, এবং যেখানে আপনারা আপগ্রেডিংটা দ্রুত, ত্বরান্বিত করতে চান, তাহলে সেখানে এই ধরণের বাধাটাকে অপসারিত করে, যদি প্রত্যেকটি স্কুলকে নিজের, নিজের ভাড়া বাড়ীতে থাকবার সুযোগ দেওয়া হয়, তাহলে কি সুবিধা হয় না?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমরা ভাড়াবাড়ী হলে যে দেবো না, এমন কথা নয়। একোমোডেশন আছে কিনা, সেইটা দেখবো।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মিঃ স্পিকার স্যার, আমার প্রশ্নের উত্তর পেলাম না। আমি জানতে চেয়েছি যে এ রকম কোন সার্কুলার আছে কিনা, যা রূপান্তরিত হতে গেলে, স্কুলের নিজস্ব বাড়ী থাকা চাই? সেই প্রশ্নের উত্তর উনি দিলেন না। আমি জিজ্ঞাসা করছি সরকার যখন নিজেই স্বীকার করছেন যে সিমেন্ট পাওয়া যাচ্ছে না, স্টিল পাওয়া যাচ্ছে না, বিল্ডিং তৈরী করতে নানা রকম অসুবিধা রয়েছে, সেখানে সরকার কেন সেই বাধাটা সরিয়ে দিচ্ছেন না? এইটাই আমি জিজ্ঞাসা করছি।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমি যতদূর জানি এই রকম কোন সার্কুলার নেই। আপনি যখন বলছেন, আমি আর একবার অনুসন্ধান করবো। কিন্তু আমার যতদূর জানা আছে এই রকম কোন সার্কুলার নেই। আমরা ভাড়া বাড়ীতে আপগ্রেডিং-এর পারমিশন দিতে পারি, যদি স্কুলের একোমোডেসন থাকে।

Income of State Transport Corporation

***288.** (Admitted question No. *1053.) **Shri Abani Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the amount earned as net profit or loss incurred by the State Transport Corporation every year for the years 1960-61, 1961-62, 1962-63 and 1963-64; and

(b) in case of losses, the reasons for such losses?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) As regards Calcutta State Transport Corporation, the amounts earned as net profit or loss are:—

Year.			
1960-61 (15-6-60 to 31-3-61 Corporation period)	..	Rs. 11,53,663	(Profit)
1961-62	..	Rs. 14,96,436	(Profit)
1962-63	..	Rs. 1,81,629	(Profit)
1963-64	..	Rs. 61,62,958	(Loss)

(b) As regards Calcutta State Transport Corporation, loss in 1963-64 is mainly due to—

(1) heavy increase in operating costs due to—

(i) large increase in Central duty on diesel, lubricants, tyres and spare parts, etc., levied from that year which amounted to Rs. 25 lakhs;

(ii) increase in State motor vehicles tax levied from that year amounting to Rs. 8 lakhs;

(iii) increase provision for depreciation amounting to Rs. 7.87 lakhs;

(iv) normal increase in pay and allowances amounting to Rs. 15 lakhs;

(2) somewhat less collection of passenger fares on account of communal disturbances during January, 1964, for nearly one month,—Rs. 8.5 lakhs.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: The Hon'ble Minister has given details for the loss in 1963-64. May I ask, what is the reason for the huge fall in profit in 1962-63?

The Hon'ble Saila Kumar Mukherjee: This was because of the levy of taxes which came into effect that year—at least some portion of it. Therefore it was reduced to that amount.

শ্রীজ্যোতি বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে '৬২ সাল থেকে তুলে ধরে উনি লস্ দেখালেন, বলেছেন প্রথমে ১ লক্ষ টাকা প্রফিট হয়েছিল কিন্তু তার পরে ৬১ লক্ষ টাকা লস হয়ে গেল। কিন্তু কারণ থাকা সত্ত্বেও প্রাইভেট বাসের কোন লস হয় না বরং তাদের ১৪ পার্সেন্ট লাভই হয়?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: জানি এবং হতে পারে। কোন প্রাইভেট বাস কোন জায়গায় আমি জানিনা ৮৮০টি বাসের ইউনিট নিয়ে চালায়। যারা একটি কি দুটি বাস নিয়ে চালায় তাদের সঙ্গে কমপেয়ার করলে দেখবেন অনেক তফাত আছে।

শ্রীজ্যোতি বসু: মন্ত্রিমহাশয় ব্যবসা বাণিজ্য নিজে করেছেন আমার থেকে ভাল জানেন, তবে আমরা জানি যে বড় কোম্পানী হলে, লার্জার এ্যাডমিনিস্ট্রেশনে প্রফিট বেশী দেখান যায়। বরং ছোট ছোট বিজনেস যারা করে তাদের প্রফিট কম হয়?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মানি। কিন্তু একটি প্রাইভেট বাসের কর্মচারীকে যে মাইনে দেয় আর স্টেট বাসের কর্মচারী যে মাইনে পায় তার সঙ্গে যদি তুলনা করেন তাহলে দেখবেন যে সরকারী বাসের কর্মচারীরা যে মাইনে পায় প্রাইভেট বাসে তার ৫০ পার্সেন্টও দেয় না।

শ্রীজ্যোতি বসু: মন্ত্রিমহাশয়ের কি জানা আছে যে '৬২ সালের পর পশ্চিমবঙ্গের অনেক রুটে ভাড়া বৃদ্ধি হয়েছে, স্টেট বাসের তাঁরা ভাড়া বৃদ্ধি করেছেন বাংলাদেশের বিভিন্ন রুটে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: ভাড়া বৃদ্ধি শুধু একবারই হয়েছে ২৯শে মে ১৯৬৪ সালে—মাত্র ১ পয়সা ভাড়া বৃদ্ধি হয়েছে।

শ্রীজ্যোতি বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এই বৎসরে যে ভাড়া বৃদ্ধি হয়েছে তার আগে অনেকগুলি রুটে বাংলাদেশে এইরকমভাবে এক পয়সা করে ভাড়া বৃদ্ধি করা হয়েছে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: স্টেট বাসে হয়েছে বলে আমার জানা নেই।

[1-40—1-50 p.m.]

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: কিন্তু এই অবস্থায় নর্থবেঙ্গল-এ তাঁরা প্রফিট করেছেন।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: নিশ্চয় করেছে, তাঁরা আরম্ভ করেছেন।

শ্রীজীবনকৃষ্ণ দে: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কত বছর চালু হয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এটার উত্তর আমি সঠিকভাবে এখনি দিতে পারব না।

শ্রীনিখিল দাস: এর আগে মন্ত্রিমহাশয় জানালেন ভাড়া বাড়েনি, কিন্তু যখন আমাদের দেশে নয়া পয়সা হল তখন তো রেট বেড়েছে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: নয়া পয়সার কনভারশান করতে গিয়ে ১ নয়া পয়সা করে বেড়েছে।

শ্রীনিখিল দাস: ১৯৬০।৬১ সালে ৯ মাসে যে লাভ হল ১৯৬১।৬২ সালে ১২ মাসে তার চেয়ে কম হল?

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ কোথায়? ——না, ১৯৬০।৬১ সালে ৯ মাসে ১১ লক্ষ ৫৩ হাজার আর ১৯৬১।৬২ সালে ১২ মাসে ১৪ লক্ষ ৯৬ হাজার।

শ্রীনিখিল দাসঃ দেখা যাচ্ছে স্টেট বাস-এর সংখ্যা যত বাড়ছে লসও তত বাড়ছে, এটার অর্থ কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ লস কয়েকবার হয়েছে। ১৯৬৩।৬৪ সালে স্টেট ট্রান্স-পোর্ট অর্গানাইজেসন-এর ঘাড়ে অপ্রত্যাশিতভাবে কতগুলি নতুন খরচ পড়ে, তাই তাঁরা তখন ভাড়া বৃদ্ধি করে দেখতে চেয়েছিলেন এর এফেক্ট কিরকম হয়। গভর্নমেন্ট তখন এই প্রস্তাব অনুমোদন করেননি। তারপর ১ নয়া পয়সা করে বাড়াবার অনুমতি দেওয়া হয়েছে যাতে লস রিকুপ করা যায়।

শ্রীনিখিল দাসঃ স্টেট বাস-এ বিজ্ঞাপন দেওয়া হয় তাতে কি আয় হয় এবং তা কি কনট্রাক্টর-এর মাধ্যমে দেওয়া হয়?

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ বিজ্ঞাপন থেকে মিসলেনিয়াস খাতে, অর্থাৎ আদার সোর্স-এ ১৮ লক্ষ টাকা আয় হয়। কোন কনট্রাকটর মাধ্যমে দেওয়া হয় কিনা আমি বলতে পারি না, এনকোয়ারী করে বলতে পারব।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয় বল্লেন কমিউন্যাল ডিস্টারব্যান্স-এর জন্য পার্টস-এর দাম বেড়ে যায় এবং প্রাইভেট বাস-এর কর্মচারীদের মাইনে থেকে স্টেট বাস-এর কর্মচারীদের মাইনে বেশি দেওয়া হয়। আমি বলতে চাই, পার্টস-এর দাম যদি বেড়ে থাকে তাহলে সকলের জন্যই বেড়েছে, তাহলে মাইনে আপনারা বেশি দেন বলেই লস হচ্ছে এই কথাই কি আপনি বলতে চান?

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ লস-এর ৭টা কারণ আমি বলেছি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আমার প্রশ্ন হচ্ছে কর্মচারীদের মাইনে বেশী দেওয়া হয় বলেই লস হচ্ছে এটা উনি বলতে চান কিনা।

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ স্টেট বাস-এ ১৩ হাজার কর্মচারী। আমরা সকলেই চাই লস যাতে না হয়।

শ্রীমতী শান্তি দাসঃ ডাবল ডেকার বাস-এ যে লেডিজ সিটগুলি ছিল সেই সিটগুলি উঠিয়ে দেওয়া এই লস-এর অন্যতম কারণ, এই কথা মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করবেন কিনা, কারণ আমি যতদূর জানি পার সিট-এর জন্য নাকি গভর্নমেন্টকে ট্যাক্স দিতে হয়।

দি অনারেবল শৈলকুমার মুখার্জীঃ লেডিজ সিট উঠিয়ে দেওয়া হয়েছে আমি জানি না। তবে এটা থেকে ক্ষতি হলেও সেটা যৎসামান্য, সেটা এই বিপুল ক্ষতির কারণ হতে পারে না।

শ্রীহেমন্তকুমার বসুঃ এই যে ক্রমাগত লস বেড়ে যাচ্ছে এর মধ্যে অপচয় আছে কিনা অনুসন্ধান করবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: প্রথমতঃ আমি এই "ক্রমাগত লস" কথাটাই স্বীকার করি না। এইরকম একটা বিরাট সংস্থায় অপচয়ের স্কোপ আছে, সেটা বন্ধ করার জন্য কর্তৃপক্ষ নানারকম ব্যবস্থা অবলম্বন করছেন।

শ্রীনিখিল দাস: মন্ত্রিমহাশয় বল্লেন বেসরকারী বাসে মাইনে কম দেওয়া হয়। তিনি কি জানেন না মিনিমাম ওয়েজেস অ্যাক্ট যা আছে মাইনে কম দেওয়ার উপায় নাই?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এখনো পর্যন্ত সবাই মিনিমাম ওয়েজেস অ্যাক্ট অনুযায়ী মাইনে দেবার ব্যবস্থা করেছেন বলে মনে হয় না।

শ্রীনিখিল দাস: যার একটা বাসও আছে তাকেও দিতে হয়, তা না হলে প্রসিকিউসন-এ পড়ে যাবে।

No reply.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয় কি এটা জানেন যে স্টেট ট্রান্সপোর্ট-এর উপরতলা বাংলিং এবং মিসম্যানেজমেন্ট-এর জন্যই এই লোকসান হচ্ছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এটা বড় জেনারেল কোশ্চেন হয়ে গেল। যাই হোক, উপরতলায় গত কয়েক মাসে অনেক পরিবর্তন হয়ে গিয়েছে।

Shri Lakshmi Ranjan Josse: The Hon'ble Minister said that during the year 1963-64 the State Transport Corporation incurred a heavy loss due to so many reasons. What is the picture of the profit and loss during the five months of this year, i.e., 1964.

The Hon'ble Saila Kumar Mukherjee: This year has just commenced—it has run for only four months—and therefore I cannot give you the entire picture of this year unless it is completed.

শ্রীজ্যোতি বসু: আমাদের ধারণা ছিল বৃহৎ সংগঠন হলে প্রফিট বাড়ে, কিন্তু তিনি বল্লেন, ৭টা কারণের মধ্যে একটা কারণ হচ্ছে বৃহৎ সংগঠন, তাই নাকি ক্ষতি হচ্ছে। তাই যদি হয়ে থাকে তাহলে কি তিনি চিন্তা করছেন এই বৃহৎ সংগঠন ভেঙ্গে ২।৩টা সংগঠন তৈরী করার কথা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: বৃহৎ সংগঠনের জন্য লস হচ্ছে আমি বলিনি। আমি বলেছি প্রাইভেট বাস-এর সঙ্গে তুলনা চলে না।

[1-50—2 p.m.]

শ্রীজ্যোতি বসু: আমি বুঝলাম না কেন চলে না। একটি লোককে যদি একটি বাস চালাতে হয় তাহলে তাকে ডিজেল, পেট্রোল, পার্টস, বাস্ প্রভৃতি কিনতে হয় এবং ট্যাক্স দিতে হয়, ইন্সিওর করতে হয়। আর এখানে একমাত্র কথা হচ্ছে অফিসার রাখতে হয়, কেরাণী রাখতে হয়। তাহলে আমি বুঝতে পারছি না মাইনে ছাড়া স্টেট বাস-এ যা কিছু হয় এ'দের উপরেও যখন সেটা এফেকটেড হচ্ছে তখন আপনাদের কেন লাভ হবে না? আপনি বললেন বৃহৎ হওয়া একটি কারণ এবং এ'রা ছোট বলে লাভ দেখায়।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: বৃহৎ হওয়া একটি কারণ বলিনি, আমি ছোটোর সঙ্গে তুলনা করেছিলাম। এ্যানালজি ইজ নট কমপ্লিট।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, নিজস্ব কারখানা থাকা সত্বেও যখন তখন বহু সংখ্যক বাস ব্রেক ডাউন হয় কেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এখন প্রফিট নিয়ে কথা হচ্ছে কাজেই অন্য কিছু জিজ্ঞাসা করলে এখন বলা সম্ভব নয়।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: নিজস্ব কারখানা থাকা সত্ত্বেও ব্রেক ডাউন হবার জন্য এই যে লোকসান হচ্ছে তার কারণ বলবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: আমরা ব্রেক ডাউন বন্ধ করবার জন্য যথেষ্ট বন্দোবস্ত করেছি এবং বিগত তিন মাসের মধ্যে ব্রেক ডাউনের সংখ্যা কমেছে।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে প্রগ্রেসিভ লস হচ্ছে এই বিরাট অংকের লস বন্ধ করবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: প্রথম কথা হচ্ছে প্রগ্রেসিভ লস আমি স্বীকার করতে রাজী নই। ১ বছরের অর্থাৎ ১৯৬৩/৬৪ সালের লস দেখিয়েছি—ইট ইজ নট প্রগ্রেসিভ এবং তার কারণ বলেছি। বাকী ৬৫ লক্ষ টাকা যে কর ভার পড়েছে তাতে এবারে অবস্থার উন্নতি করবার জন্য ১ নয়া পয়সা ভাড়া বৃদ্ধি করেছি এবং তাতে করে ৫০ লক্ষ টাকা উঠবে। তাহলে আর বাকী রইল ১৫ লক্ষ টাকা। তারপর, স্টেট ট্রান্সপোর্ট অনেক বিষয় ব্যবস্থা অবলম্বন করেছে, যেমন, তাদের বিরাট গ্যারেজে যে রিপেয়ার হয় এবং কর্মীরা যে রিপেয়ার করে তাতে প্রফিট বৃদ্ধির ব্যবস্থা হয়েছে এবং ব্রেক ডাউন অবস্থার উন্নতি করবার জন্য তৎপর রাখা হয়েছে। তারপর, এ্যাবসেনটিজম অব ড্রাইভার্স। ধরুন, আজকে ৫০০ খানা বাস চলবে, কিন্তু দেখা গেল ৮০টি বাস-এর ড্রাইভার, কনডাকটর উপস্থিত হয়নি। এই এ্যাবসেনটিজম-এর জন্য লস হচ্ছে। তবে প্রশাসনিক ব্যবস্থার নানা দিকে উন্নতি হয়েছে এবং আশাকরি এ বছর লস অনেকাংশে পূরণ হবে। সমস্ত ডিটেলস আমি এখন বলতে পারছি না।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানেন যে, যে সমস্ত ফ্যাক্টরীতে স্পেয়ার পার্টস এ্যাকসেসরিস্ রয়েছে সেই এ্যাকসেসরিস্-এ একটা প্রাইভেট কনসার্ন-এ যে পরিমাণ ব্যয় হয় সেখানে আনুপাতিক হারে স্টেট ট্রান্সপোর্টে বেশী ব্যয় হয়?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এটা আমি ঠিক জানিনা। তবে স্টেট ট্রান্সপোর্টে স্পেয়ার পার্টস্-এর অভাব হচ্ছে এবং আমরা ফরেন একচেঞ্জ ছাড়া স্পেয়ার পার্টস্ পাই না। গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া থেকে আমরা পার্মিসন পাইনি এবং তার ফলে স্পেয়ার পার্টস্-এর অভাবে আমাদের অসুবিধা হচ্ছে।

শ্রীঅবনীকুমার বসু: মিস্ইউস্ হচ্ছে কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মিস্ইউস্ বলতে পারি না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি এটা অনুসন্ধান করে দেখেছেন যে, এক একটা প্রাইভেট বাস বছরে খরচা বাদ দিয়ে কত টাকা লাভ করে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: আমি মাননীয় জ্যোতিবাবুর প্রশ্নোত্তরে বলেছি যে সেই তুলনা হতে পারে না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: কত টাকা লাভ করে এটা অনুসন্ধান করেছেন কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: বাংলাদেশে ৩ হাজার প্রাইভেট বাস আছে, তাদের লাভ লোকসান অনুসন্ধান করবার আইনগত অধিকার আমাদের নেই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: যে সমস্ত নূতন ডিপো এবং গ্যারেজ হয়েছে সেগুলি চাক্ষুস দেখাবার জন্য ব্যবস্থা করবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: অত্যন্ত আনন্দসহকারে আপনাদের দেখাব।

শ্রীহেমন্তকুমার বসু: মন্ত্রিমহাশয় ১ নয়া পয়সা ভাড়া বৃদ্ধির কথা যা বললেন তাতে এমপ্লয়ীসদের মাইনে কি কিছু বাড়বে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: ৫ লক্ষ টাকা করে বছরে এমপ্লয়ীসদের মাইনে বাড়বে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মন্ত্রিমহাশয়ের উত্তর থেকে বুঝলাম উত্তরটা এ্যামেচারিস, এ্যামেচারিস বলছি এই কারণে, কারণগুলো উনি যা দেখালেন সেগুলি অরডিন্যারি নয়, এ্যাপারেন্ট নয়। আমার প্রশ্ন হচ্ছে এই যে লস হচ্ছে তারজন্য যথা শীঘ্র সম্ভব একটি করেক্ট কস্টিং, কস্ট এ্যাকাউন্টিং পিকচার এ্যাসেম্বলীর সামনে উপস্থিত করতে রাজী আছেন কিনা? অর্থাৎ ওভারহেড সম্পর্কে, স্পেয়ার্স সম্পর্কে, এ্যাবসেন্স সম্পর্কে এবং অন্যান্য সমস্তগুলি সম্পর্কে একটা করেক্ট কস্ট এ্যাকাউন্টিং পিকচার এ্যাসেম্বলীর সামনে পেশ করতে প্রস্তুত আছেন কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: শুধু রাজী আছি নয়, দিতে বাধ্য, ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের অডিটেড এ্যাকাউন্টস হাউসের সামনে প্লেসড হয় এবং নিয়মিতভাবে।

Financial stringency in big colleges of Calcutta

***289.** (Admitted question No. *1054.)

শ্রীগৌরচন্দ্র কুন্ডু: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতার বড় বড় কলেজগুলির কর্তৃপক্ষ অর্থাভাবে কলেজগুলি বন্ধ করিবার সিদ্ধান্ত করিয়া সম্প্রতি সরকারকে জানাইয়াছেন;

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) কলিকাতার কোন কোন কলেজকে আর্থিক সংকট দূর করিবার জন্য এই বৎসর "ম্যাচিং গ্রান্ট" মঞ্জুর করা হইয়াছে; এবং

(ঘ) ক্রমবর্ধমান ছাত্র ভর্তি সমস্যা সমাধানের দিকে লক্ষ্য রাখিয়া কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে নূতন কলেজ স্থাপন ও বিভিন্ন কলেজে শীফ্‌ট্ সিস্টেম চালু করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) এই বৎসর কলিকাতার যে সকল বড় কলেজকে আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে তাহাদের নাম—

(১) আশুতোষ কলেজ।

(২) সিটি কলেজ।

(৩) যোগমায়া দেবী কলেজ।

(৪) বিদ্যাসাগর কলেজ।

(৫) সুরেন্দ্রনাথ কলেজ।

(৬) মহারাজা মনীন্দ্রচন্দ্র কলেজ।

তাহা ব্যতীত কলিকাতার অন্যান্য যে সব কলেজকে অর্থ সাহায্য করা হইয়াছে তাহাদের নাম—

(১) আনন্দমোহন কলেজ।

(২) সিটি কলেজ অফ কমার্স এণ্ড বিজিনেস এড্‌মিনিস্ট্রেশন।

(৩) দেশবন্ধু কলেজ ফর গার্লস।

(৪) গোখেল মেমোরিয়েল গার্লস কলেজ।

(৫) হেরম্বচন্দ্র কলেজ।

(৬) প্রফুল্লচন্দ্র কলেজ।

(৭) রামমোহন কলেজ।

(৮) শ্রী শিক্ষায়তন (কলেজ)।

(৯) শিবনাথ শাস্ত্রী কলেজ।

(১০) সাউথ কলিকাতা গার্লস কলেজ।

(১১) সেণ্ট জেভিয়ার্স কলেজ।

(১২) বিদ্যাসাগর কলেজ ফর উইমেন।

(১৩) বিদ্যাসাগর ইভিনিং কলেজ।

(১৪) উইমেন খৃষ্টান কলেজ।

(১৫) উইমেন কলেজ।

(ঘ) এই অঞ্চলে নূতন কলেজ, পলিটেকনিক ও অন্যান্য টেক্‌নিক্যাল প্রতিষ্ঠান সরকারী ও বেসরকারী উদ্যোগে স্থাপিত হইতেছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: এই যে উনি বললেন সাহায্য করা হয়েছে, এই সাহায্যের অঙ্ক কত?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: সমস্ত আমার টোটাল করা নেই, ১৯৬৪ সালের গোড়া থেকে বড় কলেজগুলিকে গভর্নমেণ্ট মোট টাকা দিয়েছে যেটা সেটা বলতে পারি—আশুতোষ কলেজ—১,৬০,৩৫২, যোগমায়া কলেজ—১৬,০০০, বিদ্যাসাগর কলেজ—৩,২২,১৯১, সুরেন্দ্রনাথ কলেজ—৪০,০০০, সিটি কলেজ—১,৪০,০০০।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: এই যে বললেন ছাত্র ভর্তি সমাধানের জন্য কলকাতার পার্শ্ববর্তী অঞ্চলে টেক্‌নিকেল কলেজ স্থাপনের ব্যবস্থা করা হবে, আমি প্রশ্ন করেছিলাম মর্ণিং শিফ্‌ট প্রথা চালু করেছেন কোন কোন কলেজে এবং টেক্‌নিকেল কলেজ যা করতে যাচ্ছেন তা কোন সালের মধ্যে করার সম্ভাবনা কাইণ্ডলী জানাবেন কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: আমি বলেছি স্থাপিত হচ্ছে সরকারী এবং বেসরকারী প্রচেষ্টায়।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ কোথায় স্থাপন করা হবে এবং কে স্থাপন করবে, কখন সেটা স্থাপন করা হবে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ কখন স্থাপন করা হবে, ভবিষ্যতের কথা বলতে পারি না, যা যা স্থাপিত হয়েছে সে সম্বন্ধে কিছু কিছু বলতে পারি।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ কোথায় কোথায় হয়েছে?

[2-2-10 p.m.]

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমি আপনাকে বলতে পারি সিনস পার্টিসন ৮১টা স্পনসর্ড কলেজ হয়েছে, ১৮টা নন-গভর্নমেণ্ট কলেজ হয়েছে। আর ২৪-পরগণায় ২টা গভর্নমেণ্ট কলেজ, ১২টা স্পনসর্ড কলেজ, ১৩টা নন-গভর্নমেণ্ট কলেজ হয়েছে। হাওড়ায় ১টা নন-গভর্নমেণ্ট কলেজ হয়েছে।

ডঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গণি ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন শ্রীশিক্ষায়তন কলেজে ম্যাচিং গ্রাণ্ট কত দেওয়া হয়েছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ
প্রথম কথা হচ্ছে ম্যাচিং গ্রাণ্টের প্রকার ভেদ আছে। আপনাদের বলতে পারি ইমপ্রুভমেন্ট অফ টিচার্স স্যালারী সেটা আমরা যেমন দিয়ে দিচ্ছি সেটা এর মধ্যে বলা নেই। সেকেন্ড প্ল্যান পিরিয়ডে যে যে কলেজ এসট্যাবলিসড হয়েছে তাদের সকলকেই সেটা দিয়ে যাচ্ছি, হয়ত এবার ৬ মাস দেওয়া হয়নি, সেটা পূজার আগে দিয়ে দিচ্ছি। আর একটা হচ্ছে থ্রি-ইয়ার ডিগ্রী কোর্স করার জন্য ইউ জি সি যে স্পেশাল গ্রাণ্ট দিয়েছেন সেটায় আমরা ম্যাচিং গ্রাণ্ট দিয়েছি, সেটা সম্বন্ধে বলতে পারি শ্রীশিক্ষায়তন কলেজে দেওয়া হয়েছে ৩ হাজার ৫ শো ১১ টাকা ৬৬ পয়সা।

Mr. Speaker: Admitted question No. 1546 is held over.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Upanchaki Complete Basic School

***107.** (Admitted question No. *709.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উপঞ্চকী কমপ্লিট বেসিক স্কুলের (কোচবিহার জেলা) চেয়ার, টেবিল, বেঞ্চ প্রভৃতি আসবাবপত্র নাই, এমনকি ঘরের বেড়া ও ছাদের কিয়দংশও নাই; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, গত কয় বৎসর ধরিয়া সংস্কারের অভাবে বিদ্যালয় ভবনটির এই অবস্থা চলিতেছে?

দি মিনিস্টার ফর এডুকেশনঃ (ক) হ্যাঁ, উপন চৌকী কমপ্লিট বেসিক স্কুলের বেঞ্চ, টেবিল, চেয়ার পুরাতন বিধায় কিছু কিছু ভগ্ন অবস্থায় আছে এবং ঘরের বেড়া এবং ছাদের কিয়দংশ জীর্ণ হইয়া গিয়াছে।

(খ) প্রায় দেড় বৎসর যাবত।

Final payment of Deficit grants to the High and Higher Secondary Schools

***108.** (Admitted question No. *1047.) (The question was not asked).

Circular of the Nadia District School Board regarding purchase of the Janasevak

*290. (Admitted question No. *1081.)

শ্রীকানাই পাল: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলা স্কুল বোর্ডের সেক্রেটারী গত ১৪ই জুলাই, ১৯৬৫ তারিখে নদীয়া জেলার সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের নিকট "জনসেবক" বাধ্যতামূলকভাবে ক্রয় করার জন্য নির্দেশ দিয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এইরূপ নির্দেশ দিবার কারণ কি; এবং

(২) ঐ পত্রিকা কিনিবার খরচ বহন করিবার জন্য স্কুলগুলিকে কোন অতিরিক্ত অর্থ সাহায্য করা হইবে কিনা?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) না। মাত্র ৯২টি নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট এরূপ নির্দেশ দিয়াছেন।

(খ) (১) নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের দৈনিক কার্যক্রমের অন্তর্গত একটি কাজ ছাত্র বা ছাত্র গোষ্ঠী দৈনিক প্রধান প্রধান সংবাদগুলি সংক্ষিপ্ত আকারে একটি বোর্ডে লিখিয়া রাখে এবং বিদ্যালয়ের সাধারণ সম্মেলনে ঐগুলি আলোচিত হয়। সুতরাং প্রত্যেক বুনিয়াদী বিদ্যালয়ে একটি দৈনিক সংবাদপত্রের প্রয়োজন হয়।

(খ) (২) এইজন্য কোনও অতিরিক্ত অর্থ সাহায্যের প্রয়োজন নাই। কারণ বুনিয়াদী বিদ্যালয়ের কন্টিজেন্সী হইতে এই ব্যয় সংকুলান হইতে পারে।

Assets of the Ministers

*333. (Admitted question No. *975.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারীদের সম্পত্তির তালিকা সরকারের নিকট পেশ করিবার যে সরকারী আদেশ আছে, মন্ত্রীদের ও রাষ্ট্র মন্ত্রীদের ক্ষেত্রে অনুরূপ আদেশ আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তবে মন্ত্রীদের ও রাষ্ট্র মন্ত্রীদের ক্ষেত্রে অনুরূপ আদেশ চালু করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

দি মিনিস্টার ফর ফিনান্স: (ক) না।

(খ) না

Pensions to political sufferers

*334. (Admitted question No. *1084.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether in view of the extreme distressed condition and unemployed position of the former freedom fighters of West Bengal the Government is considering the question of new sanction of monthly pension including commuted cases; and

(b) whether in view of the ever-rising cost of living, the Government considers the desirability of increasing the existing amount of pensions to some of the specially deserving political sufferers like those who are blind and suffering from T.B.?

The Minister for Finance: (a) Yes; under the scheme of granting financial assistance to political sufferers.

(b) Yes; on the merits of each individual case.

Ramkrishna B. T. College, Darjeeling

***335.** (Admitted question No. *1117.) **Shri Deo Prakash Rai:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department pleased to state—

(a) whether the Ram Krishna B. T. College at Darjeeling has been running its classes without any principal for more than a year;

(b) if so, the reason therefor;

(c) whether the administration of the said College has been taken over by the District Magistrate, Darjeeling, recently; and

(d) if the answer to (c) above be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the circumstances that warranted such action?

The Minister for Education: (a) No.

(b) Does not arise.

(c) Pending appointment of a Principal and with a view to avoiding dislocation the Dy. Commissioner, Darjeeling who is the ex-officio President of the Governing Body of the College had asked the S.D.O. to take over charge of the Office of the Principal of the College as a Stop-gap measure. Government has since sent an Officer of the Education Department on deputation to act as Principal.

(d) On administrative ground in the interest of the College.

Money allotted for the education of Scheduled Castes and Tribes Students

***336.** (Admitted question No. *1132.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what amount was allotted for the advancement of education of Scheduled Castes and Tribes students for the year 1963-64.

(b) whether the amount has been fully utilised for the abovementioned students; and

(c) if not, the reasons therefor?

The Minister for Education: (a) The grants allotted from the Education Department are:—

		Rs.
Grants to High Schools	...	6,19,370
Grants to Junior Schools	...	1,00,080
Scholarship and Book Grants	...	3,19,780
Total		10,39,230

Over and above this the Tribal Welfare Department sanctions grants for the advancement of students of Scheduled Caste and Scheduled Tribe communities through the District Magistrates. The amounts of these grants are not included in the figures mentioned above.

(b) Yes.

(c) Does not arise.

Bajkul Milani Vidyalaya

***337.** (Admitted question No. *1240.)

শ্রীসুধীরচন্দ্র দাস: গত ১০ই অগাস্ট, ১৯৬৪ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ৮৪৩নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাজকুল মিলনী বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন অনুসারে ডি পি আই-এর মাধ্যমে সরকার কর্তৃক পরিচালিত কলেজ (স্পনসর্ড কলেজ)-রূপে মঞ্জুরী লাভের জন্য দরখাস্ত করিয়াছিলেন কিনা;

(খ) উত্তর "না" হইলে, ঐ কলেজ কিভাবে মঞ্জুরী লাভ করিয়াছে; এবং

(গ) বর্তমান ঐ কলেজ পরিচালকমণ্ডলীর প্রেসিডেন্ট কে এবং তাঁহার নামে কোন্ কোন্ ব্যাংকে ঐ কলেজের কত টাকা জমা আছে?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) ও (খ) স্পনসর্ড কলেজ রূপে গণ্য হইবার পূর্বে কলেজ সংগঠন কমিটি সরাসরি বিশ্ববিদ্যালয়ের নিকট দরখাস্ত করিয়াছিলেন এবং বিশ্ববিদ্যালয়ের এফিলিয়েশন পাইয়াছিল।

(গ) কলেজের পরিচালকমণ্ডলী এখনও গঠিত হয় নাই।

Admission of students in Jalpaiguri Engineering College

***338.** (Admitted question No. *1257.)

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজে ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত উত্তর বাংলায় কতগুলি ছাত্র ভর্তি করা হইয়াছে;

(খ) উক্ত ইঞ্জিনীয়ারিং কলেজের সিলেকশন কমিটির মেম্বারদের নাম কি; এবং

(গ) কিসের ভিত্তিতে এই সিলেকশন কমিটি গঠন করা হয়?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) ১৯৬২—৭৭ (সাতাত্তর); ১৯৬৩—৬৮ (আটষট্টি); ১৯৬৪—৫৭ (সাতান্ন)।

(খ) শ্রীধীরেন্দ্রচন্দ্র ঘোষ, জলপাইগুড়ি। শ্রীসত্যেন্দ্রপ্রসন্ন রায়, এম পি, জলপাইগুড়ি। শ্রীঅতুলচন্দ্র রায়, অধ্যক্ষ, বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজ, হাওড়া। শ্রীনরেশচন্দ্র বোস, অধ্যক্ষ, জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ, জলপাইগুড়ি।

(গ) কলেজ পরিচালকমণ্ডলীর নির্দেশে এই সিলেকশন কমিটি গঠিত হয়।

Pay scales of Government and Non-Government School teachers

***339.** (Admitted question No. *1327.)

শ্রী[illegible] অধিকারী: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার-পরিচালিত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির সংখ্যা কত;

(খ) ঐ বিদ্যালয়সমূহের শিক্ষকগণের জন্য কি আলাদা পে স্কেল নির্ধারিত আছে অথবা নন-গভর্নমেন্ট বিদ্যালয়গুলির শিক্ষকগণের সমান শিক্ষাগত যোগ্যতা একই ধরনের পে স্কেল আছে; এবং

(গ) যদি ভিন্নপ্রকারের পে স্কেল চালু থাকে তবে এই ডিসক্রিমিনেশন-এর কারণ কি?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) উচ্চ মাধ্যমিক স্কুল—৩২; মাধ্যমিক স্কুল—১।

(খ) সরকার পরিচালিত বিদ্যালয়সমূহের শিক্ষকগণের জন্য আলাদা পে-স্কেল আছে।

(গ) ডিসক্রিমিনেশন-এর প্রশ্ন উঠে না। ভিন্ন প্রকারের পে-স্কেল থাকিবার কারণ উভয়ক্ষেত্রে নিয়োগ ব্যবস্থা ও সার্ভিস কন্ডিশন-এর বিভিন্নতা।

Special allowance for basic-trained Headmasters

***340.** (Admitted question No. *1363.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বুনিয়াদি শিক্ষণ-প্রাপ্ত শিক্ষক অ-বুনিয়াদি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হইলে তাঁহাকে প্রধান শিক্ষক ভাতা দিবার ব্যবস্থা আছে কিনা;

(খ) যদি ব্যবস্থা না থাকে তাহা হইলে কারণ কি?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) উক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষক প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হইলে তিনি মাসিক পাঁচ টাকা (৫) হারে বিশেষ বেতন (স্পেশাল পে) পাইতে পারেন।

(খ) প্রশ্ন উঠে না।

Rabindra Sadan, Suri

***341.** (Admitted question No. *1369.)

শ্রীরাধাকৃষ্ণ সিংহ এবং শ্রী[illegible] রায়: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সিউড়িতে রবীন্দ্রসদন তৈয়ারীর কার্য শুরু হইয়াছে কি;

(খ) শুরু হইয়া থাকিলে, উক্ত স্থানের দাগ, মৌজা এবং জে এল নং কত; এবং

(গ) উক্ত জমির দাতা কে বা কাহারা?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) হ্যাঁ। বীরভূম জেলার সিউড়ীতে রবীন্দ্র সদন তৈয়ারীর কার্য্য প্রায় সমাধা হইয়া আসিয়াছে।

(খ) উক্ত স্থানের দাগ নং ১৯৪৩, মৌজা আনন্দপুর এবং জে এল নং ১০৩।

(গ) বীরভূম জেলা স্পোর্টস অ্যাসোসিয়েশন।

Special Cadre teachers

*342. (Admitted question No. *1379.) **Shri Gour Chandra Kundu:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many special cadre teachers are now serving at different Junior High, High and Higher Secondary Schools in West Bengal;

(b) under whom they are serving and under whom their monthly pay is drawn;

(c) whether it is a fact that these special cadre teachers are not getting their monthly pay as per pay fixation in 1961 since March, 1964;

(d) whether it is a fact that they are getting only Rs. 80.00 per month and that they are not getting D.A. though other category of teachers in the same schools are getting D.A.; and

(e) if the answers to (c) and (d) be in the affirmative, whether the Government consider the desirability of treating these teachers at par with other teachers in respect of pay scales and other benefits?

The Minister for Education: (a) 1,317.

(b) They are serving under the Managing Committees and their monthly pay is drawn by the Managing Committees of the respective schools which appointed them.

(c) and (d) The original basic salary of the Special Cadre teachers is being paid regularly every month as Rs. 80.00 per month and Rs. 105.00 per month to Intermediate passed and graduate teachers respectively.

The increased salary, being the difference of the original pay and the revised pay as sanctioned with effect from 1st April, 1961, is paid separately from a differeent Budget head, not on monthly basis but in two six-monthly instalments every year, the first instalment being paid in September and the second one in March. Steps have already been taken to make payment of the 1st instalment for the current financial year in the September, 1964.

Regarding D.A. recently sanctioned, steps are being taken for payment of it to the Special Cadre Teachers along with other normal cadre teachers.

(e) Does not arise.

Facilities for Honours Courses students of North Bengal Colleges for further studies

*343. (Admitted question No. *1407.) **Shri Barendra Krishna Bhowmik:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that a number of colleges in North Bengal have Honours Courses of study in Bengali, History and Philosophy in their Degree classes;

(b) if the answer to (a) be in the affirmative, whether the students of these colleges after passing the Honours examinations in those subjects get facilities for further studies in these subjects in North Bengal University; and

(c) if the answer to (b) be in the negative, what steps the Government propose to take to arrange for their admission in other Universities?

The Minister for Education: (a) The following Colleges in North Bengal are affiliated in subjects noted against each:—

(1) Victoria College, Cooch Behar—Philosophy.

(2) Darjeeling Government College—History, Bengali and Phillsophy.

(3) A. C. College, Jalpaiguri—Philosophy.

(4) Balurghat College—History.

(b) Not at present.

(c) Honours Graduates coming from North Bengal Colleges are eligible for admission in other Universities in the State provided seats are available. They will have to compete on equal terms with other candidates.

Over-crowding in buses and trams in Calcutta

***344.** (Admitted question No. *1466.) **Shri Aswini Roy:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the Government have any information of the over crowding of passengers in buses and trams in Calcutta?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether the Government have any scheme to introduce additional services of buses on all the routes in Calcutta; and

(ii) what steps, if any, Government propose to take or has so far taken to solve this problem of over-crowding in buses and trams?

The Minister for Home (Transport): (a) Yes.

(b) (i) Calcuta State Transport Corporation intend to place more buses on most routes in the near future.

(ii) A list showing the steps have so far been taken and are proposed to be taken to solve the problem of over-crowding in buses and trams is annexed.

Statement referred to in clause (b)(ii) of starred question No 344

1. Routes and frequencies of tram cars have been modified and new routes introduced in order to adjust frequency of service to suit traffic demands.

2. Interior of first class saloons and old style tram cars have been altered and rebuilt to accommodate more passengers.

3. Six more cars operating at Howrah have been transferred to Calcutta and six trailor units built so that they may operate as twin 2nd class unit.

4. The Calcutta Tramways Co. have a scheme to introduce over 40 new articulated double unit trams into service.

5. Additional 225 buses will be on road in the coming 12 months. The total buses on hand will be 1,112 as against 887 in course of one year.

6. The proposal for staggering of office hours is also under consideration of Government to minimise over-crowding in office peak hours.

7. The whole aspect of surface transportation is being studied by Calcutta Metropolitan Planning Organisation. It is the opinion of experts that surface transportation has almost reached the limit. In addition to increasing the number of buses and trams Government are considering the feasibility of a mass transit system for Calcutta including elevated and underground system.

District Inspectress of Schools for Bankura, Midnapore and Howrah districts

***345.** (Admitted question No. *1509.)

শ্রীমতী সুধারাণী দত্ত: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া, মেদিনীপুর এবং হাওড়া জেলার মাধ্যমিক বালিকা বিদ্যালয়গুলির জন্য একজন মাত্র ডিস্ট্রিক্ট ইন্সপেকট্রেস আছেন;

(খ) সত্য হইলে, এই তিন জেলার জন্য পৃথক পৃথক ডিস্ট্রিক্ট ইন্সপেকট্রেস নিয়োগ করার কোনও পরিকল্পনা আছে কিনা;

(গ) স্কুল পরিদর্শন করিবার জন্য উক্ত ইন্সপেকট্রেসকে কোনও গাড়ি দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি না হইয়া থাকে তবে গাড়ি দিবার কোনও পরিকল্পনা আছে কিনা?

দি মিনিস্টার ফর এডুকেশন: (ক) হ্যাঁ।

(খ) জরুরী অবস্থার জন্য আপাততঃ নাই।

(গ) না।

(ঘ) আপাততঃ নাই।

Essay on Hazrat Muhammad in the history text book of class III

***346.** (Admitted question No. *1510.)

ডাঃ গোলাম ইয়াজদানী: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

The problem of floods in North Bengal is a very complicated one. Protective works as short-term measures are constructed every year according to parctical possibilities and funds available. The long-term measures are bound to be costly and considerable amount of study will have to be made for which Master Plans are under preparation. Most of the rivers have their catchments outside the country and hence it is bound to take appreciable time to collect data from the countries outside India. Construction of continuous embankments on the banks for the North Bangal rivers may not be any solution of the problem. Such construction will lead to river beds rising gradually and within a few years the embankments will be overtopped and consequently damages will be more severe. On the other hand, the present policy of protecting the urban and important areas and allowing inundation of agricultural land will have to be accepted until such time as it is possible to control the floods by catchment treatment or flood control dams. It may however, be mentioned that what took place in North Bengal was inundation rather than flooding. The extent of such inundation was far less compared to the conditions in the adjoining States of Assam and Bihar.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Labour Department will please make a statement on the accident in the Bata Shoe Factory at Batanagar, called attention by Dr. Ghani.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: In reply to 'the Calling Attention Notice raised by Dr. Abu Asad Mohammad Obaidul Ghani on the subject of the accident in Bata Shoe Factory I have to state that the accident which took place at 8-10 a.m. on 21st August, 1964 occurred due to bursting of a vulcaniser which was heated by steam pipes within the shell. Compressed air was also introduced into the vulcaniser and the hot air within the same was circulated by a fan. On receipt of information of the accident a team consisting of 2 Deputy Chief Inspectors of Factories and 2 Inspectors of Factories visited the factory and started investigation into the cause of the accident. The factory was also inspected by the Chief Inspector of Factories. From the report received so far it appears that the pressure was normal immediately before the accident. It appears that there was an instantaneous rise of pressure and the door of the vulcaniser opened, was torn its hinges and hurled against a partition wall bringing it down. As a result of this, workers who were working on the other side of the wall were injured. The operators of the vulcaniser were also injured. In all, 42 persons were injured; 9 of them were sent to a Calcutta Nursing Home, 22 were admitted in the hospital at Batanagar, and 11 were discharged after having been given first aid. The latest information indicates that the workers injured are on the way to recovery. There is no danger to anybody's life and no worker had been killed due to this accident. The Inspector of Boilers also visited the factory on the day of the accident and made an investigation into the matter, the vulcaniser boiler which burst does not come within the purview of the Indian Boilers Act. The Factories Directorate is carrying out further investigations to find out the causes of this unusual occurrence.

Mr. Speaker: I have received 8 Notices of Calling Attention:—

(1) Enquiry into the boat accident of Oalmara Benmura Ferry Service in Midnapore district;—by Shri Surendra Nath Mahato.

(2) Reservation of seats in T.B. hospitals for student patients—by Shri Ananga Mohan Das.

(3) The rise in price of salt in West Bengal—by Shri Sanat Kumar Raha.

(4) Closure of Begounia Colliery—by Shri Kashi Kanta Maitra.

(5) Demands of the caterers and confectioners of Asansol Subdivision for flour and sugar—by Shri Bejoy Pal.

(6) Dangerous condition of road at the crossing of Chowringhee Road and Dharmatala Street—by Shri Haridas Chakravarty.

(7) Recent fall in price of raw jute—by Shri Amarendra Nath Roy Prodhan.

(8) Non-supply of wheat and wheat products in the Burdwan Municipal area—by Shri Aswini Roy.

I have selected the Notice of Shri Kashi Kanta Maitra on the subject of closure of Begounia Colliery. The Hon'ble Minister-in-charge will please make a statement, or give a date for making the statement.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Day after tomorrow.

[2-10—2-20 p.m.]

Stoppage of Bangeswari Cotton Mill without notice

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, শ্রীরামপুরের বঙ্গেশ্বরী কটন মিল কোন শিল্প বিরোধ ছাড়াই বন্ধ হয়ে গিয়েছে। তার প্রায় আড়াই হাজার শ্রমিক এবং দশ হাজার লোক, অর্থাৎ শ্রীরামপুর সহরের প্রায় ১০ পারসেন্ট লোক, তাদের জীবনযাত্রা বিপন্ন; এবং এই যে মিলটি বন্ধ হয়ে গিয়েছে, এটা মালিকদের নিজেদের মধ্যে ঝগড়ার জন্য হাইকোর্টে কেস হয়ে এই মিলটির সমস্ত পেমেন্ট বন্ধ হয়ে আছে, এবং সেখানকার ইলেকট্রিক কনেকশন সমস্ত বন্ধ করে দিয়েছে।

এই সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রীর হস্তক্ষেপের জন্য আমি রেফারেন্স করতে চাচ্ছি।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই হাউসের সদস্যদের মর্যাদার প্রশ্ন জড়িত, এই রকম একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

গত শুক্রবার প্রশ্নোত্তরের সময় মাননীয়া ত্রাণ মন্ত্রীর কাছে আমরা একটি অতিরিক্ত প্রশ্ন করেছিলাম যে রিলিফ ম্যানুয়েলে বর্ণিত, সম্ভ্রান্ত বংশের ভদ্রমহিলাদের এবং দুঃস্থ টি, বি, রোগীদের জি, আর, বা খয়রাতি না দেওয়ার জন্য কোন সার্কুলার বা নির্দেশ তাঁর দপ্তর থেকে দেওয়া হয়েছে কিনা? এই প্রশ্নের জবাবে মাননীয়া ত্রাণমন্ত্রী অত্যন্ত পরিষ্কার এবং স্পষ্টভাবে বলেছিলেন, না, সেই ধরনের কোন নির্দেশ দেওয়া হয়নি।

মাননীয় স্পীকার, স্যার, মাননীয়া ত্রাণ মন্ত্রীর দপ্তরের এই রকম একটা সার্কুলার আপনার কাছে রাখতে চাই। সেই গোপন সার্কুলারটা হচ্ছে—

GOVERNMENT OF WEST BENGAL

Department of Relief

SECRET ...

No. 3485(15)F.R.

6M-112/64

From

Shri P. C. Mukherjee, W.B.C.S.,

Dy. Secy. to the Govt. of West Bengal,

To

The District Officers

Dated Calcutta, the 12th June 1964.

Subject: Distribution of Gratuitous Relief.

Sir,

I am directed by order of the Governor to say that the Governor has been pleased to order that Gratuitous Relief to the categories of persons mentioned under Rule 126F and 126G of the Manual for Relief of Distress (Chapter IX, page 61 of the Manual) viz.,

Women of respectable birth who are debarred by national custom from appearing in public and are in danger of starvation, and such other persons who cannot work and cannot be provided with work, should be reduced to the minimum forthwith and should not normally be given except during the lean months between cultivation and harvesting operations. Government are of the view that doles to able-bodied persons is not only an unnecessary drain on the State's finances which are badly needed for developmental work but is also demoralising for the recipients.

You are therefore requested to take immediate action for careful scrutiny of the existing Gratuitous Relief distribution priority lists for necessary pruning in conformity with the principle enunciated above.

Yours faithfully,

Sd. Deputy Secretary.

মিঃ স্পীকার, স্যার, এই চিঠির মধ্যে, এই সার্কুলারের মধ্যে অত্যন্ত পরিষ্কার ভাবে এই নির্দেশ রয়েছে। ফোর্থ প্যারাগ্রাফের প্রথম লাইনে রয়েছে "should not normally be given" অর্থাৎ এই দুই [illegible] সম্ভ্রান্ত বংশের ভদ্রমহিলা এবং দুঃস্থ টি বি রোগীদের সাধারণভাবে জি আর না দেওয়ার নির্দেশ জেলা শাসকের কাছে পাঠান হয়েছে কি না? এই প্রশ্ন যখন মাননীয়া ত্রাণ মন্ত্রীর কাছে করেছিলাম, তখন তিনি অত্যন্ত স্পষ্টভাবে অস্বীকার করেছিলেন। অথচ দেখা যাচ্ছে তাঁর সেই বিবৃতি বা বক্তব্য সম্পূর্ণভাবে অসত্য।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমাদের বক্তব্য হচ্ছে উনি হাউসের সদস্যদের মর্যাদার প্রশ্ন করেছেন।

মিঃ স্পীকার: আচ্ছা এখন অন্য বিজনেস চলুক।

শ্রীজ্যোতি বসু: মিঃ স্পীকার, স্যার আপনিত অন্য বিজনেস-এ চলে যেতে চাচ্ছেন। কিন্তু শম্ভুবাবু যেটা বললেন, এটা অত্যন্ত গুরুতর ব্যাপার।

মিঃ স্পীকার: আচ্ছা, মিঃ বোস শুনুন। এটা গুরুতর ব্যাপার কিনা জানি না। আমার যতদূর মনে হয় প্রসিডিংসএ অ্যানসার আছে। উনি একবার প্রসিডিংসটা দেখে আবার বলবেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: উনি প্রিভিলেজের প্রশ্ন তুলেছে . . .

মিঃ স্পীকার: মিঃ ভট্টাচার্য, উনি আমার কাছে একটা ম্যাটার তুলবেন বলে বলে গিয়েছিলেন। তখন তিনি এ প্রশ্ন তোলেন নি। এমন কি উনি যখন বিগিন করেছেন তখনও পয়েন্ট অফ প্রিভিলেজে বিগিন করেন নি, বলেছেন যে প্রিভিলেজের ব্যাপার নয় তবে প্রিভিলেজ সংক্রান্ত, আইডেন্টিক্যাল টু প্রিভিলেজ।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: উনি মর্যাদার প্রশ্নে বলেছেন, স্যার

মিঃ স্পীকার: যদি মর্যাদাগত প্রশ্ন হয় তাহলে আমি জিজ্ঞাসা করি, মর্যাদাগত প্রশ্ন কি করেছেন, মিঃ ঘোষ?

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি প্রথমেই বলেছি যে আমাদের হাউসের সদস্যদের মর্যাদার সঙ্গে জড়িত এমন একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহোদয়, কথাটা হচ্ছে সেদিন শম্ভুবাবু—আমি ছিলাম হাউসে, এখন ঠিক সমস্ত কথাগুলি মনে নেই—উনি দু'-তিনবার, আরো বেশী হতে পারে, এটা ও'কে জিজ্ঞাসা করবার চেষ্টা করছিলেন যে এই রকম ধরনের কোন সার্কুলার ও'র ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে কি না? এখন উনি এর কি ইন্টারপ্রিটেশন দেবেন না দেবেন আমি জানি না, মন্ত্রিমহোদয়া এখন এখানে নেই, কিন্তু উনি বারে বারে অস্বীকার করলেন যে কোন রকম মডিফিকেশন কিছু হয় নি। আমার যতদূর মনে আছে, প্রসিডিংস আমরা আর একবার দেখতে পারি যদি অন্য কোন কথা উঠে কিন্তু এখন উনি যেটা বলছেন এটা যদি সত্যি হয়, আর সত্যি এটা হবেই কারণ এটা একটা সিকরেট সার্কুলার উনি যোগাড় করেছেন, এখন এটা যদি হয় তাহলে একটা গুরুতর প্রশ্ন এবং সেইজন্যই উনি মর্যাদার প্রশ্ন তুলেছেন। ঠিকই তুলেছেন বলে মনে করি কারণ এই রকম জিনিস হাউসে আমরা এই রকম আন নোটিশড্ চলে যেতে দিতে পারি না। সেই জন্য আপনাকে আমরা বলবো যে আপনি প্রাইমা-ফেসি কেস আছে কিনা এইটা দেখবার জন্য আপনি প্রসিডিংসটা দেখুন, এই সার্কুলারটা নিন, মন্ত্রী মহাশয়ের কথা শুনুন, শুনে তারপর যদি আপনি মনে করেন যে আছে তাহলে আপনি দয়া করে এটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন।

Strike in Hindu School, Salkia, Howrah

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, একটা পয়েন্টের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। শৈলবাবু এখানে আছেন, শিক্ষা মন্ত্রী মহাশয়ও এখানে আছেন, হাওড়া হিন্দু স্কুলের সেক্রেটারি বোধ হয় শৈলবাবু হবেন আমি ঠিক জানি না, সেখানে প্রায় ৩৭ দিন একটা স্ট্রাইক হচ্ছে শৈলবাবু যদি এটায় হস্তক্ষেপ করেন তাহলে এটা মিটতে পারে।

GOVERNMENT BILLS

The West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964 ...

Mr. Speaker: We now take up the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964. Mr. Jalan.

শ্রীজ্যোতি বসু: অন এ পয়েন্ট অফ অর্ডার, মিঃ স্পীকার, এখন এটা ঠিক যে হঠাৎ আমাদের যা এজেন্ডায় ছিল তা বদলে দিয়ে এই ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট বিল আনা হচ্ছে। এখন শ্রীজগন্নাথ কোলে কাল টেলিফোন করে বলেছিলেন এইটে আগে আনতে হবে। তখন আমি ও'কে বলেছিলাম যে এখনও এটা আমি ভাল করে দেখিনি, এটা পরে খোঁজ করবো তবে আপনি অন্যদেরও একটা টেলিফোন করুন। কিন্তু আমি আইনটা এইমাত্র পড়লাম তা এটা যে খুব একটা গুরুত্বপূর্ণ তা নয় সেই জন্য আমি বুঝতে পারছি না যে এটার কারণটা কি। হঠাৎ এমন কি হল যে আমরা বসে আলোচনা করলাম, একটা প্রসিডিয়োর আমরা নিলাম, একটা অর্ডার আমরা ঠিক করলাম আমাদের এজেন্ডার বিষয় তখন ও'রা এটা চিন্তা করলেন না হঠাৎ এখন এইভাবে হচ্ছে কেন? তা আমি বলছি যে এর পিছনে যদি কোন কারণ থাকে তাহলে আমরা এটা অবস্ট্রাক্ট করতে চাই না। কিন্তু তিনি আমাকে যা বোঝালেন তাতে আমি বিশেষ কোন কারণ বুঝতে পারলাম না। কোর্ট থেকে ট্রান্সফার করার ব্যাপারে আইনগত প্রশ্ন উঠেছে সেটাকে ঠিক করে নেবার জন্য একটা ব্যবস্থা এখানে করা হচ্ছে, তা একে অগ্রাধিকার কেন দেওয়া হচ্ছে এবং এইভাবে আমাদের এজেন্ডাকে ডিসরাপ্ট করে করা হচ্ছে এটা এমন কি গুরুত্বপূর্ণ বিষয় যার জন্য করা হচ্ছে সেটা আমরা জানতে চাই। তারপরে এটা আমাদের এজেন্ডায় আসবে কি না সেটা আমরা ঠিক করবো।

মিঃ স্পীকার: মিঃ বাসু এটা ঠিক যে আসা উচিত নয় কারণ একটা অর্ডার অফ দি ওয়ার্ক হয়ে গিয়েছে। তবে এটা একটা আন্ডারস্ট্যান্ডিং ছিল যে এটা একটা স্মল বিল এবং উনি কথা বলেছেন আপনাদের কারো কারো সঙ্গে তাতে কারো আপত্তি নেই। to cut the matter short I have said that it has come a little irregularly. It should have rather retained its position, and with the consent of the House I could have moved forward with it. But if you have any objection I will pass it over.

শ্রীজ্যোতি বসু: না না আমাদের কোন অবজেকশন নেই। আমরা জানতে চাচ্ছিলাম বিশেষ কোন কারণ আছে কি না এই অর্ডারটা চেঞ্জ করার পিছনে।

[2-20—2-30 p.m.]

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায়: এখানে কি হবে আমরা কোন সোর্স থেকেই জানতে পারি না, এটাতো সাংঘাতিক কথা।

মিঃ স্পীকার: এই "সাংঘাতিক" কথাটা আপনি রোজই ইউজ করেন। আজকের এজেন্ডাটা দেখুন দয়া করে।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায়: রিভাইজড্ প্রোগ্রাম দেওয়া হয়েছে এই সমস্ত কি? দু'চার জনের সঙ্গে কথা হবে, আমরা কেন জানতে পারব না?

মিঃ স্পীকার: আজকে কি হবে না হবে, আপনি দেখুন, সেদা লিস্টেই আছে।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায়: আগের দিন জেনে গেলাম মিউনিসিপ্যাল বিল হবে। আজকে কিনা অন্য জিনিস! আপনি বললেন ও'দের সঙ্গে ঠিক হয়েছে, ও'রা কারা?

মিঃ স্পীপার: মিঃ ব্যানার্জী, এবার বলুন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: জগন্নাথবাবু তো বললেন না যেটা জ্যোতিবাবু বললেন।

মিঃ স্পীকার: মন্ত্রিমহাশয় এখনি এক্সপ্লেন করে দেবেন।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I may explain to the House as to why this urgency has arisen. As a matter of fact this is a very technical amendment of the Bill. What had happened was that under this Act a case was assigned to a Special Court for trial. That case could not be taken up by that Court and it was withdrawn from that Court and assigned to another Court. A trial did take place in which hundreds of witnesses had already been examined and the case has gone on. Now an application was made to the High Court saying that on account of this technical mistake this case could not go on before that particular Judge and the difficulty was that if that case could not go on before that Judge the trial had to start *de novo*, hundreds of witnesses who were examined in that big case would have to be examined again. This will rather embarrass the accused and it will put also the Government to a very heavy cost because this case has lasted for a long time and I understand that hundreds of witnesses have already been examined and, because this was a technical mistake or rather a technical point on which the Court has come to the conclusion that the Government had no power to withdraw the case once assigned to a Special Court and to reassign it to another Court and, therefore, the whole trial is vitiated—in order to avoid this embarrassing position and to remove this technical defect we have thought of amending the Bill immediately. Our further difficulty is that the Court has stayed operation of that order only up to the 28th instant and if by 28th instant the law is not amended

the case will start de novo, meaning thereby, all the witnesses and everything that has been done will have to be tried again and it will put the Government to enormous cost as well as embarrassment to the accused. Moreover, the difficulty is that if we do not pass the Bill immediately, we will require the sanction of the President and President is leaving India on the 10th or 11th of this month. That is the reason why we have brought this Bill in this hurry before the House.

Mr. Speaker: With the consent of the House it is allowed to be introduced.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to introduce the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964, be taken into consideration.

Sir, I have already explained the reasons as to why this Bill is being brought forward and the purpose for which it has been brought forward. It is a very technical amendment i.e., the Government is given the power to withdraw a suit, a case which has been assigned to a particular court and to re-allot it to another court provided that court has not take cognizance of that case. This is the only purpose for which this Bill has been brought forward.

শ্রীভক্তিভূষণ মন্ডল:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যামেন্ডমেন্ট সম্পর্কে আমি কয়েকটি আপত্তি তুলতে চাই। আমার মনে হয় যে, যেভাবে বিলটা আনা হয়েছে তাতে এটা কার্যকরী হবে না। বিশেষ করে আমি বলতে চাই, সবচেয়ে বেশি অসুবিধা হয় ওয়েস্ট বেঙ্গল ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট-এ যেটা অ্যালটমেন্ট দেওয়া হয় গভর্নমেন্ট থেকে সেই অ্যালটমেন্ট-এর ব্যাপারে, কারণ এতদিন পেন্ডিং থাকে যে, একটা কেস-এ অ্যালটমেন্ট পেতে ৪।৫।৬ বৎসর টাইম লেগে যায়। তার পরে দেখা যায় সেই কেস-এর সাক্ষী মারা গেল, তবে হয় কি, না, যারা অফেন্স করল তারা খালাস পেয়ে যায়। এটা আমরা বার বার দেখেছি। তাই আমার মনে হয় এটার শুধু ক্লজ চেঞ্জ না করে কমপ্রিহেনসিভ চেঞ্জ করা উচিত, তাহলে আমাদের কোন আপত্তি থাকত না। আজকে একটা অ্যামেন্ডমেন্ট আনলেন, কালকে আরেকটা, এটা দূরদর্শিতার পরিচয় নয়, এটা অদূরদর্শিতারই পরিচায়ক। সে জন্য আমি বলছি আলটমেন্ট-এর ব্যাপারটা কনসিডার করা উচিত ছিল, এবং দেখা উচিত ছিল কেন দেরী হয়, এবং একটা স্পেসিফিক টাইম দেওয়া উচিত ছিল। এই কথা আমরা বার বার বলেছি। একটা কেস হলে, ডিফলকেশন-ই বলুন আর ইভেসনই বলুন, তাতে এমন একটা লং প্রসিডিওর-এর মধ্যে পড়তে হয় যে তাতে গভর্নমেন্ট-এর প্রায় ২ হাজার থেকে ৪ হাজার টাকা খরচ হয়। তাই আমি বলছিলাম সিডিউল যেটা আছে ৪১১, তাতে অফেন্স হলে, ২০০।৩০০ ৫০০ টাকার নীচে যদি হয় তাহলে সেগুলির অর্ডিনারী ট্রায়াল হবে এমন একটা প্রভিশন রাখা উচিত ছিল। সেজন্যই আমি বলছি ওয়েস্ট বেঙ্গল ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট-এর কম্প্রিহেনসিভ অ্যামেন্ডমেন্ট হওয়া উচিত ছিল। তিনি যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা আমরা মেনে নিতে পারি না, এটা অত্যন্ত অ্যাবরাপ্টলি এসেছে এই কারণে। আমার মনে হয় যে ধারাটা আছে ৫২৬/৫২৮, সেটা অ্যাপ্লাই করবে না এটা যদি বলা হত তাহলে এই ডি নোভো র কথাটা তিনি বলছেন, এই যে লেটেস্ট অ্যামেন্ডমেন্ট তিনি করতে যাচ্ছেন এই অ্যামেন্ডমেন্ট-এর দরকার হত না, কারণ অনেক কেস এর ভিতরে আসে। গভর্নমেন্ট ট্রান্সফার করবেন না এই কথা যেটা তিনি বলছেন এটা ঠিক নয়। আমার মনে হয় এই ট্রান্সফার করাটা সেসন জাজ কিম্বা কারুর হাতে দেওয়া উচিত এবং কোন স্পেশাল কেস থাকলে হাইকোর্ট-এ ট্রান্সফার করবেন, অর্থাৎ ৫২৬।৫২৮-এর অ্যাপ্লিকেশন হবে সেইভাবে অ্যামেন্ডমেন্ট করলে ভাল হত। এখন যেভাবে করছেন সেটা ঠিক নয় বলে মনে করি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I do not think it raises any questio It is not a question of bringing a comprehensive amendment; it is question of meeting the special situation. We shall certainly examine th Special Courts Act and find out as to what should be done with a view t amending it generally or comprehensively in course of time.

The motion of Hon'ble Iswar Das Jalan that the West Bengal Crimina Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964, be taken int consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and the Preamble

The question that clauses 1, 2 and the Preamble do stand part of th Bill was then put and agreed to.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the Wes Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported b the Joint Committee

[2-30—2-40 p.m.]

শ্রীনিখিল দাস:—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর সংশোধন বিলটি জয়েন্ট কমিটির রিপোর্ট সহ আমাদের সামনে রাখা হয়েছে। যখন জয়েন্ট কমিটিতে এ গিয়েছিল তখন এই সংশোধনী বিল সম্পর্কে আমি কতগুলি অ্যামেন্ডমেন্ট রেখেছিলাম যেগু গ্রহণ করা হয় নি। তারপর জয়েন্ট কমিটির রিপোর্টের উপর আমি একটা নোট অফ ডিসে দিয়েছি এবং তাতে এক একটি করে আমি বক্তব্য রাখবার চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশ ১৯৫১ সালের যে মিউনিসিপ্যাল আইন তা দিয়ে ক্যালকাটা কর্পোরেশন পরিচালিত হয়। প্রথ যখন বিল আনা হয় তখন বর্তমান অর্থমন্ত্রী শৈলবাবু স্বায়ত্তশাসন মন্ত্রী ছিলেন এবং এই বি আনতে গিয়ে তিনি বলেছিলেন ১৯৫১ সালের আইনটি কোলকাতা কর্পোরেশনের প্রশাসনি ব্যবস্থা এবং আর্থিক সঙ্গতির দিক থেকে করণীয় কাজ করতে পারে নি কাজেই ১৯৫১ সালে আইনের সংশোধন প্রয়োজন হয়েছে। সেই সংশোধন করতে গিয়ে উনি দুটি জিনিস আমাদে কাছে বলেছিলেন এবং তার একটি হচ্ছে উনি বর্তমান বিলে কোলকাতা কর্পোরেশনকে কর্পোরে বডি করবেন। দুই নম্বর কথা বলেছিলেন কর্পোরেশনকে ডেলিভারেটিভ বডি করতে চান এব অ্যাডমিনিস্ট্রেটিভ বডি হিসেবে আলাদা অংশকে রাখতে চান। আর তিন নম্বর কথা বলেছিলে কিছু আয় বাড়াবার ব্যবস্থা করছেন। এই তিনটি উদ্দেশ্য নিয়ে আমাদের সামনে বিল এনেছিলেন কিন্তু জয়েন্ট কমিটি থেকে রিপোর্টেড হয়ে যে বিল এসেছে তাতে দেখা যাচ্ছে শৈলবাবু তিনটি যুক্তি দিয়েছিলেন তার একটি যুক্তিও তার মধ্যে নেই। অর্থাৎ ডেলিভারেটিভ বডি জয়ে কমিটি নাকচ করেছে, কর্পোরেশন যেভাবে ছিল সেইভাবে অটোনমাস বডি হিসেবে থাকবে এব কর্পোরেশনকে কর্পোরেট বডি হিসেবে যেটা করতে চেয়েছিলেন সেটাও টেকে নি। অর্থাৎ দেখ যাচ্ছে আগে যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থাই থাকবে। উনি কোলকাতার উপর প্রোপোজড ট্যা করতে চেয়েছিলেন—অর্থাৎ আয় বাড়াবার চেষ্টা করেছিলেন। কিন্তু জয়ন্ট কমিটি থেকে যে রিপোর্ট এসেছে তাতে ট্যাক্স-এর ধারা বাতিল হয়েছে। অর্থাৎ আমরা দেখছি ১৯৫১ সালের আইনকে যে তিনটি উদ্দেশ্য নিয়ে সংশোধন করতে চেয়েছিলেন তাতে জয়েন্ট কমিটি থেকে যেভাবে বিল এসেছে তাতে একটি উদ্দেশ্যও সাধিত হয় নি। তাই বলছি এত কাঠ, খড় পুড়িয়ে ২৪০টি ধারা নিয়ে যে বিল এসেছে সেটি পর্বতের মূষিক প্রসব ছাড়া আর কিছু নয় এবং দেখ যাচ্ছে ১৯৫১ সালের আইনের পরিবর্তন হয় নি। অ্যাডাল্ট ফ্রানচাইজ আমরা আগেই গ্রহণ করেছি এবং সেই অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই। এই বিল অন্যভাবে তৈরী করার কথা ছিল এবং সেদিক থেকে দেখতে গেলে জয়েন্ট কমিটির যে রিপোর্ট এসেছে এবং উনি যে তিনটি উদ্দেশ্যের কথা বলেছিলেন তাতে তার একটিও জয়েন্ট কমিটির রিপোর্টে নেই, তিনটিই বাতিল হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর তার সংশোধন নিয়ে আলোচনা করছি। এই সংশোধনী আলোচনা করতে গিয়ে যে কথা মনে হয় সেটা হচ্ছে কলকাতা সহরের আজকে যে অবস্থা, রাস্তায় জল জমে থাকে, বড় বড় ড্রেনগুলিতে ময়লা জমে আছে, পানীয় জলের ব্যবস্থা নাই, বস্তী বা স্লাম কলকাতায় যেভাবে ছিল সেভাবেই আছে। অর্থাৎ যতদিন যাচ্ছে কলকাতা সহর বড় হচ্ছে, ক্যালকাটা কর্পোরেশন বড় হচ্ছে, জনসংখ্যা বাড়ছে সেই পরিমাণে ক্যালকাটা কর্পোরেশন-এর প্রশাসনিক ব্যবস্থা এবং তার অর্থসংগতি সেই পরিমাণে বাড়াবার কোন ব্যবস্থা করা হয় নি। অর্থাৎ যতদিন যাচ্ছে পৌর এলাকার লোকের সুখ-সুবিধার জন্য, বেঁচে থাকতে হলে যে জিনিষগুলির দরকার সেই জিনিষগুলি দিন দিন কমে যাচ্ছে। রাস্তায় অল্প বৃষ্টি হলে জল জমে যায়, গরমের দিনে পানীয় জল পাওয়া যায় না এবং কলকাতা রাস্তাঘাটের যে অবস্থা তা দিন দিনই খারাপের দিকে যাচ্ছে। তিন নম্বর ব্যাপার হচ্ছে যত দিন যাচ্ছে কলকাতা কর্পোরেশনের দুর্নীতি ও অপচয় তত দানা বেঁধে উঠছে, বেড়ে যাচ্ছে অর্থাৎ কলকাতা প্রতিষ্ঠান লোকের কাছে একটা অভিশপ্ত প্রতিষ্ঠান হয়ে দাঁড়িয়েছে। কলকাতার মানুষ আজ ঘুম থেকে উঠে কর্পোরেশনকে গালাগালি করে, শুতে যায় যখন তখনও কলকাতা কর্পোরেশনকে গালাগালি করে। কলকাতার মানুষের পৌরজীবনের যে দুঃখ-দুর্দশা—যার জন্য কলকাতা কর্পোরেশন দায়ী, সেই কর্পোরেশনের কিভাবে উন্নতি করা যায়, কি করলে পৌর ব্যবস্থাকে উন্নত পর্যায়ে নিয়ে যাওয়া যাবে, আর্থিক সংগতি কিভাবে বাড়বে, প্রশাসনিক গলদ কিভাবে দূর করা যাবে সেদিকে চিন্তা করে যেভাবে আইনকে সংশোধন করা দরকার ছিল সেদিকে দৃষ্টি রেখে আইনকে সেভাবে সংশোধন করা হয় নি, সেভাবে সংশোধন করতে মন্ত্রিমহাশয় সাহস করেন নি। কেন করেন নি? সাহস করেননি এজন্য যে কলকাতা কর্পোরেশনের ক্ষমতায় যাঁরা প্রতিষ্ঠিত, ক্যালকাটা কর্পোরেশন যারা চালাচ্ছেন তাঁরা যে প্রতিষ্ঠানের লোক যে রাজনৈতিক দলের লোক—আমাদের মন্ত্রিমহাশয়ও সেই রাজনৈতিক দলের লোক এবং একই রাজনৈতিক দলের লোক হওয়ার দরুণ যেভাবে এই আইনকে সংশোধন করা উচিত ছিল, প্রয়োজন ছিল তা করেন নি, করতে পারেন না। তাই যেভাবে আইনটাকে আমাদের কাছে এনেছেন, এই সংশোধনী বিল দ্বারা আমাদের কোন রকম উন্নতি হবে না, দিনের পর দিন অবস্থা আরও খারাপ হয়ে যাবে, এ কথাটা আমি জোর দিয়ে আপনার কাছে তুলে ধরতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ক্যালকাটা কর্পোরেশন-এ দ্বৈত শাসন চিরকাল ধরে চলেছে এই দ্বৈত শাসনের যদি অবসান না হয় তাহলে এই কলকাতা কর্পোরেশনের প্রশাসনিক ব্যবস্থায় উন্নতি করা যাবে না। একদিকে কর্পোরেশনের স্ট্যান্ডিং কমিটি অন্যদিকে কমিশনার এই ব্যাপারের ভিতর ঝগড়া ও দ্বন্দ্ব লেগেই আছে। কার কতটুকু ক্ষমতা কার কোন কাজ করা উচিত এ নিয়ে, আইনটা এমনভাবে রচিত হয়েছে, কমিশনারের সাথে কর্পোরেশন-এর দ্বন্দ্ব লেগেই আছে। রাজ্য সরকারের হাতে কতকগুলি ক্ষমতা থাকার ফলে তারাও কর্পোরেশনের ব্যাপারে মাথা গলান বলে দুই থেকে তিন শাসন ব্যবস্থা কর্পোরেশনের ব্যাপারে চলছে—এটা উঠিয়ে দেওয়া দরকার। যাদের সেখানে নির্বাচন করে দেওয়া হবে তাদের হাতে পূর্ণ ক্ষমতা দেওয়া দরকার এবং দ্বৈত শাসনের দ্বারা কলকাতা কর্পোরেশনের প্রশাসনিক ক্ষেত্রে যাতে ক্ষয়-ক্ষতি না হতে পারে সেদিকে দৃষ্টি রেখে কলকাতা কর্পোরেশন আইনটিকে পাল্টান দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয় দিল্লী মিউনিসিপ্যাল আইন যদি দেখেন এবং বর্তমান বোম্বে সিটি কর্পোরেশন অ্যাক্ট যদি দেখেন তাহলে সেখানে দেখবেন ক্যালকাটা কর্পোরেশন-এর কি কাজ, কি করণীয় এবং কর্তব্য এবং কলকাতা সহরবাসীকে কি কি সুখ-সুবিধা দিতে হবে যারা রেট পেয়ার্স, টাকা-পয়সা দেন, কলকাতা সহরের বুকে যারা বাস করে তাদের প্রতি কি কি ইনকামবেন্ট ডিউটিজ আছে—এ সমস্তই দিল্লী মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং বোম্বে কর্পোরেশন অ্যাক্ট-এ লিপিবন্ধ আছে। আমাদের এখানকার ১৯৫১ সালের যে আইন তাতে এটা ছিল না, এবারে ১৬নং ক্লজকে যদি ঠিক ঠিক সংশোধন করতাম তাহলে তাতে কর্পোরেশন-এর ইনকামবেন্ট ডিউটিজ সম্বন্ধে বিস্তৃত থাকত। একটু জল হলে রাস্তায় জল জমে যায় তা যাতে না হয় তার ব্যবস্থা করতে হবে, বস্তির বর্তমান অবস্থাকে ভাল করতে হবে রাস্তাঘাটের ব্যবস্থার উন্নতি করতে হবে। এই ইনকামবেন্ট কাজগুলি যদি কর্পোরেশন না করে তাহলে যারা [illegible] প্রশাসনের ভারপ্রাপ্ত হয়ে আছে তাদের সেখানে থাকবার অধিকার নাই। এই ইনকামবেন্ট

ডিউটিজগুলি ক্লজ ১৬এ আনা উচিত ছিল কিন্তু সে সংশোধন আসে নি, সেটা আনার জন্য বার বার আমরা বলেছি কিন্তু কর্পোরেশন-এর ইনকামবেন্ট ডিউটিজ সম্বন্ধে কোন কিছু উল্লেখ নাই।

[2-40—2-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কর্পোরেশনের কাজের সাথে বহুদিন জড়িত ছিলেন আপনি জানেন বোরো কমিটি বলে একটা পদার্থ আছে। কিন্তু বাস্তবিক পক্ষে বোরো কমিটির হাতে কোন ক্ষমতা নেই। সমস্ত ক্ষমতা কর্পোরেশান, স্ট্যান্ডিং কমিটি এবং কমিশনারের হাতে রয়েছে এবং বোরো কমিটির হাতে যদি কিছু ক্ষমতা দেওয়া হত, সমস্ত ক্ষমতাগুলি স্ট্যান্ডিং কমিটি এবং কর্পোরেশনের হাতে সেন্ট্রালাইজ না করে যদি বোরো কমিটিকে তাদের যে ক্ষুদ্র ক্ষুদ্র এলাকা সেই এলাকার ব্যাপারে কিছু ক্ষমতা দেওয়া হত তাহলে বোরো কমিটিগুলি তাড়াতাড়ি কাজ করতে পারত। কিন্তু সমস্ত ক্ষমতাগুলি স্ট্যান্ডিং কমিটির হাতে থাকার দরুন, কর্পোরেশান এবং কমিশনারের হাতে থাকার দরুন বোরো কমিটি যেভাবে কাজ করে কলকাতা শহরের উন্নতিসাধন করতে পারত, কলকাতার নাগরিক জীবনে যে সার্ভিস দিতে পারত তা দিতে পারছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন এবারে যে স্ট্যান্ডিং কমিটিগুলির হাতে সমস্ত ক্ষমতা আছে সেই স্ট্যান্ডিং কমিটিগুলিতে ক্ষমতায় অধিষ্ঠিত দলের লোক ছাড়া অন্য দলের লোক নেই। আগে বিরোধী পক্ষ এবং যে পক্ষ কর্পোরেশানের ক্ষমতায় অধিষ্ঠিত আছে দু-পক্ষের লোককে নিয়ে স্ট্যান্ডিং কমিটিগুলি হত। কিন্তু গত ২-৩ বছরের ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন স্ট্যান্ডিং কমিটিগুলি কংগ্রেস দলের লোককে নিয়ে করা হয়েছে, বিরোধী পক্ষের লোক সেখানে নেই। অর্থাৎ কংগ্রেস দল সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে সমস্ত ক্ষমতায় অধিষ্ঠিত রয়েছে। এর ফলে যদি দেখতাম যে কলকাতার পৌরজীবনে উন্নতি হয়েছে, রাস্তাঘাটের উন্নতি হয়েছে, বস্তি কলকাতা শহরের বুক থেকে দূর হয়ে গেছে, পানীয় জলের সু-ব্যবস্থা হয়েছে তাহলে বুঝতাম এটা করার পিছনে কারণ আছে। কিন্তু স্ট্যান্ডিং কমিটিগুলি একদলীয় হওয়ার ফলে সেগুলি দুর্নীতি এবং অপদার্থতার আস্তাখানা হয়েছে এবং স্ট্যান্ডিং কমিটিগুলির মধ্যে দুর্নীতি ঢোকার জন্য কলকাতার জনজীবনে আজকে দুঃখ-কষ্ট দিন দিন বেড়ে যাচ্ছে। তাই আমি বলছিলাম স্ট্যান্ডিং কমিটিগুলিতে প্রোপোর্শনাল রিপ্রেজেন্টেশান করুন, যেমন অ্যাকাউন্টস কমিটি এস্টিমেটস কমিটিতে করেছেন অর্থাৎ স্ট্যান্ডিং কমিটিতে বিরোধী পক্ষের লোককে নিন, তাঁদের সঙ্গে আলাপ-আলোচনা করুন, আলাপ-আলোচনা করে কলকাতার পৌরজীবনের উন্নতিসাধনের চেষ্টা করুন। কিন্তু সে কাজ করেন নি। কারণ, স্ট্যান্ডিং কমিটিগুলি মধুক্ষরা জিনিস, ওখানেতে মধু ঝরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কলকাতা শহর বিরাট শহর, দিন দিন বাড়ছে, এর লোকসংখ্যাও বাড়ছে। কিন্তু কলকাতা শহরের সবচেয়ে কলঙ্ক হচ্ছে তার বস্তি এলাকা। কলকাতা শহরের শতকরা ৪০ ভাগ লোক স্লাম এলাকায় বাস করে। সেই শতকরা ৪০ ভাগ লোক যারা স্লাম এলাকায় বাস করে তাদের কোন অধিকার নেই, রাস্তাঘাট তৈরি করবার অধিকার নেই, পানীয় জল পাবার জন্য টিউবওয়েল বসাবার অধিকার নেই এবং সার্ভিস পায়খানা করবার অধিকার নেই। কারণ, জমিদারী দখল আইনের আওতা থেকে যেহেতু বস্তিগুলি বাদ যাচ্ছে তাই সেই জমিদার যারা সেই বস্তি এলাকার মালিক তারা নিজেদের টাকাপয়সা সেখান থেকে লুঠ করবার জন্য বস্তি-গুলিকে এইরকম দুরবস্থার মধ্যে রেখেছে। তাই বস্তি এলাকার ভাল করবার কোন ক্ষমতা নেই বস্তিবাসীদের, জমিদার যেমন করছে তেমন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরের এই বস্তিএলাকা দূর করবার জন্য একটা আইন আমাদের এই আইনসভা থেকে অনেক দিন আগে গৃহীত হয়েছিল। কিন্তু সেই আইনকে কার্যকরীভাবে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয় নি। কারণ, সেই আইন আইনের কথায় লিপিবদ্ধ হয়ে রয়েছে। কটা বস্তির উন্নতি হয়েছে? নতুন ধরনের বাড়িতে বসবাসের জন্য কজন বস্তিবাসীকে জায়গা দেওয়া হয়েছে? স্লামগুলি দূর করে সেখানে উন্নত ধরনের শহর গড়ে তোলবার যে চেষ্টা সে দিক থেকে যদি দেখা যায় তাহলে দেখা যাবে সেগুলি কিছুই হয় নি, বরং বস্তিগুলির আগে যে অবস্থা ছিল তার চেয়ে আরো খারাপ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোক দেখানোর মত কয়েকটা বাড়ি করেছেন, যেমন একটা এলাকা ধরুন, আপনি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন সেই এলাকাতে বস্তি আছে, সেই বস্তিবাসীদের যদি বলা যায় তোমাদের জন্য দমদমে বাড়ি তৈরি করা হয়েছে, তাহলে তারা দমদমে যাবে কি করে? বস্তীতে সাধারণ গরীব মানুষরা থাকে, তাদের রোজগারের যে জায়গা সেই জায়গা যদি বস্তীর কাছে না দেয়া হয়, তাদের যদি দূরে যেতে হয় তাহলে সেখানে তারা যেতে পারবে না। কাজেই যে এলাকায় বস্তিবাসীরা থাকে সেই এলাকায় উন্নত ধরনের বাড়ি করে তাদের থাকবার ব্যবস্থা না করে তাদের যদি দমদম, বেলঘরিয়া, গড়িয়ায় পাঠানো হয় তাহলে কোন লোক সেখানে যেতে রাজী হবে না। একটা বস্তীর ঘরে তারা ২-৩-৪ টাকা ভাড়া দেয়। সেখানে নূতন ধরনের বাড়িগুলির ভাড়া যদি ৪-৫ গুণ বেশী হয় তাহলে বস্তিবাসীদের পক্ষে তা দেয়া সম্ভব নয়। কাজেই কম ভাড়ায় তাদের সেই জায়গায় থাকতে দিতে হবে এবং তার জন্য দরকার হলে সাবসিডি দিতে হবে, কম ভাড়ায় বাড়ি দিতে হবে। যে এলাকায় বস্তিগুলি আছে সেখানে কেন জমিদারী দখল আইন চালু করে সেই জায়গা দখল করে সেখানে বাড়িঘর-দোর তৈরি করা যাবে না এটা আমাদের মাথায় ঢুকছে না। এগুলি বস্তিকে অপসারিত না করার কারণ, কারণ বস্তিগুলি থাকলে পর পয়সাওয়ালা লোকগুলি বেঁচে থাকতে পারে। কাজেই তাঁদের স্বার্থের দিকে চেয়ে বস্তিগুলি অপসারণ করার দিকে যে কাজগুলি করা দরকার সেই কাজগুলি করতে পারেন না। সুতরাং কোলকাতা শহরে এই স্লামের কলঙ্ক আরো কতদিন থাকবে তা জানি না। যদি আমাদের সরকার দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না করতে পারেন তাহলে কিছুই হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের কোলকাতা সহরের উন্নতির ব্যাপারে সিটি প্ল্যানিং এবং ইমপ্রুভমেন্টের ব্যাপারে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সেই কাজগুলি করে থাকে, কর্পোরেশন আছে, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আছে, তারা সেই কাজগুলি করছে, কিন্তু আমাদের বার বার বক্তব্য ছিল যে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে কর্পোরেশনের সাথে মিশিয়ে দিয়ে একটা বডি করা হোক। করে কলকাতার পৌরজীবনের উন্নতির দায়িত্ব, কোলকাতার প্ল্যানিং-এর দায়িত্ব তাদের হাতে দেয়া হোক, আলাদা আলাদা দুটো সংগঠন রাখবার কোন অর্থ হয় না, একথা আমরা বার বার বলেছি কিন্তু কার কথা কে শোনে। এখন শুনছি সি এম পি-ও বলে আর একটা সংগঠন প্রতিষ্ঠিত হয়েছে, তারা কোলকাতা এবং বৃহত্তর কোলকাতার উন্নয়ন করবেন, বস্তি পরিষ্কার করবেন, জলের দুর্ভাবনা দূর করবেন, কোলকাতা শহরে রাস্তাঘাটের উন্নতি করবেন এক কথায় কোলকাতা শহরকে স্বর্গরাজ্যে পরিণত করবেন। কিন্তু সেই সি এম পি ও কবে কাজ করবেন তা কেউ জানে না, সেটা হবে কিনা, কবে হবে, তা কেউ বলতে পারে না। সুতরাং আমাদের বারবার বক্তব্য ছিল কোলকাতা শহরের উন্নতির ব্যাপারে, প্ল্যানিং এর ব্যাপারে সমস্ত দায়িত্ব কর্পোরেশনের হাতে দেয়া দরকার এবং এক একটা শক্তিশালী সংগঠন হিসাবে দাঁড় করানো দরকার এবং এর ভেতর থেকে দুর্নীতি দূর করার চেষ্টা করা দরকার। আমি মনে করি সেদিকে দৃষ্টি রেখে কর্পোরেশনকে শক্তিশালী সংগঠন হিসাবে যদি দাঁড় না করানো যায় তাহলে কোলকাতা শহরের উন্নতি সম্ভবপর নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কোলকাতা শহরের বুকে অনেক বড় বড় ব্যবসা চলছে, অনেক বড় বড় সংগঠন এখানে [illegible] শিকার করছে - ক্যালকাটা ট্রামওয়েজ কোং করছে, ইলেকট্রিক সাপ্লাই করছে, তারা যে টাকা কর্পোরেশনকে দেয় তার থেকে ১০ গুণ বেশী টাকা তাদের কাছ থেকে আদায় হতে পারে। ছোট একটা ব্যবসাদারের লাইসেন্সের জন্য যে টাকা লাগে, আর বড় ব্যবসায়ী যারা লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা মুনাফা করে তাদের লাইসেন্সের জন্য যে টাকা লাগে এই দুয়ের মধ্যে পার্থক্য কিছু নেই। আমাদের বক্তব্য ছিল যে ক্যালকাটা কর্পোরেশনের আয় বাড়াতে গেলে মুনাফার ভিত্তিতে ট্যাক্স ভ্যারিয়েশান হওয়া দরকার। ছোট ব্যবসায়ী যারা, যারা অল্প পুঁজির মালিক, যারা ছোট একটা ব্যবসা করে সংসার চালায় তাদের উপর ট্যাক্স অত্যন্ত কম হওয়া উচিত, কিন্তু বড় ব্যবসা যারা করে, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা যারা মুনাফা করে ক্যালকাটা কর্পোরেশনের এলাকার ভেতর তাদের উপর ট্যাক্সের মাত্রা বাড়ানো দরকার এবং সেই কাজ ঠিকঠিকভাবে ক্যালকাটা কর্পোরেশনের করা দরকার এবং সেইভাবে ট্যাক্স রেটের যে সিডুল তা পরিবর্তন করা দরকার, কিন্তু আপনি দেখবেন এই সংশোধনী বিল যা এসেছে তার মধ্যে ট্যাক্সের জায়গায় যেভাবে ভ্যারিয়েশান হওয়ার দরকার ছিল, যেভাবে পাল্টানো দরকার ছিল সেভাবে

পাল্টানো হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই যে নূতন নূতন দালান উঠছে, বাড়িঘরদোর উঠছে, সেই নূতন নূতন দালান এবং বাড়িঘরদোরগুলি দুর্নীতির আখড়া হয়ে বসে আছে। বিল্ডিং আইনানুযায়ী হবে কি না হবে, কিভাবে বাড়ি গড়ে উঠবে, কোথায় সেই বাড়ি গড়ে উঠবে, ৪-৬ ফুট ফাঁক রেখে বাড়ি উঠছে কিনা, প্ল্যান ঠিকমত হয়েছে কিনা, এসব না দেখে নূতন নূতন প্ল্যান পাশ করাতে যেয়ে সেখানে কিভাবে দুর্নীতি বাসা বেঁধে আছে তা আপনি জানেন।

[2-50—3 p.m.]

তাইতো এই বিল্ডিংগুলি নূতন স্ট্রাকচারগুলি কলিকাতা শহরের উপর যা গড়ে উঠেছে, সেইসব বিল্ডিং, স্ট্রাকচারগুলির ভিতর যে গলদ আছে, দুর্নীতি আছে, তাকে যদি দূর করা না যায়, তাহলে রাস্তাগুলি এনক্রোচড হয়ে যাবে এবং ধীরে ধীরে কলিকাতা শহরের বুকের উপর এমনভাবে বাড়ি-ঘর গড়ে উঠবে যে রাস্তাগুলকে প্রশস্ত রাখার জায়গা সেখান থেকে অপসারিত হয়ে যাবে। তাই ক্যালকাটা কর্পোরেশনকে এ দিকটায় বিশেষ দৃষ্টি রাখতে হবে, তা না হলে ক্যালকাটা কর্পোরেশনের প্রকৃত উন্নতি করা সম্ভব হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন- বর্তমানে ক্যালকাটা কর্পোরেশনের ব্যাপার নিয়ে নানাভাবে, নানারকম কথা উঠেছে। আমরা শুনছি আমাদের দেশ স্বাধীন হয়ে গিয়েছে, সুতরাং দেশ যতদিন পরাধীন ছিল, ততদিন পর্যন্ত স্বায়ত্তশাসনের যে সংগঠনমূলক কাজ, তার একটা গুরুত্ব ছিল। দেশ যখন স্বাধীন হয়ে গিয়েছে, এখন এখানে যেসব স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি আছে, তাদের গুরুত্বও পূর্বের চেয়ে কমে গিয়েছে। আজকে বাংলাদেশের সরকার বা কেন্দ্রীয় সরকার যারা চালাচ্ছেন, তারাও জন-প্রতিনিধি, জনসাধারণ তাদের ভোট দিয়ে পাঠিয়েছে সুতরাং, সরকার যদি তাদের ভিতর হস্তক্ষেপ করেন, সরকারের ক্ষমতা যদি তার ভিতর বেশী থাকে, তাহলে সেটা অগণতান্ত্রিক হবে কেন? তাহলে সেখানে অসুবিধা সৃষ্টি হবার কি কারণ থাকতে পারে? আমরা বারবার তাদের কাছ থেকে এই যুক্তি শুনে থাকি। পরাধীনতার যুগে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিগুলি জাতীয়তাবাদের একটা উৎস ছিল এবং এর ভিতর দিয়ে জাতীয়তাবাদের বিরুদ্ধে আমাদের আন্দোলন এবং পরাধীনতার বিরুদ্ধে আমাদের আন্দোলনগুলি রূপ পেয়েছে, ও দানা বেঁধে উঠেছে। আজকে যখন দেশ স্বাধীন হয়েছে, স্বয়ত্বশাসন মূলক যে প্রতিষ্ঠানগুলি, তাদের হাতে যে ক্ষমতা রয়েছে, সেই ক্ষমতা আর তাদের হাতে রাখবার দরকার নেই। এই ক্ষমতা সরকারের হাতে চলে এলেই ঠিক ঠিকভাবে সেখানকার কার্যকলাপগুলি চলবে, এই কথা সরকার বলছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন দেশকে গড়ে তোলার জায়গায় আমরা আছি, দেশকে আমরা গড়ে তুলতে চলেছি, তা দেশকে গড়ে তুলতে গেলে, এখানে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি যা আছে, সেগুলিকে তত শক্তিশালী করতে পারবো তার হাতে যত বেশী ক্ষমতা, দিতে পারবো অর্থাৎ ক্ষমতাকে আমরা যত বিকেন্দ্রীকরণ করতে পারবো, ক্ষমতাকে এক জায়গায় না রেখে বিভিন্ন জায়গায় যত ছড়িয়ে দিতে পারবো তত আমাদের দেশে গণতন্ত্র, সেই গণতন্ত্র সাফল্যমণ্ডিত হবে।

মিঃ স্পীকার, স্যার, আমি সেইজন্য জোর দিয়ে এই কথাটি বলতে চাই যে কর্পোরেশনের সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত করে সরকার নিজের হাতে রাখবার জন্য চক্রান্ত করছেন। তাঁরা মুখেই ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলেন, সরকারের আসল উদ্দেশ্য বা টেণ্ডেন্সী হচ্ছে সমস্ত ক্ষমতা নিজের হাতে কুক্ষিগত করা। আমার বক্তব্য হচ্ছে আজকের যে গণতন্ত্র, যে নূতন গণতন্ত্রের যুগে আমরা পা দিয়েছি, সেই যুগে প্রয়োজন হচ্ছে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করা, তাদের হাতে সম্পূর্ণ ক্ষমতা দিয়ে দেওয়া, এবং সেই ক্ষমতাকে তারা যাতে ঠিক ঠিক ভাবে কার্যকরী করতে পারে, সেদিকে সমস্ত ব্যবস্থাগুলি করে দেওয়া দরকার। এটা স্বাভাবিক সেইভাবে দেশ গড়ে ওঠে, সমস্ত ক্ষমতা সরকারের হাতে কেন্দ্রীভূত করে রাখলে দেশ গড়ে উঠতে পারে না।

আজকে কলিকাতা কর্পোরেশন সম্পর্কে যেসব দুর্নীতি, অপচয়ের কথা উঠেছে, সেটার দায়িত্ব কাদের? কেন পারছেন না, সরকার এই দুর্নীতি অপচয়কে বন্ধ করতে? কেন সেখানে

তাঁরা শক্ত হাতে ধরতে পারছেন না? এইজন্য যে ঠিক এক দলের লোক দু-জায়গায় বসে আছে। যখন তারা কর্পোরেশনের গলদ সম্পর্কে কথা বলতে যান, কর্পোরেশনের দুর্নীতি সম্পর্কে কোন কথা বলতে যান, তখন সেখানে তাঁদেরই দলের কর্পোরেশনের কাউন্সিলাররা বলেন যে তোমাদের মন্ত্রী সভার ভিতর কি হচ্ছে? তোমাদের রাইটার্স বিল্ডিং-এ কি চলেছে? তোমাদের রাইটার্স বিল্ডিং-ত একটা দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। সেখানেতে ত কণ্ট্রাক্টর যারা, ঠিকাদার যারা, তারা ঐ বড় বড় গাড়ি করে ঘুরে বেড়ান। তারা বলেন তোমাদের রাইটার্স বিল্ডিং একটা দুর্নীতির আখড়া, আবার তোমরা কর্পোরেশনকে দুর্নীতির আখড়া বলছো? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে কথাটা জোর দিয়ে বলতে চাই, যে যদি কলিকাতা শহরে পৌরজীবন উন্নত দেখা দিতে হয়, যদি কলকাতা শহরের পৌরজীবনকে ঠিকভাবে সু-সংগঠিত করতে হয়, তাহলে সরকারের দৃষ্টিভঙ্গী বদলাতে হবে, যেভাবে কর্পোরেশনকে চালান হচ্ছে, সেইভাবে কর্পোরেশনকে না চালিয়ে, পুরাপুরি গণতান্ত্রিকভাবে কর্পোরেশনকে চালাতে হবে এবং সকল প্রকার দলীয় স্বার্থের উর্ধে কর্পোরেশনকে রাখতে হবে। একে দলীয় প্রতিষ্ঠান করে এবং ক্ষমতা কুক্ষিগত করে চালাবার প্রয়াস বন্ধ করতে হবে। দুর্নীতি এবং অপচয় যেন কর্পোরেশনকে স্পর্শ না করে, কর্পোরেশন যাতে কলিকাতার মানুষের জীবনের উন্নতি করতে পারে সেদিকে দৃষ্টি রেখে এই আইনের পুরাপুরি সংশোধন করা দরকার।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্পীকার মহোদয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল যখন মাননীয় শ্রীশৈলকুমার মুখার্জী মহাশয় এই হাউসের সামনে নিয়ে এসেছিলেন তখন তিনি হাউসকে একথাই জোর গলায় বোঝাবার চেষ্টা করেছিলেন যে তিনি এমন একটা বিল নিয়ে এসেছেন যাতে কর্পোরেশনের একটা আমূল পরিবর্তন হবে। তিনি শুধু একবার নয়, কয়েকবার এই কথাটা হাউসের কাছে খুব জোরের সঙ্গে বলেছিলেন যে কলকাতা কর্পোরেশনের যে পুরাতন ব্যবস্থা সেই ব্যবস্থাকে একেবারে নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে তিনি ঢেলে সেজে তৈরী করার জন্য একটা ব্যবস্থা করার চেষ্টা করছেন এবং সেই হিসাবে এই বিলটা নিয়ে এসেছেন। তাঁর কথা আমরা শুনেছিলাম এবং শৈলবাবু তখন যেভাবে গর্জন করেছিলেন সেই গর্জনে আমরাও খুব মুগ্ধ হয়ে গিয়েছিলাম। হয়ত কিছু একটা হবে, শৈল থেকে কিছু একটা আসবে এইরকম একটা আশঙ্কা ছিল কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল, যখন তিনি আমাদের কাছে এটা পেশ করলেন, শৈল থেকে শৈল হইতে মূষিক প্রসব করিলেন। তার কারণ তিনি যে কথাগুলি বলেছিলেন তার একটা কথাও এর মধ্যে নেই। তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন যে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ হবার পর আমি এমনভাবে একটি বিল নিয়ে আসবো যে কর্পোরেশনের আগেকার যেসমস্ত গলদ, আগেকার যেসমস্ত ত্রুটি, সমস্ত কিছু সেখান থেকে সরাবার ব্যবস্থা হবে। কিন্তু এখানে কি দেখা যাচ্ছে? সমস্ত বিলটা পড়লে দেখা যাবে যে তিনি দুটি ব্যবস্থা খুব পাকাপাকি করবার জন্য ব্যবস্থা করেছেন। একটি হচ্ছে যে ডুয়াল অথরিটি অর্থাৎ কর্পোরেশনের কমিশনার এবং কর্পোরেশনের কাউন্সিলার ও স্ট্যান্ডিং কমিটি। এই দুটি অথরিটিকে তিনি বজায় রেখেছেন এবং শুধু বজায় রাখেন নি এই ডুয়াল অথরিটির মধ্যে যে বিভিন্নভাবে ইদানিং কালে যে গণ্ডগোল চলছিল সেটাকে আরো ভালভাবে পোক্ত করে কমিশনারের হাতে আরো বেশী পাওয়ার দেবার চেষ্টা করছেন। এই একটা করেছেন, আর একটি করছেন যেটা খুব মেজর বলে তিনি এর আগে বলেছিলেন যে তিনি সুপারসেশন—যেটা হামেশাই ওরা করে থাকেন—সেই সুপারসেশনটা কত তাড়াতাড়ি এবং কত সুন্দরভাবে তাঁরা করতে পারেন এবং কোনরকম বার যাতে না হয় তারই জন্য একটা সেকশন নিয়ে এসেছেন। এই দুটি ছাড়া আর কি মেজর অ্যামেন্ডমেন্ট আছে আমি ত বুঝে উঠতে পারি না। এই দুটি জিনিসকে অ্যামেন্ডমেন্ট আকারে না নিয়ে এসে তাঁরা এমনি একটা করে দিতে পারতেন। তথাপি আমি শৈলবাবুকে আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই। তালুকদার কমিটি এবং বিশ্বাস কমিটি কর্পোরেশনের গলদ সম্বন্ধে বা তাঁদের যা রিপোর্ট দিয়েছিলেন তাতে তাঁরা অ্যাডমিনিস্ট্রেটিভ সাইডকে আলাদা করতে বলেছিলেন। কিন্তু তার মানে এই নয় যে অ্যাডমিনিস্ট্রেটিভ সাইডটা একেবারে একটা সভ্রেন হয়ে দাঁড়াবে। কিন্তু এখানে দেখা যাচ্ছে যে অ্যাডমিনিস্ট্রেটিভ সাইডের যিনি কর্ণধার হবেন, কমিশনার, তাঁকেই তিনি একেবারে সর্বময় কর্তা করে দিতে চাচ্ছেন। এখানে কোশ্চেন হচ্ছে যে গণতন্ত্রের যে মূল কথা সেই মূল কথা হচ্ছে যে গণতন্ত্রের পিপলের ভয়েস রিফ্লেক্ট হওয়া দরকার এবং পিপলস ভয়েস রিফ্লেক্ট হতে গেলে

এখানে যে রিপ্রেজেন্টেশন সেই রিপ্রেজেন্টেশনের একটা কর্তৃত্ব থাকা দরকার। আজকে এ বিলটা যদি পাশ হয় তাতে কি দেখা যাচ্ছে? পিপল তাদের যেসমস্ত প্রতিনিধি কর্পোরেশ পাঠাবে তাদের ভয়েস ঠিক ততটা জোরদার হবে না যতটা জোরদার হবে এই বিলে দেখা যা স্টেট গভর্নমেন্ট এবং তাঁর অ্যাপয়েন্টেড অথরিটি অর্থাৎ কমিশনার। আজকে আপনি চি করে দেখুন আপনিও কর্পোরেশনের মেয়র ছিলেন, কোন মেয়র তার কমিশনারের উপর ত কোন কর্তৃত্ব থাকবে না এইরকমভাবে কোন মেয়র থাকতে চাইবে কিনা তাতে আমার সন্দেহ হ তার কারণ এতে যেভাবে কমিশনারের পাওয়ার দেওয়া হচ্ছে তাতে সুস্পষ্টভাবে বোঝা যাচ্ছে কমিশনার যেন নিজেই একটা ইন্ডিপেন্ডেন্ট অথরিটি।

[3—3-10 p.m.]

প্রশ্নটা হল গণতান্ত্রিক ব্যবস্থায় যদি কমিটিদের কোন ভয়েস না থাকে তাহলে কমিটি নির্বাচ করবার জন্য ব্যবস্থা হচ্ছে কেন। আমাদের যে কনস্টিটিউসন তাকে ডিসেন্ট্রালাইজেশনের এক কথা আছে, এখন সেই ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেশন যদি আমরা স্বীকার করি তাহলে কমিটি দের যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁদের ব্যক্তিত্ব, তাঁদের যোগ্যতা সম্পর্কে সন্দেহ করবার কি কারণ থাকতে পারে? ও'রা তো ডেমোক্রেসীর নামে উচ্ছ্বসিত হয়ে উঠেন, কিন্তু ডেমোক্রেসী যে বেসিস সেই বেসিসকেই তাঁরা সমানভাবে প্রয়োগ করেন না। ক্যালকাটা কর্পোরেশন-এ দুর্নীতির কথা শৈলবাবু নিজেও বলেছেন, কংগ্রেসের তরফ থেকে আরো অনেকে বলেছেন কিন্তু সেই দুর্নীতি দূর করার জন্য রাজ্যসরকারের হাতে পাওয়ার দিয়ে দিলেই কি দুর্নীতি দূর হবে। তা যদি হয় আমি জিজ্ঞাসা করছি স্টেট গভর্নমেন্ট-এর দুর্নীতি সম্পর্কে যখ প্রশ্ন উঠে, অভিযোগ উঠে তখন কাকে পাওয়ার দেওয়া যাবে। স্টেট গভর্নমেন্ট-এর দুর্নীতি সম্বন্ধে প্রশ্ন উঠলে তার একটা পদ্ধতি আছে, সেক্ষেত্রে প্রেসিডেন্ট-এর এমারজেন্সী পাওয়ার প্রয়োগের একটা সেপারেট পদ্ধতি আছে। সেদিক থেকে আমি বলছি যে, আপনারা যদি সত্যিই ক্যালকাটা কর্পোরেশন-এ গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তন করতে চাইতেন তাহলে দুটো জিনিস আপনারা করতে পারতেন। প্রথমত, আপনারা [illegible] বা গ্রুপ অফ কাউন্সিলরস একটুখানি চেক দেবার জন্য রিকল-এর একটা ব্যবস্থা করতে পারতেন, দ্বিতীয়ত পাবলিক ওপিনিয়ন বুঝে যদি মনে হয় রিকল করা ঠিক হবে না তাহলে কর্পোরেশন-এ একটা রেফারেন্ডাম-এর ব্যবস্থা করতে পারতেন। আপনারা এই ডেমোক্র্যাটিক প্রসিডিওরগুলি প্রয়োগ করতে পারতেন, কিন্তু তা না করে আপনারা স্টেট গভর্নমেন্ট-এর হাতে ক্ষমতা নিচ্ছেন কেন সেটাই হচ্ছে কথা। দ্বিতীয় কথা হচ্ছে, ক্যালকাটা কর্পোরেশন-এ বর্তমানে যে জনতার চাপ আমি যতদূর জানি ১০ থেকে ১৫ লক্ষ লোক ডেইলি বাইরে থেকে ক্যালকাটা কর্পোরেশন এলাকায় আসে, এদের যাতায়াতের মধ্যে কর্পোরেশন-এর একটা দায়িত্ব থেকে যায়। কাজেই ক্যালকাটা কর্পোরেশনকে একটা স্থিতিশীল লোকসংখ্যার চেয়ে এক্সট্রা লোকের ঝুঁকি নিতে হয়, এজন্য যে পাওয়ার দেওয়া দরকার সেগুলি দেওয়া হয় নি। তারপর, নিয়মমাফিক ইনকাম-এর ব্যবস্থা ছাড়া নতুন কোন ইনকাম-এর ব্যবস্থা করা হয় নি। সুতরাং ক্যালকাটা কর্পোরেশন-এ যাঁরা যাবেন তাঁরা কি করে কার্যাদি সুষ্ঠুভাবে পালন করবেন? তারপর বস্তির কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্বাচনী এলেকায় বস্তি আছে, আপনি মাঝে মাঝে মিটিং করতে যান বস্তিতে, আপনি নিশ্চয়ই দেখে থাকবেন বর্ষার সময় বস্তির ছেলেরা নর্দমার মধ্যে খেলা করে, একটু বৃষ্টি হলেই নর্দমার জল ঘরের মধ্যে ঢুকে পড়ে। একটা অসহিষ্ণু অবস্থার মধ্যে লোকে আজকে বস্তির মধ্যে বাস করতে বাধ্য হচ্ছে। দেশ স্বাধীনতা লাভ করার পরেও আইন করে বাধ্য করা না হলে আজো আমাদের দেশে কিছু হয় না এটা বড়ই দুঃখদায়ক। তারপরের কথা হচ্ছে, নিখিলবাবু বলেছেন কতগুলি সি আই টি কোয়াটার্স হয়েছে। কিন্তু সেখানে বস্তির মানুষ কি করে যাবে? আমি একটা সি আই টি কোয়াটার্স-এ গিয়েছিলাম সেখানে দেখলাম মোটর হাঁকিয়ে সি আই টি কোয়াটার্স-এ আসছে। আমি কেয়ারটেকারকে জিজ্ঞাসা করলাম তাঁরা কি বস্তির লোক, তিনি কি বলেছেন সেটা সহজেই অনুমেয়। তারপর, কলকাতার ফুটপাথে দেখা যায় বহু লোক হাঁড়িকুড়ি নিয়ে সংসার করছে। স্যার লন্ডন কাউন্টি কাউন্সিল হোমলেসদের জন্য একটা বিরাট পরিকল্পনা নিয়েছেন, এজন্য তাঁরা প্রায় ৩ লক্ষ ঘর তৈরী করেছেন। আমি শৈলবাবুকে বলব হোমলেসদের ব্যাপারেও একটা

দায়িত্ব আছে কর্পোরেশন-এর সেখানে কি করবেন? তৃতীয় কথা, ক্যালকাটা কর্পোরেশন-এ যে দুর্নীতি আছে তার জন্য গণতন্ত্রকে দোষ দিয়ে লাভ নেই। দুর্নীতি আজকে সর্বব্যাপক হয়ে দাঁড়িয়েছে। ২ হাজার আন-অথরাইজড বিল্ডিং এক বছরের মধ্যে হয়েছে। সিমেন্ট কোথায় পেল? লোক কোথায় পেল? সিমেন্ট তো স্টেট গভর্নমেন্ট-এর কন্ট্রোল-এ। তাই আমি শৈলবাবুকে বলছি তিনি চিন্তা করে দেখুন নিউ অ্যাপ্রোচ আনতে পারেন কিনা। তা আপনি না পারলেও আমরা বিস্মিত হব না, কারণ আপনার এমন ব্যক্তিত্ব নাই যে ক্যালকাটা কর্পোরেশন-এ নতুন জিনিস, নতুন দৃষ্টিভঙ্গী আনতে পারেন। শেষকালে আমি বলছি এই বিলটা আবার জয়েন্ট সিলেক্ট কমিটিতে রেফার করা হোক।

[3-10—3-20 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir this important piece of legislation..........

শ্রীগণেশ ঘোষ: বাংলায় বলুন।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতা পৌর প্রতিষ্ঠান সংশোধন আইনের পরিবর্তনের দাবী বহুদিন থেকে নানাবিধ ক্ষেত্রে উপস্থিত করা হয়েছে, সামাজিক ক্ষেত্রে, প্রশাসনিক ক্ষেত্রে, রাজনৈতিক ক্ষেত্রে দাবী করেছে এবং প্রেস অ্যান্ড প্লাটফর্ম হ্যাড বিন ভোসিফ্‌র‍্যাস্‌। সকলেই বলেছেন কোলকাতা কর্পোরেশনের আমূল সংশোধন চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার মধ্যে যখন এই বিল উত্থাপিত হয় তখন বিরোধীদলের মাননীয় সদস্যদের বক্তৃতাগুলি আপনি যদি পড়েন তাহলে বুঝতে পাবেন তাঁরা সকলেইএক-বাক্যে বলেছেন কর্পোরেশন একটা আবর্জনার স্তূপ হয়ে দাঁড়িয়েছে কাজেই কর্পোরেশনের এই জঞ্জাল পরিস্কার করা দরকার। এখানে কেউ কেউ বলেছেন সেই উদ্দেশ্য নিয়ে আমি নাকি এই বিধানসভায় প্রতিশ্রুতি দিয়েছিলাম যে একটা কমপ্রিহেনসিভ বিল আনব। কমপ্রিহেনসিভ মানে যদি ব্যাপক হয় তাহলে বিচার করে দেখা যাক এই বিল ব্যাপক কিনা। এই বিলের সংশোধনী ধারায় কর্পোরেশনের জলেডোবা রাস্তা, রাস্তার অসংস্কারের কথা এবং বস্তীর অবস্থার কথা বলা হয়েছে। স্যার, কর্পোরেশনের আইন প্রসঙ্গে অনেক সদস্য সুরেন্দ্র ব্যানার্জী এবং দেশবন্ধুর উক্তি করেছেন। তাঁদের নির্মিত সুন্দর আইনের আমরা কি অবস্থা করেছি এই ইঙ্গিত অনেকে দিয়েছেন। আমি তাঁদের কথা স্বীকার করে নিচ্ছি। সুরেন্দ্রনাথ ব্যানার্জি এবং দেশবন্ধু চিত্তরঞ্জন যে আইন প্রণয়ন করেছেন—নাইনটিন টুয়ান্টি থ্রি অ্যাক্ট—তাতে এটুকু বলতে পারি ১৯৫১ সালে যখন এই আইনের পরিবর্তন হয় তখন পাবলিক হেলথ-এর উপরে যে ১৯০টি ধারা আছে সেগুলিকে আমি বলতে পারি ম্যাগনাকার্টা অফ দি ক্যালকাটা কর্পোরেশন। স্যার, কোন পৌর প্রতিষ্ঠান চালাতে গেলে তাঁর আদর্শগত দৃষ্টিভঙ্গী থাকবে এই ধারার উপরে। সেই ধারা—অর্থাৎ ২৬৬ থেকে ৫২৬ পর্যন্ত আমরা স্পর্শ করি নি। এই যে স্পর্শ করি নি তার কারণ হচ্ছে এই ধারাগুলি সমস্ত সভ্য দেশের এমন কি পাশ্চাত্য দেশের পৌর প্রতিষ্ঠানের আদর্শ অনুসারে গৃহীত। তার মধ্যে ইলেকট্রিক সাপ্লাই, কর্পোরেশনের জলের ব্যবস্থা, ড্রেনেজ স্কীম, লাইটিং এবং বস্তী ইমপ্রুভমেন্ট-এর কথা আছে। আমরা বিল্ডিং রুলস-এর কিছু পরিবর্তন করেছি, কিন্তু নানাবিধ কল্যাণমূলক কাজের কথা যেগুলি লিপি-বদ্ধ আছে সেগুলি আমরা টাচ করি নি। তারপর, অনেকে বলেছেন কর্পোরেশনের রাস্তায় যে জল জমে থাকে আইনের দ্বারা তার কেন ব্যবস্থা করা হয় না? আইন রয়েছে, সেকশন ৩০৩ এবং সেকশন ৩০৪—কর্পোরেশনের হাতে প্রভূত ক্ষমতা রয়েছে। তারপর, বস্তীর কথা বলা হয়েছে। বস্তীর জন্য একটা চ্যাপ্টার রয়েছে। গনেশবাবু বস্তীবাসীদের জন্য অশ্রু বিসর্জন করেছেন। সামনে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার আসছে তাই তাদের প্রতি সহানুভূতি জানান বিরোধীদলের কর্তব্য। যা হোক, আমি দেখলাম বস্তীর আইন তাঁরা পড়েন নি—৩৯৩ থেকে ৪১৬ ধারা বস্তী সম্বন্ধে রয়েছে। কিন্তু আজ পর্যন্ত ক্যালকাটা কর্পোরেশন তাকে প্রয়োগ করে নি। কিন্তু আমরা সেখানে কি করেছি? এতদিন স্ট্যান্ডিং কমিটি বলে কোন জিনিস ছিল না, আমরা সেখানে একটা বস্তী স্ট্যান্ডিং কমিটি করেছি এবং যেটা হচ্ছে আইনের মধ্যে অথ-রিটি। কর্পোরেশনের ৩টি অথরিটি হচ্ছে—কর্পোরেশন, স্ট্যান্ডিং কমিটি এবং কমিশনার।

বস্তী সম্বন্ধে আমি বলবো দুঃখের সঙ্গে ১৯৫১ সাল থেকে আজ পর্যন্ত কর্পোরেশনের কোন বাড়ি বিভাগ ছিল না, আজকে আমরা এই দায়িত্ব চাপিয়ে দিয়েছি যে পাঁচটি স্ট্যান্ডিং কমিটি তার মধ্যে। একটি হবে টাউন ইমপ্রুভমেন্ট-এর বস্তি স্ট্যান্ডিং কমিটি, তারা একটি অথরিটি ক্রিয়েট করবে। সুতরাং বস্তীবাসীর দিকে আমাদের দৃষ্টি নাই এই আলোচনার যে যুক্তি আমাদের বিরুদ্ধে তা খণ্ডন করতে চাই এই বলে। এর দ্বারা প্রমান হচ্ছে আমরা চাই নূতন কর্পোরেশন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারে কর্পোরেশন তাঁদের যে ক্ষমতা সেই ক্ষমতা তাঁরা প্রয়োগ করুন। একটা যুক্তি হতে পারে যে এই ক্ষমতাগুলি একেবারে ডিফিকালট, অসম্ভব। মেনে নিলাম স্ট্যান্ডার্ড প্ল্যান করা, কিন্তু সেটুকুতো প্রয়োগ করার চেষ্টা তো দরকার। আজকে এই বস্তী চ্যাপ্টার-এ স্ট্যান্ডার্ড প্ল্যান বিগত ১৪ বছরের মধ্যে কোন জায়গায় কি গ্রহণ করতে অসুবিধা হয়েছে বা সরকারের গোচরে এনেছেন যে আইনের অসুবিধার জন্য বস্তী উন্নয়ন করতে পারি না? তার দৃষ্টান্ত একটিও নাই। দ্বিতীয়ত আমরা জানি যে বস্তীর চ্যাপ্টারগুলি অসুবিধা ছিল এতে করা দীর্ঘ সময় সাপেক্ষ। আজকে আইনের দ্বারা কলকাতার তিন হাজার বস্তীর ৭ লক্ষ অধিবাসীকে বস্তীমুক্ত করতে হলে আইনের দ্বারা দ্রুত সম্ভব নয়। তিন বছর আগে স্লাম ইমপ্রুভমেণ্ট অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন অফ বস্তি ডুয়েলারস আপনারাই পাশ করেছেন এবং সেই আইন প্রয়োগ করা হচ্ছে, কতটুকু প্রয়োগ হয়েছে? এতে আমরা সন্তুষ্ট নই। স্লাম ইমপ্রুভমেণ্ট অ্যাক্ট-এ একটা পরিকল্পনা করে সেই অনুসারে কলকাতাকে বস্তীমুক্ত করতে ৫০ বছর থেকে ১০০ বছরের কম লাগবে না, আজকে এই অ্যাক্ট-এ বস্তীবাসীদের পয়েণ্ট এজন্য বলছি গণেশবাবু অত্যন্ত উষ্মার সঙ্গে, আবেগের সঙ্গে বলেছেন, খুব ঝাঝালো ভাষায় বলেছেন যে বস্তী সম্বন্ধে সরকারের একেবারে দৃষ্টি নাই, তা যদি হবে স্টেট গভর্নমেণ্ট প্রজেক্টস আণ্ডার দি স্লাম ইমপ্রুভমেণ্ট অ্যাক্ট কেন নিয়েছি, ৬টি বস্তীর নাম দিয়েছি, কাঁকুরগাছি বস্তী, রামকৃষ্ণ সমাধি রোড, গোপাল চ্যাটার্জি রো ইত্যাদিতে ৬৯,৮২০ টাকা মঞ্জুর হয়েছে, কাজ আরম্ভ হয়েছে, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ও বস্তি রি-হাউসিং স্কীম নিয়েছে, ১ কোটি ৮ লক্ষ টাকার, বস্তীর নম্বর ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১১-এতে ৯টা স্কীম যাতে সরকার টাকা দেবে সেটা হচ্ছে প্রজেক্ট ফর কনস্ট্রাকসন অফ স্লাম ইমপ্রুভমেন্ট অ্যাক্ট। সুতরাং এটা নেওয়া হচ্ছে এজন্যই যাতে কলকাতা সহর আবর্জনামুক্ত হয়, আশা করি এতে গনেশবাবু সন্তুষ্ট হবেন। আমি বিশ্বাস করি স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট দ্বারা কলকাতার উন্নতি করতে হলে দীর্ঘ দিন আমাদের অপেক্ষা করতে হবে। সেজন্যই বলছি নীতি আমরা গ্রহণ করেছি, নূতন আইন আসছে, রচনা হয়ে গেছে, তার নাম হচ্ছে স্লাম ইমপ্রুভমেণ্ট অ্যাক্ট, এই অবস্থায় বস্তীবাসীদের বাড়িতে রেখে তার মধ্যে কতটা উন্নতি করা যায় সরকার সেটা বিবেচনা করছেন, বস্তী সম্বন্ধে এই বললাম। আশা করি নূতন আইনে যে বস্তি স্ট্যান্ডিং কমিটি করেছি তারা যে অথরিটি ক্রিয়েট করে দিচ্ছে নূতন কর্পোরেশন সে বিষয়ে দৃষ্টি দেবেন এবং তাতে ফল হয়ত ভালই হবে।

[3-20—3-30 p.m.]

দ্বিতীয়ত, একটা সাধারণ মামুলী অভিযোগ করেছেন যে আমরা এই বিলে গণতন্ত্রকে হত্যা করে কমিশনারকে সর্বাধিনায়ক একটা ডেসপটিক অটোক্র্যাট তৈরি করেছি এবং রাইটার্স বিল্ডিংস এর একটা ডিপার্টমেন্ট স্বরূপ এই বিলকে আনবার চেষ্টা হয়েছে। এটা যে কতদূর ভ্রান্ত এবং মামুলী উক্তি করেছেন সেটা আমি কতকগুলি সেকসান আপনাদের সামনে উল্লেখ করে দেখিয়ে দিচ্ছি। আজকে দেখুন কর্পোরেশনের ক্ষমতা কোথায়। এই অ্যাক্টে আছে ৩টি অথরিটি কর্পোরেশান, স্ট্যান্ডিং কমিটি এবং কমিশনার। কর্পোরেশানের ক্ষমতা আছে সেকসান ২৪ এবং ২৫-এ। আমরা টাচ করি নি। কর্পোরেশানের যা ক্ষমতা আছে হুবহু তাই রাখা হয়েছে—সেই জায়গায় অ্যাডাল্ট ফ্রাঞ্চাইজের দ্বারা নির্বাচিত প্রতিনিধি হবে, কোন সংশোধন করা হয় নি—

Powers and safeguarding the duties and exercise of powers of the authority, sections 24 and 25.

সুতরাং এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন; কোন অধিকার খর্ব করা হয় নি নির্বাচিত প্রতিনিধিদের। তা যদি হত তাহলে এই দুটি সেকসানে অ্যামেন্ডমেন্ট আসত। তারপর

powers, duties, functions of Standing Committees sections 26 to 27 আমরা অ্যামেন্ডমেন্ট করি নি। কি অ্যামেন্ডমেন্ট করেছি শুনুন—যেখানে আছে কর্পোরেশান কি করে পরিচালনা করা হবে, স্ট্যান্ডিং কমিটি কি করে পরিচালনা করা হবে তার রুল তৈরি করবে কর্পোরেশান এটা সমস্ত নীতি অনুসারে অত্যন্ত অসামঞ্জস্যপূর্ণ; কেন না তিনটা অথরিটি, একজন অথরিটি আর একজন অথরিটিকে পরিচালনা করবে কোন জায়গায় নেই। সেখানে আমরা ওনলি কি পরিবর্তন করেছি—আমাদের বিশেষজ্ঞ কমিটি দেখিয়ে দিলেন যে একটা ডিসিসান হয়ে গেল, ২ বছর লাগে সেই ডিসিসান কার্যকরী করতে। একটা রুল তাঁরা করেছেন রেসিসান মোশান—৭ টু ৫-তে ৮ টু ৫-তে একটা ডিসিসান ক্যারেড হল, হয়ে ৩ জন মেম্বারের মত হল না, তারপর একটা রেসিসান মোশান দিলেন, দুই বছর সেই কাজ করা বন্ধ হয়ে গেল। এজন্য ডিলে হয়, কাজের দেরীর জন্য এই রুল মেকিং পাওয়ার গভর্নমেন্ট নিয়েছেন। তবুও গভর্নমেন্ট, সেকসান আছে দেখবেন, রুল তৈরি করবেন কর্পোরেশানের সঙ্গে পরামর্শ করে, তার ওপিনিয়ান গ্রহণ করে রুল তৈরি করতে হবে। সুতরাং কোথায় সরকার ক্ষমতা গ্রহণ করেছেন নিজের হাতে আমাকে দেখিয়ে দিন। সেকসানগুলি জেনারেলভাবে ডিসকাসান করে গেলেন। সিলেক্ট কমিটি এটাকে বহু বিবেচনা করে অনেক মনোনিবেশ করে বহুদিনের আকাঙ্খিত এই বিল এনেছেন। কোথায় আমরা ক্ষমতা হরণ করেছি? মাননীয় বিজয়বাবু অত্যন্ত উষ্মার সঙ্গে বলেছেন, উনি একজন প্রাক্তন মেয়র, বহু অভিজ্ঞতাসম্পন্ন ... আমি আশা করেছিলাম তাঁর কাছ থেকে একটা সেকসান পাব যেখানে আমরা ক্ষমতাকে হরণ করেছি এই বিলের মধ্যে। সেটা আমাকে দেখিয়ে দিন, আমি তার জবাব দেব। কিন্তু দেখাতে পারেন নি। কারণ, আমরা ক্ষমতা হরণ করি নি। তারপর থার্ড পাওয়ার হচ্ছে কমিশনারের। কমিশনারকে বলেছেন রাইটার্স বিল্ডিংস-এর একজন তাঁবেদার করেছি। কমিশনারের পাওয়ার তো নির্দিষ্ট আছে, সেকসানস ২৮ থেকে ২৯ পর্যন্ত। কোথায় করেছি, কোন সেকসানে করেছি দেখিয়ে দিন? কমিশনার সম্বন্ধে কি করা হয়েছে—যেখানে কমিশনার পাওয়ার ডেলিগেট করতে পারেন তাঁর নিম্নতম কর্মচারীর উপর সেখানে বলা হয়েছে পাওয়ার ডেলিগেট কর, আরো দুজন ক্ষমতাকে বেশী করে দাও—যেমন গরু ধরতে হবে, কমিশনারের সই না হলে ডেলিগেট করতে পারবেন, আমরা সেখানে বলেছি অ্যানিম্যাল ধরবার জন্য ছোট অফিসারকে ডেলিগেট করে দাও। বাড়ি ভাঙ্গছে ডেমোলিসান, কমিশনারের সই না হলে ডেমোলিসান বন্ধ হবে না, আমরা সেখানে বলেছি তাঁর নিম্নতম কর্মচারীকে ডেলিগেট করে দাও সেটা ক্ষমতা কেড়ে নেওয়া, ক্ষমতা বাড়িয়ে দেওয়া নয়। একজনও আমাকে একটা সেকসান দেখালেন না যেখানে আমরা ক্ষমতা হস্তান্তর করেছি। কমিশনারের পাওয়ার—যেখানে সমস্ত স্টাফের উপর তিনি কর্তা, তার ল্যাঙ্গোয়েজটা হচ্ছে—

all municipal officers and servants shall subordinate to the Commissioner. He is the Executive authority.

একথা অ্যাক্টে আছে সেটকে আমরা অ্যামপ্লিফাই করেছি

shall be subordinate to the Commissioner

এর অ্যামেন্ডমেন্টের সেকসানটা দেখুন, ক্লজ ২৮-এ কি বলা হয়েছে।

আপনারা অনেকেই বলেছেন যে বোম্বাইকে অনুকরণ করছেন না কেন, আবার যেখানে আমরা বোম্বাইকে অনুকরণ করেছি সেখানে বলছেন কমিশনারকে সবই দিচ্ছেন। এখানে বোম্বাইর ল্যাঙ্গোয়েজ দেয়া হয়েছে, বোম্বাইতে কমিটি নেই, কমিশনার ইজ অল ইন অল। আমরা এখানে কোন গণতান্ত্রিক অধিকারে হস্তক্ষেপ করি নি। এখানে বোম্বাইর ল্যাঙ্গোয়েজই আছে

All municipal officers and servants shall be subordinate to the Commissioner

এই অ্যাক্ট-এও আছে। এটাকে অ্যামপ্লিফাই করেছি কি—

"who shall prescribe the duties of, and exercise supervision and control over, such officers and servants."

এটা কি খারাপ কাজ করা হয়েছে। একজন কর্মচারী যদি মনে করেন যে ১০০ জন কাউন্সিলার আমার মনীব, প্রত্যেকেই হুকুম দিতে পারেন তাহলে কাজ ভাল চলে বলতে পারেন। কাজেই একজনকে দায়ী করতে হবে প্রশাসনিক ব্যবস্থার জন্য, সেটা পরিষ্কার ভাষায় কমিশনারকে করেছি। প্রত্যেকেই জানবে আমাকে পানিসমেন্ট দেবার অধিকার তার আছে, কিন্তু সেই শাস্তির বিরুদ্ধে আপীলেরও অধিকার আছে কাউন্সিলারদের কাছে। বোম্বের ল্যাংগোয়েজ হুবহু তুলে দিয়েছি

Commissioners may pass orders of suspension pending proceedings of ar order, etc.

একজাক্টলী বোম্বের মতই করেছি। সুতরাং আপনাদের যে অভিযোগ যে আমরা সমস্ত বিষয় গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করেছি এবং কমিশনারকে সর্বময় কর্তা করে রাইটার্স বিল্ডিংস-এর অ্যাসিস্ট্যান্ট করে দাঁড় করিয়েছি এটা সর্বৈব যুক্তির দ্বারা বলা হয় নি। কোন সেকসনেই তা করা হয় নি। এখন কথা হচ্ছে এখানে বললেন কম্প্রিহেনসিভ অ্যামেন্ডমেন্ড আনা উচিত, আজকে কি করা হয়েছে, অনেকেই বলেছেন যে শৈলবাবু বিলে এনেছেন সেইসমস্ত উদ্দেশ্য তিনি সিলেক্ট কমিটিতে বলেন নি। আমি স্বীকার করে নিচ্ছি কিন্তু কেন করেন নি

This is democracy, this is functioning of democracy.

হাউসের ৩৭ জন মেম্বার যদি অটোক্র্যাটিক হতাম তাহলে প্রভূত ভোটাধিক্য কংগ্রেসী সদস্যদের ছিল, অনেক কিছু করতে পারতাম কিন্তু তা করি নি, ফ্রি ডিসকাসান অ্যান্ড ডেলিবারেসনের মাধ্যমে সিলেক্ট কমিটিতে এই জিনিসটা হয়েছে, অনেক সংশোধনী প্রস্তাবও এসেছে। এতেই প্রমাণ হয় যে

we have kept our mind open

আমরা ভোটের দ্বারা সিলেক্ট কমিটির মুখ বন্ধ করি নি, আমরা ফ্রি ডিসকাসনের সুযোগ দিয়েছি। শৈলেনবাবু বললেন যে কিছুই করতে পারেন নি, কিন্তু সিলেক্ট কমিটির মেম্বাররাই তো জনসাধারণের হাতে অধিক ক্ষমতা আইনের দ্বারা দিতে চান নি সর্বসম্মতিক্রমে। আজ উলটো চাপ দিলে তো হবে না যে আমরা গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করেছি। সুতরাং সিলেক্ট কমিটির ডিসিসান হচ্ছে গণতান্ত্রিক ডিসিসান, সেই গণতান্ত্রিক ডিসিসানই আজ আপনাদের সামনে এসেছে বিশদ আলোচনার পর। তারপরে দেখা যাক্ ফাইন্যান্স, স্ট্যান্ডিং কমিটির পাওয়ার কেন আমরা ৯টা স্ট্যান্ডিং কমিটি থেকে ৫ স্ট্যান্ডিং কমিটি করেছি। বোম্বেতে ১টা দিল্লীতে ৪টা, মাদ্রাজে ৪টা। এই ৯টা কমিটির প্রয়োজন নেই, কাজের ডিলে হয়। বিশেষজ্ঞ কমিটি বলেছেন তালুকদার কমিটি বলেছেন যে স্ট্যান্ডিং কমিটিগুলির ডিসিসানগুলি কর্পোরেসনে যেতে কাজ দেরী হয়। সেজন্য যে কটি স্ট্যান্ডিং কমিটির প্রয়োজন সে কটি করেছি। যেমন মার্কেট ইউটিলিটি অ্যান্ড পাবলিক কমিটি, মার্কেটে লাইসেন্স দেবে, নীতির কি আছে, কর্পোরেসনের ডিসিসানের দরকার নেই। এজন্য ছোট করে ৫টি কমিটি করা হয়েছে এবং তাদের ক্ষমতা বাড়িয়ে দেয়া হয়েছে। স্ট্যান্ডিং কমিটিগুলির ক্ষমতা যা ছিল সেটা ৫০ হাজার পর্যন্ত করে দেয়া হয়েছে, কমিশনারের ক্ষমতা ৫ হাজার ছিল ২৫ করা হয়েছে, কিন্তু ৫ হাজারের উপর হলে ফাইন্যানসিয়াল অ্যাডভাইসারের যে পোস্ট ক্রিয়েট করা হয়েছে, ফাইন্যান্স কমিটির মত নিয়ে করবে এবং এটা কাজের সুবিধার জন্য করা হয়েছে। ১৯৫১ সালে যে জিনিসের ছিল ৫ হাজার আজ আপনারা সকলেই জানেন সেই এমারজেন্সীর সময় ৫ হাজার টাকা যা খরচ করার ক্ষমতা ছিল, ১৫ হাজার টাকা করা হয়েছে। বিপদের সময় দ্রুত কাজ করতে হলে ক্যালকাটা কর্পোরেশন যার সাড়ে পাঁচ ছয় কোটি টাকা আয় তার ১৫ হাজার এমারজেন্সীর সময় মিটিং না করে খরচ করবার ক্ষমতা থাকবে না, সেজন্য আইনে এই ক্ষমতা দেয়া হয়েছে। দ্বিতীয়ত, বরো কমিটি সম্বন্ধে অনেকেই বলেছেন, তাঁরা বোধ হয় আইনটা পড়ে দেখেন নি। বরো কমিটি ইজ এ স্ট্যান্ডিং কমিটি—বরো কমিটি ইজ অ্যান অথরিটি—কিন্তু রুল মেকিং পাওয়ারে কর্পোরেশান রুল করেছেন, তাদের অধিকার খর্ব করে রেখেছেন, সেজন্য

গভর্নমেন্ট রুল মেকিং পাওয়ারটা নিয়েছেন, দরকারের সময় বরো কমিটির কাছে অধিকতর ক্ষমতা দেয়া যেতে পারে এই রুল মেকিং পাওয়ারের দ্বারা। সুতরাং

[3-30—3-40 p.m.]

আজকে আমূল পরিবর্তনের কথা আসে না, অর্থাৎ আপনারা যেটা বলছেন বৈপ্লবিক পরিবর্তন। এখানে মোট পরিবর্তন হচ্ছে যে, আমরা প্রশাসনিক ব্যবস্থার উন্নতি করবার চেষ্টা করছি। কর্পোরেশন এবং স্ট্যান্ডিং কমিটি যা সিদ্ধান্ত করবেন, সেটাকে দ্রুত যাতে কমিশনার, যিনি অথরিটি, কাজে পরিণত করতে পারেন কলিকাতাবাসীর কল্যাণের জন্য সেই ব্যবস্থা এখানে করা হয়েছে। সেদিক থেকে আমরা আশা করব যে, এই কর্পোরেশনের ক্রিয়ার ডিক্লারেশন যদি কর্মচারীরা জানেন যে, তাদের হুকুম দেবার মালিক একশ' জন কাউন্সিলার নয়, তাদের মালিক একজন কমিশনার। তাদের শাস্তি দেবার, তাদের অপরাধ গ্রহণ করবার, তাদের সাজা দেবার সম্পূর্ণ ক্ষমতা কমিশনারের। কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হবে বলেই, এই প্রভিশনগুলি করা হয়েছে বোম্বে বা অন্য প্রদেশের অনুকরণে।

তা ছাড়া ফাইনান্সিয়াল পাওয়ার এমন কিছু বাড়ানো হয় নি, স্ট্যান্ডিং কমিটিকে বলেছি এক লাখ পর্যন্ত, কমিশনারের পাঁচ হাজার থেকে পঞ্চাশ হাজার পর্যন্ত

Subject to the approval of the Finance Member.

দ্বিতীয়ত, আপনারা এখানে একটা কথা তুলেছেন যে, কেন স্ট্যান্ডিং কমিটিগুলোকেও প্রোপরশন্যাল রিপ্রেজেন্টেশন দেওয়া হল না? এটা নীতিগত কথা। প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন আগে ছিল না। আমরা যে এস্টিমেট কমিটি এবং অ্যাকাউন্টস কমিটি করেছি, সে সম্বন্ধে গণেশবাবু অভিনন্দন জানিয়েছেন এবং বলেছেন যে, অন্তত একটি ভাল কাজ আমরা করেছি। ঠিক। কিন্তু, এই এস্টিমেট কমিটি এবং অ্যাকাউন্টস কমিটি, এগুলি হচ্ছে পলিসি মেকিং বডি, তারা এক্সিকিউটিভ বডি নয়। সুতরাং সেখানে প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন-এর নীতি দিয়েছি সব দলের। কিন্তু স্ট্যান্ডিং কমিটিগুলি অথরিটি। তাদের চার বছর অন্তর ছিল, সেটা বছর বছর করেছি। তারা ঠিকমত কাজ করবে, ডিসিশন দেবে, এক্সিকিউশন করবে। পলিসি-মেকিং সিম্পল নয়, সেখানে সে অথরিটেটিভ বডি। আজকে মনে করুন, বিধানসভার যে কেবিনেট ফরমেশন, সেখানে কি প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন চলে? তেমনি আজকে কর্পোরেশনে যাঁরা এক্সিকিউটিভ অ্যাকশন নেবেন, অর্থাৎ ঐ স্ট্যান্ডিং কমিটি, সেখানে তাদের যদি আপনারা প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন দেন, তা হতে তাতে ঝগড়াই হবে, কাজ হবে না। কিন্তু বিরোধী দল যদি কর্পোরেশনে থাকেন, তাঁদের কর্পোরেশনের অন্যান্য দলের সঙ্গে সামঞ্জস্য করে যাতে কাজ করতে পারেন, সেই কনভেনশন আমাদের এস্টাব্লিশ করতে হবে ভবিষ্যতে।

তারপর বস্তি সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। বিশেষ করে সেখানকার জল, আলো, হাওয়ার কথা। কিন্তু আপনারা যদি সেকশন ২৫০টি দেখেন, তাহলে বুঝতে পারবেন, আমরা কি রকম ব্যবস্থা করেছি। এই সেকশনকে অ্যামেন্ড করে আমরা দুটো ব্যবস্থা করেছি। আগে ঐ বস্তিতে কোন বাড়িতে জলের কল নিয়ে যাওয়া যেত না, এখন জলের কল বাড়িতে নিয়ে যেতে পারা যায়। আগে সেই ক্ষমতা ছিল না, এখন ক্ষমতা দেওয়া হয়েছে, সেটি আমরা অ্যামেন্ডমেন্টে পরিবর্তন করেছি। আর একটি ক্ষমতা ছিল না, আপনার বস্তিতে সার্ভিস প্রিভিতে স্যানিটারি কানেকসন নিয়ে যাওয়ার বাধা ছিল, তার প্রভিসন আমরা করেছি, আর বাধা থাকবে না। এই ২৫০টি সেকশন-এর মধ্যে দুটি সেকশন, বস্তিবাসীর কল্যাণের প্রতি বিশেষ দৃষ্টি রেখে করা হয়েছে। অনেকে বলেছেন যে, বস্তিতে টিউবওয়েল, জলের কল নিয়ে যাওয়া দুঃসাধ্য, বস্তির মালিকরা কর্পোরেশনকে সেই ক্ষমতা দিচ্ছেন না। এই প্রসঙ্গে আমি এখানে একটি সত্য ঘটনার কথা বলি। তখন আমি স্বায়ত্তশাসনের মন্ত্রী, এই ঝগড়ার সম্মুখীন আমাকে হতে হয়েছিল। কলেরা এপিডেমিক-এর সময় কর্পোরেশনকে আমি বলেছিলাম, আজকে দেখতে চাই, কলিকাতা শহরের বস্তির মালিক, বস্তিতে জল সরবরাহের সময় কিভাবে বাধা দেন? যেখানে কর্পোরেশন জল দিতে যাচ্ছে, সেই বস্তিতে মালিক আছে, সেখানে সে কিভাবে বাধা সৃষ্টি করে, এটা পরীক্ষা করে দেখতে চাই। এমন কোন মালিক আছে কিনা, যে বাধা দেবে এবং বলেছিলাম যে, যদি আপনারা মালিকের কাছ থেকে কোনপ্রকার বাধা পান, আমরা সরকার হেল্প করব, ওয়েস্ট

বেঙ্গল রিকুইজিশন অ্যাক্টএ তার জমি আমরা তিন দিনের মধ্যে অ্যাকোয়ার করে দেব আপনাদে আপনারা কাজ করুন, বাধা পাবেন না, আমি বলছি। আমরা নিজের খরচায় গভর্নমেন্টের পাবলি হেল্থ ডিপার্টমেন্ট থেকে ১৫০টি টিউবওয়েল বস্তির মধ্যে স্থাপন করলাম এবং সংগে সং কর্পোরেশনকে বললাম আপনারাও আমাদের সংগে আরও ১৫০টি টিউবওয়েল করুন।

আপনারা নিশ্চয় জানেন যে, গত বৎসর কলেরার সময় ৪০০টি টিউবওয়েল কলিকাতার ব অণ্ডলে করা হয়েছে। এই ৪০০টির মধ্যে একটি জায়গায়ও বস্তির মালিকের কাছ থেকে কে আপত্তি পাওয়া যায় নি।

সুতরাং সদিচ্ছা থাকলে, সেই উদ্দেশ্য নিয়ে বস্তির মধ্যে কল্যাণকর কাজ করবার কো অসুবিধা নেই। তাই এখানে প্রশাসনিক ব্যবস্থার উন্নতির জন্য, এই আইনের কয়েকটি সেকশন-এ মাধ্যমে ব্যবস্থা করা হয়েছে। আর অধিকাংশই সেকশন হচ্ছে যা তাঁরা চেয়েছিলেন। অর্থাৎ যাত তাঁদের কিছু কিছু আয়ের ব্যবস্থা হয়। কর্পোরেশন যা চেয়েছিল, সেসমস্তগুলি আমরা গ্রহ করেছি। আর কতকগুলি করা হয়েছে যা কোর্টের জাজমেন্ট-এর উপর ল্যাকুনা ছিল, যার জ কর্পোরেশনের প্রায় দশ-পনের লক্ষ টাকা আয় বাড়বে। এইগুলি আমরা গ্রহণ করেছি।

আর একটা মস্ত বড় প্রশ্ন আছে, সেটা বলেই আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে বস্তি অ্যাসেসমেন্ট সম্বন্ধে, কর নির্ধারণ ও কর সংগ্রহ সম্বন্ধে। বস্তির অ্যাসেসমেন্ট সম্বন্ধে কে সরকার কাজ করেন নি, ভ্যালুয়েশন করেন নি। আপনারা যদি ভ্যালুয়েশন সেকশনটি দেখে তা হলে দেখবেন যে, করবার কিছু নেই, এটা কর্পোরেশনের দায়িত্ব। কর্পোরেশন মনে কর এটা তো কমিয়ে দিতে পারেন। আমরা বলেছি নিম্নতম হচ্ছে ১৫ হাজার, তা এক্সিড কর না। ১০ হাজার থেকে ১৫ হাজার করা সেটা কর্পোরেশনের ইচ্ছার উপর, গভর্নমেন্টের আই প্রণয়নের উপর নির্ভর করবে না। সুতরাং যদি তাঁরা মনে করেন, তাঁরা করতে পারেন। কিন তাঁরা করেন না, কারণ তাতে বিরাট অর্থসম্পত্তির ক্ষতি হবে। এটা অনেকে তুলনা করেছে বলেছেন আমরা অ্যাসেসমেন্ট পলিসি, সমগ্র অ্যাসেসমেন্ট পলিসি পরিবর্তন করি নি। কেন ক নি? আজ নূতন কর্পোরেশন আসছে। আজ অ্যাডাল্ট ফ্রানচাইজে কর্পোরেশনের কাঠাম সম্পূর্ণ বদলে যাচ্ছে, অ্যাসেসমেন্ট, ভ্যালুয়েশন, ট্যাক্সেশন পলিসি আমরা নূতন কর্পোরেশন অ্যান্টিসিপেট করে আইনের দ্বারা তাদের উপর চাপিয়ে দিতে চাই না। আমরা চেয়েছি নূত কর্পোরেশন যদি মনে করেন তার কর নির্ধারণ নীতি, তার কর সংগ্রহের নীতি, তার ভ্যালুয়েশ নীতি, তার বস্তি অ্যাসেসমেন্ট নীতির পরিবর্তন করবেন তাহলে করতে পারেন। অনেক বলেছেন, নরেনবাবু বলেছেন যে, বস্তির অ্যাসেসমেন্ট ইনডিভিজুয়াল হাটের উপর কেন হবে না এ বিষয় দীর্ঘ আলোচনা হয়েছে। এতে কার সুবিধা হবে জানেন? বস্তির মালিকের সুবিধ হবে। আজ বস্তির মধ্যে তিন রকম মালিক আছে—হাট ওনার, হাট অকুপায়ার, তার নি জমির মালিক। আজকে ফ্লোটিং পপুলেশন হচ্ছে অকুপায়াররা, গরিব যারা সবচেয়ে। আজক যদি সেই হাটের অ্যাসেসমেন্ট করেন, কারা বেনিফিটেড হবে? তারাই হবে এবং কর্পোরেশনের ক্ষতি হবে। আজকে সমস্ত বস্তিটাকে ওয়ান ইউনিট ধরে কর্পোরেশন আদায় করেন একজনে কাছ থেকে এবং আদায়ের সুবিধা আছে এবং তার জন্য দু পারসেন্ট রিবেট পান। এ বিষয় আমরা তো না করি নি। এটা তো আমরা রেখে দিয়েছি। নূতন যে কর্পোরেশন হবে অ্যাডাল্ট ফ্রানচাইজে তাঁরা সে নীতি গ্রহণ করতে পারবেন। আর একটা বক্তব্য বলে আমার বক্তব্য শে করব। অনেকেই বোম্বের সংগে তুলনা করেছেন নানাবিধভাবে। এবং বলেছেন, কেন আমর বোম্বের মত টাকা সাহায্য করতে পারি না। মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি যে বোম্বে আমাদের চেয়ে আয়তনে কম, লোকসংখ্যা কম কিন্তু বোম্বে কর্পোরেশনের ট্যাক্স আদা হয় ১২ কোটি ৫২ লক্ষ টাকা, আর আমাদের আয় হল ৫ কোটি ৩৭ লক্ষ টাকা। বোম্বের ট্যাক্সেশন কনসোলিডেটেড ম্যাক্সিমাম ২৯ পার্সেন্ট আমাদের ১৫ থেকে আরম্ভ করে ২৩ পার্সেন্ট। বোম্বে কর্পোরেশন এডুকেশন সেস লেভি করে ৫০ লক্ষ টাকা আদায় করেন তাই ৫০ লক্ষ টাকা বোম্বে গভর্নমেন্ট তাঁকে দেন। বোম্বে গভর্নমেন্টের মোট গ্রান্ট হচ্ছে ৪৮ লক্ষ টাকা শুধু এডুকেশন সেসে, আর বেঙ্গল গভর্নমেন্ট কর্পোরেশনকে শুধু দান দিচ্ছেন এক কোটি দশ লক্ষ টাকা—ডিয়ারনেস অ্যালাউয়্যান্সের জন্য এক কোটি এবং মোটর ভেহিকল ট্যাক্স-এর জন্য বাদবাকি। সুতরাং বোম্বের চেয়ে কর্পোরেশনের আদায় অর্ধেক, কিন্তু

কর্পোরেশনকে দান করেন পশ্চিমবঙ্গ সরকার বোম্বের ডবলেরও উপর। সুতরাং এই অভিযোগ যদি করেন তাহলে আমরা কি করি। বোম্বেতে অ্যামিউজমেণ্ট ট্যাক্সের শেয়ার দেয় না, বোম্বে কর্পোরেশন নিজে তার থিয়েটার হাউসের উপর ট্যাক্স বসিয়েছেন। করতে পারেন এ'রা, আমরা সে সমস্ত সরকারের আইনের দ্বারা করতে পারি না।

শ্রীনিখিল দাস: বোম্বে বাস সার্ভিস থেকে টাকা পায়।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: হ্যাঁ, হোল্ডিং ট্যাক্স পায় ৫০ লক্ষ টাকা। ১২ কোটি টাকার মধ্যে ১ কোটি টাকা বাদ দিলেও থাকে ১১ কোটি টাকা, সুতরাং ও তুলনা করবেন না। নিজেরা দেখুন, আমরা কতটা পিছিয়ে পড়ে আছি। বোম্বে কর্পোরেশনের নামগুলি বলে দিই। জেনারেল ভ্যালু ২১ পার্সেণ্ট, ওয়াটার ট্যাক্স আলাদা নেয়, দেয়ার ইজ এ সেপারেট বডি, বোম্বেতে আছে আমাদের নেই। ওয়াটার ট্যাক্সে তাঁরা পান ২ কোটি ৭১ লক্ষ টাকা। জল বিক্রি করেন বোম্বে, আজ আমরা এখানে তা করি না।

[3-40—3-50 p.m.]

তারপরে কনজারভেন্সি ট্যাক্স ফাইভ পারসেণ্ট, তারপরে রেটেবল ফায়ার ট্যাক্স ওয়ান পারসেণ্ট, তারপরে এডুকেশন ট্যাক্স ওয়ান অ্যান্ড হাফ পারসেণ্ট রেটেবল ভ্যালু তাইতে তাঁরা ৪৯ লক্ষ টাকা পান। তারপরে

Theatre tax, tax on dog, wheel tax including tax on motor vehicles

৪৯ লক্ষ টাকা। সত্যি কথা মোটর ভেহিকলস ট্যাক্স এখানে পশ্চিমবঙ্গ সরকার পূরণ করে কর্পোরেশনকে দশ লক্ষ টাকা দিই—দরকার হলে আরও বাড়াব। এই বছর যেমন চার লক্ষ থেকে দশ লক্ষ বাড়িয়েছেন। আমরা আশা করি মিউনিসিপ্যালিটিকে দু লক্ষ থেকে চব্বিশ লক্ষ করা হয়েছে এবং প্রয়োজন হলে আরও বাড়াব। সেইজন্য আমি এই কথাই বলছিলাম যে, এটা ঠিক নয় যে, আমরা দরিদ্রদের উপর করভার চাপিয়ে বোম্বের মত করছি না। বোম্বে অনেক টাকা সাহায্য করছে, এটা ঠিক নয়। বোম্বে তার নিজের চেষ্টায় বোম্বে কর্পোরেশন তার আর্থিক সম্পত্তি বাড়িয়েছে। আজকে আমরাও যদি সেই আর্থিক সম্পত্তি বাড়াতে পারি নিশ্চয়ই আমরা তা করব। আমি আশা করব যে, নতুন কর্পোরেশন নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে এই যে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে হবে তারা যখন তাদের এই আইনের দ্বারা ক্ষমতার দ্বারা কর্পোরেশন কলিকাতার সমস্ত রূপ পরিবর্তন করতে সমর্থ হবেন।

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: Clause 40 তে অ্যাসোসিয়েশন মেম্বার-এর ব্যাপারে কি করলেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: এই সিলেক্ট কমিটি বহু আলোচনা গবেষণার পর যে বিল উত্থাপিত করেছেন, আমি সেটা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর নিরঞ্জনবাবু যা বললেন সেটা সিলেক্ট কমিটি বিবেচনা করেছেন।

The motion that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, be circulated for eliciting public opinion was then put and lost

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Calcutta Municipal (Second Ambendment) Bill 1963, as reported by the Joint Committee be taken into consideration was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjurnment]

[4-5—4-15 p.m.]

শ্রীভবানী মুখোপাধ্যায়: আমার আজকে যে ওরাল কোয়েশ্চেন ছিল লাইব্রেরীর টেবিলে গিয়ে দেখলাম তার কোন রিপ্লাই দেওয়া হয় নি।

মিঃ স্পীকার: আচ্ছা আমি দেখব।

Clause 1

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that in sub-clause (1) of clause 1 of the Bill as reported by the Joint Committee, for the words and figures "the Calcutta Municipal (Second Amendment) Act, 1963", the words and figures "the Calcutta Municipal (Second Amendment) Act, 1964" be substituted.

Shri Nikhil Das: Sir, if it is the Calcutta Municipal (Second Amendment) Act, 1964, then the Bill cannot be the Second Amendment Bill, 1963 because it is the previous Bill.

The motion of Shri Saila Kumar Mukherjee that in sub-clause (1) of clause 1 of the Bill as reported by the Joint Committee, for the words and figures "the Calcutta Municipal (Second Amendment) Act, 1963", the words and figures "the Calcutta Municipal (Second Amendment) Act, 1964", be substituted, was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Amendments to clauses omitted by Joint Committee are out of order.

Mr. Speaker: Clauses 3 to 8 have been omitted by the Joint Committee and therefore the amendment No. 16 of Shri Nikhil Das on clause 6 is out of order.

শ্রীনিখিল দাস: আমার অ্যামেণ্ডমেণ্টটা আউট অফ অর্ডার হল কেন স্যার ?

Mr. Speaker: Because all the main clauses have been taken out by the Joint Committee. Clauses 3 to 8 of the original Bill have been deleted by the Joint Committee. Therefore, how can amendment on clause 6 remain there?

শ্রীনিখিল দাস: এই দুটো বিলই তো হাউসের প্রপার্টি।

মিঃ স্পীকার: না, এই দুটো বিলই হাউসের প্রপার্টি নয়, বিল অ্যাজ রিপোর্টেড হাউসের প্রপার্টি। মোশানটা মুভ হয়েছে।

The motion is that the Bill as reported by the Committee be taken into consideration.

Clause 9

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 9, in proposed section 13A, for clause (a), the following be substituted:

"(a) an honorarium of Rs. 200, and".

স্যার, যেখানে অনোরারিয়াম ফিক্স করা হয়েছে ১০০ টাকা, আর তাদের জন্য বলা হয়েছে ৫০ টাকা অ্যালাউয়্যান্স পাবেন মিটিং থেকে। সেখানে আমি অনোরারিয়াম বলেছি ২০০ টাকা in addition to what they will get as allowance for attending meetings.
আমি বলছিলাম এতে যুক্তি দেবার কিছু নেই, আজকের দিনে ১০০ টাকা অনোরারিয়াম ফিক্স করা এটা খুব একটা প্যালট্রি সাম হয়ে যায়। সেটাকে খুব রিজনেবল করতে গেলে যেমন অ্যাসেমব্লিতে—সবই তো মধ্যবিত্ত ঘরের—সুতরাং এটা একটা রিজনেবল সাম হওয়া উচিত। এটাতে খুব একটা ড্রেন হবে না অথচ একটা ভাল সাম হবে যেটাতে হয়ত তাদের সামান্য কম্পেনসেশন হবে। সেটা একটু ভেবে-চিন্তে ফিক্স করুন। শুধু জিদ করবেন যে, ১০০ টাকা বলেছি সেটাই রাখব তা না করে যেটা যুক্তিযুক্ত হয় তাই করুন। আমি বলি বর্তমান অবস্থায় ২০০ টাকা হওয়া ভাল, তারপর যদি অ্যালাউন্স হয় তাহলে ভাল হবে। এটা ঠিক করে দিন।

শ্রীহেমন্তকুমার বসু: মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রস্তাব সমর্থন করি। আগে যাঁরা কর্পোরেশনে আসতেন তাঁরা বেশির ভাগই ছিলেন বিত্তশালী লোক, কিন্তু এখন অ্যাডাল্ট ফ্রাঞ্চাইজের মাধ্যমে যাঁরা আসবেন তাঁরা সাধারণত দরিদ্র এবং মধ্যবিত্ত সম্প্রদায়ের মধ্য থেকেই আসবেন। তাছাড়া আমরা যে কাজ করি তাতে আমরা বছরে তিন-চার মাস কাজ করি, কিন্তু কর্পোরেশনএ যে কাজ হয় তাতে দেখছি তাঁদের প্রত্যেক সপ্তাহে মিটিং হয়, তাছাড়া স্ট্যান্ডিং কমিটি আছে এবং রেটপেয়ার্সদের নানা কাজ তাঁদের করতে হয়। কাজেই দেখা যাচ্ছে আমাদের চেয়ে তাঁদের কাজের চাপ বেশি এবং তাঁদের নানা জায়গায় যেতে হয়, বস্তীতে যেতে হয়, ইন্সপেকশন করতে হয়। আমরা যেখানে বছরে তিন-চার মাস কাজ করি তাঁদের সেখানে থ্রু আউট দি ইয়ার কাজ করতে হয়। কাজেই আমার মনে হয় আজকাল যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে তাতে এই ১০০ টাকা এবং ৫০ টাকা অ্যালাউয়্যান্স দেওয়ার চেয়ে না দেওয়া ভাল। যদি মান্থলি ২০০ টাকা করা হয় তাহলে তাঁদের কিছুটা সাশ্রয় হতে পারে এবং সেদিক থেকে শৈলবাবুকে বলছি, আবেদন করছি ১০০ টাকা এই যা দিলেন তাতে তাঁদের কোন উপকার হবে না, কাজেই ২০০ টাকা করুন এবং এটা করলে তাঁদের কিছু সাশ্রয় হবে। এই কথা বলে আমি গণেশবাবুর প্রস্তাব সমর্থন করছি।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত বিবেচনা করে এটা করা হয়েছে এবং এটা কোন স্যালারি বা সংসার চালাবার জন্য নয়—এটা হচ্ছে অনারারিয়াম। বোম্বে, দিল্লী এবং আমেদাবাদের সঙ্গে তুলনামূলকভাবে এটা করেছি এবং সম্মানের জন্য এটা করেছি। ১২ জন সদস্যসংখ্যা বাড়িয়ে স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে যাতে সকলের একটা না একটা স্ট্যান্ডিং কমিটিতে স্থান হবে। কাজেই ১৫০ টাকা করে প্রত্যেকেই পাবেন। বিধান-সভার সঙ্গে তুলনা করলে এ্যানালজি থাকে না। এখানে বিভিন্ন স্থানের মাননীয় সদস্যেরা তাঁদের জেলা ছেড়ে এখানে আসেন এবং এখানে বাস করেন। এটাকে পারিশ্রমিক বললে ভুল করা হবে—এটা অনারারিয়াম। এতে দায়িত্ব বাড়ে, সম্মান বাড়ে কাজেই আশা করি এটা আপনারা গ্রহণ করবেন।

The motion of Shri Ganesh Ghosh that in clause 9, in proposed section 13A, for clause (a), the following be substituted:

"(a) an honorarium of Rs. 200, and",

was then put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Claues 10

Shri Nikhil Das: Sir, I move that in clause 10(a), line 1, for the words "for clauses (i) to (ix)" the words "for clauses (i) to (vii)" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের আগের আইনে ছিল ৯টি স্ট্যান্ডিং কমিটি, কিন্তু এখন সেটাকে কমিয়ে ৫টি স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে। আমি আমার অ্যামেন্ডমেন্ট-এ বলেছি ওয়ান টু সেভেন যে স্ট্যান্ডিং কমিটি আগে ছিল সেটা থাক এবং ৯টা থাক। অর্থাৎ ৯টি স্ট্যান্ডিং কমিটি করা হোক—এডুকেশন, অ্যাকাউন্টস, ট্যাক্সেশন অ্যান্ড ফাইনান্স, হেল্‌থ, টাউন প্ল্যানিং, ওয়ার্ডস, বিল্ডিং অ্যান্ড ওয়াটার সাপ্লাই এগুলি বাড়িয়ে দিতে বলেছি। ফার্স্ট রিডিং-এর উত্তর দিতে গিয়ে মন্ত্রিমহাশয় বললেন স্ট্যান্ডিং কমিটি বেশি হলে কাজ করতে দেরি হয়, এবং সেইজন্য সংখ্যা কমিয়ে দিচ্ছি—তাড়াতাড়ি কাজ হবে। স্ট্যান্ডিং কমিটি কমিয়ে দিলে কাজ তাড়াতাড়ি হয় এটা আমরা বিশ্বাস করি না। কাজেই স্ট্যান্ডিং কমিটি না কমিয়ে যাতে ঠিক ঠিকভাবে কাজ হয় সেটা করা দরকার। স্ট্যান্ডিং কমিটির কাছে যদি কম কাজ থাকে তাহলে তাড়াতাড়ি কাজ হবে—অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে কাজগুলি যদি ভাগ ভাগ করে দেওয়া হয় তাহলে তাঁদের হাতে কাজের সংখ্যা কমে যাবে এবং কাজগুলি তাড়াতাড়ি হবে। ৯টি স্ট্যান্ডিং কমিটি থাকা সত্ত্বেও তাঁদের হাতে অনেক কাজ পেন্ডিং পড়ে আছে। কাজেই কর্পোরেশনের অ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি যদি বাড়াতে হয় তাহলে স্ট্যান্ডিং কমিটি কমাবেন না এবং সেইজন্য আমি এই অ্যামেন্ডমেন্ট রাখছি।

[4-15—4-25 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 10, after clause (v), the following be added:—

"(vi) Public utilities and Markets".

আমার অ্যামেন্ডমেন্ট আনতে গিয়ে আমি যেটা শৈলবাবুকে বলতে চাচ্ছি সেটা হচ্ছে স্ট্যান্ডিং কমিটিগুলির সংখ্যা সিলেক্ট কমিটিতে যেভাবে কমানো হয়েছে তাতে দেখতে পাচ্ছি অনেক ইম্পর্ট্যান্ট ম্যাটার-এ কোন ডাইরেক্টিভ ইস্যু করবার বা সেভাবে চালাবার জন্য কোন কিছু ব্যবস্থা থাকছে না। যেমন ধরুন, আমি বলছি পাবলিক ইউটিলিটিজ অ্যান্ড মার্কেটসএর জন্য স্ট্যান্ডিং কমিটি রাখুন। এটা আমার কথা নয়, স্ট্যান্ডিং অ্যাক্ট-এ রয়ে গেছে কাজেই এই কমিটিগুলি কাটছাঁট করে এফিসিয়েন্সি কি করে হবে বুঝা কঠিন, তাহলে তো আমরা অনেক জিনিসই কাটছাঁট করতে পারি, এমন কি এতবড় অ্যাক্ট-এরও দরকার না থাকতে পারে। সেজন্য স্মুথ রানিং-এর জন্য এই স্ট্যান্ডিং কমিটি যেগুলি অ্যাক্ট-এ আছে সেগুলি রাখা দরকার এবং তার মধ্যে আমি বলছি পাবলিক ইউটিলিটিজ অ্যান্ড মার্কেটেস এই স্ট্যান্ডিং কমিটি থাকা দরকার।

শ্রীঅমরেন্দ্রনাথ বসু: নিখিলবাবু যেটা বলেছেন, তার উপর আমি কিছু বলতে চাই। আমিও মনে করি স্ট্যান্ডিং কমিটি বাড়ান উচিত, বিশেষ করে আমি একটা নজির দিতে পারি ক্যালকাটা কর্পোরেশন-এর যদি একটিমাত্র বিল্ডিং কমিটি হয়, তা হলে সারা কলকাতার ১০০ ওয়ার্ড-এর মানুষের পক্ষে খুব অসুবিধা হয়। একদিকে আছে বরানগর আর একদিকে খিদিরপুর—আমি যেটা বলছি যদি চারটি ডিস্ট্রিক্ট কমিটি হয়, চারটি এলাকায় তা হলে সুবিধা হয়, নইলে যারা প্ল্যান পাশ করে দেবেন তাঁরা হয়ত বুধবার চিঠি পেলেন শুক্রবার মিটিং ইতিমধ্যে তাদের এত ঘোরাঘুরি সম্ভব নয়। আর যদি চারটি কমিটি হয় এলাকার মানুষ তাতে থাকে, তাহলে ন্যায়বিচার পাওয়া যায় অর্থাৎ নিজের একটা প্ল্যান পাশ করার জন্য সুবিধা হয়, সেজন্য নিখিলবাবুর প্রস্তাব সমর্থন করে বলি, কমিটির সংখ্যা বাড়ানো উচিত।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় স্পীকার মহাশয়, হঠাৎ কমিটিগুলি কাট করলে কি হবে? মন্ত্রিমহাশয় বলছেন অনেক কমিটি থাকলে ক্ষতি হয় কিন্তু আমি জিজ্ঞাসা করি, ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ, স্ক্যাভেঞ্জার, সিউয়ারেজ তিনটি করেছেন, আসলে যে কমিটিগুলি ছিল তার চেয়ে তো কমিটি বেড়েছে, নামে পাঁচটি হয়েছে ৯টির জায়গায় কিন্তু কার্যত দেখতে পাচ্ছি, ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ অ্যান্ড সিউয়ারেজ ডিসপোজাল হচ্ছে। এই সিউয়ারেজ ডিসপোজাল কমিটির কি কাজ হবে, দয়া করে বলবেন কি? কি মতলব জানি না, আবার হেল্‌থ, টাউন প্ল্যানিং অ্যান্ড বস্তি ইম্প্রুভমেণ্ট এতগুলি কমিটি এক জায়গায় হিটারোজেনাস কমিটি সাবজেক্ট নিয়ে কি করবে এরা? উনি তো বস্তী উন্নয়ন করার কথা খুব বলে ছেড়ে দিলেন।

মিঃ স্পীকার : আপনিও তো সিলেক্ট কমিটিতে ছিলেন।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায় : সেখানে থাকলেই বা—এখানেও বলছি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি সিউয়ারেজ ডিসপোজাল কমিটি কি কাজ করবে? এটার কি কাজ তিনি দয়া করে এক্সপ্লেন করলে ভাল হয়। ড্রেনেজ অ্যান্ড সিউয়েজ ডিসপোজ্যাল কমিটি কি কাজ করে জানি না—সিউয়েজ ডিসপোজাল কমিটি এক জায়গায় আছে সেজন্য এই কমিটি কি কাজ করবে দয়া করে এটুকু বলবেন। এটুকু দয়া করে আমাকে বলবেন। আর এই কমিটি আগে যা ছিল অনেক ভেবে-চিন্তে তাঁরা করেছিলেন। আগেকার পুরানো গেজেট দেখলে দেখা যাবে কেন তাঁরা করেছিলেন। হঠাৎ ওগুলিকে এক করে দিয়ে কমিটি কমেনি বরং বেড়ে গেছে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : বিজয়বাবু যা বললেন, ভেবে-চিন্তে তো করা হয়েছে। ভেবে-চিন্তে যখন আমরা করলাম তখন সেগুলি পরিবর্তন করে পাঁচটা করা হল। এর উত্তর আগে প্রথম রিডিংএ আমি দিয়েছিলাম। একটা অভিযোগ নাকি উঠেছিল যে, আমরা বস্তিবাসী-দের সম্পর্কে চিন্তাও করি নি। যখন একটা বস্তি স্ট্যান্ডিং কমিটি করে দিলাম তখন কি সেটা অন্যায় করেছি? আপনারা আপত্তি করলেন যে, কলকাতায় এক পশলা বৃষ্টি হলে জলে ভর্তি হয়ে যায় এবং কলকাতার সিউয়েজ নাকি আকণ্ঠ ভর্তি হয়ে গেছে, কর্পোরেশন দেখেনা। সিউয়েজ ডিসপোজাল স্বাস্থ্য রক্ষা যেটা কর্পোরেশনের প্রাথমিক দায়িত্ব সে বিষয়ে দৃষ্টি দেবার জন্য আমরা একটা কমিটি করেছি। জনস্বাস্থ্যের সহিত সংশ্লিষ্ট প্রথম জিনিস ওয়াটার সাপ্লাই, জল দিতে হবে, ড্রেনেজ পরিষ্কার মস্ত দায়িত্ব, ড্রেনেজের সঙ্গে সিউয়েজ এমনভাবে একাঙ্গীভাবে জড়িত যে, সিউয়েজ ডিসপোজাল মানে সিউয়েজের ভেতর দিয়ে যেটা যায় সেই সমস্ত অন্তবর্তী নালাগুলি কর্পোরেশনের দেখা প্রয়োজন এবং সিলেক্ট কমিটি সেগুলি গ্রহণ করেছেন যে, সিউয়েজ ডিসপোজালের জন্য একটা স্ট্যান্ডিং কমিটি থাকা দরকার যাঁরা দায়িত্ব নিয়ে সেই ডিসপোজাল করবেন। আর যেগুলি তুলে দেওয়া হয়েছে যার কথা নিখিল দাস মহাশয় বললেন, ওয়াটার সাপ্লাই, মার্কেট কমিটি--মার্কেট কমিটির কিছু করবার নেই, মার্কেট কমিটিগুলি কোন নীতি নির্ধারণ করে না, তারা খালি করে কাকে কোন্ অ্যালটমেন্ট দেওয়া হবে, সে তো এক্সিকিউটিভ অ্যাকশন, তার জন্য কমিটির বিচারের দরকার নেই। এতে দেরি হয়, এতে নানাভাবে অনুরোধ-উপরোধ আসে। সুতরাং এটা এক্সিকিউটিভ কমিটিতে কুইকলি হবে। সমস্ত পাবলিক ইউটিলিটি বললে পাবলিক কনভিনিয়েন্স--আমাদের কর্পোরেশনের যে চ্যাপটার চার থেকে সাড়ে পাঁচ শো তার মধ্যে পাবলিক ইউটিলিটি বলে কিছু নেই, তারই বিন্যাসগুলি করে দেওয়া হয়েছে। এজন্য পাবলিক ইউটিলিটি সবই এর মধ্যে এসে গেছে। ফাইনান্স, এডুকেশন, স্বাস্থ্য, বস্তি ইম্প্রুভমেন্ট, ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ, সিউয়েজ ডিসপোজাল, ওয়ার্কস, লাইট ছাড়া আর কিছু আপনি কল্পনা করতে পারেন যে, পাবলিক ইউটিলিটি আছে? রাস্তাঘাট ওয়ার্কের মধ্যে আসবে, লাইটিং ওয়ার্কের মধ্যে আসবে। কতকগুলি সংখ্যা বাড়িয়ে কি লাভ হবে? বোম্বেতে একটি, দিল্লীতে চারটি, মাদ্রাজে চারটি, তারা সুন্দরভাবে কাজ করছে। কতকগুলি কমিটি বাড়িয়ে কোন লাভ নেই। যেগুলি গুরুত্বপূর্ণ যেমন বস্তির

উপর দৃষ্টি দাও, সিউরেজ ডিসপোজালে দৃষ্টি দাও, টাউন প্ল্যানিংএ দৃষ্টি দাও আমরা এগুলি করে দিয়েছি। আশা করি এটা গ্রহণ করবেন, কাজের সুবিধা হবে বলে এটা করে দেওয়া হয়েছে।

Mr. Speaker: I put together all the amendments to clause 10 to vote.

The motion of Shri Nikhil Das that in clause 10(a), line 1, for the words "for clauses (i) to (ix)" the words "for clauses (i) to (vii)" be substituted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 10, after sub-clause (v), the following be added:—

"(vi) Public utilities and Markets".

was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Mr. Speaker: All the amendments are in order.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 11(b), in proposed sub-section (2), line 1, for the words "The State Government" the words "The Corporation" be substituted.

Sir, I also move that for clause 11(a), the following be substituted:

"(a) for sub-section (1), the following sub-section shall be substituted, namely:

'(1) A Standing Committee constituted under section 14 shall consist of 16 Councillors or Aldermen only, elected in accordance with the system of proportional representation by means of the single transferable vote; and no Councillor or Alderman shall at the same time be a member of more than one Standing Committee or simultaneously be a member of a Standing Committee and the Accounts Committee mentioned in section 27.' ".

মিঃ স্পীকার, স্যার, একটু আগে জবাব দেওয়ার সময় শ্রীযুক্ত শৈল মুখার্জি বললেন যে, স্ট্যান্ডিং কমিটিগুলি এমনভাবে করা হয়েছে যাতে প্রায় সব কাউন্সিলারই একটা না একটা স্ট্যান্ডিং কমিটির মধ্যে থাকতে পারেন। আমি জানি না, উনি খুব গুরুত্ব দিয়ে কথাটা বললেন কিনা। পাঁচটা কমিটি করা হয়েছে এবং বিলে সাজেশন আছে ৫টা স্ট্যান্ডিং কমিটি এবং একটা এস্টিমেট, অ্যাকাউন্টস কমিটি টোট্যাল ৬টা। আমার সাজেশন হচ্ছে, আপনি ভেবে দেখুন, আপনার দশ জন ছিল স্ট্যান্ডিং কমিটির মেম্বার, আমি সেখানে বাড়িয়ে ষোল জন করতে বলেছি, যাতে প্রায় সবাই একটা না একটা কমিটিতে থাকতে পারেন এবং আর একটা রেস্ট্রিকশন দেওয়ার সাজেশন দিয়েছি যাতে একজন কাউন্সিলর দুটো স্ট্যান্ডিং কমিটি বা একাউন্টস কমিটিতে থাকতে পারবেন না। এই হচ্ছে একটা সাজেশন।

[4-25—4-35 p.m.]

আর একটা সাজেশন সেটার জবাব আমরা পাই নি—একটু আগে আপনি অনেক কথাই বললেন, কিন্তু জবাব পাই নি, সেটা হচ্ছে স্ট্যান্ডিং কমিটিগুলিতে প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন হওয়া দরকার, অপরিহার্য বলে আমি মনে করি। আপনি বলছেন যে, স্ট্যান্ডিং কমিটিগুলি

একজিকিউটিভ বডি, পলিসি মেকিং বডি নয়—পলিসি মেকিং বডিতে প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন অ্যাকসেপ্ট করেছেন, কিন্তু স্ট্যান্ডিং কমিটিগুলি পলিসি মেকিং বডি নয়। যেহেতু একজিকিউটিভ কস্ট করতে হবে, ডিসিশন নিতে হবে সেইহেতু প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনের প্রয়োজন হয় নি। আমার কথা হচ্ছে, এই যে কাজগুলি করতে হবে এই কাজগুলি করার বেলায় কর্পোরেশনে যেসমস্ত বিভিন্ন মত আছে তাঁরা যদি প্রপারলি রিপ্রেজেন্টেড হন, তা হলে সেখানে সুষ্ঠুভাবে কাজ হবে। সাম্প্রতিককালে যা হয়েছে তার আগে পর্যন্ত স্ট্যান্ডিং কমিটিগুলিতে সমস্ত পার্টি রিপ্রেজেন্টেড হতেন কিন্তু সম্প্রতি কংগ্রেস থেকে আপনারা ডিসিশন নিয়েছেন যে, কংগ্রেস ছাড়া আর কাউকে স্ট্যান্ডিং কমিটিতে নেওয়া হবে না, তার ফলে এবার স্ট্যান্ডিং কমিটিতে কাউকে নেওয়া হয় নি। স্ট্যান্ডিং কমিটিগুলিতে শুধু একমাত্র কংগ্রেসীরাই আছেন। এর আগে কই কোন ঝগড়াঝাটি তো হয় নি, কাজকর্ম সুষ্ঠুভাবে হত, মতভেদ তো হবেই, আলোচনা করে সেই মতভেদ নিরসন হয়েছে। কিন্তু এখন কর্পোরেশন থেকে যদি কোন ডিসিশন ফাইনালি নেওয়া হয় তো কংগ্রেস পার্টি দ্বারা তা নেওয়া হয়। কংগ্রেস পার্টিই ডিসাইড করে যে, স্ট্যান্ডিং কমিটির ভেতর একমাত্র কংগ্রেস পার্টির প্রতিনিধিরা থাকবেন, না সমস্ত পার্টির প্রতিনিধিরা থাকবেন। কিন্তু সমস্ত কংগ্রেস পার্টির উপর ছেড়ে দিলে হবে না। যেমন আপনি এখানে বললেন জয়েন্ট সিলেক্ট কমিটি ডিসিশন নিয়েছেন, কিন্তু বিজয়বাবু বললেন কোথা থেকে ডিসিশন নিয়ে কিভাবে মেজরিটি ক্যারি করা হয়েছে—সে তো দেখছেনই। সেজন্য আমি বলছি সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি না দেখিয়ে কাজ সুষ্ঠুভাবে হোক, সকলের সাহচর্যে হোক, সকলকে নিয়ে হোক, এ যদি চান তা হলে স্ট্যান্ডিং কমিটিগুলিতে আপনারা প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন পলিসি নেওয়া উচিত বলে আমি মনে করি। আপনি বলছেন তা করলেই পারে, কিন্তু তাও তো নেই, তা করেন নি। এই যে এবারে ফতোয়া দিয়ে দিলেন যিনি কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনের সর্বোচ্চ শ্রীযুত অতুল্য ঘোষ, তিনি ফতোয়া দিয়ে দিলেন যে, স্ট্যান্ডিং কমিটিগুলিতে কংগ্রেস ছাড়া আর কেউ যাবে না, কাউকে নেওয়া হল না এবং এ নিয়ে কাজের ক্ষতি হচ্ছে, অভিযোগ হচ্ছে, বিরোধিতা থাকছে, মানুষ ক্ষুব্ধ হচ্ছে অথচ স্ট্যান্ডিং কমিটিগুলিতে বরাবর সব পার্টি রিপ্রেজেন্টেড হয়েছেন। এরকম যাতে না হয় সেজন্য আইনগতভাবে আপনার দৃষ্টিতে যেটা আনতে বলছি, ফাইনান্স কমিটিতে যে ব্যবস্থা করেছেন সমস্ত কমিটিগুলির ভেতর যদি সেই ব্যবস্থা থাকে তা হলে ঐ ঝগড়াঝাটি বা কাজ বানচাল হবে না। মেজরিটির ডিসিশন নিয়ে তাঁরা কাজ এক্‌জিকিউট করবেন যা আগে আগে হয়ে এসেছে। সেজন্য আপনার কাছে বলতে চাচ্ছি যে প্রপোরশনাল রিপ্রেজেনটেশন-এর সাজেশন অ্যাকসেপ্ট করানো প্রথম কথা এবং দ্বিতীয় কথা হচ্ছে, যদি এটা ১২ থেকে ১৬ করেন তা হলে সকলেই একটা না একটা কমিটিতে যান। এখানে ১২ করেছেন, তার মানে ১২ × ৭ = ৮৪, তা হলে অল্ডারম্যান প্রভৃতি আরও যাঁরা থাকবেন তাঁরা কোন কমিটিতে প্লেস পাচ্ছেন না। এটা যদি ১৬ করেন, তা হলে ১০০ জন কাউন্সিলর এবং কিছু অল্ডারম্যান তাঁরা সকলেই একটা না একটা কমিটিতে যাবেন। আমি আর একটা কথা বলেছি যে, কোন কাউন্সিলারের দুটো স্ট্যান্ডিং কমিটিতে না থাকাই উচিত। আপনি ভেবে দেখুন, একজন যদি সত্য সত্যই গুরুত্ব দিয়ে কাজের দায়িত্ব নেন তা হলে একটা স্ট্যান্ডিং কমিটিই তাঁর পক্ষে যথেষ্ট। চারজন বেশি হলে খুব একটা আনহেলদি বডি হবে না। সবাই মিলে একটা কমপ্যাক্ট বডি হবে, সংখ্যাও খুব রিজনএবল হবে এবং কাজের সুবিধা হবে।

এই কয়টি কথা আমি বললাম, আপনি দয়া করে ভেবে-চিন্তে দেখে, জবাব দেবেন।

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 11(b), for proposed sub-section (2), the following be sustituted:

"(2) The State Government in each year within a month after such Standing Committee is constituted, associate with each Standing Committee three persons not being Councillors or Aldermen who are specialists or experts on the subject for the remainder of the year:

Provided that no person shall be associated with more than one Standing Committee at the same time."

I also move that clause 11(c) be omitted.

এখানে আছে—

the State Government may, from time to time, by order, associate with any Standing Committee such persons not being Councillors or Aldermen and not exceeding two in number and for such terms as it thinks fit.

অর্থাৎ দুজন পর্যন্ত লোক বাইরের থেকে নিতে পারতেন এবং তাদের ভোটিং রাইটটা দেওয়া ছিল আগের অ্যাক্টে। কিন্তু সেটা অ্যামেন্ড করে এখন যেটা করা হল তাতে বাইরের যে লোকদের নেওয়া হবে, তাদের ভোটিং রাইট থেকে ডিপ্রাইভ করা হল। তাদের ভোটিং রাইট তাদের থেকে ছিনিয়ে নেওয়া হল এবং এইটি আপনি অ্যামেন্ডমেন্টে করেছেন। আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে দুজনের জায়গায় আপনি বাইরের তিনজন নিন। আর দশজন যখন ছিল তখন আপনি দু জন নিয়েছেন। এখন আপনি দশজনের জায়গায় বারজন করেছেন, অতএব সেখানে আপনি তিনজন নিন; এবং তারা যাতে স্পেশ্যালিস্ট, এক্সপার্ট হয় সেদিকে নজর রেখে নিন।

আমার দু নম্বর অ্যামেন্ডমেন্ট হচ্ছে, তাদের যেমন ভোটিং রাইট ছিল, যে

15(3) person associated with standing committee.. ....

তাদের সেই ভোটিং রাইটটা আপনি অ্যামেন্ডমেন্টে কেটে দিয়েছেন, আমার অনুরোধ সেটা কেটে দেবেন না, তাদের ভোটিং রাইট দিন। লোকগুলি যারা কমিটিগুলিতে অ্যাসোসিয়েট করছে, তাদের ভোটিং রাইট দেওয়া উচিত। তা না হলে কাজ সেখানে সুষ্ঠুভাবে পরিচালিত হবে না। এক্সপার্ট ও স্পেশ্যালিস্ট লোকগুলি, কাউন্সিলারসদের বাইরে থেকে আপনি নিচ্ছেন এবং আপনি নিতে চাচ্ছেন এইজন্য যে, কাউন্সিলরদের মধ্যে হয়ত এক্সপার্ট, স্পেশ্যালিস্ট না থাকতে পারে। তাদের সাহায্য করবার জন্য এইসব বাইরের লোক নিচ্ছেন। কিন্তু তাদের যদি ভোটিং রাইট না দেন, তাহলে তারা কোন কমিটি মিটিং অ্যাটেন্ড করবে না এবং তাদের যে পারপাস-এ রাখা, সেই পারপাস সার্ভ হবে না। সুতরাং আমি অনুরোধ জানাচ্ছি যে, বাইরে থেকে যে লোকগুলিকে এক্সপার্ট, স্পেশ্যালিস্ট জেনে নেবেন, তাদের ভোটিং রাইট দিন যেমন আগের অ্যাক্টে ছিল।

দু নম্বর হচ্ছে গণেশলালু যা বলেছেন এবং আমারও অ্যামেন্ডমেন্ট আছে যে, স্ট্যান্ডিং কমিটিগুলিতে প্রোপোরশন্যাল রিপ্রেজেন্টেশন রাখা হোক। আমরা যখন এই ব্যবস্থা করবার কথা বলি, তখন আপনি তার উত্তরে বলেন -এই যে কেবিনেট, এ যদি কম্পোজিট বডি হত, তা হলে এক্সিকিউটিভ ফাংশন ভাল হত। ওয়ান পার্টি গভর্নমেন্ট হলে আপনি উদাহরণ দিলেন যে, তাতে এফিসিয়েন্সি ভাল হয়। কিন্তু আপনার যুক্তিটা ওয়ান পার্টি গভর্নমেন্ট-এর মত কর্পোরেশনে নয়। কর্পোরেশনের স্ট্যান্ডিং কমিটিগুলিতে বহুদিন ধরে বিরোধী সদস্যরা সেখানে যে পার্টি ইন পাওয়ার-এ ছিল, তাদের সাথে একসঙ্গে বসে কাজ করে আসছিলেন। এবারে কর্পোরেশনের নূতন ইলেকশন হবার পরে, এই কনভেনশনটাকে নষ্ট করে দিয়েছেন আপনারা, যাঁরা পাওয়ার পেয়েছেন, কংগ্রেস দল।

আমি শুধু একটি প্রশ্ন করতে চাই, কারণ এফিসিয়েন্সির প্রশ্নটা আপনি তুলেছেন যে, যতদিন পর্যন্ত বিরোধীপক্ষ স্ট্যান্ডিং কমিটিতে ছিল, ততদিন পর্যন্ত কি স্ট্যান্ডিং কমিটিগুলি এফিসিয়েন্সির সঙ্গে কাজ করছিল না, আর ওয়ান পার্টি যতদিন পর্যন্ত স্ট্যান্ডিং কমিটিগুলিতে ছিল, ততদিন পর্যন্ত সেখানে এফিসিয়েন্সির সঙ্গে কাজ হয়েছে? আমরা যদি লক্ষ্য করে দেখি, তাহলে দেখব ওয়ান পার্টি স্ট্যান্ডিং কমিটি যখন থেকে হয়েছে, তখন থেকে স্ট্যান্ডিং কমিটিগুলির ভিতর অনেক বেশি দুর্নীতি এবং গলদ ঢুকেছে। তাদের চেক দেবার কেউ নেই। সুতরাং এই স্ট্যান্ডিং কমিটিগুলি কর্পোরেশনের আর গভর্নমেন্টের এক ব্যাপার নয়। স্ট্যান্ডিং কমিটি, আর মিনিস্টার এক ব্যাপার নয়। এদিকে ওনাকে খেয়াল

রাখতে বলি. উনি যখন উদাহরণ দেন। আমাদের বক্তব্য প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন সম্বন্ধে, উনি যখন এগ্রি করলেন না, তাঁকে ইনডাইরেক্টলি [illegible] বলতে চাই যে, ১২ থেকে ১৬ করুন, আর একজন লোক একটি স্ট্যান্ডিং কমিটির বেশিতে থাকতে পারবেন না। আপনার প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন না থাকলেও প্রত্যেক লোককে এক এক জায়গায় নিয়ে গেলেন আপনি। তাহলে প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশনএর ব্যাখ্যা, সেটা আর আপনার বুকে লাগবে না। তাহলে বিরোধী সদস্যরাও সেখানে যেতে পারছে। তারই জন্য বলছি যে,

provided that no persons shall be associated with more than one standing committee at the same time.

অর্থাৎ প্রতিটি লোককে এক একটি কমিটিতে কাজ করতে দিন। আর একটা কথা শৈলবাবু বলেছেন যে, স্ট্যান্ডিং কমিটিগুলির সংখ্যা কমানো হয়েছে এফিসিয়েন্সি বাড়ানোর জন্য। কিন্তু সেখানে যদি আপনি অ্যালাউ করেন একজন মেম্বারকে দুটি বা তিনটি স্ট্যান্ডিং কমিটিতে যেতে বা ফাইনান্স কমিটিতে যেতে বা এস্টিমেট কমিটিতে যেতে, তাতে কি এফিসিয়েন্সি বাড়বে? একটি লোক যদি ফাইনান্স কমিটি, এস্টিমেট কমিটি এবং অ্যাকাউন্টস কমিটিতে যায়, তা হলে, একটা লোকের ঘাড়ে এত বেশি কাজ আপনারা চাপাবেন, যার জন্য সে স্ট্যান্ডিং কমিটিতে ঠিকমত জাস্টিস করতে পারবে না।

যদি কর্পোরেশনের কাজকে ভালভাবে চালাতে চান, যদি স্ট্যান্ডিং কমিটির কাজ ভালভাবে চালাতে চান এবং এস্টিমেটস কমিটি ও অ্যাকাউন্টস কমিটিগুলির কাজ ভালভাবে চালাতে চান, তাহলে এক একটি লোককে, এক একটি কমিটিতে রাখুন। তা হলে আপনার ১০০/১৫০ টাকার যুক্তি দিতে গিয়ে যে যুক্তিটা দেখিয়েছেন সে যুক্তিরও সার্থকতা থাকে। কারণ স্ট্যান্ডিং কমিটি এবং অ্যাকাউন্টস কমিটির তারাই মেম্বার হবেন। এস্টিমেট কমিটিতে যদিও অপোজিশনের মেম্বার থাকবেন প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশানে কিন্তু স্ট্যান্ডিং কমিটির মেম্বার তাঁরাই হবেন। তাই সমস্ত দিক থেকে স্ট্যান্ডিং কমিটিতে অপোজিশনের মেম্বার থাকা দরকার তা হলে কর্পোরেশনের কাজ ভালভাবে চলবে। সেই দিক থেকে আমার এই অ্যামেন্ডমেন্টটা।

[4-35—4-45 p.m.]

Shri Niranjan Sen Gupta: Sir, I beg to move that in clause 11(a), line 2, after the word "twelve" and before the word "shall" the following words be inserted:

"on the priciple of proportional representation on the basis of single transferable vote".

এ প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনে শৈলবাবু যা বললেন আমি একদম [illegible] না। উনি বললেন আমাদের এক্সিকিউটিভ ফাংশন যে কমিটিটা করবে তার জন্য প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনের দরকার কি। অথচ কলকাতার প্রায় অর্ধেক নাগরিক অপোজিশন মেম্বারদের ইলেক্ট করেছে তাদের কোন রিপ্রেজেন্টেশন কোন কমিটিতে থাকবে না এটা কি গণতন্ত্র? আপনি গণতন্ত্রের কথা বলছিলেন, এটা কি গণতন্ত্র? কারণ কর্পোরেশনে প্রায় অর্ধেক হচ্ছে অপোজিশনের মেম্বার একটু কম আছে। আপনি বললেন যে তাঁরা এক্সিকিউটিভ ফাংশনের মধ্যে থাকবে না এটা কি যুক্তি হল আমি বুঝলাম না। আপনি বলেছেন যে এই কমিটির ফাংশন হল এক্সিকিউটিভ ফাংশন, যাঁরা পলিসি নির্ধারণ করবেন সে জায়গায় প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন আর এক্সিকিউটিভ ফাংশন যাঁদের তাঁদের প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনের দরকার কি এই আপনি বললেন? তাতে আমার এই ধারণা হল যে আপনি এটা বলছেন যে, এক্সিকিউটিভ ফাংশন যারা করবে তারা একটা দলই করবে কারণ আপনি গভর্নমেন্টের কথা বললেন যে গভর্নমেন্টে এক দলের গভর্নমেন্টই হয় এবং কর্পোরেশনের কমিটিগুলিও এক দলের হবে যারা এক্সিকিউটিভ ফাংশন করবে। আমি এটাকেই গণতন্ত্র বিরোধী বলছি। কেন না আপনি জানেন কলকাতার অর্ধেক নাগরিকরা মিলে এই সব অপজিশন কাউন্সিলারদের ইলেক্ট করেছে তাদের কোন রিপ্রেজেন্টেটিভ এক্সিকিউটিভ ফাংশন করবার মধ্যে যাবে না এটা কি রকম আপনার যুক্তি হল আমি বুঝলাম না। আমাদের অনুরোধ যে এটা আপনি

চিন্তা করে দেখুন। কর্পোরেশনে গত দুই বার এই যে নীতি গ্রহণ করা হয়েছে যে অপজিশন মেম্বার কাউকে নেওয়া হবে না, কোন কমিটিতে নেওয়া হবে না, এটা যথেচ্ছাচার বলে আমি মনে করি। আপনাদের কংগ্রেস পার্টির এটা যথেচ্ছাচার এবং অপজিশনদের ঢুকাতে গেলে সে জায়গায় তাদের কনস্টিটিউয়েন্সীগুলি খানিকটা সার্ভড হোক এটা চাচ্ছেন না, আপনারা চাচ্ছেন যে এটা দেখাতে যে তোমরা অপজিশনকে ভোট দিয়েছো তোমাদের এ জায়গায় কোন কিছু হবে না। এই পলিসি আপনাদের। সুতরাং আপনি এই দুর্নাম থেকে নিজেকে মুক্ত করুন, মুক্ত করে অন্ততঃ অপজিশনের ভয়েস কমিটিগুলিতে থাকুক এর একটা ব্যবস্থা করুন নইলে এই জিনিসটা র‍্যাঙ্কার এ্যামঙ্গষ্ট দি সিটিজেনস অব ক্যালকাটা, আমি এটা বলতে পারি। আপনি যে কোন জায়গায় যান সে জায়গায় এর প্রতিবাদ শুনবেন। আমাদের কোন কাউন্সিলার কোন কমিটিতে নেই। তাঁদের কাছে বললে তাঁরা বলেন যে আমরা কি করবো, এত কংগ্রেস সব করছে, এখন আমরা রেট পেয়ার্সদের কিছু করতে পারছি না এই অবস্থা হয়েছে। সুতরাং আমি আপনার কাছে অ্যাপিল করছি যে এই জিনিষটা আপনি চিন্তা করুন। অবশ্য গনেশবাবু ও নিখিলবাবু যে সাজেশন দিয়েছেন যে যদি বাড়িয়ে দেন কমিটি মেম্বারগুলি তাহলে এটা অটমেটিক হবে, সেদিক দিয়ে না হলেও নীতিগতভাবে আপনি এটা এ্যাকসেপ্ট করুন যে তাদেরও রিপ্রেজেন্টেশন থাকবে এবং সেখানেও এই প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন থাকবে। এই হল আমার এ্যামেন্ডমেন্ট।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 11, after the proposed sub-section (2), the following proviso be added.

> "Provided further that the State Government shall consult the Corporation and accept the panel as framed and formalised by the Corporation in selecting each such associate member."

স্পীকার মহোদয়, আমি আমার যে এ্যামেন্ডমেন্ট আছে সেটা মুভ করতে গিয়ে তার সংগে গনেশবাবুর যে এ্যামেন্ডমেন্টটা আছে সেটাও সমর্থন করছি। গনেশবাবুর কথা, যা বলা হয়েছে, সেটা আমি পুনরাবৃত্তি করতে চাই না, তবে এইটুকু আমার বলা দরকার যে আজকে লোক্যাল সেল্ফ গভর্নমেন্টের, এটা অন্ততঃ বেসিক ডিমোক্রাসি যেখানে পার্টিসিপেশন অব অল পার্টিস সেখানে এটা একটা ইনকামবেন্ট। এটা লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট সম্বন্ধে শৈলবাবু নিশ্চয়ই ওয়াকিবহাল এবং তাঁকে এটা বলা আমার বেশী বলা হয়ে যায় তথাপি আমি এইটুকু বলতে চাই যে লোক্যাল সেল্ফ গভর্নমেন্টকে আপনি একটা স্টেট গভর্নমেন্ট বা সেন্ট্রাল গভর্নমেন্টের সংগে এ্যানালজি ড্র করবেন এটা ঠিক নয়। লোক্যাল সেল্ফ গভর্নমেন্টে সকলেরই পার্টিসিপেশন দরকার। তার কারণ লোক্যাল ইন্টারেস্টের সংগে সকলেই জড়িত তাছাড়া ইদানীং কালে কর্পোরেশনে যে ব্যাপার, আপনি নন, আপনার দল সৃষ্টি করেছে, সে নজীর একটা অত্যন্ত খারাপ নজীর। যেটা ধরুন প্রায় কর্পোরেশন-এর জন্মকাল থেকেই এই জিনিষটা চলে আসছিল, যে মাইনরিটিকে রিপ্রেজেন্টেশন দেওয়া, সেই জিনিষটাকে আপনারা বছর দুই আগে হঠাৎ আপনাদের কি খেয়াল হল যে আপনারা আর সেই কনভেনশান আর মানলেন না। আমি বলি কনভেনশান তো লেখা থাকে না—তা আপনারা মানলেন না। তাতে ফল হল কি ডেমোক্র্যাসি সেভড হল না এবং আপনাদের এফিসিয়েন্সীও বাড়লো না, মাঝখান থেকে জনসাধারণের মনে এই কথাই এল যে কংগ্রেসের হাতে ডেমোক্র্যাসি খুব বিপন্ন হয়ে পড়েছে, সেই জন্য এটা আপনাদের চিন্তা করা উচিত যে অপজিশন বা মাইনরিটি আপনার যত বেশি এই সমস্ত লোক্যাল সেলফ গভর্নমেন্টএ অ্যাসোসিয়েট করাতে পারবেন ততই যে কর্পোরেশনই বলুন বা মিউনিসিপ্যালিটিই বলুন বা পঞ্চায়েতই বলুন তার ফাংশন তত সুষ্ঠ হবে এবং সেটা তত বেশি ডেমোক্রেসির দিকে এগিয়ে যাবে। সেইজন্য প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন সম্বন্ধে যা বলা হয়েছে সেটা হলে ভালই হত। আপনি সেটা মানবেন কিনা জানি না। তবে গণেশবাবু এবং নিখিলবাবু যেটা বলেছেন যে, ১৬ জন করে মেম্বার যদি আপনি স্ট্যান্ডিং কমিটিতে নেন তাহলে অটোমেটিক্যালি সেই জিনিসটা চলে আসে—এটা আপনাকে খুব ভালভাবে চিন্তা করবার জন্য অনুরোধ করছি। এখানে আমার নিজের কথা হচ্ছে যে, এটাতে আছে অ্যাসোসিয়েট মেম্বার—অ্যাসোসিয়েট মেম্বার ছিল, হয়ত কোন স্ট্যান্ডিং কমিটিতে কোন

এক্সপার্টসএর দরকার আছে ফর এক্সপার্ট নলেজ তাহলে তাকে নিশ্চয়ই অ্যাসোসিয়েট মেম্বার করতে হবে। এই অ্যাসোসিয়েট মেম্বার স্টেট গভর্নমেণ্ট নিজে থেকে ও'র সিলেক্ট করে দেবেন এটাই বা সংগত মনে হয় কি করে? তার কার্ণ কর্পোরেশনকে আপনারা পাওয়ার ডেলিগেট করে দিচ্ছেন লোক্যাল সেল্‌ফ গভর্নমেণ্ট অ্যাক্ট অনুসারে, তার যখন ইনট্রিনসিক পাওয়ার কতকগুলি রয়ে গিয়েছে তখন স্ট্যাণ্ডিং কমিটিতে অ্যাসোসিয়েট মেম্বারদের সম্বন্ধে তাদের প্যানেল তারা যদি প্যানেল একটা ঠিক করে আপনাদের কাছে দেয় তাহলে আপনারা সেটা চিন্তা করে তার থেকে বেছে নিতে পারেন। কিন্তু আপনারা অফ হ্যান্ড একটা চাপিয়ে দেবেন অ্যাসোসিয়েট মেম্বার সেটা আমার মনে হয় কর্পোরেশন-এর উপর অবিচার করা হবে। সেই জন্য আমি আমার অ্যামেণ্ডমেণ্ট-এ বলতে চেয়েছি যে, এই যে অ্যাসোসিয়েট মেম্বার আপনারা নমিনেটেড করে দেবেন সেখানে কর্পোরেশনএর প্যানেল, কর্পোরেশন আপনাদের কাছে দেবেন এবং তার থেকে আপনারা দেবেন। এই কথাই আমি আপনাদের কাছে বলতে চেয়েছি।

[4-45—4-55 p.m.]

শ্রীহেমন্তকুমার বসু: মিস্টার স্পীকার স্যার, এই যে প্রস্তাব এসেছে এটা প্রয়োজনীয় এবং দামী প্রস্তাব। যখন এই বিলটা এসেছিল তখন শৈলবাবু এই কথাটা বলেছিলেন যে, কর্পোরেশন-এর শাসন ব্যবস্থা যে অব্যবস্থা এবং দুর্নীতি এই সমস্ত দূর করবার জন্য এবং যাতে কর্পোরেশন-এর কাজ সহজ এবং সরলভাবে হয় সেই ব্যবস্থা করবার জন্য তিনি এই আইনটা এনেছেন। কিন্তু আইন যখন আনলেন আইনের মধ্যে কর্পোরেশন-এর শাসনের মধ্যে যে অব্যবস্থা, যে বিশৃংখলা, যে দুর্নীতি ছিল তা বর্তমানেও থেকে যাবে বলে আমি মনে করি। আগে আমরা দেখেছি যে সমস্ত স্ট্যাণ্ডিং কমিটি-গুলি হত তাতে বিরোধীদলের মেম্বাররা তাতে থাকত। আমি জানি যতীন্দ্রমোহন সেনগুপ্তের সময় থেকে আরম্ভ করে ডাঃ বিধানচন্দ্র রায় যখনও ছিলেন তখন আমরা দেখেছি। যদিও বিরোধী দলের সংখ্যা খুব কম ছিল। কিন্তু আমি পরে দেখছি এই মেম্বার বাদ দেওয়া হয়েছে। একথা যদি মনে করা হয় যে স্ট্যাণ্ডিং কমিটিতে খালি এক দলের লোক নিয়ে কাজ চালাব এবং বিরোধী দলকে আসতে দেব না। জনসাধারণ দেখবে যে বিরোধী দল কোন কাজ করতে পারছে না অতএব তারা ভোট দেবে না- একথা যদি মনে করে থাকেন তাহলে আমি বলব এটা আপনাদের ভুল ধারণা। কিন্তু আমি বলি কর্পোরেশন-এর কাজ যাতে শৃংখলার সহিত চলে সেজন্য বিরোধীদলকে নেওয়া উচিত। অনেকে বলেছেন এটা একটা ক্যাবিনেট—আমি বলি এটা ক্যাবিনেট নয়। সব জায়গায় দুটো করে দল হয়েছে একদল শাসন পরিচালনা করছে এবং আরেক দল বিরোধীতা করছে এবং আজকেও চেষ্টা হচ্ছে যাতে বিরোধী দলের লোককে নিয়ে শাসন পরিচালনা করা যায়। এবং আমি আরও বলব যে, কর্পোরেশন-এর স্ট্যান্ডিং কমিটিগুলি ঠিক আমাদের যে সরকারের ক্যাবিনেট আছে তার সঙ্গে তুলনা করা ঠিক হবে না। কর্পোরেশন-এর কাজ হচ্ছে দেশের জনসাধারণের স্বার্থে ড্রেন, লাইট, জল ইত্যাদি কাজ যাতে ভালভাবে চলে তার জন্য। সকলকে সেই দিকে নজর দিয়েই কাজ করতে হবে। সেই কাজগুলি যাতে সুষ্ঠুভাবে চলে সেই জন্য ব্যবস্থা করা। এবং সেজন্য কর্পোরেশন-এর প্রত্যেক সভ্য যাতে কিছু কিছু কাজের দায়িত্ব পায় এবং প্রত্যেক কমিটিতে থাকতে পারে সেদিকে দৃষ্টি দিতে হবে। এবং শৈলবাবুও সেকথা স্বীকার করেছেন এবং এই আইনগুলি ঠিক সেইভাবে করা উচিত। সেজন্য উভয় পক্ষ যাতে কমিটিগুলিতে স্থান পেতে পারে তার ব্যবস্থা করা কর্তব্য। এখানে রাজনীতির কোন প্রশ্ন নাই—এখানে জলের প্রশ্ন, রাস্তাঘাট পরিষ্কারের প্রশ্ন, ড্রেনের প্রশ্ন আছে, প্রাথমিক শিক্ষার প্রশ্ন আছে সুতরাং এই সমস্ত প্রশ্নে সকলেই একমত হয়ে কাজ করবে এটাই মূল বিষয়। আগে এই সমস্ত ঝগড়া ছিল না এখনই এইসব ব্যাপার দেখা যাচ্ছে। আমি বলি এই ঝগড়া যাতে বন্ধ হয় এবং বিরোধী দলের মেম্বাররা যাতে কমিটিতে থাকতে পারে সেইরকম আইন আনা মন্ত্রিমহাশয়ের উচিত। তাহলে আমার মনে হয় যে উদ্দেশ্য নিয়ে মন্ত্রিমহাশয় এই আইনকে ঢেলে সাজবার চেষ্টা করছেন তা স্বার্থক হবে। আমি বলি যে প্রত্যেক কমিটিতে একজন করে বিরোধী পক্ষের লোককে নেওয়া হউক এটা আমি দাবী করছি। তারপর যে কথা যে এ পর্যন্ত অ্যাসোসিয়েট মেম্বার যা নেওয়া হয়েছে তাতে গভর্ন-মেণ্ট-এর নমিনেশন এ নেওয়া হয় নি। কর্পোরেশনই ঠিক করে দিয়েছে যে তারা কাকে নেবেন কোন এক্সপার্ট লোককে এটাও একটা সংগত প্রস্তাব। কারণ আমি মনে করি যে এই সব প্রস্তাব মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন এবং গ্রহণ করবেন।

শ্রী[illegible] বন্দ্যোপাধ্যায়ঃ মিস্টার স্পীকার, স্যার, কর্পোরেশনএ তিনটা অথরিটি আছে, মাননীয় মন্ত্রিমহাশয় ভাল জানেন কর্পোরেশন, স্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলার। আমরা দেখেছি আমাদের অভিজ্ঞতা থেকে, মাননীয় মন্ত্রিমহাশয় আরও ভাল জানেন, এই চার-পাঁচ বছর ধরে দেখা যাচ্ছে, বড় একটা সংখ্যা এই রকম পৌর সদস্য যারা তারা প্রত্যেক কমিটিতে তারা কাজ করতে পারছে না বা তাদের নেওয়া হচ্ছে না। এই বিল যদি একটা নিরপেক্ষতার দৃষ্টিভঙ্গি নিয়ে আনা হত তা হলে তার একটা আর সেই সংখ্যাগরিষ্ঠতা -এইরকম করে পৌরশাসন ব্যবস্থার যে অপচেষ্টা, সেটা এখানে প্রত্যক্ষ [illegible]। কিন্তু কোন গণতন্ত্রে আছে, কোন অভিযোগ এই গভর্নমেন্ট পেয়েছে যে, অ্যাসোসিয়েট মেম্বার, এতদিনে যার জন্য অ্যাসোসিয়েট মেম্বারদের নির্বাচিত করার ক্ষমতা পৌর প্রতিষ্ঠান থেকে কেড়ে নিয়ে সরকারের হাতে নেওয়া হচ্ছে।

স্যার, আপনি শুনেছেন এই বিল প্রসঙ্গে উনি বললেন, গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে, এইসব বড় বড় কথা যা বলা হয়েছে সেসব কিছু নয়। কিন্তু আপনি দেখবেন একটু একটু করে, আস্তে আস্তে গণতন্ত্রকে হত্যা করছে। উনি বলেছেন কর্পোরেশনের কোন ক্ষমতা আমরা কেড়ে নিই নি। কিন্তু স্যার, আপনি দেখুন কর্পোরেশনের এই একটি ক্ষমতা ছিল, তারা অ্যাসোসিয়েট মেম্বার ইলেক্ট করত, তাঁদের এগেনস্টএ কোন কমপ্লেন কেউ শোনেন নি, তাঁরা সদস্য হিসেবে ওখানে কাজ করতেন। আমি জিজ্ঞাসা করি, কোন্ যুক্তিতে সেই নির্বাচনের ক্ষমতা গভর্নমেন্ট কেড়ে নিচ্ছেন? আজকে এই গুরুত্বপূর্ণ সংশোধনী সম্পর্কে শৈলবাবুকে আমি অনুরোধ করছি তিনি যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিল না আনেন তা হলে কর্পোরেশন জাহান্নমে যাবে, আরও খারাপ হবে। পৌর সদস্য যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা আজ চার-পাঁচ বছর পর্যন্ত পৌরশাসন ব্যবস্থায় কোন অংশ গ্রহণ করতে পারছেন না। অথরিটি অফ দি কর্পোরেশন এই পাওয়ার নিয়ে যাচ্ছেন। এটা ইংরেজ আমলে ছিল না, মুসলিম লীগের আমলে ছিল না, দেশবন্ধুর আমলে ছিল না। সেদিন আমরা বলেছিলাম পৌর ব্যবস্থাকে নিজেদের হাতে নেবার জন্য এই ক্ষমতা কর্পোরেশনের হাত থেকে কেড়ে নেওয়া হচ্ছে। কাজেই আমি অনুরোধ করছি এবং সেই অনুরোধের যদি কোন মর্যাদা থাকে তাহলে যাঁরা পৌর প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধি তাঁদের প্রত্যেককে কোন না কোন কমিটিতে রাখার ব্যবস্থা করুন। আপনি ১২ জন বা ১৪ জন করুন সেই প্রশ্ন আমার নয়, আমার প্রশ্ন হচ্ছে যাঁরা জনসাধারণের প্রতিনিধি তাঁদের পৌর শাসনব্যবস্থায় অংশগ্রহণ করতে দিন এবং এরকম গণ্ডগোল যাতে না হয় সেই নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করুন।

ডঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গনিঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি অ্যামেণ্ডমেন্টএর সমর্থনে কিছু বলতে চাই। প্রথম কথা হচ্ছে কর্পোরেশন, বিধানসভা এবং লোকসভার নির্বাচনে বিশেষ পার্থক্য আছে। সেখানে নির্বাচন হয় পার্টি টিকিটএ, কিন্তু কর্পোরেশনে পার্টি বেসিসএ নির্বাচন হয় না। ভিন্ন ভিন্ন পার্টি আমি প্রথমে কয়েকটি কনট্রাডিকশনসএর দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রি-মহাশয় বললেন, এইভাবে সমস্ত কাউন্সিলাররা কোন না কোন একটা স্ট্যান্ডিং কমিটিতে আসবেন। কিন্তু কি করে আসবেন? আপনারা যদি আইনে এই প্রভিশন না করেন যে, হয় প্রপোরশন্যাল রিপ্রেজেন্টশন করে অথবা এইরকম একটা আইন যদি না করেন যে, একজন সদস্য দুইটি কমিটিতে থাকতে পারবেন না তা হলে এটা হতে পারে না। তারপর আর একটি কন্ট্রাডিকশন-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রিমহাশয় আর একটি কথা বলেছেন যে, কোন পলিসি মেকিং বডি হলে সেখানে ভিন্ন ভিন্ন বিরোধী দলকে নেওয়া যেতে পারে, কিন্তু এক্সিকিউটিভ বডিতে নেওয়া যেতে পারে না। উনি একটা কমপ্যারিজন করেছেন কেবিনেট এবং এক্সিকিউটিভ বডি। এটা অ্যাবসোলিউটলি ফ্যালাসিয়াস। কেবিনেট এক্সি-কিউটিভ বডি নয়, ইট ইজ এ পলিসি-মেকিং বডি। এক্সিকিউটিভ বডিতে পলিসির বিরোধ

নেই, সেখানে কোন রাজনীতি নেই। ওখানে যে পলিসি আছে সেটাকে এক্সিকিউট করবার জন্য ভিন্ন ভিন্ন সদস্যরা থাকবেন। এতে রাজনীতি থাকতে পারে না, এর মধ্যে রাজনীতি ঢুকাবেন না। তারপর স্যালারি অ্যান্ড অ্যালাউন্সএর কথা যখন হচ্ছিল তখন আপনি বলেছিলেন প্রত্যেক কাউন্সিলারই কোন না কোন স্ট্যান্ডিং কমিটিতে থাকবেন। কিন্তু একজন কাউন্সিলর দুটি কমিটিতে থাকতে পারবেন না। এই নিয়ম না করলে এটা হবে না। এর আগে এটা ছিল না এবং তখন স্ট্যান্ডিং কমিটির কাজ আজকে যা হচ্ছে তার চেয়ে এফিসিয়েন্ট ছিল। তখন দুর্নীতি বেশি ছিল না, কিন্তু আজকে বেশি হচ্ছে। আপনি যে তুলনা করলেন তাতে অনেক ভিতরে যেতে হয়। তবে সাধারণভাবে এটুকু বলা চলে না যে, ভিন্ন ভিন্ন দল থাকলে এফিসিয়েন্সিতে ক্ষতি হয়। যা হোক, আমার শেষ বক্তব্য হচ্ছে আপনারা এমন একটা প্রিন্সিপল ঠিক করুন যাতে সবাই কোন না কোন স্ট্যান্ডিং কমিটিতে যেতে পারেন।

[4-55—5-5 p.m.]

শ্রীজ্যোতি বসু: আমার আগে খুব বেশি বলবার ইচ্ছা ছিল না; মাননীয় গণেশবাবু যে সংশোধনী দিয়েছেন আমি মনে করেছিলাম তাতেই যথেষ্ট বোঝা যাবে, কিন্তু এই সংশোধনী দিয়েছেন স্ট্যান্ডিং কমিটি সম্বন্ধে। আমি দেখছি এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে এর আগে মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছেন, যে জবাব দিয়েছেন, এর পর আমার কিছু বলার প্রয়োজন। স্ট্যান্ডিং কমিটি সম্বন্ধে বলতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই যে, এই সংশোধনীর কোন প্রয়োজন হত না যদি কর্পোরেশন যেরকম চলছিল সেই রকমই চলত। কিন্তু সম্প্রতি-কালে আমি দেখছি, ডাঃ রায় থাকতে শেষের দিকে হঠাৎ কংগ্রেস পার্টি থেকে, কর্পোরেশনে যারা সংখ্যাগরিষ্ঠ আছে, তাদের পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়া হল যে, স্ট্যান্ডিং কমিটিতে এই রকম যারা বাদানুবাদ করে তারা ভিন্ন মতের লোক এবং তাদের নেওয়া হবে না। যারা কংগ্রেস পক্ষে থাকবে পুরোপুরি বা যাদের সম্পর্কে ও'রা সুনিশ্চিত হতে পারবেন যে, কংগ্রেসকে সমর্থন করবেন এইরকম লোকদের নিয়ে স্ট্যান্ডিং কমিটি করবেন, এইরকম একটা সিদ্ধান্ত হল, আমার মনে আছে। এইরকম সিদ্ধান্ত যখন হল আমি একটু আশ্চর্য হয়ে গেছলাম। কি দাঁড়াল, কেন এটা হল, আমরা জানি না, এইরকম কোন রিপোর্ট ওয়ার্ক রিপোর্ট কর্পোরেশন থেকে বেরোয় নি। স্ট্যান্ডিং কমিটিতে নানা রকম বাক্-বিতণ্ডা হয় বলে, তারা বিরোধী পক্ষের মানুষ বলে, তারা বাধা দিয়েছে বলে, আমরা কাজ অগ্রসর করে নিয়ে যেতে পারি নি, এইরকম কোন রিপোর্ট আমার জানা ছিল না। যাই হোক, এটা নিয়ে ডাঃ রায়ের সংগে আমার কথা হয়েছিল, জিজ্ঞাসা করেছিলাম এটা করলেন কেন। তিনি আমাকে এই কথা বলে আমাকে বোঝাবার চেষ্টা করেছিলেন যে, এটা হচ্ছে একটা ডেলিবারেটিভ বডি কর্পোরেশন আজ এ হোল, আর একটা হচ্ছে এক্সপেরিমেন্ট বডি স্ট্যান্ডিং কমিটি। আমি তখন এই প্রশ্ন করেছিলাম, কি গলদ হচ্ছে, দুই-একটা উদাহরণ দিয়ে বোঝাতে পারবেন এই কমিটিতে কোন একটা বিশেষ স্ট্যান্ডিং কমিটির ওয়ার্ক রিপোর্ট নিয়ে এই এক বছরে এই অবস্থা দাঁড়িয়েছে, এই বিরোধ-গুলি আছে এবং সেজন্য কংগ্রেস পক্ষ থেকে যারা সংখ্যাগরিষ্ঠ তারা কাজ করতে পারে নি এইরকম কোন কিছু কি আমাকে দেখাতে পারেন? তিনি তখন আমাকে বললেন, এর ডিটেইলস আমি জানি না, পরে জিজ্ঞাসা করা যাবে, তখন তিনি এটাও বলেছিলেন, আমি শুনেছি, আমার কাছে রিপোর্ট হয়েছে এইরকম নানা অসুবিধা আছে। যাই হোক, আরও কিছু আলাপ করার পর তিনি বললেন, এটা নূতন এক্সপেরিমেন্ট হচ্ছে, আগের থেকে পরিবর্তন করে, কেননা অনেক অভিযোগ আছে পৌরসভা সম্বন্ধে এবং কলকাতার নাগরিকরা করে থাকেন এই স্ট্যান্ডিং কমিটিগুলির কাজ গুরুত্বপূর্ণ, সেজন্য আমরা দেখি না এটা পরীক্ষা করে, যদি এটা না হয় পরে দেখা যাবে, এত নিয়মকানুন নয়, পরে করলেই হবে। যাই হোক পরিবর্তন হয় নি, যতদূর জানি এইভাবেই চলেছে। সেজন্য আমার কথা হচ্ছে যে, এই ডেলিবারেটিভ এবং এক্সিকিউটিভ এই ভাগ করা উচিত নয়। আমার কথা হচ্ছে, শৈলবাবু যখন কোন ওয়ার্ক রিপোর্ট দিতে পাচ্ছেন না, কি অসুবিধা আছে কোন্ বাধা হয়েছে বিরোধী পক্ষের জন্য স্ট্যান্ডিং কমিটির কাজ হয় নি, এইরকম আমরা যদি শুনতাম তাহলেও আমরা খানিকটা চিন্তা করে দেখতে পারতাম। যাঁরা সংখ্যাগরিষ্ঠতা অর্জন করবেন, তাঁরা এককভাবে স্ট্যান্ডিং কমিটির কাজ পরিচালনা করবেন, বাধা-বিপত্তি তাঁদের সেখানে থাকবে না, তাঁরা সেইভাবে একরকম চিন্তা করে একরকম কাজ করবেন। কিন্তু সেটা তো উনি বলতে পারছেন না। তখন আমি বলি ভাগটা

ইমপর্ট্যান্ট বা আনইমপর্ট্যান্ট এইভাবে করা উচিত। এখন তা হলে উনি কি বলতে চাইছেন —আমি কর্পোরেশনের কাউন্সিলার হয়ে সেখানে গেলাম, সেখানে বৈকালে যে মিটিং হয় সেটা ডেলিবারেটিভ বডি, আনইমপর্ট্যান্ট ; আপনি এখানে এসে চেঁচামেচি করতে চান করুন, আমরা এ কান দিয়ে শুনব ও কান দিয়ে বের করে দেব, যেহেতু আমরা সংখ্যাগরিষ্ঠ আছি, সেহেতু আমরা হাত তুলে পাশ করে দেব। কিন্তু যেটা ইমপর্ট্যান্ট—কোথায় টিউবওয়েল বসবে কি বসবে না, আরও যা যা কাজ কোন একটা কমিটির আছে এগুলি করার ব্যাপার ইমপর্ট্যান্ট, সেজন্য আমি আপনাদের চাই না এইরকম কোন কথা কোনদিন শুনি নি। তাহলে কেবিনেট বলে, অ্যাসেম্বলি বলে কোন লাভ নেই। এখন স্ট্যান্ডিং কমিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ আমরা যা দেখছি এবং গুরুত্বপূর্ণ বলেই বলছি এক্সিকিউটিভ বা ডেলিবারেটিভ আমার কাছে দুটোই ইমপর্ট্যান্ট। কিন্তু আমার কথা হচ্ছে, এখানে যে ভাগটা করছি. এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখন সেকশন ২৬-এ দেখা যাচ্ছে -

"The Corporation shall by rules made for the purpose determine the powers, duties and functions of each standing committee. In making such rules the Corporation may direct that the decision of a standing committee shall in respect of certain specified matters be final".

এতবড় ভার যে বডির উপর আছে সেই বডি থেকে আপনি অন্তত সমস্ত বিরোধী দলকে বাদ দেওয়ার যে মনোভাব এখানে প্রকাশ করেছেন, এই সংশোধন যদি আপনি গ্রহণ না করেন তা হলে সেটা আপনি প্রকাশ করবেন। আপনি বলছেন যেখানে চেঁচামেচি করবার তোমাদের কোন কিছু অধিকার আছে সেখানে যত খুশি চিৎকার কর যে দু ঘণ্টা মিটিং হবে কিন্তু যেখানে কিছু কাজ করবার আছে সেখানে আমরা চাই না। কেন চান না? যদি এমন হত যে, সেখানে বাদানুবাদ হতে পারে তাতে কোন আপত্তি নেই। কিন্তু যদি এমন হত

I hold up the work

আমার একটা টিউবওয়েল কোথায়ও করতে হবে, এটা কনট্রাক্ট করবার ব্যাপার আছে, যেমন কোন ড্রেনেজের ব্যাপার আছে, যেমন বিল্ডিংএর ব্যাপার আছে

I hold up the work

এমন যদি কোন ব্যাপার হত তবুও এটার কোন মূল্য থাকত। কিন্তু তা তো হচ্ছে না। সেখানে প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন মানে যারা সংখ্যাগরিষ্ঠ এবং এককভাবে যারা আছে তারা তো সেখানে থাকছে। আপনি বলতে পারেন তা হলে অন্য যারা তারা একত্রিত হয়ে একক যারা আছে তাদের হয়ত ডিফিট করে দিতে পারেন। এত ভয় যদি আপনি করেন তা হলে গণ-তান্ত্রিক পদ্ধতিতে কোন জিনিস কি করে আপনারা চালাবেন? এভাবে গণতন্ত্র চলে না। এত ভয় যদি থাকে যে, আমার সমস্ত কিছু হেল্ড আপ হয়ে যাবে। অথচ বিগত দিনের যে ইতিহাস আমরা জানি তাতে কোন প্রমাণ নেই যে, এইরকমভাবে কাজ বন্ধ হয়ে গেছে। যদি শৈলবাবুর জানা থাকে তা হলে নিশ্চয়ই আমাদের বলবেন। সেজন্য আমি বলতে চাই আপনারা যখন বলছেন ইমপর্ট্যান্সের দিক থেকে আর একটা কমিটি করেছেন, এস্টিমেটস কমিটি যেমন এখানে আছে, অ্যাকাউন্টস কমিটি ওখানে করেছেন, ওটা গুরুত্বপূর্ণ সেজন্য প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন করে দিয়েছি, তা হলে এটাও তো গুরুত্বপূর্ণ, এটা আপনি করছেন না কেন? এজন্য আমার কথা হচ্ছে জিনিসটা গুরুত্বপূর্ণ কি গুরুত্বপূর্ণ নয় সেটা কি চোখে আপনি দেখছেন? সেজন্য বলতে চাই সমস্ত জিনিসটা প্রহসনে পরিণত হবে যদি বিরোধীপক্ষের প্রতিনিধিত্ব ওর মধ্যে না থাকে। আগামী ফেব্রুয়ারি মাসের নির্বাচনে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতা অর্জন করবে কি বিরোধী পক্ষ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করবে, কি কে করবে সেটা আলাদা কথা, সেটা আমি বলতে চাই না। কিন্তু যেই করুক সেখানে কোন গুরুত্ব থাকবে না যদি না গুরুত্ব-পূর্ণ বডিগুলি সবাই মিলে শুধু ডেলিবারেটিভ নয় যে কাজ গুরুত্বপূর্ণ সেটা সবাই মিলে এক সঙ্গে বসে করতে পারে। সেখানে ভোটাভুটি হতে পারে। অনেক সময় অনেক কিছু হয়। কিন্তু হচ্ছে কি—সেখানে স্ট্যান্ডিং কমিটিতে বিরোধী পক্ষের কোন প্রতিনিধি নেই।

[5-5—5-15 p.m.]

আমাদের ঐ যে স্ট্যান্ডিং কমিটি, বিল্ডিং কমিটি যা রেখেছেন সেই কমিটির মিটিং হচ্ছে—যে ড্রেনেজ কমিটি বলুন বা যে কোন কমিটি বলুন, মিটিং হচ্ছে আমি তো জানি না বা জেনে কিছু বলতে পারি না, আমার এলাকায় আমাকে বাদ দেয়া হচ্ছে, আমার একমাত্র গণতান্ত্রিক উপায় হচ্ছে যে হাজার হাজার মানুষ আমার এলাকা থেকে এনে ঐ যে স্ট্যান্ডিং কমিটির মিটিং হচ্ছে, সেখানে জৌলুস নিয়ে ডিমনেস্ট্রেসন করে যাওয়া এবং বাইরে থেকে সেখানে চাপ সৃষ্টি করা যে এটা কেন হচ্ছে না, ওটা কেন হচ্ছে না অথচ আমরা জানছি না। আমি অন্যায়ভাবে হয়ত মনে করছি, সব না জানার দরুন, আমার প্রতিনিধি নেই বলে যে অন্যায়ভাবে ডেলিবারেসনগুলি কমিটির মধ্যে বসে করছে, যেহেতু আমার এলাকায় বিরোধিদলের লোক আছে সেহেতু ওরা দেখছেন না। সেজন্য বলছি যে এরকমভাবে অন্য জিনিস হবে। তাই আমার মনে হয় শেষ অবস্থায় যখন উত্তর দেবেন, যদিও সচরাচর এগুলি করেন না কিন্তু আমরা যে যুক্তি দিচ্ছি, যদি বিন্দুমাত্র আমরা ইমপ্রেস করতে পেরে থাকি তাহলে অন্তত এটা কন্সিডার করবেন যে স্ট্যাটুটরী রুলে এই প্রভিসান থাকা দরকার যাতে বিরোধীদলে যাঁরা আছেন, তাঁরা যদি সংখ্যালঘু থাকেন তাহলে তাঁদের প্রতিনিধি যেতে পারবেন এই স্ট্যান্ডিং কমিটিগুলিতে যেটা খুব গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। সেজন্য আমি আশা করি গণেশবাবুর প্রস্তাবটা সরকারপক্ষ থেকে মেনে নেবার চেষ্টা করবেন।

Shri Naresh Nath Mukherjee:

অধ্যক্ষ মহাশয়, আমি এই বিতর্কে যোগদান দিতে চাইনি, কিন্তু আমি মনে করি যে এই যে সংশোধনী প্রস্তাব আমাদের সামনে আনা হয়েছে এটা অত্যন্ত অ-গণতান্ত্রিক। একদিকে আপনারা এই বিলের মাধ্যমে গণতন্ত্রের যাতে প্রসার হয় তার চেষ্টা করছেন এবং প্রত্যেক বয়োঃপ্রাপ্ত লোককে কোলকাতা শহরের ভোটের অধিকার দেয়া হচ্ছে এবং তাঁরা প্রতিনিধি নির্বাচন করে কর্পোরেশনের কাজের জন্য পাঠাবেন, আর একদিকে বলা হচ্ছে যে, না তাঁদের হাত-পা-বেঁধে দেয়া হোক, আইনের মাধ্যমে বলে দেয়া হোক যে তাঁরা কাকে কাকে স্ট্যান্ডিং কমিটিতে নির্বাচন করবেন। আজকের দিনে একথাটা অত্যন্ত শ্রুতিকটু বলে আমি মনে করি। আমি আমার বন্ধু জ্যোতি বসু মহাশয়কে খুব শ্রদ্ধা করি, কিন্তু আমি আশা করিনি যে তিনি এরকম একটা অ-গণতান্ত্রিক প্রস্তাবকে সমর্থন করে বক্তৃতা দেবেন। আজকে যে মেজরিটি হবে নির্বাচনের পর সে কমিউনিস্ট পার্টিও মেজরিটি হতে পারেন, তাঁরা নির্বাচন করে দেবেন কে কে স্ট্যান্ডিং কমিটিতে যাবেন। সেখানে গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল আরো হাত পা বেঁধে আমাদের প্রতিনিধিদের তাঁরা সেখানে কি করবেন, কোন্ কোন্ কমিটিতে যাবেন, কি প্রপোরসনে সেখানে যাবেন এইসকল অ-গণতান্ত্রিক নিয়ম না করাই ভাল। এখানে আর একটা কথা উঠেছে যে কোথায় টিউবওয়েল তৈরী হবে, কোথায় আলো দেয়া হবে এইসকল বিচারের সময় যারা বিরোধীদল বা সংখ্যালঘিষ্ঠ দল তাঁরা কিছু বলতে পারবেন না একথা ভুল। আমার বোধ হয় জ্যোতিবাবু জানেন না যে স্ট্যান্ডিং কমিটিতে থাকুন আর নাই থাকুন বোরো কমিটিতে প্রত্যেক প্রতিনিধি তাঁদের অধিকার আছে মেম্বার হবার এবং সেই বোরো কমিটির মাধ্যমে পল্লীর কোনখানে টিউবওয়েল, কোনখানে আলোর উন্নতি হবে সেই সকল বিচার হয় এবং পূর্ণ অধিকার সেখানে আজও আছে, বরাবর থাকবে, আমাদের বিরোধীদলেরও থাকবে, সমানভাবেই থাকবে এবং যাঁরা কংগ্রেসের তাঁদেরও থাকবে—একথা উড়িয়ে দেয়া যায় না।

আর একটা কথা উঠেছে যে কর্পোরেশনের নির্বাচন কোনরকম পলিটিক্যাল প্ল্যাকার্ড হয় না। এ একেবারে ভুল কথা। ডাঃ গণি বোধ হয় জানেন না যে, কংগ্রেস পার্টি নমিনেসান দেন নি। ইউ সি সি পার্টি, এবং যেটা ইউনাইটেড লেফটিস্ট পার্টি, তারা একটা প্ল্যাটফর্ম-এ দাঁড়িয়ে ইলেকসান ক্যাম্পেইন করেন, এবং সেই ইলেকসনের পর দেখা গিয়েছে যে ইউ সি সি-র নাম উড়ে গিয়ে পি এস পি আলাদা বসছেন, কমিউনিস্ট পার্টি আলাদা বসছেন এবং তাঁদের অন্যান্য দলেরা আলাদা হয়ে বসছেন, এ কথা উড়িয়ে দিলে চলবে না। অতএব পলিটিক্যাল পার্টির স্ট্যাম্প নিয়ে ইলেকসান-এ নামতে হয়। এ কথা আমি নূতন বলছি না, এ কথা ওরাও সকলে

জানেন। কমিউনিস্ট পার্টির ফ্ল্যাগ-এ, অর্থাৎ সি পি আই সমর্থিত ক্যান্ডিডেটস, তাদের জন্য তারা ফ্ল্যাগ নিয়ে বক্তৃতা দেন, ও ক্যাম্পেইন করেন, এবং কংগ্রেস পার্টির প্রতীক ও ফ্ল্যাগ নিয়ে কংগ্রেস সমর্থিত ক্যান্ডিডেট-এর জন্য ক্যাম্পেইন করা হয়।

মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে দু-তিন দিন আগে যখন ফার্স্ট রিডিং-এ আলোচনা হচ্ছিল, তখন বিরোধীদলের অনেক মাননীয় সদস্য এই কথা উল্লেখ করে বলেন যে এই বিলের দ্বারা কর্পোরেশনের প্রতিনিধিদের হাত-পা বেঁধে দেওয়া হয়েছে। কমিশনারকে সমস্ত পাওয়ার দেওয়া হচ্ছে, এবং কর্পোরেশনের প্রতিনিধিদের সমস্ত পাওয়ার কেড়ে নেওয়া হচ্ছে। আর আজকে এখানে ওরাই একটা সংশোধনী প্রস্তাব এনে বলছেন যে কর্পোরেশনের কাউন্সিলারদের আরও হাত, পা বেঁধে দেওয়া হোক। এবং সেখানে তাঁরা কিভাবে কি প্রপোরশনে স্ট্যান্ডিং কমিটিতে নির্বাচিত হবেন তা আইনে বলে দেওয়া হোক। তাহলে তাঁদের কোন কথাটা আমরা মানবো বা বুঝবো এবং কোন্ কথাটা যে তাঁদের নীতিগত কথা তা আমি বুঝে উঠতে পারি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর বেশী সময় নিতে চাই না। আমি এর বিরোধীতা করছি এবং এই প্রস্তাবটি অ-গণতান্ত্রিক বলেই আমি বিরোধীতা করছি। যদি ন্যায়সঙ্গত যুক্তি কিছু এর মধ্যে থাকতো, তাহলে হয়ত আমি একে সমর্থন করতে পারতাম।

শ্রীঅমরেন্দ্রনাথ বসু: মাননীয় স্পীকার মহাশয়, আমি গনেশবাবুর যে সংশোধনী প্রস্তাব, সেটা সমর্থন করে শ্রীনরেশ মুখার্জী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই— তিনি এস্টিমেট কমিটিকে কেন অগণতান্ত্রিক পদ্ধতিতে হচ্ছে বলেছেন এবং তিনি সেটা সমর্থন করছেন কেন? গণতন্ত্র রক্ষা হত, যদি স্ট্যান্ডিং কমিটিতে বিরোধীপক্ষের এক মতের লোক, এক দলের লোককে রাখা যায়। সেটা হল গণতান্ত্রিক। আর এস্টিমেট কমিটি, যেটার খুব গুরুত্ব দিচ্ছেন মন্ত্রিমহাশয়, সেখানে যদি ঐভাবে নির্বাচিত হয়, তাহলে সেটা অগণতান্ত্রিক উদ্দেশ্যে হচ্ছে, এবং ওটা অগণতান্ত্রিক হচ্ছে ও'র মতে; তাহলে সেটাও কি উনি সমর্থন করছেন? আমি সেই জন্য অনুরোধ করছি সকলে যে কথা বলেছেন, আপনি বিবেচনা করে দেখুন এবং কর্পোরেশনের কাজের সুবিধার জন্য ও কলিকাতার অধিবাসীদের সুবিধার জন্য গণেশবাবু যে সংশোধনী প্রস্তাবটি এনেছেন সেটা যদি গ্রহণ করেন, তাহলে খুব ভাল হবে এবং এই যে একটা মনোভাব জেগে উঠেছে যে কর্পোরেশনের কাজ, আমরা মেজরিটি হয়ে সব চালাবো, তাতে বিশেষ সুবিধা হবে না। আমি এমন অনেক খবর রাখি, আমি জানি যে এই কমিটিগুলি হয়ত একটা নীতিগতভাবে ঠিক করলেন যে বস্তি এলাকায় টিউবওয়েল বসাতে হবে, কিন্তু শেষে দেখা গেল যে বিরোধীপক্ষ যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, সে এলাকায় একটি টিউবওয়েল বসছে না। কারণ তিনি কমিটিতে নেই। সেইজন্য বলছি, সুষ্ঠুভাবে কাজ চালাবার সুবিধা যাতে হয়, সেইটুকু ব্যবস্থা যেন তাঁরা করেন। সর্বশেষে এই অনুরোধ জানাচ্ছি যে আমাদের বিরোধীপক্ষের তরফ থেকে যে সংশোধনী প্রস্তাবটি উত্থাপন করা হয়েছে তা আপনি গ্রহণ করুন।

[5-15—5-25 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আলোচনা করবার বিশেষ ইচ্ছা ছিল না, মাননীয় সদস্য নরেশবাবুর বক্তৃতা শুনে কিছু বলবার ইচ্ছা হল। এখন কথা হচ্ছে প্রপোরশনাল রিপ্রেজেনটেশনকে তিনি বলছেন অগণতান্ত্রিক এবং হাত-পা বেঁধে দেওয়া হচ্ছে। আমি বুঝতে পারছি না যে জনকল্যাণমূলক কাজ করা হবে তাতে এক দলেরই বা লোক থাকবেন কেন? এই প্রশ্ন আসতো না, গনেশবাবুকে অ্যামেন্ডমেন্ট আনতে হতো না যদি বাস্তব রূপে তারা এটা দেখতেন। এই যে এতদিন ধরে চলে আসছে স্ট্যান্ডিং কমিটিতে একমাত্র কংগ্রেস সদস্য থাকবেন এটা যদি না হতো তাহলে গনেশবাবুকে এই প্রস্তাব আনতে হতো না। যাতে এই জনকল্যাণমূলক কাজে, কোথায়

জল দিতে হবে. কোথায় নলকূপ করতে হবে, কোথায় আলো জ্বালাতে হবে, কোথায় রাস্তা পরিষ্কার করতে হবে. এইসমস্ত কার্যের মধ্যে খালি কংগ্রেসেরই সভ্য থাকবে এটাতে আমি মনে করি গণতন্ত্রকে হত্যা করার কথা বলা হচ্ছে, শুধু হত্যা নয়, এক নায়কত্বের দিকে এগিয়ে চলেছে। আমি সেইটাই বলতে চাই যে কি করে তিনি বললেন যে আমরা যে প্রস্তাব এনেছি সেটা অগণতান্ত্রিক অথবা সেটাকে হাত-পা বেঁধে দেবার চেষ্টা করা হচ্ছে, এটা আমি বুঝে উঠতে পারছি না। বরং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি তিনি কর্পোরেশনে সকলের সহযোগিতা চান এবং এই স্ট্যান্ডিং কমিটিতে যেটা তিনি বলে গেলেন যে বরো কমিটিতে সকলেই আছে আর স্ট্যান্ডিং কমিটিতে থাকবার দরকার কি তাহলে স্ট্যান্ডিং কমিটি করবার দরকার কি আছে? স্ট্যান্ডিং কমিটি মানে বিশেষ বিশেষ কাজের জন্য এক একটা কমিটি করা হয়েছে, সেখানে প্রত্যেক দলের সদস্যদের সহযোগিতা থাকা দরকার, তাদের রিপ্রেজেন্টেশন থাকা দরকার, এইজন্য এই প্রস্তাবটা আনা হয়েছে। আমি গনেশবাবুর প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করি, এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে তিনি বিশেষ করে চিন্তা করে দেখুন যে সকলের সহযোগিতা নিয়ে জনকল্যাণ কাজ করতে চান, না চান না, সেইটাই তাঁর যুক্তির উপর ও তাঁর কার্যের উপর নির্ভর করবে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধারাটি হচ্ছে সেকশন ফিফটিন অফ দি ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট। সেকশন ফিফটিন হচ্ছে কম্পোজিশন অফ দি স্ট্যান্ডিং কমিটিস। দুটি অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সংখ্যা ১০ ছিল বাড়িয়ে ১২ করা হয়েছে, আর যেখানে প্রভিশন ছিল এক্সপার্ট নিযুক্তি সেখানে কর্পোরেশনের বদলে স্টেট গভর্নমেন্ট করা হয়েছে। এর মানে এই নয় যে দুটি করে করতে স্টেট গভর্নমেন্ট বাধ্য। লেখা আছে

State Government, may, from time to time, associate with the Standing Committees experts.

এখন এক্সপার্টস্‌দের ডিসিশন কি হবে, সেটা হেলথ কমিটিতে দরকার, কি রোড কমিটিতে দরকার, কি টাউন কমিটিতে দরকার, স্টেট গভর্নমেন্ট যখন কর্পোরেশনের উন্নতির জন্য বহু টাকা ব্যয় করছেন তাকে এক্সপার্ট দেবেন। সে ত, প্রভুত্ব বিস্তার করবার কোন অধিকার পাবে না, তার ভোটিং রাইট কেড়ে নেওয়া হচ্ছে আইনের দ্বারা। সে সেখানে তার বিশেষজ্ঞ মত দেবে। এখানে যদি মনে করেন একজন বিশেষজ্ঞ দিতে পারেন, দুজনের বেশী করতে পারবেন না। যদি মনে করেন একজনও না পাঠাতে পারেন। বাধ্যতামূলক কিছু আইন করা হয় নি। সর্বাধিক সংখ্যা হচ্ছে দুই জন দিতে পারবেন। এই সম্বন্ধে যেটা নিখিল দাস মহাশয় অ্যামেন্ডমেন্ট এনেছেন এই এক্সপার্ট কর্পোরেশনের দ্বারা নিযুক্ত করা হোক। এটা অনেক বিবেচনা করেই আনা হয়েছে। কেন? আরো একটা কথা ও'রা আর্গুমেন্ট করেছেন যে গণতন্ত্রে নির্বাচিত সংখ্যাগরিষ্ঠের চাপ পড়বে সংখ্যালঘুদের উপর তাহলে এক্সপার্ট নিযুক্তির বেলায় নিখিলবাবুর মতে বা বিজয়বাবুর মতে কর্পোরেশনকে যদি দেওয়া হয় তাহলে সংখ্যাগরিষ্ঠরাইত এক্সপার্ট নিযুক্ত করবেন। তবুও আমরা করলে একটা স্যালিউটরি এফেক্ট থাকবে যে সত্যিই বিশেষজ্ঞ দেওয়া হচ্ছে কিনা। সেই দিক থেকেই দৃষ্টি দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে গনেশবাবু বলেছেন যে ১৬ জন করা হোক এবং করা উচিত। তাঁর যুক্তি হচ্ছে তাহলে ঐ ১০০ টাকা সকল মেম্বারদের মধ্যেই ভাগ করে দেওয়া যেতে পারবে, কারো কোন দুঃখ থাকবে না। এখন এখানে ৫টি এবং দুইটি স্পেশাল কমিটি মোট ৭টি, এখন ১২ জন মেম্বার হলে ১২×৭=৮৪ জন হয়ে গেল. বাকী থাকলো ১৬ জন। তার মধ্যে কিছু অল্ডারম্যান যাবে। এখন এটা দেখবেন যে আরো বহু স্পেশাল কমিটি প্রভিশন আছে তারা স্পেশাল কমিটি বা সাব কমিটিতে যদি ঢোকেন তাহলেও অ্যালাউন্স পাবেন। সুতরাং যদি মূল উদ্দেশ্য হয় যাতে ঐ টাকা সকলেই পান পার্টিরা সেখানে মনে করে করতে পারেন। বহু সাব কমিটির ব্যবস্থা রয়েছে আইনে সুতরাং সেদিক থেকে কম হবে না। দ্বিতীয় কথা যেটা রাজনৈতিক প্রশ্ন জ্যোতিবাবু তুলেছেন যে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠর দ্বারা আজকে কর্পোরেশন-এর বিরোধীদলের স্ট্যান্ডিং কমিটিতে স্থান নেই। কিন্তু আইনের দ্বারা আমরা কি একটা পলিটিক্যাল পার্টির রেকগনিশন দিয়ে বলতে পারি বা নির্দেশ দিতে পারি যে, তোমরা কংগ্রেসী হও—কিম্বা বিরোধীদল যদি মেজরিটি হন, কোন

বিরোধী দল হবেন তা আমি জানি না—যেখানে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারে যেখানে কলকা অধিবাসীরা ভোট দিচ্ছেন, নিশ্চয়ই যারা সংখ্যাগরিষ্ঠ তাদের একটা বিরাট নীতি আছে, দ্বিতী আমাদের বর্তমান কর্পোরেশন-এর সঙ্গে আগামী কর্পোরেশন-এর যার পরিপ্রেক্ষিতে এই বি রচনা করা হয়েছে তুলনা করা একদম অমূলক হবে। এখনকার কর্পোরেশন-এ যারা আসে অতি মুষ্টিমেয় ভোটের লোকে—আমি ধরলুম জ্যোতিবাবুর সঙ্গে একমত হলুম উচিত : ধরে নিলাম ফর আর্গুমেন্টস সেক কিন্তু আজকে আমি যতটা জানি—আমি ভুল হতে পা এটা কি সত্য এটা কি ঠিক নয় যে সংখ্যাগরিষ্ঠ পক্ষ সংখ্যালঘিষ্ঠ পক্ষ ডেমোক্রেসিতে এব সমঝোতায় আসতে পারছেন না? আজকে এ প্রশ্নও আমি জানি যে কংগ্রেস কর্তৃপক্ষ মিউনি প্যাল অ্যাসোসিয়েসন সংখ্যা দিয়ে ঝগড়া বেধেছে, স্ট্যান্ডিং কমিটিতে তারা তিনজন দেবেন চারজন দেবেন না দুইজন দেবেন সেই বিষয়ে মতৈক্য স্থাপিত হয় নি। আমার মনে হয় বং মান কর্পোরেশন-এ বিরোধীদলের নেতৃত্বের অভাব আছে। জ্যোতিবাবুর অত বলিষ্ঠ নে যদি কর্পোরেশন-এ থাকতেন তাহলে আমার মনে হয় এই সমস্যা তারা সত্বরই সমাধান করা পারতেন। সংখ্যাগরিষ্ঠদলের সঙ্গে একপা সমঝতায় আসতে পারতেন ডেমোক্রেসি ফাংশন ক বাই কনসালটেশন, ডেলিবারেশন, ডিসকাশন যেমন আমাদের এখানে আমাদের মাননীয় মু মন্ত্রী এ বছর এস্টিমেটস কমিটি ফর্ম করে দিলেন বিরোধীদলকে নিয়ে। অন্যান্য বহু কমিটি আমরা বিরোধী দলকে নিচ্ছি। আপনাদের আদর্শের সঙ্গে আমি একমত। কিন্তু আজ আইনের মধ্যে কি জোরে একটা পলিটিক্যাল পার্টিকে নির্দেশ দেব যে তোমরা স্ট্যান্ড কমিটিতে এতগুলি মেম্বার নেবে? হোল পিপল অফ ক্যালকাটা তারা ভোট দিয়ে পাঠিয়ে একটা দলকে যদি রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে হয় তারা ঠিক করবে। সেখানে নির্বাচিত হব পর নিশ্চয়ই যথেষ্ট স্কোপ থাকবে পরস্পর আলোচনার মাধ্যমে কনভেনশন এস্টাব্লিস করে কিন্তু আজকে প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন-এর কথা আপনারা বলছেন, আপনার বলেছেন, বোম্বে, মাদ্রাজ, দিল্লীর মতন করুন। আমি সমস্ত অ্যাক্ট দেখল ভারতবর্ষের কোন অ্যাক্ট কর্পোরেশন দিল্লী, মাদ্রাজ, বোম্বে কোন জায়গায় স্ট্যান্ড কমিটি বাই প্রোপোরশনাল রিপ্রেজেনটেশন নেই। তার যুক্তিযুক্ত কারণ আছে, এইজন নেই যেখানে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজে ইলিকশন হচ্ছে সেখানে নিশ্চয়ই সংখ্যাগরিষ্ঠদলের এব নীতি পরিচালনা করবার বা গ্রহণ করবার অধিকার আছে। অ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ ইলেক তাদের ফাংশন কি তারা এই স্ট্যান্ডিং কমিটিগুলির প্রতি নজর রাখবে। সেখানে যদি আম শনাল রিপ্রেজেনটেশন দিতে পারি এখানে কেন দিই নি? তার একটা প্রশাসনিক অসুবিধা আছে প্রতি বছর ঐ প্রপোরশনাল রিপ্রেজেনটেশন-এর ইলেকশন করতে করতে সময় কেটে যাবে ক আর হবে না। আজকে ক্লিয়ার মেজরিটি যদি হয় এবং সমঝোতা যদি হয় যে অপোজিশন দে আসন্ন নির্বাচনে কি ফলাফল হবে জানি না—সংখ্যালঘিষ্ঠদলের কি সংখ্যায় আসবে তার কিছু ঠিক নেই, সেগুলি আইনের দ্বারা নির্ধারণ করা যায় না, স্ট্যান্ডিং কমিটিতে এত নিতে হবে সুতরাং এইসমস্ত দৃষ্টিভঙ্গীতে আমি এইসমস্ত অ্যামেন্ডমেন্টগুলিকে বিবেচনা করেই যা উন্নতভাবে কাজ হবে বলে আশা করেই এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা হয়েছে, আশা করি আপনা তা গ্রহণ করবেন।

The motion of Shri Ganesh Ghosh that in clause 11(b), in proposed sub-section (2), line 1, for the words "The State Government" the words "The Corporation" be substituted, was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that in clause 11(a), line 2 after the word "twelve" and before the word "shall" the following word be inserted:

"on the principle of proportional representation on the basis of sing transferable vote".,

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 11 after the proposed sub-section (2), the following proviso be added:—

"Provided further that the State Government shall consult the Corporation and accept the panel as framed and formalised by the Corporation in selecting each such associate member.",

was then put and lost.

The motion of Shri Nikhil Das that clause 11(c) be omitted was then put and lost.

[5-25—5-35 p.m.]

The motion of Shri Nikhil Das that in clause 11(b), for the proposed sub-section (2), the following be substituted:

"(2) The State Government in each year within a month after such Standing Committee is constituted, associate with each Standing Committee three persons not being Councillors or Aldermen who are specialists or experts on the subject for the remainder of the year:

Provided that no person shall be associated with more than one Standing Committee at the same time",

was then put and a division taken with the following result::—

NOES—56

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, The Hon'ble Syamadas
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Gayen, Shri Brindaban
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan

Kolay, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Cliford
Pramanik, Shri Puronjoy
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Ganesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan

AYES—25

Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Mrigendra
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Sambhu Charan
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nathaniel
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan

The Ayes being 25 and the Noes 56, the motion was lost.

The motion of Shri Ganesh Ghosh that for clause 11(a) the following be substituted:

"(a) for sub-section (1), the following sub-section shall be substituted, namely:

'(1) A Standing Committee constituted under section 14 shall consist of 16 Councillors or Aldermen only, elected in accordance with the system of proportional representation by means of the single transferable vote; and no Councillor or Alderman shall at the same time be a member of more than one Standing Committee or simultaneously be a member of a Standing Committee and the Accounts Committee mentioned in section 27,'."

was then put and a division taken with the following result:—

NOES—56

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapur, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, The Hon'ble Syamadas
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Gayen, Shri Brindaban
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Kolay, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata

Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Cliford
Pramanik, Shri Puronjoy
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Ganesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan

AYES—25

Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Mrigendra
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Sambhu Charan
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nathaniel
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini

Roy, Dr. Narayan Chandra
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan

The Ayes being 25 and the Noes 56, the motion was lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

Shri Sailendra Nath Adhikari: I move that in clause 13, for items (a) and (b) of the proposed section 19(1), the following be substituted:—

> "a person as Commissioner, in consultation with the Public Service Commission, upon such terms and conditions as may be deemed necessary and the Commissioner will act thereafter as the Head of the Executive of the Corporation service and he shall remain responsible to the Mayor.".

I also move that in clause 13, in the proposed section 19(3), the words beginning with "Notwithstanding anything" and ending with "clause (a) of sub-section (1)" be omitted.

I also move that in clause 13, the proviso to the proposed section 19(3) be omitted.

স্যার, আজকের দিনে আপনার কাছে আমি এই অনুরোধ করছি যে আজকে আমাদের অব্যাহতি দিন। একটি গুরুত্বপূর্ণ ক্লজ সম্পর্কে যখন আলোচনা হচ্ছে তখন আমাদের বলবার অনেক সুযোগ থাকা দরকার। তাছাড়া আগে আমরা যেসব অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম তার পরিণতি যা হয়েছে তা দেখে এখন যে অ্যামেন্ডমেন্ট দেব ভেবেছিলাম তা দিতে সাহস কমে যাচ্ছে। এই যে সাহস কমে যাচ্ছে তার কারণ হোল আমাদের রিকোয়েস্ট বা অ্যাপিল শৈলবাবু বা তাঁর দল কিছুই শুনছেন না। যাহোক, তবুও আপনার মাধ্যমে আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা পড়ে শোনাচ্ছি। ক্লজ থার্টিন-এ এই সাব-ক্লজটা বাদ দিয়ে বলতে চেয়েছি যে,

"a person as Commissioner in consultation with the Public Service Commission upon such terms and conditions as may be deemed necessary and the Commissioner will act thereafter as the Head of the Executive of the Corporation service and he shall remain responsible to the Mayor".

স্যার, কমিশনার-এর ফাংসন এবং কমিশনার সম্বন্ধে যা বলা হয়েছে তাতে দেখা যাচ্ছে স্টেট গভর্নমেন্ট দুইরকম উপায়ে কমিশনার রাখতে চান। এর একটি হোল ক্লজ এ-তে বলেছেন— গভর্নমেন্ট সার্ভিসে যাঁরা আছেন তাঁদের রাখতে পারবেন এবং আর একটি হোল পাবলিক সার্ভিস কমিশনের মারফতে নিতে পারবেন। আমার কথা হচ্ছে কমিশনার-এর কাজ যদি এক্সিকিউটিভ হেড হিসেবে হয় তাহলে হি স্যাল রিমেন রেসপন্সিবল টু দি মেয়র। অর্থাৎ আমি বলতে চাই যে, তাঁর কাজের দায়িত্ব পালন করবার ব্যাপারে তাঁকে কর্পোরেশনের কাছে কিছুটা জবাবদিহি করতে হবে এটা সুচারুরূপে থাকা দরকার।

[5-35—5-45 p.m.]

সেজন্য আমি বলছি যে এই কমিশনার নিয়োগের ব্যাপারে পাবলিক সার্ভিস কমিশনের রেকমেন্ডেশন অনুসারে করতে হবে। আমরা দেখছি এর আগে কমিশনার নিয়োগের ব্যাপারে স্টেট গভর্নমেন্ট কর্পোরেশনের সঙ্গে কনসাল্ট না করে তাদের ইচ্ছানুযায়ী এক একটা লোককে কমিশনার করছেন এবং তার ফলে তারা দু-চার পাঁচ মাসের বেশী থাকতে পারে নি। তার কারণ যেভাবে তাদের নিয়োগ করা হয় তাতে অ্যানিমাস অ্যান্টাগানিজম সৃষ্টি হয়ে যায় কর্পোরেশনের সঙ্গে স্টেট গভর্নমেন্টের যার ফলে কমিশনার স্টেট গভর্নমেন্ট দ্বারা প্রটেক্টেড এই মনোভাব নিয়ে কাজ করতে যায় এবং সেখানে কর্পোরেশনের কাউন্সিলারদের সঙ্গে সংঘর্ষ বাঁধে। রিসেন্টলী দেখলাম একের পর এক ২-৩ জন কমিশনার চলে গেলেন। সেজন্য বলছি যে—কর্পোরেশনের ব্যাপারে স্টেট গভর্নমেন্ট না করে পাবলিক সার্ভিস-এর রিকমেন্ডেশনকে প্রাধান্য দিয়ে সেটাকে অ্যাকসেপ্ট করে নিয়োগ করা উচিত। যেমন চীফ সেক্রেটারী এক্সিকিউটিভ সার্ভিসের হেড তেমনি ঠিক এই ধরনের ফাংশন হওয়া উচিত এবং

He shall be liable to the Mayor.

এবং তিনি শুধু মেয়র কর্পোরেশনের কাছে জবাবদিহী করতে হবে। সেজন্য আমি শৈলবাবুকে বলতে চাই এই দিকটা যেন তিনি চিন্তা করে দেখেন। কমিশনারকে আলাদা করে না নিয়ে যেমন স্টেট গভর্নমেন্ট কোন অফিসারকে ডেপুটি করে দেন সেরকম না করে পাবলিক সার্ভিস কমিশনের কাছে নাম চেয়ে পাঠান এবং তাকে অ্যাপয়েন্ট করুন, কমিশনারের এমন পজিশন করে দেওয়া দরকার, যাতে কর্পোরেশনের মেয়রের সঙ্গে তার কোন লগারহেড না হয়। সেইভাবে একটা ব্যবস্থা করলে আগামী দিনে কমিশনার ভার্সাস কর্পোরেশনে যে দ্বন্দ্ব সেটা এলিমিনেটেড হয়ে যাবে। সেজন্যই আমি আমার অ্যামেন্ডমেন্ট দিয়েছি।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন আমি তা সমর্থন করি। সেকশন ১৯ হচ্ছে কমিশনারের অ্যাপয়েন্টমেন্ট। স্যার, স্বায়ত্তশাসন কথাটা যদি আমরা মনে রাখি তাহলে স্বায়ত্তশাসন কি কাজ করবার রীতি দেখলে আমরা তা বুঝতে পারি। স্টেট গভর্নমেন্টের নিযুক্ত যে অফিসার আছেন, বা যাঁরা কাজ করছেন, সরাসরি সেরকম অফিসারকে কমিশনার করবার একটা প্রস্তাব, ক্ষমতা এই সংশোধনীতে এনেছেন। এটা কিছুদিনের চেষ্টায় নয় অনেক বছর থেকেই এই চেষ্টা চলেছে। আগের যে অ্যাক্ট কর্পোরেশনের, ১৯২৩ সালের যে অ্যাক্ট, তাতে কমিশনার অ্যাপয়েন্টেড হতেন

subject to the approval of the State Government.

কিন্তু ১৯৫১ সালের অ্যাক্টে ডাঃ রায় করলেন কি কর্পোরেশনের কমিশনার গভর্নমেন্ট নিযুক্ত করবেন

on the recommendation of the Public Service Commission.

স্যার, এবার সেটা উঠে গেল, এর মাঝামাঝি ১৯৫৯ অ্যাক্টে পুনরায় অ্যামেন্ড করে দিয়ে বললেন

Notwithstanding anything to the contrary in the Act if the Government is of opinion that in the interest of the Corporation a Commissioner is to be appointed from the existing Government Servants, they can do it.

এবারে সংশোধন এনেছেন গভর্নমেন্ট অফিসার যাঁরা কাজ করছেন তাঁদের ডাইরেক্ট অ্যাপয়েন্টমেন্ট গভর্নমেন্ট থেকে রাইটার্স বিল্ডিংস পাঠাবেন। কেন পাবলিক সার্ভিস কমিশনের ভেতর দিয়ে হবে না? একটা কারণ আমরা শুনেছিলাম যে পি এস সি-র ভেতর দিয়ে হলে অনেক সময় লাগে। সময় যদি লাগে তাহলে যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করা উচিত। কিংবা পি এস সি যতক্ষণ না করে আর একটা বডি মানে কমিশনারের আন্ডারে অনেকগুলি ডেপুটি কমিশনার আছেন তাঁরা অফিসিয়েট করতে পারেন, তাতে কিছু অসুবিধা হয় না। কিন্তু গভর্নমেন্ট এই স্বায়ত্ত শাসনের ক্ষমতা, আমি আগেই বলেছি এখনও বলছি আস্তে আস্তে কেড়ে নিচ্ছেন, এটা তার একটা অঙ্গ। পি এস সি কেন অ্যাপয়েন্ট করবে না? শুধু গভর্নমেন্ট কেন সরাসরি

অ্যাপয়েন্ট করবে? এর উদ্দেশ্য যদি জনস্বার্থ হয় আর গভর্নমেন্ট এই যে তার অধিকারকে খর্ব করছেন তা না হয় তাহলে স্যার, আমি জানি না এর কি মানে। শুধু তাই নয়, গভর্নমেন্ট অফিসার যিনি ওখানে নিযুক্ত হয়ে যাবেন গভর্নমেন্ট হাতে ক্ষমতা রাখছেন তিনি যদি এমন কিছু করেন যেটা গভর্নমেন্টের হয়ত মনঃপূত হচ্ছে না তাহলে

Government can terminate the services any time the Government wants it.

এর মানে কি? তাঁর যদি দোষ থাকে—এমন তো হতে পারে ভাল অফিসার তিনি হয়ত এমন কাজ সেখানে গিয়ে করবেন যেটা হয়ত গভর্নমেন্ট চান না, কিন্তু তাই বলে গভর্নমেন্টের মর্জির উপর অ্যাট এনি টাইম তাঁর সার্ভিস টার্মিনেটেড হবে? কিন্তু এই সংশোধন করা হয়েছে? কারণ, সমস্ত মানুষের উপর অনাস্থা লোকের উপর অবিশ্বাস এবং গভর্নমেন্ট সার্ভেন্টের উপর এদের বিশ্বাস নেই। সেজন্য ওটুকু হাতে রাখছেন যে গভর্নমেন্ট সার্ভেন্ট সরাসরি অ্যাপয়েন্টেড হলেও যদি দরকার হয় তাহলে তাঁরা তখনই অ্যাপয়েন্টমেন্ট টার্মিনেট করে দিতে পারেন, রিকল তাঁদের করতে পারেন। এইসবের কারণ কি আমরা বুঝতে পারি না, না জনসাধারণ বুঝতে পারে না। নিজেরা অ্যাপয়েন্ট করবেন, যদি বিগড়ে যায় তাহলে সঙ্গে সঙ্গে তাঁকে টার্মিনেট করছেন উইদাউট এনি রিজন। তাঁর যদি কোন দোষ থাকে, তিনি যদি অন্যায় করেন তাহলে কর্পোরেশনকে ৩।৫ না ২।৫ মেম্বার করে দিয়েছেন—সে হওয়া সম্ভব নয় উনি যদি স্বেচ্ছাচারিতা করে যান। ইরিমুভেবল এক্সিকিউটিভ আগেকার যুগে সেভেনটিন্থ অর এইটটিন্থ সেঞ্চুরিতে ছিল। কিন্তু টুয়ান্টিন্থ সেঞ্চুরীতে ইরিমুভেবল এক্সিকিউটিভ এমনভাবে ওরা বসাচ্ছেন যে কিছুতেই কোন গণতন্ত্রের মধ্য দিয়ে তাঁকে রিমুভ করা যাবে না। আমি, স্যার, সেজন্য শৈলেনবাবু যে অ্যামেন্ডমেন্ট করেছেন তা সাপোর্ট করি। আমার মনে হয় পাবলিক সার্ভিস কমিশানের মাধ্যমে যে ভাল লোক হবে যে যোগ্য লোক হবে তাঁকে নিন। যদি তা না করেন তাহলে আমাদের এই বিশ্বাস হবে যে গভর্নমেন্ট লোকের ভালর জন্য করছেন না।

Shri Aswini Roy: Sir, I move that in clause 13, in proposed section 19(1), in line 3, after the words "the Official Gazette, appoint" the words "subject to the prior approval of the Corporation" be inserted.

I move that in clause 13, in proposed section 19(2), line 5, for the words "in consultation with" the words "having due approval of" be substituted.

I move that in clause 13, in proposed section 19(3), line 2, for the words "State Government" the words "Corporation on timely intimation to the State Government" be substituted.

I move that in clause 13, in proposed section 19(3), lines 13-14, for the word "three-fifths" the word "two-thirds" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্লজে আমার প্রথম সংশোধন হচ্ছে ১৯(১)এ যেখানে স্টেট গভর্নমেন্ট এই কমিশনারকে অ্যাপয়েন্ট করবেন সেখানে বলেছি

subject to the approval of the corporation.

কর্পোরেশানকে একটা অটোনোমাস বডি হিসাবে যদি আমরা রাখি তাহলে পরবর্তী ধারাতে যেসমস্ত বলা হয়েছে, যেমন তাঁর কার্যকাল বর্ধিত করার ব্যাপারে স্টেট গভর্নমেন্ট এবং তাঁর কার্যকাল শেষ করার ব্যাপারেও স্টেট গভর্নমেন্ট এবং এই কমিশনারকে ২৫ হাজার টাকা পর্যন্ত খরচ করার অধিকার দেওয়া হচ্ছে, বহু কিছু অধিকার দেওয়া হচ্ছে। কাজেই এই অটোনোমাস বডির যিনি পরিচালক হবেন তাঁর নিয়োগ বা তাঁর কার্যকাল বর্ধিত করার ব্যাপারে বা তাঁর কার্যকাল শেষ করার ব্যাপারে যদি কর্পোরেশানের ক্ষমতা না থাকে তাহলে তার ভেতর নানা কিছু দ্বন্দ্ব উঠতে পারে এবং উঠবেই স্বাভাবিকভাবে। সেজন্য স্টেট গভর্নমেন্ট হয়ত প্যানেল পাঠাতে পারেন যে এই এই লোককে অ্যাপয়েন্ট করা উচিত কিন্তু কাকে অ্যাপয়েন্ট করবে সেটা কর্পোরেশান ঠিক করবে। সেজন্য আমি ২২ থেকে ২৫ এই ৪টা অ্যামেন্ডমেন্ট একসঙ্গে রাখছি—প্রথম হচ্ছে কমিশনার কিভাবে অ্যাপয়েন্টেড হবে, দ্বিতীয় হচ্ছে কমিশনারের কার্যকাল বর্ধিত করবার কি পদ্ধতি, তৃতীয় হচ্ছে তার কার্যকাল শেষ হবার কি পদ্ধতি এবং চতুর্থ হচ্ছে

তার কার্যকাল শেষ করতে গেলে কর্পোরেশনের কি ক্ষমতা। প্রথম সংশোধনীতে আমি বলেছি স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করতে পারবে না যদি কর্পোরেশনের অ্যাপ্রুভ্যাল না থাকে, দ্বিতীয় হচ্ছে তার কার্যকাল বর্ধিত হতে পারে না যদি কর্পোরেশনের অনুমতি না থাকে, তৃতীয় হচ্ছে পাঁচ বছর পর্যন্ত ওকে বর্ধিত করা হোক এবং চতুর্থ হচ্ছে তার কার্যকাল কোনখানে শেষ হবে অবশ্য কর্পোরেশনের কাউন্সিলারদের মিটিং-এ ৩/৫ যেখানে রয়েছে সেখানে আমি ২/৩ করছি কারণ, একটা লোকের চাকরি যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে শেষ করা যায় সেজন্য যেখানে ৬০ জন কমিশনার একটা চাকরি শেষ করতে পারে সেখানে ২।৩ যদি হয় তাহলে ৬৬ জনের উপস্থিতি দরকার। কাজেই সিকিউরিটি অফ সার্ভিসের দিক থেকে আমি সেখানে বলেছি ৩/৫ জায়গায় ২/৩ হওয়া উচিত। কাজেই এই সংশোধনগুলি আমি রাখছি।

দ্বিতীয় হচ্ছে যে, তাদের কার্যকাল বর্ধিত হতে পারে না যদি কর্পোরেশনের অ্যাপ্রুভ্যাল না থাকে। তৃতীয় জিনিস হচ্ছে ৫ বছর পর্যন্ত বর্ধিত করা হবে। চতুর্থ জিনিস হচ্ছে তাদের কার্যকাল কোনখানে শেষ হবে. সেখানে অবশ্য রয়েছে তিনের পাঁচ কর্পোরেশনের মিটিং-এ, তিনের পাঁচ যেখানে রয়েছে আমি সেখানে দুইয়ের-তিন করছি, কারণ একটা লোকের চাকরী যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে শেষ করা যায় তার ব্যবস্থা করা উচিত। সেজন্য দুইয়ের-তিন যদি হয় তাহলে ৬৬ জনের উপস্থিতি দরকার। কাজেই সিকিউরিটি অফ দি সার্ভিসের দিক থেকে আমি বলছি দুইয়ের-তিন হওয়া উচিত। এই আমার সংশোধনী প্রস্তাব।

[5-45—5-57 p.m.]

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় শৈলেনবাবু অ্যামেন্ডমেন্ট দেবার সময় অ্যাক্টটা ভালভাবে পড়েন নি। এখানে করা হয়েছে কি-দুটো মেথড অব অ্যাপয়েন্টমেন্ট করা হয়েছে, স্টেট গভর্নমেন্ট তাদের একটা কোন উপযুক্ত হাই অফিসারকে প্রেরণ করতে পারে অথবা পাবলিক সার্ভিস কমিশনের কনসালটেশনে আদার পার্সন অ্যাপয়েন্ট করতে পারে। আমরা দেখেছি কর্পোরেশনের সঙ্গে যে দ্বন্দ্ব হয়েছিল অনেক অসুবিধার সময় তারা ভাল অফিসার দিয়েছিলেন। গভর্নমেন্ট হার্লাফিল পাঠিয়ে দিয়েছিলেন কিন্তু যেই বুঝলেন প্রয়োজন নেই তাঁকে উইথড্র করে নিয়ে এলেন। বিজয়বাবু যেটা বললেন, আমাদের যদি অধিকার থাকতো কুক্ষিগত করার, গভর্নমেন্টের হাতে নেবার তাহলে হার্লাফিল আমরা পাবলিক সার্ভিস কমিশনে যা অ্যাপয়েন্টমেন্ট হল তাঁকে মনোনয়ন করেছি ৫ বছরের জন্য নিশ্চিন্ত আছি। বিলের আলোচনাকালে প্রায় দেখিয়ে দেয়া হয়েছে যে মাদ্রাজ, বোম্বের আইন প্রয়োগ করছেন না। মাননীয় বিজয়বাবু দেখবেন যে বোম্বে অ্যাক্টে কোন অধিকার নেই কর্পোরেশনের স্টেট ওয়ে গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করে কমিশনার, দিল্লী অ্যাক্টে মূল অ্যাক্ট. স্টেটওয়ে গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করে কমিশনার, মাদ্রাজ অ্যাক্টে স্টেটওয়ে গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করছেন—কি অন্যায় করছে। সেখানে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজে নির্বাচিত হয়, সেখানে তো গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে না, কুঠারাঘাত করা হচ্ছে না। আমরা এখানে কি করেছি—আমরা টু অলটারনেটিভ দিয়েছি এবং কি বলেছি, যদি কোন গভর্নমেন্ট অফিসার যান, তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব করতে পারেন, কিন্তু সেই হায়ার অফিসার যিনি এতদিন আনুগত্যের সঙ্গে চাকরী করেছেন তাঁকে সরাতে হলে একমাসের নোটিসের যে কথা অশ্বিনীবাবু বলেছেন, আমার আপত্তি নেই এবং সংখ্যা যা বলেছেন তাতেও আপত্তি নেই, আমরা তো চেয়েছিলাম এবং সেইভাবে আমরা গ্রহণ করেছি। সুতরাং কোথায় গণতন্ত্রের উপর সরকারী হস্তক্ষেপ হল? বিজয়বাবু বললেন যে অল্টারনেটিভ মেজার রাখার পেছনে একটা মতলব আছে, কি আছে? একবার অ্যামেন্ডমেন্ট করতে হয়েছিল, এটা আমরা রাখি না, কিন্তু প্রয়োজন হতে পারে। হঠাৎ ধরুন পাবলিক সার্ভিস কমিশন থেকে যিনি গেছেন তিনি কোনরকমে সাড়া পেলেন, তখন কর্পোরেশনের এমন অবস্থা যে হয়ত ২-১ মাসের জন্য বা কিছুদিনের জন্য গভর্নমেন্টকে ভাল অফিসার দিতে হতে পারে। সেই ক্ষমতাই আইনে রাখা হয়েছে। সুতরাং আমি সমস্ত সংশোধনীর বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Roy to move that in clause 13, in proposed section 19(1), in line 3, after the words "the Official Gazette, appoint" the words "subject to the prior approval of the Corporation" be inserted,

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 13, in proposed section 19(2), line 5, for the words "in consultation with " the words "having due approval of" be substituted,

was then put and lost.

The motion of Shri Aswini Roy to move that in clause 13, in proposed section 19(3), line 2, for the words "State Government" the words "Corporation on timely intimation to the State Government" be substituted,

was then put and lost.

The motion of Shri Aswini Roy to move that in clause 13, in proposed section 19(3), lines 13-14, for the word "three-fifths" the word "two-thirds" be substituted,

was then put and lost

The motion of Shri Sailendra Nath Adhikary to move that in clause 13, for items (a) and (b) of the proposed section 19(1), the following be substituted:—

"a person as Commissioner, in consultation with the Public Service Commission, upon such terms and conditions as may be deemed necessary and the Commissioner will act thereafter as the Head of the Executive of the Corporation service and he shall remain responsible to the Mayor.".

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary to move that in clause 13, in the proposed section 19(3), the words beginning with "Notwithstanding anything" and ending with "clause (a) of sub-section (1)" be omitted,

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary to move that in clause 13, the proviso to the proposed section 19(3) be omitted,

was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19

Mr. Speaker: Amendment of Shri Aswini Roy is not moved.

শ্রীনিখিল দাস: মিঃ স্পীকার, স্যার, এটা হচ্ছে আমাদের যে পুরান ১৯৫১ অ্যাক্টের যে ২৬নং ধারা, তাকে পালটান হচ্ছে। এই সম্পর্কে যখন আমরা ফার্স্ট রিডিং-এ বলেছিলাম, তখন তার জবাব দিতে গিয়ে শৈলবাবু বলেছিলেন যে, যে সংস্থাই থাক, তাকে যদি রুল মেকিং পাওয়ার দিই, তাহলে সেটা ঠিক হয় না। সেইজন্য স্টেট গভর্নমেন্টের হাতে আমরা রুল-মেকিং পাওয়ারটা নিচ্ছি।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: আপনি কোনটা বলছেন ?

শ্রীনিখিল দাস: আপনি লক্ষ্য করুন পুরান অ্যাক্টের সেকশন ২৬—এটাতে বলা হচ্ছে স্ট্যান্ডিং কমিটিগুলির পাওয়ারস, ডিউটিস অ্যান্ড ফাংশনস যা হবে তার রুলটা কারা তৈরী করবেন? অর্থাৎ তার জন্য যে রুল দরকার, তা কে মেক করবে, তৈরী করবে এইটা পুরান অ্যাক্টের ২৬নং ধারায় ছিল। আপনি পুরান অ্যাক্টের সেকসানটা একটু ভাল করে পড়ে দেখুন। আমি সেটাই বলছি। এখানে ছিল কর্পোরেশনের স্ট্যান্ডিং কমিটির পাওয়ার্স, ডিউটিস অ্যান্ড ফাংশন কি হবে, এবং তার জন্য কর্পোরেশন রুলটা তৈরী করবে। এখন আপনারা অ্যামেন্ডমেন্ট করে, কর্পোরেশনের এই যে রুল-মেকিং পাওয়ার ছিল, সেটা কর্পোরেশনের হাত থেকে তুলে নিয়ে স্টেট গভর্নমেন্ট নিজের হাতে নিচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে যেখানে স্ট্যান্ডিং কমিটিকে কর্পোরেশন ইলেক্ট করে দিচ্ছে, সেখানে তার সম্বন্ধে প্রয়োজনীয় রুলগুলি তৈরী করবার ক্ষমতা কর্পোরেশনেরই হাতে থাকা উচিত। এই রুল-মেকিং ক্ষমতাটা স্টেট গভর্নমেন্টের হাতে কেন নেয়ওা হচ্ছে? এ সম্পর্কে যুক্তিস্বরূপ শৈলবাবু বলেছিলেন যে সংস্থা এক্সিকিউটিভ ফাংশন করবে, তাকেই যদি আমরা রুল তৈরী করতে দিই, তাহলে ঠিক হবে না। আমার প্রশ্নটা তা নয়। স্ট্যান্ডিং কমিটির জন্য যে রুল তৈরী হচ্ছে, সেটা কর্পোরেশন তৈরী করবে, এবং তারা যদি করে তাহলেই ঠিকভাবে হতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয় নিয়ে বলতে চাই—আপনার মাধ্যমে। সেটা হচ্ছে এই স্ট্যান্ডিং কমিটিতে প্রোপোরসনাল রিপ্রেজেন্টেশান এলো না, সেটা অ্যাকসেপ্টেড হল না। সুতরাং এটা ধরে নিতে পারি যে স্ট্যান্ডিং কমিটি একটা ওয়ান-পার্টি কমিটি হয়ে যাচ্ছে। এখন তার রুল তৈরী করবার ক্ষমতা যদি স্টেট গভর্নমেন্ট নিয়ে নেয়, তাহলে অপোজিশান কাউন্সিলার যারা তাদের এতে কোন ক্ষমতাই থাকবে না। রুল-মেকিং বডি যদি কর্পোরেশন তৈরী করতো, তাহলে অপোজিশান কাউন্সিলাররা রুল তৈরীর ব্যাপারে অংশগ্রহণ করতে পারতো এবং স্ট্যান্ডিং কমিটি কিভাবে চলবে তার পাওয়ার্স এবং ডিউটিস কি থাকবে, সে ব্যাপারে পার্টিসিপেট করতে অন্তত অপোজিশান মেম্বাররা থাকতেন। রুল-মেকিং পাওয়ারটা স্টেট গভর্নমেন্ট নিয়ে নেওয়ার জন্য, তারা থাকতে পারছেন না এবং স্ট্যান্ডিং কমিটি কিভাবে চলবে, যেখানে রুল তৈরী করবার ব্যাপার সেখানে অপোজিশান মেম্বাররা থাকতে পারছেন না। অর্থাৎ তাঁরা এখানে কোন কথা বলতে পারছেন না, বা তাদের কোন বক্তব্য থাকছে না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এটা যে আগের আইনে যেভাবে ছিল, সেইভাবেই রাখা উচিত।

শৈলবাবু বলেছেন অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর ভিত্তিতে নির্বাচন হচ্ছে। এবার যারা নূতন কর্পোরেশানে আসছেন কাউন্সিলার হয়ে, তারা অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর ভোটে নির্বাচিত হয়ে আসছেন। তাহলে তাদের হাত থেকে এই ক্ষমতাটা কেড়ে নিচ্ছেন স্টেট গভর্নমেন্ট কেন? যদি তারা অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর ভিত্তিতে নির্বাচিত হয়ে আসে জনসাধারণের প্রতিনিধি হিসাবে তখন তাদের হাত থেকে এই ক্ষমতাটা কেড়ে নিতে চাচ্ছেন কেন? যদি আমরা বলি এই ক্ষমতাটা সরকার কেড়ে নিতে চাচ্ছেন এই জন্য, যে স্ট্যান্ডিং কমিটি হচ্ছে ওয়ান পার্টি কমিটি এবং তার ওয়ার্কস অ্যান্ড ডিউটিস, স্টেট গভর্নমেন্ট ঠিক করবেন। অর্থাৎ অপোজিশন মেম্বার যারা থাকছে, তাদের কোন ক্ষমতা থাকবে না স্ট্যান্ডিং কমিটির ওয়ার্কস অ্যান্ড ডিউটিস-এর ব্যাপারে স্ট্যান্ডিং কমিটির ব্যাপারে তাদের কোন বক্তব্য থাকবে না। তাদের রুল-মেকিং পাওয়ার পর্যন্ত স্টেট গভর্নমেন্ট নিজের হাতে নিয়ে নিচ্ছেন।

এইটাই আমার বক্তব্য যে আগের পুরান আইনে ২৬নং ধারাটা যা ছিল, তাই রাখা হোক এবং এই যে অ্যামেন্ডমেন্টটা আপনি এনেছেন, এটা তুলে নিন।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আপনি রুলটা ভাল করে পড়েন নি। কেন এই রুল-মেকিং পাওয়ারটা নিয়েছি সেটা আমি সেকেন্ড রিডিং-এর জবাবে বিস্তৃতভাবে বলেছি। আপনারাও অনেকে স্বীকার করেছেন যে, রুল-মেকিং পাওয়ারে একটা ফান্ডামেন্টাল ডিফারেন্স কোন আইনে নেই।

যেখানে থ্রি অথরিটিজ রয়েছে, সেখানে এই থ্রি অথরিটিজ-এর মধ্যে একটা অথরিটি, আর একটা অথরিটিকে চালাবার রুল কেন করবে? সুতরাং রুল মেকিং পাওয়ারটা কেন গভর্নমেন্ট নিজের হাতে নিচ্ছেন? এর উদ্দেশ্য হচ্ছে যে, সেই জিনিসটা গভর্নমেন্ট আর একবার ভাল করে বিচার করে দেখতে পারবেন। আমি এর দৃষ্টান্ত দিয়েছি। আগে যা ছিল তাতে জানতেও পারত না গভর্নমেন্ট যে কিভাবে কর্পোরেশন পরিচালিত হবে! এখানে একটা রুল-এ আছে—রিসেশন মোশন। আজ আপনি নিখিলবাবু কর্পোরেশনের সভ্য আপনি জানেন ৬—৩ ভোটে একজন অফিসার রি-অ্যাপয়েন্টেড হয়ে গেল। যেই তিনজন বললেন, অমনি রিসেশন মোশন টেবল করে দিলেন, ব্যাস দুবছর সে মোশনএ হয়ে গেল। রিসেশন মোশনএর ব্যাপারে স্পেশাল কমিটি রিপোর্ট করেছে যে, এগুলির জন্য কর্পোরেশনের কাজের দেরি হয়, বিলম্ব হয়, ক্ষতি হয়, এবং জনসাধারণ সাফার করে, সেইজন্য রুল-মেকিং পাওয়ার-এর প্রয়োজন। আপনি যা বললেন রুল-মেকিং পাওয়ারটা গভর্নমেন্ট হাতে নিয়েছেন, তা ঠিক নয়। সেকসন ৫(৩৩)টা পড়ে দেখুন। প্রত্যেকটি রুল কর্পোরেশনের ওপিনিয়ন নিয়ে করা হবে। কর্পোরেশনই সব কিছু করবেন, এবং দেখবেন। কিন্তু পাবলিস করে সেকসন ৫(৩৩)তে আমরা কর্পোরেশনের ওপিনিয়ন নিয়ে তাদের রুল করব। সুতরাং রুল-মেকিং পাওয়ার নিশ্চয়ই গভর্নমেন্ট নেবেন এবং সেইজন্য এই সংশোধনী করা হয়েছে।

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 20, 20A

Mr. Speaker: The amendments stand withdrawn.

The question that clauses 20 and 20A do stand part of the Bill was then put and agreed to.

Clauses 22, 25, 26, 27, 28, 33, 35 and 36.

The question that clauses 22, 25, 26, 27, 28, 33, 35 and 36 do stand part of the Bill was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-57 p.m. till 1 p.m. on Tuesday, the 8th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta on Tuesday, the 8th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State, and 143 Members.

Starred questions
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Price of rice in M. R. Shops

***349.** (Admitted question No. *98.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার যেখানে চাউলের নির্দিষ্ট দরের সীমা ৭৬ নঃ পঃ (কিলোপ্রতি) বাঁধিয়া দিয়াছেন, সেখানে এম, আর, সপ-এ কিলোপ্রতি ৮৬ নঃ পয়সার চাউল বিক্রী হওয়ার কারণ কি?

The Hon'ble Smarajit Bandopadhyay:

(ক) জেলাসমূহে এম, আর, সপ, হইতে কিলো প্রতি ৮৬ নঃ পয়সায় কোন চাউল বিক্রী হইতেছে না। কলিকাতায় কোন এম, আর, সপ নাই। কলিকাতার দোকানগুলি ফেয়ার প্রাইস সপ বলিয়া অভিহিত।

Shri Sambhu Charan Ghosh:

মফঃস্বলের এম. আর. সপগুলিতে কি কি ধরনের চাল দেওয়া হয় এবং তাদের দাম কি কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মফঃস্বলে মিডিয়াম দেওয়া হয়, ফাইন দেওয়া হয়, সুপারফাইন আজকাল বড় পাওয়া যায় না। দাম যথাক্রমে ৬৮ এবং ৮০ নয়া পয়সা।

Shri Sambhu Charan Ghosh:

আমার প্রশ্ন হল, ৮৬ বা ৭৬এর উর্ধ্বে যে চাল দেওয়া হয় সেটার সঙ্গে নির্ধারিত মূল্যের সংগতি আছে কিনা।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা কলকাতা এবং শিল্পাঞ্চল যেটা আছে সেখানে এরোমেটিক রাইস যা উত্তরপ্রদেশ থেকে আমরা পেয়েছি সেটা ৮৬ নয়া পয়সায় দিচ্ছি। কোর্স মিডিয়াম, ফাইন ছাড়া সুপারফাইন অর্থাৎ এরোমেটিক চালের দাম বাঁধিনি। এরোমেটিক রাইস-এর নাম হচ্ছে বাসমতি।

Shri Sambhu Charan Ghosh:

মফঃস্বলের রেশন সপগুলিতে ৮৬ নয়া পয়সায় যে চাল দেওয়া হয় সেটা মোটেই সুগন্ধি নয়, দুর্গন্ধই বলা যায়।

The Hon'ble Prafulla Chandra Sen:

বাসমতি আমরা যেটা দিচ্ছি ৮৬ পয়সায় সেটা কলকাতা এবং শিল্পাঞ্চলেই দিই, তার বাইরে কোন এলাকায় ৮৬ পয়সার কোন চাল দেওয়া হয় না।

Shri Sambhu Charan Ghosh:

হুগলিতে আমরা এম আর সপগুলিতে ৮৬ পয়সায় পাচ্ছি, সেজন্যই আমি একথা বলছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য জানেন না হুগলী জেলার বাঁশবেড়ে পর্যন্ত শিল্পাঞ্চল। শিল্পাঞ্চলে আমরা এরোমেটিক চাল দিই ৮৬ নয়া পয়সায়।

Shri Kashi Kanta Maitra:

কলিকাতা বা শিল্পাঞ্চলে এরোমেটিক রাইস ডিস্ট্রিবিউশন-এর বন্দোবস্ত করেছেন, কলকাতা বা শিল্পাঞ্চলের মধ্যেই সীমাবদ্ধ রাখলেন কেন, বাইরের লোক কি পেতে পারেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা ২ হাজার টন এরোমেটিক রাইস পেয়েছিলাম, তা ছড়িয়ে দিলে তা দিয়ে কোন কাজই হত না, কাজেই শিল্পাঞ্চলে সীমাবদ্ধ রেখেছি।

Shri Jamini Bhusan Saha:

মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন কি গ্রামাঞ্চলের রেশন সপগুলিকে ৫২ নয়া পয়সার উপর চাল দেওয়া হয় না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মফঃস্বলে বিশেষ করে যেসব অঞ্চলে শুধু ক শ্রেণীকে চাল দেওয়া হয় তাদের আমরা মোটা চাল এবং সব চেয়ে কম দামের চাল ৫২ নয়া পয়সা যেটা সেটাই দেবার চেষ্টা করি।

Shri Jamini Bhusan Saha:

আমি ব্যারাকপুরের কথা বলছি, ব্যারাকপুর-অঞ্চলকে গ্রাম বলা চলে না, সেখানে জনসাধারণ চায়, সেখানে অন্য কোন চাল দেবার ব্যবস্থা কেন হবে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

শিল্পাঞ্চল বাদ দিয়ে যে অঞ্চল আছে সেখানে সমস্ত শ্রেণীকে আমরা চাল দিতে পারছি না। আমরা কেবলমাত্র এ ক্যাটাগরিকে দিই, এবং আমরা জানি এ ক্যাটাগরির ক্রয়শক্তি কম, সেজন্য আমরা তাদের সর্বনিম্ন দরে অর্থাৎ ৫২ নয়া পয়সায় দিয়ে থাকি।

Shri Nikhil Das:

মুখ্যমন্ত্রিমহাশয় কি জানেন যে ৮০ নয়া পয়সায় এম, আর, সপ থেকে যে চাল দেওয়া হয়, তার মধ্যে সুগন্ধির চেয়ে দুর্গন্ধই বেশি পাওয়া যায়?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যদি নমুনা দেখাতে পারেন তবে বুঝব সুগন্ধি কি দুর্গন্ধ, তবে আমাদের সরকারি ভাণ্ডার থেকে যে চাল দেওয়া হচ্ছে সেই চাল সম্পর্কে এখনো পর্যন্ত আমরা কোন রকম অভিযোগ পাই নি, এই প্রথম পেলাম।

Shri Sailendra Nath Adhikary:

এই যে মিডিয়াম, ফাইন, এরোমেটিক এই ক্লাসিফিকেশন করেছেন, এই ক্লাসিফিকেশনটা কিভাবে করেছেন, কোন ধানের চালকে কোন শ্রেণীতে গণ্য করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের পশ্চিমবাংলায় উৎপন্ন ধানের চালকেই আমরা কোথাও সরু বলেছি, কোথাও মিহি বলেছি, মিডিয়াম বলেছি, কোন্ চালকে সরু, কোন্ চালকে মিহি এবং কোন্ চালকে মাঝারি বলা হয়েছে এই তালিকা আমি এখন বলতে পারব না, সংবাদপত্রের মারফৎ এটা জানিয়ে দেওয়া হয়েছিল। বাইরে থেকে আমরা যে চাল পাই, অন্ধ্র থেকেই হোক, কেন্দ্র থেকেই হোক সেটা আমরা যে দাম বেঁধেছি তার চেয়েও কম দরে বিক্রী করে থাকি।

[1-10—1-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

আমি নিজের অভিজ্ঞতা থেকে মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে, ৭৫ নয়া পয়সা করে রেশন সপ থেকে যে চাল নিয়ে এসেছি সেটা মোটা চাল এবং তার মধ্যে অর্ধেক মাটি। মুচিপাড়া এলাকা থেকে আমি একটা নমুনা এনেছিলাম, কিন্তু আপনার সঙ্গে দেখা হয় নি বলে আপনাকে দেখাতে পারি নি! এখন আমার প্রশ্ন হোল এ সম্বন্ধে ভাল করে মনোযোগ দেবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সমস্ত রেশন সপ-এ আমাদের মন্ত্রীরা প্রায়ই ঘুরে থাকেন, কিন্তু কোথাও অর্ধেক মাটি মেশান চাল মন্ত্রীদের চোখে পড়ে নি। তবে যদি নমুনা দেন এবং দোকানের নাম বলেন তাহলে নিশ্চয়ই অনুসন্ধান করব।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, জেলাতে রেশন সপ-এ সর্বনিম্ন দরে যে চাল সরবরাহ করা হচ্ছে—সেটা আতপ চাল—সেটা রান্না করলে ভাত তৈরী না হয়ে একটা মন্ড তৈরী হয় এবং সেটা খেলে মানুষের অসুখ হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের কিছু পরিমাণ আতপ চাল যে দিতে হয় এটা আমরা স্বীকার করছি এবং সেই আতপ চাল নানা ধরণের আছে। আমরা আমেরিকা, বার্মা এবং অন্ধ্র থেকে আতপ চাল পেয়েছি, আমরা যেমন যেমন পাই তেমন তেমন দিয়ে থাকি।

Seizure of paddy in Katwa subdivision

***350.** (Admitted question No. *1082.)

শ্রীসুবোধ চৌধুরী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া মহকুমার থানা ভিত্তিতে আজ পর্যন্ত কত ধান সীজ করা হইয়াছে;

(খ) এই ধানের কত পরিমাণ কাটোয়া মহকুমার কোন্ কোন্ মিলে চাল বানাইবার জন্য সরবরাহ করা হইয়াছে ও কি শর্তে;

(গ) এই সীজ করা ধান হইতে উৎপন্ন চালের কত ভাগ সরকার লইয়াছে বা লইবেন এবং কত ভাগ মিল মালিকদের খুশী মত বিক্রয় করিবার অধিকার দেওয়া হইয়াছে; এবং

(ঘ) উৎপন্ন চালের কোন অংশ এখনও পর্যন্ত মিল মালিকদের নিকট হইতে সরকারের পাওনা আছে কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) একমাত্র কেতুগ্রাম থানায় ১৭৭·২৯ কুইন্টাল পরিমাণ ধান সীজ করা হইয়াছে।

(খ) কিছুই সরবরাহ করা সম্ভব হয় নাই কারণ কলিকাতা হাইকোর্টের একটি আদেশক্রমে উক্ত ধান সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা স্থগিত রাখা হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Hare Krishna Konar:

কাটোয়া সাবডিভিসান-এ শুধুমাত্র কেতুগ্রামে ৭৭ কুইন্টাল সিজ করা হোল। আমার প্রশ্ন হোল অন্য থানায় কেন সিজ করা হোল না?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

নোটিশ না দিলে বলতে পারব না। তবে মনে হচ্ছে ওখানে ধান পাওয়া গিয়েছিল বলে করা হয়েছে।

Shri Hare Krishna Konar:

আপনি কি জানেন কেতুগ্রামের তুলনায় মঙ্গলকোট এবং কাটোয়া থানায় বড় বড় চালের মালিকের সংখ্যা বেশী?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

হতে পারে।

Shri Hare Krishna Konar:

তা যদি হয়ে থাকে তাহলে সেখানে কেন সিজ করা হোল না সেটা তদন্ত করে জানাবেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

নিশ্চয়ই জানাব।

Shri Sudhir Chandra Das:

হাইকোর্টে কে বন্ধ করেছে, কোন পক্ষ গেছে জানাবেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

যাদের ধান সিজ করা হয়েছে তারা হাইকোর্টে গেছে। আমি অত ডিটেলস্‌ বলতে পারব না, তবে বোধ হয় ইনজাংসন হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আপনারা যখন সিজ করবার অভিযানে যান তখন সরকারের এমন কোন পলিসি, ডিসিসন আছে কি না যে কিসের ভিত্তিতে এবং কোন কোন জায়গায় আপনারা হানা দেবেন? অর্থাৎ আমি জানতে চাই এই যে অভিযান আপনারা চালাচ্ছেন তাতে আপনাদের পলিসি-টা কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের ভিত্তি হচ্ছে সেই পরিবারে কত লোক আছে। সেই পরিবার যদি কৃষক হয় তাহলে মাথাপিছু ১০ মণ ছাড় দেই, কারণ চাষের খরচ আছে, বীজের খরচ আছে এবং শুকতি আছে। এই সমস্ত বাদ দিয়ে যেটা অতিরিক্ত থাকে সেটা আমরা নিই।

Shri Kashi Kanta Maitra:

আপনাদের যে প্যাডি কন্ট্রোল অর্ডার রয়েছে তাতে আছে এই পরিমাণ জমির একসেস্‌ থাকলে সেটা আপনারা নেবেন। আমার প্রশ্ন হচ্ছে আপনারা ধান সিজ করবেন, এই জন্য অভিযান চালাবেন এটা যদি আপনাদের নীতি হয় তাহলে এক জায়গায় চালাচ্ছেন না কেন, বেছে বেছে কেন চালাচ্ছেন?

The Hon'ble Profulla Chandra Sen:

আমরা এখান থেকে প্রত্যেক জেলা ম্যাজিস্ট্রেটকে বলেছি যে, কারুর কাছে যদি প্রয়োজনের অতিরিক্ত ধান থাকে তাহলে সেটা নেবার চেষ্টা করা হবে। এই ভিত্তির উপর নির্ভর করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এই সমস্ত চাল সংগ্রহ করছেন।

Shri Hare Krishna Konar:

তাহলে কি অবস্থা এই দাঁড়াল যে, যে সমস্ত থানায় সিজ করেন নি সেখানে এমন কে লোক নেই যাদের প্রয়োজনের অতিরিক্ত ধান আছে?

The Hon'ble Profulla Chandra Sen:

থাকতে পারে—যদি তথ্য থাকে তাহলে দেবেন।

Coke of Durgapur Coke Plant

***351.** (Admitted question No. *1101.)

শ্রীঅনাদি দাসঃ উন্নয়ন (দুর্গাপুর ইন্ডাস্ট্রী) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অন্যান্য কোম্পানীর তৈরি কোক অপেক্ষা দুর্গাপুরের কারখানায় তৈয়ারি কোকের অ্যাস কনটেন্ট বেশী হওয়ার তুলনায় কম কাজ দেয়; এবং

(খ) পশ্চিমবঙ্গে কোক সরবরাহের ব্যবস্থা কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) না।

(খ) ভারত সরকারের অধীনস্থ কয়লা নিয়ামক কর্তৃক কোক্ বণ্টন ব্যবস্থা নিয়ন্ত্রিত হয়। তিনি বৃহৎ শিল্প সংস্থাসমূহকে নির্দিষ্ট পরিমাণ কোক্ সরাসরিভাবে (কোক্ ওভেন প্ল্যান্ট-সমূহ হইতে) অথবা তাহাদের নিযুক্ত এজেন্ট মাধ্যমে সংগ্রহ করিতে অনুমতি দিয়া থাকেন। ক্ষুদ্র শিল্প সংস্থাগুলি পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ ভোগ্যদ্রব্য অধিকর্তা কর্তৃক নিয়ন্ত্রিত রাজ্যসরকারের ডিপোসমূহ হইতে প্রয়োজনীয় কোক্ পাইয়া থাকেন।

শ্রীঅনাদি দাসঃ অ্যাশ কন্টেন্ট দুর্গাপুরে কম নয় আপনি বললেন, অনেক জায়গায় ,প্রত্যেক ফ্যাক্টরীতে এই খবর আছে যে দুর্গাপুরে কোলের অ্যাশ কন্টেন্ট বেশী এবং সেই দুর্গাপুর কোক ছোট ছোট কারখানাগুলিতে সাপ্লাই করা হয় বলে তারা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে, এটা সত্য কি না?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি.....

"Durgapur Coke Plant is designed to produce grade I hard coke. The ash content is 24 per cent. maximum. Two other small plants in the private sector are producing limited quantity of special low ash coke. They are marketing their products at a higher price. The maximum price has been fixed by the Government of India for both grade I hard coke and special hard coke. Durgapur plant is selling grade I hard coke at the ceiling price fixed by the Government of India. The limit of ash content for special coke is 24 per cent. and normally it is better than coke with 25 per cent. ash. However, the price is higher by about 30 per cent. Special grade coke is generally used for special purposes like manufacture of ferromanganese and calcium carbide for which it is most suited. For general metallurgical purposes, however, special grade coke is not considered economic at the present price structure."

শ্রীঅনাদি দাসঃ এটা সত্য কিনা লুধ্না এবং অন্যানা কোলীয়ারীতে যে স্পেশাল কোক্ হয় তার দর কন্ট্রোল করা হয়েছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আমি আগেই বলেছি স্পেশাল কোকের যে দাম তাতে সাধারণ কাজে ব্যবহার করা যায় না, স্পেশাল কাজে ব্যবহার করা হয়, এবং তার অ্যাশ কন্টেন্ট কম এবং হার্ড কোক্ নম্বর ওয়ান যেটা দুর্গাপুরে হয় সেটার দাম কম বলে তার মেটালার্জিক্যাল পারপাসে ব্যবহার করা চলে।

শ্রীঅনাদি দাসঃ সেখানে যে সরকারী সরবরাহ ব্যবস্থা আছে এর সোল এজেন্ট পশ্চিমবঙ্গে কে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ সোল এজেন্ট কে বলতে পারি না, নোটিশ দিলে বলতে পারি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি অনাদিবাবুর প্রশ্নটা পড়ে দেখাচ্ছি, এর প্রতি আপনার অ্যাটেনশন ড্র করছি, আমার মনে হচ্ছে গোটা কোশ্চেনটাই ভুল। উনি বলেছেন ইহা কি সত্য যে অন্যান্য কোম্পানীর তৈরী কোক্ অপেক্ষা দুর্গাপুর কারখানায় তৈয়ারী কোকের অ্যাশ কন্টেন্ট বেশী হওয়ায় তুলনায় কম কাজ দেয়, উনি কি বলতে চাইছেন? আমার সাপ্লিমেন্টারী হচ্ছে অ্যাশ কন্টেন্ট বেশী হওয়ার জন্য তুলনায় কম কাজ দেয় এর মানে কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ উনি মীন করছেন অ্যাশ কন্টেন্ট কম আছে যেটা সেটা দুর্গাপুর কোন ওভেনে হয় কিনা এবং দুর্গাপুরে যেটা হয় তাতে অ্যাশ কন্টেন্ট বেশী আছে কিনা? আমি স্বীকার করি স্পেশাল কোক্ প্রাইভেট সেক্টারে হয়, স্পেশাল পারপাসে ব্যবহৃত হয় তার অ্যাশ কন্টেন্ট আছে। দুর্গাপুরে হাইয়ার কন্টেন্ট যেটা হয় অ্যাশ কন্টেন্ট তাতে বেশী এর তুলনায় তবুও মেটালর্জিক্যাল পারপাসে ব্যবহার করা চলে।

[1-20—1-30 p.m.]

Shri Anadi Das:

পশ্চিমবাংলায় কোক্ সরবরাহের যে ব্যবস্থা সেটা নুরি অ্যান্ড কোং-এর উপর ভার দেওয়া আছে কি না?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আমি আগেই বলেছি নোটিশ দিলে বলতে পারব।

Shri Somnath Lahiri:

দুর্গাপুর কোক্ কি শুধু মেটালার্জিক্যাল পারপাসে বিক্রি হয়?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

এটা সাধারণতঃ মেটালার্জিক্যাল পারপাসে বিক্রি হয়।

Supply of ration through M. R. Shops in Jalpaiguri district

***352.** (Admitted question No. *1118.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that Jalpaiguri district is a deficit area in respect of rice; and

(b) whether the Government is thinking of arranging to supply ration from the M. R. Shops to all including "B" and "C" class card-holders in that district?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) Yes, it is so in 1964.

(b) Yes, instructions have been issued to the Deputy Commissioner to extend Modified Ration facilities to 'B' and 'C' class card holders also of the district whenever he considers it to be necessary.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be kind enough to state whether Jalpaiguri district was a deficit area before 1964?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Not in every year.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has stated that instructions have been issued to the Deputy Commissioner to extend M. R. facilities to 'B' and 'C' class card holders. But why is this last sentence 'whenever he considers it to be necessary'?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Because it has not been generally done in other districts.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister state whether he is going to delete the area from his instructions?

The Hon'ble Smarajit Bandyopadhyay: There is no harm. When the D.C. considers that such and such area should be given 'B' and 'C' class, he will do it.

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, জলপাইগুড়ি জেলায় এম, আর, শপ খোলার ক্ষেত্রে কি নীতি গ্রহণ করা হয়েছে?

The Hon'ble Smarajit Bandopadhyay:

সব জায়গায় যে নীতি গ্রহণ করা হয়েছে, ওখানেও তাই গ্রহণ করা হয়েছে।

Shri Nani Bhattacharjee:

গ্রামাঞ্চলে সব জায়গায় আমরা শুনেছিলাম, পাঁচ হাজার জনসংখ্যার ভিত্তিতে খোলার নীতির কথা।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা আগে কলকাতা এবং শিল্পাঞ্চলে ইনফর্মাল রেশনের ব্যবস্থা করেছিলাম যাকে আমরা মডিফায়েড রেশনিং বলি। তারপর আমরা বললাম, নেক্সট স্টেজে যেসমস্ত শহরে, মিউনিসিপ্যাল এলাকায় নয়, পাঁচ হাজার লোকসংখ্যা আছে সেগুলিতে এক্সটেন্ড করা হবে। তারপর আমরা বললাম, যেসমস্ত শহরে চার হাজারের অধিক আছে সেগুলিতে করা হবে। তারপর যেখানে যেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা, ডেপুটি কমিশনাররা আমাদের কাছে জানালেন যে, আমাদের বেশি করতে হবে সেখানে আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলে দিলাম যে, তোমাদের বিবেচনা অনুসারে সমস্ত শ্রেণীকে দেওয়া যদি মনে কর তাহলে মডিফায়েড রেশনিংএর আওতায় আসবে।

Shri Nani Bhattacharjee:

তাহলে পপুলেশন নীতির উপর কোন কিছু নেই জলপাইগুড়ি জেলায় অন্তত?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আগেই বলেছি, আমরা প্রথমে ষাট লক্ষ লোককে মডিফায়েড রেশনিং দিলাম, তারপর সত্তর লক্ষ হল, তারপর আশী লক্ষ হল। আমি সেদিন হাউসে বলেছি, এক কোটি পাঁচ লক্ষ লোককে দিয়েছি, আজকে দেখলাম এক কোটি কুড়ি লক্ষ লোককে এক্সটেন্ড করা হয়েছে। আসছে সপ্তাহে হয়ত দেখব এক কোটি ত্রিশ লক্ষ। মাননীয় সদস্যদের স্মরণ থাকতে পারে, আমরা এক কোটি ত্রিশ লক্ষ লোককে দিতে পারব, এখন এক কোটি কুড়ি লক্ষ লোককে দিচ্ছি। যেখানে যেখানে দাম ব্ল্যাকমার্কেটে বেশি হচ্ছে বলে আমরা খবর পাচ্ছি, সেখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে এটা যাতে আরও এক্সটেন্ড করা যায়, তার জন্য বলেছি।

Dr. Kanai Lal Bhattacharya:

একটা প্রশ্ন দয়া করে বলবেন কি, এই যে এক কোটি কুড়ি লক্ষ লোককে দিচ্ছেন বলছেন, সেটা কি এক কিলো করে প্রতি সপ্তাহে দিচ্ছেন, নাকি পাঁচশো গ্রাম, তিনশো গ্রাম, পঞ্চাশ গ্রাম করে দিচ্ছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক কিলো করে দিচ্ছি।

Shri Sanat Kumar Raha:

যেখানে যেখানে এম আর শপ হচ্ছে, কতগুলি রেশন কার্ড হোল্ডার কি ইউনিট পরিমাণ দিলে পর রেশনের দোকান খোলা যায় এ সম্পর্কে কোন নীতি সরকারের আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা তো নির্ভর করবে যে রেশন শপ খুলবে তার উপর, তবে এক হাজার কার্ড না হলে সেটা ইকনমিক ইউনিট হয় না, আর উর্ধ্বসংখ্যা সাড়ে তিন হাজার পর্যন্ত রেশন কার্ড একটা দোকানে আছে।

Shri Sanat Kumar Raha:

আমার জানা আছে, মুর্শিদাবাদ জেলায় ৫০০।৪৫০ ইউনিটের উপর এক একটা রেশন কার্ড ফ্যামিলিওয়াইজ হয়েছে, বহরমপুরে সেখানে চারশ কার্ডের উপর দোকান আছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য ভুল বুঝলেন, আমরা ইউনিট ধরেছি ৫০০ কার্ডে, আড়াই হাজার ইউনিট হতে পারে।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি বলবেন, চা-বাগান এরিয়ায় টি এস্টেটের মধ্যে যেসমস্ত আশ্রমিক অধিবাসী আছে তাদের রেশনের দায়িত্ব কিন্তু চাবাগান নেন না। সুতরাং তাদের রেশন দেওয়ার কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলতে পারি না, তবে কোন কোন জায়গায় যে করা হয়েছে এটা ঠিক। মাননীয় সদস্য যদি আমার কাছে লেখেন তাহলে আমি ডেপুটি কমিশনারের কাছ থেকে জেনে বলে দিতে পারি।

Shri Nani Bhattacharjee:

যদি কোন রেশনের দোকানের ব্যবস্থা না থাকে তা হলে মুখ্যমন্ত্রী মহাশয় কি সে বিষয় বিবেচনা করবেন এই সমস্ত আশ্রমিক অধিবাসীদের জন্য যাতে রেশনের দোকান খোলা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

শুধু যে বিবেচনা করব তা নয়, একটু আগে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ডেপুটি কমিশনারকে আমরা নির্দেশ দিয়েছি, বিশেষ করে জলপাইগুড়ি জেলায় আমাদের মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় গিয়ে আমাকে টেলিফোন করেছিলেন যে, এখানে আরও এক্সটেন্ড করতে হবে, আমরা সঙ্গে সঙ্গে ডেপুটি কমিশনারকে নির্দেশ দিয়েছি যে, তোমরা যদি মনে কর যে, সমস্ত জেলার সমস্ত অধিবাসীকে রেশন দিতে হবে তাও করতে পারবে।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, এক কোটি কয়েক লক্ষ লোককে মডিফায়েড রেশন দেওয়া সত্ত্বেও বহু জায়গায় আজকে এক টাকা পাঁচ সিকা দরে চাল বিক্রি হচ্ছে খোলাবাজারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক টাকা, পাঁচ সিকা দরে যে চাল বিক্রি হচ্ছে সেটা ধরতে পারলে আমরা শাস্তির ব্যবস্থা করব। মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন যে, আমরা মিলার, হোলসেলার এবং খুচরা দোকানদারদের গ্রেপ্তার করছি, তবে আমি চেষ্টা করছি যাতে সর্বত্র আমাদের দামে জিনিসপত্র বিক্রি হয়, এমন বহু জেলা আছে সেখানে আমাদের দামে চাল এবং ধান বিক্রি হয়।

Shri Jiban Krishna Dey:

রেশন শপে যদি সাপ্লাই যথেষ্ট থাকবে তা হলে এক টাকা, পাঁচ সিকা কিলো দরে চাল মানুষ কি করে খায় এবং খায় কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা অসহ্য ব্যাপার যে, এক টাকা, পাঁচ সিকা কিলোগ্রাম দরে চাল কিনে কি করে মানুষ খেয়ে বেঁচে আছে, তবে আমার সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ডেপুটি কমিশনার বলছেন সরবরাহ তাও আমরা সেখানে দিচ্ছি।

Shri Bhadra Bahadur Hamal:

आपने कहा कि चाय बगान मालिक नये-नये चाय बगान से चाय का बीज देंगे, तब तेल का अभाव दूर होगा। तो २० वर्ष के बाद आप पास करेंगे। तो इस तरह से २० वर्ष, २४ वर्ष, २५ वर्ष बाद तेलदे ना शुरूकरेंगे। तो फिर क्या तेल देंगे ? क्या हम रहेंगे या आप रहेंगे ?

The Hon'ble Prafulla Chandra Sen:

ठीक ही है, एक दिन सबको मरना होगा।

Mr. Speaker: Question No. *353 is held over for the next rotational day.

Districts surplus in paddy and rice

***354.** (Admitted question No. *1180.) **Shri Narayan Choubey:** Will the Hon'ble Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) the names of the districts which are surplus in paddy and rice in the current year in this State;

(b) what amount of paddy was produced in these districts in the current year; and

(c) what procedures are adopted by the Government to assess whether a district is surplus or not?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) and (b) A statement is laid on the table.

(c) The procedure adopted to assess whether any district is surplus or deficit is as follows:—

The estimates of gross production of different cereals are published by the Agriculture Department on the basis of sample surveys conducted by the Statistical Bureau. A deduction of 10 per cent. is made for seed and wastage to arrive at the net production available for consumption. The annual consumption requirement is worked out at the rate of 16.5 ounces of cereals per head per day. A district is taken to be surplus, self-sufficient or deficit on the basis of the total consumption requirement of its population being lower than, equal or higher than the net production of cereals there.

Statement referred to in reply to clauses (a) and (b) of the Assembly Question No. *1180.

Statement showing the names of the districts of West Bengal which are surplus in 1964 and the amounts of Paddy produced in these districts.

	Districts ;	Amount of Paddy (Aman & Aus & Boro) produced in thousand tons ;
1.	Bardwan	988·0
2.	Birbhum	623·8
3.	Bankura	624·9
4.	Midnapore	1457·2
5.	West Dinajpur	616·2

The figures for Aus included in the above figures represent the normal production as the final forecast for Aus for 1964-65 has not yet been published by the Agriculture Department.

[1-30—1-40 p.m.]

Shri Kashi Kanta Maitra:

এই যে সারপ্লাস ডিস্ট্রিক্টগুলি আছে, সেইসব সারপ্লাস ডিস্ট্রিক্ট-এ যে ধানটা চালটা আসছে এবং মিলে যাচ্ছে, এটা সত্য কিনা, আপনাদের গভর্নমেন্ট অর্ডার অনুযায়ী, যে পঁচিশ পারসেন্ট কম্পালসরি লেভি আপনারা করছেন এবং বাকি ৭৫ পার্সেন্টের মধ্যে ৪০ পার্সেন্ট ডিস্ট্রিক্ট-এ থাকবে এবং ৩৫ পারসেন্ট ট্রেড অ্যাকাউন্টএর বাইরে, ডিস্ট্রিক্টের বাইরে আপনারা যেতে দেবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা মে মাসের মাঝামাঝি পর্যন্ত কোনরকম রেসট্রিকশন করি নি। একমাত্র ফেব্রুয়ারির শেষ থেকে আমরা এই লেভি আদায় করছি। জানুয়ারি, ফেব্রুয়ারিতে আমরা এটা করি নি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমতি পাই নি আগেই বলেছি। মে মাসের পরে অনেক জায়গায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা দেখতে পান যে, সেখানে ব্ল্যাকমার্কেটএ ধান-চাল বিক্রয় হচ্ছে। সেইজন্য তাঁরা একটা অংশ ন্যায্যমূল্যে বিক্রয় করবার জন্য রিজার্ভ করে রেখে দিয়েছেন। সেটা কোন জায়গায় ত্রিশ ভাগ, আবার কোন জেলায় চল্লিশ ভাগও তাঁরা রেখেছেন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা যে, কেবলমাত্র বর্ধমান জেলাতেই নূতন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মিঃ মেনন যে অর্ডার দিয়েছেন তাতে এক লক্ষ চল্লিশ হাজার মণ চাল মিলেতে তারা রেখে দিয়েছেন এবং জেলার বাইরে তাঁরা যেতে দিচ্ছেন না? তাঁর এই অর্ডারেতে হয়েছে, এটা সত্য কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। আমাদের এখানে যদি কোন জেলা থেকে ফ্রি মার্কেটএ চাল দেবার জন্য কোন চিঠি আসে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ডেপুটি কমিশনারের কাছ থেকে তখন আমরা ঐ চালের এগেনস্টএ পারমিট কেটে, সেইসব জেলায় পাঠিয়ে দিচ্ছি। যেমন জলপাইগুড়িতে পাঠানো হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আচ্ছা, নদীয়া জেলার জেলাশসাক দু দফায় পনের হাজার এবং দশ হাজার মণ চাল, বর্ধমানের এই মিল থেকে নদীয়া জেলায় আনবার জন্য সুপারিশ করা সত্ত্বেও, সেই চাল আসে নি; এটা আপনি জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। আমি বলতে পারব না।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ১ লক্ষ ৪০ হাজার মণ যে চাল বর্ধমান থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট রিকুইজিশন করে নিয়েছিলেন তা থেকে আসানসোলের শিল্পাঞ্চলে প্রতি মাসে যে ঘাটতি পড়ে তার জোগান দিতে, কত করে চাল সরবরাহ করা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি বর্ধমান গোটা জেলাটা উদ্বৃত্ত অঞ্চল, কিন্তু আসানসোল ঘাটতি অঞ্চল বলে, সেখানে চাল সরবরাহের ভার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নিয়েছেন ঐ অঞ্চলের মিলের চাল থেকে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয়ের এই কথাতে ঠিক বুঝতে পারলাম না। কারণ আপনার রেশনিংটা সাধারণত প্রভিন্সিয়াল পুল থেকে ডিস্ট্রিবিউট করা হয়। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা যে চাল সীজ করে রেখেছেন সেটা অ্যাডিশনাল হয়ে দাঁড়াচ্ছে। এ থেকে বোঝা যাচ্ছে যে, আসানসোলের জন্য সেরকম কোন প্রভিশন নেই। শুধু যদি আসানসোলের ঐ ডিস্ট্রিক্ট থেকে চাল সীজ করে জমা করে রাখতে পারেন সেখানকার লোকদের খাওয়ান সম্ভব হবে, তা না হলে তারা স্টার্ভ করে থাকবে। আমি জিজ্ঞাসা করছি, এইরকম যে নীতি আপনারা নিয়েছেন, তার ফলে প্রাচ্য-দেশে এবং কোন কোন জায়গায় চাল বেশি থেকে যাওয়ার সম্ভাবনা আছে ব'লে কি আপনার মনে হয় না?

The Hon'ble Prafulla Chandra Sen:

বেশি থাকার কোন সম্ভাবনা নেই। এই মাত্র কাশীবাবুর অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি জানলাম যে, এক লক্ষ চল্লিশ হাজার মণ মোট চাল বর্ধমানে উদ্বৃত্ত রয়েছে। এই এক লক্ষ চল্লিশ হাজার মণ চাল, এটা কিছুই না।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে কি জানাবেন যে আসানসোল শিল্পাঞ্চলে প্রতি সপ্তাহে আপনাকে চাল এবং গম কত করে দিতে হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখন এখানে সে হিসাব দিতে পারব না। তবে ঐ শিল্পাঞ্চলের খাইটা বড্ড বেশি।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, বরাবর বর্ধমান জেলা থেকে মূলত নদীয়া জেলায় যে চাল আসছিল, সম্প্রতি সে চাল আসা বন্ধ করে দেওয়াতে এবং সাধারণ ব্যবসায়ীরা কেউ বর্ধমান থেকে চাল আনতে না পারাতে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তার ফলে সেখানে চোরাকারবারীরা বেশি দামে চাল বিক্রয় করছে এবং চতুর্দিকে চালের অভাব ও হাহাকার দেখা দিয়েছে, এটা সত্য কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে নদীয়া জেলাতে এবার আউশ ফলন খুব ভাল হয়েছে। উনি হাসছেন, মাননীয় সদস্য মহাশয় জানেন এটা, এবং আউশের চাষ এত বেশি হয়েছে যে, তা রাখবার জায়গা নেই। তাঁরা খুব আনন্দসহকারে খাবেন।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা প্রতিদিন, নূতন অর্ডার সত্ত্বেও প্যাসেঞ্জার বাসে, ট্রাকে এবং সাইকেলে করে হাজার হাজার মণ চাল বে-আইনীভাবে শান্তিপুর ও রানাঘাটে আমদানি হচ্ছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: বেআইনী কিছু নয়। যেসমস্ত জায়গায় জেলা ম্যাজিস্ট্রেটরা চালকলের মালিকদের সংগে একটা বন্দোবস্ত করেছেন সেখানে সেই পরিমাণে কেউ হাত দিতে পারছে না। তার অতিরিক্ত যেটা সেটা সাইকেলে আসতে পারে, গরুর গাড়িতেও আসতে পারে, বাসেও আসতে পারে, আমাদের সেখানে কোনরকম মুভমেন্ট রেস্ট্রিকশন নেই। কেবলমাত্র রেস্ট্রিকশন হচ্ছে যে, জেলা ম্যাজিস্ট্রেট চালকলগুলিকে বলে দিয়েছেন যে তোমরা জেলার জন্য এতটা রেখে তারপর বাকিটা বাইরে পাঠাতে পার।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় এখানে একথা বলছেন, কিন্তু তাঁরই দলের সচিব দিল্লী ও বিভিন্ন জায়গায় বক্তৃতা করেছেন এবং কেন্দ্রীয় সরকারও বলেছেন

whole country should be treated as one food zone.

এবং এই যে বিভিন্ন রকম ফুড জোন তৈরি করা হচ্ছে, তা অত্যন্ত ক্ষতিকারক। সেইজন্য আমি জিজ্ঞাসা করছি যদি আপনারই রাজ্যে বিভিন্ন জেলা ম্যাজিস্ট্রেট—যেমন বর্ধমান, বীরভূম সারপ্লাস ডিস্ট্রিক্টএ এঁরা যদি এইরকমভাবে পাঁচিল তুলে দেন তাহলে সেই ধরণের ফুড রেস্ট্রিকশন আপনারা কেন তৈরি করছেন না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ফুড জোন যদি উঠে যায় তা হলে আমি সবচেয়ে বেশি খুশি হব—আমরা এবং মহারাষ্ট্র। ফুড জোন উঠে গেলে আমরা এখানে সরবরাহ পাব। এখানে যে মাসের পর থেকে জেলা ম্যাজিস্ট্রেটরা যে রেস্ট্রিকশন ইম্পোজ করেছে তার উদ্দেশ্য হচ্ছে এই যে, সেখান থেকে আগে অনেক চাল বেরিয়ে গিয়েছে বলে মনে করছে সেইজন্য তারা একটা হিসাব করে মুভমেন্ট করবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বর্ধমানের মিল থেকে শিল্পাঞ্চলে চাল সরবরাহ করা হয়, কিন্তু তিনি কি জানেন যে, গত তিন সপ্তাহ ধরে আসানসোল মডিফায়েড রেশন শপ থেকে কোন চাল দেওয়া হয় না এবং কোলিয়ারি অঞ্চলে যেসমস্ত বাজার ছিল তা চাল বা গমের অভাবে আজকে বন্ধ হয়ে যাচ্ছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি এ পর্যন্ত জানি যে, আসানসোল শহরে, দুর্গাপুরে এবং বার্নপুরে ইত্যাদি জায়গায় আমাদের রেশন শপ থেকে চাল দেওয়া হচ্ছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাচ্ছি সেটা হচ্ছে এই যে, উনি বললেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সারপ্লাস ডিস্ট্রিক্টের তাঁরা মে মাসের পর থেকে চালটা কিভাবে সরবরাহ হবে সেইজন্য একটা রেসট্রিকশন রাখছেন। আমার প্রশ্ন, তারই ভিত্তিতে আপনাকে করছি যে, পাশাপাশি দুইটি জিলা বীরভূম এবং মুর্শিদাবাদ এবং এই দুটি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট একই সরকারের অধীনে, আমি আপনাকে বলছি, আপনি জানেন কিনা, বীরভূম জেলার খবরের কাগজে বেরিয়েছিল যে, মুর্শিদাবাদ জেলার ম্যাজিস্ট্রেটকে বীরভূম জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেই চাল দেবে বলার পরেও আজ মাস দুয়েকের মধ্যে সেই চাল আর দেওয়া হল না। এই যে অবস্থার সৃষ্টি হয়েছে এই অবস্থাটাকে স্কোয়ার-আউট করার জন্য আপনারা কোন ব্যবস্থা করবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ বীরভূম জেলা থেকে অবাধে মে মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় চাল গিয়েছে। মে মাসের পরেও তাঁরা যতটা পরিমাণ চাল চেয়েছেন হয়ত তা দিতে পারেন নি, কিছু পরিমাণ দিয়েছেন।

[1-40—1-50 p.m.]

Shri Kanai Pal:

এটা জানেন কিনা যে, সম্প্রতি নদীয়ার জেলা-ম্যাজিস্ট্রেট একটা নির্দেশ জারি করেছেন যে, তাঁর অনুমতি ছাড়া এক কুইন্টালের বেশি চাল কেউ নদীয়া থেকে অন্যত্র নিয়ে যেতে পারবে না এবং অন্য জেলা থেকে আনতে পারবে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

জেলা ম্যাজিস্ট্রেট এমন কোন নির্দেশ দিয়েছেন কিনা আমি জানি না।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই কথা জানেন কিনা যে, আসানসোল মহকুমার জন্য যে কোটা—৬০ হাজার মণ ধার্য হয়েছিল তাতে আসানসোল মহকুমায় মাত্র দু মাসের পূর্তি হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

হতে পারে।

Government Scheme for selling mustard oil at fixed price

***355.** (Admitted question No. *1191.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার খুচরা দোকানে সরিষা তৈল পাওয়া যাইতেছে না বলিয়া সরকার নির্দিষ্ট মূল্যে কতকগুলি দোকানে সরিষা তৈল বিক্রয় করিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ইহা কি সত্য; এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনা রূপায়ণের কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

খাদ্যমন্ত্রী এই কথা ঘোষণা করেছিলেন খাদ্য বিতর্কের সময় যে, সর্ষের তেল সরবরাহ করবার একটা ব্যবস্থা করবেন, এখন না বলছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এ জি মার্কা সর্ষের তেল এখন পর্যন্ত ১১ হাজার মণ পেয়েছি এবং এটা আমরা কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি মারফত বিক্রি করছি। এই পর্যন্ত ৫ হাজার মণ বিক্রি হয়ে গেছে, বাকিটা ধীরে ধীরে বিক্রি হবে।

Shri Sudhir Chandra Das:

কোন্ কোন্ অঞ্চলে কনজিউমার্স স্টোরস আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

বেশির ভাগই অঞ্চলে, তার বাইরে আছে কিনা কোথাও জানি না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

কলকাতার কোন্ জায়গায় এই ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য চাইলে, আমি তালিকা দিতে পারি, কোন প্রাইমারি সোসাইটি থেকে সর্ষের তেল বিক্রি হচ্ছে।

Shri Nikhil Das:

কলকাতা শহরে ৩ টাকা ৯০ পয়সা এ জি সর্ষের তেলের দাম বেঁধে দেওয়া হয়েছে, কিন্তু কলকাতা শহরের মধ্যে এবং পাশাপাশি কোন অঞ্চলে ৩ টাকা ৯০ পয়সায় সর্ষের তেল পাওয়া যায় না, এটা কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা জানি, সর্ষের তেলের সরবরাহ পর্যাপ্ত নয়।

Shri Nikhil Das:

কলকাতা এবং শহরতলীতে সর্ষের তেল সাড়ে চার টাকা পাঁচ টাকা কিলো বিক্রি হচ্ছে, তার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা হলেও এই আইনের আমলে পড়বে না, আমরা কি করব?

Shri Nikhil Das:

আইনটা তো দেখিয়ে দিচ্ছেন, লোকে যাতে তিন টাকা ৯০ পয়সায় পেতে পারে তার কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি খুব দুঃখিত, তেলের সরবরাহ আমাদের কম।

Shri Somnath Lahiri:

কনজুমারস্ কো-অপারেটিভ স্টোরস বিশেষ কতগুলি লোকের মধ্যে সীমাবদ্ধ, কলকাতার সাধারণ নাগরিক সাধারণভাবে তার সুযোগ পায় না। সুতরাং ফেয়ার প্রাইস শপ থেকে আগ তেল বিক্রি করার ব্যবস্থা করছেন না কেন?।

The Hon'ble Prafulla Chandra Sen:

সরবরাহ পর্যাপ্ত হলে সেই ব্যবস্থা করব।

Shri Somnath Lahiri:

সাধারণভাবে বণ্টনের ব্যবস্থা না করে কতগুলি কনজিউমার্স কো-অপারেটিভ স্টোরসকে প্রেফারেন্স দেবার কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেহেতু তারা মুনাফা করবে না, অতিরিক্ত দাম নেবে না, ভেজাল মেশাবে না।

Shri Kashi Kanta Maitra:

মুখ্যমন্ত্রী একটা অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলেছেন সর্ষের তেল পর্যাপ্ত পরিমাণ পাওয়া যায় না, তাঁর মুখ্যমন্ত্রিত্বকালে এই রাজ্যে কোন্ জিনিসটা পর্যাপ্ত পাওয়া যায় বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্ন করলে বলব।

Shri Nani Bhattacharjee:

মফঃস্বলে এ. জি. মার্কা সর্ষের তেল বিক্রি করার কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

বাঁকুড়া জেলায় জেলা ম্যাজিস্ট্রেট সেখানে যেসমস্ত তেলের কল আছে সেখান থেকে খুচরা তেল সরবরাহের ব্যবস্থা করেছেন। বীরভূমেও কোন কোন অঞ্চলে হয়েছে, অন্য জায়গায় সামান্য হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, সর্ষের তেলের সরবরাহ যখন পর্যাপ্ত নয়, তখন সরকারের তরফ থেকে সমস্ত সর্ষের তেল নিয়ে নিয়ে জনসাধারণকে ন্যায্যমূল্যে সরবরাহ করবার ব্যবস্থা করছেন না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি মাথাপিছু এক ছটাকও দিতে পারতাম তা হলে ব্যবস্থা করতাম। যে পরিমাণ এ. জি মার্কা তেল আছে তাতে মাথাপিছু এক ছটাকও দিতে পারব না। কাজে কাজেই এটা করা সম্ভব নয়।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বলছেন যথেষ্ট পরিমাণ সরবরাহ নাই, আপনার হাতে যখন জিনিস নাই, তখন দর বাঁধলেন কেন এবং কি বিবেচনায়?

The Hon'ble Prafulla Chandra Sen:

যাতে আপনার বেরিবেরি রোগ না হয়, আপনার কল্যাণের জন্যই।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি, এটা জানেন যে, গত বছর স্টেট ব্যাংকএর মারফৎ ৩ লক্ষ টাকার সর্ষেবীজ এসেছিল এবং এ বছরে ৮ লক্ষ টাকার মতো স্টেট ব্যাংকএর মারফতে এসেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

বলতে পারব না।

Shri Somnath Lahiri:

তাহলে তেলের ব্যবস্থা কি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা সাধ্যমত চেষ্টা করছি।

Arrest of businessmen in Midnapore district

***356.** (Admitted question No. *1212.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কয়জন আড়ৎদার ও ব্যবসায়ী এবং মিল মালিক দুর্নীতির অভিযোগে বর্তমান বৎসরে গ্রেপ্তার হইয়াছে;

(খ) তাহাদের বিরুদ্ধে অভিযোগ কি; এবং

(গ) তাহাদের কতজন কি প্রকারে শাস্তি পাইয়াছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) ৪৪৯ জন ব্যবসায়ী এবং ১ জন মিলমালিককে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) চোরাকারবার, অতি মুনাফা, মজুত দ্রব্য থাকা সত্ত্বেও বিক্রয় করিতে অস্বীকৃত হওয়া, বে-আইনীভাবে গুঁড়া দুধ মজুত রাখা, দোকানে খাদ্যের মূল্যতালিকা এবং দোকানের হিসাব ঠিকমত না রাখা, বিনা লাইসেন্সে এবং লাইসেন্সের নির্দেশ অমান্য করিয়া ব্যবসা করা এবং সাইনবোর্ড না রাখা।

(গ) ১ জনের দুই সপ্তাহের সশ্রম কারাদণ্ড এবং ২০ টাকা জরিমানা এবং ২৫২ জনের বিভিন্ন পরিমাণের জরিমানা হইয়াছে। অবশিষ্ট মামলাগুলি বিচারাধীন রহিয়াছে।

Shri Ananga Mohan Das:

একজন মিলমালিক ধরেছেন। আপনি কি জানেন, আরও বহু মালিক চাল আটকে রেখেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাদের নাম এবং ঠিকানা দিলে আমরা মাল সিজ করব এবং মালিককে গ্রেপ্তার করব।

Shri Ananga Mohan Das:

কার রিপোর্টে গ্রেপ্তার করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যে রিপোর্ট পেয়েছি তাতে।

Arrests on charges of profiteering and hoarding in Midnapore district

***357.** (Admitted question No. *1222.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমান বৎসরে ১০-৮-৬৪ তারিখ পর্যন্ত কতজন ধান এ চালকলের মালিক, বৃহৎ মজুতদার, ব্যবসাদার এবং জোতদারকে অতি মুনাফা বেআইনী মজুত রাখার জন্য গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) এই সম্পর্কে কতজনের উপর গ্রেপ্তারী পরোয়ানা বাহির করা হইয়াছে ও কতজ আত্মগোপন করিয়া রহিয়াছে;

(গ) আত্মগোপনকারীদের ধান এবং চাল সীজ করা হইয়াছে কিনা;

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কাহার কত পরিমাণ ধান এবং চাল সীজ করা হইয়াছে;

(ঙ) যে সমস্ত মজুতদারদের গ্রেপ্তার করা হইয়াছে তাহাদের মজুত খাদ্যশস্য আটক করা হইয়াছে কিনা; এবং

(চ) আটক করা হইয়া থাকিলে, তাহার পরিমাণ কত?

[1-50—2 p.m.]

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) ৭ জন ব্যবসাদারকে অতিমুনাফার জন্য এবং ২ জন মজুতদারকে বে-আইনী মজুত করার জন্য গ্রেপ্তার করা হইয়াছে। কোন ধান ও চালকলের মালিক এবং জোতদার গ্রেপ্তার হয় নাই।

(খ) কাহারও উপর গ্রেপ্তারী পরোয়ানা বাহির করা হয় নাই বা কেহ আত্মগোপন করিয়া নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) এ প্রশ্নটিও উঠে না।

(ঙ) হ্যাঁ।

(চ) ১২৫ মণ ধান এবং ১৪ মণ চাল।

শ্রীঅবনীকুমার বসুঃ যাদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের নামের তালিকা আমাদের কাছে পেশ করবেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ হ্যাঁ, নিশ্চয়ই করব।

Substitute of mustard oil

*358. (Admitted question No. *1259.)

শ্রী[illegible] রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার সরিষার তৈলের বিকল্প কোনও প্রকার তেল বাজারে ছাড়িবার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে, ঐ তৈল কি কি বস্তু দিয়া প্রস্তুত হইবে?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে সরকারী নিয়ন্ত্রণাধীনে নারিকেল তেল বিক্রয় করিবার এক পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এই যে সর্ষের তেলের বিকল্প হিসেবে নারিকেল তেল ইন্ট্রোডিউস করতে চাচ্ছেন তাতে আমার প্রশ্ন হচ্ছে, এই ব্যাপারে আপনারা কি স্বাস্থ্যবিভাগের কোন এক্সপার্ট এর মতামত নিয়েছেন যে, এটা বাঙ্গালীর স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর হবে কিনা এবং বিকল্প হিসেবে ব্যবহার করা যাবে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ তাহলে তো ঘি-ও খাওয়া যাবে না। আমি গতকাল একটা তালিকা দেখছিলাম কোন্ তেল স্যাচুরেটেড এবং কোন্টা আনস্যাচুরেটেড। আমি দেখলাম সর্বশ্রেষ্ঠ হচ্ছে স্যাফলোয়ার, তারপর দেখলাম কটন সিড অয়েল, তারপর দেখলাম তিল তেল। যে কারণে কোন কোন বিজ্ঞ চিকিৎসক বলছেন নারিকেল তেল খেলে কোলেস্টরাল বাড়বে তাঁদের মতে ঘি খেলে আরও বেশি বাড়বে। এরকম ডাক্তারের কথা শুনলে আমাদের আর, তেল, ঘি কিছুই খাওয়া চলবে না—সমস্যার সমাধান হয়ে যাবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আমার প্রশ্ন হচ্ছে, সর্ষের তেলের বিকল্প হিসেবে এই যে নারিকেল তেল ব্যবহার করছেন এটা কারও অর্ডারে করেছেন—না, আপনারা নিজেরাই করছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এটা কোন অর্ডারের ব্যাপার নয়। আমাদের প্রথমে মনে হয়েছিল কুকিং মিডিয়াম হিসেবে নারিকেল তেল একমাত্র বুঝি কেরালায় ব্যবহৃত হয়, কিন্তু এখন দেখছি নারিকেল তেল কুকিং মিডিয়াম হিসেবে দক্ষিণ ভারতের অনেক জায়গায় ব্যবহৃত হয়। তাদের কোলেস্টরাল কত বেড়েছে আমি জানি না, তবে ত্রাণমন্ত্রী আমাকে বললেন, তাঁদের ওখানে নারিকেল তেল ব্যবহার করেছে। কাজে কাজেই আমার মনে হয়, আমরা যদি বাদ-বিচার করি তাহলে সর্বনাশ হবে—বাদ-বিচার না করে আমরা যদি কিছু পরিমাণ নারিকেল তেল খাই, তা হলে এমন কিছু কোলেস্টরাল বাড়বে না। আমরা ২ হাজার টন পাব বলে খবর পেয়েছিলাম, কিন্তু এখন দেখছি ৫০০ টনের বেশি পাব না। এই ৫০০ টন নস্যি নিতেই খরচ হবে।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই নারিকেল তেল কি ডিওডরাইস্ করা এবং সিংহল থেকে নারিকেল তেল ইম্পোর্ট করবার ব্যবস্থা করেছেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ পশ্চিমবঙ্গ সরকার করে নি, স্টেট ট্রেডিং কর্পোরেশন বন্দোবস্ত করেছিল এবং কেন্দ্রীয় খাদ্য দপ্তর থেকে ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ স্টেট ট্রেডিং কর্পোরেশনের মারফত আমদানি করা হচ্ছে, আমাদের মারফত নয়।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এটা ডিওডরাইস্ করা হয়েছে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ডিওডরাইস্ করা হয়েছে কিনা আমি বলতে পারি না।

শ্রীননী ভট্টাচার্যঃ টিসিড তেলকে বিকল্প তেল হিসেবে ব্যবহার করা যায় কিনা, সেটা আপনারা দেখবেন। কিন্তু আমি খবর নিয়ে দেখলাম, সেটা হবে না, কারণ ৫০০ টাকা তার মণ। এ সম্বন্ধে আপনারা কোন অনুসন্ধান করেছেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমাদের অনুসন্ধানের ফলে হচ্ছে কলকাতার বিজ্ঞান কলেজের একজন বৈজ্ঞানিক যিনি এক সময়ে আমাদের এখানকার সদস্য ছিলেন এবং যাঁরা নাম হচ্ছে ডঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী—কানাইবাবু তাঁকে চেনেন-তিনি আমাকে একটা নমুনা পাঠিয়েছিলেন এবং টিসিড অয়েল-এ যে কোলেস্টরাল হবার সম্ভাবনা নেই সেটা জানিয়েছিলেন। কিন্তু কথা হল এই টিসিড অয়েল দিয়ে ৩৫/৪০ লক্ষ মণ সর্ষের তেল আমরা যা ব্যবহার করি, সেটা হবে না—একটিমাত্র সম্ভাবনা হল, এই টিসিড তেল দিয়ে যদি কিছুটা হয়।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় স্পীকার মহাশয়, অনুসন্ধান করে দেখেছেন, টি-সীড করবার মত অবস্থা নেই, বাংলাদেশে জমি-টমি নেই, কারণ এখন যে টি-সীড তৈরি হয়, সেটা ৫০০ টাকা মণ, এই টি-সীড কিছু কিছু চা-বাগানের প্রয়োজনে লাগে গাছ লাগাতে এবং ৫০০ টাকা মণ যে টি-সীডের সেটা লাগাবার মত ধরণের জমিও বাংলাদেশে নেই, অনুসন্ধান করে কি ঠিক করেছেন, ব্যাপরটা কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমরা এ সম্বন্ধে যা অনুসন্ধান করেছি, যে উপদেশ পেয়েছি তার মর্ম হচ্ছে পুরানো যেখানে চা-বাগান আছে সেগুলি থেকে যদি বীজ তৈরি করি অন্যান্য চা-বাগান তৈরি করি, যার জন্য কেন্দ্রীয় সরকার বিশেষ করে ইন্ডিয়ান টি বোর্ডকে টাকা দিতে প্রস্তুত আছেন এবং টাকা দিচ্ছেন বলে পুরানো গাছ থেকে বীজ নেবো, নূতন নূতন চা-বাগান সৃষ্টি করে যাতে এই টি-এর কোয়ালিটি ভাল হয় এবং বিদেশী মুদ্রা অতিরিক্ত পরিমাণে পেতে পারি।

শ্রী[illegible] ব্যানার্জিঃ এই যে নারকেল ব্যবহার করা হচ্ছে সে সম্বন্ধে কিছুদিন আগে ডঃ অমিয় বোস, হার্ট স্পেশালিস্ট কাগজে লিখেছেন, ডেফিনিট ওপিনিয়ন দিয়েছেন যে, এই নারকেল তেল ব্যবহার করলে করোনারি ডিজিজ বাড়বে। এটা ব্যবহার করা উচিত কিনা এ সম্পর্কে সরকার থেকে অন্য কোন ডাক্তারের অভিমত নেবেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমাকে চিকিৎসক তেল খেতে বারণ করেছেন, ঘি খেতে বারণ করেছেন, তা খেলে মরে যাব বলেছেন। বিজয়বাবু ডাক্তার যদি দেখান তা হলে সব খেতে বারণ করে দেবেন, কাজে কাজেই এত ডাক্তারের কথা শুনলে চলবে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, সর্ষে তেল যা ৩৫ লক্ষ মণ লাগে, তা যখন দিতে পাচ্ছেন না এখন পর্যন্ত নারকেল তেল যেটা দেওয়ার ব্যবস্থা করছেন সেটা কোথা থেকে নিয়ে আসছেন, কলম্বো মাদ্রাজ ছাড়া আর কোথা থেকে নিয়ে আসছেন কিভাবে কেটার করবেন সেটা ভালভাবে জানাবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি প্রথমেই বলেছি যে ৫৪ হাজার মণ নারকেল তেল সিলোন থেকে পাব। সেটা পেলে পর রেশন দোকান থেকে দেব হয়ত এক সপ্তাহের বেশি সম্ভবপর হবে না। ইতিমধ্যে এখানে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এসেছিলেন, তিনি আমাকে বললেন, তিনি কিছুদিন পর সয়াবীন তেল আমাদের দিতে পারবেন, শুনেছি তা ভাল কুকিং মিডিয়াম, এরকম সর্ষের তেলের উপর নির্ভর না করে কিছু পরিমাণ সয়াবীন তেল কিছু পরিমাণ নারকেল তেল, কিছু পরিমাণ টি-সীড অয়েল ব্যবহার সম্ভব হতে পারে। পরশুদিন এক ভদ্রলোক বললেন, আমাদের দেশে কটন সীড নষ্ট হচ্ছে, গরুতে খাচ্ছে, কটন সীড পরীক্ষা করে দেখা গেছে ডিওডারাইজ করা যেতে পারে, পরীক্ষা চলছে বিজ্ঞান কলেজে যাতে এ সম্বন্ধে গবেষণা হয় তার ব্যবস্থা করেছি, মাননীয় সদস্যদের একথা বলতে পারি আমাদের দেশ থেকে জাপান কটন সীড নিয়ে যায়, তাদের দেশে কটন হয় না, কটন সীড অয়েল তাদের দেশে কুকিং মিডিয়াম।

শ্রীনিখিল দাসঃ আমরা দুমাস ধরে বিকল্প তেলের গল্প শুনছি, কিছু লিনসীড অয়েল, কিছু নারকেল তেল কিছু চা-বীজের তেল কিন্তু বিকল্প তেল এখন পর্যন্ত বাজারে এল না খালি এই কিছুটা কিছুটা কতদিন চলবে? বিকল্প তেল কবে বাজারে আসবে? এই কিছু কিছু বক্তৃতা কতদিন শুনব?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এই কিছু কিছু করতে করতে অনেক হবে।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ সর্ষের তেলে স্বয়ংসম্পূর্ণ হবার জন্য কি ব্যবস্থা করছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ সর্ষের বীজ আরও বেশি করে সরবরাহ করার ব্যবস্থা করেছি।

Shri Bhadra Bahadur Hamal:

जंहा जंहा आपने चाय बगान में राशन कार्ड दिया है, वहां वहां चाय बगान में २ मिल २ मिल ४ मिल दूर तक मडीफाइड-रेशन शाप नहीं हैं। अगर वहां राशन की दुकान खोलने के लिए आपके पास दरखास्त करें, तो क्या आप स्वीकार करेंगे।

The Hon'ble Smarajit Bandyopadhyay:

हां अगर जरूरत होगी, तो उसे जरूर स्वीकार करेंगे।

Mr. Speaker: Question hour is over.

Starred questions to which answers were laid on the table

Sale of rice in Barrackpore subdivision above the fixed price

***358.** (Admitted question No. *1324.) **Shri Gopal Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that rice is being sold above the fixed price in Barrackpore subdivision openly;

(b) that police are taking no action against this open flouting of Government order; and

(c) if so, the reasons for police not taking any action in this regard?

The Minister for Food and Supplies: (a) and (b) No. There might, however, be a few instances, here and there, of sale of rice at prices higher than the prices statutorily fixed eluding the police but unless sufficient public co-operation is forth-coming rigid compliance with the Price Control Order is too difficult to secure. Usual vigilance is nevertheless being maintained by police, and offenders are brought to book on detection.

(c) Does not arise.

Issue of wholesale and retail licence to the rice and paddy dealers

***360.** (Admitted question No. *1377.)

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোলসেল এবং রিটেল লাইসেন্স একই ব্যক্তিকে একই নামে এবং একই ব্যবসাস্থলে দেওয়া হয় কিনা ;

(খ) যে ব্যক্তির নামে হোলসেল অথবা রিটেল লাইসেন্স দেওয়া হয় তাহার ধান চালের ব্যবসা আছে কিনা এবং গুদাম আছে কিনা সেই খোঁজ নেওয়া হয় কিনা ; এবং

(গ) যাহার রেশন-এর দোকান আছে তাহাকে ধানচালের রিটেল লাইসেন্স দেওয়া হয় কিনা ?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ দেওয়া হয়।

(খ) হ্যাঁ, নেওয়া হয়।

(গ) হ্যাঁ, দেওয়া হয়।

Case against the former Curator, Botanical Garden, Shibpur

***361.** (Admitted question No. *1405.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of Home (General Administration) Department be pleased to state—

(a) if it is a fact that no appeal has been filed under clause 15 of the Letters Patent against the judgment of the Hon'ble Mr. Justice Binayak Nath Banerjee of the Calcutta High Court in the case of Golam Mohiuddin, the former Curator, Botanical Garden Shibpore;

(b) if the answer to (a) be in the affirmative, the reasons thereof;

(c) if the Advocate-General, West Bengal, was in charge of the case and if his opinion was obtained at all on the question of advisability of filing the appeal from the judgment of Mr. Justice Banerjee as referred to in (a); and

(d) how much sum has been paid or has been due to Mr. Golam Mohiuddin upon the order of dismissal passed on him being found to be illegal by the Hon'ble High Court?

The Minister for Home (General Administration): (a) Yes.

(b) The Senior Standing Counsel to whom the matter was sent for his opinion advised that no useful purpose would be served by preferring an appeal from the extremely well considered judgment of Mr. Justice Banerjee. He further stated that in his opinion "the findings of the Learned Judge are unassailable and are not likely to be interferred with on appeals". After carefully considering the entire matter Government decided not to file an appeal.

(c) The Advocate-General was in charge of the case. From the judgment however it appears that the case on behalf of the Government was actually argued by his junior, Shri K. Mukherjee. It was the Government's intention to obtain the Advocate-General's opinion but after the very clear and emphatic opinion of the senior Standing Counsel was received and after considerting the entire matter Government were fully satisfied about the futility of filing an appeal. They did not therefore consider it necessary to refer it to the Advocate-General for further opinion.

(d) Shri Mohiuddin is entitled to get his full pay and allowances for the period from 21st July 1958 (date of suspension) to 3rd August 1961 (date of his retirement) less the amount of subsistence allowance received by him during the period of suspension. The exact amount due has not been calculated yet, but it is estimated to be about Rs. 14,000. Government will also have to pay the costs of the suit. This has not yet been fixed by the Taxing Officer of the High Court.

Issue of licences to dealers and importers of sugar

***362.** (Admitted question No. *1511.) **Shri Nikhil Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the principle which is followed by the Department in the matter of granting licences to importers, wholesalers and retailers of sugar;

(b) who is the final authority in such matters;

(c) whether the Government is aware that sugar is being sold in the market at the rate ranging from Rs 2 to Rs. 2.50 nP. per Kg.; and

(d) if so, whether Government has taken any steps or contemplates to check these anti-social activities of such dealers?

The Minister for Food and Supplies: (a) (1) Importers are selected on the following principles:—

(i) Licensed dealers possessing recognised godowns with sufficient storage capacity.

(ii) Licensed dealers who were importers during the previous control having at least 50 per cent. performance of lifting of quota then allotted.

(2) Wholesalers are selected from established licensed wholesale dealers of sugar who have proper storage arrangement.

(3) Question of selection of retailers does not arise as sugar is sold in retail only against Family Identity cards or permits issued by competent authorities.

In districts, importer and wholesalers are selected in accordance with local necessity by the local authorities.

(b) Controller of Sugar in Calcutta Initial Area and Sub-divisional Controllers of Food and Supplies in districts are the licensing authorities in their respective jurisdictions. State Government is the appellate authority.

(c) and (d) Sugar is sold in retail exclusively by the Fair Price Shops in Calcutta Industrial Area and the price is statutorily fixed. There is, therefore, little scope for black-marketing. Surreptitious sales are being checked up and prosecuted regularly. Some cases of profiteering in sugar

have been detected by the Police. Unscrupulous businessmen involved in such cases were arrested. The Police are also maintaining strict vigilance on the sugar dealers so that sugar is sold at the controlled rate.

Out of nine cases of prosecutions for profiteering in sugar during the year 1964 (up to August), five cases ended in conviction.

Supply of wheat in Tufangunj subdivision

***363.** (Admitted question No. *1515.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বন্যাবিধ্বস্ত তুফানগঞ্জ মহকুমায় দীর্ঘদিন যাবত নিয়ন্ত্রিত মূল্যে গম সরবরাহ বন্ধ আছে;

(খ) মহকুমা ফ্লাড এ্যাডভাইসরি বোর্ডের সুপারিশে বন্যার আশঙ্কায় পূর্ব থেকেই খাদ্য-শস্যের বিশেষ স্টক রাখার কথা সরকার অবগত আছেন কিনা; এবং

(গ) অবগত থাকিলে বৃষ্টি এবং বন্যার পূর্বেই কি পরিমাণ খাদ্যশস্য ঐখানে মজুত করা হইয়াছিল?

The Minister for Food and Supplies:

(ক) ইহা সত্য নহে।

(খ) হ্যাঁ।

(গ) ৪৪৯ কুইণ্টাল চাউল এবং ৩৩০ কুইণ্ট্যাল গম মজুত ছিল।

Proposal for non-realisation of loans in Hooghly district

***364.** (Admitted question No. *1544.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কৃষি এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই বৎসর মহামারী ধ্বসা রোগের প্রকোপে হুগলি জেলায় আলু-চাষের ভীষণ ক্ষতি হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এতদঞ্চলের দুর্দশাগ্রস্ত কৃষকদিগের আগামী ফসল পর্যন্ত ঋণ আদায় স্থগিত রাখিবার বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Agriculture and Community Development:

(ক) না; তবে কয়েকটি অঞ্চলে ধ্বসা রোগের জন্য আলু চাষের বেশ কিছু ক্ষতি হইয়াছে।

(খ) ঋণ আদায় স্থগিত রাখিবার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

Procurement of rice in Hooghly district

***365.** (Admitted question No. *400.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় সরকারী ধান্য সংগ্রহ নীতির মাধ্যমে ১৯৬৪ সালের জুন মাস পর্যন্ত কত পরিমাণ ধান্য সংগৃহীত হইয়াছে; এবং

(খ) হুগলি জেলায় ধান্য সংগ্রহ নীতির মাধ্যমে যে ধান্য সংগৃহীত হইয়াছে, তাহার মধ্যে—

(১) পরিবার প্রতি সর্বোচ্চ কত মণ ধান্য সংগৃহীত হইয়াছে;

(২) পরিবার প্রতি সর্বনিম্ন কত মণ ধান্য সংগৃহীত হইয়াছে; এবং

(৩) সর্বনিম্ন পরিমাণ ধান্য যাহাদের নিকট হইতে সংগ্রহ করা হইয়াছে, তাহাদের সংখ্যা কত?

The Minister for Food and Supplies:

(ক) ৪৯৫·৮ মেট্রিক টন।

(খ) (১) ১০০ কুইন্ট্যাল।

(২) ১ কুইণ্ট্যাল।

(৩) ৮।

Transition of rice from West Bengal to Bihar

***366.** (Admitted question No. *1265.)

শ্রীসুধীরচন্দ্র দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গ অপেক্ষা বিহারে চাউলের মূল্য বেশি; এবং

(খ) ইহা কি সত্য, বিহারে চাউলের মূল্য বেশী হওয়ায় পশ্চিমবঙ্গের চাউল বিহারে চালান হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) ইস্টার্ণ রাইস জোন মুভমেণ্ট কণ্ট্রোল অর্ডার, ১৯৫৯ দ্বারা পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্য লইয়া গঠিত অঞ্চল হইতে উক্ত অঞ্চলের বহির্ভূত কোন এলাকায় কয়েকটি বিশেষ ক্ষেত্র ব্যতীত সরকারের আদেশ ভিন্ন সাধারণভাবে ধান্য চাউল চালান নিষিদ্ধ করা হইয়াছে। মাত্র কয়েকটি ক্ষেত্রে অবৈধভাবে পশ্চিমবঙ্গ হইতে বিহারে ধান্য/চাউল সরাইবার চেষ্টা হইয়াছিল সত্য, তবে পুলিশ কর্তৃপক্ষের উপযুক্ত সতর্কতায় তাহা সফল হইতে পারে নাই। সংশ্লিষ্ট ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থাদি অবলম্বিত হইয়াছে ও হইতেছে।

Full rationing for Calcutta and its suburbs

***367.** (Admitted question No. *1292.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী ১৯৬৫ সালের জানুয়ারি মাস হইতে কলিকাতা ও শিল্পাঞ্চলে পূর্ণ রেশনিং ব্যবস্থা প্রবর্তিত হইবে; এবং

(খ) উহাতে কত লোককে কি হারে কি কি খাদ্যবস্তু দেওয়া হইবে?

The Minister for Food and Supplies:

(ক) কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে ১৯৬৫ সালের জানুয়ারী মাস হইতে কলিকাতা ও শিল্পাঞ্চলে পূর্ণ রেশনিং ব্যবস্থা প্রবর্তন করিবার সিদ্ধান্ত রাজ্যসরকার গ্রহণ করিয়াছেন।

(খ) উহাতে ৬০ লক্ষের বেশী লোককে খাদ্যবস্তু দেওয়া যাইবে। এই খাদ্য বস্তুর হার প্রতি সপ্তাহে বয়স্ক লোক প্রতি ১½ কিলোগ্রাম চাউল, ½ কিলোগ্রাম গম হইবে। ইহা ছাড়া চাহিদা থাকিলে জনপ্রতি ½ কিলোগ্রাম গম অতিরিক্ত দেওয়া হইবে এবং কঠোর দৈহিক পরিশ্রমী মজুরদিগকে আরও ১ কিলোগ্রাম গম বেশী দেওয়া হইবে।

Durgapur Congress Session

***368.** (Admitted question No. *992.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন উপলক্ষে কংগ্রেস পার্টি কর্তৃক সরকারের নিকট কো[ন] সাহায্য চাওয়া হইয়াছে কিনা ; এবং

(খ) সাহায্য চাওয়া হইয়া থাকিলে, তাহা কি?

The Hon'ble Chief Minister:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Irrigation facilities in Mayna P.S.

***369.** (Admitted question No. *1342.)

শ্রীজনপমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব[ক] জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার গভীর অঞ্চলে আবাদযোগ্য কত জমি রহিয়াছে ·

(খ) ঐ সকল অঞ্চলে কৃষিকার্যের জন্য জলসেচের কি ব্যবস্থা আছে ; এবং

(গ) যে সকল জমিতে ধান বুনিবার সময় বা ধান কাটার সময় প্রচুর জল দাঁড়াইয়া থাকে তাহার নিষ্কাশনের জন্য সরকার কি প্রকার ব্যবস্থা করিতেছে?

The Minister for Agriculture and Community Development:

(ক) প্রায় ১১,০০০ একর।

(খ) বর্তমানে ঐ অঞ্চলে কৃষিকার্যের জন্য জলসেচের কোন ব্যবস্থা নাই।

(গ) রামচক, বৈতালচক খালটিকে পুরুশা পর্যন্ত খননের একটি প্রকল্প চতুর্থ পরিকল্পনা[য়] গ্রহণ করিবার প্রস্তাব আছে।

Unstarred questions to which written answers were laid on the table

Money given for manufacture of Tiles in Contai subdivision

598. (Admitted question No. 676.)

শ্রীসুধীরচন্দ্র দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব[ক] জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার কোন্ কোন্ সংস্থাকে বা ব্যক্তিকে টাইল তৈয়ারী কারখানার জন্য কি কি বাবদে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) ঐ টাকার মধ্যে ঋণ কত এবং অনুদান কত; এবং

(গ) ঋণ পরিশোধের কি শর্ত আরোপ করা হইয়াছে, এবং কোন্ কোন্ সংস্থা ও ব্যক্তি শর্তানুযায়ী ঋণ টাকা পরিশোধ করিয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (খ) ও (গ) একটি বিবরণী টেবিলে সংস্থাপিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 598.

সংস্থা বা ব্যক্তির নাম	কি কি বাবদ টাকা দেওয়া হইয়াছে	ঋণ	অনুদান	ঋণ পরিশোধের শর্ত	ঋণ পরিশোধ করিয়াছে কিনা
		টাকা	টাকা		
১। শ্রীঅতুল চন্দ্র পড়্যা, গ্রাম: উত্তর বরোজ, পো: পাঁউসী।	যন্ত্রপাতি ক্রয় বাবদ।	৪০০	..	৪টি বাৎসরিক কিস্তিতে পরিশোধ, সুদের হার শতকরা বার্ষিক টাকা ৪-২৫ প:	৩ কিস্তির টাকা সুদ সহ পরিশোধ করিয়াছে।
২। শ্রীঅনন্ত কুমার পড়্যা, গ্রাম: উত্তর বরোজ, পো: পাঁউসী।	ঐ	৪০০	..	ঐ	ঐ
৩। সান ভেরী শিল্প-সমবায় সমিতি লিমিটেড।	কার্য্যকরী মূলধন বাবদ।	১১,০০০	..	সুদবিহীন ও পাঁচ বৎসরের সমান কিস্তিতে পরিশোধ্য।	এপর্য্যন্ত প্রাপ্য সমস্ত কিস্তি ঠিক মত পরিশোধ করিয়াছে।
ঐ	ম্যানেজারের মাহিনা বাবদ	..	২,১০০	..	..

Agricultural and non-agricultural Government vested lands in Gopiballavpur police-station, Midnapore

599. (Admitted question No. 821.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতো: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় ইউনিয়নওয়ারী সরকারে ন্যস্ত আবাদযোগ্য ও অনাবাদী জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমির কত পরিমাণ জমি বিলি-বন্দোবস্ত হইয়াছে;

(গ) যাহাদিগকে উক্ত জমি দেওয়া হইয়াছে তাহাদের নাম কি; এবং

(ঘ) উক্ত বন্দোবস্তকারী সকলেই ভূমিহীন কৃষক কিনা?

The Minister for Land and Land Revenue:

(ক) ইউনিয়নওয়ারী খাস জমির কোন তালিকা নাই। উক্ত থানায় মোট ৪৫২·১১ একর আবাদী ও ৪,৫১৩·২৭ একর অনাবাদী জমি আছে।

(খ) মোট ৩৪৯·৮৬ একর।

(গ) একটি তালিকা দেওয়া হইল।

(ঘ) না, কেহ কেহ অনূর্ধ ৫ একর জমির মালিক।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 59

থানা—গোপীবল্লভপুর

ইউনিয়ন—১

১। শ্রীনগেন্দ্রনাথ পাত্র।
২। „ প্রতাপচন্দ্র পাত্র।
৩। „ বিমলচন্দ্র পাত্র।
৪। „ রবীন্দ্রনাথ পাত্র।
৫। „ সতীন্দ্রনাথ পাত্র।
৬। „ পশুপতিনাথ পাত্র।
৭। „ বিজয়কুমার ঘোড়াই।

ইউনিয়ন—২

১। শ্রীসুখলাল হাঁসদা।
২। „ পৃথ্বীনাথ মুর্মু।

ইউনিয়ন—৩

১। শ্রীযোগেন্দ্র হাঁসদা।
২। „ হাড়ী নায়েক।
৩। „ রাইলাল মুর্মু।
৪। „ কাল হেমব্রম।
৫। „ বঙ্কিমচন্দ্র নাথ।
৬। „ কিকাস মাহানা।
৭। „ মন্মথ দেহরী।
৮। „ নীলকণ্ঠ মাহানা।
৯। „ চহন সিং।
১০। „ দামুদর সেনাপতি।
১১। „ প্রসন্নকুমার দাস।
১২। „ লালমোহন দাস।
১৩। „ যতীন্দ্র রানা।
১৪। „ রাখালচন্দ্র দেহরী।
১৫। „ নিশামনী নায়েক।
১৬। „ ভূপতি সর্দার।
১৭। „ উমা দেওরী।
১৮। „ কাসদেব সেনাপতি।
১৯। „ গোপাল দেওরী।
২০। „ পঞ্চানন দাস।
২১। „ মন্মথ রানা।
২২। „ আভীতো রানা।
২৩। „ কাসমোহন রানা।
২৪। „ উমেশচন্দ্র সাউ।
২৫। „ গোবর্ধন নায়েক।
২৬। " বিমলচন্দ্র সেনাপতি।
২৭। " রামনাথ সেনাপতি।
২৮। " রাখালচন্দ্র সেনাপতি।
২৯। " মহেশ মাহতি।
৩০। " গোপাল দণ্ডপাট।
৩১। " বিদ্যাপতি মাহাকুর।
৩২। " অচিন্তকুমার রানা।

ইউনিয়ন—৪

১। শ্রীদুঃখরা মাঁখিয়ারী।
২। " শরৎচন্দ্র পটায়ক।
৩। " হরিচরণ মহাপাত্র।
৪। " কাঁকা হেমব্রম।
৫। " ছটা হেমব্রম।
৬। " দামা মুর্মু।
৭। " উমা মান্ডী।
৮। " সিদ বাসব।
৯। " উদয় মুর্মু।
১০। " বাদা হাঁসদা।
১১। " শ্রীবিলু মুর্মু।
১২। " কেদার রামা।
১৩। " হাবা মুর্মু।
১৪। " হাড়ীরাম সাউ।
১৫। " ত্রৈলক্যনাথ সাউ।
১৬। " নবীনচন্দ্র সাউ।
১৭। " ঈশ্বরচন্দ্র সাউ।
১৮। " গোড়ীয় হারা সিং।
১৯। " শান্ত সিং।
২০। " যুটিবর সাউ।
২১। " মহাদেব মহাপাত্র।

ইউনিয়ন—৬

১। শ্রীমীনু সীট।
২। " দেবেন্দ্রনাথ সেন।
৩। " রতনচন্দ্র সেন।
৪। " মহাদেব বেরা।
৫। " রাখালচন্দ্র সিং।
৬। " দীনেশচন্দ্র বেরা।
৭। " উপেন্দ্রনাথ বেরা।
৮। " প্রমথনাথ খামরই।
৯। " তাড়ী খামাই।
১০। " দিবাকর সাউ।
১১। " হাড়ীপাত্র সাউ।
১২। " আবরচন্দ্র পাকই।
১৩। " হারাধন সিং।
১৪। " অম্বিনী মহাপাত্র।
১৫। " হরেক মহাপাত্র।
১৬। " নরহরি মহাপাত্র।
১৭। " ফণীন্দ্র মহাপাত্র।
১৮। " তাতুকচন্দ্র মহাপাত্র।
১৯। " সতীশ পতী।
২০। " দুর্গাপ্রসাদ কেতু।

২১। শ্রীপূর্ণচন্দ্র বাড়ী।
২২। " গয়াপ্রসাদ বাড়ী।
২৩। " উপেন্দ্র বাড়ী।
২৪। " বিপিনচন্দ্র বাড়ী।
২৫। " জন্মেজয় পাল।

ইউনিয়ন—৭

১। শ্রীসোনারাম সরেন।
২। শ্রীঘিতীয়রেন মূর্ম্ম্।
৩। শ্রীগজ সরেন।
৪। শ্রীগজ হাঁসদা।
৫। শ্রীবিক্রম হাঁসদা।
৬। শ্রীকাউড়া বাস্কে।
৭। শ্রীপাণ্ডু বাস্কে।
৮। শ্রীবঙ্কিম খিলারী।
৯। শ্রীদিখ্ হাঁসদা।
১০। শ্রীদূবাই সরেন।
১১। শ্রীকাতু সরেন।
১২। শ্রীরাহর্মণি টুডু।
১৩। শ্রীফাদে মুর্ম্মু।
১৪। শ্রীভগল সরেন।
১৫। শ্রীখড় সরেন।
১৬। শ্রীমাহাতো মুর্ম্মু।
১৭। শ্রীদুর্গা মুর্ম্মু।
১৮। শ্রীফকির বাস্কে।
১৯। শ্রীনয়েন খিলারী
২০। শ্রীদুখু খিলারী।
২১। শ্রীহাড়িরাম খিলারী।
২২। শ্রীগমাই টুডু।
২৩। শ্রীফায়না বেশরা।
২৪। শ্রীমদন সিং।
২৫। শ্রীমাড়ো বাস্কে।
২৬। শ্রীশক বেওয়া।
২৭। শ্রীজয়রাম সরেন।
২৮। শ্রীপর্বতী টুডু।
২৯। শ্রীনিতাই খিলারী।
৩০। শ্রীরামজম খিলারী।
৩১। শ্রীগোপাল খিলারী।
৩২। শ্রীগেণ্ডু সিং।
৩৩। শ্রীচাউকি বাস্কে।
৩৪। শ্রীদুল্লভ সরেন।
৩৫। শ্রীচরণ হেমরম্।
৩৬। শ্রীদাসমত মুর্ম্মু।
৩৭। শ্রীমাহিদা মুর্ম্মু।
৩৮। শ্রীজাল বাস্কে।
৩৯। শ্রীটুনা বাস্কে।

৪০। শ্রীহপ্না মুর্মু।
৪১। শ্রীটীলকা বাস্কে।
৪২। শ্রীদুর্গা সরেন।
৪৩। শ্রীমুটীর সরেন।
৪৪। শ্রীপ্রমথচরণ মুর্মু।
৪৫। শ্রীবই খিলারী।
(3) Death of Bhimcharan Sau at N. R. S. Hospital—by Shri Mrigendra Bhattacharyya:
(4) Reported resignation of Shri Saibal Gupta from the Chairmanship of Dandakaranya Development Corporation—by Shri Niranjan Sen Gupta;
(5) Proposed strike of Secondary Teachers on the 15th September, 1964—by Shri Somnath Lahiri;
(6) Reported resignation of Shri Saibal Gupta from the Chairmanship of Dandakaranya Development Corporation—by Shri Gour Chandra Kundu;
(7) Objectionable news on Calcutta girls published in the magazine "Indian Observer"—by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Sambhu Charan Ghosh.

I have selected the notice of Shri Niranjan Sen Gupta on the subject of reported resignation of Shri Saibal Gupta from the Chairmanship of Dandakaranya Administration. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible or give a date for the same.

The Hon'ble Ardhendu Sekhar Naskar: On Friday the statement will be made.

Stricture on the police by Magistrate.

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মারফৎ একটা বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে খবরের কাগজে একটা বিচার সম্বন্ধে খবর বেরিয়েছে। বারাসত থানা এলাকার দেবিপুর গ্রামে সাম্প্রদায়িক হাঙ্গামার অজুহাতে একজনকে গ্রেপ্তার করা হয়েছিল। তাকে বিচারক অব্যাহতি দিয়ে রায় দানকালে তদন্তকারী পুলিশের বিরুদ্ধে কঠোর মন্তব্য প্রকাশ করেন। আসামী নিজেকে নিরপরাধী বলে এবং অভিযোগ করে যে শ্রীবজলুর রহমান নামে জনৈক কংগ্রেস এম, এল, এ, তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করিয়াছেন। গত সাধারণ নির্বাচনে তাহারা রহমানের বিরুদ্ধে কাজ করিয়াছিল। বিচারক স্বাক্ষ প্রমাণ পর্য্যালোচনা করিয়া মন্তব্য করেন যে তদন্তকারী অফিসার সার্কেল ইনস্পেক্টর অপরাধী খুঁজবার কোন চেষ্টা করেন নি এবং ইনফ্লুয়েন্সড হয়ে উর্ধ্বতন পুলিশ অফিসারদের চাপে পড়ে তদন্তকারী অফিসার প্রথমে যাদের আসল হত্যাকারী বলে মনে করেছিলেন হিন্দুস্থানী তাদের আর পাওয়া যায় নি, তখন বর্তমান আসামীদের বিরুদ্ধে মামলা দায়ের করিয়াছেন। এটা গুরুতর ব্যাপার, বিশেষ করে যেখানে গভর্নমেন্ট অফিসার এবং একজন কংগ্রেস কর্মী জড়িত। এ বিষয়ে মন্ত্রিসভার তরফ থেকে একটা অনুসন্ধান করে বিবৃতি দেওয়া অত্যন্ত প্রয়োজনীয় বলে আমি মনে করি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর আমার এলাকা রামনগর থানার একটা উদ্বেগজনক পরিস্থিতির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিভিন্ন জায়গা থেকে সংবাদ পেয়েছি যে সেখানে লোন আদায়ের জন্য ব্যাপকভাবে ক্রোক করা হচ্ছে—চাষের গরু ক্রোক করা হচ্ছে, অস্থাবর সম্পত্তি ক্রোক করা হচ্ছে এবং ৪০৬ ধারা অনুসারে যারা জিম্মাদার রয়েছে, যারা এখন জমা দিতে পারছে না তাদের ফৌজদারী সোপর্দ করা হচ্ছে। অধ্যক্ষ মহাশয়, সেখানকার অত্যন্ত শোচনীয় অবস্থা, শতকরা ৮০ জনের ঘরে এখন খাদ্য নেই, ১৮ টাকা ১৯ টাকা ধানের মণ। রেশনের দোকানে ১ ছটাক চাল দেওয়া হয় না। এ বছর একটাও টেস্ট রিলিফের কাজ করা হয় নি। অথচ এই দুঃসময়ে সেখানে এই সব ক্রোক করা হচ্ছে। মাঘ মাস পর্যন্ত এই ক্রোক যাতে স্থগিত রাখা হয় সেজন্য আমি আপনার মাধ্যমে কর্তৃপক্ষকে অনুরোধ করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরের সময় বললেন যে ১ কোটি ২০ লক্ষ লোককে ১ কেজি করে চাল পার হেড পার উইক দেওয়া হচ্ছে, কিন্তু আমি মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে এটা ঠিক নয়, আপনি তদন্ত করে দেখুন। উদাহরণ স্বরূপ বলছি হাওড়া টাউনের পাশে জগাছা থানা, তার পপুলেশন ৫০ হাজার। পার উইক ৫০০ কুইন্টাল চাল সেখানে পাওয়া উচিত কিন্তু এম, আর, সপ মারফত পাওয়া যাচ্ছে অ্যাবাউট ½ এবং বাদবাকি ½ ফ্রি সেলে পাওয়া যাচ্ছে, ৫০ পার্সেন্টের বেশী লোক সেখানে পাচ্ছে না এবং ডিস্ট্রিবিউশনও ঠিক হচ্ছে না, এর জন্য অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে। এদিকে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি খোঁজ করে দেখবো।

Shri Kanai Pal:

স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করছি—আমার বক্তব্য হচ্ছে এখানকার ব্যবসাদারদের বর্ধমান থেকে ধান চাল আনতে দেওয়া হচ্ছে না কিন্তু চোরা-কারবারীরা নানা রকম গাড়ীতে করে সাইকেল ভ্যান ট্রাকে হাজার হাজার মণ চাল নিয়ে আসছে, এবং সেখানে সরকারী কর্মচারীরা, পুলিশ তারা এভাবে চোরাই চালান আনতে সাহায্য করছে। থানার উপর দিয়ে এইসব মাল আসছে। আমি আপনার সংগে যে গাড়ীতে আসছিলাম প্যাসেঞ্জার ভ্যানে তারা ১৪ বস্তা ধান নিয়ে আসছিল। পরিষ্কার নির্দেশ আছে খবরের কাগজেও বেরিয়েছে যে এভাবে গাড়ীতে করে আনা চলবে না এক কুইন্টালের বেশী মাল কিন্তু থানা অফিসার তাদের ধরতে চায় না কোন ব্যবস্থাও করতে চায় না। ফাঁড়ির উপর দিয়ে বীরনগর রানাঘাট থেকে পাচার হচ্ছে। সেখানকার সরকারী কর্মচারীরা ঘুষ খাচ্ছে, সেখানকার থানা অফিসাররা ঘুষ খাচ্ছে এবং সেই চাল ডবল দাম দিয়ে কিনে আমরা খাচ্ছি। এটা সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন সেটা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

সরকারী কর্মচারীরা এরকম করলে আমরা সেখানে গেলে তাদের গ্রেপ্তার করবো।

Laying of Amendment to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly an amendment to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955.

GOVERNMENT BILL

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee

Clause 37

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 37, in proposed section 47C, line 18, for the word "such period as may be specified in the order" the words "for a period not exceeding six months" be substituted.

Sir, I also beg to move that in clause 37, in proposed section 47D(2), in line 3, after the word "supersession" the words "not exceeding three months" be added.

স্যার, আমি সদস্যদের নিকট আমার এই সংশোধনী দেবার কারণগুলো রাখছি। যদি কোন পৌরসভাকে সুপারসিড করা হয় তাহলে তার পিরিয়ড সম্পর্কে কোন কিছু এই আইনে থাকছে না, সেজন্য আমার সংশোধনীটা হচ্ছে নট এক্সিডিং সিক্স মান্থস। ঠিক এভাবে যদি আইনে একটা ফাঁক থেকে যায়, অনির্দিষ্টকালের জন্য যদি সেটাকে সুপারসীড করে রাখা হয় তাহলে জনসাধারণের যে গণতান্ত্রিক অধিকার এবং তাঁদের যে প্রতিষ্ঠান সেই প্রতিষ্ঠানের যে অধিকার সেটাকে খর্ব করা হয়।

[2-10—2-20 p.m.]

এবং তারই একটা ইঙ্গিত এর মধ্যে থাকার জন্য আমি সংশোধনী দিয়েছি। তার কারণ, বর্তমানে অনুরূপ যে সমস্ত আইন আছে, যেমন বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট সেখানেও ঠিক এই ধরনের ফাঁক আইনে থাকার জন্য, আজকে দেখা যাচ্ছে আসানসোল পৌর সভা পাঁচ বছর ধরে সুপারসিডেড হয়ে আছে, এবং সেই পৌর সভা প্রতিষ্ঠানটি প্রায় এক লক্ষ নাগরিকের একটি প্রতিষ্ঠান। সেখানে সেই এক লক্ষ লোকের যে গণতান্ত্রিক অধিকার, সেই গণতান্ত্রিক অধিকারটাকে আজ পাঁচ বৎসর বন্ধ রাখা হয়েছে। আবার তার নির্বাচন কখন হবে তার কোন স্থিরতা নেই। তার কারণ হচ্ছে এই প্রতিষ্ঠানটি ঠিক শাসক পার্টি পরিচালনা করছেন না, সেখানে বিরোধী পক্ষের প্রতিনিধিরা থাকার জন্যই সেটাকে সুপারসিড করা হয়েছে, এবং এখনও পর্যন্ত তার পুনর্নির্বাচন হচ্ছে না। ঠিক একই কারণে, দু-বছর হল, বর্ধমান পৌর সভাকেও সুপারসীড করে রাখা হয়েছে। সেখানে এক লক্ষ কুড়ি হাজার নাগরিকের যে প্রতিষ্ঠান, সেখানেও পুনর্নির্বাচন করা হচ্ছে না। কাজেই কলিকাতা পৌর সভার ক্ষেত্রে ভবিষ্যতে এতে এই রকম না হয়, এইজন্য ঐ অনির্দিষ্টকাল কথাটা না রেখে, তার স্থলে ছয় মাসের বেশী করা যাবে না, আমি বলেছি। এই হচ্ছে আমার সংশোধনী।

আমার আর একটা সংশোধনী আছে, সেটা হচ্ছে আমাদের সংবিধানের ৩৫২ ধারায়, যেখানে রাষ্ট্রপতির ক্ষমতা সম্বন্ধে ব্যাখ্যা করা হয়েছে অর্থাৎ যদি দেশে জরুরী অবস্থা থাকে তাহলে রাষ্ট্রপতি প্রয়োজন হলে, যে কোন বিধান সভাকে সুপারসীড করতে পারেন। সেখানে রাষ্ট্রপতির ক্ষমতা এক মাসের পরে, সেটা লোক সভাতে প্রস্তাবাকারে মুভ হওয়া দরকার।

শৈলবাবু অনেক গণতান্ত্রিক অধিকারের কথা বলেছেন, পৌরসভাকে অনেক গণতান্ত্রিক অধিকার দেওয়া হচ্ছে।

Mr. Speaker: My request to all the Hon'ble members

আজকে একটু প্রিসাইজলি করে বলুন, তা নাহলে আপনারা সকলে থার্ড রিডিংএ বলবার সময় পাবেন না। এইটা আমি আপনাদের সকলকে জানিয়ে দিচ্ছি।

Shri Aswini Roy:

আচ্ছা আমি শেষ করে দিচ্ছি। উনি যদি বলতেন যে সুপারসীড করবার পরে, বিধান সভাতে আলোচনা করে সেটা ঠিক করা হবে, তাহলে বুঝতাম সেখানকার গণতান্ত্রিক অধিকার থাকবে। কিন্তু এই রকম ব্যবস্থা করলে, ব্যাপারটা হবে কি? ঐ যে স্বায়ত্বশাসনের সেক্রেটারী আছেন, তার উপরে নির্ভর করবে যে নির্বাচন হবে, কি হবে না? কি, সেটা এক বছর, বা দু-বছর, কি চার বছর চলবে। কাজেই এই ধরনের অধিকার এই আইনে দেওয়া যায় না। এইরূপ গুরুত্ব-পূর্ণ একটা দপ্তরের সম্পূর্ণ ভার স্বায়ত্বশাসনের সেক্রেটারীকে দেওয়া যায় না। তারপর আমার পরবর্তী অ্যামেন্ডমেন্ট হচ্ছে যে সুপারসিডেড হয়ে যাবার পরে যদি কোন কারণে, নূতন নির্বাচন করা না যায়, তাহলে তার সময়টা কতখানি বাড়ান যাবে? সেখানে আমি বলেছি নট এক্সিডিং থ্রি মান্থস, কাজেই, আমার অনুরোধ আমার এই সংশোধনীটি তাঁরা যেন গ্রহণ করে নেন। কারণ, যখন গণতান্ত্রিক অধিকারের কথা বলা হচ্ছে, তখন তাঁদের এই সংশোধনী না রাখলে পরে, সেই গণতান্ত্রিক অধিকারকে খর্ব করা হবে, ক্ষুণ্ণ করা হবে।

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়,......................

Mr. Speaker:

আমি আর একবার আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, মাত্র ১২ ঘণ্টা সময় এই বিলটিতে অ্যালট করা আছে, তার মধ্যে প্রায় ৮ ঘণ্টা হয়ে গিয়েছে, এবং আরও কিছু সময় অ্যামেন্ডমেন্টে লাগবে, সুতরাং আপনাদের অ্যামেন্ডমেন্টগুলির বক্তৃতা একটু সর্ট করে বললে পরে থার্ড রিডিং-এ সকলে বলবার সময় পাবেন।

But I am not taking away your right to speak. I only want to remind you that four hours are left for the discussion of this Bill.

Shri Bijoy Kumar Banerjee:

আমরাও স্যার, আর বেশীক্ষণ বক্তৃতা করতে চাই না। কারণ বক্তৃতা করে কোন লাভ নেই।

Mr. Speaker:

ঐ রকমেইত সময় যাবে। আপনার পয়েন্টটা বলুন।

Shri Bijoy Kumar Banerjee:

আমার পয়েন্টটা হচ্ছে, ক্যালকাটা কর্পোরেশনে প্রাপ্তবয়স্ক ভোটারের ভিত্তিতে নূতন কর্পোরেশন নির্বাচিত হবে, রামরাজত্ব হবে। (মিঃ স্পীকার—ঐগুলি ছেড়ে দিন।) স্যার, এই সংশোধনীর দ্বারা একটা পাওয়ার অফ দি কর্পোরেশান বাতিল করে দিচ্ছেন, কর্পোরেশনকে সুপারসিড করার ব্যবস্থা হচ্ছে। এটা একটা একসেপসন হচ্ছে। এইসব যখন বিধানসভায় আলোচনা হচ্ছে, তখন যদি ঠিক সময় মত এসব বলা না যায়, তাহলে থার্ড রিডিং-এ জেনারেলভাবে বললে, চলবে না।

Mr. Speaker:

মিঃ ব্যানার্জী আমি সে কথা আপনাদের একবারও বলি নি। আমার ডিউটি একবার আপনাদের বলে দেওয়া সময়টা, সেই হিসাবে বলেছি। এই বিল আলোচনার নির্ধারিত ১২ ঘণ্টা সময়ের মধ্যে প্রায় ৮ ঘণ্টা হয়ে গিয়েছে। আমি এই জিনিসটা আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি।

Shri Bijoy Kumar Banerjee:

১২ ঘণ্টা সময়ের জায়গায় যদি ১৪ ঘণ্টা প্রয়োজন হয়, তাহলে সেটা আমার মতে দেওয়া উচিত।

Mr. Speaker:

মিঃ ব্যানার্জী, আপনি জানেন
it is an order of the House Business Advisory Committee report
এখানে প্লেসড হয়েছিল, এখানে পাসড হয়েছিল। তারপর আর আমার কি করবার আছে, আপনি বলুন!

শ্রী[illegible] ব্যানার্জী: স্যার, আমি খুব সটেই বলছি। এই যে ক্লজটা এখানে ইন্ট্রোডিউস করা হচ্ছে এটা নূতন। স্যার, এই সুপারসেশনের ক্লজটা আস্তে আস্তে কর্পোরেশনের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। আমি জিজ্ঞাসা করি যে সব কারণে কর্পোরেশনকে সুপারসিড করার কথা এখানে লেখা আছে সেইসব কারণ যদি এই রাষ্ট্র যেভাবে পরিচালিত হচ্ছে সেই মানদণ্ডে যদি তাঁদের বিচার করা যায় তাহলে ৫ মিনিটও পশ্চিমবঙ্গ সরকার এখানে থাকতে পারে না, সুপারসিড হয়ে যাওয়া উচিত। স্যার, এতে বলা হয়েছে প্রাপ্তবয়স্ক ভোটারদের ভোটের ভিত্তিতে যে ইলেকশন হবে, জনসাধারণের প্রতিনিধি যারা থাকবে, তারা যদি কোন কাজে ইনকম্পিটেন্ট হয়, যে-কোন রকমে তাদের কোন দোষ সরকারের মতে যদি মনে হয় যে তারা কাজ ঠিকমত করছে না, এক কথাতে ১০০ জন নির্বাচিত প্রতিনিধিকে সরকার ইচ্ছা করলে এক কলমের খোঁচাতে তাদের কর্পোরেশন বডিকে সুপারসিড করতে পারে। স্যার, সরকার যদি এখানে প্রসিকিউটার হয়, তাহলে সরকার সে বিচার করবে কেন? যদি কর্পোরেশন বাস্তবিকপক্ষে অন্যায় করে থাকে, কর্পোরেশনের সুপারসেশন যদি জাস্টিফায়েড হয়, তাহলে তার বিচার সরকারের করা উচিত নয়। সেখানে নিরপেক্ষভাবে বিচার করবেন কারা? সেখানে প্রধান বিচারপতি বা ঐরকম কোন লোক ট্রাইব্যুন্যালে থাকতো তাহলে সুবিচার পাবার একটা আশা থাকতো। আজকে দেখুন সরকার যে কমিশনারকে অ্যাপয়েন্ট করেছেন, আমাদের কর্পোরেশনের এমন কোন ক্ষমতা নেই যে তাঁকে কিছু করতে পারে। তিনি প্রটেকশন পাচ্ছেন এই সরকারের কাছ থেকে। কিন্তু একটা হোল বডি অফ ইলেকটেড [illegible] এক কথাতে সুপারিসিডেড হয়ে যাচ্ছে। এইরকম ব্যবস্থ করা উচিত নয়। এটা অত্যন্ত রি-অ্যাকশনারি মেজার, এটা কিছুতেই হওয়া উচিত নয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্যার, আমি কালকে কয়েকটি অ্যামেন্ডমেন্ট দিয়ে গিয়েছিলাম, কিন্তু দেখছি সেগুলি আসে নি।

মিঃ স্পীকার: মিঃ অধিকারী, প্রথমতঃ আমাদের অ্যামেন্ডমেন্ট রুলস যেটা আছে সেটা স্ট্রিক্টলি ফলো করা হয় না, আমরা লাস্ট মোমেন্ট অবধি নিই। কিন্তু বিলটি অলরেডি ফ্লোরে ডিসকাশন আরম্ভ হয়েছে এখনও যদি আমাদের অ্যামেন্ডমেন্ট নিতে হয়, তাহলে ইট ক্যান্ট বি সার্কুলেটেড অ্যান্ড ইট কান্ট বি ডিসকাসড। আমি ত জানি না হোয়েন দি বিল ইজ অলরেডি বিয়িং ডিসকাসড সেখানে যদি আপনারা এক গাদা করে অ্যামেন্ডমেন্ট দেন তাহলে কি করে পসিবল।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: কিন্তু স্যার, অন দি ফ্লোর অফ দি হাউস অ্যামেন্ডমেন্ট নেবার রেওয়াজ আছে।

মিঃ স্পীকার: মিঃ অধিকারী নেওয়া হয় ঠিক। স্পেশাল কেসে বরাবরই আমি আপনাদের অ্যালাউ করেছি। তাই বলে রোজ যদি তা করতে দেওয়া হয় তাহলে সার্কুলেট করা পসিবল নয়।

শ্রী[illegible] অধিকারী: আমি এর উপর যে অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম তাতে হল না, আমি এর উপর দু-একটি কথা বলবো। আমার অ্যামেন্ডমেন্ট যেটা আমি দিয়েছিলাম, যেটা উঠে নি, তার ভিত্তি ছিল এই যে

Every such order of supersession shall be laid before the Legislature within two months from the date of order for approval and unless the Legislature duly approve such order or orders it shall lapse after expiry of two months.

এই একটা আমার অ্যামেন্ডমেন্ট ছিল এবং এই কথা বলতে গিয়ে মাননীয় সদস্য অশ্বিনীবাবু যে কথা বললেন তারই সমর্থনে আমি বলছি যে এইরকম ধরনের অ্যামেন্ডমেন্ট আমরা যেটা নিয়ে এসেছি অশ্বিনীবাবুর অ্যামেন্ডমেন্টও ঠিক সেই ধরনের, তার মূল কথা হচ্ছে এই, যে আমরা কনস্টিটিউশনের মূল প্রসিডিয়োরটাকে ফলো করতে চেষ্টা করছি। কনস্টিটিউশনে ইমারজেন্সী পাওয়ার অ্যাপ্লাই করা সম্বন্ধে যে প্রসিডিয়োরগুলি আছে ঠিক সেইভাবে আমরা বলতে চেয়েছি যে যখন কোন একটা বিষয় ইন দি ওপিনিয়ন অফ দি স্টেট গভর্নমেন্ট কর্পোরেশনকে সুপারসিড করার প্রয়োজন হয়ে পড়লো, ভাল কথা, কিন্তু সেই সংগে সংগে উইদিন টু মান্থস লেজিসলেচারের কাছে যেমন এমারজেন্সি ডিক্লিয়ার করবার পর পার্লামেন্টের কাছে দিতে হয়, ঠিক সেইরকম লেজিসলেচারের কাছে এটা প্লেস করতে বলি এবং তারপর তাদের স্যাংশন নিয়ে আপ টু সিক্স মান্থস পর্যন্ত তার লাইফ করা উচিত বা এক বৎসর পর্যন্ত। এই ধরনের জিনিসটা চিন্তা করছি এইজন্য যে ধরুন এটা কনস্টিটিউশনকেও ফলো করা হচ্ছে প্লাস গণতন্ত্রের সবগুলি সেফগার্ডকে আমরা ঠিক রাখতে পারছি।

[2-20—2-30 p.m.]

স্টেট গভর্নমেন্ট মনে করলে অত্যন্ত ভেগ্ টার্ম। স্টেট গভর্নমেন্ট মনে করলেই সুপারসিড করতে পারবেন, আমি জানি আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটিতে এই জন্য একটা স্টেটমেন্ট সৃষ্টি হয়েছিল। স্টেট গভর্নমেন্ট-এর এই মনে হওয়াটা সাংঘাতিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই সম্পর্কে সংবিধানে যে প্রসিডিওর আছে সেটা ফলো করবার জন্য শৈলবাবুকে বলছি, এবং লেজিসলেচার-এর মতামত নিয়ে তিনি কাজ করবেন এটা আমরা তাঁর কাছে আশা করি।

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই ক্লজ ৩৭-এ কর্পোরেশনকে বাতিল করে দেওয়ার পূর্ণ ক্ষমতা সরকার নিজ হাতে রেখেছেন। আমার বক্তব্য হচ্ছে, এমন ঘটনা হতে পারে, যে দলের সরকার কর্পোরেশন তার বিরোধী দলের হাতে চলে গেল, এমন অবস্থায় আমরা অভিজ্ঞতা থেকে দেখেছি যে, স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলি বাতিল হয়ে যায় এবং তখন সেগুলি গণতান্ত্রিক কায়দায় চালানোর অসুবিধা সৃষ্টি হয়। সুতরাং অশ্বিনীবাবু যে দুটো সংশোধনী এনেছেন আমি সেই দুটোর সমর্থন করি, একটা হচ্ছে সুপারসেশন করবার পরে অ্যাপ্রুভাল-এর জন্য অ্যাসেম্বলীতে আনতে হবে, আরেকটা হচ্ছে কোন অবস্থায় কর্পোরেশনকে তিন মাসের বেশি সুপারসেশন করে রাখা চলবে না, এর মধ্যে নির্বাচন শেষ করে লোক বসিয়ে দিতে হবে, এর দ্বারা গণতান্ত্রিক পদ্ধতিকে সম্মান দেখানোই হবে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

স্যার, সাবসেকশন ৩ এতে আমি একটু বলতে চাই, লেখা আছে

The State Government may, at any time, order the holding of a general election for reconstitution of the Council.

আমি শুধু অ্যাড করতে চাই..

The State Government may, at any time, during the period of supersession.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, অশ্বিনীবাবু যে সংশোধনী দিয়েছেন সেটা অত্যন্ত অবান্তর, কারণ সুপারসেশন একসেপসন্যাল সারকামস্ট্যানসেস-এই হয়। আগে থেকে কি করে অ্যান্টিসিপেট করতে পারেন, সুপারসেশন ইন অ্যান একসেপসনাল সারকামস্ট্যানসেস। সুতরাং কোন সময় নির্দিষ্ট করবার দরকার নাই। মাননীয় নিখিলবাবু বললেন আমরা অভিজ্ঞতা থেকে দেখেছি বিরোধী দলের হাতে থাকলে সুপারসিড করা হয়। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, বাংলাদেশের ৮৮টি মিউনিসিপ্যালিটির মধ্যে গত ৩।৪ বৎসরে ১৬টি মিউনিসিপ্যালিটি সুপারসিড হয়েছে, অচলাবস্থা সৃষ্টি হওয়ার দরুন, এই সুপারসেশনকে জনসাধারণ অভিনন্দন জানিয়েছে। কোন জায়গায় একটা পাবলিক মিটিংও হয় নি সুপারসেশনের বিরুদ্ধে। ও'রা বলেছেন যেন ৬ মাসের

মধ্যে পুনর্নির্বাচন করা হয়। সেটা তো কর্পোরেশনের ব্যাপার, আর দি কর্পোরেশন ইজ অ্যান ইন্ডিপেন্ডেন্ট স্ট্যাটুটরি বডি, সরকারের সঙ্গে পরিচালনার দিক থেকে কোন আইনগত সামঞ্জস্য বা সম্পর্ক নাই। সুতরাং তাঁরা সরকারের সঙ্গে কর্পোরেশনের যে অ্যানালজি করেছেন সেই অ্যানালজি খাটে না, কারণ,

Constitutionally, the State Government is part of the federal unit.

সুতরাং যেখানে অচলাবস্থা সৃষ্টি হচ্ছে সেখানেই গণতন্ত্রকে হস্তক্ষেপ করতে হয়। কনস্টিটিউশনও বলছে গণতান্ত্রিক পদ্ধতিতে চালু করা দরকার, কিন্তু কর্পোরেশন ইনডিপেন্ডেন্ট স্ট্যাটুটরি বডি হলেও, অচলাবস্থার উদ্ভব হলে সেক্ষেত্রে সুপারসেশন-এর প্রভিসন করা হয়েছে। এই সুপারসেশন ১৯৫৩-তে একবার প্রয়োজন হয়েছিল, কিন্তু তখন কলকাতার জনসাধারণ একটি সভাও করে নি। আমি যে কথা বলছিলাম, প্রেসিডেন্সিয়াল রুল-এর সঙ্গে এর অ্যানালজি চলে না। সুতরাং আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Roy that in clause 37, in proposed section 47C, line 18, for the words "such period as may be specified in the order" the words "for a period not exceeding six months" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 37, in proposed section 47D(2), in line 3, after the word "supersession" the words "not exceeding three months" be added, was then put and lost.

The question that clause 37 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 38 and 39

The question that clauses 38 and 39 do stand part of the Bill was then put and agreed to.

Clause 40

Shri Ganesh Ghosh: I move that clause 40(2) be omitted.

মিঃ স্পীকার, গণতান্ত্রিক কথা সেদিন শৈলবাবু অনেক বললেন। তারই নমুনা তিনি দেখাচ্ছেন এইভাবে যে, কর্পোরেশনের কমিশনাররা কোন ইউনিয়নে থাকতে পারবেন না এবং শুধু তাই নয়, তাঁরা কোন রকম অ্যাসোসিয়েশনের সঙ্গে যুক্ত থাকতে পারবেন না

holds office in any Union or Association of Municipal Officers or servants

আচ্ছা, গণতন্ত্র তো ইউনিয়ন একটা ইললিগাল জিনিস নয়, ইউনিয়ন বা অ্যাসোসিয়েশন একটা সংবিধানসম্মত অধিকার, তাহলে তিনি এর প্রতিরোধ করছেন কেন?

Shri Niranjan Sen Gupta: I move that clause 40(2) be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আমি শৈলবাবুকে জিজ্ঞাসা করেছিলাম ক্লজ ৪০-তে আমরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি তার জবাব কি, শৈলবাবু বললেন সিলেক্ট কমিটি পাস করে দিয়েছি। সিলেক্ট কমিটি পাস করে দিলেই কি সেটা গণতন্ত্রসম্মত হল? এমন একটা জিনিস উনি করছেন যাতে কর্পোরেশনের কাউন্সিলারদের অধিকার সংকোচিত করা হচ্ছে। তাঁকে আমরা বার বার বলেছি এই অধিকার যেন না হরণ করা হয়। তাঁকে অনুরোধ করছি তিনি এটা উঠিয়ে দিন। কর্পোরেশন-এর কাউন্সিলাররা কোন অ্যাসোসিয়েশন-এর সঙ্গে যুক্ত থাকতে পারবেন না এটা খুব অন্যায়। তাঁকে অনুরোধ করছি তিনি এটা কন্সিডার করে দেখুন।

[2-30—2-40 p.m.]

শ্রীনিখিল দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি জয়েন্ট কমিটির একজন মেম্বার ছিলাম এবং তখন আমি এই ক্লজ সম্পর্কে বলেছি এবং নোট অব ডিসেন্ট যেটা দিয়েছি তাতে বলেছিলাম এই যে "এফ এফ এফ" যেটা সংযোজন করা হোল এটা আনডেমোক্রেটিক এবং কনস্টিটিউসনে আমাদের যে অধিকার দিয়েছে—অর্থাৎ আমরা যে কোন অ্যাসোসিয়েশন-এর অফিস বেয়ারার হতে পারব—সেই অধিকার থেকে কেন কাউন্সিলারদের বঞ্চিত করছেন? এই অগণতান্ত্রিক পন্থাটি কেন গ্রহণ করা হচ্ছে সেটা জয়েন্ট কমিটির মিটিং-এ বুঝতে পারিনি এবং শৈলবাবু যে বক্তৃতা দিয়েছিলেন তাতেও বুঝতে পারি নি। আমার বক্তব্য হচ্ছে এটা চিরকাল চলে আসছে এবং প্রত্যেক দেশে চলছে যে, কাউন্সিলাররা ইউনিয়ন-এর, অ্যাসোসিয়েশন-এর অফিস বেয়ারার হতে পারবে। আমি জিজ্ঞাসা করছি এই অধিকার কেন কেড়ে নিচ্ছেন, এই অগণতান্ত্রিক জায়গায় কেন যাচ্ছেন। এই যে অধিকার হরণ করছেন তাতে আমি আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি কেউ যদি কাউন্সিলার এর ছায়ায় হাইকোর্টে কেস করে তাহলে এটা কি টিকবে? আমাদের কনস্টিটিউশন যে অধিকার দিয়েছে সেটা হরণ করবার অধিকার আইনে আছে কিনা সেটা আমি জয়েন্ট কমিটির মিটিং-এ বলেছিলাম। এখন আমি আবার মন্ত্রীমহাশয়ের এবং অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যদি সম্ভব হয় তাহলে এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন।

শ্রীঅমরেন্দ্রনাথ বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, শ্রদ্ধেয় গণেশবাবু যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে কিছু বলতে চাই। আমি সিলেক্ট কমিটিতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছিলাম এবং আশা করেছিলাম সেখানেই তিনি এটা মেনে নেবেন। আমি তাঁকে আবার অনুরোধ করছি কোলকাতা কর্পোরেশনের শ্রমিক এবং কর্মচারীদের নিশ্চয়ই অভাব-অভিযোগ আছে, বক্তব্য আছে দাবী-দাওয়া আছে এবং সেই দাবী-দাওয়া নিয়ে নিশ্চয়ই তাঁরা কর্পোরেশনের সঙ্গে বোঝাপড়া করবেন এবং প্রয়োজন হলে আন্দোলন করবেন। কাজেই এদিক থেকে তাদের ইউনিয়নে যদি পৌরসভার কোন সভ্য থাকেন তাহলে ভাল হয়। এর আর একটা কারণ হোল তাঁরা কর্পোরেশনের আর্থিক অবস্থা বোঝেন, ভেতরকার খবর রাখেন, শ্রমিকদের কোথায় সুবিধা বা অসুবিধা হচ্ছে সেটা জানেন, কি কি কাজ করা যায় সেটা ভাল বলতে পারেন, তাদের দাবী কতটা ন্যায্য সেটাও তাঁরা ভাল বলতে পারেন। কাজেই আমি মনে করি বাইরের লোক না গিয়ে পৌরসভার লোক যদি এই দায়িত্ব নিতে যায় তাহলে ভাল হয় এবং সেই হিসেবে এটা গ্রহণ করুন। আর একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে কর্পোরেশনের কর্মচারীদের যদি কোন প্রতিষ্ঠান থাকে, যে প্রতিষ্ঠান তাদের দাবী-দাওয়া আদায়ের জন্য চেষ্টা করে সেখানে পৌরসভার কোন সভ্য কেন সভ্য বা সভাপতি হতে পারবেন না? এটা কেন রেখেছেন? আমি মনে করি তাঁদের এই সভ্য হবার অধিকার কেড়ে নেওয়া উচিত নয়। এই কথা বলে আমি গণেশবাবুর অ্যামেন্ডমেন্ট সমর্থন করছি এবং বলছি এটা গ্রহণ করুন।

শ্রীহেমন্তকুমার বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, কোন কাউন্সিলার ইউনিয়নের মেম্বার হতে পারবেন না এটা সমর্থন করা যায় না। আমাদের কনস্টিটিউশন যে অধিকার আমাদের দিয়েছে এটা তার বিরোধী, কাজেই এটা সমর্থন করতে পারছি না। প্রথমতঃ আমরা দেখছি কর্পোরেশনের কাউন্সিলরদের কোন এক্জিকিউটিভ ফাংসন রইল না এবং তারপর দেখছি এই অধিকারও তাঁদের রইল না। আমি মনে করি কর্পোরেশনের বিভিন্ন সংস্থা যদি শ্রমিকদের দাবী-দাওয়া নিয়ে কর্পোরেশনে উপস্থিত করে তাহলে সেটা সঙ্গত হবে, অন্যায় হবে না। এই ব্যাপারে একজন বাইরের লোক যতটা বুঝতে পারবেন তার চেয়ে কর্পোরেশনের লোক বেশী বুঝতে পারবেন। কাজেই সেদিক থেকে কর্পোরেশনের কাউন্সিলরদের অধিকার ক্ষুণ্ণ করা উচিত নয় এবং যদি করা হয় তাহলে সেটা অগণতান্ত্রিক কাজ হবে। এই আইনে এই যে ধারা দেওয়া হয়েছে এটা যদি কোর্টে চ্যালেঞ্জ হয় তাহলে পরিত্যক্ত হবে। কাজেই বলছি এই ধারাটা তুলে দেওয়া হোক এবং কর্পোরেশনের কাউন্সিলররা যেভাবে কাজ করছেন সেইভাবে কাজ করবার অধিকার দেওয়া হোক।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা একটা অগণতান্ত্রিক ধারা রাখা হয়েছে, এটা আমি এখানে অসঙ্গত মনে করছি। প্রকৃত প্রস্তাবে বিধানসভার কোন সদস্য কোন শ্রমিক সঙ্ঘ অথবা এই রকম কোন শ্রমিক অ্যাসোসিয়েশনের সঙ্গে সংযুক্ত থাকতে পারে না এই

প্রশ্ন যদি না উঠতে পারে তাহলে কর্পোরেশনের কোন কাউন্সিলার শ্রমিক ইউনিয়নের সংগে অথবা এই রকম ধরণের কোন স্টাফের সংগে সংযুক্ত থাকতে পারে না কেন এটা বুঝতে পারি না বরং যুক্ত থাকতে পারবে এই রকম ধারা সংযুক্ত থাকাই যুক্তিযুক্ত বলে মনে করি, তাহলে সমস্যা সমাধান হতে অনেক সাহায্য করবে। যদি এ ব্যবস্থা না রাখেন, বাইরে থেকে বিক্ষোভ হওয়ার সম্ভাবনা আছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে এটা বিবেচনা করুন এবং গণতান্ত্রিক দিক থেকে এবং সংবিধানের দিক থেকে এই ধারাটা তুলে দেওয়া দরকার বলে মনে করি। এজন্যাই বলছি যে আমার সংশোধনীটা গ্রহণ করুন।

শ্রীকানাই পাল: আমি এই অগণতান্ত্রিক ধারাটির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। প্রতিবাদ জানাচ্ছি এদিক থেকে যে এই ধারাটি চালু করলে এখানকার যারা বিক্ষুব্ধ কর্মচারী তাদের বিক্ষোভ বন্ধ হবে না বা কার্য্যপরিচালনা ব্যাপারে যে গলদ সেই গলদগুলি দূর হবে না। বরং এই গলদগুলি প্রশ্রয় পাবে, প্রতিদিন বাড়বে এবং জনসাধারণের স্বার্থ ক্ষুণ্ণ হবে। এদিক থেকে চিন্তা করে আমি মনে করছি যে কর্মচারীদের যে ন্যায়সংগত দাবী তাদের ইউনিয়নের সংগে জড়িত থাকার সেই দাবীগুলি পূরণের চেষ্টা করা। এই দাবী অত্যন্ত ন্যায়সংগত দাবী এবং ন্যায্য পথে গেলে যে শুধু তাদের দাবী পূরণ হবে তা নয়, যাদের জন্য কর্পোরেশন তৈরী হবে সেই জনসাধারণের স্বার্থ পূর্ণ হবে এবং তা যদি না করা হয় তাহলে তাদের দাবীও পূর্ণ হবে না, কর্মচারীদের দাবীও পূর্ণ হবে না এবং জনসাধারণের স্বার্থ বিপন্ন হবে বলে মনে করি।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আমি এতক্ষণ ধরে বিরোধী দলের সদস্যদের বক্তৃতা শুনছিলাম। আমার ধারণা ছিল না যে জনসাধারণের ক্ষেত্রে গণতন্ত্র এত সীমিত, সীমাবদ্ধ। তাঁরা সকলেই বললেন এই ধারাটা অগণতান্ত্রিক, এটা অগণতান্ত্রিক কি করা হয়েছে? কোন কাউন্সিলরকে ট্রেড ইউনিয়ন শ্রমিক সংঘের আন্দোলনের পথে বাধা সৃষ্টি করা হয় নি, সদস্য হতে বাধা সৃষ্টি করা হয় নি, তেমনি কোন ট্রেড ইউনিয়ন সদস্য যদি কাউন্সিলরের জন্য দাঁড়ান সে পথে কোন বাধা সৃষ্টি করা হয় নি। কি বলা হয়েছে? আফিস বেয়ারার অফ এ ইউনিয়ন হতে পারবে না, কারণ অফিস বেয়ারার যেখানে এক হাজার দু' হাজার সভ্য, সেই অফিস বেয়ারার প্রেসিডেন্ট বা ভাইস প্রেসিডেন্ট, সেক্রেটারী না হলে গণতন্ত্র একেবারে জনসেবার ক্ষেত্রে একটা বাধা হয়ে যাচ্ছে কেন? যেখানে কনফ্লিক্ট অফ ইন্টারেস্ট যেখানে এমপ্লয়ার হচ্ছে কাউন্সিলার সেই এমপ্লয়ীজ ইউনিয়নে বলা হচ্ছে যে যারা অফিস বেয়ারার তারা হতে পারবে না। এতে গণতন্ত্রে কোথায় কোন বাধা হয়েছে বলে মনে করি না। সুতরাং বিরোধিতা করছি।

[2-40—2-50 p.m.]

The motion of Shri Ganesh Ghosh that clause (40)2 be omitted, was then put and a division taken with the following result:—

NOES—74

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Ahmed Ali Mufti, Shri

Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dhar, Shrimati Charu Shila
Dutta, Shrimati Sudha Rani
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Jana, Shri Mrityunjoy
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Khamrai, Shri Niranjan
Kolay, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukohpadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta

Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Arabinda
Roy, Shri Nepal Chandra
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Phanis Chandra
Wangdi, The Hon'ble Tenzing

AYES—45

Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Mrigendra
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Subodh
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Sambhu Charan
Haldar, Shri Mahananda
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Jaleswar
Josse, Shri Lakshmi Ranjan
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nathaniel
Nawab Jani Meerja, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Deo Prakash
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Jamini Bhusan

Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand

The Ayes being 45 and the Noes 74, the motion was lost.

The question that clause 40 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 45

The question that clause 45 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 47, 48, 49 and 50

The question that clauses 47, 48, 49 and 50 do stand part of the Bill was then put and agreed to.

Clause 52

The question that clause 52 do stand part of the Bill was then put and agreed to.

Clause 53

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that for clause 53 of the Bill as reported by the Joint Committee, the following clause be substituted, namely:—

53. 'Amendment of section 81.—In section 81 of the said Act,—

(1) in sub-section (2), for the words "not below two hundred and fifty rupees" the words "above three hundred rupees" shall be substituted;

(2) in sub-section (3),—

(a) for the words "shall hold examination periodically", the words "shall, if necessary, hold examination" shall be substituted;

(b) for the words "not below two hundred and fifty rupees" the words "above three hundred rupees" shall be substituted;

(3) in sub-section (4), for the words "not below two hundred and fifty rupees" the words "above three hundred rupees" shall be substituted;

(4) in sub-section (5), after the words "one year", the words "or when a person in the service of Government is appointed to be a municipal officer or servant" shall be added; and

(5) in sub-section (6), for the words "is below two hundred and fifty rupees", the words "does not exceed three hundred rupees" shall be substituted.'.

Sir, the reason for bringing this amendment is that since the publication of the Joint Committee report the Corporation has merged the dearness allowance with the pay with the result that Rs. 200 is now increased to Rs. 300. Therefore this consequential amendment is necessary.

The motion was then put and agreed to.

The question that clause 53, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 54, 55 and 56

The question that clauses 54, 55 and 56 do stand part of the Bill was then put and agreed to.

Clause 61

The question that clause 61 do stand part of the Bill was then put and agreed to.

Clause 73

Mr. Speaker: Amendment of Shri Ganesh Ghosh is not moved. I now put clause 73 to vote.

The question that clause 73 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 73A, 74, 75, 76, 77 and 78

The question that clauses 73A, 74, 75, 76, 77 and 78 do stand prat of the Bill was then put and agreed to.

[2-50—3 p.m.]

Clause 80

The question that clause 80 do stand part of the Bill was then put and agreed to.

Clause 86

The question that clause 86 do stand part of the Bill was then put and agreed to.

Clause 92

The question that clause 92 do stand part of the Bill was then put and agreed to.

Clause 93

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that in clause 93 of the Bill as reported by the Joint Committee, for sub-clause (a), the following sub-clause be substituted, namely:—

'(a) in clause (b), for the words "with the names" the words "and may, if they think fit, report the names" shall be substituted;'.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that in clause 93 of the Bill as reported by the Joint Committee, for sub-clause (a), the following sub-clause be substituted, namely:—

'(a) in clause (b), for the words "with the names", the words "and may, if they think fit, report the names" shall be substituted;',

was then put and agreed to.

The question that clause 93 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 95

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 95, in lines 1, 2, 3, 4 and 5, the words and figures beginning with "Section 165" and ending with "(2)" in line 5, be deleted and the following be substituted:

"Section 165 of the said Act shall be amended as follows with sub-sections (1), (2) and (3) and after sub-section (3) the following sub-section numbered as (4), shall be added, namely:

'(4)'—

Sub-section (1). A graduated consolidated rate on the annual valuation determined under this chapter may be imposed by the Corporation upon all lands and buildings in Calcutta for the purpose of this Act. Such graduated consolidated rate shall not exceed:

(i) 5 per cent. on the annual valuation—where the annual valuation does not exceed Rs. 1,000;

(ii) 8 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 1,000 but does not exceed Rs. 3,000;

(iii) 15 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 3,000 but does not exceed Rs. 5,000;

(iv) 30 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 5,000 but does not exceed Rs. 10,000;

(v) 45 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 10,000.

Provided that where the annual valuation exceeds Rs. 5,000 the maximum percentage may be increased up to 35 per cent.

Sub-section (2). (a) Huts and lands in a bustee in Calcutta shall be separately and individually assessed for the purpose of fixing rates of taxes.

(b) In case of huts (other than masonry structures with 'Pukka' roofs) and lands, excluding lands left vacant for the purpose of giving access to any hut in a bustee or for the purpose of any bustee street prescribed in or under a standard plan approved by the Coporation under chapter XXIII, but including lands let out on lease, a graduated consolidated rate on the annual valuation may be imposed by the Corporation upon all such lands and such huts in a bustee in Calcutta.

Such graduated consolidated rate for huts and lands in a bustee shall not exceed:

(i) 2 per cent. on the annual valuation—where the annual valuation does not exceed Rs. 500;

(ii) 2½ per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 500 but does not exceed Rs 1,000;

(iii) 3 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 1,000 but does not exceed Rs. 3,000;

(iv) 3½ per cent. on the annual valuation where the annual valuation exceeds Rs. 3,000 but does not exceed Rs. 5,000;

(v) 4 per cent. on the annual valuation—where the annual valuation exceeds Rs. 5,000.

Sub-section (3). Masonry structures with Pukka roofs in a bustee areas shall be assessed for fixation of rates of taxes as per sub-section (1) above.".

মাননীয় স্পীকার মহাশয়, আমি শ্রীযুক্ত শৈল মুখার্জি মহাশয়ের কাছে ফার্স্ট রিডিংএ কতকগুলি সাজেসশন দিয়েছিলাম এবং সেই সাজেসশনগুলি যদি রিজেক্টেড হয়, তাহলে তার কারণ জানতে চেয়েছিলাম, কি কারণ, তিনি বলেন নি। (দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আমি কারণ এখন বলেছি।) আপনি যে কারণটা এখন বলছেন, সেটা হল কর্পোরেশনই তো নিজেরা ট্যাক্স করতে পারে, বা কমিয়ে দিতে পারে; কারণ আইনের মধ্যে বলা আছে নট এক্সিডিং ৩,০০০ টাকা—তারা যখন করছেন, সরকার আর কি করবে? তারা ভবিষ্যতে কি করবে, বা না করবে, সেটা কর্পোরেশনই ঠিক করবেন। আমার কথা হচ্ছে কর্পোরেশনের আইনের মধ্যে আছে—নট এক্সিডিং ৩,০০০ টাকা, এটা সত্য কথা। কিন্তু আবার সেকশন ১৬৫তে বলছে, ট্যাক্স যা করবে দোতলা বাড়িতে,

15 per cent. on the annual valuation, if it does not exceed Rs. 5,000.

অর্থাৎ ১৫ পারসেন্ট করবেন যদি দালানবাড়ির বাৎসরিক ভ্যালুয়েশন পাঁচ হাজার টাকার বেশি না হয়। দালানবাড়ির বাৎসরিক মূল্য যদি পাঁচ হাজারের বেশি হয় ১৮ পারসেন্ট। ২২ পারসেন্ট যদি ১২ হাজারের বেশি হয় এবং ২৩ পারসেন্ট যদি ২০ হাজারের বেশি হয়। এইভাবে টেবিলে দেওয়া আছে। কিন্তু কর্পোরেশন করছে অ্যাজ ইট ইজ। কংগ্রেস অর্থাৎ আপনাদের বন্ধু-বান্ধবদের হাতে যা আছে, তা তো কমছে না। সাধারণ মধ্যবিত্তের যাদের একখানা ভাঙ্গা একতলা বাড়ি আছে, তারা বরাবর এই ট্যাক্স দিয়ে আসছে, তাদের সম্বন্ধে কোনরকম কনসিডার করেন নি এ পর্যন্ত। তারা করছেন না। আপনি তো বলছেন, নট এক্সিডিং করা আছে, তারা করলেই তো পারে। আপনি বলছেন, তারা করলেই তো পারেন। কিন্তু শ্রীযুত নরেশনাথ মুখার্জি করেন না, অতুল্যবাবু করেন না। সুতরাং আপনার এই ধরণের কথা বলে কোন লাভ নেই। সেইজন্য আমরা বলছি, আপনারা এটা আইনে বেঁধে দিন। একটা কথা হচ্ছে যে, যাতে মধ্যবিত্তদের রিলিফ দেওয়া যায়, তার দিকে নজর দেওয়া প্রয়োজন। মিডল ক্লাস বা লোয়ার-মিডল ক্লাস, যাদের ছোট ছোট বাড়ি আছে, তাদের রিলিফ দিন। আর ধনী ব্যক্তি, যাদের বড় বড় বাড়ি আছে, যাদের স্টিফেন হাউস আছে, কুইন্স কোর্ট আছে, যাদের অ্যানুয়্যাল ভ্যালুয়েশন এক লাখ, দু লাখ, পাঁচ লাখ টাকা, তাদের উপর বেশি করে ট্যাক্স করুন। আপনি যদি ঐ বইটা বাদ দিয়ে আমার অ্যামেন্ডমেন্টটার প্রতি একটু দৃষ্টি দেন, তাহলে দেখবেন আমি যে সাজেসশন দিয়েছি, সে সাজেসশন একেবারে হেসে উড়িয়ে দেবার মত নয় এবং রিডিকুলাসও নয়, বা এটা বাতুলের সাজেসশনও নয়। আমি বলেছি কি? যেখানে কর্পোরেশনের বর্তমান আইনে বলছেন

15 per cent. on the annual valuation up to Rs. 1,000,

সেখানে আমার সাজেসশন হচ্ছে ৫ পারসেন্ট করুন। ৫ পারসেন্ট অন দি অ্যানুয়্যাল ভ্যালুয়েশন, আপ টু রুপিজ ৩,০০০ টাকা এবং

8 per cent. on the annual valuation, up t Rs. 3,000, up to Rs. 5,000, 15 per cent. এবং

আপ টু ১০,০০০ টাকা ৪৫ পারসেন্ট করুন। বড়লোক যারা ট্যাক্সের বোঝা বইতে পারে, যেমন স্টিফেন হাউসের মালিক, কুইন্স কোর্টের মালিক এবং এইরকম বড় বড় বাড়ির মালিক যারা, তারা ট্যাক্স দিতে পারে, তাদের উপরে দিলে আপনার ঐ যুক্তি খাটবে না।

লোয়ার মিডল ক্লাসকে রিলিফ দিয়ে যারা রিচার পিপল, যাদের অ্যানুয়্যাল ভ্যালুয়েশন অনেক বেশি, তাদের উপর ২৩ পারসেন্ট না করে ৪৫ পারসেন্ট করুন সেখানে কেউ আপত্তি করবেন না। এমন কি, ঐ পক্ষের যাঁরা মানুষ, তাঁরাও করবেন না। নরেশবাবু কি করবেন আমি জানি না, কিন্তু তাঁরাও বলবেন যাঁরা এবেল—অন দি এবেল সোলডারস পুট দি বার্ডেন কিন্তু আজকে আপনি সবাইকে ১৫ পারসেন্টের কম আর কিছু করবেন না এটা আনরিজিনেবল কথা। সেইজন্য বলছি যে, এটা আইনে করে দিন। তারাও করতে পারে, আর ব্যাকডোর দিয়ে আপনি বলে দিলেন করুন এটা ঠিক নয়। তারপরে দ্বিতীয় আর একটি কথা বলি। আপনি বিদ্রূপ করে বলেছেন বলে আমাকেও একটু বিদ্রূপ করতে হচ্ছে। সত্যি তো নির্বাচন আসছে জনসাধারণের ভোটে, তা অশ্রু বিসর্জন আমাদের করতে হয়ই, সত্যি কথা আমরা অশ্রু বিসর্জন করি। আপনাদের তো তা করতে হয় না, কারণ আপনারা ম্যানুপুলেট করবেন ভোটার লিস্টকে, আপনারা অফিসারদের ডাইরেকশন দেবেন, আপনারা হাজার ভোট কেটে দেবেন, ইমপার্সোনেশনের সুবিধা করে দেবেন, বস্তির লোককে টাকা দিয়ে কিনে নেবেন—এসব তো আপনারা করবেন। আমাদের সে অধিকার নেই, সে সুযোগ নেই, সে ক্ষমতা নেই, সে অভ্যাসও নেই। আমাদের অশ্রু বিসর্জন করতে হয়। আমরা চাই যারা বস্তিতে বাস করছে, দরিদ্র ব্যক্তি, তাদের জন্য কাঁদি, যে চোখের জল আপনাদের মনে একটুখানি দয়ার উদ্রেক করে না। যাক আমার ব্যাপোক্তি গেল। এখন আপনি একটু এ কথাটা ভাবুন। একটি কথা যেটা কর্পোরেশন থেকে ইউনানিমাস রেজোলিউশন নিয়েছে, বোথ কংগ্রেস অ্যান্ড অপোজিশন, এটা আপনার অজানা নয় যে, বস্তির কনসালিডেটেড অ্যাসেসমেন্টটা কেন হবে। যারা বস্তিতে বাস করে, হাট ওনার্স, তাদের হাটের মূল্য ৫০০ টাকা, ৭০০ টাকা, অ্যানুয়্যাল ভ্যালুয়েশন হাজার টাকা, বড় জোর ২ হাজার

টাকা। কনসোলিডেটেড ওয়েতে যদি ভ্যালুয়েশন ঠিক করা হয়, একটা মস্ত বড় বস্তি, ঘোষবাগান বস্তি, তার ভিতরে ধরুন ১৫ হাজার লোক বাস করে, এক-একটা কুঁড়ের মধ্যে অনেক লোক বাস করে, টোটাল ভ্যালুয়েশন নিলে একটা বস্তির ভ্যালুয়েশন হয়ে যায় ৫ লক্ষ টাকা এবং তার সাড়ে তেইশ পারসেন্ট ভ্যালুয়েশন তো হবেই এবং সেটা যদি ভাগ করে দেওয়া যায় তা হলে এক-একটা মধ্যবিত্ত হাটে যারা বাস করে, টেনান্ট কিম্বা হাট ওনার, টেনান্টকে বাদ দিলাম, হাটওনার তাদের উপর কি রকম ট্যাক্স পড়ে তা আপনি কি খবর রাখেন না? আপনার বাড়ির কাছেই তো বস্তি আছে। কি রকম হয়? যখন আবার রিঅ্যাসেসমেন্ট হয়, ১১ টাকারটা ৮১ টাকা হয়, আপনাদের [illegible] গিয়ে সেটা বলে কয়ে ৮১ টাকারটা কমিয়ে ৭৯ টাকা ১৫ আনা বাটার জুতার মত কমিয়ে দেন এবং বলেন, কেমন কম করে দিলাম ভোটটা, দেও। সুতরাং এটা না করে কর্পোরেশন যেটা দাবি করেছে, সাধারণ বস্তি থেকে সমস্ত সময় আপনাদের কাছে রিপ্রেজেন্টেশন আসে যে, সেপারেট ইনডিভিজুয়াল অ্যাসেসমেন্টের ব্যবস্থা কেন হয় না? রিবেট নেয় জমিদার। পয়সা দেয় হাটওনাররা, জমিদার সেটা জমা দেয় এবং দিয়ে রিবেট নেয়। কোন্ যুক্তিতে আপনি এটা সমর্থন করেন? যদি সেপারেট অ্যাসেসমেন্ট হয়, হাটওনার্স তো পালিয়ে যায় না—আপনি কালকে একটা কথা বললেন, ফ্লোটিং পপুলেশন, দেয়ার কামিং অ্যান্ড গোয়িং, সকালবেলায় আসে, বিকালবেলায় চলে যায় কিন্তু আমরা জানি They are stable people living in the bustee for ages together, some times three generations can be traced.

এটাকে তো ফ্লোটিং পপুলেশন বলা যায় না। সুতরাং বস্তিতে যারা হাটওনার্স তাদের বেলায় সেপারেট অ্যাসেসমেন্ট এবং ইনডিভিজুয়াল ট্যাক্স কেন নেওয়া হবে না? তা যদি হয় তা হলে তারা অনেকটা রিলিফ পাবে। তারপরে বস্তিতে অ্যামেনিটিস আপনি দেবেন না। কর্পোরেশন থেকে জল দেবার কথা, আলো দেবার কথা, পাকা রাস্তা করার কথা, আন্ডার-গ্রাউন্ড ড্রেনেজ করার কথা যখন বস্তিতে নেই কারণ আপনারাই জমিদারী উচ্ছেদ আইনে বস্তিটাকে বাদ দিয়ে দিয়েছেন নিজেদের বন্ধু-বান্ধবদের সন্তুষ্টির জন্যে, তাদের যখন ঐ অ্যামেনিটিস দেওয়া হবে না, কেন বস্তির লোকে চৌরঙ্গীর লোকের মত সেই রেটে ট্যাক্স দেবে? আপনি বলবেন কি? তারা ছোট অল্প টাকা দেব কিন্তু রেট বলে তো একটা জিনিস আছে, ম্যাথেমেটিক্যাল ক্যাল-কুলেশনের মধ্যে একটা সায়েন্টিফিক টার্ম আছে যেটাকে বলে রেট, বস্তির মানুষ ২৩ পার্সেন্ট দেবে আর চৌরঙ্গীর মানুষও ২৩ পার্সেন্ট দেবে? আপনি এত গণতন্ত্রের কথা বলেন, এত যুক্তির কথা বলেন, এটা কি আপনি সমর্থন করতে পারেন? যেখানে আপনি কোন অ্যামে-নিটিস দেবেন না, যেখানে স্যানিটারি ল্যাট্রিন পর্যন্ত নেই, সাতদিনেও একবার খাটা পায়খানা-গুলি পরিষ্কার হয় না, এটা আপনি জানেন। এই বর্ষাকালে যখন বৃষ্টি হয়, জল হয়, পায়খানা থেকে বড় বড় গামলাগুলি ভাসতে ভাসতে এসে বারান্দায় উঠে, রান্নাঘরে উঠে, এ তো আপনি জানেন। সেই অবস্থায় তাদের ট্যাক্সেশনটা কেন কমবে না? প্রথম কথা হচ্ছে ইনডিভিজুয়ালি সেপারেট অ্যাসেসমেন্ট কেন হবে না? আমরা মনে করি হওয়া উচিত। দ্বিতীয়তঃ তাদের রেট অব ট্যাক্সেশন ৩ পারসেন্ট হবে। অবশ্য কনসোলিডেটেড রেটে যদি হয় তাহলে ২৩ পার্সেন্ট হবে। এটা হওয়া উচিত নয়।

[3—3-10 p.m.]

দ্বিতীয়ত, আমরা মনে করি সেপারেট হওয়া উচিত, তাদের রেট অফ ট্যাক্সেশন নিশ্চয়ই পাকা দালানবাড়ির মত হওয়া উচিত নয়। আমার একটা সাজেসশন আছে, আপনি দেখবেন যে, বস্তির লোক তো গরিব মানুষ, তাদের কি রকম হওয়া উচিত তাই বলেছি। টু পারসেন্ট অন ৫00 টাকা যেখানে অ্যানুয়্যাল ভ্যালুয়েশন ৫00 টাকা সেখানে ২ পারসেন্ট, যেখানে অ্যানুয়াল ভ্যালু-য়েশন ১.000 টাকা সেখানে আড়াই পারসেন্ট, এমনি করে আমি একটা লিস্ট করে দিয়েছি। অবশ্য বস্তির মধ্যে যদি দালানবাড়ি থাকে, তা হলে ট্যাক্সেশনটা হবে দালানবাড়ির মত। এই সামান্য তিনটা কথা আমার এই প্রস্তাবের মধ্যে আছে। আপনি যদি রিজেক্ট করেন তা হলে যুক্তি দিয়ে দেবেন। আমি বলি কলকাতার যেসমস্ত নিম্ন মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত মানুষের ছোট ছোট বাড়ি আছে তারা আজ বাড়ি বিক্রি করে দিয়ে বস্তিতে যাচ্ছে, তাদের রিলিফ কেন দেওয়া হবে না? যেকথা আমি বলেছি, ৫ পারসেন্ট আপ টু ১,000 টাকা, ৮ পারসেন্ট আপ টু ৩,000 টাকা আর ১৫ পারসেন্ট ঐ যারা বড়লোক যাদের বড় বাড়ি আছে, তারা বেশি দেবে।

আপনাদের যেখানে ২৩ পারসেন্ট আছে আমি সেখানে ৪৫ পারসেন্ট করতে বলেছি। এই হচ্ছে একটা সাজেসশন। দ্বিতীয় সাজেসশন হচ্ছে বস্তিতে individual assessment on hut owners, individual assessment হওয়া উচিত এবং বস্তির যে রেট সেটা কমানো উচিত। not more than 2 p.c. on Rs. 500, not more than 2½ per cent. on Rs. 1,000 ইত্যাদি। আর থার্ড হচ্ছে বস্তির মধ্যে যেসমস্ত পাকা বাড়ি আছে, তাদের ঐ বড় বাড়ির মতই হবে। এই সাজেশনগ্রহণ করবেন না মনে হচ্ছে, কিন্তু যদি না করেন তাহলে যুক্তি দেবেন। ঐ গণতন্ত্রে ফাঁকা ফাঁকা কথা বলবেন না, কিম্বা ঐ আ্যাভয়েডিং কথা বলবেন না যে, ঐ তারা তো করতে পারে, সেজন্য আমি এখানে লিখে দিতে বলছি নট মোর দ্যান ৫ পারসেন্ট, নট মোর দ্যান ৮ পারসেন্ট এটা লিখে দিন।

Shri Nikhil Das:

মিস্টার স্পীকার, স্যার, আমি বেশি কিছু বলতে চাই না, কারণ কেরালার কংগ্রেস মিনিস্ট্রী ফল করে গেছে, বিপক্ষে ৭৩ ভোট পড়েছে আর স্বপক্ষে ৫০ ভোট পড়েছে—শৈলবাবুদের অবস্থাও তাই একদিন হবে, কেন না এই দুর্নীতিতে খুব বেশিদিন বেঁচে থাকতে পারবেন না। এবং শৈলবাবু শোকাগ্রস্ত তা আমি জানি। ওখানেও ভাঙ্গন ধরেছে, এখানেও ধরবে। কেবল আমি একটা কথা বলব যে, গরীব লোককে কি অ্যাসেসমেন্ট-এর ক্ষেত্রে কিছুটা রেহাই দিন বড় লোক-গুলিকে ধরুন। তাদের ঘাড়ে যাতে বেশী ট্যাক্স হয় সেই ব্যবস্থা করুন এবং এই কাজ করলে কলকাতার লোক ধন্যবাদ দেবে। আমি খগেনবাবুর অ্যামেন্ডমেন্ট সমর্থন করছি। আর বেশী কিছু বলতে চাই না।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এর আগে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আমি বলেছিলাম, কলকাতা শহরে যে অবস্থা দাঁড়িয়েছে, আমি সেদিনও বলেছিলাম যে, আমার মনে কোন প্রদেশিকতার ভাব নেই, কিন্তু বাংলাদেশের শহরে বাঙ্গালী যদি নিশ্চিহ্ন হয়ে যায় সেটা এই কংগ্রেস শাসনের পক্ষে এটা বিশেষ গৌরবের বিষয় হবে না। যে রেটএ ট্যাক্সএর ব্যবস্থা আছে তাতে আপনি দেখবেন যে, পুরানো অধিবাসী মধ্যবিত্ত লোক তারা এই ট্যাক্সএর ভারে এখান থেকে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। সেদিক থেকে এটা ভাবতে হবে, চিন্তা করতে হবে। একটা আইন পাশ হলে তার ফল ভাল হবে কি মন্দ হবে সেই আইন সাধারণ লোকের উপরে প্রয়োগ করলে তাদের কতখানি কল্যাণ হবে, মঙ্গল হবে, সেসব ভাবতে হবে। সরকার বলেন তাঁরা গরিবের জন্য কাজ করেন কিন্তু ট্যাক্সএর হার কেন বেশি? করপোরেশনএর কোন ক্ষমতা নেই যে, তারা তাদের ইচ্ছামত ট্যাক্স ধার্য করবেন, সমস্ত আইনের মধ্যে বিধিবদ্ধ করে রাখা হয়েছে। কাজেই সেদিক থেকে যাতে সাধারণের উপর ট্যাক্সএর চাপ যাতে কম হয় সেদিকে সরকারের দৃষ্টি রাখা দরকার। আমাদের কলকাতা শহরের জনসাধারণ বলে যে, ট্যাক্সের চাপে তারা জর্জরিত। এই যে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট যা হচ্ছে, তাতে যত জায়গার উন্নতি হচ্ছে, সেখানে দেখবেন ঠিক সাধারণ গৃহস্থ বাঙ্গালী সেখানে থাকবার কোন ব্যবস্থা নেই। সেজন্য ডাঃ রায় যখন ছিলেন যখন বোসপাড়া স্কীম হচ্ছিল তখন আমি বলেছিলাম যে, সাধারণ লোক যাতে ঐসব জায়গা পেতে পারে, তার ব্যবস্থা করা উচিত। তাদের বেটারমেন্ট ফি দিয়ে তারা যাতে এইসব জায়গা পেতে পারে তার ব্যবস্থা করা হউক। এখন যেসব জায়গা উন্নত করা হচ্ছে তার এত বেশি দাম ধরা হচ্ছে, তাতে সাধারণ লোক সেইসব জায়গা কিনতে পারছে না। সরকারের এই বিষয়ে নিশ্চয়ই দৃষ্টি দেওয়া উচিত। আমি বলি এইভাবে যদি ট্যাক্সেশন চলে তাহলে সাধারণ লোক কোথায় দাঁড়াবে। যেকথা গণেশবাবু বলেছেন যে, যারা বড়লোক, যারা দিতে পারে তাদের উপর হাই ট্যাক্সেশন করা হউক। এবং সাধারণ মানুষের উপর যাতে লো ট্যাক্সেশন হয় সেই ব্যবস্থা করা উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয় মাননীয় শৈলবাবু গণতন্ত্রের কথা বলেন বারবার আমরা সকলে এখানে খুব আনন্দে রয়েছি, কোন কিছুই ভাবছি না। কিন্তু এখানে হচ্ছে কি—এটাতে উনি

করছেন ইম্পোজিশন অফ কনসোলিডেটেড রেট—এটা একটু ভাল করে শুনুন—এখানে তাড়া-হুড়ো করে সব জিনিস পাশ হয়, আর বলেন, থার্ড রিডিংএ বলবেন। আজকে কলকাতা শহরে ৬০ লক্ষ মানুষের ব্যবস্থা হচ্ছে,
consolidated rate graduated scale 1951 Act.
এ ডাঃ রায় করেছিলেন, যে সব মানুষের অবস্থা সমান নয়, গরিব বড়লোক দেখে সেইরকম হয়েছিল—অ্যানুয়্যাল ভ্যালুয়েশন। উনি কি খবর নেবেন ১৫ পারসেন্ট, এক হাজার টাকা অ্যানুয়্যাল ভ্যালুয়েশন যাবে? ১৮ পারসেন্ট তিন হাজার টাকা অবধি। ৫ পারসেন্ট ১২ হাজার, ৮ পারসেন্ট ১২ হাজারের উপর, প্লি আপটু ৩৩ পারসেন্ট আমরা ট্যাক্সেশন করতে পারি আমাদের ক্ষমতা করপোরেশনের আছে। কিন্তু উনি আজকে চেয়েছেন কি? এই ১৫ পারসেন্টএর একটা রিবেটএর ব্যবস্থা আছে। উনি কি জানেন? অর্থমন্ত্রীকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি, এই ৭৫ পারসেন্টএর যে রিবেট এক লক্ষ টাকার বেশি—সেই রিবেট এরকম যাদের দুর্দশা সেই রিবেট মানুষ পায় না। রিবেট কারা পায়? বড় বড় অফিস যাদের, যারা ১৮ পারসেন্ট হইতে ৮৮ পারসেন্ট ট্যাক্স দেয়—তারা লাখ লাখ টাকা রিবেট-এর সুবিধা পায়, কেন পায়—তাদের কাছে পয়সা আছে? তারা টাকা দিতে পারে। মানুষ খেতে পাচ্ছে না—তারা তাই সময়মত টাকা দিতে পারে না—তাদের রিবেট যায় আবার তাদের সুদ দিতে হয়। এইরকম করে করে দুর্দশাগ্রস্ত হয় সাধারণ মানুষ। উনি গণতন্ত্র দেখাচ্ছেন-আজকে উনি চেয়েছেন কি, উনি ৩৩ পারসেন্ট যে ট্যাক্সেশন আমরা করতে পারি তাতে কোন কথা নেই যে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তা থেকে বাদ যাবে। আমরা
all lands and buildings in Calcutta Municipality.
পারি ৩৩ পারসেন্ট ট্যাক্স করতে। এই ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ৩৩ পারসেন্ট ট্যাক্স করছে। উনি ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টএর সেই যে করের যে হার আছে তাদের টাকা দিতে হয়, সেই হারের চেয়ে কম করে দিয়ে উনি ২১ পারসেন্ট-এর বেশি। উনি বলেছেন ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এর জায়গা ও স্কীমএর উপর যে কর ধার্য হবে তা ২১ পারসেন্টএর বেশি হবে না। শুধু তাই নয়, ১৯৫৬ সাল থেকে তাঁরা যে টাকা দিয়েছেন অ্যাসেসমেন্ট রেজিস্টার বদলে ফেলে সেই টাকার সুবিধা দেওয়া হয়। অ্যামেন্ড করে সেই সমস্ত টাকার সুবিধা দেওয়া হোক। মনে করিয়ে দিচ্ছি শৈলবাবুকে, তিনি জানেন না, উনি বার বার বলেন সি সি বিশ্বাস কমিশন রিপোর্ট তাতে লেখা ছিল টাকা তুলতে দেওয়া হোক। উনি পড়েন নি সেই সি সি বিশ্বাস রিপোর্ট। তাতে লেখা ছিল আজকে দশ বছর আগেকার ব্যাপার। এই যে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ১৯১১ কলকাতা শহরে এসেছিল কলকাতার উন্নতি করতে......

[3-10—3-20 p.m.]

তাতে লেখা ছিল দশ বছর আগেকার ব্যাপার। তাতে লিখেছে এই ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ১৯১১ সালে কলকাতা শহরে এসেছিল কলকাতার উন্নতি করতে। কিন্তু ১৯৬৪ সাল পর্যন্ত উন্নতির কাজ অনেকটা কমে গেছে। উনি জানেন কিনা জানি না, কর্পোরেশনকে টু পারসেন্ট ট্যাক্স ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে দিতে হয়। কিন্তু আজকে তার পরিমাণ হচ্ছে ফিফ্‌টি লাকস অব রুপীজ—এটা কর্পোরেশনকে ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে দিতে হয়। কমিশনারের রিপোর্টে লেখা ছিল সিলিং ফিক্স করে দাও কুড়ি লক্ষ টাকা করে—তার বেশি ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে দেওয়া উচিত নয়। সি সি বিশ্বাস কমিটির রিপোর্টে আছে এবং আমি তাঁকে চ্যালেঞ্জ করছি। আজকে যদি কর্পোরেশনের বছরে ৩০ লক্ষ টাকা বাঁচত তাহলে কর্পোরেশনের রাস্তা, জল, ড্রেন অন্য রকম হত। কিন্তু গভর্নমেন্ট সেইসব করেন নি। কর্পোরেশনের দোষ থাকতে পারে, কিন্তু কোন কর্পোরেশন নিজের ট্যাক্সের উপর নির্ভর করে সমস্যার সমাধান করতে পারে নি। কাজেই আমি অনুরোধ করছি ট্যাক্সর হার সাধারণ গরিব মানুষের যা আছে সেটা ফিফটিন পারসেন্টের চেয়ে কমানো হোক এবং অন্যান্য জায়গায়ও কমানো হোক। ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে কোন সুবিধা দেওয়া উচিত নয়—ইম্প্রুভমেন্ট ট্রাস্টএর গ্র্যান্ট কর্পোরেশন কোনমতে যেন ২০ লক্ষ টাকার বেশি না করে। এটা সি সি বিশ্বাসের রিপোর্টে আছে কাজেই এটা মনে রাখবেন। এই রিবেট যারা লস করছে সেই মধ্যবিত্ত পরিবার, নিম্ন মধ্যবিত্ত পরিবার এবং বাঙ্গালীরা বাড়ি বিক্রি করছে। জিজ্ঞাসা করি এঁরা যে বাড়ি বিক্রি করছে, তার বদলে কারা বাড়ি করছে? আমার শেষ কথা হচ্ছে শৈলবাবুর যদি দায়িত্ব থাকে তা হলে এগুলি দেখবেন এবং এগুলি বন্ধ করবার ব্যবস্থা করবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় স্পীকার মহাশয়, গণেশবাবু অত্যন্ত যুক্তিসম্পাত কথা বলেছেন। কিন্তু শৈলবাবু একটি কথা বলে জবাব দিচ্ছেন যে, এটা সেটা নয়, ওটা হয়ে যাবে। তথাপি আমি কিছু না বলে পারছি না, কারণ জনসাধারণের কথা আমাদের বলতে হয়। গণেশবাবু যেকথাগুলো বলেছেন শৈলবাবু কি সেসব কথা শুনেছেন? তিনি যদি শুনতেন তাহলে আমাকে এত কথা আর বলতে হত না—কারণ জিনিসটি এতই প্ল্যারিংলি ক্লিয়ার। শৈলবাবু জানেন কিনা জানি না, কিন্তু এটা দেখা যায় এবং নিম্নমধ্যবিত্ত লোক আমরা জানি ১০।১২ বছর আগে কলকাতায় যারা দোতলায় থাকত তারা বাড়ি বিক্রি করছে। এমন কি নিউ আলিপুরে সেদিন যে বাঙ্গালীরা বাড়ি করেছিল তারা সেই বাড়ি বিক্রি করছে। অর্থাৎ দোতলার লোক একতলায় নেমেছে, একতলার লোক বস্তিতে নেমেছে এবং বস্তির লোক ফুটপাতে নেমেছে। এই যে পিকচার তার দ্বারা এটাই প্রমাণিত হচ্ছে, যারা ছোট ছোট বাড়িতে থেকেছে তাদের আর নূতন ভার বহন করবার ক্ষমতা নেই। প্রগ্রেসিভ ট্যাক্সেশন যেটা গণেশবাবুর মুখ্য উদ্দেশ্য ছিল সেটা হলে হয় কি, প্রত্যেকে ইকুইটেবল শেয়ার দিতে পারে। কিন্তু করা হয় কি? স্টিফেন হাউস, ডালহাউসি প্রপারটির যে রেট বস্তি প্রপারটিরও সেই রেট। এটা গণতন্ত্র কেন, সাধারণ ধনতন্ত্রেরও মাপকাঠি নয়। কাজেই এটাকে অন্যায় বলে মনে হয়। শৈলবাবু এটা গুরুতরভাবে চিন্তা করবেন এবং রংটা যাতে পার্পিচিউটেড না হয় এবং সংশোধন যেটা দেওয়া হয়েছে সেটা যাতে গৃহীত হয় সেদিকে লক্ষ্য রাখবেন। অবশ্য এই সময় কিছু বলা বা লক্ষ্য করা মুস্কিল কারণ কেরালায় কংগ্রেস মিনিস্ট্রি ফল করেছে বলে ও'দের মন খারাপ হয়ে গেছে। আমিও খুব দুঃখের সঙ্গে বললাম এবং না বলে উপায় নেই বলেই বললাম।

Mr. Speaker: Honourable members, I have received a message from Shrimati Indira Gandhi in reply to the Message of Condolence passed by this House on the passing away of Shri Jawaharlal Nehru. It reads as follows:

आपकी सम्वेदना तथा सहानुभूति के लिए मैं कृतज्ञ हूं ।

Message

Secretary (Sj. P. Roy): Sir, I beg to report that a Message has been received from the West Bengal Legislative Council to the effect that the West Bengal Legislative Council at its meeting held on the 8th September, 1964, agreed to the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Bill, 1964, without any amendment.

Sir, I beg to lay the Message on the Table.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ডিপার্টমেন্ট-এর মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর নিকট একটি কথা বলতে চাই। আমরা এম এল এ এবং এম পি যাঁরা আঞ্চলিক পরিষদের মেম্বার হিসেবে আছি সেই আঞ্চলিক পরিষদের ইলেকসন হয়ে গেছে এবং অনেক জায়গায় হচ্ছে। কিন্তু সেখানে যে ফার্স্ট মিটিং হবে বা হচ্ছে তাতে আমরা যাতে পার্টিসিপেট করতে পারি তার কোন ব্যবস্থা দেখছি না। এদিকে অ্যাসেম্বলী চলছে আর অন্যদিকে অনেক জায়গায় আঞ্চলিক পরিষদের ফার্স্ট মিটিং কল করা হচ্ছে। এর ফলে আমরা সাফার করছি, কারণ ওয়ান সার্ভেন্ট কান্ট সার্ভ টু মাস্টার্স অ্যাট এ টাইম। এরকম ব্যবস্থা যদি হয় তাহলে তো আমাদের একটা ছেড়ে যেতে হয়-অর্থাৎ আমরা অ্যাসেম্বলী করব আবার ওখানেও যাব সেটা তো হয় না। কাজেই আমি বলতে চাই এবং বিশেষ করে মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, আপনারা আপনাদের অফিসারদের এইভাবে ডাইরেক্ট করুন যে অ্যাসেম্বলী পিরিয়ডের পর যেন ফার্স্ট মিটিং করা হয়। আর যদি করতেই হয় তাহলে জগন্নাথবাবু এরকম অ্যারেঞ্জমেন্ট করুন যাতে এই বিজনেস্ সাস্পেণ্ডেড হয়। তা না হলে আমরা তো ডিবার্ড হয়ে যাচ্ছি।

শ্রীহেমন্তকুমার বসু: মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে দু'টি কথার প্রতি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। শৈলেন্দ্রনাথ বড়ুয়া নামে একজন লোক ২৯ নম্বর মণ্টু দে লেন, কলিকাতা-১২, এই ঠিকানায় থাকে এবং গত ৪ঠা সেপ্টেম্বর তার প্রস্রাব বন্ধ হয়ে যাওয়ায় তাকে মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাকে ঐদিন বেলা ১১টার সময় হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং বেলা ২টা পর্যন্ত সেখানে অপেক্ষা করা সত্ত্বেও ইমারজেন্সী ওয়ার্ড তার কোন ব্যবস্থা করল না। তারপর সেই ভদ্রলোক নীলরতন সরকার হাসপাতালে গিয়ে ভর্তি হোল এবং সেখানে অপারেশন হোল। মেডিকেল কলেজে এই অবস্থা কেন হোল তার প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, সেন্ট্রাল এভিনিউ, এয়ার ইন্ডিয়া......

মিঃ স্পীকার: একটি ম্যাটার-এ একজন সদস্য বললেই ভাল হয়। দেয়ার সুড নট বি দি প্রাকটিস্ দ্যাট ওয়ান মেম্বার সুড টেক আপ মোর দ্যান ওয়ান ম্যাটার।

শ্রীনারায়ণ চোবে: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বসুমতী কাগজে একটা সংবাদ বেরিয়েছিল যে, মেদিনীপুর জেলার স্পেশাল কেডার শিক্ষকরা জাল সার্টিফিকেট দিয়ে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছিল এবং মেদিনীপুরে ও পশ্চিমবাংলার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট সেটা ধরার পর কংগ্রেস পক্ষ থেকে চাপ দেবার ফলে সেটা ধামাচাপা পড়ে যায়। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এটা যেন না করা হয়।

শ্রীজীবনকৃষ্ণ দে: স্যার, দিল্লীর একটা সাপ্তাহিক অবজার্ভার বাংলা দেশের মেয়েদের সম্বন্ধে একটা কুৎসাপূর্ণ আর্টিকল লিখেছে, যার উপর বিভিন্ন সংবাদপত্র এডিটরিয়েল লিখেছে এবং এখন যেভাবে এজিটেশন হচ্ছে তাতে আমার মনে হয় এখনি যদি সরকার পক্ষ থেকে কোন কিছু না করা যায় তাহলে পরে বিশ্রী অবস্থার সৃষ্টি হতে পারে।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার স্মরণ থাকতে পারে যে গত ১৩ই অগাস্ট তারিখে এই বিধান সভায় শ্রী জে এল কুণ্ডুর একটা চিঠির উল্লেখ করেছিলাম এবং সেটাতে ছিল এই বিধানসভার সেক্রেটারিয়েটের স্টাফদের ওভার টাইম অ্যালাউয়েন্স নিয়ে প্রস্তাবের ব্যাপার, আমি এখানে যখন এই চিঠির উল্লেখ করছিলাম আমি বলেছিলাম যে এটা এই হাউসের পক্ষে অবমাননাকর এবং তার উত্তরে মাননীয় জ্যোতিবাবু মহাশয় বলেছিলেন যে

It was contempt of the House.

আমি এই অনুরোধ জানিয়েছিলাম যে এটা যেন প্রিভিলেজ কমিটিতে দেওয়া হয়। আর একজন সদস্য শ্রীসিদ্ধার্থশংকর রায় তিনি আমাকে সমর্থন করে বলেছিলেন যেহেতু একটা কমিটি ১৯৬২ সালে মনোনীত করেছিলেন যার নাম দিয়েছেন স্টেটাস্ কমিটি, সেজন্য এটা যেন সেই কমিটিতে পাঠান হয়। আপনি সেদিন হাউসে বলেছিলেন যে এটা স্টেটাস্ কমিটিতে পাঠান হবে এবং

কমিটি ডাকা হবে, এর মধ্যে নোটিশও পেয়েছিলাম যে কমিটি ডাকা হবে। কিন্তু পরবর্তীকালে ইনফর্মড্ হলাম যে এটা ক্যানসেল হয়ে গেছে। যেহেতু এই প্রস্তাব আপনার কাছ থেকে এসেছে সেজন্য এর গুরুত্ব সর্বাধিক। আপনার বোধ হয় এটা জানা আছে যে মাননীয় সদস্য শৈলবাবু মন্ত্রিমহাশয় এই হাউসে অ্যাসিওরেন্স দিয়েছিলেন অ্যাড-হক কমিটি করেছিলেন, এই হাউসে প্রস্তাব এসেছে, ১৩ তারিখে আলোচনা হয়েছে, আপনি একটা সিদ্ধান্ত নিয়েছেন, এই সেসন চলাকালীন ওভার টাইম অ্যালাওয়েন্স-এর ব্যাপার নিয়ে চিঠি এসেছে, কমিটিকে নির্দেশ দিয়েছেন এই নিয়ে আলোচনা হবে, আমি জানতে চাই কি স্টেজে প্রপোজালটা রয়েছে এটার সমাধান হবে কি?

মিঃ স্পীকারঃ মিঃ মৈত্র, যেদিন কমিটি ডাকা হয়েছিল সেদিন বিশেষ কোন কারণে কোন অসুবিধাবশতঃ হয় নি। কমিটি হলে চিঠি দেওয়া হবে। কমিটি বসলে জানাবো।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এই সেসনের মধ্যে যাতে হতে পারে সে রকম সম্ভব কি না?

মিঃ স্পীকারঃ এই সেসনের মধ্যে যদি সেটা হয় নিশ্চয়ই জানাবো।

শ্রীজ্যোতি বসুঃ কিছুদিন আগে প্রাইস ফিক্সেশন কমিটি যে রিপোর্ট সরকারের কাছে দিয়েছে সেটার কপি আমরা চেয়েছিলাম, শ্রীশৈল মুখার্জি মহাশয় বলেছিলেন যে এটা খুব বড় রিপোর্ট, সেজন্য ওটাকে ছোট করে সামারাইজ করে দিতে চেষ্টা করা হচ্ছে। এটাই আমি শুনতে-পেলাম, এখন কতদূর সামারাইজ করা হয়েছে সেটা জানি না। এখন শুনছি যে সামারী রিপোর্ট ঠিক দেওয়া হবে না। যদি দিতে হয় এই সেসনের মধ্যে তাহলে রেকমেন্ডেশন যেগুলি দেওয়া আছে তাই দেওয়া হবে। তাহলে তো তা না দেওয়াই ভাল। শুধু রেকমেন্ডেশন পেলে কিসের থেকে সেই রেকমেন্ডেশন হল, কি ঘটনা, কি যুক্তি, কিসের উপর ভিত্তি করে তাঁরা একথা বলছেন এগুলি জানতে না পারলে, আপনি বুঝতে পারছেন, শুধু রিপোর্ট পড়ে আমাদের খুব লাভ হবে না। আর এত গুরুত্বপূর্ণ রিপোর্ট একটা কমিটি দিলেন কিভাবে কখন আমাদের দেবেন এগুলি জানতে পারলে আমাদের ভাল হত। এখন উত্তর দিলেন অ্যাসেম্বলী চলছে, হয়ত এই মাসের শেষ অবধি চলবে, আমরা কি এবারে রিপোর্ট পাব? অথচ আপনি জানেন সরকার পক্ষ থেকেই বলছেন জানুয়ারী মাসে স্টেট ট্রেডিং হবে, নানা কথা তাঁরা বলছেন, কণ্ট্রোল ইত্যাদি অনেক কিছুই তাঁরা করবেন কেন্দ্রে এবং এখানে, অথচ রিপোর্টটা আমরা দেখলাম না যেটা এত পয়সা খরচ করে দেওয়া হল। উপকার কি হবে আমাদের জানিয়ে দেবেন।

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ প্রাইস ফিক্সেশন কমিটির যে রিপোর্ট তা বিরাট, শুধু রেকমেন্ডেশন নয়, সমস্ত জিনিসটা সামারাইজ করছি, তার নাম হচ্ছে কনক্লুশন অফ রেকমেন্ডে-শন, সেটা দিবার প্রতিশ্রুতি দিয়েছি, কেন সেটা এখনও হয় নি, নিশ্চয়ই অনুসন্ধান করবো।

Shri Kashi Kanta Maitra: ...

মিঃ স্পীকার, স্যার, আপনি যদি অনুমতি দেন তাহলে একটা প্রিভিলেজের প্রশ্ন তুলতে পারি। প্রিভিলেজের প্রশ্নটা হচ্ছে গত কাল মাননীয় সদস্য শ্রীশম্ভু ঘোষ মহাশয় একটা প্রশ্ন করেছেন এবং সেটা বোধ হয় গতকালের প্রথম প্রশ্ন ছিল, স্টার্ড কোয়েশ্চন ছিল, ন্যায্যমূল্যের দোকানে সরকার যে চাল দিচ্ছেন সেই বিভিন্ন শ্রেণীর চালের দাম সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দিয়েছেন অ্যারোমেটিক রাইস সুগন্ধি চাল তার কোন দাম তাঁরা ফিক্স করেন নি। সেই অ্যারো-মেটিক রাইস ডেরাডুন থেকে যেটাকে বাসমতি বলে চালান হয়েছে, ২ হাজার টন না কত পেয়ে-ছিলেন সেটা ওঁরা কলকাতা এবং ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় ৮৬ নয়া পয়সায় বিক্রি করছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যে স্টেটমেন্ট গতকাল এই হাউসে করেছেন সেটা ঠিক নয়, এই হচ্ছে বক্তব্য। প্রিভিলেজ হচ্ছে আমরা জানি রাইস ডিলার্স অ্যাসোসিয়েশন থেকে ওঁর দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছিল এবং সেখানে বাংলাদেশের যারা রাইস ডিলার্স তারা চেয়েছিল অ্যারোমেটিক রাইসটাকে এর আওতার বাইরে রাখতে অর্থাৎ যেন কোন ফিক্সেসনের মধ্যে এটাকে না রাখা হয় এবং সেখানে পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী কিছুতেই রাজী হন নি, তিনি বলেছিলেন অ্যারোমেটিক রাইসের দাম ৮০ নয়া পয়সা।

Mr. Speaker:
আপনার প্রিভিলেজটা কোথায়?

Shri Kashi Kanta Moitra:
আমার প্রিভিলেজ হচ্ছে উনি মুখ্যমন্ত্রী-খাদ্যমন্ত্রী হিসাবে এই হাউসে বলেছেন এ্যারোমেটিক রাইসের দাম বাঁধা হয় নি এবং সেজন্য ন্যায্যমূল্যের দোকানে যেটা ৮৬ নয়া পয়সায় দেওয়া হচ্ছে এজন্য দেওয়া হচ্ছে যে সেটা সরকার নির্ধারিত দামের মধ্যে ছিল না। কিন্তু আমি বলছি মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন তাঁরই সরকার যে দাম বেঁধে দিয়েছেন তাতে অ্যারোমেটিক রাইস ওর আওতার মধ্যে রেখেছেন এবং সুগন্ধি চালের দাম ৮০ নয়া পয়সার বেশী হবে না। অতএব তাঁর স্টেটমেন্টের মধ্যে আমার মনে হচ্ছে একটা বৈষম্য দেখা যাচ্ছে ৮০ নয়া পয়সা এবং ৮৬ নয়া পয়সার।

Mr. Speaker: There is no question of privilege in it.

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের সরকার যে চাল বিক্রি করবেন অন্যান্য জায়গা থেকে কিনে তার আমরা কোন দাম বাঁধিনি। গভর্নমেন্ট যে চাল কিনবেন অন্যান্য জায়গা থেকে যে কোন দামে ইচ্ছা বিক্রি করতে পারেন।

GOVERNMENT BILL

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee

[2-10—2-20 p.m.]

Shri Niranjan Sen Gupta:
মাননীয় স্পীকার মহাশয়, সেদিন আমি এই বিল প্রসঙ্গে মাননীয় মন্ত্রী শৈল মুখার্জীকে অনেকগুলি অনুরোধ করেছিলাম, শুধু আমি কেন, বহু বিরোধী পক্ষের সদস্য তাঁকে বহু অনুরোধ করেছিলেন। কিন্তু গতকাল এবং তার আগে যে আলোচনা হয়েছে তাতে শৈলবাবুর জবাব শুনে একটা জিনিস মনে হয়েছে যে তিনি বিরোধী পক্ষের কোন কিছু গ্রহণ করতে রাজী নন। আমরা বহু বিধিসংগত অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম, কিন্তু তিনি বলেছেন কোন সংশোধন গ্রহণ করতে পারবেন না। সুতরাং মিনিস্টারের অ্যাটিচিউড হচ্ছে বিরোধী পক্ষের তরফ থেকে যুক্তিপূর্ণ কোন অ্যামেন্ডমেন্ট এলেও সেটা তিনি গ্রহণ করতে পারবেন না। সংখ্যাধিক্যের জোরে তিনি আইন পাশ করাবেন এই হচ্ছে নীতি। সুতরাং সে দিক থেকে আমরা মনে করি শৈলবাবু যে স্ট্যান্ড নিয়েছেন সেটা খুব ভাল স্ট্যান্ড নয়। তিনি বলেন এটা গণতন্ত্রসম্মত সরকার। কিন্তু বিরোধীদের কোন সাজেসান অ্যাকসেপ্ট করবেন না এটা কিরকম গণতন্ত্র তা আমি বুঝি না। তারপর গতকাল শৈলবাবু বলেছেন যে গরীবদের উপর ট্যাক্স হওয়া ভাল নয়, বড় লোকদের উপর ট্যাক্স হওয়া ভাল। কিন্তু উনি দেখিয়েছেন যে আমার কিছু করার নেই। কিন্তু এই বিলে উনি তার পথ দেখাতে পারতেন। আপনি যদি বাস্তবিকই এটা মনে করেন যে গরীবের উপর বেশী ট্যাক্স হওয়া ভাল নয় বড়লোকদের উপর বেশী ট্যাক্স হওয়া ভাল তাহলে এই বিলের মধ্যে কোথাও তার চিহ্ন রাখেন নি কেন? এই বিলের মধ্যে আমরা কোথাও দেখছি না যে আপনার সরকার কোন রকম চেষ্টা করছেন যাতে বড়লোকদের উপর বেশী ট্যাক্স বসে এবং গরীবেরা যাতে ট্যাক্সের হাত থেকে রেহাই পায়। তার কোন চিহ্ন নেই এই বিলে। কেন নেই সেটার যদি একটু জবাব দেন তাহলে আমরা সুখী হব। কারণ, তিনি নিজে একথা স্বীকার করেছেন, কালকে গণেশবাবুর জবাবে বলেছেন। কিন্তু তার কোন সদুত্তর দিতে পারেন নি।

তারপরে তিনি আর একটা কথা বলেছেন সেটা খুব মহৎ বলে মনে হয়, সেটা হচ্ছে কর্পোরেশনের কাউন্সিলাররা এমপ্লয়ার এবং সেই এমপ্লয়ার বলে তাঁদের কর্পোরেশনে কোন ইউনিয়ন বা অ্যাসোসিয়েশনে আমরা নিতে রাজী হই নি, অর্থাৎ বিলে তার কোন প্রভিশন নেই। এটা আমি মনে করি গণতন্ত্রের উপর একটা মস্তবড় আঘাত। এই অ্যাসোসিয়েশন বা

কর্পোরেশনের কোন ইউনিয়নে তাঁরা যে কেন যেতে পারবেন না তার কোন কারণ নেই। কোন কালচারাল অ্যাসোসিয়েশন যদি কর্পোরেশনের থাকে, ধরুন আজকে দুর্গাপূজো কমিটি হল, সেই কমিটিতে কর্পোরেশনের কাউন্সিলাররা কেউ যেতে পারবেন না—এটা কোন্ নিয়মে? শৈলবাবু এর তো কোন জবাব দেন নি যে কর্পোরেশনের কাউন্সিলাররা এমপ্লয়ার, তাঁদের কেন কোন কমিটিতে যাবার অধিকার দিই নি। অবশ্য এই জিনিসটা উনি বলছেন গণতন্ত্রসম্মত, আমরা বলছি তা না, সেকথা বাদ দিলেও কর্পোরেশনের কালচারাল অ্যাসোসিয়েশনে বা দুর্গাপুজো কমিটিতে কর্পোরেশনের কাউন্সিলাররা যেতে পারবেন না এটা বেঁধে দিচ্ছেন কেন তা আমি বুঝতে পারছি না। আমি অনুরোধ করি শৈলবাবু এদিকটা নজর দিন—এভাবে কর্পোরেশনের কাউন্সিলারদের অধিকার কেন ক্ষুন্ন করছেন এর জবাব দেবেন আশা করি। তারপরে সবচেয়ে আশ্চর্যের ব্যাপার সেটা এই হাউসে অনেকেই বলেছেন বিরোধী সদস্যরা সেটা হচ্ছে প্রপোরসনাল রিপ্রেজেন্টেশন গ্রহণ করা। কোলকাতার একটা মস্ত বড় অংশের নাগরিক এঁদের কর্পোরেশনে পাঠিয়েছেন, সেই নাগরিকদের তরফ থেকে যারা নির্বাচিত হলেন তারা কোন স্ট্যান্ডিং কমিটিতে যেতে পারবেন না, এটা যে কোন্ যুক্তিবলে করেছেন জানি না, তিনি যে যুক্তি দিয়েছেন সেই যুক্তি আমাদের কাছে অবোধ্য যুক্তি, তাঁর যুক্তি আমরা গ্রহণ করতে পারি না, তাঁর যুক্তি যদি আমরা গ্রহণ করি তাহলে আমরা এটা মনে করবো যে কোলকাতার নাগরিকদের অধিকারকে ক্ষুন্ন করা হচ্ছে, তাই এটা স্পষ্ট করে বলা দরকার আমাদের তরফ থেকে যে এটা খুব অসংগত জিনিস করছেন, অগণতান্ত্রিক জিনিস করছেন, কোলকাতার নাগরিকদের একটা অংশকে কমিটি থেকে বাদ দেয়া, তাঁদের পার্টি যা করছেন কর্পোরেশনে এবং এই আইনেও তার কোন রকম ব্যবস্থা করলেন না যাতে সেটা না করতে পারে, অর্থাৎ গায়ের জোরে, সংখ্যাধিক্যের জোরে এমন একটা জিনিস উনি করছেন যে নাগরিকদের একটা অংশকে কমিটিতে যেতে দেবেন না—এই যে নিয়ম এই নিয়ম খুবই অসঙ্গত। তারপর উনি কালকে জবাবের সময় বললেন যে তাঁরা কমিটিতে যেতে পারবেন কারণ আমরা কমিটির নাম্বার বাড়িয়ে দিয়েছি। সেদিন গণেশবাবু এটা দেখিয়েছেন যে ৮৪ জন কর্পোরেশনের কাউন্সিলার কমিটিতে ডিস্ট্রিবিউটেড হতে পারেন যদি সব কমিটিতে তাঁরা নেন কিন্তু ১৬ জন কাউন্সিলারের কোন স্থান নেই কমিটিতে। যদি অবশ্য বিরোধীপক্ষকে নেন—সেই ১৬ জনের সঙ্কুলান কি হবে তিনি সেটা দেখান নি। তাই এটা শৈলবাবুর কাছে জবাব চাচ্ছি— তিনি বললেন কমটি কমিয়ে দিলেও নাম্বার বাড়িয়ে দেয়া হয়েছে এবং নাম্বার বাড়িয়ে দেয়ার দরুন সমস্ত কাউন্সিলাররা একটা না একটা কমিটিতে যেতে পারবেন কিন্তু হিসাব করে দেখা গেল যে যেতে পারবেন না, তার একটা যুক্তি দেখাবেন আশা করি। তারপর আর একটা কথা, গতকাল এটা নিয়ে হাউসে সবাই বিরোধীদের তরফ থেকে বলেছেন যে, কর্পোরেশনকে সাসপেন্ড করলে ইনডেফিনিট পিরিয়ডের জন্য করতে পারে, গভর্নমেন্ট যদি কর্পোরেশনকে সাসপেন্ড করেন কিম্বা বাতিল করেন তাহলে সেটা একটা টাইম পর্যন্ত দেন নি যে ২।১ মাসের জন্য। বাংলাদেশের সবচেয়ে বড় প্রতিষ্ঠান, ভারতবর্ষের সবচেয়ে বড় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান ক্যালকাটা কর্পোরেশন তাকে উনি সুপারসীড করবেন, তার কোন টাইম লিমিট পর্যন্ত দেন নি, এমনভাবে রেখেছেন যে সরকারের ইচ্ছামাফিক যখন ইচ্ছা সেই সুপারসেশন অর্ডার তুলে নেবেন। সুতরাং এই সব জিনিসগুলি, সমস্ত বিলে এমন সমস্ত জিনিস আছে, যার শৈলবাবু

[2-20—2-30 p.m.]

জবাবে কোন এক্সপ্লানেশন দিতে পারেন নি। এবং বিরোধী পক্ষ থেকে বহু জিনিস বলা হয়েছে দুঃখের বিষয় তিনি একটা সাজেসশনও গ্রহণ করেন নি। এবং যেটা আমরা সবাই মিলে মনে করছি অগণতান্ত্রিক তিনি সেটা গণতান্ত্রিক বলে দেখিয়ে দিচ্ছেন। সুতরাং আজকে শেষ সময় শৈলবাবুকে আবার অনুরোধ করছি তিনি এই পয়েন্টগুলি ভাবুন এবং তিনি যা করছেন সেটা কলকাতার নাগরিকদের পক্ষে যাবে না। তাদের গণতন্ত্রকে হরণ করার এই একটা আইন করছেন। তাই আমি আবার অনুরোধ করছি যে বিরোধী দলের যে সাজেসশনগুলি সেইভাবে মডিফাই করে কতকগুলি ব্যাপারে, সেই ট্যাক্স কিম্বা প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন কিম্বা কাউন্সিলাররা যাতে ইউনিয়নে যেতে পারে, সুপারসেশনের অন্ততঃ একটা টাইম বেঁধে দিন, এই কতকগুলি খুবই যুক্তিপূর্ণ জিনিস তিনি গ্রহণ করবেন। এই অনুরোধ করেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: মাননীয় স্পীকার, স্যার, আজকে এই ক্যালকাটা মিউনিসিপ্যাল সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল শেষ পর্যায় এসে পৌঁছেছে। অনেক আলোচনা হল, গণতন্ত্রের যে

কথা আমরা শ্‌নেলাম মন্ত্রী মহাশয়ের কাছে, গণতন্ত্র কি করে কার্যকরী করতে হয় তিনি ভালভ.বেই আমাদের দেখালেন। গণতন্ত্র কার্যকরী করতে গিয়ে এইট্‌কুই দেখলাম, একথা আগেও বলেছি, প্রত্যেক আইন আনবার সময় বলি যে এই বিধান সভার বিরোধী দলের সদস্যদের যত যুক্তিপূর্ণ, সংগত সংশোধনী প্রস্তাব বা অনুরোধ রাখা হয় গণতন্ত্রের নামে সে সমস্তই নাকচ করে দেওয়া হয়। এই গণতন্ত্র কার্যকরী করবার যে উপায় সেটা দেখলাম হাসামুখে সেই সব সংশোধনী প্রস্তাবকে উপেক্ষা করা, তাচ্ছিল্যের সঙ্গে সেগ্‌লিকে অগ্রাহ্য করা এই হল এই সভার মন্ত্রিমণ্ডলীর গণতন্ত্রকে কার্যকরী করার ব্যবস্থা। মাননীয় মন্ত্রিমহাশয় যে আইন এনেছেন, কর্পোরেশনের জরাজীর্ণ পৌরসংস্থ নানা রোগে আক্রান্ত হয়ে অনেক দিন ধরে ভুগছে, তিনি তার জন্য যে বটিকা তৈরী করেছেন সেই বটিকা আমার মনে হয় খেলে বা ব্যবহার করলে অগণিত নরনারী এই সহরের তাদের যে দ্‌ঃখ-দ্‌র্দশার কোন উপশম হবে তার আশা নেই। তিনি যে [illegible] আমাদের দিয়েছেন যে এই পৌরশাসন ব্যবস্থা থেকে আমাদের মান্‌ষের দ্‌র্ভোগ [illegible] করছি, এই সমস্ত কথা বাজে কথা। তিনি বললেন জনসাধারণের স্বার্থে এই বিল তিনি এনেছেন একথা একেবারেই সত্য নয়। জনসাধারণের স্বার্থে এই বিল আসে নি তা আগেই বলেছি, আজও বলছি। জনসাধারণের কোন স্বার্থে অন্‌প্রাণিত হয়ে এই বিল রচিত হয় নি, এই বিল রচিত হয়েছে কতকগ্‌লি বিশেষ নাগরিক, প্রভাবশালী নাগরিকদের স্বার্থ সংরক্ষণ ও স্‌বিধার জন্য। এই সরকারের আমলাতন্ত্রের মাধ্যমে কলকাতা কর্পোরেশনকে, ঐতিহাসিক কর্পোরেশনকে, একটা রাইটার্স বিল্ডিংএর অধিনস্ত বিভাগে পরিণত করছেন। আমি বলি এই বিল তিনি এনে [illegible] নি, ধারাবাহিকভাবে, আস্তে আস্তে পৌরশাসন ব্যবস্থা প্রতিষ্ঠানের যে ক্ষমতা সেই ক্ষমতাকে খর্ব করবার জন্য ধীরে ধীরে [illegible] সঙ্গে ব্যবস্থা করেছেন। [illegible] এখানে যে [illegible] এটা নয়, পৌর-সংস্থার শাসন ব্যবস্থার [illegible] জন্য এটা নয়, তাড়াতাড়ি কাজ করবার জন্য প্রশাসনিক ব্যবস্থার উন্নতি [illegible] পারি। আমি জানি মন্ত্রী হিসাবে কলকাতার সংবাদপত্রে [illegible] প্রচার ও প্রকাশিত হবে। আমরা জানি মন্ত্রী হিসাবে [illegible] কলকাতার সংবাদপত্রে প্রচারিত এবং প্রকাশিত হবে। আমরা জানি আমাদের কথা প্রচারিত এবং প্রকাশিত হবে না। কিন্তু তা না হক তাহলেও এই সভায় আমি বলছি উনি কি ব্যবস্থা করেছেন যদি আমি একবার তার তালিকা দিই। আমার মনে হয় সামান্য ব্‌দ্ধিসম্পন্ন মান্‌ষ তার বোঝবার দেরী হবে না, যে এই ব্যবস্থাতে কোন উন্নতি বর্তমান অবস্থা থেকে হতে পারে না। উনি করেছেন প্রথম অ্যাসোসিয়েট মেম্বার যাদের এখানে কর্পোরেশনএর যথেষ্ট ক্ষমতা ছিল অ্যাসোসিয়েট মেম্বার নেবার, বিশিষ্ট নাগরিকদের সহযোগিতা তাদের নেবার কমিটিতে, উনি সেখানে বলে দিলেন যে গভর্নমেণ্ট তাদের মনোনীত করবে। কোন কারণে কার চাহিদাতে কার অভিযোগে এই কর্পোরেশনএ যে অধিকার ছিল সেই অধিকারকে তিনি খর্ব করেছেন। আর তিনি বললেন প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নবয্‌গের অবতারণা হবে। এই সব বড় বড় কথা আমরা ব্‌ঝি। ১৯৫১ অ্যাক্ট থেকে বিধানবাব্‌ এই ব্যবস্থা করেছিলেন অ্যাসোসিয়েট মেম্বারদের ক্ষমতা দিতে হবে। তাই তিনি স্ট্যাণ্ডিং কমিটিতে যে সমস্ত অ্যাসোসিয়েট মেম্বার হত তাদের তিনি ভোটাধিকার দিয়েছিলেন। কিন্তু শৈলবাব্‌ তাঁর মনোনীত সরকারী যারা স্পেশিয়ালাইজড হক বা না হক তাদের সেখানে পাঠাবার ব্যবস্থা করেছেন, আমাদের আশ্বাস দিচ্ছেন তাদের তো কোন ভোট থাকবে না, বিশেষজ্ঞ হিসাবে তাদের পাঠাচ্ছি। কেন তাদের মাথাব্যাথা, কার অভিযোগে এই ব্যবস্থার পরিবর্তন করে জনসাধারণের উন্নতি কি রকমভাবে হবে? তার উত্তর আমি শৈলবাব্‌র কাছ থেকে চাই। দ্বিতীয়তঃ উনি চেয়েছেন সরকারী কর্মচারীকে সরাসরিভাবে করপোরেশান-এ কমিশনার্‌ নিয্‌ক্ত করবার যে ক্ষমতা, সেই ক্ষমতা পাব্লিক সার্ভিস কমিশান-এর ছিল তিনি কেড়ে নিয়েছেন, কেড়ে নিয়ে সেই পাবলিক সার্ভিস কমিশন ইচ্ছা করলে সরকার তাদের উপদেশ নিতে পারেন এইট্‌কু করে রেখেছেন। কিন্তু প্রথমেই আছে ম্যাণ্ডেটরী কজ স্যাল বলে বলা আছে যে গভর্নমেণ্ট স্যাল অ্যাপয়েণ্ট এখানকার গভর্নমেণ্ট সার্ভেণ্টএর স্টেট অ্যাওয়ে ট্‌ দি কর্পোরেশন। আমি জিজ্ঞাসা করি কার স্বার্থে তিনি এটা করেছেন, যদি গভর্নমেণ্টের কর্মচারীর দক্ষতায় থাকে আমাদের এই দৈনন্দিন জীবনের এই সমস্যা সমাধান হত তাহলে আমি তাকে অভিনন্দন জানাতাম। এই গভর্নমেণ্টএর সমস্ত কর্মচারীকে পৌর-প্রতিষ্ঠানে পাঠান হউক। কিন্তু আমরা দৈনন্দিন অভিজ্ঞতা থেকে জানি,

আজকে তাদের যে কর্তব্য সেই কর্তব্য পালনে তারা অক্ষম, তারা অসমর্থ ও তারা তাদের কর্তব্য পালন করেন নি। সুতরাং আজকে সেই গভর্নমেন্টের নজীর দেখিয়ে তাদের আদর্শকে দেখিয়ে এই কথা বলার কোন মানে হয় না। আরও আমি বলেছিলাম যে, এই যে বিল সেই বিল মানুষের প্রতি অনাস্থা, মানুষের প্রতি অবিশ্বাস, জনসাধারণের প্রতি অবিশ্বাসের উপর ভিত্তিতে এই বিল রচিত হয়েছে। বলেছিলাম এই কারণে যে কর্পোরেশন যা গঠিত হবে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার ভিত্তিতে সেই কর্পোরেশনকে একটা কলমের খোঁচায় সমস্ত কর্পোরেশনকে তিনি সুপারসিড করতে পারেন। তিনি এমারজেন্সীর কথা বলেছেন, এমারজেন্সীর কথা আমরা হাড়ে হাড়ে জানি, যে এমারজেন্সীর নামে কোথায় কত কি হচ্ছে। সুতরাং আজকে সেই এমারজেন্সীর নামেও একটা নির্বাচিত সমস্ত প্রতিনিধিকে হেলে কর্পোরেশনকে নিজে কেড়ে নেওয়া একটা গভর্নমেন্টের পৃথিবীর ইতিহাসে কোন জায়গায় এই রকম ব্যবস্থা নাই। তিনি কথায় কথায় বোম্বের নজীর দেন, ম্যাড্রাজ-এর নজীর দেন—দুঃখ হয় আজ আমাদের এই অধঃপতন হয়েছে যেখানে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথের রচিত অ্যাক্ট আজকে ধূলোয় লুণ্ঠিত হয়েছে, স্বায়ত্ত-শাসনমন্ত্রী হিসাবে আজকে তিনি বাংলাদেশকে ছেড়ে বোম্বে এবং ম্যাড্রাজ-এর নজীর দিয়ে বাংলাকে ফলো করতে বলেছেন। কিন্তু একদিন ছিল যখন বাংলা দেশ যা বলেছে যা নেতৃত্ব দিয়েছে সেইটা সমস্ত ভারতবর্ষে, সমস্ত প্রদেশ সেটাকে গ্রাহ্য করেছে। কিন্তু আজকে আমাদের অত্যন্ত দুঃসময় শৈলবাবুর মুখে ম্যাড্রাজ আর বোম্বের নজীর দিয়ে - এখানকার নজীর না পেয়ে তিনি সেই ব্যবস্থা করতে চান। এই কর্পোরেশন কমিশনার নিযুক্ত ব্যাপারে আমরা দেখলাম। কথায় কথায় সুপারসিড--অথচ এই কমিশনারের যে ক্ষমতা উনি দিয়েছেন সেই ক্ষমতাকে উনি বললেন যে এই ক্ষমতা ছিল সেটাকে অ্যামপ্লিফাই করে দিচ্ছি। কর্পোরেশন-এর যত এমপ্লয়ি বা অফিসার আছে তারা কমিশনারের অধীন—এ নাকি আইনে আছে। তাকে অ্যামপ্লিফাই করে বললেন কর্পোরেশন-এর অধীনস্থ সমস্ত কর্মচারীকে শাস্তি দিতে পারবেন সসপেন্ড করতে পারবেন সমস্ত রকমে পানিসমেন্ট দিতে পারবেন। আমি বলি ভাল কথা। কিন্তু তিনি কি পারবেন নাকি সরকারের নিযুক্ত কোন অফিসার যদি সেখানে কাজ করে পাবলিক সার্ভিস কমিশনের অনুমোদিত কোন এমপ্লয়ি যদি সেখানে কাজ করে কমিশনারের ক্ষমতা থাকবে না যদি সে সেখানে দিনের বেলায় দাঁড়িয়ে কোন লোককে খুন করে তাহলে কমিশনারের সে ক্ষমতা নেই যে তাকে সেই অভিযোগে অভিযুক্ত করবেন! [illegible] হবে। আরেকটা কথা তিনি ট্যাক্স এর কথা বলেছেন- লজ্জা হওয়া উচিত [illegible] দেশের মানুষের এই দুঃখ এই দুর্দশা, অর্থনৈতিক অবস্থা তাদের এই রকম হয়েছে যে বাঙালী আজকে কলকাতা সহরে তাদের পৈত্রিক ভিটা বিক্রি করে চলে যাচ্ছে এই রকম তাদের [illegible]। সেই সময় তিনি তাদের দেখতে পান নি দেখতে পেয়েছেন ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে তার লজ্জা হওয়া উচিত, এই ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে ট্যাক্স এর হার কমাবার জন্য একমাত্র সুপারিশ শৈলবাবু এই অ্যাক্ট-এ করেছেন। অথচ এই ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আমি কালকেও বলেছি কর্পোরেশন এ আমাদের কমিশনের রিপোর্ট গভর্নমেন্টের নিযুক্ত কমিশনের রিপোর্ট অনুযায়ী ৫০ লক্ষ টাকা করে এই কর্পোরেশন সি আই টি-কে দিচ্ছে। ৪০ হাজার ৫০ হাজার টাকায় তারা সেখানে জায়গা বিক্রী করে লাভ করছে অথচ এই কর্পোরেশন সি আই টির ট্যাক্স কমিয়ে দেবে এই সংশোধনী প্রস্তাব করেছেন এবং বলেছেন ১৯৫৬ থেকে অ্যাসেসমেন্ট রেজিস্টার কারেক্ট করে তাদের বাকী বকেয়া টাকা সমস্ত কম হারে দিতে হবে। লজ্জা হয় না আজকে ১৫ পারসেণ্ট ট্যাক্স যাতে হয় তার জন্য অনুনয়-বিনয় করেছিলাম যে এদের একটু ট্যাক্স কমিয়ে দিন বলেছিলেন কর্পোরেশন ইচ্ছা করলেই কমাতে পারে -এটা ঠিক নয়। কর্পোরেশন যদি ট্যাক্স কমাতে বাড়াতে পারত, ট্যাক্স-এর হার কমাতে বাড়াতে পারত তাহলে কেন তিনি সি আই টি ট্যাক্স-এর হারের জন্য এই সংশোধনী প্রস্তাব করেছেন। আজ গরীব মানুষ ১৫ পারসেন্ট ট্যাক্স-এ তারা রিবেট পায় না- তারা সুদ দেন কারণ তাদের অবস্থা খারাপ আর

[2-30—2-40 p.m.]

এখানে মার্কেন্টাইল বিল্ডিং বড় বড় বিল্ডিং-এর সমস্ত ট্যাক্স সময় মত দিয়ে তারা লক্ষ লক্ষ টাকা আজ এই রকম করে রিবেট নিয়ে চলে যাচ্ছে। শৈলবাবু এ কথা জানেন না যে আজ যদি প্রতিটি ফ্ল্যাটের আলাদা আলাদা নম্বর করা হত তারা তাহলে অনেক কম হারে ট্যাক্স দিতে পারত। কিন্তু এই সুযোগে পাকা বড় বড় বাড়ী যাদের আছে তারা একটি বাড়ীকে দুটো তিনটি ভাগে

ভাগ করে তার আলাদা নম্বর করে ট্যাক্স তারা কমিয়ে নিয়েছে। কিন্তু একটা বস্তীর ঘর সমস্ত বস্তী জড়িয়ে যে ট্যাক্স হবে সেই হারে তাকে ম্যাক্সিমাম রেট-এ প্রত্যেক বস্তীর হাটওনারকে ট্যাক্স দিতে হয়। শৈলবাবু এটা মনে হয় নি যে যদি প্রত্যেকটা স্ট্রাকচার-এ আলাদা আলাদা নম্বর করে দিতেন—তারা আলাদা আলাদা থাকে সেপারেট এনটিটি; কিন্তু দুঃখের বিষয় তারা গরিব মানুষ, তাই তাদের সমস্ত ট্যাক্স-এর ভ্যালুয়েশন একত্রিত করে সেই বর্ধিত হারে ট্যাক্স তারা দিতে বাধ্য হচ্ছে। আমরা বারে বারে আবেদন করেছি কিন্তু তা তিনি শোনেন নি। আমার দুঃখ হয় এখানকার হিন্দু বিধবা যারা, যাদের কোন সম্পত্তি ছিল না যাদের হয়ত স্বামীর পরিত্যক্ত ভিটের দুইখানা ঘর পেয়েছে তা হতে কোন রকমে হয়ত তারা থাকে সেই সমস্ত বিধবাদের জন্য আলাদা কনসেশন রেট এর ব্যবস্থা ছিল কিন্তু স্বাধীনতার পর, শাসনযন্ত্র এদের হাতে যাবার পর থেকে তাদের এই সুযোগ কেড়ে নেওয়া হয়েছে। আস্তে আস্তে পৌরসভার ক্ষমতা কিভাবে

Chief Accountant or the Financial Advisor

এর নিয়োগের ভার কর্পোরেশন এর উপর ছিল

Subject to the approval of the State Government

কোন যুক্তিতে কার অভিযোগে সেই চীফ অ্যাকাউন্টান্ট নিযুক্ত করবার ক্ষমতা সরকার কেড়ে নিয়েছে? নিয়ে বলেছে যে আমরা চীফ অ্যাকাউন্টান্ট নিযুক্ত করব। তাহলে দেখা যাচ্ছে কর্পোরেশন এ পৌর প্রতিনিধিদের সংখ্যা বাড়িয়ে দেওয়া হয়েছে ৮০ থেকে ১০০ করা হয়েছে তার কাজ কমিয়ে দেওয়া হয়েছে। মার্কেট কমিটি তুলে দিয়েছেন। কেন তুলে দিয়েছেন? এই কালকাতা সহরের ভেতরে যাদের ভেস্টেড ইণ্টারেস্ট আছে তাদের খাতিরে মার্কেট কমিটি তুলে দিয়েছেন। সেপারেট কমিটি বলে তখন ছিল এবং যেখানে ৩৩।৩৫ লক্ষ টাকা কর্পোরেশনের বাৎসরিক আয় হয় সেই মার্কেট কমিটি করা দরকার। এটা চিরকাল ধরে আছে, কর্পোরেশন সৃষ্টি হওয়া অবধি এটা আছে, কিন্তু উনি সেটাকে উঠিয়ে দিচ্ছেন। এর কারণ আর কিছুই না মার্কেট ওনার যারা আছে তাদের স্বার্থে এটা উঠিয়ে দিলেন পাছে কর্পোরেশন ওদের উপর আইন বলবৎ করে সেই জন্য উঠিয়ে দিলেন। এর ফলে আমরা কি দেখছি? আমরা দেখছি স্বায়ত্ত-শাসন ব্যবস্থার সমস্ত ক্ষমতা আপনারা কেড়ে নিচ্ছেন এবং গণতান্ত্রিক রাষ্ট্র শাসন ব্যবস্থা যেটা বলছেন সেটা আমলাতন্ত্র ছাড়া আর কিছুই নয়। শুধু তাই নয়, এই আমলাতন্ত্রের মাধ্যমে যারা বিত্তশালী, যারা মাতব্বর তাদের সঙ্গে রাইটার্স বিল্ডিংস থেকে টেলিফোনে কাজ করছেন যাতে লোকেরা টের না পায়। এইসব অনাচার আমরা দেখছি সরকারের দ্বারা হচ্ছে। স্যার, উনি গণতন্ত্রের নামে পৌর শাসন ব্যবস্থা শেষ করে দিতে চলেছেন। উনি হাসছেন, কিন্তু এই বিধানসভায় বসে আমরা দেখছি গণতন্ত্র কিভাবে চলছে। এখানে যখন ঘণ্টা পড়বে তখন বিধানসভা ভর্তি হবে লাল, নীল আলো জ্বলবে এবং একটা করে আইন পাশ হবে। এই হোল গণতন্ত্র। গণতন্ত্র যদি ভালভাবে পরিচালিত করতে না পারেন তাহলে সেটা গণতন্ত্রের দোষ নয়। স্যার, এই গণতন্ত্রের মাধ্যমে একনায়কত্ব গড়ে উঠবে এটা ইতিহাসের কথা। ওঁরা রাষ্ট্র শাসন ক্ষমতা নিয়েছেন এবং সেই ক্ষমতা দ্বারা সমস্ত কাজ করছেন। মানুষের প্রতি এঁদের কোন আস্থা নেই, আস্তে আস্তে নিজেরা সমস্ত ক্ষমতা নিয়ে নিচ্ছেন এবং রাইটার্স বিল্ডিংস এ একটা পেট্রোনাইজিং ডিসট্রিবিউটিং সেন্টার খুলেছেন। আমরা এসব জানি। শৈলবাবু আমাদের কথা শুনবেন না কারণ ওঁদের গণতন্ত্রে আমাদের কথা শোনবার মত নয়। অবশ্য শৈলবাবুর প্রতি আমার খুব সহানুভূতি আছে কারণ মন্ত্রী হিসাবে ওঁর এক কলম, ফুলস্টপ বন্ধ দেবার ক্ষমতা নেই। ওঁর যা বলেছে তার কমা ফুলস্টপ বন্ধ দেবার ক্ষমতা নেই। তা না হলে কালকেই তো উনি বলেছিলেন, বাস্তবিকপক্ষে দরিদ্র লোকদের জন্য দুঃখ করবারই কথা। অবশ্য এটা ঠিক যে, এটা বলতে হয় তাই বলেছেন, আসলে আমরা জানি একটা কমা, ফুলস্টপ কাটবার ক্ষমতা বিল থেকে শৈলবাবুকে ওঁরা দেয় নি। এরকম করে আপনারা দল বড় করতে পারেন কিন্তু দেশের মানুষের সর্বনাশ করবেন। স্যার আমাদের এখানে কিছু লোক আছেন, কিন্তু আমি বুঝতে পারছি না আজকে আমার সহকারী বন্ধু অনিল মৈত্র কোথায়, প্রাক্তন মেয়র নরেশ মুখার্জী কোথায়? অধিকারের দিক থেকে আমার কণ্ঠরোধ, কিন্তু তবুও আমি বলছি এঁদের বলবার সাহস নেই, করার কোন ইচ্ছা নেই। আমরা জানি শৈলবাবু এই বিল জোর করে পাশ করবেন এবং আমাদের কথা এই সভার বাইরে যায় না, যাবেও না—অর্থমন্ত্রীর অমৃতবাণীই প্রচারিত হবে।

কিন্তু তাহলেও বলছি আপনার বিবেকের কাছে অনুরোধ করছি, আপনি বুদ্ধিসম্পন্ন লোক আপনি বলুন কেন গরীব লোকের ট্যাক্স কমাবেন না? কেন ফিফ্‌টিন পারসেন্ট-এর জায়গায় টুয়েলভ পারসেন্ট করবেন না? কিংবা ফিফ্‌টিন পারসেন্ট-এর ভ্যালুয়েশন হাজার টাকা থেকে বাড়িয়ে কেন ৩।৪ হাজার টাকা করবেন না? যদি ট্যাক্সের হার কমান সম্ভব না হয় তাহলে সরকারের তো রোজকার খবর নেবার ব্যবস্থা আছে, আপনি এক কথায় যে কোন ডিপার্টমেন্ট নিয়ে নিতে পারেন, ১।২ জন সরকারী কর্মচারী রেখে কর্পোরেশনের সমস্ত শাসন ব্যবস্থাকে নাকচ করে দিতে পারেন।

[2-40—2-50 p.m.]

আপনি কি বলতে পারেন রাশিয়ার জারের এত ক্ষমতা ছিল কিনা, হিটলারের এত ক্ষমতা ছিল কিনা? আপনারা গণতন্ত্রের বড়াই করেন, আজকে হয়ত সংখ্যাগরিষ্ঠের জোরে আপনারা আইনকে পাশ করবেন, পাশ আপনারা করুন। তবু আমি সেখানকার মানুষ, যেদিন আমি কর্পোরেশনে যাই, নেতাজী সুভাষচন্দ্র বসু আমাকে সেখানে নিয়ে গেছলেন, নেতাজীর সহকর্মী হিসাবে আমি কাজ করেছি, এখনো আমি সেখানে আছি, আমি আমার অভিজ্ঞতার উপর নির্ভর করে বলতে পারি যে এতে পৌরশাসন ব্যবস্থার কোন উন্নতি হবে না। আপনারা টেলিফোনযোগে আজকে কমিশনারকে কাজ করাবেন তারই জন্য এই সংশোধনী বিল আপনি এনেছেন। আপনারা এই কমিশনারকে নিয়োগ করছেন আমার দুঃখ হয়, যদি কোন দোষ হয় আর যাই হয় যে কোন সময় আপনাদের ইচ্ছা—তাকে টার্মিনেট করে দেবেন, কমিশনার প্রাণের ভয়ে সেখানে থাকবেন। যদি তাঁর কোন ভাল করার ইচ্ছাও থাকে, আপনারা করতে দেবেন না। আপনারা বসে আছেন, সরকারের কথা না শুনলে কমিশনারকে টার্মিনেট করে দেবেন। আমি লাইন বাই লাইন এই সংশোধনী পড়ে দেখেছি। আজকে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথের সেদিনকার যে মিউনিসিপ্যাল অ্যাক্ট তা পড়ে দেখবেন, যদি মানুষ খারাপ হয়, তাহলে এটা যাচ্ছে তাকে পাঠাবেন নির্বাচকমণ্ডলীর কাছে বিচারের জন্য তাদের উপরই অভিযোগের বিচারের ভার দেবেন, সেই বিচার আপনারা প্রসিকিউটর হিসাবে করতে পারবেন না। এটা তো জঙ্গলের আইন হয়ে যাচ্ছে। কর্পোরেশন যদি ভুল করে তাহলে সেই বিচার করবে নির্বাচকমণ্ডলী, আজকে আপনারা ইলেকটোরাল রোল তৈরী করবেন, কমিশনার জানেন যে কাজ করতে যেয়ে যদি কোন দোষ হয়, আপনাদের মতে, এবং সেটা যদি গণতন্ত্রের মানদণ্ডে বিচার হয়, তাহলে আমি একথাই বলবো এই মন্ত্রিমণ্ডলী এখানে এক মিনিটের জন্যও থাকতে পারবে না, থাকবার প্রয়োজনও নাই।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Speaker, Sir, in this Third Reading of the Bill I rise to speak in utter disgust at the way the Hon'ble Minister had to team-roller this Bill through this Assembly. Sir, in the beginning, he tried a lot to impress us about the great democratic changes that he was proposing to bring. He tried to give us the hope that this adult franchise will give Calcutta Corporation an entrance into a new historic period in which democracy will come into full play, but through this very Bill he has tried to neutralise all the benefits that could be accrued to the administration of the Calcutta Corporation through changes due to adult franchise. All through he has not been able to give a single argument which could convince us that our amendments, our suggestions, were wrong, or the proposals which were inside the Bill were correct. Sir, on various occasions we noticed that he tried to strike a pose of injured innocence as if we were assailing him almost unreasonably, and as if the principles of democracy which he has sought to enunciate through this Bill were all above blame and our suggestions were all frivolous.

Sir, we tried to prove during the second reading of the Bill through our amendments and also at an earlier stage in the first reading that his assertions were wrong. We tried to prove that he has not only damaged the authority of the Corporation but he has also tried to do injustice to the electorate, the people of Calcutta who would exercise their vote and would try to build up this Corporation. His policies throughout the Bill have been to give special lease to pro-bureaucratic element, to function through

the State Government practically depriving the Councillors, the Standing Committees and the entire Corporation of all initiatives, of all authorities to function in the best way possible. Even in the Standing Committees he proposes to send nominated members. Sir, this is an attack not only on the principle of democracy, on the rights of the Corporation by sending two nominated members but prominent citizens and people from other spheres might have been able to give more valuable advice if they were elected to the Corporation. But he has assumed the authority on himself. Sir, the Government appointed a tribunal. If you remember, Sir, I referred to this tribunal—the tribunals was quite all right but why it should deprive the rate-payers from their inherent constitutional right of appeal to a court of law if they considered that the judgment of the tribunal had not been quite fair. This has also been taken away by providing that the decision or the judgment of the Corporation will be above an appeal to a court of law.

Sir, there was another attack on the rights of the Councillors also. The Councillors cannot be members of the Executive Committee or office bearers of the employees' unions. The Hon'ble Minister that day tried to say that the Councillors are employers and as such, how can they be office bearers of workers' unions. This is absolutely a fantastic idea. Sir, the Councillors are not employers just as we M.L.A.s or the M.P.s are not employers of Government servants who are working in any capacity within the States of India—either in Government departments directly or in other enterprises —in industrial concerns—which are guided by the Government. Similarly, the Corporation Councillors are not employers of the workers. In many places outsiders are brought in to be their office bearers such as Presidents, Secretaries and Government took objection as to why outsiders should be elected like that. But here is an example where the Corporation Councillors cannot be the office bearers of the employees' unions and naturally the workers will have to bring in outsiders. Otherwise it would have been a healthy practice of getting their own Councillors as their Presidents, Secretaries. I do not know how the Councillors will take this Bill—in what line—I do not mean the Opposition of the Corporation but I mean the Congress Councillors of the Corporation when they will see that their sense of dignity, their independence, their rights are being encroached upon by this Bill. Sir, during the second reading as well as during the first reading we noticed passge at arms on the same side also. There had been occasions when there was acute difference between the Hon'ble Minister and the ruling party members. We see in the Bill that the Hon'ble Minister has not only put in many things against the Constitution but also against the declared policy of the Government of India with regard to it.

[2-50—3 p.m.]

Sir, I wonder if he has forgotten the Government of India's publication about local self-government administration in the States published in 1962. In that booklet the Government of India initiated the policy and advised the State Governments to have a uniform policy throughout India in all the self-governing institutions like Corporations, Municipalities and such other bodies. At some place of his speech the Hon'ble Minister has resented any comparison between the Corporation of Calcutta and the Corporation of Bombay or Madras or Delhi, showing the fallacies in such comparison. He has brought in a Bill and he is going to have it as an Act because the mechanical majority which is at his disposal will see it through. But at the same time it is quite obvious that this Act is going to be absolutely different from the Municipal Acts of other great cities of India. It is going to take away much of the democratic rights of the people unlike other cities as well as the councillors of other Corporations which

is absolutely against the policy of the Government of India. That this Bill is going to strike against the people will also be abvious from the taxation policy which has been introduced in this Bill. Sir, about assessment of properties, we said that the Hon'ble Minister should try to amend the Act in such a way as the small property-holders, the small busteeholders might have some relief, and their rates of assessment should be lower while the big property-owners, the big mansion-owners and owners of very big buildings should be assessed at a much higher rate. Sir, the Hon'ble Minister has tried to escape through that also by saying that the Corporation is provided with all the powers to change its taxation policy. But then there are limitations. The Corporation can change its policy of taxation up to a certain stage but beyond that it cannot do it without the consent of the Government, and past experience has shown that in such cases Government's consent has not been given to the Calcutta Corporation when it wanted to assess big properties at a much higher rate of tax. This shows the bias towards the big property-holders. The result of this is that today if you see the city of Calcutta property-wise, if you have a Bird's eye view, it will be very difficult to think that Calcutta is the pioneer city of the State of West Bengal—it has hardly got any feature of that sort. It is almost a city outside West Bengal if you consider the property valuation of the people of Calcutta.

Sir, as I told you the other day also that slum people have to pay a higher rate of taxation but they have got no amenities. The Hon'ble Minister said the other day that the problem of slums is going to be dealt with in a future Bill, namely, the Slum Improvement Bill. We do not know when that Bill will come. But the present slum conditions are there, and the Hon'ble Minister himself admitted the other day that it would take at least fifty to a hundred years for us to clear the slums of Calcutta. Sir, if you kindly refer to past records of the last House, during the debate on the Slum Clearance Bill this was exactly the fear which I voiced that according to the way the Government was functioning it would take half to one century for the Government to clear Calcutta of the slums. At that time the Treasury Benchs scoffed at the idea but today the Hon'ble Minister has himself admitted that it will take fifty to hundred years to clear the slums. Till that time the slums will remain and there will be no improvement of the slums till the Slum Improveent Bill comes and becomes an Act. We do not know when that is going to happen. It might take one year, two years, three year or more. For the present through the scope of this Bill the conditions of the slums could have been ameliorated, could have been improved but the Hon'ble Minister refused to accept any amendment in that respect also.

Sir, similarly we find that the Commissioner for the Corporation of Calcutta is appointed by the Government. He is responsible to the Government. He is not responsible to the Corporation. That is why I say that it is an attack on the rights of the Corporation also. If the Commissioner could have been appointed by the Public Service Commission or if he had been only the executive head to carry out the policies enunciated by the Corporation things would have been different. But he has got a position, almost overriding position, over the Corporation, and in close alliance with the State Government to which he is responsible, he is to carry out things at the behest of the State Government rather than that of the Corporation.

So far as the supersession question is concerned, the Calcutta Corporation like most of the municipalities,—even the slightest intention of the State Government is sufficient to supersede the Corporation for any length of time. We tried fix up a maximum limit of time, but that has been refused. There is no provision or specification as to under what condition the Government will supersede the Corporation. As if the whole thing

depended upon the sweet will of the Government. Sir, the other day the Hon'ble Minister resented it very much, but we have seen from our experience that in many places—I am not referring to the Calcutta Corporation, but outside—such municipalities have been superseded which were manned by a majority which did not belong to the Congress party. The Hon'ble Minister may say that it was a popular thing that he did—that he superseded the municipalities—but he is yet to show that there were concrete and specific charges against those municipalities. All that we know—the only charge was that a municipality was in the hands of the Leftists and not in the hands of the Congress. That is why it had been superseded. So, unless there is some safeguard, at least about the period of supersession, this sort of misuse of power to supersede the Corporation or municipalities for political reasons are likely to happen in future also. That is why I record my protest against the way this Bill is being steered through in this Assembly and I opposed it.

শ্রীনিখিল দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল প্রায় পাশ হতে চললো, এখন আমরা কিছু বললেও সেগুলি আর গৃহীত হওয়া সম্ভব নয় তবুও প্রতিবাদ হিসাবে দু-চারটি কথা এখানে বলে রাখতে চাই। আমি জয়েন্ট কমিটিতে ছিলাম, সেখানেও এই কথাগুলি বার বার বলবার চেষ্টা করেছিলাম, ফার্স্ট রিডিং-এ বলতে চেষ্টা করেছিলাম, অ্যামেণ্ডমেণ্টের সময়েও বলতে চেষ্টা করেছিলাম , কিন্তু আমাদের কংগ্রেস মন্ত্রীসভা বা কংগ্রেসের তরফ থেকে তার একটিও গ্রহণ করা হয় নি। শৈলবাবু যদিও স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী নন, তিনি আগে ছিলেন, এখন তিনি ফিন্যান্স মিনিস্টার, এই বিল পাশ হয়ে গেলে এটা ঠিকভাবে কার্যকরী হচ্ছে কি হচ্ছে না সেটা শৈলবাবু দেখবেন না, দেখবেন আমাদের ফজলুর রহমান সাহেব, তাঁর উপর এখন স্বায়ত্বশাসন বিভাগের ভার ন্যস্ত আছে তবুও শৈলবাবু যখন এই বিল এনেছেন তখন আপনার মাধ্যমে আমি তাঁর কাছে কয়েকটি কথা বলতে চাই। একটি কথা তিনি কাল বলে গেলেন সেটা মোটামুটি অসত্য বলেই বলা যায়। অর্থাৎ কমিশনাররা কোন কর্মচারীদের ইউনিয়নের অফিস বেয়ারার হতে পারবেন না, তার কারণ হিসাবে তিনি বলেছিলেন যে কর্পোরেশনে যারা চাকরী করে তাদের হচ্ছেন তাঁরা নিয়োগকর্তা এবং তারা ঠিকভাবে কাজকর্ম করছে কিনা সেটা দেখবার তাঁরাই হচ্ছেন অধিকর্তা, তাহলে তিনি কি করে ইউনিয়নের অধিকর্তা হবেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের কর্পোরেশনের তিনটি অথরিটি আছে কাজকর্ম ঠিকভাবে হচ্ছে কিনা দেখবার জন্য। একটি হচ্ছে কর্পোরেশন, একটি হচ্ছে স্ট্যান্ডিং কমিটি, আর একটি হচ্ছে কমিশনার এবং কমিশনার যে অথরিটি সেই অথরিটির কাছে all municipal officers and servant are subordinate to the Commissioner এবং এর যে অ্যামেণ্ডমেণ্ড আরো বাড়তি করে হয়েছে তাতে শৈলবাবু আরো পরিস্কার করে দিয়েছেন ক্লজ ২৮এ

Commissioner may pass an order of suspension pending proceedings or an order of censure against any municipal officer.

[3—3-10 p.m.]

সুতরাং মিউনিসিপ্যালিটির যাঁরা এমপ্লয়িজ বা অফিসার তাদের ব্যাপারে কর্পোরেশন-এর কাউন্সিলার যাঁরা তাঁদের করণীয় কিছুই থাকছে না। এই সম্পার্কে শৈলবাবু যে যুক্তি দিয়েছেন সেই যুক্তি চলে না, কেন তাঁদের নেওয়া যাবে না বুঝা যায় না। এই গেল কর্পোরেশন-এর কাউন্সিলারদের ব্যাপার। তারপর, স্ট্যাডিং কমিটির ব্যাপারে আমরা বলেছিলাম প্রপোরসনাল রিপ্রেজেনটেশন করুন। নতুন ইলেকসন-এর আগে পর্যন্ত কনভেনসন ছিল দুই দলে মিলে স্ট্যান্ডিং কমিটি চালাবেন। কিন্তু স্যার, আপনি কি জানেন একদলীয় স্ট্যান্ডি কমিটি হয়েছে। নরেশবাবু ক্যালকাটা কর্পোরেশন-এ মেয়র ছিলেন। তিনি কিনা বললেন প্রপোরসনের রিপ্রেজেনটেশন একটা অগণতান্ত্রিক ব্যাপার। আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেজরিটি যাঁরা তাঁরাই সেখানে সুযোগ পাবেন, প্রপোরসনের রিপ্রেজেনটেশন-এ মাইনরিটির কোন সম্ভাবনা নাই। প্রপোরসনেট রিপ্রেজেনটেশন আন-ডেমোক্র্যাটিক এই যুক্তি তিনি কি করে দিলেন আমরা বুঝতে পারি না। ঠিক ঠিক ভাবে যদি গণতন্ত্রকে কার্যকর করতে হয় যে গণতন্ত্রের মহিমা-কীর্তনে আমাদের শৈলবাবু মুখর হয়ে উঠেন সেই গণতন্ত্র যদি কার্যকর করতে হয় তাহলে

প্রপোরসনেট রিপ্রেজেনটেশন তারই অন্যতম উপায়, সেজন্যই আমরা প্রপোরসনেট রিপ্রেজেনটেশন-এর কথা বলেছিলাম। তা তিনি অবশ্য গ্রহণ করেন নি। আমরা বস্তি উন্নয়নের কথা বলেছিলাম। তিনি বলেছেন, বস্তি উন্নয়ন করতে ১০০ বৎসর লাগবে। সুতরাং বস্তির ইমপ্রুভমেন্ট যে কবে হবে কেউ জানে না। আমরা দুটো কথা বারবার বলে এসেছি বস্তি উন্নয়নের ব্যাপারে, একটা হল, এই কাজটা যত তাড়াতাড়ি হতে পারে তার ব্যবস্থা করা, দ্বিতীয় হল, বস্তিবাসীদের উপর ট্যাক্সের হার যাতে কমে তার জন্য হাট-বেসিস-এ ট্যাক্স করতে বলেছিলাম অ্যাসেসমেন্ট-এর জায়গায়। কিন্তু তিনি আমাদের কথা শোনেন নি। তিনি গণতন্ত্রের কথা বলেছেন, কিন্তু কার্যত আমরা দেখতে পাচ্ছি তাঁর গণতন্ত্র মানে হচ্ছে সবই গভর্নমেন্ট কন্ট্রোল-এ আনা। ১৯৫১ সালে কর্পোরেশন গভর্নমেন্ট-এর হাতে ছিল, তখন তাঁরা কর্পোরেশনে অধিকারগুলি নিজেদের হাতে নিয়ে কর্পোরেশনের অধিকার খর্ব করেছিলেন। মাননীয় স্পীকার মহাশয়, কলকাতা শহরে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ হচ্ছে, এজন্য ভেস্টেড ইন্টারেস্ট-এর দল চঞ্চল হয়ে উঠেছেন। অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ হলে কর্পোরেশন-এ কংগ্রেস দলের কি অবস্থা হবে সে সম্পর্কে তাঁরা সন্দিহান হয়ে উঠেছে। তাই অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ করবার যে ক্ষমতা সেই ক্ষমতা সরকার নিয়ে নিয়েছেন যাতে প্রয়োজনবোধে ব্যবহার করতে পারেন। তারপর, কর্পোরেশন সুপারসিডেড হয়ে থাকবে যদি বিরোধীরা কোনসময় কর্পোরেশনে মেজরিটি হন, এবং এই জিনিস করার জন্যই সুপারসেসন-এর কোন টাইম লিমিট তিনি রাখেন নি। শেষকালে আমি আরেকটা কথা বলতে চাই, সেটা হচ্ছে, আইন তো যা হবার হয়েছে, ভালোমন্দ মিশানো হয়েছে, এখন আপনার মাধ্যমে আমি আরেকটা কথা রাখতে চাই মন্ত্রিমন্ডলীর কাছে। সেটা হল, যাঁরা এখন সরকার চালাচ্ছেন কর্পোরেশন তাঁরা চালাচ্ছেন, এবং শৈলবাবু বলেছেন
for efficient running of the Corporation one-party Standing Committee
হওয়া দরকার। অর্থাৎ, কংগ্রেস দলীয় লোকেরাই স্ট্যান্ডিং কমিটি চালাবেন, আবার কমিশনারও সরকার নিযুক্ত করছেন, তাঁরাই সেখানে মেজরিটি সুতরাং সবই একদলীয় ব্যাপার হচ্ছে। কিন্তু কর্পোরেশনের কাজকর্ম দিনের পর দিন অবনতির দিকে যাচ্ছে? দুর্নীতি দিনের পর দিন বেড়ে যাচ্ছে কেন, কর্পোরেশনে জিনিসপত্র, কাগজপত্র উধাও হয়ে যাচ্ছে কেন? কমিটিতে যাঁরা আছেন তাঁরা কাজকর্মে শৈথিল্য ও অবহেলা প্রদর্শন না করলে ড্রেনের অবস্থা, পানীয় জলের অবস্থা, রাস্তাঘাটের অবস্থা দিনের পর দিন শোচনীয় হয়ে উঠছে কেন? এদিকে তো একদলীয় লোকেরাই কর্পোরেশন-এ স্ট্যান্ডিং কমিটিতে বসে আছেন! শৈলবাবুকে অনুরোধ করব অন্তত এই কাজগুলি করুন, আইন যা করার তো করেছেন, ডিক্টেটোরিয়াল ক্ষমতা নিয়েছেন এবং বিরুদ্ধে আমাদের যে যে সংগ্রাম করার দরকার তা আমরা অবশ্যই করব, কিন্তু যে কাজগুলি করা জরুরী হয়ে পড়েছে সেগুলি আপনারা করুন, তা না হলে কলকাতা শহরে মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে, কলেরা, এপিডেমিক, পক্স ইত্যাদি ব্যাধি যাতে কমে তার ব্যবস্থা করুন, গরীব মানুষের উপর ট্যাক্স এ বছরে যাতে কমে সেটা করুন, লোকে যাতে পাণীয় জল পায় তার ব্যবস্থা করুন—এই কাজগুলি ইচ্ছা করলেই আপনারা করতে পারেন। কিন্তু আপনারা তা করতে পারেন না সেটাও জানি, কারণ কর্পোরেশনের ভিতর আপনাদের দলের যাঁরা বসে আছেন তাঁরা দুর্নীতিতে ডুবে আছেন, ভেস্টেড ইণ্টারেস্ট-এর স্বার্থকতার জন্য আপনারা কোন কিছু হতে পিছপা হবেন না। আপনাদের সরকারের ভিতরও যেমন কর্পোরেশনেও তারই কাউণ্টার পার্ট। গণতন্ত্রের বুলি আমরা শুনতে চাই না, গণতন্ত্রের জয়গান আমরা শুনতে চাই না, গণতান্ত্রিক মহিমা সম্পর্কে আপনাদের উদাত্ত ভাষণ শুনতে চাই না, কলকাতা শহরের নাগরিক হিসাবে যে সুবিধাগুলি পাওয়া দরকার সেই কাজগুলি যদি করতে পারেন তাহলেই আপনাদের ধন্যবাদ দেব। থার্ড রিডিং-এ এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Ila Mittra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল পাশ হয়ে যাচ্ছে। আমি আমার বক্তব্য বিলের আলোচনার সময়ই বলেছি, সিলেক্ট কমিটিতেও আমি আমার বক্তব্য রেখেছি, ফার্স্ট রিডিং-এ এবং অ্যামেন্ডমেন্ট-এর মধ্য দিয়েও আমি আমার বক্তব্য সরকার সামনে করেছি, কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম তিনি একটি সংশোধনীও গ্রহণ করেন নি এবং জয়েন্ট সিলেক্ট কমিটি থেকে কতগুলি মাইনর অ্যামেন্ডমেন্ট সহ বিলটি এখানে নিয়ে এসেছি

উপস্থিত থাকবেন এবং তাঁরাও কিছু বলবেন এই সম্পর্কে, কারণ অসুবিধা আমাদের একার নয়, তাঁরাও অসুবিধা ভোগ করছেন এবং নানাভাবে জনসাধারণের কাছে অপ্রিয় হচ্ছেন।

[3-10—3-20 p.m.]

আমি তাঁদের দুইজন কাউন্সিলর এবং যাঁরা এখানের সদস্য সেই অনিল মৈত্র এবং করম চাঁদ হোসেনকে এখানে দেখতে পাচ্ছি না। আমার মনে হচ্ছে সত্য কথা বলবে না বলে যখন এরকম একটা গুরুত্বপূর্ণ বিল নিয়ে আলোচনা হচ্ছে তখন তাঁরা এখানে অনুপস্থিত আছেন। যা হোক, বিল পাশ হবার আগেও কোলকাতার নাগরিক হিসেবে এ সম্পর্কে প্রতিবাদ করেছি এবং আর একবার পুনরুক্তি করছি যদি মন্ত্রিমহাশয় এ সম্পর্কে, অর্থাৎ বিল পাশ করবার আগে কিছু বিবেচনা করেন। প্রথম কথা হোল কি উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। ১৯৫১ সালের আইনকে কার্যকরী করতে করতে গিয়ে যে ত্রুটি, অসুবিধা, অসামঞ্জস্য ধরা পড়ে, যার জন্য কোলকাতার নাগরিক জীবন উন্নত করা যায় না- বিশেষ করে রাস্তাঘাট, পানীয় জল সরবরাহ, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি যে চারটি জিনিসের দায়িত্ব কর্পোরেশনের উপর ন্যস্ত আছে সেগুলি যাতে তাঁরা ভালভাবে গ্রহণ করতে পারেন এবং কার্যকরী করতে পারেন সেইজন্যই এই বিলের সংশোধনী আনা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে এই বিল যেভাবে আইনে পরিণত হয়ে পাশ হতে চলেছে তাতে সেরকম কোন সুযোগ থাকছে না। অসুবিধা দূর করবার জন্য একটা গণতান্ত্রিক আইন রচনার পথে না গিয়ে দেখা যাচ্ছে আমলাতন্ত্রের হাতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে এবং আমলাতন্ত্রের অনাচার, অবিচার যেগুলো আছে সেটা দূর করবার কোন ধারা আমরা দেখছি না। ভূতপূর্ব মেয়র রাজেন মজুমদার মহাশয় বলেছিলেন এটা রাইটার্স বিল্ডিংস-এর একটা শাখায় পরিণত হতে চলেছে। আমরাও তাই দেখছি রাইটার্স বিল্ডিংস-এর একটা শাখা হিসেবে এই আইন পাশ হতে চলেছে। তবে এসব সত্ত্বেও আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ফার্স্ট রিডিং-এ বলার পর মন্ত্রিমহাশয়ের সঙ্গে কিছুক্ষণ আলাপ হবার পর তিনি বলেছিলেন আমি ভালভাবে বিল পড়ি নি বলে অনেক কথা বলেছি। উদাহরণস্বরূপ তিনি বলেছিলেন, যেকথা আমি বিশেষ করে বলি জমিদারের অনুমতি ছাড়া বস্তীতে টিউবওয়েল বসান যায় না সেটা ঠিক নয়। তিনি বলেছিলেন এরকম ধরনের আইন নেই এবং আমি নিজে ১৫০টি টিউবওয়েল বসিয়েছি। মন্ত্রী হিসাবে জমিদারকে অনুরোধ করে তিনি টিউবওয়েলের ব্যবস্থা করতে পারেন, কিন্তু আইনের মধ্যে এমন কিছু নেই যাতে সরাসরি জমিদারকে বাধ্য করতে পারেন। তারপর, পানীয় জলের কোন ব্যবস্থা নেই এবং নিজের খরচে স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করবেন সেরকম কোন ব্যবস্থাও এই আইনে আমরা দেখলাম না। উনি বললেন খানিকটা আছে, কিন্তু সেটাকে কার্যকরী করবার মত কোন আইন নেই। তাছাড়া বস্তীর মধ্যে ড্রেন বা রাস্তার ব্যবস্থা কর্পোরেশনে খরচায় হবে তার ব্যবস্থাও নেই। তারপর, প্রত্যেকটি বিরোধীদলের সদস্য বলেছেন প্রত্যেকটি হাট-এর জন্য আলাদা বিল দেবার ব্যবস্থা থাকা দরকার। কিন্তু সে সম্পর্কে কোন সংশোধনী আনলেন না। তারপর, আমি ফার্স্ট রিডিং-এ একটা উদাহরণ উল্লেখ করে বলেছিলাম যেসমস্ত কলকারখানা বিষাং এবং বিস্ফোরক দ্রব্যের ব্যবসা করে তাদের আইন করে একটা নির্দিষ্ট স্থানে যেতে বাধ্য করুন। দিল্লী কর্পোরেশন আইনে একটা নির্দিষ্ট স্থান ঠিক করা আছে এগুলো স্থানান্তরিত করবার জন্য কিন্তু এখানে সেরকম কোন আইন নেই। আমি উদাহরণস্বরূপ বলেছিলাম বেলেঘাটা সি আই টি বিল্ডিং-এর ওখানে শামুক পোড়ায় এবং তার ফলে দুর্গন্ধ হয়, লোকেরা নানাবিধ ব্যাধিতে ভোগে। উনি বললেন আইন আছে, কিন্তু কর্পোরেশন করে না। কিন্তু আমি আইনে এই জিনিস খুঁজে পেলাম না যাতে তাদের বাধ্য করা যায় সেটা স্থানান্তরিত করবার জন্য। তারপর, যেসমস্ত খাটাল আছে সেগুলি পরিচ্ছন্ন করা, সংশোধিত করার জন্য এমন কোন আইন নেই যাতে সেগুলোকে স্থানান্তরিত করা যায় এবং সংশোধিত করা যায়। অথবা বোম্বের মত কলোনী করে সেখানে নিতে হবে সেটাও নেই।

তারপরে আগেই বলেছি যে আইন করে যেসমস্ত জায়গাগুলি কর্পোরেশনের আন্ডারে নিয়ে আসা হয়েছে বিশেষ করে টালীগঞ্জের এবং কাশীপুরের অস্বাস্থ্যকর পরিবেশের কথা আমি বলছি, সেইসমস্ত জায়গায় আন্ডার গ্রাউন্ড ড্রেন ইত্যাদি তৈরী করার কোন প্রচেষ্টাই আমরা দেখতে পাচ্ছি না। তারপর অস্বাস্থ্যকর বাড়ির এবং বস্তীর যে মালিক, লীজহোল্ডার এই সমস্ত সম্বন্ধে

উন্নতি করার জন্য তাদের কোনরকম বাধ্য করার ব্যবস্থা আইনের মধ্যে নেই। তাছাড়া সাধারণভাবে কলেরা বসন্ত ইত্যাদি মহামারী আগে থেকেই রোধ করার ব্যবস্থা করা উচিত ছিল। কোন বাধ্যতামূলক ব্যবস্থা বা আইন এখানে নেই।

শিক্ষার কথা—প্রাথমিক শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ এ সম্বন্ধে প্রত্যেকবারই আলোচনার সময় বলি। আজকে শিশু-নাগরিকদের যে অধিকার—শিক্ষা পাওয়া সেই ব্যবস্থা এই মিউনিসিপ্যাল আইনের মধ্যে নেই, সে সম্পর্কে উল্লেখ পর্যন্ত নেই। এটা কি কর্পোরেশনে দায়িত্ব বা সরকারের দায়িত্ব বা সরকার এতে কতখানি দায়িত্ব নেবেন সে সম্বন্ধে বিন্দুমাত্র উল্লেখ এতে নেই। সেজন্য নোট অফ ডিসেন্ট দিয়েছিলাম। জয়েন্ট কমিটি থেকে আলোচনার পর তাতে আমাদের একটা বক্তব্য ছিল যে মোটর ভিহিকলস ট্যাক্স থেকে রেভিনিউ নিয়ে প্রাথমিক এডুকেশন এবং স্যানিটেশনের ব্যবস্থা করা হোক। সে সম্বন্ধেও মন্ত্রিমহাশয় কোন সংশোধনী আনেন নি।

তারপর কর ধার্য নীতি সম্বন্ধে বিজয়বাবু যে কথা বলেছেন বিশেষ করে যারা ছোট ছোট বাড়ির মালিক, তাদের কর অত্যন্ত বেড়ে যাচ্ছে। কিন্তু সে সম্পর্কে কোন ব্যবস্থাই তিনি করেন নি। তারপর গতকাল যে অ্যামেন্ডমেন্ট আমাদের সদস্য অশ্বিনী রায় মহাশয় এনেছেন, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অ্যামেন্ডমেন্ট, সুপারসেশন করার কোন তারিখ বা কোন নির্দিষ্ট সময় দেওয়া হয় নি। বলা হয়েছে

and supersede it for such period as may be specified in the order.

সেটা যেদিনই হোক করতে পারেন। এই ধরনের ফাঁকি মিউনিসিপ্যাল আইনে এবং কর্পোরেশন আইনে রেখে দিচ্ছেন। তার ফলে দেখতে পাচ্ছি, একটা উদাহরণ দিচ্ছি আসানসোল মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করে সেখানে সেই পাঁচ বছর পর্যন্ত সেই ব্যবস্থা রেখে দিচ্ছেন। কোন ইলেকশন বা কোন কিছু সেখানে করেন নি, সেজন্য অশ্বিনীবাবু এই অ্যামেন্ডমেন্ট এনেছিলেন যে অন্তত সুপারসিড করে ৬ মাসের বেশী যেন সেটাকে না রাখা হয়। কিন্তু সেই সংশোধনী আপনারা গ্রহণ করেন নি। তারপর আর একটা জায়গা হচ্ছে

The State Government may if it considers necessary to do by an order extend or modify the period of supersession.

সেখানে অ্যামেন্ডমেন্ট ছিল তিন মাসের যেন বেশী যেন না হয়। সে সম্পর্কেও শৈলবাবু গ্রহণ করেন নি। সেজন্য এইসমস্ত গুরুত্বপূর্ণ দিকে অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে তাঁকে অনুরোধ করছি আর একবার।

আর একটা সবচেয়ে বড় দিক এবং গুরুত্বপূর্ণ দিকে যেটা প্রশাসনিক ব্যবস্থার ত্রুটি সে সম্বন্ধে সকলেই বলেছেন। সেকথা আর বেশী বলে আমি সময় নষ্ট করতে চাই না। সমস্ত ক্ষমতাই কমিশনারের হাতে কেন্দ্রীভূত করা হয়েছে এবং তিনি গভর্নমেন্ট দ্বারা মনোনীত এবং কমিশনারের সমস্ত ক্ষমতা হরণ করা হয়েছে, তাই দেখতে পাচ্ছি যে কমিশনারকে কাউন্সিলাররা কোন কথা বললে, পৌরসভা থেকে কোন কিছু যদি ঠিকও হয় তাহলেও পৌরসভার সেই কথা তিনি বাধ্য নন এবং জবাবদিহী করতে বাধ্য নন। অথচ কমিশনার পিপলস ইন্টারেস্ট দেখবেন এমন কোন নিশ্চিত ব্যবস্থা দেখতে পাচ্ছি না। কারণ যে কমিশনার গভর্নমেন্ট দ্বারা মনোনীত সেই কমিশনার গভর্নমেন্টের বিরুদ্ধে গিয়ে জনসাধারণের পক্ষে কাজ করবেন এটা আমরা মনে করতে পারি না। কাজেই স্বায়ত্তশাসনমূলক পৌরসভায় গভর্নমেন্টের নমিনি দিয়ে যে কর্পোরেশন প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারে নির্বাচন হতে চলেছে, সেখানে কাউন্সিলারদের ক্ষমতা হরণ করে কমিশনারের হাতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে বলে মনে করি। সেজন্য আমি শৈলবাবুকে বলছি তিনি যেটাকে বলছেন স্বায়ত্তশাসনের সুষ্ঠু ব্যবস্থা রচিত হচ্ছে আমি সেখানে বলছি গণতন্ত্রকে সেখানে হত্যা করা হচ্ছে। তাই বিল পাশ হবার আগে আর একবার অনুরোধ করবো বিশেষভাবে যে ৩৩ লক্ষ মানুষের জীবনে এতদিন ধরে যে আশ্বাস দিয়ে এসেছেন তাদের জীবনে সুখ সুবিধার বিধান করবেন বলে সেই আশ্বাস যেন সামান্যতম কার্যে পরিণত হয় এবং কেবলমাত্র সরকারী খবরদারীর মধ্যে পৌরসভার মধ্যে সরকারী হস্তক্ষেপ ছাড়া মানুষের জীবনে, নাগরিকদের জীবনের যে সুবিধাগুলি পেতে পারে। এই অনুরোধ রেখে এবং আবার যাতে কলকাতা কর্পোরেশন সসম্মানে প্রতিষ্ঠিত হতে পারে বিল পাশ হবার আগে, সেই অনুরোধ রেখে, আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলতে চাই যে, কালকে শৈলবাবু বলেছিলেন মেদিনীপুরের আমরা আবার এখানকার কর্পোরেশান সম্বন্ধে কি বলব। আমি সেজন্য বলি যে পল্লী অঞ্চলের লোকই এখানে শতকরা ৭০ ভাগ থাকে। কাজেই পল্লীর স্বার্থ এখানে যথেষ্ট রয়েছে। বহু শিক্ষক, বহু শ্রমিক যাঁরা কলকাতায় আছেন, কলকাতার স্থায়ী বাসিন্দা অনেক কম। কাজেই আমরা মনে করি যেহেতু কলকাতা কর্পোরেশানের সুষ্ঠু ব্যবস্থার উপর লক্ষ লক্ষ জনসাধারণের জীবন নির্ভর করছে সেহেতু আমরা নিশ্চয়ই দেখব কর্পোরেশান আইন সত্যিকারের জনসাধারণের স্বার্থে এখানে পাশ করা হচ্ছে কিনা এবং এতে আমাদের দায়িত্ব আছে। মাননীয় মন্ত্রিমহাশয় যখন প্রথম বিল আনলেন তখন অনেক কথা বলেছিলেন। তারপর এখন বর্তমান স্বায়ত্তশাসন মন্ত্রী বিলটা কেন আনলেন না সেটা বুঝলাম না, উনি এনেছেন। সিলেক্ট কমিটিতে যখন বিলটা পাঠিয়েছিলেন তখন আমরা আশা করেছিলাম এটা আরো ভাল হয়ে আসবে। কিন্তু সে দিক থেকে আমরা হতাশ হয়েছি, যেটা এসেছিল সেটা আরো খারাপ হয়েছে। যাই হোক, বর্তমান অথবা প্রাক্তন স্বায়ত্তশাসন মন্ত্রী গণতন্ত্রের একজন প্রবক্ত হিসাবে যে নতুন ভাষ্য দিচ্ছেন সে সম্বন্ধে আমাদের কিছু বলার দরকার রয়েছে। অবশ্য একথা স্বীকার্য যে লক্ষ লক্ষ জনসাধারণের চাপে পড়ে কলকাতা কর্পোরেশানে তিনি প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচনের ব্যবস্থা করছেন। এটা খুব আনন্দের বিষয়। কিন্তু সঙ্গে সঙ্গে তিনি জনসাধারণের এই গণতান্ত্রিক অধিকার হরণ করবার জন্য নানা কৌশল এই বিলে অবলম্বন করেছেন। আমি দু-একটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় যবে থেকে এই স্বায়ত্তশাসন বিভাগে এসেছেন তবে থেকে শুধু কলকাতা কর্পোরেশান নয় জেলা পরিষদ, অঞ্চল পরিষদ, আঞ্চলিক পরিষদ অথবা যে অঞ্চল পঞ্চায়েত তারও অধিকার হরণ করার ব্যবস্থা করেছেন। এবং গণতান্ত্রিক সংস্থার উপর যেটুকু পেরেছেন তিনি আমলাতান্ত্রিক ক্ষমতা চাপিয়ে দেবার চেষ্টা করেছেন। এখানে আমরা দেখতে পাই যে জনসাধারণের নাগরিক অধিকার হরণ করবার চেষ্টা করা হয়েছে, ব্যক্তি স্বাধীনতা হরণ করবার চেষ্টা করা হয়েছে এবং সংবিধান প্রদত্ত যে ক্ষমতা তাকে হরণ করবার নানাভাবে চেষ্টা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ১৩ ধারার কথা আমি বিশেষভাবে উল্লেখ করছি। একটা গণতান্ত্রিক প্রতিষ্ঠান যার আমরা আশা করেছিলাম বৃটিশ আমলে যে অবস্থা ছিল তার চেয়ে আরো উন্নতি হবে এবং গণতন্ত্র সেখানে বিকাশ লাভ করবে, কিন্তু ১৩ ধারা এমনভাবে করেছেন যে, কর্পোরেশানের কোন ক্ষমতা নেই, একজন কমিশনারকে চাপিয়ে দেওয়া হয়েছে যিনি সম্পূর্ণভাবে ও'দের জবরদস্তিতে সেখানে কাজ করবেন। সেখানকার প্রশাসন ব্যবস্থাকে ভাল করবার জন্য যদি প্যানেল ঠিক করে দিতেন যে স্টেট সার্ভিস থেকে হোক অথবা পাবলিক সার্ভিস কমিশান কয়েকজনের নাম পাঠিয়ে দেবেন এবং কর্পোরেশানের উপর ভার থাকত যে তোমরা চয়েস করে নাও তাহলে আপনারা কিছু ভাল করতেন। কিন্তু তা না হয়ে কমিশনারকে যেভাবে নিয়োগ করছেন তাতে তিনি মেয়রের কাছে গিয়ে দৈনন্দিন কাজের জন্য জবাবদিহি করতে প্রস্তুত থাকবেন না। যদি সেই কমিশনারকে সরাতে হয় তাহলে সেখানে আবার স্পেশাল মিটিং ডাকতে হবে অর্থাৎ কোন ক্ষমতা নেই কর্পোরেশানের কিছু করবার। কাজেই আমি বলি যে একটা অটোনোমাস বডির উপর জোর করে একজন আমলাকে চাপিয়ে দেওয়া হল। কাজেই আমি বুঝতে পারছি না তিনি কি করে গণতান্ত্রিক অধিকার রক্ষা করলেন। তারপর তিনি বলেছেন প্রশাসনিক সুব্যবস্থা করেছেন। আমি বলছি প্রশাসনিক সুব্যবস্থা তো হবে না, বরং অচল অবস্থার সৃষ্টি হবে, তিনটা দলের লড়াই হবে—একটা হচ্ছে কর্পোরেশান, দ্বিতীয় হচ্ছে কমিশনার, তৃতীয় হচ্ছে সরকার। এই তিন পক্ষের মধ্যে সেখানে ক্ষমতার লড়াই চলবে। তখন কর্পোরেশান পরিচালন ব্যবস্থার মধ্যে অচল অবস্থার সৃষ্টি হবে, কাজের অনেক ব্যাঘাত হবে। কাজেই এ সম্বন্ধে তাঁর চিন্তা করা দরকার। তারপর আমাদের এই অর্থমন্ত্রিমহাশয় পল্লীঅঞ্চল সম্বন্ধে আইন পাশ করেছেন। আমরা তার সম্বন্ধে বার বার উল্লেখ করেছি। জালান সাহেবের আমলে পঞ্চায়েত আইন পাশ হয়েছিল, কিন্তু উনি যখন জেলা পরিষদের মিনিস্টার তখন ও'র দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে ৬০-৭০ টাকা মাইনের কেরাণী সেক্রেটারীর নিযুক্ত করবার ক্ষমতা নেই। অথচ আপনারা বলছেন গণতান্ত্রিক অধিকার দিয়েছেন। আজ সেই অবস্থা কর্পোরেশানে দেখা যাচ্ছে। তারপর আমরা কি দেখতে পাচ্ছি, না, কর্পোরেশানে যাঁরা জনসাধারণের প্রতিনিধি হয়ে যাবেন তাঁরা সেখানকার শ্রমিকদের, কর্মচারীদের, অফিসারদের যে ইউনিয়ন গঠিত হবে সেই ইউনিয়নের অফিস বেয়ারার হতে পারবে না।

ট্রেড ইউনিয়ন রাইট থেকে কেন বঞ্চিত করবেন তা বলতে পারেন নি, তিনি [illegible] নির্দেশ লঙ্ঘন করছেন। তিনি বলেছেন স্বার্থের সংঘাত এড়াবার জন্য তিনি ব্যবস্থা করছেন। কিসের স্বার্থ, কার স্বার্থ? সেখানে ইউনিয়ানের প্রতিটি শ্রমিক নিজেদের স্বার্থে কোন কর্পোরেশনের কাউন্সিলারকে যদি প্রেসিডেন্ট বা সেক্রেটারী করে বা অন্য কিছু করে তাহলে কার স্বার্থে আঘাত দেয়া হবে, কার স্বার্থের সংঘাত হবে তা বুঝতে পারলাম না, তিনিও কিছু পরিষ্কার করলেন না। তারপর কর নির্ধারণ সম্বন্ধে অনেকে বলেছেন। সকলেই আমায় বলেছেন যে দরিদ্র মধ্যবিত্তদের করের বোঝা কম হোক, কিন্তু এই বিলের মধ্যে তার কোন ব্যবস্থা করেন নি। যারা দরিদ্র তাদের কম কর দিতে হবে, যারা অবস্থাপন্ন তাদের বেশী কর দিতে হবে—এই নীতির ব্যাপারে মাননীয় অনিল মৈত্র মহাশয় স্ট্রংলি প্রতিবাদ করেছেন—আপনি বললেন কর্পোরেশান এটা করতে পারে, কিন্তু অনিল মৈত্র মহাশয় বলেছেন যে, দু-দুবার আপনাদের কাছে প্রস্তাব পাঠানো হয়েছিল, আপনারা অনুমোদন করেন নি, আপনি তার কোন জবাব দিতে পারেন নি, অর্থাৎ এমনভাবে ব্যবস্থা করেছেন, বড় বড় সংস্থার ৫-৭-১০ তলা বিল্ডিং-এর উপর বেশী করে কর ধার্যের ব্যবস্থা নেই। বিজয়বাবু একথা পরিষ্কার করেছেন, ইমপ্রুভমেন্ট ট্রাস্টের জায়গা সম্বন্ধে আপনি নীরব রয়েছেন। কালকে বললেন, ইমপ্রুভমেন্ট ট্রাস্টের আলাদা আইন আছে, অর্থাৎ যারা বড় বড় সংস্থা, যারা বেশী টাকা দিতে পারে, সেই টাকা নিলে প্রাইমারী শিক্ষা ভালভাবে চালানো যেতে পারে, ভাল জলের ব্যবস্থা করা যেতে পারে, বস্তির উন্নয়ন ভালভাবে করা যেতে পারে, কিন্তু আপনি সে ব্যবস্থা করেন নি। এখানে কর ধার্যের ব্যাপারে আপনি অত্যন্ত সাম্যবাদী। তারপরে স্ট্যান্ডিং কমিটির ব্যাপার সম্বন্ধে আপনার কাছে অনুরোধ করেছিলাম যে, প্রপোরসনাল রিপ্রেজেন-টেশান করা হোক, আপনি বলেছেন সম্ভবপর হতে পারে না, কি কারণে হতে পারে না বুঝতে পারলাম না, অথচ অ্যাকাউন্টস কমিটিতে বলছেন প্রপোরসনাল রিপ্রেজেনটেশানের ব্যবস্থা করতে পারেন কিন্তু এখানে করতে পারছেন না। আমরা মনে করি যে একদলীয় ক্ষমতা রাখবার জন্য স্ট্যান্ডিং কমিটিতে যাতে বিরোধীদলের সদস্য না যেতে পারেন তারই ব্যবস্থা করেছেন। আমি আপনাকে বলছি কোলকাতার জনসাধারণের স্বার্থের কথা চিন্তা করে দেখুন—যদি এক-একটা স্ট্যান্ডিং কমিটিতে সকল দলের লোক থাকেন তাহলে তাতে কাজের সুবিধা হবে এবং সহ-যোগিতা বাড়বে। তারপর যদিও উন্নয়নের কথা অনেকেই বলেছেন, আমিও বলছি যে, বস্তির সঙ্গে যাঁদের যোগাযোগ আছে তাঁরা জানেন যে, কি মড়ক যন্ত্রণা তাঁরা ভোগ করছে, কিন্তু এই বিলের মধ্যে কোন ব্যবস্থাই নেই। আপনি বললেন যে জলের, পায়খানার ব্যবস্থা আছে, কিন্তু বাধ্যতামূলকভাবে মালিককে বা কর্পোরেশনকে কিছু করবার জন্য ব্যবস্থা করেন নি। সেজন্য আমি আপনাকে অনুরোধ করছি যে এই বিলকে আবার নূতনভাবে চিন্তা করে দেখুন। আপনি এটাকে পাশ করাবার জন্য আনছেন কিন্তু এখন এটাকে বন্ধ করে রেখে এখানকার ৬৫ লক্ষ লোকের স্বার্থের কথা চিন্তা করে এই বিলটাকে যদি নূতনভাবে আনতে পারেন, তাহলে আমরা আপনাকে ধন্যবাদ জানাবো।

[3-30—4-40 p.m.]

শ্রীগনেশ ঘোষঃ মিঃ স্পীকার, স্যার, খুবই সামান্য দু-চার মিনিট বলবো। শৈলবাবু যে উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে বলে বলেছিলেন সেটাত মনে হচ্ছে না এই বিল দেখে। অজিয়ান স্টেবেলের পরিষ্কার করতে হবে, গণতন্ত্রে প্রসারিত করতে হবে, বহু দাবী ওদের কাছে এসেছে সেইজন্য একটা বিল আনা হয়েছে। কিন্তু বিলের ভিতর যেটা দেখা গেল, মিঃ স্পীকার, স্যার, আপনিও দেখেছেন, যে বেশীর ভাগ অ্যামেন্ডমেন্টই হচ্ছে যে নয়া পয়সাকে পয়সায় পরিণত করা হচ্ছে—এন পি-র জায়গায় পি করা হচ্ছে, আর ইঞ্চি-ফুটের জায়গায় সেন্টিমিটার করা হচ্ছে। দু-একটা খারাপ জিনিসও আছে, সে সম্বন্ধে অনেকে বলেছেন। ক্যালকাটা কর্পোরেশনে কাজের ধারা এতে একটুও বদলাবে না। যে কথা আপনি প্রথম দিন খুব জোর দিয়ে বলেছিলেন in order to expedite the policy decisions of the Corporation provisions has been made in this Bill.

তার একটুও হবে না। অজিয়ান স্টেবেলের কতটুকু পরিস্কার হবে তা আমরা দেখবো কারণ, যে মনোভাব আপনি দেখালেন যে সবই তারা করতে পারে, সবই ওদের উপর রেখে দেওয়া আছে, তারা করছে না বলেই ত সরকারের দিক থেকে কিছু করণীয় রয়েছে। সরকারের দিক থেকে

একটা ডাইরেকশন দিয়ে একটা একজাম্পল সেট করার কাজ রয়েছে। একটা কত বড় ইনকনসিসটেন্স আপনি দেখুন ট্যাক্স কমান সম্বন্ধে কলকাতার মধ্যবিত্ত যারা, নিম্ন মধ্যবিত্ত যারা—এই শঙ্করবাবুর কথা বলছি না কারণ ওর বাড়ি ট্যাক্স ৩৫ পার্সেন্ট হওয়া উচিত যদিও উনি আজকে ২৩ পার্সেন্ট দিয়েই রেহাই পেয়ে যাচ্ছেন। আচ্ছা, শৈলবাবু কালকে খুব ফিলিংলি বললেন, উইথ ইমোশন যে আমিও তাই মনে করি এই হওয়া উচিত। ওদের সে স্কোপ আছে, কর্পোরেশন কেন করছে না আমি বুঝতে পারছি না। অথচ যেটা হওয়া উচিত ছিল বলে স্বীকার করলেন, যুক্তিযুক্ত ব্যাপার, সেটা ওর করা উচিত ছিল অ্যাজ এ মিনিস্টার, বিশেষ করে বাংলাদেশের একজন দায়িত্বশীল মন্ত্রী হিসাবে। আমাদের দিক থেকে না আসতে পারে, কারণ, আমরা আউট সাইড দি গভর্নমেন্ট, উই মাইট বি ইরেসপনসিবিল, উই মে আসক ফর দি মুন, হতে পারে আমরা চাঁদ চাইতে পারি, কিন্তু যেটা যুক্তিযুক্ত, আপনার কাছে যেটা খুব রিজিনেবল মনে হয়েছে উই টু হ্যাব সেট ইওর ফুট ভেরি স্কোয়্যারলি অন ইট—না এটা করা হোক। যারা স্মল ইনকামের পিপল তাদের অ্যাসেসমেন্টের রেট কমিয়ে দেওয়া হোক, নট এক্সিডিং ফাইভ অর সিক্স থাউজেন্ড যাই হোক এবং সার্টেন ইনকামের পরে অ্যাসেসমেন্টটা বাড়িয়ে দেওয়া হোক যেটা আপনিই স্বীকার করলেন কেন সেটা করা হল না? ডিমোক্র্যাটিক ইলেকশন হবে তারপরে তারা করবে। আপনি ত দেখেছেন ১৯২০ সাল থেকে এটা হয় নি এবং এই কংগ্রেসের হাতে কর্পোরেশন, তারা লিখছে রাইটার্স বিল্ডিং-এ, আপনারা নো করে দিচ্ছেন। অনিলবাবু এখানে বললেন তারপরে আপনি জবাব দিতে পারলেন না। অথচ এটা হওয়া উচিত। তারপরে বস্তীর ব্যাপারে ইউন্যানিমাসলি রেজোলিউশন দু-তিনবার, অনিলবাবুও বললেন, তাঁরা করেছেন বস্তির সেপারেট অ্যাসেসমেন্ট হওয়া উচিত, বস্তির রেট অফ ট্যাক্সেসন অনেক কমান উচিত এবং জল, পায়খানা, পাকা ড্রেন, স্যানিটারি ল্যাট্রিনের ব্যবস্থা করা উচিত। আপনি যে কথা বলেছেন আমরাও বহুদিন থেকে বলছি যে দু-শত বৎসরে, পাঁচ শত বৎসরেও বর্তমান স্লাম ক্লিয়ারেন্সের থ্রু দিয়ে এই বস্তির ইমপ্রুভমেন্ট হবে না, পাঁচ তলা বাড়িও হবে না। আমার ভাল লাগলো একটা কিসের মুখে রাম নাম আছে না? আমি অবশ্য আপনাকে বলছি না, অপনি শৈলবাবু আপনার মুখে রাম নামটা শুনতে পাচ্ছি। তবে এই কথাটা আমরা যখন বলেছিলাম তখন আপনারা স্বীকার করেন নি। আপনারা বলেছিলেন এইভাবে পাঁচ তলা বাড়ি করে বস্তি ক্লিয়ার করে দেবো। আমরা তখন বলেছিলাম পাঁচ তলা বাড়ি করুন এবং সংগে সংগে বস্তির পিপল নিজেরা কিছু ইমপ্রুভ করতে পারে তার ব্যবস্থা করুন। করেন নি। হাউএভার, আমি ত বেশীক্ষণ বলবো না, আমরা বলা শেষ হয়ে গেল, যেটা আপনাকে বলতে চাইছি অনেক ক্রাইং নিডস রয়ে গিয়েছে, ক্যালকাটা কর্পোরেশনের ফাংশন ইমপ্রুভ করার জন্যে অনেক প্রয়োজনীয় কাজ করার আছে, আপনি সাজেশন দেবেন মন্ত্রীসভাকে, ক্যাবিনেটকে, যে যারা ইন্টারেস্টেড তাদের মধ্যে থেকে নিয়ে, আপার হাউস থেকে নিয়ে, সবার পরামর্শ নিয়ে আপনারা একটি কমপ্রিহেনসিভ বিল আনুন যাতে এই বিলটা বদলান যায়। আমি ডিটেল এখন বলছি না। কিছু বলার প্রয়োজন ত নেই কারণ রি-অ্যাকশনারি স্টেপ নেবার ত ত কোন প্রয়োজন নেই। ওয়ান পার্টি অ্যাডমিনিস্ট্রেশন কিম্বা ওয়ান পার্টি ফাংশনটা আপনারা বজায় রাখতে চাইছেন। শৈলবাবু বোধ হয় এটাই পছন্দ করছেন। কিন্তু সেটা হবে কেন? কেন পৌর কর্তৃপক্ষের সেখানে অ্যানিমাল কমফর্ট-এর ব্যাপার সেখানে তো রাজনীতির কোন ব্যাপার নয়। আমি বলি শুধু এটা ভেবে দেখবেন যারা যারা ইন্টারেস্টেড আপার হাউস থেকে এই হাউস থেকে নিয়ে বসে দুই মাস, তিন মাস বসে একটা কমপ্রিহেনসিভ বিল যদি আনা যায় যার ফলে এই বিলটাকে পরিবর্তন করে সিভিক ফাংশনগুলি যাতে ভাল হতে পারে তার ব্যবস্থা করে যদি একটা বিল আনেন তাহলে ভাল হবে। নইলে সুভাষবাবু যে কথা বহুদিন আগে বলেছিলেন যে আগুয়ান স্টেবল সাফ করতে হবে—এ দিয়ে তো হবে না। আগুয়ান স্টেবল-এর ময়লা যা কমুলেটিভলি এ্যাকিউমুলেট করছে তা এ বিল দিয়ে কিছু হবে না।

[At this stage the House was adjourned for half an hour]

[After adjournment]

[4-10—4-20 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I have been listening with great attention to the speeches of several members on the third reading of this very important piece of legislation affecting six million people of the city of Calcutta.

Shrimati Ila Mitra:

বাংলায় বলুন না।

The Hon'ble Saila Kumar Mukherjee: At your request I spoke in Bengali during the second reading of the Bill, but I will close in English on the third reading of the Bill.

Sir, to my regret I find that excepting the speech of Shri Ganesh Ghosh, the other speeches are really mere repetition of what has been said several times during the introduction of the Bill and during the clause by clause discussion in the second reading. Parliamentary convention and etiquette demand that when the Bill has been debated several times clause by clause and when the clauses have been passed, it is expected that during the third reading of the Bill the debate should be confined to its applicability. Shri Ganesh Ghosh is the only member who is relevant in this respect and to whose speech, therefore, I shall reply. As regards the question of applicability, and all other points raised by Shri Ganesh Ghosh, I have several times said what I have got to say, during clause by clause consideration and in the course of my reply in the second reading. Still during the third reading honourable members, as usual have undertaken to raise the same vexed complaints which have been several times repeated and replied. The main complaint has been that this Bill affects the democratic rights of the citizens of Calcutta; this Bill tries to exercise bureaucratic control over the administration of the Corporation of Calcutta. This Bill seeks to make the Commissioner a very powerful despot and an all-powerful body. I have by facts and figures and by referring to sections replied in detail to show categorically that all these misapprehensions are absolutely unfounded.

Sir, this Bill consists broadly of three parts One-part relates to administration and constitution; the other part relates to convenience and taxation, and the third part relates to what the duty of the civic bodies, viz., public health, safety and convenience. There are 263 sections relating to public health, safety and conveninence; I have not touched any of them, and for good reasons. These 263 sections are the collective wisdom of centuries of men all over the world as to how civic administration and civic policies would be carried on. It was done so many times, from the time of revered Hon'ble Surendra Nath Banerjee, and was drafted on the principles of the civic bodies prevailing in the continent of Europe and America where public and civic administration is in a much advanced stage. Therefore, I thought that these are salient principles and should not be touched, and nobody dared to touch. No member suggested amendments with regard to these clauses, 250 clauses, which are vital to the administration of the Corporation of Calcutta. All sides, the Opposition and the Government, are unanimous about the ills from which the Corporation is suffering, and for two years over this administration there has been insistent and voluminous demand in all the press of Calcutta and the various platforms, that the Calcutta Corporation needs overhauling. And, of what? Therefore, Government thought that overhauling should firstly consider the applicability of it. How far Corporation under this Act is able to administer the salient principles which affect the citizens of Calcutta in the provisions of the 263 sections of this Act? Everybody was unanimous that all was not well in the administration of the city of Calcutta. Even ex-Mayor Shri Banerjee was sometimes heard to say referring to Netaji who said he wanted to clean the Augean stable of Calcutta. After Netaji's demise, several years have passed, and even now the opposition is repeating that the Calcutta Coporation is full of filth and dirt and is an Augean stable. I said in the draft of the Bill, I share the views of the opposition that the Augean stable has to be cleared. Who is responsible for it? We are concerned to see how far the provisions of the new Act can give relief.

The question is who will be determining the policy of the Corporation. Will the one hundred members determine the policy of administration or according to a recognised principle in all places of civic administration one man should be made responsible to the Councillors, and through them to the citizens of Calcutta to carry on the adminstrative policies laid down by the elected representatives of the people? That is the crux of the whole question. And, to that extent what we have done? I have repeatedly said that not a single comma or fullstop has been changed so far as the powers and duties of the Corporation are concerned under this Act. I have repeatedly said that we have made no extensive alteration of the powers of the Commissioner under this Act excepting to clarify and amplify the provisions already existing to see how far the Commissioner can exercise influence over its officers only, and these we have taken verbatim from the Bombay Act about which honourable members of the opposition have spoken volumes, about the administration of the Bombay Corporation. I also join issue with them. But why the Bombay administration is so good? Because the Commissioner has got unfettered powers. Government appoints the Commissioner and he has got unfettered power. We have not extended so far. We have not given an inch of power to the Commissioner to exercise influence over the deliberations and decisions of the members of the Standing Committees or the Corporation. What we have done is that we have clarified that all the Corporation employees must know the one man, the Commissioner; all the employees must know that they are responsible to one man, the Commissioner, who can punish them and suspend them, and not the hundred elected members. That provision we have made. If it is undemocratic, if it is despotic, I plead guilty.

Now, Sir, there is the third part of the provisions, that is, the question of the Standing Committees. They are also an authority. What we have done? We have not changed the powers of the Standing Committees; we have only reduced the number. With what object? Only for effective distribution of work and to avoid delays. We have reduced the number from 9 to 5, whereas Bombay has got 1, Delhi has only 4 and Madras only 4. If they can carry on with 4 Committees, why cannot the Calcutta Corporation carry on with 5 Standing Committees? We have given very careful thought over the matter, and that is what we have done. What we have actually done is that we have readjusted the powers between those committees. We have enjoined upon the Corporation to see that they must look after the bustees for which there was no provision in the old Act. Sir, my friends opposite have shed tears for the bustee people, they have accused us of doing nothing for the busteewallas. Sir, what we have done is that we have enjoined under this Act that there must be a Standing Bustee Committee which must see to the improvement of the bustees. There are 23 sections meant for the welfare of the bustees. We admit that we have not made extensive changes but we have thoroughly explained the Government's point that the Coporation must remove the slums and the plague-spots of Calcutta. In this task the Corporation will not be alone, the Government will also help them. We have set apart Rs. 1 crore 33 lakhs for the improvement of the bustees though I have admitted in my reply that is not sufficient. Sir, it is a long-time process and Government are actually considering the question for the improvement of slums and the C.M.P.O. are finalising the matter. We hope to bring forward a slum clearance legislation into operation before the beginning of the next current year all over Calcutta.

The next point is about taxation and finances. Many honourable members have said that we could have reduced the taxes on bustees. Sir, I plead guilty to the charges. But, Sir, the Corporation has enough

powers to reduce the tax in the lower level and increase in the higher level. Yesterday it was mentioned that this question was raised during Dr. Roy's time when Shri Bejoy Kumar Banerjee was the Mayor. Amendment of section 155 was suggested during Dr. Roy's time Dr. Roy made an alternative suggestion and Corporation's views in the matter were asked for but the matter rested there. For five years there was correspondence on the subject. Therefore, Sir, it is not a correct state of affairs to say that the Government refused to consider the matter. So, Sir, we have deliberately refrained from touching the taxation question for very cogent reasons, i.e., why thrust upon the Corporation a financial obligation when we know that a new Corporation is in the offing—a new Corporation is coming on the adult franchise basis. Why should we forestall upon them a financial burden or financial obligation or change the financial structure which is entirely for the Corporation to decide—they may want to reduce the tax or they may want to increase the tax, they may increase the financial structure. Therefore, we have left it open deliberately. The Corporation can increase or decrease the tax—the powers are there.

Sir, a point has been raised by Shrimati Ila Mitra about the removal of khatals from Calcutta. She has said that there is no provision for the removal of khatals and we are doing nothing. Sir, perhaps ignorance is sometime bliss and a blessing in disguise. Sir, does she not know that there is an Act called Khatals Romoval Licencing Act? Perhaps the honourable member does not know that Government are taking steps and serving notices on all khatal-owners to remove their cattle to Haringhata Milk Colony in the best interests of the local people. But certain people agitated against this removal of khatals and a suit was filed before the High Court—this went on for three years—and the Government was stopped by an injuction by the High Court, and at the instance of khatal owners some interested friends are stopping the Government from removing the khatals.

[4-20—4-30 p.m.]

I am happy to tell you that only about two months ago the Government has won that case against the khatal-owners and steps are being taken to serve notices on them within the month of September to remove the khatals to Haringhata where six thousand cattlesheds are already lying ready to receive the cattles.

Shrimati Ila Mittra has raised another point that there is no provision about primary education in the Bill. I would respectufully draw the attention of Shrimati Mittra to section 124 of the Act in which there is already provision for the Calcutta Corporation to introduce primary education. What is that provision? The provision imposes a minimum limit that the Corporation must spend annually not less than five lakhs of rupees but there is no limit to their spending any amount for the spread of primary education. Government are thinking, as they have just passed an Act, like the Adult Primary Education Act for West Bengal, of having a separate Act. Under this Act the Corporation will do nothing but we want to take up free and compulsory primary education and therefore, Government are going to have an Adult Primary Education Act for the city of Calcutta. Sir, these are the points that I need answer.

I would only respectfully say that after so many years of anxious waiting this Bill has been passed the amended Bill has been made, and we do hope that the little changes that have been made will be implemented in the spirit of doing service to all. We know that many things remain to be done. What now remains is for the large groups of young persons to

learn how to use the newly extended adult franchise and send their able and enlightened representatives and to persuade them to the service of the Calcutta Corporation. The techniques and methods of influencing this new municipal policy must be taught today to the electors who have so far had no experience and no hand in the shaping of the Calcutta Corporation. The future, therefore, depends on the speed and goodwill with which we can make progress in all these directions. Let us hope and pray that this dear city of ours, this metropolitan town, which is the home of the Indian rennaisance in political, social and cultural spheres will be worthy of the Bengalees and we shall be in a position to make this dear city of ours as beautiful, clean and healthy as we can through the co-operation of all. Thank you.

শ্রীহেমন্তকুমার বসু: আমি শৈলবাবুর একটা কথার প্রতিবাদ করি। তিনি বলেছেন আফটার নেতাজীস ডিমাইজ। আমরা বীলিভ করি এবং লক্ষ লক্ষ লোক বিশ্বাস করেন যে, তিনি জীবিত আছেন।

The Hon'ble Saila Kumar Mukherjee: I am sorry, I did not say 'after Netaji's demise'. I corrected myself.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি সংস্কারের মত একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধেয়কের কয়েকটা সংশোধনী প্রস্তাব এই হাউসের সামনে আমি উপস্থিত করছি। কতকগুলি বিষয়ে আমরা যেখানে যেখানে অসুবিধা অনুভব করেছি সেই অসুবিধাগুলি দূর করবার জন্য বর্তমান বিধেয়কটি উপস্থিত করা হয়েছে। প্রথমে এনকামব্র্যান্স এই কথাটার একটা ব্যাখ্যা দেওয়া হয়েছে। এই এনকামব্র্যান্স কথাটার ব্যাখ্যার সঙ্গে জড়িত রয়েছে সেকসান ৩৮। তাতে বলা হয়েছে যে কোন জমি যদি খাজনা অনাদায়ের জন্য ডিক্রি হয়ে যায়, তাহলে তার যে ক্রেতা সেই ক্রেতা এনকামব্র্যান্সকে এনাল করতে পারবে

Provided also that wherever a holding is sold in pursuance of the section a purchaser may annul the encumbrance in the manner prescribed

সেই প্রস্তাবটা আছে বলে এনকামব্র্যান্সের একটা সজ্ঞা এখানে দেওয়া হয়েছে। তারপরে গুরুত্বপূর্ণ ধারাটা হচ্ছে ল্যান্ডের সঙ্গে সম্পর্কে। এখানে বলা হয়েছে

land means agricultural land other than Estates Acquisition Act.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা চা বাগানগুলিকে একটা বিশিষ্ট পর্যায়ে ফেলেছি এবং চা বাগানের জমিকে আমরা অন্য ধরণের কৃষি জমির মত মনে করি না। চা বাগানকে আমরা স্টেটস এ্যাকুইজিশন অ্যাক্ট-এর ৬ ধারার ৩ উপধারা মতে চা বাগানের জন্য প্রয়োজনীয় যতখানা জমি দরকার ততখানা জমি রাখতে অধিকার দিয়েছি। তার ফলে কোন চা-বাগানের কাজের প্রয়োজন হলে ২৫ একরের জমি বেশী রাখতে দেওয়া হয়। সুতরাং চা বাগানের অন্তর্ভুক্ত কোন জমি ভূমি সংস্কার আইনের আওতায় পড়বে না এই কথা বলা হয়েছে। এর মানে অবশ্য এই নয় যে,

চা বাগানের অন্তর্ভুক্ত জমি যে জমি আগে এবং পরে চা বাগানের বাড়তি জমি বলে গ্রহণ করা হয়েছে সেই জমি এর আওতায় পড়বে না, চা বাগানের অন্তর্ভুক্ত জমি মানে হচ্ছে ল্যান্ডস কমপ্রাইজিং এ গার্ডেন ফর দি টাইম বিং, অর্থাৎ কোন সময় যদি দেখা যায় কোন জমি চা বাগানের অন্তর্ভুক্ত তাহলে সেই জমি সম্পর্কে ভূমি সংস্কার আইনের ধারাগুলি প্রযুক্ত করা হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরবর্তী গুরুত্বপূর্ণ ধারাটি হচ্ছে ৪ নম্বর ধারা সম্পর্কে আমার প্রস্তাব। আমরা জানি অনেক জায়গাতে ইঁট, টালি তৈরি করবার জন্য কারখানা স্থাপন করা হয়েছে এবং এ কথাও জানি অনেক মূল্যবান কৃষি জমি এই ইঁট, টালির কারখানার জন্য ব্যবহার করা হয়েছে। জাতীয় স্বার্থের দিক থেকে ইট তৈরির কারখানা বা টালি তৈরির কারখানা-গুলিকে নিয়ন্ত্রণ করা দরকার এবং তাতে যদিচ্ছা কৃষি জমি যাতে ব্যবহৃত না হয়, তাও দেখা দরকার। সেজন্য এখানে প্রস্তাব করা হয়েছে এই যে নিজের ব্যবহারের জন্য কোন ব্যক্তি যদি টালি ইট তৈরি করার জন্য মাটি খোঁড়েন তাহলে সেখানে আমরা কোন বাধা দিতে চাই না। কিন্তু যেখানে ব্যবসা করবার উদ্দেশ্যে ইট এবং টালি তৈরি করবার জন্য জমি ব্যবহার করা হবে সেখানে পূর্বাহ্নে অনুমতি নিতে হবে রাজ্য-সরকারের কাছ থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪ ধারার পরে একটা নতুন ধারা সন্নিবেশ করার প্রস্তাব করা হয়েছে--৪(ক) ধারা। তাতে বলা হয়েছে যে দার্জিলিং জেলাতে বিশেষ করে পার্বত্য অঞ্চলে ভূমি সংরক্ষণের জন্য যদিচ্ছা গাছপালা যাতে কেটে না ফেলে সেই ব্যবস্থা করা দরকার। পূর্বেও এইরকম ব্যবস্থা ছিল এবং অনেক সময় দেখা গেছে যে, যদিচ্ছা গাছ কেটে ফেলার জন্য ধ্বস নেমেছে। সেখানে যাতে একটা বিশেষ পরিকল্পনা অনুসারে গাছ কাটা যেতে পারে এবং যদিচ্ছা গাছ কেটে নষ্ট করা না যায়, সেজন্য একটা বিশেষ আইনের প্রস্তাব করা হয়েছে ৪(ক) ধারার মধ্যে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমাদের এই নদীমাতৃক বাংলাদেশে দেখা যায় অনেক সময় নদীর জল সরে যেয়ে সমুদ্রের জল সরে যেয়ে নতুন জমি উত্থিত হয়। একে পয়োস্তি জমি বলে। এই পয়োস্তি জমি অবশ্য আজ পর্যন্ত যে আইন আছে এতদিন পর্যন্ত যে আইন ছিল তার ফলে যে জমির সংলগ্ন এই জমি উঠবে সেই জমির মালিক ঐ পয়োস্তি জমি দাবি করত। আমাদের দেশে জমির পরিমাণ এত কম এবং ভূমিহীন কৃষক, অল্প অল্প জমির মালিকের সংখ্যা এত বেশী যে, এই জমি আমরা মনে করি সরকারে বর্তান উচিত এবং সরকার প্রয়োজনমত যাকে দেওয়া উচিত মনে করবেন তাকে দেওয়ার অধিকার পাওয়া উচিত।

[4-30--4-40 p.m.]

যিনি জমির মালিক ছিলেন তিনি যে জমি পাবেন না তা নয় কিন্তু তার কতখানি জমি ছিল, তিনি কতখানি জমি চাষ করছেন সবশুদ্ধ এবং তার অবস্থা কি তিনি সত্যসত্যই কৃষক কি না এই সমস্ত জিজ্ঞাসা করে তবে এই নূতন ওঠা জমি পয়োস্তি জমি বণ্টনের ব্যবস্থা করা উচিত—আমাদের এই আইনের উদ্দেশ্য এই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২(ক) অধ্যায়ে সিডুল ট্রাইবের মধ্যে যাতে জমি থাকতে পারে, জমি যাতে তাদের অজ্ঞতা, নিরক্ষরতা বা অর্থনীতিক অনগ্রসরতার সুযোগ নিয়ে অন্য কেউ জমি নিয়ে নিতে না পারে সেজন্য কতকগুলি ব্যবস্থা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ব্যবস্থাগুলি পড়লে মোটামুটি বুঝা যাবে যে এই ব্যবস্থাগুলির মূল উদ্দেশ্য সেই জমিগুলি সিডুল ট্রাইব তাদের সম্প্রদায়ের মধ্যে রাখা এবং সেই জমিগুলি যাতে থাকে, হস্তান্তর না হয়ে যেতে পারে। অন্যান্য সম্প্রদায়ের মধ্যে চলে যেতে না পারে সেজন্য কতকগুলি বিধিনিষেধ আরোপ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে ১৮নং ধারা সম্বন্ধে আমার কিছু বক্তব্য রয়েছে। আমরা দেখেছি হাইকোর্টের আদেশে দশ বছরের জন্য অনাদায়ী ভাগচাষের ধানের মামলা করে ডিক্রী বহাল রাখা হয়েছে এটা অত্যন্ত পীড়ার কারণ হয়েছে। কোন ভাগচাষী দশ বছর পর্যন্ত ১২ বছর পর্যন্ত ভাগচাষের ফসল দেন নি এবং সেজন্য তাদের তার উপর ডিক্রী হতে পারে একথা আমরা অবশ্য আগে ভাবতে পারতাম না। আমরা যখন দেখলাম যে আইনের বলে অনেক ভাগচাষী এভাবে উৎপীড়িত হচ্ছে তখন আমরা ভেবেছি যে এটা আদায় করবার একটা লিমিটেশন বিশেষ প্রয়োজন। সেজন্য আমরা ১৮ ধারার মধ্যে একটা সংশোধনের প্রস্তাব করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোথাও কোথাও এরকমও দেখা গেছে যে ভাগচাষী মনে করেছে যে তার জমি ভেস্ট করেছে সুতরাং ভাগচাষী ভাগচাষের জন্য মালিকের প্রাপ্য অংশ দেন নি। তারপরে

আইন আদালতের ফলে হোক বা অন্য কোন কারণে হোক মালিক যখন সেই জায়গা নিজের বলে সাব্যস্ত করতে পারলেন তখন ভাগচাষীর বিরুদ্ধে সমস্ত বকেয়া বাকী ধান্য প্রাপ্য ধান্যের জন্য নালিশ করলেন এবং তার সম্পর্কে অনেক সময় এককালীন দেয়ার জন ডিক্রী হয়েছে, এই ডিক্রী দেয়া সমস্ত ধান বা ধানের মূল্য পরিশোধ করা ভাগচাষীর পক্ষে অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। সেজন্য আমরা প্রস্তাব করেছি যে এরকম ক্ষেত্রে সেখানে ভাগচাষী জানতেন না যে ভেস্ট হয়েছে কি হয় নি এবং না জানার জন্য প্রদেয় ধানের অংশ বা করের অংশ দেন নি, সেখানে তাকে এক বা একাধিক ইনস্টলমেন্টে টাকা দেয়ার বা তার দেনা পরিশোধ করার সুযোগ করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপরে একটা ধারা আছে যেটা নিশ্চয়ই খুব বিতর্কের সৃষ্টি করতে পারে সেটা হচ্ছে ২৩ ধারা। বর্তমানে যে বিধান আছে ভূমিরাজস্ব নির্ণয় সম্পর্কে আমাদের ভূমি সংশোধন আইনের মধ্যে সেটা অত্যন্ত জটিল এবং আমরা দেখতে পাচ্ছি সেটা কার্যকরী করতে গিয়া সম্ভব হল না সেটা এত দুরূহ এবং এত জটিলতাপূর্ণ যে সেটাতে আমরা কাজ করতে পারলাম না। সেইজন্য আমরা আর একটা অধ্যায়, আর একটা ধারা এ ধারার পরিবর্তে আনতে চাই। অবশ্য মাননীয় সদস্যগণ জানেন যে আমরা হোমস্টেড ল্যান্ডের জন্য যে খাজনা দিতে হবে না এক বিঘা পর্যন্ত ওয়ান থার্ড অফ অ্যান একর পর্যন্ত সেটা আমরা পূর্বেই গ্রহণ করেছি। যদিও ল্যান্ড রিফর্ম অ্যাক্টের সমস্ত ধারাগুলি বিশেষ করে এই সংশ্লিষ্ট ধারাটি প্রযুক্ত হয় নি তথাপি সেখানে বিশেষ অংশটুকু আমরা গ্রহণ করেছি এবং আমরা ঘোষণা করেছি যে বাস্তুর জন্য প্রদেয় খাজনা এক বিঘা পর্যন্ত দিতে হবে না। সেটাত থাকবেই, কিন্তু আমরা একথাও জানি যে, জমির খাজনার হার সব জায়গায় সমান নয়, কোথায়ও বেশী আছে, কোথায়ও কম আছে কোন জায়গায় আবার গড়পড়তা যা আছে সেইরকমও আছে। সেইজন্য আমরা একটা সমতা আনবার জন্য স্থির করেছি যে যেখানে জমির খাজনা খুব কম সেখানে একটা গড়পড়তা খাজনার হার করতে হতে পারে। অর্থাৎ অ্যাভারেজ রেট অফ ইন্টারেস্ট কি হতে পারে সেটা কষে দেখতে হবে। সেখানে সেই নিম্ন হারের খাজনা থেকে অ্যাভারেজ রেট অফ ইন্টারেস্ট পর্যন্ত নিয়ে যাওয়া হতে পারে এবং সেইখানে আমরা হয়ত খাজনা বাড়াতে পারি। অনেক জায়গায় এইরকম হতে পারে। আমরা জানি, পশ্চিম দিনাজপুরে খোঁজ করলাম সেখানে এমন অনেক জায়গার এমন খাজনার হার আছে যা আমাদের কাছে এবং অন্য জায়গার লোকদের কাছে অবিশ্বাস্য বলে মনে হবে। আজ পর্যন্ত আমরা দেখেছি কোন কোন জায়গায় বিঘা প্রতি চার আনা, ছয় আনা পর্যন্ত খাজনার হার আছে। সেখানে আমরা বলতে চাচ্ছি যে যদি জমি ইরিগেটেড হয়, সেচের সুবিধাপ্রাপ্ত হয়, তাহলে তিন একর পর্যন্ত জমির বেলাতে অবশ্য আমরা খাজনা বাড়াবার প্রস্তাব করবো না, কিন্তু যদি তিন একরের বেশী জমি যাতে সেচের সুযোগ আছে সেখানে আমরা খাজনা বাড়াবার প্রস্তাব করবো। অন্য জায়গাতে যেখানে সেচের কোন বন্দোবস্ত নেই সেখানে অবশ্য ৫ একর পর্যন্ত জমির খাজনা বাড়াবার কোন প্রস্তাব আমরা করছি না। মাননীয় সদস্যগণ জানেন যে আমাদের বাংলাদেশে সবসুদ্ধ মিলিয়ে ক্যানেল ইরিগেশন, যে জায়গায় ক্যানেলের জল সরবরাহ করি এবং জল সরবরাহ করবার জন্য টাকা আদায় করি তার পরিমাণ সবসুদ্ধ ১৪ কি ১৫ লক্ষ হতে পারে। যেখানে ক্যানেলের দ্বারা জল সরবরাহ হয় না সেখানে অবশ্য আমরা এ কথাটা বলছি না, সেটাকে আমরা ইরিগেটেড বলছি না। আমরা এখানে মোটা-মুটি যে জমিতে সেচের জল দেওয়া হয় তার পরিমাণ প্রায় ৩০ লক্ষ একর হবে কিন্তু এই ৩০ লক্ষ একর জমি থেকে আমরা ক্যানেল কর আদায় করি না। অর্থাৎ সেখানে সেচের সুবিধা রয়েছে অথচ ক্যানেল কর আদায় হয় না সেখানে আমরা মনে করি, যদিও সেটা লিটারেলি কথার মানে দেখতে গেলে, ইরিগেটেড বলা যেতে পারে বা সেচের সুবিধাপ্রযুক্ত জমি বলা যেতে পারে, সেখানেও আমরা নন-ইরিগেটেড বলবো আমাদের এই ধারাগুলি প্রয়োগ করার ব্যাপারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেকর্ড অফ রাইট তৈরী করবার জন্য বঙ্গীয় প্রজাস্বত্ব আইনে এবং জমিদারী দখল আইনের ধারাতে আছে, কিন্তু ল্যান্ড রিফর্ম আইনে নেই সেইজন্য সেকশন ৫(৫১) আমরা পুনরায় নূতনভাবে ঢেলে আপনাদের কাছে উপস্থিত করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মোটামুটি প্রস্তাবনাতে যেগুলি গুরুত্বপূর্ণ ধারা আছে সেগুলি উপস্থিত করলাম। আমি মনে করি কতকগুলি জিনিস সম্পর্কে আমাদের এই হাউসের কোন সদস্যরই অমত হবে না। যেমন ভাগ চাষী সম্পর্কে ১৮ ধারাতে যে বিধিগুলি করা হয়েছে তাতে আমরা ভাগচাষীকে উৎপীড়নের হাত থেকে রক্ষা করবার জন্য একটা ধারা এনেছি। এই

ধারার মধ্যেও হয়ত কিছু কিছু সংস্কারের সম্ভাবনা থাকতে পারে মাননীয় সদস্যগণ সেটা বিবেচনা করে দেখবেন।

[4-40—5-5 p.m.]

আমি খোলা মন নিয়ে মাননীয় সদস্যদের সামনে আমার প্রস্তাব রাখছি। সরকারের মূল উদ্দেশ্য হল যাতে ভূমিসংস্কারের লক্ষ্যে আমরা পৌঁছাতে পারি, কৃষকের হাতে জমি দেওয়া কৃষককে নিশ্চিন্তে জমি ভোগ করতে দেওয়া, কৃষকের জমি যাতে কেউ কেড়ে না নিতে পারে, কৃষির উন্নতির পথে বাধা অপসারিত করা, তার সঙ্গে দেখা—আমরা যে সামাজিক ন্যায়বিচারের কথা বলি, কারুর বেশি জমি থাকবে না, অল্প জমির মালিকের সংখ্যা বেশি থাকবে, এই যেসমস্ত অসাম্যমূলক চিহ্ন আমাদের সমাজব্যবস্থায় রয়েছে তা আমরা অপসারিত করতে চাই, এবং আমাদের এই লক্ষ্যের পথে যাবার জন্যই আমরা এই ভূমিসংস্কার আইন প্রণয়ন করেছিলাম এবং মাঝে মাঝে আমরা এই আইন সংশোধনও করি আইন প্রয়োগের সময় যেসমস্ত বাধাবিঘ্ন আমরা দেখতে পাই সেগুলি দূর করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকটা কথা বলে আমি এই বিধেয়কটি উপস্থিত করছি।

Shri Sankardas Banerji:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা সম্পর্কে আমি দু-চারটে কথা বলতে চাই। আমি বিলটা পড়ে দেখলাম। এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই তাড়াহুড়া করে এটা পাশ করা উচিত বলে আমার মনে হয় না। আমাদের দেখা উচিত যাতে করে বর্গাদারদের অধিকার ভালভাবে রাখা যায়, কিন্তু এর মধ্যে আমি কতগুলি জিনিস দেখতে পাচ্ছি যেগুলি আমাদের আরো পরিষ্কারভাবে আলোচনা করা উচিত, ভালোভাবে ভেবে পাস করা উচিত, তাদের সত্যিকার বক্তব্য আমাদের ভালোভাবে জানা উচিত। সেজন্য আমি প্রস্তাব করি এই বিলটা একটা সিলেক্ট কমিটির কাছে পাঠিয়ে দেওয়া হোক। এটা অধিকদিন ফেলে রাখা বিধেয় নয়, যথাসম্ভব শীঘ্র একটা রিপোর্ট এই হাউসের সামনে উপস্থিত করা হোক।

The Hon'ble Jagannath Kolay:

আমি একটা কথা বলছি—এর আগে এই পক্ষ কংগ্রেস পক্ষ এবং বিরোধীপক্ষের মাননীয় সভ্যেরা আমাদের রিকোয়েস্ট করেছিলেন যাতে এটা সিলেক্ট কমিটিতে যায়, কিন্তু তখন কোন মোশন ছিল না। আমি তখন শ্যামাদাসবাবুকে বললাম এটা এমন একটা বিল যেটা আনা হয়েছে, সেটা আমাদের ভালোভাবে বিবেচনা করা দরকার এবং সিলেক্ট কমিটিতে যাওয়া দরকার। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়ও রাজী হয়েছেন তাতে। সেজন্য একটা ফর্মাল মোশন আনতে হবে। তাই আমি আপনাকে রিকোয়েস্ট করছি আপনি হাউস ২০ মিনিটের জন্য অ্যাডজর্ন করুন, তাহলে আমরা এটা সিলেক্ট কমিটিতে রেফার করব।

Mr. Chairman: The House stands adjourned for twenty minutes.

[At this stage the House was adjourned for twenty minutes]

[After adjournment]

[5-5—5-15 p.m.]

Point of Privilege

Shri A. H. Besterwitch: Sir, I rise on a point of privilege. I have to inform you about the programme of the House. We received a programme on August 10, that the meeting will go up to 21st September. The second programme was received somewhere about 2nd or 3rd September that it will go up to 7th September. Today is 9th and yet we have no programme of the House. We are doing without a programme.

Observations from Chair regarding raising point of order

Mr. Speaker: Mr. Besterwitch, I would request you and other honourable members that on this type of matter you can easily draw my attention in my chamber. If there is any irregularity, certainly it will be

corrected. Now, on this point that you have just now raised, it is my duty to explain that the agenda of business dated 10th August, 1964 runs up to 21st of September, 1964. So far as the programme of business for the 7th, 8th and 9th is concerned, it is included in the said agenda and we are following that. There was some change in the order of business for the 7th for which the agenda of business was prepared and circulated. There is, therefore, no point in your point of order. If there is any irregularity, certainly you can draw my attention but there is no irregularity in this case. Raise points of privilege on good points, on serious matters so that it will be pleasure for me to decide them.

The Hon'ble Jagannath Kolay: Sir, with your permission I am moving this short-notice amendment that the Bill be referred to Select Committee consisting of the following members, namely:—

(1) Shri Syed Abul Mansur Habibullah,
(2) Shri Hare Krishna Konar,
(3) Shri Amarendra Nath Roy Pradhan,
(4) Shri Nani Bhattacharjee,
(5) Shri Aswini Roy,
(6) Shri Radhakhishna Singha,
(7) Shri Sudhir Chandra Das,
(8) Shri Birendra Kumar Maitra,
(9) Shri Abani Kumar Basu,
(10) Shri Ananda Gopal Mukhopadhyay,
(11) Shri Arun Kumar Moitra,
(12) Shri Pijus Kanti Mukherjee,
(13) Shri Shamsuddin Ahammad,
(14) Shri Ajoy Kumar Mukherjee,
(15) Shri Gokul Behari Das,
(16) Shri Sankardas Bandyopadhyay,
(17) The Hon'ble Sowrindra Mohan Misra,
(18) The Hon'ble Purabi Mukhopadhyay, and
(19) The Hon'ble Minister-in-charge, Shri Syamadas Bhattacharyya.

that in order to constitute a sitting of the Committee, the quorum shall be one-third of the total number of members of the Committee;

that the Committee shall make a report to this House by the 20th September, 1964;

that in other respects the rules and procedure of this House relating to Committees will apply with such variations and modification as the Speaker may make.

Shri Narendra Nath Sen: Sir, will there be no member from the other House?

The Hon'ble Jagannath Kolay: It is not a Joint Committee but a Select Committee of this House only.

[5-15—5-25 p.m.]

শ্রীহরেকৃষ্ণ কোঙার: মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিল সিলেক্ট কমিটিতে দেওয়া হোক এই কথা আমাদের বিরোধী পক্ষ থেকে মন্ত্রিসভার সদস্যদের কাছে বার বার বলেছিলাম। আমি

খুসী যে এটাকে সিলেক্ট কমিটিতে দেওয়া হচ্ছে। কিন্তু এখন যেভাবে করা হয়েছে আমার অন্তত সন্দেহ হচ্ছে গভর্নমেন্টের উদ্দেশ্য সম্বন্ধে। কারণ তিন-চার দিনের মধ্যে তাড়াহুড়া করে ভূমি সংস্কারের মত একটা গুরুত্বপূর্ণ এবং জটিল বিষয় সিলেক্ট কমিটিতে আলোচনা হয়ে যাবে এবং আজকের মত অবস্থায় প্রয়োজনীয় একটা বিল ৫-৭ দিনের মধ্যে মাঝে মাঝে [illegible] ফাঁকে ফাঁকে করে দিয়ে যাব এটা অবাস্তব অকল্পনীয়। শুধু এটুকুই মনে হচ্ছে এই বিলের বিশেষ কোন ধারা নিয়ে মন্ত্রিসভা বা কংগ্রেস এম এল এ-দের মধ্যে বোধ হয় বিতর্ক উঠেছে, সেজন্য একটু সময় পেতে চান এবং তিন-চার দিন সময় নিয়ে ঘষে-মেজে ঠিক করতে চান। বোধ হয় এটাই উদ্দেশ্য। কারণ এটা এজন্যই বলছি এত তাড়াহুড়া করে ভূমি সংস্কার আইন সিলেক্ট কমিটিতে আলোচনা করে কোন কিছু করা যায় না, করা সম্ভব নয়। আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়কেও, এর আগেও একবার সিলেক্ট কমিটি হয়েছিল, তখন মাননীয় বিমল সিনহা জীবিত ছিলেন, তখন অনেক আলাপ-আলোচনা করে কংগ্রেস মেম্বাররা এবং বিরোধী দলের মেম্বাররা সর্বসম্মত হয়ে অনেকগুলি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। কিন্তু যেহেতু তাতে সামান্য কিছু বিধান ছিল, যেগুলি জোতদারদের স্বার্থের একটু বিরুদ্ধে যায়, অর্থাৎ বে-আইনী হস্তান্তরের সামান্য বিরুদ্ধে যায় আমরা দেখলাম কংগ্রেস মহল থেকে আপত্তি উঠল, ক্যাবিনেটের ভিতর আপত্তি উঠল এবং আন-সেরিমোনিয়াসলী এই বিলটা প্রত্যাহার করে নেওয়া হল. অতীতে আমরা এটা দেখেছি। এখানেও আমাদের সেই সন্দেহ হচ্ছে, অন্য কিছু উদ্দেশ্য এর মধ্যে রয়েছে। এটা সকলেই জানেন সমস্ত দেশে এক গুরুতর খাদ্যসঙ্কট চলেছে এবং এটা প্রায় সকলেই স্বীকার করতে বাধ্য যে এর মূলে অন্যতম প্রধান কারণ হচ্ছে ভারতবর্ষে ভূমিসংস্কার আইনের ব্যর্থতা। এ নিয়ে কিছু কিছু দ্বিমত থাকতে পারে, এর গভীরতা সম্বন্ধে, কিন্তু ভারতবর্ষের প্রত্যেক অংশের মানুষ এমন কি পরিকল্পনা কমিশনও প্রকারান্তরে এটা স্বীকার করেছে যে এর মূলে রয়েছে এই জিনিসটি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু দুই একটি কথা বলতে চাই, বেশী কথা বলতে চাই না। সম্প্রতি ভারত গভর্নমেন্ট আমেরিকা থেকে একটা স্টাডি টীম এদেশে নিয়ে এসেছেন অর্থাৎ যাদের পরামর্শে এখানে এন ই এস ব্লক, প্যাকেজ প্রোগ্রাম ইত্যাদি করা হয়েছে, তাদের একটা আমেরিকান টীম আমাদের দেশে এসেছে, তারা প্যাকেজ প্রোগ্রাম এলাকায় ঘুরছেন। গভর্নমেন্ট যে এলাকাগুলিকে ভাল বলে মনে করেছেন সেখানেই প্যাকেজ প্রোগ্রাম করেছেন, এইসব এলাকা ঘুরে ঘুরে তারা যে রিপোর্ট দিয়েছেন, তাতে তাঁরা বলেছেন ভূমি সংস্কারের সরকারের ব্যর্থতা এবং সেই ব্যর্থতা প্রয়োগ করার ক্ষেত্রে, রাজ্যের পর্যায়ে, জেলার পর্যায়ে গ্রামের পর্যায়ে এবং এই অবহেলার ফলে আজকে ভূমি ব্যবস্থা অত্যন্ত শোচনীয় পরিস্থিতির মধ্যে রয়েছে, এই ভিত্তিতে দাঁড়িয়ে প্যাকেজ প্রোগ্রাম সফল করা সম্ভব নয়। ভাল হত যদি আমরা মেম্বাররা সেই রিপোর্টগুলি পেতাম, আমি যা খবরের কাগজে দেখেছি তাতে আমাকে একথাই বলতে হচ্ছে। আমি এও জানি যে, আমাদের পরিকল্পনা কমিশন থেকে আয় কেমন করে বণ্টন হচ্ছে তার জন্য যে মহলানবীশ কমিটি করা হয়েছে তারা যে রিপোর্ট দিয়েছে তাতে একথাই বলেছেন যে গ্রামাঞ্চলে জমির কেন্দ্রীভূত আছে ল্যান্ড-এর কনসেনট্রেশন আছে, সেই অবস্থার মূলতঃ কোন পরিবর্তন হয় নি। অথচ আজকে আমাদের মন্ত্রিমহাশয় বলছেন আমাদের উদ্দেশ্য হচ্ছে ল্যান্ড কনসেনট্রেশন ভাঙ্গা। কিন্তু মহলানবীশ কমিটি বলেছেন যে ল্যান্ড কনসেনট্রেশন মূলতঃ একই অবস্থায় রয়েছে। তা যদি হয় জমির যে অভাব জমিহীনতা জমির দারিদ্র্য তা নিশ্চয়ই আগের মতই রয়েছে এবং এর ফলে জমিহীনতার ফলে জমির উপর চাপ বেড়েছে। এই যদি অবস্থা হয়, তাহলে দেখতে পাই দেশের বেশীর ভাগ কৃষক যারা নিজেরা লাঙ্গল ধরে চাষ করে অর্থাৎ ক্ষেতমজুর বলুন বর্গাদার বলুন গরীব চাষী বলুন, যারা চাষ করে তাদের চাষের ব্যাপারে যদি নিরাপত্তার ব্যবস্থা না থাকে বিশেষ করে ভাগচাষী এবং প্রজার ক্ষেত্রে যদি নিরাপত্তা বোধ না থাকে, তাহলে কোনদিন ভাল করে সুন্দরভাবে চাষ হতে পারে না। অর্থাৎ যারা চাষ করবে তারা যদি খেতে না পায় তারা যদি বাঁচতে না পায়, তাদের অবস্থা যদি কাহিল থাকে, তাহলে ২-৪টা ধনী চাষীর উপর নির্ভর করে জমিদারের উপর নির্ভর করে প্যাকেজ প্রোগ্রাম করে কিছু হাড়গুড়ো ছড়িয়ে দিয়ে আমাদের দেশের ফসল উৎপাদন বাড়বে না। সেচ সার দিলে ফসল উৎপাদন হবে, কিন্তু কার্যত সেটা ব্যর্থ হয়েছে। কারণ, যে চাষ করবে তাকে যদি না বাঁচান—তার নিরাপত্তার ব্যবস্থা কি হয়েছে, আমার কথা না বলে আমি ল্যাডেজেনস্কির রিপোর্ট পড়ে দিচ্ছি। তিনি কয়েকটি

জায়গা ঘুরেছেন এবং ওয়েস্ট গোদাবরী ডিস্ট্রিক্ট যেটাকে চাষের উন্নত জায়গা বলে আমরা জানি তাঞ্জোরের মত জায়গা যেটাকে চাষের উন্নত জায়গা বলে আমরা জানি সেইসব জায়গাতে তিনি বলেছেন অর্ধেকের মত কৃষক টেন্যান্ট, বর্গাদারের মত অরক্ষিত প্রজা এবং বলেছেন আইনেতে যাই বলা থাকুক না কেন কার্যত এদের কোন সিকিউরিটি নেই, এদেরকে খেয়ালখুসীমত জমি থেকে উচ্ছেদ করা হয় এবং যেটা আইনে বলা আছে সেটা হচ্ছে শতকরা ৫০ ভাগ ফসল হবে খাজনা, কিন্তু কার্যত উনি বলছেন যেহেতু এদের কোন নিরাপত্তা নেই যেহেতু এদের খেয়াল-খুসীমত উচ্ছেদ করা যায় সেহেতু কার্যত টু-থার্ড পর্যন্ত খাজনা হিসাবে ধান আদায় করা হয়। এটা বলেছেন ওয়েস্ট গোদাবরী ডিস্ট্রিক্টের ব্যাপারে। বাংলাদেশে আমরা জানি প্রত্যেকের অভিজ্ঞতা আছে, তর্ক বিতর্কে কে কি বলবেন জানি না, কিন্তু প্রত্যেককে একথা স্বীকার করতে হবে যে, যদিও আমাদের আইনে আছে বর্গাদার ৬০-৪০ ভাগ পাবে, কিন্তু কার্যত দেখা যায় বর্গাদার যেখানে অত্যন্ত সুগঠিত সেইসব জায়গা ছাড়া বেশীর ভাগ জায়গায় যেহেতু তাদের নিরাপত্তা নেই সেহেতু তাদের উচ্ছেদ করা হয়। মন্ত্রী বলবেন আইনের খাতা দেখিয়ে যে, না, উচ্ছেদ হচ্ছে না, কোর্টে উচ্ছেদ হচ্ছে না। কোর্টে কয়টা উচ্ছেদ হয়? সব জায়গায় বেশীর ভাগ মৌখিক উচ্ছেদ হয়—যাও আমার জমি চাষ করতে পারবে না, তাড়িয়ে দিল। ভাগচাষী দুর্বল অসহায়। কি তার ক্ষমতা আছে যে ক্ষমতার বলে সে জমিদার জোতদারের বিরুদ্ধে লাগতে পারে? আমরা জানি ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে এবং উচ্ছেদের ফলে ৬০-৪০ ভাগ আদায় হয় না, আধ ভাগ প্রতিটি জায়গায় আদায় হচ্ছে। এই যদি হয়, গ্রামের কৃষকের যদি শোচনীয় অবস্থা হয়, জমিতে যদি বিশৃঙ্খলা চলে তাহলে যতই চিৎকার করুন না কেন, উৎপাদন বাড়তে পারে না। মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী হয়ত বড়াই নেবেন যে, আমি বাংলাদেশে কিছুটা ভূমি সংস্কার করতে পেরেছি। কিন্তু দেখা যাবে বাংলাদেশ সম্বন্ধে পরিকল্পনা কমিশনের ভাইস-চেয়ারম্যান এখানে এসে বলে গেছেন কৃষি উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশের রেকর্ড খুব খারাপ। এর কারণ হল আপনারা জানেন ইতিহাসের ছাত্র যারা বাংলাদেশের অবস্থা জানেন তারা জানেন ইংরাজ আমলে যেহেতু আমাদের বাংলাদেশে পার্মানেন্ট সেটেলমেন্ট ছিল তার ফলে কৃষক এবং জমি-দারদের মাঝখানে অনেক লেয়ার তৈরি হয়ে গিয়েছিল, মধ্যস্বত্বেও লেয়ার এবং সমস্ত লেয়ারের খাজনার বোঝা গিয়ে কৃষকদের উপর চেপেছিল, তার ফলে এখনকার কৃষি ব্যবস্থা অত্যন্ত পঙ্গু অবস্থায় ছিল, চাপা অবস্থায় ছিল। যদিও তুলনামূলকভাবে দেখা যাবে অন্য প্রদেশের সঙ্গে খাজনার একটু এদিক-ওদিক হতে পারে, কিন্ত অন্য প্রদেশে কৃষির এত শোচনীয় অবস্থা ছিল না যেমন বাংলাদেশের কৃষির শোচনীয় অবস্থা ছিল। এই পার্মানেন্ট সেটেলমেন্টের কল্যাণে। স্বাধীনতার পরে বাংলাদেশে বেশী প্রয়োজন ছিল কৃষি ব্যবস্থাকে ঢেলে সাজাবার। বাংলা-দেশে যত জমিতে চাষ হয় তার বেশীর ভাগ গরীব চাষী, সাধারণ চাষী এবং ভাগচাষীরা চাষ করে। এই ভাগচাষী, গরীব চাষী এবং সাধারণ চাষী এই তিনটি মেলালে দেখা যাবে বাংলাদেশে যত চাষের জমি আছে তার ১২ আনা এদের দিয়ে চাষ হয় আর বাকি হয়ত বলতে পারেন কিছু অবস্থাপন্ন লোক মজুর দিয়ে কিংবা অন্যভাবে করে যারা প্রধানত শতকরা ১০ ভাগের বেশী হবে না। তাহলে শতকরা ৯০ ভাগ যে সাধারণ চাষী চাষ করে তাদের যদি আপনি নিরাপত্তা না দেন, তাদের অবস্থা যদি ভাল করতে না পারেন, তাহলে যতই চিৎকার করুন না কেন কিছু-তেই চাষের উন্নতি হবে না। কে সার কিনবে, কে চাষের কাজ করবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে বারেবারে এই কথা বলেছি যে, চাষের উন্নতি এ কোন কারিগরী ব্যাপার নয়, এ কোন টেকনিক্যাল প্রবলেম নয়, এটা মূলত সামাজিক ভূমিসম্পর্কের সমস্যা। সেখানে হাত দিতে না পারলে কিছু হবে না। অথচ গত ১০ বছর ধরে যা কিছু ভূমি সংস্কার আইন হয়েছে তার পরিণতি কি ঘটেছে তা বলে লাভ নেই।

Shri Kashi Kanta Maitra:

[5-25—5-35 p.m.]

সরকার দেখাতে পারেন অঙ্ক দিয়ে যে আমরা ৭৫ বিঘা জমির সীমা বাঁধিয়া দিয়াছি অতএব ধরিয়া লইতে হইবে ৭৫ বিঘার বেশী জমি কারো নেই। প্রফুল্লবাবু যেমন একদিন বললেন, যেহেতু চালের দাম বাঁধিয়া দিয়াছি, অতএব ধরিয়া লইতে হইবে যে এর চেয়ে বেশী দামে চাল বিক্রয় হইতেছে না, এসব কথা বলে লাভ নেই আপনারা সকলেই জানেন যে জমি ৭৫ বিঘার

বেশী আছে, আপনাদের পরিকল্পনা কমিশন, মহলানবীশ কমিটি বলছেন জমির কনসেনট্রেশন রয়ে গেছে। তার মানে বেনামী হয়েছে, হস্তান্তর হয়েছে। ভাগবাঁটোয়ারা হয়েছে। অতএব সিলিং সম্বন্ধে মুখে যাই বলুন না কেন, শিলিং-এর আইন ব্যর্থ হয়ে গেছে, এজন্য ব্যর্থ হয়েছে যে আপনারা বেনামী হস্তান্তর বন্ধের কার্যকরী ব্যবস্থা করেন নি, জমি হস্তান্তরকে বন্ধ করেন নি, এমন কি যেগুলি কিছুদিন আগেও সব বেনামী হয়ে গেছে সেগুলিও আপনারা ধরতে চাচ্ছেন না, অর্থাৎ রেট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে এগুলি বাতিল করতে চাচ্ছেন না, অথচ আপনারা জানেন যেদিন থেকে ঢাক-ঢোল পিটিয়েছেন ভূমি সংস্কার আইন করবেন বলে সেদিন থেকেই সব ভাগ-বাঁটোয়ারা হয়ে গেছে, হস্তান্তর হয়ে গেছে এবং জমির কেন্দ্রীভূত অবস্থাকে আপনারা ভাঙতে পারেন নি। দ্বিতীয়ত, প্রজার ক্ষেত্রে, বর্গাদারদের ক্ষেত্রে আপনারা কোন প্রোটেকসন দিতে পারেন নি, এই হোল বাস্তব সত্য। এই অবস্থায় আমরা আশা করেছিলাম যে মাননীয় মন্ত্রিমহাশয় এবং এখানকার ক্যাবিনেট তাঁরা অন্তত একটু সিরিয়াস হবেন, একটু গুরুত্ব সহকারে বিবেচনা করবেন এই ভূমি সংস্কারের ব্যাপারটাকে আপনারা যা চেয়েছিলেন যে কিছুটা ভূমি সংস্কার করে অন্তত তার ভিত্তিতে উৎপাদন কিছু বাড়িয়ে কৃষি সংকটের সমাধান করবেন, কিন্তু কার্যত দেখা গেল তা হতে পারে না, হওয়া সম্ভব নয়, শুধু জটিলতা বাড়ছে, খাদ্যসংকট বাড়ছে, নিজেরা ডুবছেন, দেশকে ডুবাচ্ছেন। এই অবস্থায় আমরা আশা করেছিলাম অন্তত একটু রি-থিংকিং, বাংলা গভর্নমেণ্ট পুনর্বিবেচনা করুন, ধীর মস্তিষ্কে ভাবুন যে কিছু করা যায় কিনা। আমি শ্যামাদাসবাবুকে অনুরোধ করেছিলাম, শ্যামাদাসবাবু জানেন যে ওদের সঙ্গে আর আমাদের সঙ্গে মৌলিক তফাৎ আছে, দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে—আপনারা যা চান আমরা সেটাকে ঠিক বলে মনে করি না, আমরা যা চাই আপনারা তা করতে পারবেন না। আপনারা বলবেন হাইকোর্ট আছে, কনস্টিটিউসন আছে, আপনারা করতে পারেন না তা আমরা জানি এবং সেজন্য আমরা আমাদের মৌলিক কথা বলে যাব, আপনারা আপনাদের কথা বলে যান, কিন্তু দেখা দরকার উইদিন দি ফ্রেম ওয়ার্ক অফ ইওর পলিসি। অর্থাৎ এই গভর্নমেণ্ট যেটাকে নীতিগতভাবে গ্রহণ করেছেন, আপনাদের পরিকল্পনা কমিশন যেটাকে নীতিগতভাবে গ্রহণ করেছেন, তার চৌহদ্দির মধ্যে থেকে কিছুটা উন্নতি করা যায় কিনা। আইনের যে ফাঁক, ত্রুটিগুলি রয়েছে যার জন্য প্লেয়ারিংলি ফেলিওর হয়েছে সেটার কিছু সংস্কার করা যায় কিনা দেখতে হবে। আমি বলবো যে এর যদিও কোন মৌলিক প্রতিকার হবে না নীতির দিক দিয়া, তবুও নাই মামার চেয়ে কানা মামা ভাল। আপনারা কোন মৌলিক পরিবর্তন করবেন না জানি, কিন্তু এই পরিধির মধ্যেও কিছুটা উন্নতি করা যায় কিনা সেটা দেখতে হবে, আজকে আপনারা আমরা ফ্র্যাংকলি আলোচনা করে কতটুকু গ্রহণ করতে পারেন, না পারেন সেটা দেখুন। আমাদের উদ্দেশ্য ছিল গোটা ভূমিসংস্কার আইন নিয়ে বসা হোক, বসে কোথায় কি বাড়ানো উচিত, কমানো উচিত সেটা বিবেচনা করা হোক, কিন্তু আপনারা ঐ মাস্টার মহাশয়দের মত ডেকে বললেন যে, হাঁ বা না উত্তর দাও, আমরা যে অ্যামেণ্ডমেণ্ট এনেছি সে সম্বন্ধে হাঁ না না উত্তর দাও এক্সিনর করবেন না। আমরা চেয়েছিলাম যে ভূমি সংস্কারের প্রবলেমটা সিরিয়াসলী গ্রহণ করা হোক। আমরা চেয়েছিলাম যে, ভূমি সংস্কারের প্রবলেমটাকে সিরিয়াসলি বসে আলোচনা করা হোক, গোটা আইনটাকে ধরা হোক এবং তার মধ্যে কোন পরিবর্তন সম্ভব না সম্ভব সেটা বিবেচনা করা হোক। কিন্তু দেখা যাচ্ছে যেভাবে আপনি পাঁচ দিনের মধ্যে সিলেক্ট কমিটির কাজ শেষ করতে যাচ্ছেন তার মানে অন্য কোন বিষয় আপনি আনতে চাচ্ছেন না। আপনি সুধু চাইছেন, যে ১২টি কি ১৪টি ধারা নিয়ে আসছেন তার মধ্যেই আলোচনা সীমাবদ্ধ থাকবে এবং তার বাইরে যেতে চাচ্ছেন না। অর্থাৎ আপনারা যেগুলি অকাজ করতে চাচ্ছেন তাতে আমরা কতটুকু সম্মতি দেবো না বিরোধীতা করবো তাই আপনি প্রশ্ন করছেন। যেমন ধরুন আপনি আইনে কি আনছেন, আপনি দেখালেন যে খুব ভাল কাজ করছেন যে ১০ বৎসরের ভাগ ধানের ডিগ্রি জমিদারেরা করতো, হাইকোর্টে যার ডিগ্রি হয়েছে আমরা দয়াপরবশ হয়ে দু-বৎসর করে দিচ্ছি। এটাই কি একটা বড় কনডেমনেশন আপনাদের না? ১০ বৎসর ধরে চিৎকার করছেন বর্গাদারদের রক্ষা করছেন আর আপনাদের চোখের সামনে হাইকোর্টে ১০ বৎসরের ডিগ্রি হয়? কিন্তু আপনি আইনটা কিভাবে আনছেন? না, ১০ বৎসর নয়, ২ বৎসরের ভাগ ধানের ডিগ্রি জোতদাররা করাতে পারে। আচ্ছা কোন জোতদার এক বছরের ফসল না পেলে সে মামলা না

করে আর এক বৎসরের অপেক্ষা করে? তার মানে আপনি দু-বছরের প্রিমিয়াম দিচ্ছেন জোতদারকে, তা এটাতে কি আপনি বর্গাদারকে রক্ষা করছেন? উনি বলছেন যে, না যেটা দশ বৎসরের মোট ছিল আমি দু-বৎসরের মোটেতে কমালাম। এটা কেন হবে না যে এক বৎসরের বেশী মালিক ভাগধানের নালিশ করতে পারবে না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: হবে না কে বললো?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আচ্ছা, আপনি সিলিং-এর কথা এই আইনে তোলেন নি আমি তুলবো কি করে বলুন? আমি সিলেক্ট কমিটিতে সিলিং-এর কথা তুলবো কি করে, কারণ আপনি সিলিং-এর কোন ধারা আনেন নি। সিলিং-এর যদি কোন ধারা না আনেন, আমি মনে করি, সিলিং বা বে-আইনী হস্তান্তর যদি সিলেক্ট কমিটিতে আলোচনা করার না থাকে তাহলে আমি মশায়, ঐ আলোচনার জন্য সময় ব্যয় করতে রাজী নই। এটা একটা অত্যন্ত বাজে জিনিস আপনি নিয়ে এসেছেন। আপনি চা বাগানকে বাদ দেবেন সেইজন্য আলোচনা করা হবে। আপনি বাদ দিতে চাইবেন আমরা ঠেকাবার চেষ্টা করবো। দ্বিতীয়ত আপনারা খাজনা বাড়াতে চেষ্টা করবেন। অর্থাৎ আপনি বলতে চান আইন খুব জটিল ছিল আমরা সরল করিতেছি। সরল কি রকম? না, সরল বাঁশ করিতেছি। অর্থাৎ প্রত্যেকেরই খাজনা বাড়িবে। যাহাদের খাজনা ছিল না, নিস্কর, তাহাদের খাজনা বসিবে, যাহাদের খাজনা অ্যাভারেজ তাহাদের অ্যাভারেজ থাকিবে, যাহাদের অ্যাভারেজের চেয়ে কম তাহাদের অ্যাভারেজের চেয়ে বেশী হইবে, যাহাদের বেশী আছে তাহাদের বেশী থাকিবে। সকলের খাজনা বাড়াবেন আপনি এবং আমাদের বলছেন আলোচনা করুন ওর মধ্যে অর্থাৎ এটার কতটুকু কি করিবেন না করিবেন। আমার কথা হচ্ছে যে আমার আলোচনার সুযোগটা কোথায় যাতে আমি আরো মূল জিনিসে যেতে পারবো? এবং তার সুযোগটা আমাকে কোনখানে দিয়েছেন? তেমনিভাবে দেখা যাবে যে, আপনি প্রত্যেকটি ব্যাপারে, শুধু খাজনার ব্যাপারে নয়, যেমন ধরুন আপনি উঠিত জমির কথা বলেছেন। আপনি বলেছেন পয়োস্তি জমি হলে, বয়াস্তি জমি হলে সেটা দখল করে নেবেন। আমি তার মধ্যেই সীমাবদ্ধ থাকবো, আমি তার বাইরে যেতে পারবো না! অথচ ওর মধ্যেও দেখা যাবে যে অনেক দুর্নীতি চলছে, অনেক অন্যায় চলছে। আমি ত উলটো কথা বলবো, আমি ত বলবো, মশায়, গভর্নমেন্টের হাতে কিছুই দিতে চাই না। জমি যদি উঠিত হয় সেই আশেপাশের অঞ্চলের গরীব যারা প্রজা আছে তারা দখল করবে, সরকারকে বন্দোবস্ত দিতে হবে। তা না হলে আমি চাই না ঐ কাঁথিতে যা করেছেন, গরীব চাষীরা চর দখল করলো আর আপনার কিছু কংগ্রেসী পাণ্ডা নিয়ে কো-অপারেটিভ করে তাদের বাদ দিয়ে আপনি জমি বন্দোবস্ত দেবেন এত আমি হতে দিতে চাই না। আইনে আপনি কি এনেছেন? বেনামী হস্তান্তর আপনি আনেন নি, আপনি সিলিং-এর কথা আনেন নি, আপনি খাজনা বাড়াতে চাচ্ছেন, একমাত্র বলতে পারেন সিডিউলড ট্রাইবদের জন্যে আপনারা আইনটাকে আরো একটু ভাল করেছেন। আগেও ছিল ওটা নূতন কিছু নয়, এটা আইনের দিক দিয়ে আরো একটু রিজিনেবেল, আরো একটু যুক্তিবাদী করেছেন এইটা আমি যা দেখি। বাকী আপনি খাজনা বাড়াবার কথা বলেছেন, আপনি চা বাগানকে বাদ দেবার কথা বলেছেন, আপনি বর্গাদারদের ১০ বৎসরের মোট ধান দেবার জায়গায় দু বৎসর করছেন। কিন্তু আমাকে শ্যামাদাসবাবু বলে দিন যে, আমি যে দেখছি ধানের খামারের ভাগ নিয়ে বর্গাদারকে নাস্তানাবুদ করা হয়, তা সেই নিয়ে যদি সংশোধন দিতে চাই সিলেক্ট কমিটিতে কোন ধারায় নিয়ে আসবো? আমাকে বলে দিন যে বর্গাদারকে যে উচ্ছেদ করা হয় আমি যদি বলতে চাই যে এটা আইনে লেখা হোক যে যদি জমিদার নিজে প্রমাণ করতে না পারে তাহলে ধরে নিতে হবে যে বর্গাদার অন্যায় করে নি, কারণ সে উইকার পার্টি এটা ধরে নিতে হবে, সেইজন্যে উচ্ছেদ তাকে করা যাবে না, খামার তাকেই দিতে হবে। আমাকে বলুন আমি কোনখানে দেবো যদি আপনি স্কোপটাকে অর্থাৎ সিলেক্ট কমিটির ভিত্তিটাকে, গণ্ডীটাকে না বাড়ান। আমি দেখছি যে আপনারা আইনের গণ্ডীটাকে বাড়াতে চাচ্ছেন না। তা যদি চাইতেন তাহলে এই অফ টাইমের মধ্যে বসে আর ২০এ সেপ্টেম্বরের মধ্যে সিলেক্ট কমিটি একটা রায় দেবে এটা হতেই পারে না, একটা অবাস্তব ব্যাপার। তার মানে কিছু নির্দিষ্ট পয়েন্টে এই জিনিস করতে যাচ্ছেন। সেজন্য আমি এর ঘোরতর বিরোধীতা করছি। যদিও আমি সিলেক্ট কমিটির পক্ষে—কিন্তু যে পদ্ধতিতে করছেন আমি তার বিরোধী। এর সঙ্গে

সঙ্গে আমি বলব, অত্যন্ত হালকাভাবে, দায়িত্বহীনভাবে, এই সংকটের মাঝখানে এই বিল নিয়ে এসেছেন, আর মুখে বারেবারে বলেন কম্প্রিহেনসিভ বিল আনব, কম্প্রিহেনসিভ ব্যবস্থা করব। আমি একথা বলতে চাই সিলেক্ট কমিটিকে প্রথম থেকেই আপনারা মেরে দিলেন যাতে তাঁরা কিছু না করতে পারেন—এই কথাও বলে দেওয়া উচিত বলে মনে করি।

[5-35—5-55 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটা প্রবলেমসএর উপর আমার আলোচনা রাখতে চাচ্ছি। হরেকৃষ্ণবাবু বিস্তারিতভাবেই আমাদের কাছে প্রশ্নটি তুলেছেন। আমি বলতে চাচ্ছি এই যে বিলটা আমাদের এখানে রাখা হয়েছে ভূমিসংস্কার আইনের—আমি শ্যামাদাসবাবুকে বলেছিলাম ব্যক্তিগতভাবে এর দুটো জিনিস আমার ভালো লেগেছিল। একটা হচ্ছে, যে আইনের দ্বারা তাঁরা দু বৎসরের লিমিটেশন বেঁধে দিলেন, এর আগে এই চলতি আইনের মধ্যে আমরা দেখেছি, ভাগচাষীর বিরুদ্ধে জোতদার যত ইচ্ছা খাজনা এবং বছরের খাজনা একসঙ্গে আদায় করতে পারতেন। কোন লিমিটেশন ছিল না, এক অদ্ভুত জিনিস। প্রত্যেক ব্যাপারে আমরা জানি ল অফ লিমিটেশন আছে, তামাদি আইন আছে, কিন্তু এর মধ্যে তামাদি আইন ছিল না যার ফলে আমরা দেখেছি, ব্যক্তিগতভাবে আইনজীবী হিসাবে দেখেছি ৮।৯ বৎসরের পাওনার দাবী সত্য অথবা কাল্পনিক আদায় একটা লাম্প করে ফসল অথবা মূল্য টাকা পাওনার দাবি সত্য অথবা কাল্পনিক করা হয়েছে এখন তাঁরা আইন সংশোধন করে মাণি ভ্যালুর প্রভিশন করেছেন যার ফলে তারা টাকা দিতে বাধ্য হয়েছে। এই আইনটা যে সংশোধন করবার চেষ্টা করেছেন এতে আমি খুশি হয়েছি। দ্বিতীয় প্রভিশন যেটা আমার ভাল লেগেছিল সেটা হচ্ছে, তাঁরা একটা ইনস্টলমেন্টএর ব্যবস্থা করেছেন, ৩টা ইনস্টলমেন্টএ যাতে তারা দেবার ব্যবস্থা করতে পারে সেই সুযোগ তিনি দিয়েছেন। কিন্তু আমার আশঙ্কা হচ্ছে আপনারা সরকারপক্ষ থেকে যাঁদের সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছেন তাঁদের মাধ্যমে এই সামান্য সুযোগটুকু যা দিয়েছেন বুঝি সেটাও কেড়ে নেবার ব্যবস্থা হবে, সেই আশঙ্কা রয়ে গিয়েছে। কেননা, পৃথিবীর সমস্ত দেশেই জমিকে কেন্দ্র করে যত কিছু সংঘর্ষ, যত কিছু বিপ্লব হয়েছে—ভারতবর্ষেও সেটা হবে সেই বিষয়ে কোন সন্দেহ নাই। দুর্গাপুর কংগ্রেসের ঠিক প্রাক্কালে বাংলাদেশের কংগ্রেসের মধ্যেও বিভিন্ন বিষয়ে দলাদলি ও অন্তর্দ্বন্দ্ব রয়েছে আমরা জানি এবং সেটা যে ভূমির মত গুরুত্বপূর্ণ বিষয়কে কেন্দ্র করে তীব্রতর হবে না এমন মনে করার কারণ নেই হতে পারে। আমি যেটা অনুরোধ করব সিলেক্ট কমিটির মাননীয় সভ্যদের সরকারপক্ষেরই হোন বা বিরোধীপক্ষেরই হোন, সেটা হচ্ছে, আমরা দেখছি যে, ভাগচাষ কোর্টের আইন করে লিমিটেশন করে দিলেন দুই বৎসর—শ্যামাদাসবাবু দয়া করে একটু শুনবেন—কিন্তু পিকিউনিয়ারি জুরিসডিকশন সম্বন্ধে কোন লিমিটেশন নাই, যে কোন রেভেনিউ অফিসার যাঁরা আগে ভাগচাষ অফিসার ছিলেন, তাঁরা যে কোন মানি অ্যামাউন্ট-এর ক্লেম এণ্টারটেন করতে পারেন—এই সংশোধনী বিলে তাঁরা তার সম্বন্ধে কিছুই বললেন না, যে কোন রেভেনিউ অফিসার যাঁর কোন লিগ্যাল ট্রেনিং নাই—তাঁরা কোন্ শ্রেণী থেকে রেভেনিউ অফিসার হন আমরা জানি—এইরকম ব্যক্তির হাতে ল্যান্ড রিফর্মএর দায়িত্ব ছেড়ে দেওয়া হয়েছে, এবং তাঁরা দশ-বার হাজার টাকা ক্লেমও এণ্টারটেন করতে পারবেন। অদ্ভুত ব্যাপার! ল্যান্ড রিফর্মস অফিসার ল্যান্ড রেভেনিউ অফিসার, এঁদের রায়ের বিরুদ্ধে অ্যাপীল কোথায় লাই করবে এবং কিভাবে? মুন্সেফের কাছে যাঁরা আইন পাশ করেছেন, এম-এ, ল পাশ করেছেন এবং যাঁদের জুডিসিয়াল ট্রেনিং আছে সেই মুন্সেফের পিকিউনিয়ারি জুরিসডিকশন কতটুকু? না, প্রথম যখন তাঁরা কাজ আরম্ভ করেন প্রবেশনারি মুন্সিফ হিসাবে তখন ১০০ টাকা, কোন কোন জায়গায় ৩০০।৪০০ টাকা, ৭০০ টাকার বেশি কোথায়ও নয়। তাহলে দেখুন, একজন মুন্সেফ যিনি অ্যাপীল-এর বিচার করছেন তঁর পিকিউনিয়ারি জুরিসডিকশন ৭০০ টাকা সর্বাধিক, ৭০০ টাকার বেশি ক্লেম তাঁরা বিচার করতে পারেন না। কিন্তু একজন রেভেনিউ অফিসার যাঁর কোন আইনজ্ঞান নাই, লিগ্যাল ট্রেনিং নাই, লিগ্যাল অ্যাকুমেন নাই, তিনি দশ-বার হাজার টাকার ক্লেমের বিচার করছেন—এটা কি করে হতে পাবে আমি বুঝি না। দ্বিতীয় কথা হচ্ছে, বেঙ্গল টেনান্সি অ্যাক্ট রিপিল্ড হয়ে গেছে। প্রি-এম্পসন কেস তাঁরা দিলেন রেভেনিউ অফিসার-

এর উপর। একজন বিশিষ্ট আইনজীবী হিসাবে আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাই-কোর্ট-এ এবং সিভিল কোর্ট-এ জমি সংক্রান্ত যত মামলা হয় তার বৃহদংশই প্রি-এম্পসনকে কেন্দ্র করে, প্রি-এমশন কে পাবে না পাবে তা নিয়ে। তাঁরা বলে দিচ্ছেন, অ্যাডজয়েনিং ওনার প্রেফারেন্স পাবে, এবং কো-শেয়ারার। এই সমস্ত প্রশ্ন বিচার করবে কে? সিভিল কোর্ট নয়, এই প্রশ্ন বিচার করবে রেভেনিউ অফিসার, অথচ এগুলি সবই কমপ্লিকেটেড লিগ্যাল টাইটেলএর প্রশ্ন। তৃতীয়ত, আমি মনে করি যে, রেভেনিউ অফিসারদের ক্ষেত্রেও

Civil Procedure Code should be followed as a matter of public policy

একথাটা তাঁরা কোথাও বলছেন না অথচ আমি মনে করি

Civil Procedure Code should be applied and enforced by the Revenue Officer as a matter of policy.

সেখানে দেওয়ানী কার্যবিধি প্রযুক্ত নয়, একেবারে কাজীর বিচার করছেন রেভেনিউ অফিসাররা। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি—জোতদার মামলা করেছে ভাগচাষীর বিরুদ্ধে। আপনি দেখুন একটা বোনাফাইডি কেস—আইন যখন করতে যাচ্ছেন তখন আইনের সর্বদিকই দেখা দরকার—তিনি একটা দরখাস্ত করেছেন, সেই দরখাস্তের মধ্যে গলদ থাকতে পারে। একটা বোনা ফাইডি মিসটেক রয়ে গেছে, তার জন্যে তিনি রেভেনিউ অফিসারএর কাছে আপত্তি দিয়ে সংশোধন করতে পারেন। এর কোন প্রভিশন আছে? কোন প্রভিশন নাই। অথচ যে কোন আদালতের ইনহেরেন্ট পাওয়ার থাকে সিভিল প্রসিডিওর কোডএর বিধান সংশোধন করবার। আর একদিকে দেখুন, এখানে সাবস্টিটিউশনের কোন প্রভিশন নাই। সিভিল কোর্টএর মত রেস্ট্রিকশনএর কোন প্রভিশন নাই। সেজন্য আমি মনে করি যে, অর্ডার সিক্স, রুল সেভেনটিন অব দি সিভিল প্রসিডিওর কোড, অর্ডারস ২১, ২২, সেকসন ১৫১ অফ দি সিভিল প্রসিডিওর কোডএর ক্ষমতাগুলি সেখানে দেওয়া উচিত। আমি দেখছি এখানে একটা জায়গায় স্টে পাওয়ার্স সিভিল কোর্টকে দেওয়া হয়েছে। এতদিন পর্যন্ত মুন্সিফ-এর স্টে পাওয়ার ছিল না, হাইকোর্টে অনেক মামলা হয়ে গেছে এজন্য। লোয়ার ট্রাইব্যুনাল অর কোয়াসি-জুডিসিয়াল ট্রাইব্যুনাল-এর ইনহেরেন্ট পাওয়ার বা ইমপ্লায়েড পাওয়ার আছে কি না সে সম্বন্ধে কোন প্রভিশন না করে

We left the matter to the off chance of a judicial decision, why should we do it?

আমাদের এই লেজিসলেচারএ আছে, আমরাই কম্পিটেন্ট, আমরাই আইন করে বলে দিতে পারি। সুতরাং সেইভাবেও একটা সংশোধনীর প্রয়োজনীয়তা আছে। আরেকটা গুরুত্বপূর্ণ প্রশ্ন আমার মনে জেগেছে সিলেক্ট কমিটির মাননীয় সদস্যদের এই ব্যাপারটা বিবেচনা করবার জন্য আমি অনুরোধ করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন, কি অদ্ভুত অ্যানোম্যালি রয়ে গিয়েছে ল্যান্ড রিফর্মস অ্যাক্টএ বর্গাদারদের রাইট অধিকার হেরিটেবলও নয়, ট্রান্সফারেবলও নয়। এটা নিয়ে আমাদের ফাইট করবার আছে। রুল ২৬(এ), এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএ দেখবেন, রুল টোয়েন্টি-সিক্স(এ), এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএ দেখবেন, তিনি বলছেন রেভে-নিউ অফিসারএর কাছে যখন যাবে রেভেনিউ অফিসার স্যাল রেকর্ড দি পার্টিকুলারস অব পজেসন, যার পজেসন সেটা রেকর্ড করবেন। ক্যালকাটা হাই কোর্টএর ফরটি-টু ক্যালকাটা উইকলি নোটসএ নথীভুক্ত একটি কেসে বিচারপতি বলে গিয়েছেন মাম্থলি টেনান্ট-অ্যাট-উইল সেটাও হেরিটেবল অ্যান্ড ট্রান্সফারেবল, অথচ একজন বর্গাদারের ইন্টারেস্ট কেন [illegible] হবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিবেচনা করে দেখুন, যে জমির উন্নতির উপর দেশের সমৃদ্ধি নির্ভর করছে, যেখানে ইনসিকিউরিটি অব টেনিওর থেকে তাকে প্রোটেকশন দিতে চাচ্ছেন, সেখানে যদি তার ইন্টারেস্ট হেরিটেবল অ্যান্ড ট্রান্সফারেবল না করেন, সেখানে সে ভাগচাষী কেন জমির উন্নতি করবে, কিসের স্বার্থে জমিতে ফলন বাড়াবে? সে ইম্প্রুভমেন্ট তখনই করতে পারে যখন তার মনে হবে

I am vitally interested in the matter,

আমি মরবার পরে দিয়ে যেতে পারব, উত্তরাধিকারসূত্রে অধিকার দিয়ে যেতে পারব। আমি জানি ভাগচাষী তার ভাগজোত আরেকজন ভাগচাষীকে হস্তান্তরিত করে দিলেও তাতে জোত-দারের কোন ক্ষতি হয় না। যদি না তাদের এই রাইট [illegible], অ্যান্ড ট্রান্সফারেবল করেন

তাহলে ভাগচাষীদের কোনও উন্নতির সম্ভাবনা নাই। আর তাহলে এই আইন সংস্কারের একটা মূল উদ্দেশ্য ব্যাহত হবে।

[5-45—5-55 p.m.]

তারপর প্রশ্ন হচ্ছে, এখানে দেখছি এলিয়েনেশন-এর কতগুলি কথা বলেছেন, সিডিউল ট্রাইবস-এর কথা বলেছেন। এগুলি ভাল কথা, সিডিউল ট্রাইবস-এর জায়গায় যে ক্লজ-এর কথা বলছেন—অর্থাৎ ক্লজ এইট, ফোরটিন জি-তে "এ, বি" উল্লেখ করেছেন। আমি সেখানে বলছি সিডিউল ট্রাইবস-এর মধ্যে সীমাবদ্ধ রাখবেন না, ব্যাকওয়ার্ড ক্লাশকেও আনা দরকার। অন্য অনুন্নত সম্প্রদায়কে আনা দরকার। স্যার, এই যে এলিয়েনেশন রেস্ট্রিকশন করছেন সেখানে আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখতে চাই। আমি দেখেছি, মাননীয় সদস্যদের সকলেরই বোধ হয় অভিজ্ঞতা আছে এবং কংগ্রেস সদস্য অবনীবাবু যিনি এইসব বিষয়ে খুব উৎসাহী তিনিও জানেন গ্রামাঞ্চলে একজন চাষী—তিনি ভাগচাষী নন, শেয়ার ক্রপার্স নন, তাঁর দশ বিঘা জমি আছে, সে রায়ত এবং তিনি এই আইনের অধীনে আছেন। তিনি গিয়ে মহাজনের কাছে বললেন আমি ফসল করব, আমার ৫00 টাকার দরকার। মহাজন বলল, আমি দিচ্ছি কিন্তু জমির সাফ-কবলা করে দিতে হবে। তাকে যখন আউট অ্যান্ড আউট সেল ডিড করে দিতে হল এবং কথা হল, এক-দুই বছর পর তোমাকে ১,000 টাকা ফেরত দিতে হবে এবং তখন সেল ডিড ফেরত দেব। স্যার, চাষী এই যে সেল ডিড করল সেটা সে বাঁচবার জন্য করল। আমরা দেখেছি ল্যান্ড রিফর্ম অফিসে গিয়ে তহশীলদারকে ধরে দলিলপত্রে নাম রেজিস্ট্রি করছে এবং মহাজনের নামে সেই দলিল বলে গোপনে জমির মালিকানা রেকর্ডেড হয়ে যাচ্ছে। এইভাবে এত বড় বড় ফাঁকি হয়ে যাচ্ছে। কয়েকটা জেলার যদি স্ট্যাটিসটিক্স নেন, তাহলে দেখবেন এই পিরিয়ডএ ১৯৫০-৬৪র মধ্যে রেজিস্টার্ড দলিল হয়ে যাচ্ছে। কাজেই আমি মনে করি, যেমন করে ফজলুল হক সাহেব ডেট সেটেলমেন্ট বোর্ড তৈরি করে বাংলাদেশের কৃষকের কৃতজ্ঞতা অর্জন করেছিলেন ঠিক তেমনি শ্যামাদাসবাবু যাঁর সদিচ্ছার উপর আমার আস্থা আছে, যাঁর বিবেক আছে বলে মনে করি, তিনিও বাংলাদেশে এরকম ব্যবস্থা করুন. এই আইন সিলেক্ট কমিটিতে পাঠিয়ে ঢেলে সাজুন. রিট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে বলুন যে, ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত বিভিন্ন জেলায় যেসমস্ত জমি হস্তান্তরিত হয়েছে, যে সমস্ত রেজিস্টার্ড সেল ডিডস হয়েছে সেখানে হাই পাওয়ার ট্রাইব্যুনাল বসাবেন। সেই ট্রাইব্যুনালে বিচার হোক, ইনভেস্টিগেশন হোক, কোন্ কোন্ চাষী ইনডিজেন্ট কন্ডিশনএ পড়ে, অসহায় অবস্থায় পড়ে ইমপিকুনিয়াস সারকামস্ট্যান্সএ পড়ে জমি বিক্রি করেছে এবং মহাজনেরা কিভাবে আইনের লুকোচুরির আশ্রয় নিয়ে তঞ্চকতা করে জমি চাষীর অসহায় অবস্থার সুযোগ নিয়ে নিজেদের নামে রেকর্ড করিয়ে নিয়েছেন। এরকম ট্রাইব্যুনাল যদি করতে পারেন তাহলে আমি মনে করি, এই জালিয়াতি এবং ফাঁক ধরা পড়বে এবং মহাজনী অত্যাচার এবং শোষণের বিরুদ্ধে সেটা যাবে। সিলেক্ট কমিটির মাধ্যমে এটা যদি না করেন তাহলে ল্যান্ড রিফর্ম করে ভাগচাষীদের কিছু করতে পারবেন না, এই সমস্ত ছোট ছোট রায়তের উপকার করতে পারবেন না। হরেকৃষ্ণবাবু বলেছেন যে, খাজনা বাড়াতে চলেছেন। আমি বুঝতে পারছি না, কোন্ যুক্তিতে এটা বাড়াতে চলেছেন। যেখানে দেশের এই আর্থিক অবস্থা, যেখানে ফসল বাড়ে নি এবং প্ল্যানিং কমিশন পর্যন্ত যেখানে ধমক দিয়ে বলেছেন বাংলাদেশের পারফরমেন্স হচ্ছে সবচেয়ে লোয়েস্ট, এগ্রিকালচার ডিপার্টমেন্টএর পারফরমেন্স খুব খারাপ, যেখানে কৃষির উন্নতি হয় নি, ফসল বাড়ে নি সেখানে আপনারা বলছেন ইরিগেটেড এরিয়ায় তিন একর হলে ট্যাক্স বাড়াবেন এবং নন-ইরিগেটেড এরিয়ায় পাঁচ একরের বেশি হলে ট্যাক্স বাড়াবেন। আমি এর বিরোধিতা করছি—এটা হওয়া উচিত নয়। তারপর, ক্লজ ফাইভএর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা শুধু বর্ধমান, বাঁকুড়া এবং বীরভূমের প্রবলেম নয়, এটা নদিয়া, মুর্শিদাবাদ এবং মেদিনীপুরের একটা সমস্যা হবে, নর্থ বেঙ্গলের, কোচবিহারের একটা সমস্যা হবে। ক্লজ ফাইভ-এ বলেছেন,

'Any land gained by gradual accession to a holding, whether from the recess of a river or of the sea, shall vest in the State Government free from all encumbrances and the raiyat who owns the holding shall not be entitled to retain such land as an accretion thereto.

ামার মনে হয় এটা একেবারেই উচিত নয়। মুর্শিদাবাদে মাননীয় অধ্যক্ষ মহোদয় একটা মস্যা আছে। পদ্মার চর গিয়ে সেখানে হাজার হাজার বিঘা জমি একুইজিশন হয়ে যাচ্ছে। াপনি জানেন লীগাল প্রিন্সিপল হচ্ছে ইউ কাননট এ্যাপ্রোবেট এন্ড রিপ্রোবেট এ্যাট দি াম টাইম চাষীর বেলায় কি হচ্ছে? পদ্মার যখন ভাঙ্গন হচ্ছে, তাঁর জমি চলে যাচ্ছে, কই তার ন্য তো তার খাজনাতো মকুব করছেন না। বছরের পর জমি পদ্মার জলে বিলীন হয়ে াল, কিন্তু তার জন্য তাকে খাজনা দিতে হল, তার খাজনা মকুব করলেন না, ফ্লুভিয়ালি াকশনের ফলে যদি জমি এক্রিশন হয় তাহলে তাকে বঞ্চিত করা ঠিক হবে না। সেজন্য ামার মনে হয় এখানে এই যে আইনটা এটার পরিবর্তন দরকার।

সর্বোপরি আমি বলতে চাই, সেক্শন ১৮-এর কয়েকটা উনি উল্লেখ করেছেন, সেকশন ৮-এতে ওঁরা বলছেন যেখানে বর্গাদারদের মনে সংশয় জেগেছে সত্যিকারের জমি সরকারে র্তেছে কিনা, জমি ভেস্ট করেছে কিনা সেই ডাউট থাকার ফলে সেখানে ফসলের অংশ দিতে ারেনি বা কর্জের টাকা দিতে পারেনি। সেখানে একটা ডিসক্রিশন দেওয়া হয়েছে, ডিফল্ট াকলেও তাকে বাঁচাবার প্রভিশন করা হয়েছে। কিন্তু আমি বলছি এমনও হতে পারে, ভিন্ন কো-শেয়ারারদের মধ্যে ডিসপিউট উঠেছে, বিভিন্ন কো-শেয়ারার ভাগচাষীদের কাছ থেকে াগ চাইছে, এখন সেই ভাগচাষী ডাউট এবং ডিসপিউট থাকার জন্য তার অংশ বা ফসল দিতে রেনি এবং দিতে পারেনি বলেই তাকে ডিফল্টের গ্রাউন্ডে সরিয়ে দেওয়া উচিত হবে না। ামি মনে করি যেমন ল্যান্ড লর্ড টেনান্ট স্যুটে, প্রিমিসেস টেনান্সী এ্যাক্টে প্রভিশন আছে যে ভার টাকা জমা দিলে ডেলিভারী অব পজেশনের এগেনস্টে ডিফেন্স স্ট্রাইক আউট হয় না। খানেও ব্যবস্থা করা উচিত যদি ডিফল্ট হয়ে থাকে কেউ অভিযোগ করেন এবং যদি কোন র্গাদার বা ভাগচাষী কোর্টে এসে আদালতে এসে তার টাকা জমা দিতে পারে তাহলে তাঁর চ্ছেদ সেখানে বন্ধ করতে হবে। তাকে একটা প্রোটেকশন দেওয়া দরকার। কারণ ডিফল্ট উন্ডে এভিক্সন বন্ধ করা দরকার এবং গভর্নমেন্ট-এর এটা যদি পলিসি হয় উচ্ছেদ ব্যবস্থা ধ করা তাহলে আমার মনে হয় ভূমি সংস্কার-আইনের ১৮ ধরায় যে ব্যবস্থা করেছেন তার রিবর্তন আপনাদের কর দকরার। আমি বলবো যে এভিডেন্স এ্যাক্ট ভাগচাষ অফিসারদের ভিনিউ অফিসারদের কোর্টে এ্যাপ্লাই করুন। রেভিনিউ অফিসাররা বলেছেন অদ্ভুত একটা থা। রেকর্ড অব রাইটস যেটা সিভিল কোর্ট মেনে নিচ্ছে রেভিনিউ অফিসাররা তা নেন না। রেকর্ড অব রাইটস দেখালে সিভিল কোর্ট প্রোভেটিভ ভ্যালু দেন কিন্তু রেভিনিউ ফিসাররা দেন না। অতএব আমি বলবো সিলেক্টটীভ কমিটিতে যে সব মাননীয় সদস্যরা ছেন তাঁরা এ দিকটা দেখুন, বিচার করুন।

সবশেষে আমি বলবো সিলেক্ট কমিটির এই যে ২০ তারিখ পর্যন্ত সময় বেঁধে দিয়েছেন াতে আমার সংশয় জেগেছে এবং আমাদের এই গোটা আইনটাকে যদি ঢেলে সাজতে না রেন তাহলে যেটুকু অন্ততঃ সুযোগ দিয়েছেন সেই সুযোগ থেকে ভাগচাষীদের বঞ্চিত রবেন না, এই আবেদনই আমি মন্ত্রিমহাশয়ের কছে রাখবো।

Mr. Speaker: Honourable members, this Bill will continue tomorrow nd we will follow the regular programme excepting that the Calcutta unicipal (Amendment) Bill will be taken up later on.

The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-54 p.m. till 1 p.m. on hursday, the 10th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, he 10th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, } Hon'ble Ministers, 2 Hon'ble Ministers of State and 147 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

1—1-10 p.m.]

Scale of pay for the municipal employees

***374.** (Admitted question No. *1004.)

শম্ভুচরণ ঘোষ: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পৌর র্মচারীদের জন্য সর্বনিম্ন বেতন আইন চালু হওয়ার পর বেতনের কাঠামো (স্কেল অফ পে) স্থিরীকরণের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

পৌর কর্মচারীদের সর্বনিম্ন বেতন পুনর্নির্ধারণের প্রশ্ন সরকার বিবেচনা করিতেছেন। নিম্নতম বতন আইনে স্কেল অফ পে স্থিরীকরণের প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh:

আমার প্রশ্নটা কিন্তু নিম্নতম বেতনের পে স্কেল করা যায় কিনা এ সম্পর্কে ছিল না। কাজে াজেই দ্বিতীয় অংশে যে কথা বলেছেন নিম্নতম বেতন আইনে পে স্কেল গঠনের কোন প্রশ্ন ঠে না এটা আমার প্রশ্ন নয়। আমি জিজ্ঞাসা করছি মিনিমাম ওয়েজ ১৯৫৮ সালে চালু হবার র ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এমপ্লয়িজ ফেডারেশন-এর পক্ষ থেকে বহুবার আপনার কাছে আমরা আবেদন করেছি যে মিউনিসিপ্যাল কর্মচারীদের জন্য একটা নতুন পে স্কেল করে দেওয়া হাক। পে স্কেল করার জন্য ডাকা হয়েছে এবং এ সম্পর্কে আপনিই আমাদের কাছে আশ্বাস য়েছিলেন যে, এ সম্পর্কে আমরা চিন্তা করছি। আমি পরিষ্কার জিজ্ঞাসা করতে চাই যে এই প স্কেল করার জন্য সরকার কতদূর অগ্রসর হয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

প স্কেল সরকার করতে পারেন না। মালিক পক্ষ শ্রমিকপক্ষ যদি রাজী হয় তাহলে একটা কল হতে পারে। তা না হলে ডিসপিউট থাকলে সরকার যদি উচিত মনে করেন রেফারেন্স রে ট্রাইব্যুন্যালে দিলে তাঁরা সেটা করতে পারেন, সরকার নিজে করতে পারেন না।

Shri Sambhu Charan Ghosh:

খন মিউনিসিপ্যাল এমপ্লয়িজ ফেডারেশনের পক্ষ থেকে আপনার কাছে আমরা আবেদন রেছিলাম তখন আপনি মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েসান অর্থাৎ মালিকপক্ষের যে সংস্থা াদের সাথে আলোচনা করে একটা কমিটি করার প্রস্তাব দিয়েছিলেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

মিটি করার পর, তাদের সাথে আলোচনা করে ব্যবস্থা কিছু করা যায় কিনা এটাই আমরা লেছিলাম।

Shri Sambhu Charan Ghosh:

আমি জিজ্ঞাসা করছি যে, মালিকপক্ষের সংস্থা মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনের সাথে কথা বলার পর আপনি তাঁদের মনোভাব বুঝার পরে কিছু কংক্রীট ব্যবস্থা কি করেছেন তাদের দেয়া সম্পর্কে?

The Hon'ble Bijoy Singh Nahar:

তারা একমাত্র আপত্তি জানিয়েছিলেন পে স্কেল করতে পারছি না, সরকার যদি কন্ট্রিবিউশন না দেন। সেজন্য পরে আর অগ্রসর হয় নি।

Shri Sambhu Charan Ghosh:

আপনি কি জানেন যে, মিনিমাম ওয়েজেস অ্যাক্টে একটা ধারা আছে যে যদি ২০ পয়েন্ট ইনক্রীজ করে প্রাইস ইনডেক্স তাহলে ৩·৭৫ নঃ পঃ মালিকপক্ষ কর্মচারীদের দেবে এবং ১৯৫৮ সালের পর থেকে আজ পর্যন্ত ২০ পয়েন্ট ইনক্রীজ করেছে এবং বিভিন্ন পৌর কর্তৃপক্ষ এই ৩·৭৫ নঃ পঃ দেন নি—এ সম্পর্কে আমরা আপনাদের দপ্তরে আবেদন করেছি কিন্তু এ সম্পর্কে কোন-রকম ফয়সালা আজও পর্যন্ত হয় নি।

The Hon'ble Bijoy Singh Nahar:

ফয়সালা করা সম্বন্ধে এটুকু বলতে পারি যে, আপনারা যে দৃষ্টি আকর্ষণ করেছেন, আমরা ওদের জানিয়েছি মালিকপক্ষকে, তারপরে তারা দিয়েছেন কিনা জানি না, তবে নিয়মমত যে পাওয়া হয় তা নিশ্চয়ই তাদের দেয়া উচিত।

Shri Sambhu Charan Ghosh:

১৯৫৮ সালে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট চালু হবার পর আপনারা নিজেরাই স্বীকার করছেন যে, ২০ পয়েন্ট ইনক্রীজ করেছে। কাজেকাজেই আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি যে, আপনি কি মনে করেন না যে আজকে পৌর কর্মচারীদের জন্য নূতনভাবে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট করা দরকার?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি তো বলেছি সে সম্বন্ধে সরকার বিবেচনা করছেন।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহোদয় যে উত্তর দিলেন তাতে ঠিক সব জিনিসটা বোঝা গেল না। আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করছি এই যে মিউনিসিপ্যাল এমপ্লয়ীজ ফেডারেশন তাদের যে দাবী দিয়েছে সেটাকে আপনি ডিসপুট আকারে গ্রহণ করেছেন, যদি ডিসপুট আকারে গ্রহণ করে থাকেন সেটা কনসোলিয়েসন স্টেজে আছে, অথবা সেটা কোন আকারে গ্রহণ না করে এমনি একটা ইনফরম্যালী দেখছেন, কোন্‌টা?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা বর্তমানে কোন আকারে নেই, তাদের সঙ্গে আলাপ আলোচনায় বসেছি।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় কি জানেন যে একটা মিউনিসিপ্যাল কর্মচারীর যে বেতন সেই বেতন বর্তমান যুগে বিশেষত বর্তমান যে হারে জিনিসপত্রের দর বেড়েছে এবং যেভাবে প্রাইস ইন্ডেক্স বেড়েছে এবং মিনিমাম ওয়েজেস অ্যাক্টে প্রাইস ইন্ডেকস বাড়লে সেভাবে বেতন ইনক্রীজ করার নিয়ম আছে—সমস্ত জিনিসটা বিচার করে মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, তিনি মিউনিসিপ্যাল এমপ্লয়ীদের জন্য এই আইন এন্‌ফোর্স করে যেভাবে ইন্ডেকস বেড়েছে অন্ততপক্ষে সেই আন্দাজে ইনক্রীজ করবার ব্যাপারে তাঁর অফিস থেকে কোন নির্দেশনামা জারী করবেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি এটা পরীক্ষা করে দেখবো।

Shri Jiban Krishna Dey:

মিনিমাম ওয়েজেস অ্যাক্ট টাউন কমিটির কর্মচারীদের পক্ষে প্রযোজ্য কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা কেবল মিউনিসিপ্যাল কর্মচারীদের পক্ষে প্রযোজ্য।

Shri Jiban Krishna Dey:

টাউন কমিটির যারা কর্মচারী তাদের জন্য কোন আইন আছে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

মিনিমাম ওয়েজেস অ্যাক্ট যাদের উপর চাল্ করা যেতে পারে, সরকার যা নোটিফাই করেন তাদের উপর হবে। বর্তমানে এটার মধ্যে মিউনিসিপ্যালিটি আছে, টাউন কমিটি নেই।

Shri Nikhil Das:

উনি বললেন মিনিমাম ওয়েজেস অ্যাক্টে ৩·৭৫ নঃ পঃ বাড়া দরকার, কিন্তু এটা যে মিউনিসিপ্যাল অথোরিটি মানছেন না সে সম্পর্কে আইনে শ্রমদপ্তরকে যে ক্ষমতা দেয়া হয়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা অবলম্বন করায় সেদিকে সরকার কিছু করেছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

এ প্রশ্নের উত্তর দিয়েছি, দেখছি কি হতে পারে।

Shri Nikhil Das:

বহুদিন থেকে এটা তাদের প্রশ্ন আছে অথচ কর্তৃপক্ষ মানছেন না -আইনে তো অধিকার আছে শ্রমদপ্তরের প্রসিকিউট করার, সেইগুলি করছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি তো বললাম, আমরা পরীক্ষা করে দেখছি আইনত কি হতে পারে, না হতে পারে।

Shri Sanat Kumar Raha:

তার মধ্যে কয়টি মিউনিসিপ্যালিটি এই একসেস রেটে, অর্থাৎ ৩·৭৫ পয়সা রেটে ডি এ দিতে সুরু করেছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারব।

[1-10—1-20 p.m.]

Shri Somnath Lahiri:

আপনি বললেন যে, মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ বলেছেন যে সরকার যদি অর্থসাহায্য না করে তাহলে তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। তাদের পে স্কেল সম্বন্ধে অর্থসাহায্য করার বিষয় সরকার বিবেচনা করেছেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা ত আমি বলতে পারবো না।

Shri Nikhil Das:

স্কেল অফ পের ব্যাপারটা, যেটা বলেছেন যে ফেডারেশন থেকে একটা দাবীপত্র দিয়েছেন। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে এই সম্পর্কে কোন অর্মনিবাস ট্রাইব্যুন্যাল গঠন করার বিষয় সরকার চিন্তা করছেন কিনা? কারণ, এটা ট্রাইব্যুন্যালে পাঠানোর ব্যাপার।

The Hon'ble Bijoy Singh Nahar:

বর্তমানে নয়।

Shri Somnath Lahiri:

উনি বললেন যে এটা ওর বিভাগের নয়, এই টাকা পয়সা সাহায্য করবার ব্যাপারটা। তা, এইরব যে আবেদন আসছে, সেই সম্পর্কে, তিনি কি সেটা তাঁর সংশ্লিষ্ট বিভাগকে জানিয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা ত আমার জানাবার বিষয় নয়। ওদের খবর দেওয়া হয়েছে, ও'রা যে জবাব দিয়েছেন, সেইট ওদের জানিয়ে দেওয়া হয়েছে।

Shri Somnath Lahiri:

আপনার গভর্নমেন্টের সংশ্লিষ্ট বিভাগকে কি জানিয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

না।

Dispute between the H. O. Canteen Committee of Messrs. Imperial Chemical Industries (India) Pvt. Ltd. and their canteen staff

***375.** (Admitted question No. *1231.) **Shri Monoranjan Roy:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact—

(i) that the Labour Department amended the Order of Reference No. 3140-I.R./IR/112-41(A)/61, dated 13th June, 1961, in the dispute between the H. O. Canteen Committee of Messrs. Imperial Chemical Industries (India) Pvt. Ltd. and their canteen staff represented by Shri Mrinal Kanti Bose and six others by a Corrigendum No. 4851-I.R./IR/112-41(A)/61, dated 5th August, 1961; and

(ii) that the aforesaid Corrigendum amending the said Order of Reference has been found bad in law by the Fourth Industrial Tribunal, West Bengal?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the amount of financial loss suffered by the said workmen; and

(ii) who will compensate the loss?

(c) What steps Government proposes to take regarding the charter of demands placed by the said workmen on 24th June, 1960, before the Labour Commissioner, Government of West Bengal?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) (i) Yes. Government amended the Order of Reference No. 3140-I.R./IR/111-41(A)/61, dated the 13th June, 1961, by Corrigendum No. 4854-I.R./IR/111-41(A)/61, dated the 5th August, 1961.

(ii) Yes.

(b) (i) Not known.

(ii) The Corrigendum was issued according to the desire of the workmen representing the case. No question of paying compensation to the workmen arises.

(c) The State Labour Directorate conciliated upon the Charter of Demands and conciliation reports were also submitted to Government. On scrutiny of the reports it was felt necessary to make further enquiries on certain points. The Labour Commissioner, West Bengal, was therefore

asked to submit a further report. So the matter was taken up with the workmen concerned. The applicants informed the Conciliation Officer to keep the matter relating to the Charter of Demands pending till a case instituted by them in the High Court was disposed of. The workmen have not yet informed the Conciliation Officer of the position of their case in the High Court. They have also not pursued the matter since then.

Shri Narayan Choubey:

আপনারা ত কোন হিসাবটিসাব করেন না। ঐ (বি)(১)-তে বলেছেন,
the amount of financial loss suffered by the said workmen.
এ সম্পর্কে আপনাকে যা প্রশ্ন করা হল, আপনি কিছুই বলতে পারলেন না, তাহলে আমরা প্রশ্ন করলাম কেন, বলুন?

The Hon'ble Bijoy Singh Nahar:

আপনারা প্রশ্ন কেন করলেন, তা আপনারাই জানেন।

Shri Narayan Choubey:

প্রশ্ন করলাম, উত্তরের জন্য। এটা কি ওনার জানা নেই! আমার আর একটি সাপ্লিমেন্টারী হচ্ছে, কত টাকা লস হয়েছে, দয়া করে বলতে পারেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

না।

Workers of Kalyani Spinning Mill

***376.** (Admitted question No. *1497.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলে কতজন ওয়ার্কার কাজ করে;

(খ) উহাতে কয়টি শ্রমিক ইউনিয়ন আছে;

(গ) উহাদের মধ্যে কোন্ ইউনিয়নকে কর্তৃপক্ষ রিকগ্নিশন দিয়াছেন; এবং

(ঘ) গত জানুয়ারী মাসের দাঙ্গার পর হইতে বর্তমান সময় পর্যন্ত ঐ মিল হইতে কয়জনকে ছাঁটাই করা হইয়াছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) সাধারণত ১,৩৫৫ জন।

(খ) দুইটি রেজিস্ট্রীকৃত শ্রমিক ইউনিয়ন আছে।

(গ) কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে কোন ইউনিয়নকেই স্বীকৃতি দেন নাই।

(ঘ) কোন শ্রমিকের কর্তৃপক্ষ কর্তৃক ছাঁটাইয়ের রিট্রেঞ্চমেন্ট-এর অভিযোগ শ্রমবিভাগে আসে নাই।

অনুসন্ধান লইয়া জানা গিয়াছে যে কোন খবর না দিয়া দীর্ঘদিন কাজে অনুপস্থিত থাকার জন্য ২৩ জন কর্মীর চাকরী খতম হইয়াছে বলিয়া গণ্য হইয়াছে। ইহার মধ্যে ১২ জন কর্মী ফিরিয়া আসিয়া কর্মপ্রার্থী হওয়ায়, তাহাদের কাজে বহাল করা হইয়াছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে ১,৩৫৫ জন ওয়ার্কার আছে, তাদের মধ্যে সকলেই কি সমানভাবে কাজ পাচ্ছেন না, কোন কোন সেকশন-এর ও[illegible] মাঝে মাঝে বসিয়ে রাখা হচ্ছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

আপনি বলেছেন যে, দুটি শ্রমিক ইউনিয়ন আছে। এই শ্রমিক ইউনিয়নগুলির নাম এবং এর কর্মকর্তা কারা জানাইবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ

ইউনিয়নগুলির নাম করতে পারি কিন্তু কর্মকর্তা কারা বলতে পারবো না। একটা হচ্ছে কল্যাণী স্পিনিং মিল কর্মীসংঘ, আর একটা হচ্ছে কল্যাণী স্পিনিং মিল ওয়ার্কার্স ইউনিয়ন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

এটা কি সত্য যে এই দুটি ইউনিয়ন ছাড়াও আরো একটি ইউনিয়ন আছে এবং তা মন্ত্রিমহাশয়ের জ্ঞাতসারেই আছে। এই ইউনিয়নের তরফ থেকে আপনার কাছে রেকগনিশনের জন্য গিয়েছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ

আর একটা শ্রমিক ইউনিয়ন করবার জন্য দরখাস্ত পেন্ডিং আছে, এখনও রেজিস্ট্রেশন হয় নি। তার নাম হচ্ছে কল্যাণী স্পিনিং মিল শ্রমিক পঞ্চায়েত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

যাঁরা দরখাস্ত করেছেন তাঁদের সেক্রেটারির নাম কি?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ

আমার কাছে নাম নেই নোটিশ দিলে বলতে পারি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

এই দুইটি ইউনিয়নের প্রেসিডেন্টের নামও জানেন না?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ

না, জানি না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

তাহলে জিজ্ঞাসা করি এই তৃতীয়টা যেটা আপনার দপ্তরে পড়ে আছে, সেটার যিনি কর্তা সেই রাম গুপ্ত, তিনি কি ডিস্ট্রিক্ট কংগ্রেসের লেবার কমিটির সেক্রেটারী?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ

এইরকম নাম কোন দিনই শুনিনি, জানিও না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

এটা কি সত্য যে পণ্ডিত নেহরুর মৃত্যুর দিন, এর আগে যে দুটি শ্রমিক ইউনিয়নের নাম বললেন, সেই দুটি ইউনিয়নের কর্মীরা তার মিল থেকে বেরিয়ে এসে যখন মিটিং করছিল তখন আপনার ঐ তৃতীয় ইউনিয়নের পক্ষ থেকে যেহেতু তারা শোকসভা করছিল তাদের মারপিট করেছিল, এ খবর আপনার জানা আছে কি?

মিঃ স্পীকার ঃ

মিঃ অধিকারী, কোশ্চেনটা বহুদূরে চলে যাচ্ছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ

না স্যার, রেকগনিশনের ব্যাপারে ওদের কাছে পেন্ডিং আছে এবং রেকগনিশনের জন্য এরা প্রেয়ার করেছেন। কাজেই আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে এই যে তৃতীয় ইউনিয়নটি বললেন, সেই ইউনিয়নটি কি পণ্ডিত নেহরুর মৃত্যুতে শোকসভা করবার অপরাধে অন্যান্য শ্রমিকদের মারপিট করেছিল কিনা সেটাই জানতে চাই?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

এই প্রশ্নের মধ্যে তার কোন নামগন্ধও নেই।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ

এই যে যারা প্রেয়ার করেছিল তাদের রেকগনিশন এত দিনেও দেওয়া হচ্ছে না কেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

সেটা আপনারা বোধ হয় জানেন যে যারা দরখাস্ত দেয় সেটা পরীক্ষা করে দেখা হয় যে রেকগ-নিশন দেওয়া যায় কিনা, উচিত কিনা, এবং রেকগনিশন ফর্ম ঠিক কিনা সেটা পরীক্ষা করে দেখা হচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ

এই যে দুটি ইউনিয়নের নাম করলেন এই দুটি ইউনিয়ন কি আই, এন, টি, ইউ, সি-র সঙ্গে অ্যাফিলিয়েটেড, না অন্য কোন সর্বভারতীয় শ্রমিক সংঘের সঙ্গে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

আমার কাছে সেটা নেই।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ

এই যে ২৩ জন কর্মীকে পুনর্নিয়োগ করা হয়েছে এবং যে ১২ জন এখনও আসে নি তারা এলে কি তাদের পুনর্নিয়োগ করবেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

সেটা আমি বলতে পারি না, কর্তৃপক্ষ বলতে পারে'

শ্রী[illegible] রায়ঃ

এই যে কল্যাণী স্পিনিং মিলে যে শ্রমিক ইউনিয়ন নিয়ে গোলমাল হচ্ছে তার কারণ কি এই যে আমাদের ভূতপূর্ব ডেপুটি মিনিস্টার কাজেম আলী মির্জাকে বোর্ড অফ ডাইরেক্টরে নিয়েছেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

আপনি নিজেই সেই প্রশ্নের উত্তর দিতে পারবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে ২৩ জনকে ছাটাই করা হয়েছে তার মধ্যে কিছু লোককে আপনি বলেছেন যে পুনর্নিয়োগ করা হয়েছে। এই ২৩ জনের মধ্যে যাদের পুনর্নিয়োগ করা হয় নি তাদের সম্বন্ধে আপনার কাছে কোন রিপ্রেজেনটেশন দেওয়া হয়েছে কিনা? এবং তার মধ্যে একজনের রিপ্রেজেনটেশন আমি নিজেই দিয়েছিলাম শ্রীমৃনালকান্তি গুহর। সেই গত দাংগার সময় সে অ্যাফেকটেড হয়েছিল এবং সেই অপরাধে আপনার লেবার ওয়েলফেয়ার অফি-সার তাকে ডিসচার্জ করে রেখে দিয়েছে। আমি আপনাকে জিজ্ঞাসা করছি এইসমস্ত ব্যাপার আপনার কাছে যাবার পর আপনি অন্ততপক্ষে অ্যাজ এ লেবর মিনিস্টার এইগুলি তদন্ত করে দেখবেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ

লেবার মিনিস্টার নিজে তদন্ত করেন না, তাঁর ডিপার্টমেন্ট আছে। আপনার দরখাস্তগুলি সেখানে পাঠিয়ে দেওয়া হয়েছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আপনি কতকগুলি ইউনিয়নের কাছ থেকে দরখাস্ত পেয়েছেন এবং সেইগুলি পরীক্ষা করে দেখছেন, এই অ্যাপ্লিকেশনগুলি কতদিন হল পেয়েছেন এবং কোন্ কোন্ সর্তে এই ইউনিয়নগুলিকে রেকগনিশন দেওয়া হয়?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ
সর্ত হচ্ছে তাঁদের কয়জন সদস্য রয়েছে, তাঁরা সেখানে কাজ করেন কিনা ইত্যাদি এইরকম অনেক-গুলি সর্ত আছে সেটা পরীক্ষা করে যদি দেখা যায় যে ঠিক আছে তাহলে তাঁদের রেকগনিশন দেওয়া হয়, আর না থাকলে দেওয়া হয় না।

[1-20—1-30 p.m.]

Shri Nikhil Das:
প্রশ্নটা রেকগনিশন সম্পর্কে, আপনি উত্তর দিয়েছেন রেজিস্ট্রেশন সম্পর্কে।

The Hon'ble Bijoy Singh Nahar:
রেকগনিশন কাউকে দেওয়া হয় নি।

K. C. Guha Memorial T.B. Hospital and Clinic, Ranaghat

***377.** (Admitted question No. *1507.) **Shri Gour Chandra Kundu:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the amount of money given from Government to K. C. Guha Memorial T.B. Hospital and Clinic at Ranaghat (Nadia) up till now;

(b) the number of beds in this hospital, the number of those that are paying and the number that are non-paying;

(c) whether there is any Managing Body to run the administration of the said hospital; and

(d) who are the authorities for admission of patients and appointment of doctors?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) Total grant paid by the Government of West Bengal, Department of Health, amounts to Rs. 1,00,321, of which Rs. 90,321 was paid to the T.B. Hospital and Rs. 10,000 to the Chest Clinic.

(b) Total number of beds—54 (including 4 extra).

Paying—29.

Reserved—(i) For West Bengal Government—
Health Department—13.
Labour Department (for persons insured under the E.S.I. Act)—10.

(ii) For Nadia District Board—1.
Non-paying—1.

(c) Yes, there is a Trust Board.

(d) Patients are selected for admission into the non-reserved beds by a Committee consisting of the Secretary and two other members of the Trust Board.

The Trust Board appoints the doctors.

Shri Birendra Narayan Ray:
ট্রাস্ট বোর্ডের সভ্যদের নাম কি?

The Hon'ble Purabi Mukhopadhyay: S.D.O., Ranaghat, President, Shri Arun Guha, M.P., Shri Sudhir Roy, Nominee of the Donor, Dr. M. N. Gupta, Honorary Secretary, Trust Board, and Honorary General Secretary, Ranaghat Subdivisional T.B. Association, Shri Bimal Kumar Chatterjee, Representative, Ranaghat Subdivisional T.B. Association, Honorary Treasurer, Shri Ashim Kumar Majumdar, Representative, Ranaghat Subdivisional T.B. Association, Shri Sudhir Chakrabarty, Representative, Ranaghat Subdivisional T.B. Association, Shri Bibhuti Bhusan Mukherjee, Dr. R. N. Gupta, C.M.O.H., Nadia.

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি এই ধরনের কমিটির ব্যাপারে লোক্যাল এম, এল, এ-দের কন্সিডার করা হয় কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এটা তো ট্রাস্ট বোর্ড-এর ব্যাপার।

Treatment in Diara Health Centre, Hooghly

***378.** (Admitted question No. *1548.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার সিঙ্গুর থানার অন্তর্গত দিয়াড়া স্বাস্থ্যকেন্দ্রে অন্তর্বিভাগীয় ও বহির্বিভাগীয় চিকিৎসার কি কি ব্যবস্থা আছে এবং;

(খ) ঐ স্থানে সব সময়ের জন্য নিযুক্ত কোন চিকিৎসক বর্তমানে আছেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ও (খ) দিয়াড়া স্বাস্থ্যকেন্দ্রটি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন। রাজ্যসরকারের পক্ষে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভবপর নয়।

Reduction of D. A. for the jute mill labourers

***379.** (Admitted question No. *1549.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি চটকল শ্রমিকদের মাগ্গী ভাতার পরিমাণ কমানো হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই কমানো কোন্ হিসাবের ভিত্তিতে হইয়াছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) হ্যাঁ, ১৯৬৪ সালের অগাস্ট মাস হইতে ১৯৬৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত সময়ের জন্য পূর্ববর্তী ছয় মাস অপেক্ষা প্রতি মাসে ৬০ পয়সা করিয়া মহার্ঘভাতা হ্রাস পাইয়াছে।

(খ) পাটশিল্পের জন্য নিযুক্ত বেতন বোর্ডের সুপারিশ অনুসারে প্রতি বৎসর ছয়মাস অন্তর ফেব্রুয়ারী ও অগাস্ট মাসে পাটশিল্পে নিযুক্ত শ্রমিকদের মহার্ঘভাতা নির্ধারণ করিতে হয়। পূর্ববর্তী জুলাই হইতে ডিসেম্বর কিংবা জানুয়ারী হইতে জুন, এই প্রতি ছয় মাসে কলিকাতার ওয়ার্কিং ক্লাস কনজিউমার প্রাইস ইন্ডেক্স নাম্বার-এর গড় অনুসারে এই মহার্ঘ-ভাতা নির্ধারণ করা হয়। সূচক সংখ্যার প্রতি একক হ্রাসবৃদ্ধির জন্য মহার্ঘভাতা ২০ পয়সা করিয়া কমে-বাড়ে। গত জানুয়ারী হইতে জুন সময়ের সূচক সংখ্যা তিন একক কম থাকায় অগাস্ট হইতে আগামী ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত সময়ের জন্য পাটশিল্পের শ্রমিকগণ প্রতি মাসে ৬০ পয়সা করিয়া মহার্ঘভাতা কম পাইবেন।

শ্রীভবানী মুখোপাধ্যায়: যে সময় সমস্ত প্রকার জিনিসের দাম উর্ধমুখী সেই সময় এই হিসাবে কি দাঁড়াল শ্রমমন্ত্রী সেটা লক্ষ্য করে দেখেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

এ সম্পর্কে এর পূর্বেও এই সভায় অনেক আলোচনা হয়েছে। আমরা ট্রেড ইউনিয়ন-এর রিপ্রেজেনটেটিভ-এর সংগে আলোচনা করেছি এবং ভারত সরকারকে জানিয়েছি এগুলি আরেকবার পরীক্ষা করে দেখা হোক ভুল আছে কিনা, এখনো উত্তর পাই নি।

Shri Sailendra Nath Adhikary:

তাঁদের উত্তর না আসা পর্যন্ত আপনারা একটা জিনিস করতে পারেন কিনা, মালিকদের বলতে পারেন কিনা যেটা জানিয়েছেন সেটা এড-ইণ্টারিম গ্র্যাণ্ট হিসাবে দেবার জন্য?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেরকম বলার কোন সম্ভাবনা নাই।

Shri Gopal Basu: Cost of living index তৈরীর ব্যাপারে রাজ্যসরকারের কোন দায়িত্ব আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

যাঁরা কালেকসন করেন তাঁরা রাজ্যসরকারের কাছে পাঠিয়ে দেন, একটা ফিরিস্তি রেখে, এবং তাঁরা ভারত সরকারের কাছেও পাঠিয়ে দেন।

Shri Gopal Basu: Cost of living index compile করে পাঠান হয়েছিল?

The Hon'ble Bijoy Singh Nahar:

যেটা এসেছিল সেটা পাঠিয়ে দেওয়া হয়েছিল।

Shri Gopal Basu:

বাংলাদেশে জিনিসপত্রের দাম সম্পর্কে কোন তথ্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আলাদা কিছু পাঠান হয় নি।

Shri Gopal Basu:

কোন্‌টা পাঠিয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

যেটা পশ্চিমবঙ্গ সরকারের দপ্তরে আসে সেটাই ঠিকমতো এডিট করে পাঠান হয়।

Shri Gopal Basu:

এটা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের যে কালেকটেড ইনফরমেশন সেটাই কেন্দ্রীয় সরকারকে দেওয়া হয়?

The Hon'ble Bijoy Singh Nahar:

আলাদা কিছু করা হয় নি।

Shri Gopal Basu:

তাহলে কি পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকার মিলিতভাবে এই মূল্যতালিকা স্থির করেন না?

The Hon'ble Bijoy Singh Nahar:

তাঁদের এজেন্ট এখানে যাঁরা আছেন তাঁরাই সংগ্রহ করেন কলকাতার চারটি বাজার থেকে।

Shri Narayan Chowbey:

আপনি নিশ্চয়ই দেখেছেন বোম্বে এবং আমেদাবাদে ইনডেক্স ফ্রড ধরা পড়েছে, তেমনি আপনি কি মনে করেন না পশ্চিমবাংলায়ও ইনডেক্স ফ্রড আছে বলে এই গোলমাল হয়েছিল?

The Hon'ble Bijoy Singh Nahar:

না।

Shri Narayan Choubey:

মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ২৪-৭-৬৪ তারিখে আমি একটা কোশ্চেন দিই, এডমিটেড কোশ্চেন ৭৬৪, উত্তর দেবার প্রথম তারিখ ছিল ২৮-৮-৬৪, উত্তর আসে নি সেদিন; তারপর, ৩-৯-৬৪-এ উত্তর দেবার কথা ছিল, তখনো উত্তর আসে নি। আজকেও আসে নি। এভাবে আমাদের অধিকার লঙ্ঘন হচ্ছে।

The Hon'ble Purabi Mukhopadhyay:

অধ্যক্ষ মহাশয়, শ্রী চৌবের এই প্রশ্নটায় ডেট সম্পর্কে ভুল আছে। তাঁরা যদি প্রশ্ন দেবার সময় কি বিষয় কোন বিভাগের ব্যাপার, এগুলি একটু দেখে দেন তাহলে আমাদের সময় নেবার দরকার হয় না। এটা ঠিক, এটা খাদ্যে ভেজাল আইনের ভিতরেই পড়ে, কিন্তু এটা হাইকোর্ট পর্যন্ত গিয়েছে, এর কোন মেটিরিয়েল আমাদের কাছে থাকবে, কোন মেটিরিয়েল জুডিসিয়াল ডিপার্টমেণ্ট-এর কাছে থাকবে তা ঠিক করবার জন্য আমরা জুডিসিয়াল ডিপার্টমেণ্ট-এর কাছে রেফার করেছি। এ সম্পর্কে হাইকোর্ট কি করেছেন না করেছেন তার রিপোর্ট হাইকোর্ট থেকে না আসা পর্যন্ত বার বার হেল্ড ওভার হওয়া ছাড়া উপায় নাই।

[1-30—1-40 p.m.]

Shri Narayan Choubey:

আমি বুঝলাম না আপনি আমার প্রশ্ন অ্যাডমিট করেছেন এবং তারপর......

Mr. Speaker: A letter has been received from the Judicial Department the copy of which has been forwarded to the Secretariat. I am reading the letter:

"The undersigned is directed to send herewith for disposal Memo. No. 328 QLA, dated 30th July 1964, with enclosure from the West Bengal Legislative Assembly Secretariat on the above subject as the matter concerns the Health Department."

This letter has been finally sent to your department.

The Hon'ble Purabi Mukhopadhyay: I have again referred that letter to the Judicial Department for function of the High Court. What the High Court has done about that case I did not get any reply from the Judicial Department or anybody, from the High Court officers or from the Assembly Secretariat who has received this file and this file has not been returned to me yet. We can see the file is lying with the Chief Whip. We wanted extension of time so that we could recollect it. I told you, Sir, that this is about prevention of food adulteration which concerns the Health Department no doubt, but this has gone up to the High Court. So I am not the proper person to find out from the High Court what happened, only the Judicial Department can do it. I think there may be some misunderstanding.

Mr. Speaker: Please try to get it the next rotational day.

Shri Narayan Choubey: The Medical Department can write to the Judicial Department. I am very anxious about it.

The Hon'ble Purabi Mukhopadhyay: If you want the correct answer, then you will have to give me some time so that I can get the information from the Hon'ble High Court.

Shri Narayan Choubey: I have given you not some time, but 49 days; but I did not get any reply.

The Hon'ble Purabi Mukhopadhyay: I do not know whether it is 49 days, but only I can say that I did not get any reply from either the Judicial Department or the High Court to which we did not refer, but the Judicial Department must have referred that case to them. I did not reply because I want to give you a correct reply, I do not want to give any wrong reply. I do not know if I can give the reply on the rotational day. That all depends on the Judicial Department answering my question.

Mr. Speaker: Certainly it is the right of members to get the answer, but because of some anomaly between the departments the delay is there. Had it been addressed to the Judicial Department, I hope you could have received the reply this time. Now that it has been sent to the Health Department and the Health Department has sent it to the Judicial Department, you will get the reply on the next rotational day.

শ্রীনারায়ণ চৌবেঃ স্যার, কথা হচ্ছে ৩০-৭-৬৪ তারিখে জুডিসিয়াল ডিপার্টমেণ্ট রেফার্ড টু হেল্‌থ ডিপার্টমেণ্ট যে, এটা আমাদের ব্যাপার নয়, এবং তারপর ও'রা রেফার করেছেন। আমার মনে হয়, মেদিনীপুরের ডি, এম-কে বললে উত্তর পাওয়া যেত। যা হোক, আমি উত্তর পাচ্ছি না বলে আপনার প্রোটেকশান চাই।

Mr. Speaker:
এটা যদি জুডিসিয়াল ডিপার্টমেণ্ট-এ থাকত তাহলে
I could have asked he Hon'ble Minister from the Judicial Department why the answer has not been given. But the Health Minister says that she has sent it to the Judicial Department. Therefore I cannot ask her why it has not been answered. The assurance has been given that by the next rotational day you will get the answer.

Shri Narayan Choubey: She says that unless she receives the answer, how can she give it?

Mr. Speaker: You can put that question again to the Judicial Department.

The Hon'ble Purabi Mukhopadhyay: Will you kindly allow me to place the whole file to you?

শ্রীলনৎকুমার রাহাঃ
এই ধরনের কোশ্চেন অ্যাডমিট করবার সময় যদি এম, এল, এ. কনসার্নকে বলা হত জুডিসিয়াল ডিপার্টমেণ্টএ এটা পাঠিয়ে দিন তাহলে ভাল হত।

Mr. Speaker: Mr. Choubey, that is the better practice, if all the papers in the file are returned back to the member with the request to place them before the proper date.

শ্রীনারায়ণ চৌবেঃ
জুডিসিয়াল ডিপার্টমেন্টে উনিই পাঠিয়েছিলেন এবং তাঁরা আবার ও'কে পাঠিয়েছেন। হাউ আই সেন্ট ইট টু দি জুডিসিয়াল ডিপার্টমেন্ট, আই উড ডেফিনিটলি.........

দি অনারেবল জগন্নাথ কোলেঃ
নারায়ণবাবু, আপনার আশঙ্কার কোন কারণ নেই। এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে এবং তাঁরা পাঠিয়ে দিয়েছে এবং দেখা হচ্ছে।

UNSTARRED QUESTIONS

(To which written answers were laid on the table)

Seizure of paddy in Ketugram police-station

637. (Admitted question No. 1083.)

শ্রীসুবোধ চৌধুরীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৯ই মে কাটোয়া মহকুমার কেতুগ্রাম থানায় বেরুগ্রামে কোন ধান সীজ করা হইয়াছিল কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথায় ও কত পরিমাণ ধান সীজ করা হইয়াছিল,

(২) এই সম্পর্কে ধানের মালিকদিগকে কোন নির্দেশ দেওয়া হইয়াছিল কিনা ; এবং

(৩) নির্দেশ দেওয়া হইয়া থাকিলে, তাহা কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) গ্রাম বেরুগ্রাম, ডাকঘর বেরুগ্রাম, থানা কেতুগ্রাম, জিলা বর্ধমান-এর মৃত সামসুজ্জহার দুই পুত্র শ্রীবদরুদ্দুজা আব্দুল মান্নান ও শ্রীনুরুল হুদার গোলা হইতে ৪৭৫ মণ ধান সীজ করা হইয়াছিল।

(২) ও (৩) মালিকদের নির্দেশ দিয়া আটক করা (সীজ) ধান সম্পর্কে ব্যবস্থা গ্রহণের পূর্বে কলিকাতার মান্য মহাধর্মাধিকরণ স্থগিতনামা (স্টে-অর্ডার) ইস্যু করিয়া কাগজপত্র তলব করিয়াছেন।

Paddy requisitioned through levy system in Jhargram subdivision

638. (Admitted question No. 1152.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমায় বর্তমান লেভী প্রথা প্রচলিত হওয়াকালীন কোন্ কোন্ থানা হইতে এবং কোন্ কোন্ ব্যক্তির নিকট হইতে কত মণ ধান আটক করা হইয়াছে?

The Minister for Food and Supplies:

এতদ্‌সহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 638

Serial No.	Name and address of the Noticee.	Quantity of paddy requisitioned.	Quantity lifted.
	Police-station Jhargram		
1	Shri Amal Kumar Mehra, Vill. and P. O. Jhargram ..	27·00	27·00
2	Shri Bimal Kr. Mehra, Vill. and P. O. Jhargram ..	15·00	15·00
3	Shri Bholanath Mehra, Vill. and P. O. Jhargram ..	8·44	8·44
4	Shri Dinanath Mehra, Vill. and P. O. Jhargram ..	4·66	4·66
5	Shri Bedprakash Mehra, Vill. and P. O. Jhargram ..	22·67	22·67
6	Shri Jagannath Mehra, Vill. and P. O. Jhargram ..	10·62	10·62
7	Shri Baijnath Mehra, Vill. and P. O. Jhargram ..	21·45	21·45
8	Messrs. J. Mehra & Bros. Pvt. Ltd., Vill. and P.O. Jhargram	21·16	21·16
9	Shri Narasingh Malladev, Vill. and P. O. Jhargram ..	75·00	74·64
10	Shri Prem Chand Mahata, P. O. Jacsalboni, Vill. Lodhasuli	10·00	10·00
11	Shri Natobar Patra, Vill. and P. O. Aguibani	97·30	97·30
12	Shri Hrishikesh Patra, Vill. and P. O. Aguibani ..	80·00	80·00
13	Shri Golak Behari Giri, Vill. and P. O. Aguibani ..	25·55	25·55
14	Shri Jnanendra Nath Kar, Vill. and P. O. Chandri ..	24·00	24·00
15	Shri Bankim Ch. Kar, Vill. and P. O. Chandri ..	45·74	45·74
16	Shri Jaladhar Kar, Vill. and P. O. Chandri	18·00	18·00
17	Shri Nandalal Hota, Vill. and P.O. Chandri	20·00	20·00
18	Shri Mokramlal Hota, Vill. and P. O. Chandri ..	20·94	20·94
		547·53	547·17
	Police-station Sankrail		
1	Shri Jarilal Shaw, Vill. Baligeria, P. O. Kultikri ..	69·55	69·55
2	Shri Gobardhan Shaw, Vill. Baligeria. P. O. Kultikri ..	55·29	55·29
3	Shri Purna Ch. Pradhan, Vill. Naldana, P. O. Kultikri ..	41·66	41·66
4	Shri Harendra N. Sarangi, Vill. and P. O. Landaka ..	59·95	..
5	Shri Rameswar Maity of Bhamal, P. O. Kashiapada ..	26·96	26·96
6	Shri Sarbeswar Routh, Vill. Chhotaberi, P. O. Kultikri ..	41·27	41·27
7	Shri Bikram Chandra Ghosh of Baligeria, P. O. Kultikri ..	42·33	42·33
8	Shri Banamali Jana, Vill. Jokua, P. O. Kultikri ..	30·31	.
9	Shri Bibhuti Bhusan Bhowmick, Vill. and P. O. Keshiapada	29·15	..
10	Shri Harihar Mahato, Vill. Baroda, P. O. Rohini ..	51·63	..
11	Shri Gobinda Prosad Mahato, Vill. Nilchigeria, P. O. Rohini	46·70	..
12	Shri Guhiram Mahata, Vill. Chunpara, P. O. Rohini ..	59·70	..
		554·56	277·06

Serial No.	Name and address of the Noticee.	Quantity of paddy requisitioned.	Quantity lifted.
	Police-station Gopiballavpur		
1	Shri Gopinath Dey of Vill. Ambi, P. O. Baliabeat ..	91·00	91·00
2	Shri Manoranjan Dey, Vill. Ambi, P. O. Baliabeat ..	106·00	106·00
3	Shri Sudhir Chandra Dey, Vill. Ambi, P. O. Baliabeat ..	54·00	..
4	Shri Jatindra Nath Dey, Vill. Ambi, P. O. Baliabeat ..	25·00	..
5	Shri Sadasib Dey, Vill. Ambi, P. O. Baliabeat ..	70·00	..
6	Shri Byomkesh Satpaty of Kushmarh, P. O. Baliabeat ..	40·00	40·00
মাননীয় স্পীকার মহোদয়, হেম সান্যালের হত্যাকাণ্ডের ব্যাপারে দেশের সর্বত্র একটা উদ্বেগের সৃষ্টি হয়েছে এবং এই ব্যাপারে কেউ কেউ বলেছেন, স্বরাষ্ট্রমন্ত্রী নন্দজী বলেছেন যে এটা পলিটিক্যাল মার্ডার নয়। আবার কয়েকজন এম পি বলেছেন এটা পলিটিক্যাল মার্ডার। কাজেই এই বিষয়ে বাংলা গভর্নমেন্টের যদি কিছু দায়িত্ব থাকে তাহলে তাঁরা সেটা যেন পালন করেন। এটার ঠিকমত যাতে অনুসন্ধানের ব্যবস্থা হয় সেজন্য আমি বাংলা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

GOVERNMENT BILL

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964

[1-40—1-50 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বিধানসভায় ভূমি সংস্কার সম্পর্কে যে বিলটা মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন সেটা সিলেক্ট কমিটিতে যাওয়ার জন্য যে প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করি। কিন্তু সিলেক্ট কমিটিতে যেভাবে বিলটা যাবে সেখানে আলোচনার পরিধির যে সীমাবদ্ধতা আছে তা থেকে আমার মনে হয় সিলেক্ট কমিটিতে গেলেও এই বিলে সামগ্রিক উন্নতি বিধান হবার সম্ভাবনা থাকলেও ভূমি সংস্কার সম্পর্কে সামগ্রিকভাবে কোন নতুন মৌলিক দৃষ্টিভঙ্গী নিয়ে কৃষকের স্বার্থে ভূমি সংস্কার হওয়ার সম্ভাবনা আছে কিনা সে সম্পর্কে আমার আশঙ্কা এবং সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পৃথিবীতে প্লাট এবং মানুষ এই দুটি

কারবার নিয়ে অনেক বিপ্লব ঘটে গেছে। মাটি আর মানুষের সঙ্গে যে স্বাভাবিক সম্পর্ক সেই সম্পর্ক যখন সরে যায় তখন দেখা গেছে মাটি আর মানুষ তার বিরুদ্ধে বিপ্লব সুরু করেছে। আমাদের দেশে এই মাটির সঙ্গে যারা জড়িত ছিল, যারা স্বাভাবিকভাবে মাটির সঙ্গে মানুষের সম্পর্ক যেমন রক্তের সঙ্গে মাংসের সম্পর্ক, সেইভাবে জড়িত ছিল আমাদের দেশের এক শ্রেণীর লোক ঐ মাটি থেকে মানুষকে বিচ্ছিন্ন করে সরিয়ে নিয়ে তাদের স্বার্থপুষ্ট করার চেষ্টা করেছে। আজকে চিন্তা করতে হবে ভূমি সংস্কারের ফলে সেই কৃষক এবং কৃষকের মাটি তাদের সম্পর্কে সম্পর্ক কি রচনা করবেন তার ভূমিকা এবং কি আইন আনবেন যাতে করে কৃষকের স্বার্থ এই মাটির সঙ্গে আবার পুনর্গঠিত হয়ে পড়ে। আমি আপনাদের সামনে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে কয়েকটি ঘটনা আনতে চাই। গত ১৯৫৩ সালে আমাদের দেশে এই জমিদারী উচ্ছেদ আইনের পরে, ১৯৫৫-৫৬ সালে ভূমি সংস্কার আইন পাশ হওয়ার পরে ভূমি সংস্কার সম্পর্কে কি অবনতি ঘটেছে সে সম্পর্কে কিছুটা আলোচনা হওয়া উচিত। মাননীয় মধ্যক্ষ মহাশয়, আমরা জানি, যে এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট পাশ হওয়ার পর বিগত ৮ বছর চলে গেছে, আমাদের দেশে ভূমির সঙ্গে কৃষকের যে সম্পর্ক ছিল ব্রিটিশ যুগের শেষ পর্যায়ে আজ তার কতটুকু পরিবর্তন হয়েছে। কৃষকের স্বার্থে ভূমি সংস্কার করা হয়, কৃষকের স্বার্থ ব্যতিরেকে ভূমি সংস্কার হয় না। ইতিপূর্বে যে আলোচনা করেছিলাম তাতে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে এই সমালোচনার ফলে এরূপ বিরোধী সমালোচনা করলে জমিদারের আশীর্বাদ পাওয়া যায় অর্থাৎ তাঁরা চান না যে ভূমি সংস্কার করা হোক। যেমন ভূমি সংস্কারের কোন কার্যকরী ব্যবস্থা হয় নি, ফলে দেশের অবস্থা আরো শোচনীয় হয়েছে, গ্রামাঞ্চলে একদল কৃষক যারা কষ্ট পেয়ে নিপীড়িত হয়েছিল সেই শতকরা ৭০-৭৫ ভাগ কৃষকের ভাগ্যে সংস্কারের কোন মাফকাঠিতে যেমন কোন সম্পদ সৃষ্টি হয় নি তেমনি উপর দিকে সেই গ্রাম এলাকায় এক শ্রেণী কৃষক, অত্যন্ত মুষ্টিমেয় তারা, হয়ত ভূমি সংস্কারের ফলে, এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্টের ফলে জোতদাররা লাল হয়েছে এ দিক থেকে আজ যদি সমালোচনা করা যায় তাহলে আমার মনে হয় আশীর্বাদ জমিদার জোতদাররা করবে। মন্ত্রিমহাশয় গ্রহণ করতে পারেন সেই আশীর্বাদ সেই জমিদার জোতদারদের কাছ থেকে যার ফলে আপসে ভূমি সংস্কার আইন পাশ হয়ে যায়। কিন্তু আমার বক্তব্য হচ্ছে বিগত ৮ বছরের মধ্যে গ্রাম এলাকায় কনসেনট্রেসন অফ ল্যান্ড কি অবস্থায় দাঁড়িয়েছে সে সম্পর্কে দুটো অত্যন্ত গুরুত্বপূর্ণ রিপোর্ট আমাদের সামনে আছে –একটা পশ্চিমবঙ্গের, একটা সর্বভারতীয়।

আমরা জানি ১৯৫৩-৫৪ সালে ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটে যে তথ্য দিয়েছিলেন তাতে আমরা দেখেছি যে ওয়ান পার্সেন্ট টপ। তারা ১৭ পার্সেন্ট অব দি ল্যান্ড ওন করতেন, ১৯৫৩-৫৪ সালে

Five per cent. of the top 41 per cent. of the land

ওন করতেন, এবং ১৯৫৩-৫৪ সালে

10 per cent. of the top, 58 per cent. of the land

ওন করতেন। ঠিক বাংলাদেশে এই সময় দেখা যায় কি অবস্থা হয়েছিল—গড় পরিবার ১৯৫৪-৫৫ সালে নিম্নতম ১০ ভাগ পরিবারের হাতে পশ্চিমবঙ্গে জমি কিছু ছিল না, শতকরা ২০ ভাগ নিম্নতম পরিবারের হাতে কোন জমি ছিল না, ১৯৬০-৬১ সালে শতকরা ৩০ ভাগের হাতে ·০৩ শতকরা জমি ছিল এবং ১৯৬১-৬২ সালে সেটা ·০৯-এ এসে পৌঁছালো, শতকরা ৪০ হাতে ·৩৭ জমি ছিল ১৯৫৪-৫৫ সালে আর ১৯৬১-৬২ সালে ৬৭ ও শতকরা ৫০ ভাগের হাতে ১৯৫৪-৫৫ সালে ২·১১, ১৯৬১-৬২ সালে ২·৭৫, এমনি করতে করতে আমরা দেখেছি ৯০ পার্সেন্টের হাতে নিম্নতম পরিবারের ৪২·২১ পার্সেন্ট এবং ৪৬,৭১ পার্সেন্ট। এগুলি বলবার উদ্দেশ্য হল শতকরা ২০/২৫ ৩০ ভাগের হাতে যখন ১৯৫৪ সালে জমি ছিল না, ভূমি-সংস্কার আইন পাশ হয়ে গেল। জমিদারী আইন পাশ হয়ে গেল, তা সত্ত্বেও আমরা ১৯৬১-৬২ সালে দেখছি শতকরা ৩০ ভাগের হাতে ·০৯ ও ৪০ ভাগের হাতে ·৬৭ জমি এল, আগে

ছিল ·০৭, তাহলে ভূমি সংস্কারের ফলে শতকরা ৪০ জন নিম্নতম গরীব চাষী তাদের কাছে কোন জমি এল না। এটা করে সরকারী তথ্য থেকে পাওয়া যায় তেমনি অপর দিকে দেখি শতকরা ১০ পার্সেন্ট যারা কৃষক যারা শতকরা ৫৭·৭৯ ভাগ জমি দখল করতো ১৯৫৪-৫৫ সালে ১৯৬১-৬২ সালে তাদের দখলে এল শতকরা ৫৬·২৩। কাজেই এর থেকে দেখা যায় যে উপর তলার লোক যারা জমি দখল করতো কনসেনট্রেশন অফ ল্যান্ড যে কায়দায় ছিল ১৯৫৪-৫৫ সালে ১৯৬১-৬২ সালে সেই জমির হার তাই থেকে গেল। সারা ভারতবর্ষের ক্ষেত্রে তাই, সারা ভারতবর্ষের ক্ষেত্রে আমরা এই ছবি দেখি যে ১৯৫৪-৫৫ সালে যেটা ৫৮ পার্সেন্ট ছিল, ১৯৬০-৬১ সালে সেটা ৫৭·৫৬ থেকে গেল। কাজেই আমরা দেখছি গত ৭-৮ বছরের মধ্যে জমিদারী আইন পাশ হবার পর, ভূমি সংস্কার আইন পাশ হবার পর আমাদের দেশে কনসেনট্রেসন অফ ল্যান্ডের অবস্থা একই জায়গায় আছে। কাজেই আজ যদি বলা যায় সে ভূমিসংস্কার কৃষকদের স্বার্থে হয়েছে তাহলে যুক্তি দিয়ে মন্ত্রিমহাশয়কে প্রমান করতে হবে—কৃষকের স্বার্থে যদি হয়ে থাকে সে কোন্ কৃষক, সাধারণ কৃষক, মধ্যবিত্ত কৃষক, গরীব কৃষক, ক্ষেতমজুর কৃষক, এবং ভাগচাষী কৃষক এদের স্বার্থে হয়েছে কিনা। শতকরা ৭০-৭৫ ভাগ গ্রামাঞ্চলে যারা চাষ করে তাদের স্বার্থে এই ভূমি সংস্কার হয় নি। আমি আর একটা কথা বলতে চাই যে ভারতের স্বাধীনতার আগের যুগে কংগ্রেসের ন্যাশনাল প্ল্যানিং কমিটি, কংগ্রেস ইকনমিক প্রোগ্রাম কমিটি, কংগ্রেস এগ্রিকালচারাল রিফর্মস অ্যাক্ট, তাদের রেকমেন্ডেসন ছিল, তার থেকে একটা ভাইটাল পয়েন্টে তাঁরা বলছেন

without comprehensive reform in the country's land system there canot be any efficiency.

এর দ্বারা এটা আমরা মনে করি প্রাক্-স্বাধীনতা যুগে কংগ্রেসের যে লক্ষ্য ছিল সে ভূমি সংস্কার করে আমাদের লক্ষ্যে পেঁৗছাতে হবে, আজকে যা মন্ত্রিমহাশয় অ্যাসেম্বলী হাউসে বলেন সে ভূমি-সংস্কার আইন পাশ করে কৃষকের স্বার্থপুষ্ট হয়েছে—আমি বলবো এটা ফাঁকা কথা, কৃষকদের স্বার্থপুষ্ট না করে জোতদার, জমিদারদের আজকে গ্রামাঞ্চলে কংগ্রেস পার্টির স্বার্থকে পরিপুষ্ট করবার জন্য চেষ্টা করছেন। একটা শ্রেণীকে হাতে আনবার জন্য, এই আপোশমূলক আইন পাশ করা হয়েছে। আজকে সিলেক্ট কমিটিতে যে আইন যাবে সেখানে বিলের অধ্যায় আলোচনা করতে গেলে যে কিছু পরিবর্তন করা যাবে, এর কিছু উন্নত হবে, বলে আমার বিশ্বাস নেই। আমি আর একটা কথা বলতে চাই খাজনা সম্পর্কে—আমার মনে হয় এর আগে সিলিং বা গ্রেডেসান হিসাবে সিলিং-এর যে ট্যাকশেশন ছিল সেদিকে দৃষ্টিপাত করা উচিত।

[1-50—2 p.m.]

আমার বক্তব্য যেমন আমাদের বাস্তু জমির এক বিঘা খাজনা মকুব করতে হবে, তেমনি ছয় বিঘা জমি আন-ইকোনমিক হোল্ডিং হিসাবে, যে কথা আগে উঠেছিল, সেই ছয় বিঘা জমিকে মকুব করতে হবে। তারপর ইকোনমি হোল্ডিং হোক। আপনারা একটা গ্রেডেড স্কেল করুন—অন্ততঃ ১৫ বিঘা থেকে ৩০ বিঘা পর্যন্ত। যাদের জমিতে সংসার চলে না, তাদের উপর ট্যাক্সের খাজনা কমাতে হবে, বাড়ান যাবে না সেখানে, তাদেরই ঘাড়ে। যারা জোতদার বা জমিদারী করতেন, যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছেন, যারা জমি ফাঁকি দিচ্ছেন, যারা নিজের নামে বহু জমি রেখেছেন, যৌথ পরিবার যাদের প্রত্যেক ব্যক্তির নামে বহু জমি রাখা আছে, সেই পরিবারকে ধরুন তাদের মোট জমি কত? সেই ফ্যামিলিতে, তথা জয়েন্ট ফ্যামিলিতে মোট কত জমি আছে সেটা ধরুন। তাকে একটা পরিবার মনে করে, আপনারা স্লাইডিং স্কেল-এ, গ্রেড স্কেল-এ তার খাজনা বাড়ান। আমরা খাজনা বাড়াতে চাই, গভর্নমেন্টের আয় বাড়ুক, টাকা হোক, তাও চাই। কিন্তু কৃষকের স্বার্থে, ক্ষেতমজুরের স্বার্থে, গরীব চাষীর স্বার্থে ভূমি সংস্কার আইন পাশ হোক, ভূমি সংস্কার আইন চালু হোক। এই বিল যখন সিলেক্ট কমিটিতে যাবে, সেখানে এই খাজনা আদায় করা সম্পর্কে নূতন ভাবে চিন্তা করতে হবে। কাজেই যে বিল এসেছে, পূর্বের যে একটা বিল ছিল, তারই মাঝামাঝি একটা করলে চলবে না, নূতনভাবে দৃষ্টিভঙ্গী দিয়ে করতে হবে। খাজনা সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গী কি? খাজনা তুলতে চাই কিনা? খাজনা যদি থাকেই, তাহলে কার স্বার্থে তা রদবদল করা হবে?

আমার আর একটা বক্তব্য হচ্ছে, আমাদের দেশে যে কৃষকরা এককালে দুধে-ভাতে খেতো শুনেছি, আজ তাদের অবস্থা কি দাঁড়িয়েছে সেটা জানা দরকার। আমরা দেখেছি যে, ১৯৫০-৫১ সালে কৃষি-মজুরের ঋণ ছিল ৮০ কোটি টাকা। দ্বিতীয় প্ল্যান-এর শেষে ইন্ডিয়া গভর্নমেন্ট-এর তথ্য বলছে—সেই ঋণটা বেড়ে হল ১৬৭ কোটি টাকা। পশ্চিমবঙ্গে ১৯৪৮ সালে কৃষি পরিবারের ঋণ ছিল ১০ কোটি টাকা। ১৯৬০ সালে সেটা বেড়ে দাঁড়াল ২০ কোটি টাকা। আর কৃষিমজুর ঋণবন্ধ পরিবার, তার সংখ্যা শতকরা ৬৯·২ ভাগ ছিল, তাদের সংখ্যা আজ আরও বেড়ে গিয়েছে। ১৯৫০-৫১ সালে গড় পরিবারের ঋণ ছিল ১৫। আর ১৯৫৭ সালেতে মোট পরিমাণের ঋণ হল ৩৯। এবং ১৯৬২-৬৩ সালে সেই ঋণের পরিমাণ আরও বেড়ে গিয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সর্বশেষে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীমহাশয়ের দৃষ্টিতে এটা আনতে চাই যে, সিলেক্ট কমিটিতে আমাদের দেশের ভূমিসংস্কার আইন আলোচনা করবেন, সেই-সময় আলোচনা করতে গিয়ে আমরা যেন ভুলে না যাই যে আমাদের দেশে টুকিটাকি অনেক কাজ আছে, যেগুলি এক্ষণি করা দরকার। যেমন সিলিং যারা ফাঁকি দিচ্ছেন, তাদের ধরবার চেষ্টা করুন। মাথাপিছু ৪৫ বিঘা করে জমি দিয়েছেন, তাতে যৌথ পরিবারে মোট যত জমি হয়, তার উপর খাজনা চাপানর ব্যবস্থা করুন। বর্গা আইন উচ্ছেদের ব্যবস্থা করুন। খামারের ব্যবস্থা করুন। গরীব চাষীদের স্বার্থে যাতে খাজনা প্রথা চালু হয় তার ব্যবস্থা করুন। আর একটা কথা বলতে চাই এখানে যে, গ্রামে গোচারণ ভূমি নেই। গরুর খাবার নেই। পাট রাখবার ব্যবস্থা নেই। সেচের জন্য যেসব নদ, নালা ছিল সেগুলির মুখ বন্ধ হয়ে গিয়ে নষ্ট হয়ে গিয়েছে, এগুলি এক্ষণি সংস্কার করা দরকার। তা না হলে গ্রামবাসীকে আরও দুঃখকষ্টের সম্মুখীন হতে হবে। গ্রামাঞ্চলে এইসমস্ত সমস্যা সমাধানের পথ না থাকাতে সেখানে হাহাকার লেগেছে। প্রত্যেকটি গ্রামে গোচারণ ভূমির অভাবে, গরুর খাবারের অভাবে গ্রামে গ্রামে ঝগড়া লেগে গিয়েছে। এই সমস্যা সমাধানের জন্য গভর্নমেন্টকে বিশেষভাবে চিন্তা করতে হবে। তারা যে নূতন বিল আনবেন, সেই বিলের মধ্যে, কিভাবে গোচারণ ভূমি দেওয়া যায় এবং গরুর খাবারের ব্যবস্থা করা যায় সে সম্বন্ধে একটি সুচিন্তিত ধারা নিবন্ধ করতে হবে।

আমি সর্বশেষে বলতে চাই আমাদের দেশের বর্গাদারের সম্পর্কে। তাদের সংখ্যা হচ্ছে—২৫ থেকে ৩০ ভাগ, এরা একটা অনিশ্চিত অবস্থার মধ্যে বাস করছে। তাদের সমগ্রভাবে উন্নতির জন্য খুব দূরদৃষ্টি নিয়ে একটা আইন আমাদের করতে হবে—যাতে করে বর্গাদার চাষীরা ভাবতে পারে জমিতে আমি ফসল ফলাবো, সে উন্নতি আমার হবে এবং আমার ফসলের আংশিক ভাগ আমার প্রাপ্য হবে এবং জমির ও ফসলের যতই উন্নতি হবে, তা থেকে আমি বঞ্চিত হবো না।

আজকে বর্গাদার চাষীকে উচ্ছেদ করে দিয়ে, সেখানে শ্রমিককে লাগান হচ্ছে। কিন্তু বর্গাদার চাষী যেন মনে না করে যে, আমি আমার জমি থেকে উচ্ছেদ হবো। সুতরাং এইসকল দিক বিবেচনা করে উচ্ছেদ আইন সম্পর্কে যে ধারা আছে, তাকে সমগ্রভাবে বদলে এমন আইন করতে হবে যে, বর্গাদার চাষী ভাবতে পারে যে, আমাকে উচ্ছেদ করা সম্ভব হবে না, আমার এই বিলের দ্বারা ক্ষতি হবে না, বরং উপকার হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, গভর্নমেণ্টের তরফ হতে সিলেক্ট কমিটি সম্বন্ধে যে কথা বলা হয়েছে যে তাকে রিপোর্ট দিতে হবে ২০শে সেপ্টেম্বরের মধ্যে আমি এবিষয় জানতে পেরে মনে হচ্ছে যেন মন্ত্রিমহাশয় ঠিক ছেলেখেলা আরম্ভ করেছেন। যদি সত্যই সিলেক্ট কমিটিতে বিল রেফার করতে হয় তাহলে এই কয়েকদিনের মধ্যে আমরা জানি না বিশেষ করে সেসন চলছে, এর মধ্যে সিলেক্ট কমিটি বসে পড়ে ঠিক বিলটাকে ভালভাবে বিচার করতে পারবে তা মনে করি না। তাই আমার নিজের বক্তব্য হচ্ছে এই যে ২০শে সেপ্টেম্বরের মধ্যে যে সিলেক্ট কমিটির রিপোর্ট দেবার কথা হচ্ছে সেটা যুক্তিযুক্ত হয় নি। আমি এই ল্যান্ড রিফর্ম বিল সম্বন্ধে অনেকবার বক্তৃতা করেছি এবং বারবার আমরা মন্ত্রিমহাশয়কে বলেছি যে আপনারা ভুল করছেন। বিশেষ করে আমরা যারা প্রাকটিশনার তারা জানি যে ল্যান্ড রিফর্ম অ্যাক্ট বেঙ্গল টেনান্সিতে রিপ্লেস করতে হলে এই যে ল্যান্ড রিফর্ম অ্যাক্ট এবং এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট এই দুইটিকে মিলিয়ে একটা যদি কম্প্রিহেনসিভ অ্যাক্ট না করা হয় তাহলে যতই অ্যামেন্ডমেন্ট করা হোক সে অ্যামেণ্ডমেণ্ট দ্বারা কাজ হবে না। শুধু তাই নয়, গ্রামের লোক বিশেষ করে যাদের

ল্যান্ড আছে বা যারা চাষ করে খায় তাদের জন্য, ল্যান্ডে যে প্রত্যেক দিন একটা করে খুঁত উঠছে এবং কোর্টে দেখা যাচ্ছে যে তার কোন প্রভিশন নেই। তাই আমি বারবার বলেছিলাম আমাদের রেভিনিউ মিনিস্টারকে যে আপনি বসে ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্ম অ্যাক্ট এই দুটিকে একসঙ্গে কমপ্লাই করে একটা কমপ্রিহেনসিভ অ্যাক্ট করেন যেটা হবে অ্যাগ্রেরিয়ান রিলেশন বিল অর সামথিং লাইক দ্যাট। সেটা করলে আমরা মনে করি যে লোকের, শুধু যাদের জমি আছে তাদেরই নয়, যারা বর্গাদার, কুতদার তাদের সকলেরই সুবিধা হবে। কিন্তু তা না করে আজ পর্যন্ত আপনারা জানেন যে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এর কতকগুলি অ্যামেন্ডমেন্ট হয়েছে তারপর ল্যান্ড রিফর্ম অ্যাক্ট-এর কয়েকটি সেকশন চালু হয়েছে, কয়েকটি সেকশন অবশ্য আগেই চালু ছিল, সেকশন ১৬, ১৭ থেকে আরম্ভ করে কিন্তু তারপর যেমনি চালু হয়েছে দেখা যাচ্ছে প্রত্যেক দিন একটা না একটা করে ডিফেক্ট হচ্ছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে সেখানেও আমরা বলছি এই দুটি আইনকে একত্র নিয়ে একটা এক্সপার্ট কমিটি বসিয়ে একটা কমপ্রিহেনসিভ অ্যাক্ট ইনট্রোডিউস করা দরকার। তা যদি না করা হয় তাহলে রুরাল এরিয়ার লোকদের আমরা এই বিষয় তাদের সুবিধা দিতে পারবো না এবং তারা সব সময়েই ডিফিকলটিতে পড়বে। এবং আইনে যখন এইসব ব্যাপার নিয়ে বিচারে যাবে সেখানে দেখা যাবে অনেক অসুবিধা হচ্ছে। আমি কয়েকটা ক্লজ সম্বন্ধে, যখন ক্লজ বাই ক্লজ হবে তখন বলবো, তবুও এখানে বলতে চাই কয়েকটা ইন জেনারেল সেটা হচ্ছে স্টে অফ এভিকশন। এই সম্বন্ধে আমাদের এই যে আইন আনা হয়েছে এতে কিছু নেই। অথচ যেসব প্রগ্রেসিভ কান্ট্রিতে ল্যান্ড রিফর্ম অ্যাক্ট হয়েছে সেখানে দেখা গিয়েছে স্টে অফ এভিকশন আছে। স্টে অফ এভিকশন না থাকলে কি অবস্থা হয় আপনারা প্রাকটিক্যালি অনেকেই হয়ত জানেন যারা এই আইন সম্বন্ধে আলোচনা করেন। বর্গাদার অ্যাক্টে বেশীর ভাগই দেখা যায় যে বহুকাল ধরে, হয়ত দু'-তিন পুরুষ ধরে, তারা কুতে চাষ করছে আমরা দেখেছি কিন্তু তাদের ঐ লিখিত রসিদ থাকতো না। এখন ত দেখা এই লিখিত রসিদ না থাকার জন্য যখনই তারা বললো যে আমরা কুতদার তখনই জমিটা ভেস্ট করে যাবে গভর্নমেন্টের হাতে। সঙ্গে সঙ্গে যে মালিক সে একটা বর্গাদার অর্থাৎ ভাগচাষীর বিরুদ্ধে কেস করে বসে থাকলো। সে গরীব মানুষ, সে মূর্খ লোক, জানে না যদি রসিদ না থাকে তাহলে কোর্ট সেটা গ্রাহ্য করবে না। এবং এই ব্যাপারে রিলায়েবল এভিডেন্স ছিল অথবা মৌখিক যদি ২৫ জনও বলে যে, হ্যাঁ এই লোকটি বরাবর চাষ করে আসছে এবং প্রতি বিঘায় দু' মণ কি তিন মণ ধান দিতো তা সত্ত্বেও দেখা গেল যে সে ডিগ্রি পেলো না। এই যে আইন করা হচ্ছে এই আইনের এনি অফ দি প্রভিশন যদি অমান্য করে তাহলে সেই গ্রাউন্ডে তাকে এভিকশন করা হবে।

[2—2-10 p.m.]

এই যদি অবস্থা হয় তাহলে আমি বলছি যাদের ভালোর জন্য ল্যান্ড রিফর্ম অ্যাক্ট করার কথা ছিল তাদের ভালো হচ্ছে না, বরং তাদের অনেক ক্ষতি হচ্ছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই স্টে অফ এভিকশন করা প্রয়োজন এবং সে সম্পর্কে একটা ক্লজ আনা দরকার ছিল। সেই সঙ্গে আমি বলব রিকভারি অফ দি প্রোডিউস, এটার জন্যও প্রসিডিং দরকার, কারণ সত্যিই যার জমি তাদের জন্যই কিছু পাওয়া দরকার। আইনে তার প্রভিশন না থাকার জন্য আমরা দেখেছি এক একজন ল্যান্ডওনার ৪।৫ বৎসরের নালিশ করেছেন। আগে কোন লিমিটেশন ছিল না, এবার আমি দেখলাম এটা ২ বৎসরের জন্য করেছেন। তবে আমার বলবার কথা হল ২ বৎসরের জন্য করলেও অসুবিধা হবে, কারণ বহু আনস্ক্রুপুলাস ল্যান্ডওনার থাকবে তারা নালিশ করবে। তাই আমি বলছি এটা ২ বৎসর না করে ১ বৎসর বা ৬ মাস করা উচিত বলে মনে করি। তারপর আমি অনেকবার বলেছি আবারও বলছি রেকর্ড অফ রাইটস সম্বন্ধে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ যা দিয়েছেন তাতে আমরা বারবার বলেছি স্টেট গভর্নমেন্ট-এর রেকর্ড অফ রাইটস সম্বন্ধে আরেকবার চিন্তা করা প্রয়োজন, কারণ রেকর্ড অফ রাইটস আগে যেভাবে তৈরী হয়েছে তাতে বহু জায়গায় বহু ভুল আছে যদিও ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট-

এর সেকশন ৪৫-তে বলা হয়েছে সেটা ক্লারিফাই করা যায়। যেখানে ক্লারিক্যাল এরার আছে সেখানে করা যায়, কিন্তু প্র্যাকটিকাল এরার যা আছে তা সংশোধন করা গ্রামের গরীব জনসাধারণের পক্ষে, আদিবাসীদের খুব কষ্টকর। অনেক জায়গায় দেখা যায় ২০।২৫ বৎসর ধরে সেটেলমেন্ট রেকর্ড-এ জঙ্গল বলে লেখা আছে, এবারও দেখা গেল জঙ্গল বলেই রেকর্ড-এ আছে তার ফলে ১০(২)-তে পজেসান নেবার ব্যবস্থা হচ্ছে। জমি চলে যাওয়ার পরে চাষী জানতে পারে তার জমিটা চলে যাচ্ছে। এটা সংশোধন করবার কোন উপায় নাই, সংশোধন করতে হলে সিভিল কোর্ট-এ যেতে হবে। একজন ভাগ চাষী বা গরীব আদিবাসীর পক্ষে সিভিল কোর্ট-এ গিয়ে সংশোধন করিয়ে জঙ্গল কথাটা কাটান কতটা কষ্টকর তা সহজেই অনুমেয়, তদুপরি এতে তার যে টাকা খরচ হবে তাতে তার আর জমি কেনা হবে না কোনদিন। সেজন্য আমি রেভিনিউ মিনিস্টারকে বারবার বলেছি আপনি বিশেষ করে রেকর্ড অফ রাইটস সম্বন্ধে যদি কিছু নাও করতে চান তাহলেও কয়েকটা বিষয় সম্বন্ধে আরেকবার ব্যবস্থা করুন—প্রধানতঃ ২ বিষয় সম্পর্কে আমি তাঁকে বলেছি—একটা বলেছি জঙ্গলের ব্যাপারে, আরেকটা হল, ভাগচাষী যারা কোন জায়গায় বর্গাদার হিসাবে তাদের নাম রেকর্ড হয় নি, সেই রেকর্ড যাতে ভালোভাবে হয় এই দুটো পয়েন্ট-এ রেকর্ড অফ রাইটস অ্যামেন্ড করা হোক এটা বারবার বলেছি। তারপরের কথা হল রেন্ট সম্পর্কে। রেন্ট সম্পর্কে আমাদের গভর্নমেন্ট ওয়েলফেয়ার স্টেট অমুক-তমুক অনেক কথা বলেন—আমরা তাঁদের বারবার বলেছি যেটা ইনকাম ট্যাক্স-এ হয় সেই progressive system of taxation method apply করা হোক, progressive method of taxation apply

না করলে গরীব জনসাধারণ ল্যান্ড রিফর্ম-এর থেকে কোন রিলিফ পাবে না এবং পাচ্ছে না, বড় বড় জোতদাররাই এই রিলিফ পাচ্ছে। আমরা বারে বারে বলেছি

progressive method of taxation adopt

করা হোক রেন্ট-এর ব্যাপারে, কিম্বা প্রোডিউস সম্পর্কে ৫ বৎসরের অ্যাভারেজ নিয়ে করা হোক। তিনি অবশ্যই একটা অ্যাভারেজ রেট অফ রেন্ট দিয়েছেন, এবং এটা নিয়েই যত গন্ডগোল হবে। তিনি এটা ডিফাইনও করেছেন, কিন্তু আমার মনে হয় এই ডেফিনিশনটা ভেগ। এই অ্যাভারেজ করাটার ভিতরেই অনেক গলদ থাকবে। কারণ আপনারা জানেন ভারতবর্ষে স্ট্যাটিসটিক্স-এর প্রগ্রেস মোটেই হয় নি, স্ট্যাটিসটিক্স যে ডেভেলপমেন্ট হওয়া উচিত সাইনস হিসাবে তা ভারতবর্ষে অদ্যাপি হয় নি। যদিও আমাদের মুখ্যমন্ত্রী কথায় কথায় স্ট্যাটিসটিক্স-এর কথা বলেন, তাহলেও একথা সত্য। ফুল ডাটা কারেক্টলি যদি কলেক্ট না করা যায় সেম্পিলং মেথড-এ তাহলে স্ট্যাটিসটিক্স কখনো করেক্ট হতে পারে না। আমাদের যাঁরা স্ট্যাটিসটিসিয়ান আছেন বড় বড়, তাঁরাও অ্যাডমিট করেন ভারতবর্ষে স্ট্যাটিসটিক্স সায়েন্স হিসাবে ভালোভাবে ডেভেলপ করেনি। সুতরাং অ্যাভারেজ রেট অফ রেন্ট-এর বেলায় কি অবস্থার সৃষ্টি হবে তা সহজেই অনুমেয়। সব জায়গায় মারামারি হবে এবং এটা সিভিল কোর্টে-এ রেফার করা যাবে না যার জন্য বহু লোক কষ্ট পাবে, এবং তার জনাই আমি বলছি হুইচএভার ইজ হায়ার সেখানে রেন্ট বাড়িয়ে দেবার চেষ্টা করুন। তারপর ক্লজ ৩ যে প্রোভিসো এনেছেন সেটা আলট্রাভায়ার্স হবে, ক্লজ ৩-তে বলছেন

Provided that nothing in this sub-section shall entitle a raiyat to dig or to use earth or clay of his holding for the manufacture of bricks or tiles otherwise than for his own use.

it is against the fundamental rights

আমার মনে হয় এটা সম্পর্কে বিশেষভাবে বিবেচনা করা উচিত। তারপর,

right of property, fundamental right to waste or use according to my free will

এটাও এখানে এনক্রোচ করান হয়েছে, কারণ ফান্ডামেন্টাল রাইটস অনুযায়ী এই প্রভিসো-তে ডিসক্রিমিনেশন হলে সেটা ভয়েড হবে। এটাও তাঁকে বিবেচনা করার জন্য বলছি। সিলেক্ট কমিটিকে যে সময়ের মধ্যে রিপোর্ট পেস করতে বলা হয়েছে তাতে আমার মনে হয় না সেখানে বিশেষ কোন কাজ হবে। তাই আরো বেশি সময় দেবার জন্য আমি বলছি।

Shri Nathaniel Murmu:
মাননীয় চেয়ারম্যান, স্যার, এই বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমি বলতে চাই যে, কালকে মাননীয় মন্ত্রিমহাশয় যখন এই বিলের উপর প্রারম্ভিক বক্তৃতা দিচ্ছিলেন সেই সময় এখানে যে ঘটনা ঘটেছিল সেটা আমার মনে যথেষ্ট রেখাপাত করেছে—তার কারণ আমি হাউসের কাছে রাখতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় যখন তাঁর প্রারম্ভিক ভাষণ প্রায় শেষ করে ফেলেছেন সেই সময় তাড়াহুড়া করে কয়েকজন কংগ্রেসী সদস্য তাঁদের মধ্যে কয়েকজন বড় বড় জোতদার—শ্রীকাজেম আলী মির্জা, শ্রীজগদীশপ্রসাদ সিংহ, অবনীবাবু, আনন্দগোপালবাবু এবং তাদের বন্ধু খ্যাতনামা ব্যারিস্টার শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় ছুটে আসেন। এইসব দেখে আমার মনে হচ্ছে এই আইনে যেটুকু চাষীদের ভালো করার সম্ভাবনা ছিল তাই দেখে কায়েমী স্বার্থবাদী জোতদাররা আতঙ্কিত হয়ে পড়েছেন এবং যাতে এটা বিধানসভা থেকে পাস না হয় তার জন্যই এই বিলটা সিলেক্ট কমিটিতে দেবার জন্য চেষ্টা করেন।

[2-10—2-20 p.m.]

আমি নাম করে বলছি মাননীয় সদস্য কাশীবাবু, কানাইবাবু, ননীবাবু বারেবারে সরকারী দলের কাছে বলেছেন, আবেদন করেছেন ভূমি সংস্কার সংক্রান্ত এই বিল সিলেক্ট কমিটিতে দেওয়া হোক। কিন্তু তাঁরা বলেছেন দেবার প্রয়োজন হবে না, বিধান সভায় পাশ করব। কিন্তু তারপর দেখা গেল ২ মিনিটের মধ্যে তাঁরা সিলেক্ট কমিটিতে দিয়েছেন এবং তাঁদের স্বার্থেই এটা দিয়েছেন। তাঁরা হঠাৎ রিয়ালাইজ করলেন এটা জটিল কাজেই সিলেক্ট কমিটিতে দেওয়া দরকার। কিন্তু বিরোধী দলের সদস্যারা আগেই রিয়ালাইজ করেছেন এবং পার্লামেন্টারী অ্যাফেয়ার্স-এর ভারপ্রাপ্ত মন্ত্রীকে বলেছেন। কিন্তু তিনি কোন আমল দেন নাই। কাজেই এখন যে সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছেন তাতে মনে হচ্ছে এর পেছনে এঁদের কোন অভিসন্ধি রয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, এই বিল সিলেক্ট কমিটিতে পাঠান হোল এবং বলা হয়েছে ২০ তারিখের মধ্যে রিপোর্ট দিতে হবে। কিন্তু আমি মনে করি এতবড় একটা গুরুত্বপূর্ণ বিল ভালভাবে অনুধাবন করে যাতে কৃষকের স্বার্থে, চাষীর মঙ্গলের জন্য নিয়োজিত হতে পারে তার জন্য আরও বেশী সময় দেওয়া উচিত ছিল। আপনি নিশ্চয়ই জানেন ভাল করতে অনেক দিন লাগে, কিন্তু খারাপ করতে ১ ঘণ্টা লাগে। এই বিলে চাষীদের সম্পর্কে যেটুকু ভাল ব্যবস্থা আছে সেটা তুলে নিতে এক ঘণ্টা লাগবে। এঁরা শঙ্করবাবুকে দিয়ে খতিয়ে দেখেছেন তাই এক ঘণ্টার মধ্যে সিলেক্ট কমিটিতে দিলেন। স্যার, আজকে শ্যামাদাসবাবুর একটা অসহায় অবস্থা দেখছি। তিনি চাষীদের ভাল করতে চান এবং তাঁর দলের যেসব বাঘা বাঘা জমিদার জোতদার রয়েছেন তাদের শ্যেন দৃষ্টির আড়ালে এই বিল ফ্রেম করেছিলেন যাতে চাষীদের মঙ্গল করতে পারেন। কিন্তু এখন দেখছি তাঁর হাত থেকে ছিনিয়ে নিয়ে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেওয়া হচ্ছে। তাই আমার আশংকা হচ্ছে এর পেছনে অভিসন্ধি রয়েছে। কাজেই এই বিলে ভাগচাষী-দের মঙ্গলের জন্য যে প্রভিসন ছিল সেটা যদি সিলেকট কমিটি থেকে আসার পর দেখি আর নেই তাহলে আমি আশ্চর্য হব না। তবে আমার এই আশংকা যদি অমূলক হয় তাহলে আমি খুসীই হব। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন ভূমি সংস্কার সম্পর্কে তিনি একটা কম্প্রিহেন-সিভ বিল আনবেন। এই বিধান সভায় বিরোধী দলের সদস্যরা এবং কংগ্রেস দলের সদস্যারা বহু সমস্যার কথা তাঁর কাছে তুলে ধরেছেন এবং সেই বক্তৃতার আলোকে বাংলাদেশের ভূমি সমস্যা তাঁর কাছে পরিষ্কার ছিল। কিন্তু আজকে তিনি ব্যর্থ হয়েছেন। গতকাল মাননীয় সদস্য কাশীবাবু বলেছিলেন শ্যামাদাসবাবু একজন সৎ লোক, ভাল লোক এবং তিনি ভাল করতে চান। কিন্তু আমি গতকাল নিজের চোখে দেখেছি তাঁর ভাল করার ক্ষমতা নেই। তিনি ভাল করতে চান কিন্তু তাঁর দল অর্থাৎ কায়েমী স্বার্থবাদীর দল তাঁকে ভাল করতে দেবে না। কাজেই যতই মঙ্গলের কথা বলিনা কেন আমার আশংকা হচ্ছে অমঙ্গলের দিকটা এবং সেটা হয়ত দেখব সিলেক্ট কমিটি থেকে ফিরে এলে পর। ১৭ বছর ধরে চাষীর সর্বনাশ করেছে এবং ভূমি সংস্কারের যে ঘোষণা ছিল সেটাকে শেষ পর্যায়ে নিয়ে গেছেন—এটা আয়ত্বের বাইরে চলে গেছে। যাহোক, সিলেক্ট কমিটিতে যাবার আগে বিধান সভার সদস্য হিসেবে আমি তাঁদের কাছে একটি বক্তব্য

রাখতে চাই এবং সেটা হচ্ছে ভাগচাষীদের সমস্যা সম্পর্কে ট্রেজারী বেঞ্চ থেকে মায়া কান্না উঠেছে, তাদের রক্ষা করবার জন্য বারে বারে বক্তৃত করেছেন, কিন্তু এই ভাগচাষীদের রক্ষা করবার জন্য কি কোন রক্ষাকবচ করেছেন? কিছুদিন আগে আমাদের দলের লিডার ননীবাবু আলিপুর-দুয়ারের ভাগচাষীদের উচ্ছেদ সম্পর্কে প্রশ্ন করেছিলেন এবং সেটা হচ্ছে ১০(২) ধারায় সরকারের আওতায় জমি চলে এসেছে এবং ২০০ জন জোতদারের বিরুদ্ধে নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু জোতদাররা আধিয়ারদের বিরুদ্ধে ১৯০টি কেস ভাগচাষ বোর্ড-এ দায়ের করে এবং ৯২টি কেস-এ একতরফাভাবে উচ্ছেদ হয়েছে। এই ঘটনা সরকার জানেন। আলিপুরদুয়ারের মত ছোট একটি জায়গায় এরকম হয়েছে, পশ্চিম দিনাজপুরে হয়েছে, মুর্সিদাবাদে হয়েছে, ২৪ পরগনায় হয়েছে। কাজেই দেখা যাচ্ছে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবার কোন ব্যবস্থা এই আইনে নেই।

ভাগচাষ বোর্ডে রেভিনিউ অফিসাররা বিচার করেন, সেখানে চাষীরা ১০(২) ধারায় জমির ক্ষতিপূরণ দিয়েছে, একরে ১০ টাকা ক্ষতিপূরণ দিয়েছে কিন্তু তারা কেস পেতে পারে নি। তারা তাড়াতাড়ি সেটলমেন্ট অফিস থেকে রেকর্ড অফ রাইটস-এর কপি নিয়ে এসেছে এবং রেভিনিউ অফিসারের কাছে বলেছে যে এটা ১০(২) ধারার জমি, এই জমি আমরা পাব, এই জমির ফসল জোতদার পাবে না, সরকার ক্ষতিপূরণের টাকা পেতে পারে। রেকর্ড অফ রাইট্স দেখান সত্ত্বেও ৭০টি কেসে ফসলের দাবীতে মামলা হয়, জোতদাররা যে দাবী এনেছিলেন তাতে তারা জিতেছে, আধিয়ারদের সেই জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। আলিপুরদুয়ারের ঘটনা মন্ত্রি-মহাশয় নিশ্চয়ই জানেন, তাঁর কাছে অনুরোধ করবো বাকী ফসলের দাবীতে জোতদাররা যে নালিশ করছেন এবং ১০/১২ বছরের ফসলের দাম আদায় করে নিচ্ছে, সে ক্ষেত্রে একটা মঙ্গলদায়ক বিধান তুলনামূলকভাবে ভাল বিধান মন্ত্রিমহাশয় এই বিলে আনবার চেষ্টা করুন এবং তিনি চেষ্টা করছেন, এবং তিনি এই ধারার সঙ্গে এমন একটা প্রভিশন আনুন যাতে বর্গাদার ভাগচাষীরা উচ্ছেদ না হয়। আর একটা বড় হাতিয়ার জোতদারদের রয়েছে সেটা হচ্ছে ফসলের বখরার সময় প্রায়ই জোতদাররা রসিদ দেন না অথচ ভাগচাষ কোর্টে সে রসিদ না দেখালে ফসল দেওয়া হয় না বলে ধরে নেওয়া হয়। অথচ জোতদাররা যাতে বাধ্যতামূলকভাবে এই আধিয়ারদের সে রসিদ দেন সেই রকম কোন ব্যবস্থা কোন রেভিনিউ অফিসার দেন না। প্রতিটি তহশীলদারদের থেকে তম্বির করে যাতে রসিদ পাওয়া যায় সে রকম কোন ব্যবস্থা নেই। যার ফলে আজকে বাংলা-দেশের এই সব ভাগচাষীরা অসহায় অবস্থায় ভগবানকে ডাকছে এবং দিনের পর দিন জমি থেকে উৎখাত হচ্ছে এবং বাংলাদেশের ভূমিহীন চাষীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে, এই যে সমস্যা এই সমস্যার সমাধানের কথা মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করেন নি। আমি বলবো এই সব তিনি নিশ্চয়ই বিবেচনা করবেন। কিন্তু শঙ্করদাসবাবুর মত বাঘা ব্যারিস্টার, কাশেম আলি মির্জার মত এবং জগদীশ সিং-এর মত বাঘা জোতদার যারা রয়েছেন তারাই কংগ্রেস চালান এবং আমি জানি তাদের জন্যই তিনি আইন আনতে পারেন নি।

আমার সর্বশেষ বক্তব্য হচ্ছে সিডিউল্ড কাস্ট সম্বন্ধে যে প্রভিশন রয়েছে সে সম্বন্ধে সিলেক্ট কমিটির মাননীয় সদস্যরা অনুধাবন করবেন। সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবালের যে সম্পত্তি তা হস্তান্তরিত হবে সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবাল সম্প্রদায়ের লোকদের মধ্যে, এই সংশোধনী এনে আমি একথাই বলতে চাইছিলাম যে সেম সিডিউল্ড কাস্ট বা সেম উপজাতি সম্প্রদায়ের লোক যদি নাও হয় তাহলে সিডিউল্ড কাস্টের যে কোন সম্প্রদায় বা উপজাতি যে কোন সম্প্রদায়ের কাছে তা হস্তান্তরিত করতে পারবে এবং এটা করলে খুব বেশী অসুবিধা হবে না হস্তান্তরের ক্ষেত্রে। আমি একটা উদাহরণ দিচ্ছি। ধরুন সাঁওতাল সম্প্রদায়ের কোন লোক জমি হস্তান্তরিত করতে চাইছে, সে ক্ষেত্রে যদি কোন সাঁওতাল ক্রেতা নাও পাওয়া যায় তাহলে সে মুন্ডা বা উঁরাও উপজাতি সম্প্রদায়ের লোকদের কাছে সেটা হস্তান্তরিত করতে পারবে, অর্থাৎ একই বিশিষ্ট সম্প্রদায়ের লোক না হলেও সেটা উপজাতি সম্প্রদায়ের লোকদের মধ্যেই অন্ততঃ সেটা থাকবে। সেজন্য এই সেকশনটি রিলাক্স করার জন্য অনুরোধ জানাচ্ছি। বিশেষ তপশীলী উপজাতি সম্প্রদায় না রেখে যে কোন তপশীলী উপজাতি সম্প্রদায়ের মধ্যে যাতে হস্তান্তরিত করা যায় এই প্রভিশন রাখবেন। এই সীমাবদ্ধ বিলে কিছুটা ভাল প্রভিশন ছিল। তার একটা দিক ছিল উপজাতিরা কোনক্ষেত্রে ব্যাঙ্কের সুবিধা গ্রহণ করতে পারত না, তার সম্পত্তি থাকলেও সে সম্পত্তি ব্যাঙ্কে মর্টগেজ রেখে

টাকা নিতে পারত না। বেঙ্গল টেনানসী অ্যাক্টে সেকশন ৪৯ই-তে যে বিধি নিষেধ ছিল ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্টে ছিল তাতে আমরা বহুবার এই বিধান সভায় উপস্থিত সদস্য হিসাবে দাবী তুলেছিলাম যে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে বা বিভিন্ন ব্যাঙ্ক থেকে ট্রাইবালরা কোন জায়গায় সুবিধা নিতে পাচ্ছেন না, উপজাতির লোকরা এই সুযোগ-সুবিধা পাচ্ছিল না সেটা এই আইন এনে তুলে দিচ্ছেন। উনি বলেছেন ব্যাঙ্ক থেকে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে যে টাকা নেওয়ার বাধা ছিল সেটা থাকবে না, ডিস্ট্রিক্ট কালেক্টারের অনুমোদন সাপেক্ষে তারা ব্যাঙ্ক থেকে টাকা নিতে পারবে।

[2-20—2-30 p.m.]

এটা দেরিতে হয়েছে এবং দেরিতে হওয়ার ফলে তারা যে টাকাটা ব্যাঙ্ক থেকে পেলে আজকে জমি বিক্রি করত না সেই টাকাটা এই সতের বছর ধরে ব্যাঙ্ক থেকে না পাওয়ার ফলে তারা বারে বারে পারমিশন নিয়ে বাধ্য হয়ে জমি বিক্রি করেছে। পশ্চিম দিনাজপুর জেলার বহু নজির দিতে পারি। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, সিলেক্ট কমিটির সদস্যদের অনুরোধ করব, আমি যে আশঙ্কা প্রকাশ করছি, সেই আশঙ্কার দিকে খেয়াল রেখে বলছি, এতে অন্তত জমিদার জোতদারদের কোন ক্ষতি হবে না, যে উপজাতিরা সম্পত্তি বন্ধক রেখে যাতে ব্যাঙ্ক থেকে টাকা নিতে পারে এই প্রভিশনটা যেন ঠিক রাখেন। এতে শঙ্করদাসবাবুর, কাসেম আলি মির্জার কোন ক্ষতি হবে না। আমি সিলেক্ট কমিটির সদস্যদের কাছে অনুরোধ রাখছি এই মঙ্গলদায়ক বিধান যেন তাঁরা রাখেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখছি ভবিষ্যতে একটা কম্প্রিহেনসিভ বিল আনার। কারণ, বারে বারে আমরা বলেছি যে, অ্যাডেড ইসলামপুর এবং পুরুলিয়ায় ব্যাপকভাবে ভূমি সংস্কারের সুযোগ রয়েছে, সেখানে বড় বড় জোতদাররা এখনও প্রচুর জমি বেনামে কুক্ষিগত করে রাখতে পারেন নি। সেখানে তাড়াতাড়ি ভূমি সংস্কার এবং এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট দুটোকে রেট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে কাজে লাগাতে পারেন, তা হলে সেখানে বহু উদ্বৃত্ত জমি বের হতে পারে। আমি বার বার অনুরোধ রাখছি অদূর ভবিষ্যতে খুব তাড়াতাড়ি একটা কম্প্রিহেনসিভ বিল আনুন যে বিলে চাষীদের মঙ্গলদায়ক প্রভিশনগুলি থাকবে এবং বাংলাদেশের যে জটিল সমস্যা—চাষীদের সমস্যা, জমির সমস্যা এবং খাদ্য সমস্যা এই তিনটি সমস্যা অঙ্গাঙ্গীভাবে জড়িত, এই তিনটি সমস্যার সমাধানের পথ যাতে বাংলাদেশের লোককে দেখাতে পারেন এমন একটা মঙ্গলদায়ক বিধান তিনি যেন বিধানসভায় আনেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রী শ্যামাদাসবাবু গতকাল এই বিলটা যখন আমাদের সামনে উপস্থাপিত করলেন তখন তিনি একথা আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে, তিনি কয়েকটা খুব বিরাট সংশোধন এর মধ্যে নিয়ে এসেছেন যাতে রায়তদের সুবিধা হয়। এখন সে সম্পর্কে তাঁর মতামত তিনি নিশ্চয়ই বলবেন। আমরা যেভাবে এই বিলটাকে দেখছি এবং এখন সিলেক্ট কমিটিতে যখন এটা যাচ্ছে তখন আমাদের দৃষ্টিভঙ্গিটা কিভাবে নির্ণীত করছি সেটা আপনার মাধ্যমে আমি শ্যামাদাসবাবুকে এবং সিলেক্ট কমিটির যাঁরা সদস্য তাঁদের জানাতে চাই। বাংলাদেশে ল্যান্ড প্রব্লেম সম্বন্ধে যে চিন্তাধারা সেটা আজকের নয়। দেশ স্বাধীন হওয়ার পরে ল্যান্ড প্রবলেম সম্বন্ধে নতুন ধরনের চিন্তাধারা হয়েছে এটা ঠিক নয়। বৃটিশ আমলে ল্যান্ড টেনিওর এবং ল্যান্ড সিসটেম সম্বন্ধে বহু ধরনের আলোচনা হয়েছে, কমিশন হয়েছে এবং তাঁদের কতকগুলি বিশিষ্ট মতামত তাঁরা দিয়েছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি নিজে আইনজ্ঞ ব্যক্তি, আপনি জানেন ফ্লাউড কমিশনের রিপোর্ট, সেই ফ্লাউড কমিশনের রিপোর্টে তদানীন্তন বাংলাদেশের যে চিত্র দেখানো হয়েছে সেটা আপনার সামনে আমি রাখতে চাই। তাতে প্রথমে একথা বলেছেন ডিসকোয়েটিং ফিচার, সেই ডিসকোয়েটিং ফিচার কি, না

41.9 per cent. of the agriculturist family hold less than 2 acres of land

এগ্রিকালচারাল ফ্যামিলির ৪২ ভাগ তাদের দু একরের নিচে জমি আছে এবং ২০·৬ পারসেন্ট ফ্যামিলির সেই সময়ে জমি ছিল দু একর থেকে চার একরের মধ্যে। মিঃ চেয়ারম্যান, স্যার

রাখতে চাই এবং সেটা হচ্ছে ভাগচাষীদের সমস্যা সম্পর্কে ট্রেজারী বেঞ্চ থেকে মায়া কান্না উঠেছে, তাদের রক্ষা করবার জন্য বারে বারে বক্তৃত করেছেন, কিন্তু এই ভাগচাষীদের রক্ষা করবার জন্য কি কোন রক্ষাকবচ করেছেন? কিছুদিন আগে আমাদের দলের লিডার ননীবাবু আলিপুর-দুয়ারের ভাগচাষীদের উচ্ছেদ সম্পর্কে প্রশ্ন করেছিলেন এবং সেটা হচ্ছে ১০(২) ধারায় সরকারের আওতার জমি চলে এসেছে এবং ২০০ জন জোতদারের বিরুদ্ধে নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু জোতদাররা আধিয়ারদের বিরুদ্ধে ১৯০টি কেস ভাগচাষ বোর্ড-এ দায়ের করে এবং ৯২টি কেস-এ একতরফাভাবে উচ্ছেদ হয়েছে। এই ঘটনা সরকার জানেন। আলিপুরদুয়ারের মত ছোট একটি জায়গায় এরকম হয়েছে, পশ্চিম দিনাজপুরে হয়েছে, মুর্সিদাবাদে হয়েছে, ২৪ পরগনায় হয়েছে। কাজেই দেখা যাচ্ছে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবার কোন ব্যবস্থা এই আইনে নেই।

ভাগচাষ বোর্ডে রেভিনিউ অফিসাররা বিচার করেন, সেখানে চাষীরা ১০(২) ধারায় জমির ক্ষতিপূরণ দিয়েছে, একরে ১০ টাকা ক্ষতিপূরণ দিয়েছে কিন্তু তারা কেস পেতে পারে নি। তারা তাড়াতাড়ি সেটলমেন্ট অফিস থেকে রেকর্ড অফ রাইটস-এর কপি নিয়ে এসেছে এবং রেভিনিউ অফিসারের কাছে বলেছে যে এটা ১০(২) ধারার জমি, এই জমি আমরা পাব, এই জমির ফসল জোতদার পাবে না, সরকার ক্ষতিপূরণের টাকা পেতে পারে। রেকর্ড অফ রাইট্স দেখান সত্ত্বেও ৭০টি কেসে ফসলের দাবীতে মামলা হয়, জোতদাররা যে দাবী এনেছিলেন তাতে তারা জিতেছে, আধিয়ারদের সেই জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। আলিপুরদুয়ারের ঘটনা মন্ত্রি-মহাশয় নিশ্চয়ই জানেন, তাঁর কাছে অনুরোধ করবো বাকী ফসলের দাবীতে জোতদাররা যে নালিশ করছেন এবং ১০/১২ বছরের ফসলের দাম আদায় করে নিচ্ছে, সে ক্ষেত্রে একটা মঙ্গলদায়ক বিধান তুলনামূলকভাবে ভাল বিধান মন্ত্রিমহাশয় এই বিলে আনবার চেষ্টা করুন এবং তিনি চেষ্টা করছেন, এবং তিনি এই ধারার সঙ্গে এমন একটা প্রভিশন আনুন যাতে বর্গাদার ভাগচাষীরা উচ্ছেদ না হয়। আর একটা বড় হাতিয়ার জোতদারদের রয়েছে সেটা হচ্ছে ফসলের বখরার সময় প্রায়ই জোতদাররা রসিদ দেন না অথচ ভাগচাষ কোর্টে সে রসিদ না দেখালে ফসল দেওয়া হয় না বলে ধরে নেওয়া হয়। অথচ জোতদাররা যাতে বাধ্যতামূলকভাবে এই আধিয়ারদের সে রসিদ দেন সেই রকম কোন ব্যবস্থা কোন রেভিনিউ অফিসার দেন না। প্রতিটি তহশীলদারদের থেকে তদ্বির করে যাতে রসিদ পাওয়া যায় সে রকম কোন ব্যবস্থা নেই। যার ফলে আজকে বাংলা-দেশের এই সব ভাগচাষীরা অসহায় অবস্থায় ভগবানকে ডাকছে এবং দিনের পর দিন জমি থেকে উৎখাত হচ্ছে এবং বাংলাদেশের ভূমিহীন চাষীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে, এই যে সমস্যা এই সমস্যার সমাধানের কথা মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করেন নি। আমি বলবো এই সব তিনি নিশ্চয়ই বিবেচনা করবেন। কিন্তু শঙ্করদাসবাবুর মত বাঘা ব্যারিস্টার, কাশেম আলি মির্জার মত এবং জগদীশ সিং-এর মত বাঘা জোতদার যারা রয়েছেন তারাই কংগ্রেস চালান এবং আমি জানি তাদের জন্যই তিনি আইন আনতে পারেন নি।

আমার সর্বশেষ বক্তব্য হচ্ছে সিডিউল্ড কাস্ট সম্বন্ধে যে প্রভিশন রয়েছে সে সম্বন্ধে সিলেক্ট কমিটির মাননীয় সদস্যরা অনুধাবন করবেন। সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবালের যে সম্পত্তি তা হস্তান্তরিত হবে সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবাল সম্প্রদায়ের লোকদের মধ্যে, এই সংশোধনী এনে আমি একথাই বলতে চাইছিলাম যে সেম সিডিউল্ড কাস্ট বা সেম উপজাতি সম্প্রদায়ের লোক যদি নাও হয় তাহলে সিডিউল্ড কাস্টের যে কোন সম্প্রদায় বা উপজাতি যে কোন সম্প্রদায়ের কাছে তা হস্তান্তরিত করতে পারবে এবং এটা করলে খুব বেশী অসুবিধা হবে না হস্তান্তরের ক্ষেত্রে। আমি একটা উদাহরণ দিচ্ছি। ধরুন সাঁওতাল সম্প্রদায়ের কোন লোক জমি হস্তান্তরিত করতে চাইছে, সে ক্ষেত্রে যদি কোন সাঁওতাল ক্রেতা নাও পাওয়া যায় তাহলে সে মুন্ডা বা উরাঁও উপজাতি সম্প্রদায়ের লোকদের কাছে সেটা হস্তান্তরিত করতে পারবে, অর্থাৎ একই বিশিষ্ট সম্প্রদায়ের লোক না হলেও সেটা উপজাতি সম্প্রদায়ের লোকদের মধ্যেই অন্ততঃ সেটা থাকবে। সেজন্য এই সেকশনটি রিলাক্স করার জন্য অনুরোধ জানাচ্ছি। বিশেষ তপশীলী উপজাতি সম্প্রদায় না রেখে যে কোন তপশীলী উপজাতি সম্প্রদায়ের মধ্যে যাতে হস্তান্তরিত করা যায় এই প্রভিশন রাখবেন। এই সীমাবদ্ধ বিলে কিছুটা ভাল প্রভিশন ছিল। তার একটা দিক ছিল উপজাতিরা কোনক্ষেত্রে ব্যাঙ্কের সুবিধা গ্রহণ করতে পারত না, তার সম্পত্তি থাকলেও সে সম্পত্তি ব্যাঙ্কে মর্টগেজ রেখে

[2-30—2-40 p.m.]

কিন্তু আর একটি যে জিনিষ হচ্ছে সেই সম্পর্কে ওঁরা কি করবেন জানিনা। কালবে কাশীকান্তবাবু যে কথা বলেছেন এবং আমি যে জেলা থেকে এসেছি, সে জেলার আমি নিজে যা দেখেছি, সেটা আরও ভয়াবহ জিনিষ। সেটা হচ্ছে ১৯৫৭ সাল থেকে স্পেসিয়াল, আজ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কয়েক লক্ষ বিঘা জমি, ক্ষুদ্র, ক্ষুদ্র চাষী ও মধ্যবিত্ত চাষীর হাত থেকে সহরের মাড়োয়ারী মহাজনের হাতে চলে গিয়েছে। আমার এ কথা যদি অসত্য বলে প্রমাণিত হয় তাহলে আমি অত্যন্ত আনন্দিত হবো। কিন্তু দুঃখের কথা মরে না, মরে না কভু, সত্য যাহা শত শতাব্দির স্মৃতির তলে। কাজেই এখানেও মরবে না। আজকে শুধু একটা জেলাতেই লক্ষাধিক একর জমি মাড়োয়ারী মহাজনের হাতে চলে গিয়েছে, এবং এই গভর্নমেন্ট তার কোন প্রোটেকশন দিতে পারেননি, খোদ কবলা করতে তারা বাধ্য হয়েছে। দুর্ভিক্ষ এসেছে, এবং সেই দুর্ভিক্ষের মধ্যে তারা দু-মণ, তিন মণ ধানের বদলে এক, এক বিঘা জমি খোদ কবলা করে দিয়েছে, আজকে তারা জমিচ্যুত হয়ে গিয়েছে। ১৯৩৬ কি ৩৭ সালে বৃটিশ আমলে স্বর্গতঃ ফজলুল হক সাহেব, তিনি যদি চাষীকে অন্ধকার থেকে আলো দেখাতে পারেন, তিনি যদি রিলিফ দিতে পারেন, আজকে দেশ স্বাধীন হবার পর, আজকে আপনারা সমাজতন্ত্রে বড় বড় কথা বলবার পর, আপনাদের কি এতটুকু সাহস হয় না যে ঐ লুপ্ত ধনসম্পদ মাড়োয়ারী মহাজনের হাত থেকে নিয়ে, দরিদ্র চাষীর হাতে আবার ফিরিয়ে দেওয়ার মত ক্ষমতা জারী করবার? তারপরে আবার বলছেন আমরা কৃষির ক্ষেত্রে একটা রেভোলিউশানারি চেঞ্জ নিয়ে আসবো। আমরা মনে করি আজকে চাষীর যে মূল সমস্যা, সেই সমস্যা আপনাদের দৃষ্টির মধ্যে নেই। তা নাই বলেই আজকে আপনারা কতকগুলি পিসমিল লেজিসলেশান নিয়ে আসছেন এবং এর দ্বারা লোককে ধোঁকা দিচ্ছেন, চাষীকে ধোঁকা দিচ্ছেন। আসলে আপনারা জোতদারদের হাত শক্তিশালী করছেন। আমাদের ডিমাণ্ড হচ্ছে এই শ্যামাপদবাবুকে ব্যক্তিগত-ভাবে আমি চিনি, আমি শ্যামাপদবাবুকে বলবো যে আজ লক্ষ লক্ষ চাষী জমি হারিয়েছে। যাদের "শুধু বিঘা দুই ছিল মোর ভুঁই",—সেই ভুঁই যারা হারিয়ে পথে বসেছে লক্ষ লক্ষ চাষী, তাদের জমি পুনরুদ্ধার করবার জন্য আপনি সাহসের সঙ্গে কথা বলুন এবং তার জন্য সেই ধরনের আইন নিয়ে আসুন, এবং সিলেক্ট কমিটির কাছে প্রপোশাল দিন। তা যদি না করেন, তাহলে আজকে যত বড়ই কথা বলুন না কেন, যত সমাজতন্ত্রের কথা আপনারা বলুন না কেন, আজকে, আগামী দিনের মানুষ অন্ততপক্ষে বলবে যে "আপনারা তাদের সমস্যা সমাধান করাত দূরের কথা তাদের সমস্যাকে আরও জটিল করে তুলেছিলেন। ফজলুল হক সাহেব যা করতে পেরেছিলেন, আপনারা সেটুকুও করতে পারেননি। এমনকি ফৈজপুর কংগ্রেসের যে নির্দেশ, সেই নির্দেশ ত আপনারা পালন করেননি। আপনাদের প্রিয় নেতা জহরলাল নেহেরুর কথা পর্যন্ত আপনারা পালন করেননি"। এই কথাই আপনারা শুনবেন।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ চেয়ারম্যান, স্যার,

West Bengal Land Reforms Amendment Bill

যেটা এখন আলোচনা হচ্ছে, এটা যেরকম বিল আমি এই হাউসে কয়দিন দেখেছি, সেইরকম আর একটি বিল, যেখানে ক্ষমতা আপসে আসে, যা দেওয়া হয়, তা কেড়ে নেওয়া হয়। আর একটি জিনিষ দু-তিন জায়গায় থাকে যে কোন রকম, এই সব যা করে দেওয়া হচ্ছে, তার জন্য আদালতে যাওয়া চলবে না। আদালতে এদের কথা কেউ শুনবে না।

কৃষকদের ভাল হবে, রায়তদের ভাল হবে, তাদের অবস্থার উন্নতি হবে বলে, উনি একটা আইন এনেছেন। ১৯৫৫ সালে ঐ আইন প্রথম যখন এখানে আসে, এস্টেট্স অ্যাকুইজিশান অ্যাক্ট, যার ফলে সমস্ত জমি গভর্নমেন্টের হাতে গিয়েছে এবং সেটা চাষীদের মধ্যে বিতরণ করবার কথা ছিল, চাষীদের অবস্থার উন্নতি করবার উদ্দেশ্য ছিল। কিন্তু সেই উদ্দেশ্য কিরকম সফল হয়েছে, তা আপনারা জানেন, আমরাও জানি।

জমিদারদের যাদের জমি গিয়েছে তাদের টাকা দেবার কথা তারা পায়নি, এখনও সেই বন্ড ছাপান হচ্ছে। দ্বিতীয়তঃ চাষীদের যাদের জমি দেবার কথা ছিল তারা ক্রমশঃ গরীব থেকে আরো গরীব হয়ে যাচ্ছে এই কথা অস্বীকার করার কোন উপায় নেই। এই যে সমস্ত আইন এই আইন যেসব দৃষ্টিভঙ্গী নিয়ে হচ্ছে এই রকমভাবে এগুলো এই আইনের দ্বারা কোন দিনই দেশের মূল সমস্যার সমাধান হবে না। প্রথম যখন এই আইন পাশ হয় তখন এস, কে, বসু, মেম্বার ইন চার্জ, তিনি এই আইনের ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যান্ড রিজনস্‌এ বলেছিলেন

rights and obligations in respect of holdings of raiyats, limitations on transfer and subletting, etc.

এই জন্য আইন হয়েছিল। কিন্তু এই আইন করার পরেও আর এক উদ্দেশ্যে এই এ্যামেন্ডমেণ্ট হচ্ছে তাতে লেখা আছে যে সেই সমস্ত স্বত্ব বা অধিকার যে সময় রায়তদের দেওয়া হয়েছিল সেই সমস্ত স্বত্ব বা অধিকারকে আস্তে আস্তে খর্ব করবার এক একটা ব্যবস্থা এই আইনে আছে। কালকেও আমি বলেছিলাম যে যাদের ট্যাক্স কমাবার কথা তাদের কমে না। এখানকার মন্ত্রি-মহাশয় বলেছিলেন যে উত্তর দেব না, আইন যেভাবে পাশ হবার কথা সেইভাবেই হয়েছে। ট্যাক্স যাদের কমলো তারা হচ্ছে কোটিপতি, লক্ষপতি, তাদের ব্যবস্থা হয়েছে। এই আইনও ঠিক তাই। সেই রকম আর একটা আইন এসেছে। এই আইনেতে বলা হচ্ছে যে রায়তদের যে সমস্ত জমি তারা পাবে সেটা ট্রান্সফারেবেল এ্যান্ড হেরিটেবেল। আইনসঙ্গত এটা নয়। এই আইন ফান্ডামেণ্টাল রাইটস্‌ যা কন্সটিটিউশনে দেওয়া আছে তার বিরোধী। সিলেক্ট কমিটিতে এ বিষয় ভাল করে দেখা উচিত যে, সমস্ত প্রভিশন এই আইনেতে আছে সেটা আইনসম্মত কিনা। যেমন সেখানে বলা আছে এই সমস্ত জমিতে রায়তদের রাইট হচ্ছে ট্রান্সফারেবেল এ্যান্ড হেরি-টেবেল কিন্তু তার পরেই বলা আছে সেই রাইটসকে কেটে দেওয়া হয়েছে, বলা হয়েছে যে তোমরা এইভাবে জমি ব্যবহার করবে, এইভাবে করতে পারবে না। এই যে কার্টেলমেণ্ট অব রাইটস্‌ এটা আইনসঙ্গত নয়। সুতরাং এটা ফান্ডামেণ্টালি রং, কনস্টিটিউশনালি রং, এটা আইনাসিদ্ধ নয়। এই ব্যাপারটা যেন সিলেক্ট কমিটিতে দেখা হয় এইটা আমি অনুরোধ করছি। এক জায়গায় বলা হয়েছে এই আইনে—যদিও ধারাবাহিকভাবে আলোচনা করার সময় এখন নয়—এক জায়গায় বলা হয়েছে যে চাষী বা রায়ত যারা আছে তারা তাদের জমির কোন মাটিটাটি কাটতে পারবে না। মাটি কেটে ব্যবসার জন্য বা ইট তৈরী করতে পারবে না। কিন্তু সেটা কি করে আইনসিদ্ধ হবে। তিনি ইট তৈরী করবার জন্য মাটি কাটছেন, কি ব্যবসার জন্য মাটি কাটছেন, কি পুকুর তৈরী করবার জন্য কাটছেন সে কথা বলবে কে? তারপরে আছে যেখানে তাদের অধিকারকে লিপিবদ্ধ করা হয়, রেকর্ড অব রাইটস্‌, সেই রেকর্ড অব রাইটসএ যা খাজনা ধার্য করবার যেসব বিধি ব্যবস্থা আছে সেসমস্তই রেভিনিউ অফিসারের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে, তার ক্ষমতাই হবে ফাইনাল। এই রকম করে যখন আইন আনা হয়, যে আইনেতে আদালতের ক্ষমতাকে খর্ব করা হয়, আদালতের ক্ষমতাকে কেড়ে নেওয়া হয়, তা কেন করা হবে? আবার অনেক জায়গায় যেখানে সরকারের সুবিধা আছে সেখানে আদালতে যাবার ব্যবস্থা এতে করা আছে। কিন্তু যেখানে রায়তদের সুবিধা আছে সেইখানে তাদের আদালতে যাবার ক্ষমতা এই আইনে দেওয়া হয়নি। সুতরাং আজকে আমি, এই বিধানসভায় কালকে যখন এই কথা প্রথম বলি মাননীয় মন্ত্রিমহাশয় যখন এই বিল ইনট্রোডিউস করেন তখন সাধারণতঃ বিল ইনট্রোডিউস করবার সময় সিলেক্ট কমিটি করে নামধাম সব বলে যান, কালকে আবার দেখলাম—এক বিশেষ ব্যাপার দেখলাম মন্ত্রিমহাশয় বিল ইন্ট্রোডিউস করলেন তারপর সভা কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে গেল, কোথায় কি আলোচনা হল জানিনা, পরে ঠিক হল যে এটাকে সিলেক্ট কমিটিতে দেওয়া হোক। এই রকম ছেলে খেলা করে লক্ষ লক্ষ মানুষের এই যে সমস্যা সমাধানের এই যে ব্যবস্থা এসব বন্ধ করা উচিত। যদি তা না করেন, দু-চারজন লোক যদি এই রাষ্ট্রের পরিচালনার ভার ১৬ আনা নেন তাহলে দেশের সর্বনাশ হবে এ বিষয় কোন ভুল নেই।

[2-40—2-50 p.m.]

সিলেক্ট কমিটির যাঁরা সভ্য তাঁদের বলা হয়েছে ২০ তারিখের মধ্যে একটা রিপোর্ট দিতে। ল্যান্ড রিফর্ম আজকে বাংলাদেশের যেটা মূল সমস্যা সেই সমস্যা সমাধান করে ৭-৮ দিনের মধ্যে রিপোর্ট দেওয়া সম্ভব নয়। তবে তাঁদের নির্দেশ মতো কাজ করতে হবে। এরকমভাবে যদি জোর করে এটা করিয়ে নেওয়া হয় তাহলে আমি বলব বিধানসভায় এসে আমাদের এই সব আলোচনা করার কোন স্বার্থকতা নাই, আমাদের কোন কথা বলাই এখানে নিরর্থক। বিরোধী-পক্ষের কোনও প্রস্তাব গ্রহণ করা হয় না তা যতই যুক্তিসঙ্গত হোক। ও'রা গণতন্ত্রের কথা বলেন। এই যদি গণতন্ত্র হয়, তাহলে আমরা এই গণতন্ত্র চাই না। আমি আপনাদের বলছি গণতন্ত্রের যা সত্যিকার মানে তা রূপায়িত করার চেষ্টা করুন। আজকে আমরা ধারাওয়ারী বলছি না, তবে আমি এটুকু নিবেদন করব যে, এই বিলের অনেক ধারা আইনসঙ্গত নয়। জমিতে যাঁর সম্পূর্ণ মালিকানা তাঁর স্বত্ব কখনো খর্ব করা যায় না। কিন্তু এখানে এই যে লিমিটেশন করে দেওয়া হয়েছে, এটা আইনত নয়। নানান ভাষা এর মধ্যে ইন্ট্রোডিউস করা হয়েছে, অভিনব ডেফিনিশান দেওয়া হয়েছে, এবং একই কথার ৩-৪ রকম মানে করে বিভ্রান্তির সৃষ্টি করা হয়েছে, শুধুমাত্র তাই নয়, আইনজীবীরাও আপনাদের আইনের মানে বুঝতে পারেন না। সুতরাং প্রতি পদে পদে এই আইনের মানে করার জন্য হাইকোর্টে যেতে হবে। এখানে ল্যান্ড-এর যে মানে ঠিক করে দেওয়া হল, আইনের বই দেখবেন ল্যান্ড-এর অন্য মানে দেওয়া আছে। তাছাড়া, আমি দেখছি এতে সিডিউল্ড ট্রাইব-এর কথাও বলা হয়েছে, সিডিউল্ড ট্রাইব-এর জমি সংক্রান্ত নানান রেস্ট্রিকশান করে দেওয়া হল; কিন্তু কি ছিল আর কি হল সেটা এই আইন পড়ে বোঝা যায় না। সিডিউল্ড ট্রাইবদের নতুন করে কি দেওয়া হল আমি জানি না। কম্প্রিহেনসিভ ওয়েতে ভালোভাবে ব্যবস্থা করুন, তা না হলে এইরকম বিল করবার কোন মানে হয় না। তারপর, এই দুর্দিনের বাজারে যেখানে কৃষকেরা খেতে পাচ্ছে না সেক্ষেত্রে অ্যাভারেজ রেট অব রেন্ট এমন করেছেন যে তাতে বহু টাকা খাজনা বৃদ্ধির সম্ভাবনা আছে। এই যদি আপনাদের উদ্দেশ্য সেটা স্পষ্ট করে বলুন, এই হল সরকারী নীতি, কৃষক খেতে পাক বা না পাক, আমাদের যা খুসী তাই করব। বিধানসভায় বল্লেও হবে, না বল্লেও হবে।

তাই বলছি, এইসব যাঁরা বোঝেন তাঁদের সম্মিলিত করে তাঁদের পরামর্শ অনুসারে দেশের মঙ্গল করবার চেষ্টা করুন। আরেকটা কথা বলি, হাইকোর্টে প্রতিদিন আপনাদের আইন ভয়েড হয়ে যাচ্ছে। সেই ভয়ে মন্ত্রিসভা আরম্ভ করেছেন কি, না, আদালতে যেতে পারবে না। আদালতই ভরসা, সেই অধিকারটুকু কেড়ে নিয়ে দেশের আর সর্বনাশ করবেন না।

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান, স্যার, এই বিলটা যেটা আলোচনার জন্য বিধানসভার সামনে এসেছে সেই বিলটাকে সিলেক্ট কমিটিতে দেবার জন্য যে ব্যবস্থা করা হচ্ছে তা আমি সমর্থন করছি, কিন্তু সমর্থন করতে গিয়ে এই সম্পর্কে দু-একটা কথা না বলে পারছি না। এই বিলটার বিষয়বস্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং এটাকে সিলেক্ট কমিটিতে বিরোধীপক্ষ থেকে বরাবর যেসমস্ত অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছিল সেই সমস্তই আগে নাকচ করে দেওয়া হয়েছে বলা চলে। কিন্তু এখানে আমরা যে ঘটনাটা দেখলাম তাতে উল্টোরকম হয়ে গেল, বিধানসভার সভ্য নির্বাচিত হওয়ার পর থেকে এইরকম ঘটনা আমি আর দেখিনি, বিল উত্থাপন করার পর অ্যাসেম্বলী কিছুক্ষণের জন্য বন্ধ রেখে পরে অ্যামেন্ডমেন্ট মুভ করা হয় এটা এই অ্যাসেম্বলীর ইতিহাসে এই প্রথম দেখা গেল। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতা প্রায় শেষ করেছেন, এমন সময় কতিপয় স্বার্থান্বেষী মাননীয় সদস্য যাঁদেরকে বড় বড় জোতদারদের প্রতিভূ বলা যায় তাঁরা এই বিলের কতগুলি ধারা দেখে সন্ত্রস্থ হয়ে এই বিলটা যাতে না আসতে পারে সেজন্য তাড়াহুড়া করে বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করে আপাততঃ আটকে রাখবার ষড়যন্ত্র করলেন এবং সেদিক থেকে তাঁরা সাফল্যমণ্ডিত হয়েছে বলা চলে। যাই হোক, এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলে যে দৃষ্টিভঙ্গী ও ধারণা থাকা উচিত ছিল এই বিলে তা রাখা হয় নি, এবং

অত্যন্ত লঘুচিত্ততার পরিচয় দেওয়া হয়েছে এভাবে তাড়াহুড়া করে এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর ব্যবস্থা করে। আরেকটা কথা হল, অল্প সময়ের ভিতর সিলেক্ট কমিটিকে রিপোর্ট দেবার জন্য বলা হয়েছে। এর থেকেই মনে হচ্ছে যে, মন্ত্রিমহাশয় মৌখিক যেসমস্ত কথা ঘোষণা করেছেন বাংলাদেশের গরীব চাষীদের দুঃখ লাঘবের জন্য তা আন্তরিক নয়। মাননীয় মন্ত্রি-মহাশয় বলেছেন যে, বাংলাদেশের চাষীদের অবস্থার পরিবর্তন হওয়া দরকার, যুগ যুগ ধরে চাষীরা শোষিত হচ্ছে, তার জন্য একটা কম্প্রিহেনসিভ বিল আনা দরকার, যাতে করে এই অবস্থার প্রতিকার করা যায়, কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখলাম পূর্বোক্ত ঘটনা ঘটে গেল। তিনি যে বিলটা আমাদের কাছে এনেছেন এবং তাঁর বক্তৃতায় আমরা যা শুনেছি তাতে কিছু কিছু প্রগতিশীল ধারা এর মধ্যে যুক্ত হয়েছে, তাতে চাষীদের কিছুটা ভালো হতে পারে আমাদের এই ধারনা হয়েছিল। সি-কোস্ট বা নদীর ধারের নতুন জমির সম্পর্কে যে ধারাটা যুক্ত করা হয়েছে তাতে আমার ধারণা চাষীদের কিছুটা ভালো হতে পারে। নদীর পার ভেঙ্গে অপর তীরে যে নতুন জমি উঠে সেই জমিতে জোতদার, জমিদাররা আইনবলে দখল পাবে এই আইনে এই প্রভিসন রাখা হয়েছে। নতুন জমি আমরা জানি সরকারের উপর বর্তাবে। আমি এই সম্পর্কে একটা সংশোধনী নিতে চাচ্ছি এবং বলতে চাচ্ছি যে, শুধু সরকারের উপর বর্তাবে না, নদী ভেঙ্গে যেসমস্ত জমি জেগে উঠে সেই সমস্ত জমি প্রথমে অনাবাদী থাকে, চাষীরা বহু পরিশ্রম করে সেগুলি আবাদযোগ্য করে তোলে নানারকম ঝোঁপঝাড় পরিষ্কার করে, তাই তাদের জন্যও একটা ধারা এর মধ্যে আমি দিতে বলেছি. সরকারের উপর এই সমস্ত জমি বর্তানো উচিত এই সম্পর্কে আমার সন্দেহ নাই, কিন্তু এ সম্বন্ধে এই বিলে যে ধারা আছে সেই ধারাতে আছে যে চাষী তার থেকে বঞ্চিত হবে। সেইজন্য আমি সিলেক্ট কমিটির সভ্যদের এই অনুরোধ করব যে, এই সমস্ত জমি যা চাষীরা পরিশ্রম করে আবাদযোগ্য করে তুলেছে তা যাতে চাষীরা পায় সেই ধরনের একটা ব্যবস্থা বিলে থাকা উচিত।

[2-50—3 p.m.]

মাননীয় চেয়ারম্যান স্যার, ভাগচাষীদের সম্পর্কে ধারাটা এখানে উল্লিখিত আছে কিন্তু তার দ্বারা ভাগচাষীদের স্বার্থ সম্পূর্ণভাবে রক্ষা করবার কোন ব্যবস্থা হয় নি। তবুও মন্দের ভাল হিসেবে গ্রহণ করা চলত, কিন্তু যেভাবে, যে পদ্ধতিতে সিলেক্ট কমিটিতে দেবার ব্যবস্থা হয়েছে তাতে আমার সংশয় এবং সন্দেহ জাগছে। চাষীদের যে সামান্যতম সুযোগ মন্ত্রিমহাশয় দেবার ব্যবস্থা করেছিলেন আমার সন্দেহ হয় সেই সুযোগ সিলেক্ট কমিটির মাধ্যমে খর্ব হবে। তবে সিলেক্ট কমিটিতে যেসব সদস্যরা আছেন তাঁদের কাছে আমার আবেদন হচ্ছে ভাগচাষীদের জন্য যেটুকু সুযোগ সুবিধা আছে তার চেয়ে বেশী সুযোগ সুবিধা যদি তাঁরা নাও দিতে পারেন তাহলে অন্তত এই বিলে যেটুকু সুবিধা দেওয়া আছে সেটা যেন থাকে এবং সেদিকে তাঁরা যেন নজর দেন। স্যার, আমি আগেই বলেছি জমিদারী দখল আইনের বলে সরকারের হাতে যেসমস্ত জমি এসেছে যা বর্তেছে তাতে বিভিন্ন অঞ্চলে আমরা দেখেছি সেই জমিগুলি বিচ্ছিন্ন আকারে সরকারের হাতে এসেছে এবং এর ফলে সেই জমি চাষ করবার ক্ষেত্রে এবং বন্দোবস্ত দেবার ক্ষেত্রে যথেষ্ট অসুবিধা হচ্ছে। আমি সিলেক্ট কমিটির সদস্যদের কাছে অনুরোধ করছি এদিকে লক্ষ্য রেখে এমন একটা আইন করা দরকার যাতে এই সমস্ত টুকরা টুকরা জমির বদলে এক জায়গায় যাতে বড় আকারে জমি পাওয়া যায় সেই ব্যবস্থা করুন। তারপর বাংলাদেশের খাদ্যের যে অবস্থা সেদিকে নজর রেখে বাংলাদেশে জমি বণ্টনের যে ব্যবস্থা চালু আছে সেটা অযৌক্তিক বা যুক্তিসঙ্গতভাবে হচ্ছে বলে মনে হচ্ছে না। কাজেই সিলেক্ট কমিটির সদস্যদের কাছে আমার অনুরোধ হচ্ছে সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে সমগ্র অবস্থা বিচার করে বাংলাদেশে ভূমি বণ্টনের যে অব্যবস্থা আছে সেটা যাতে সুসঙ্গতভাবে হতে পারে এবং যারা চাষ করতে চায়, যারা নিজের রক্ত জল করে ফসল ফলাতে চায় তাদের স্বার্থ যাতে রক্ষা হয় সেদিকে লক্ষ্য রাখবেন। অর্থাৎ চাষীদের স্বার্থ যাতে রক্ষিত হয় সেদিকে তাঁরা যেন নজর রাখেন।

Shri Bhadra Bahadur Hamal:

मिस्टर चेयरमैन, सर, लैण्ड-रेभन्यू मिनिस्टर हैं नहीं। ये जो बिल सिलेक्ट कमेटी में जा रहा है।

Shri Nepal Roy:

हिन्दी में बोलिए।

Shri Bhadra Bahadur Hamal:

सुनिए-सुनिए, बंगला में बोलने से गंगा माटी होता है, और हिन्दी में बोलने से गंगा का बालू होता है।

बात यह है कि जो यह बिल सिलेक्ट कमेटी में जा रहा है, इसके संबंध में मुझे दो-चार बातें कहनी हैं। यहाँ लैण्ड-रेभन्यू मिनिस्टर आ गए हैं।

Shri Nepal Roy:

हिन्दी में बोलिए।

Shri Bhadra Bahadur Hamal:

मगर हिन्दी में बोलने से कुछ खराब नहीं होगा, बल्कि उपकार हो सकता है। जब पहले चाय बगान बनाया गया था, उस समय बृटिश गवर्नमेन्ट यहाँ थी। उन्होंने मुनाफा कायम करने के लिए इतनी बड़ी-बड़ी एरिया ली थी। इसके लिए में एक नजीर लैण्ड-रेभन्यू के सामने पेश करना चाहता हूँ। दार्जिलिंग जाते समय घूम स्टेशन जो सात हजार फीट ऊपर है, वहाँ देखिएगा कि घूम की बायीं तरफ म्युनिस्पिल एरिया में बड़े बड़े मकान हैं। आप वहाँ से दार्जिलिंग जाइए। दार्जिलिंग नार्थ प्वाइन्ट दो मील नीचे जाइए वहां पाँच मील नीचे सोभ टी स्टेट मिलेगा। वही जमीन सोभ टी स्टेट की लेसी है। आपको नजर आयेगा जोरबंगला घूम है। रो से फिर सुखिया के पास जाइए। सुखिया के पास जाने के लिए मंजन होकर जाइए, वहाँ मेम टी स्टेट है। मेहरबानी करके लैण्ड-रेभन्यू मिनिस्टर सुनिए। रास्ता पार करने के लिए मेम टी स्टेट का गेट का ताला खोलने के लिए १० रुपया देना पड़ेगा। नहीं तो आप वहाँ से जाने नहीं पाएंगे। वहाँ से थोड़ी सी दूर चलिए। सैलोबाबू नहीं हैं, वो अच्छी तरह जानते हैं। पोखरिया बुङ्ग की तरफ जाइए। वहाँ पैर रखने से जितनी जमीन मिलेगी वह संगमाटी टी स्टेट का है। उसका मालिक कौन है? मैकलोड कम्पनी। उसके बाद पानी हट्टी जाइए, मीरीक होकर, उधर की सब जमीन चाय बगान की जमीन है। बाजार-टाउन बसा है। नयी नयी जमीन आबाद हुई है। नये नये मकान बनाए गए हैं। लेकिन वहाँ पर बहुत सी जमीन आबाद हो सकती है। बहुत से मकान और बन सकते हैं। छोटे-छोटे टाउन बड़े-बड़े टाउन हो सकते हैं। उसके अन्दर चाय बगान भी बन सकते हैं।

हमने सोचा था कि जब चाय बगान की जमीन गवर्नमेन्ट अपने हाथ में ले लेगी, तब कम से कम दार्जिलिंग के लोगों की बड़ी भलाई होगी, बड़ा उपकार होगा। आप खासकर दार्जिलिंग में पाएंगे, जहां पर किसान बहुत वर्षों से आबादी कर रहे हैं, जहां किसान लोगों ने सब्जी वगैरह बोना शुरू किया है, कम से कम उन किसानों की उन्नति होगी। बहुत दिन हो गया लेकिन चाय बगान की जमीन पर हाथ नहीं दिया गया। और न दिया जायगा। जितना आइन आया, उससे चाय बगान में हाथ नहीं दिया जायगा। यह बात मेरी समझ में नहीं आता। १७, १८ वर्ष हो गया, स्वराज्य हुए, स्वराज्य अब बच्चा नहीं है। अब जवान हो गया है। अब तो आंख लाल करके चाय बगान मालिकों की ओर देखिए। लेकिन नहीं, चाय बगान मालिकों की ओर लाल आंख करके देखने से स्वराज्य पीछे हट जायगा। उसे मेहरबानी करके सोचिए।

आप एक बार दार्जिलिंग तक चलिए और वहां का नक्शा देखिए। वहां दार्जिलिंग में तीन बातें मिलेंगी। एक तो पी० डब्लू० डी० का रास्ता, दूसरा थोड़ा सा फारेस्ट। उसके बाद खास महल। खास महल की जितनी जमीन पड़ी है चाय बगान में, वह आबाद हो सकती है। जैसा आप जानते हैं, आप का पोटैटो फार्म है, जहां आप आलू लगाते हैं। वह जमीन किसकी है? धोतृ टी स्टेट का। सोनादा की लम्बी जमीन पर डेढ़ हजार किसान आबाद करके बैठे हैं। धोतृ टी गार्डन और बहुत से टी गार्डन इस नाम पर जमीन रख छोड़ा है कि चाय बगान लगाएँगे। वह जमीन लेसी है। ऐसे कानून की जरूरत है कि जितनी जमीन में चाय बगान लगाने का दरकार हो, उस जमीन को छोड़कर, बाकी जमीन गवर्नमेन्ट हाथ में ले सके। यह बात मैं इसलिए कह रहा हूँ कि सिलेक्ट कमेटी में जाने से पहले इस पर ध्यान दें।

लैण्ड-रेमन्यू मिनिस्टर ठंडे मिजाज के आदमी हैं, कभी गरम नहीं होते। अगर ऐसे ठंडे मिजाज से देखेंगे तो किसान लोग ठंडे हो जायंगे और चाय बगान के मालिक आपकी बात नहीं सुनेंगे। किसानों को तकलीफ ही देते रहेंगे। आप मेहरबानी करके देखिए, दार्जिलिंग के इलाके में जो किसान हैं, उनको बहुत दुख होता है। चाय बगान के मालिक जितनी जमीन चाय बगान बनाने के नाम पर रख छोड़े हैं, उस पर धान भी बोते हैं और चाय बगान मालिक धान मालिक हो गए हैं। वहां चाय नहीं होता, वहां धान होता है। तो क्या वह जमीन लेसी है? यह ताज्जुब की बात है। तो कम से कम आबादी के लिए चाय बगान की जमीन कानून में लाइए। जिसमें चाय नहीं लगता, वह जमीन अपने हाथ में लाइए। चाय बगान के मालिक अपने को हिटलर समझते हैं। चाय बगान की जमीन किसानों को दिलाइए।

नहीं तो जमीन की तकलीफ दूर करने के लिए संग्राम करना होगा। संग्राम करने पर आप बोलेंगे ठीक नहीं है। इसलिए किसानों को जमीन दिलाइए। इसलिए सिलेक्ट कमेटी में जाने के पहले इस बिल को ठंडा दिल करके देखिए।

दूसरी बात यह है कि नैपाल बाबू बहुत चिल्लाते हैं। किसानों की जमीन बोलने से बहुत चिल्लाते हैं, अच्छा नहीं लगता है। चाय बगान के मालिकों के हाथ में जमीन बनी रहे, यह उनको बहुत अच्छा लगता है। इसलिए आप इस बिल के द्वारा ऐसा कानून बनावें जिससे किसानों को जमीन मिले। मैं तो कहूँगा कि आप इधर ध्यान दीजिए।

Shri Nepal Roy: ठीक है मनाइए।

Shri Bhadra Bahadur Hamal: नहीं तो बीच में चिल्लाने से क्या होगा? नैपाल बाबू को बहुत गुस्सा आता है। चाय बगान की बात बोलने से आग लगती है। उधर I. N. T. U. C. का खेमा नहीं है। हो भी नहीं सकता। वहाँ तो किसान सभा है। वहाँ किसान खेती करते है। वहाँ से तो आप भाग कर आये हैं।

खैर, और एक बात फिर बोलना चाहता हूँ खास महल के विषय में। लैण्ड-रेभन्यू मिनिस्टर मेहरबानी करके इधर ध्यान दीजिए। खास महल के अन्दर गाछ बढ़ाने के लिए जो आप करते हैं मैं उसको सपोर्ट करता हूँ। मगर एक बात मैं आप से बोलना चाहता हूँ, वह यह है कि खास महल में जितने मकान हैं, वह पक्का नहीं हैं। वहाँ पर गाछ काटकर वहाँ के लोग मकान बनाते हैं। उसके पत्ते से घर करते है। बड़े-बड़े गाछ को काटकर खम्भा बनाते हैं।

मगर बात ऐसी है कि मकान बनाने के लिए खास महल में गाछ काटने के लिए गाछ के मालिक के पास दरख्वास्त करना पड़ता है। उससे किसान बड़ी असुविधा में पड़ते हैं। यह बात पहले असेम्बली में मैं बोला था। आप किसानों की ओर कम से कम ध्यान दें ताकि मकान गिरजाने पर मकान बनाने के लिए किसानों को गाछ काटने का अधिकार हो। म्यूनिसिपल्टी में दरख्वास्त करने से डेढ़ सेर घी लेकर जाना पड़ेगा। खास महल आफिसर के पास दरख्वास्त करने से मक्खन लेकर जाना पड़ेगा। मैं निवेदन करता हूँ कि आप ऐसा कानून बनावें जिससे दरकार होने से किसान लोग गाछ काटकर मकान बना सकें। गाछ काटने का किसान लोगों को अधिकार होना चाहिए क्योंकि दार्जिलिंग की बहुत सी ऐसी जमीन है कि अगर धंस गई तो बैठने के लिए जगह नहीं रहेगी। कम से कम उनके घर के लिए जितनी चीज की दरकार हो उसे कानून में रखिए। बस इतना कहने के बाद फिर बैठने के पहले इतना निवेदन करना चाहता हूँ कि किसान लोगों को चाय बगान में वास करने और वहाँ बैठकर स्वतंत्रता की साँस लेने दीजिए।

[3—3-10 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু দিনের পর মাননীয় রাজস্ব মন্ত্রী এমন একটা বিল নিয়ে এসেছেন যেটা আমরা আশা করেছিলাম যে কয়েক বছরের চিন্তাধারার মধ্য দিয়ে একটা ভাল বিল আনবেন। শেষ পর্যন্ত তিনি এমন একটা বিল আনলেন যেটাকে আবার সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য মাননীয় শংকরদাসবাবুকে দাঁড়াতে হল। শংকরদাসবাবুর সম্বন্ধে বেশী কিছু বলার দরকার নেই। সকলেই জানেন যে আমেদপুরে যে চিনির কল ছিল সেই চিনির কলের তিনি একজন মালিক ছিলেন, তিনি এমন যোগ্য ব্যক্তি যে যেখানে পশ্চিমবঙ্গ সরকার ৪৫ লক্ষ টাকা দিয়েছেন, সেন্ট্রাল গভর্নমেন্ট ২১ লক্ষ টাকা দিয়েছেন সেখানে এই ৬৬ লক্ষ টাকা নিয়ে তিনি সেই চিনির কল চালাতে পারেননি, সেটা আজ দক্ষিণ ভারতে চলে যাচ্ছে। যিনি একদিন চিনির কলের মালিক ছিলেন তিনি এটাকে সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছেন। যদি জানতাম যে আপনাদের দলে অনেক কৃষক সদস্য রয়েছেন তাঁদের দ্বারা এটা পাঠাচ্ছেন তাহলে না হয় বুঝতাম। আমার সন্দেহ হচ্ছে এজন্য যে একজন লক্ষপতি যাঁর বেনামীতে কোথায় কোন্ ভূমিজায়গা আছে আমার জানা নেই সেটা তিনি বলতে পারবেন, তিনি বললেন যে এটা সিলেক্ট কমিটিতে দেওয়া হোক। এটা গুরুত্বপূর্ণ বিল। কংগ্রেসের মধ্যে অনেক কৃষক সদস্য রয়েছেন, তাঁরা যদি এটা সিলেক্ট কমিটিতে নিয়ে আসতেন তাহলে বুঝতাম যে বিলটাকে উন্নত করবার জন্য নিয়ে এসেছেন। বিরোধী পক্ষ থেকে বার বার একথা বলা হয়েছে যে এটা সিলেক্ট কমিটিতে পাঠান হোক তখন আপনি রিফিউজ করেছেন। কিন্তু হঠাৎ দেখা গেল শংকরদাসবাবু দাঁড়িয়ে বললেন এটা মস্তবড় গুরুত্বপূর্ণ বিল এটার পরিবর্তন করা দরকার। কিন্তু কি পরিবর্তন করবেন জানিনা। বিলটা যেটা এসেছে সেটা আরো পিছনের দিকে হটে যাবে কিনা সেই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ রয়েছে।

তারপর আমি আপনাকে একটু বলতে চাই কালকে আপনি বক্তৃতায় বল্লেন যে ভাল করবার জন্য এই বিলটা এনেছেন, কালকে আপনি বল্লেন যে আমাদের লক্ষ্য রয়েছে কৃষকদের হাতে জমি দিতে হবে, সামাজিক ন্যায় বিচার করতে হবে, অসাম্য দূর করতে হবে। আমি আপনাকে জিজ্ঞাসা করি এই লক্ষ্যে পৌঁছাবেন কতদিন পরে? এটা দীর্ঘদিন ধরে চলছে। দীর্ঘদিন ধরে আমরা আপনাদের কাছে দাবী করছি এই যে প্রতিক্রিয়াশীল বিলটা পাশ করানো হয়েছে, জনস্বার্থবিরোধী যে আইন পাশ করা হয়েছে, একদিন বৃটিশ গভর্নমেন্ট তাদের স্বার্থে যে ভূমিনীতি নিয়ন্ত্রিত করতেন, আজ পশ্চিমবঙ্গ সরকার তাঁদের পার্টির স্বার্থে সেই ভূমিনীতি পরিচালিত করছেন এর পরিবর্তন হওয়া দরকার। আপনি এই দপ্তরে আসার পরে আমরা আশা করেছিলাম যে একটা পরিবর্তিত আকারে আপনি বিলটা নিয়ে আসবেন কিন্তু আপনি আমাদের সামনে যে একটা প্রতিক্রিয়াশীল বিল এনেছেন এবং বিশেষ করে সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করছেন তাতে আমাদের যথেষ্ট সন্দেহের কারণ আছে। আপনি কালকে বক্তৃতায় বলেছিলেন যে সামাজিক ন্যায় বিচার করতে হবে, কিন্তু আমি আপনাকে বলি ভূমিনীতি কি হওয়া উচিৎ। আপনাদের কংগ্রেস থেকেই বার বার এই দাবী করেছেন, আমি বেশী দূরে যাবো না - ১৯৫৯ সালে তাঁরা বলেছিলেন প্রত্যেকটা গ্রামে যতো স্থায়ী বাসিন্দা, যাদের জমি আছে এবং যাদের জমি নেই তাদের সকলকে নিয়ে এক একটা পল্লীসমবায় সমিতি গড়ে তুলতে হবে এবং যৌথ সমবায় খামারের মাধ্যমে প্রগতিশীল কৃষি উৎপাদন ব্যবস্থা করতে হবে। গ্রামের প্রতিটি কৃষক এই কৃষি উৎপাদনের অংশীদার হবে। উৎপাদন বৃদ্ধির ব্যাপারে সকলকে উৎসাহিত করতে হবে এই হচ্ছে কংগ্রেসের নীতি। আপনি কি সেই নীতিতে বিলটা নিয়ে আসতে পেরেছেন? আমরা প্ল্যানিং কমিশনের প্রতি বারে বারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। আপনার বিলে আছে, আপনি বলছেন যে খাজনা বাড়াবেন। আপনি কোথায় ১০ বছরের ১২ বছরের মালিকরা ভাগচাষীদের উপর থেকে ফসল দাবী করছে ঐ নিয়ে ভাবছেন কিন্তু আসলে ভাগচাষী-দের কোন স্বত্ব আছে কিনা সেদিকে আপনি লক্ষ্য করেননি কিন্তু প্ল্যানিং কমিশন কি বলেছেন, তাঁদের পরিষ্কার বক্তব্য হচ্ছে জমির খাজনা হ্রাস করতে হবে, আপনি খাজনা বাড়াতে চাচ্ছেন। দ্বিতীয় কথা বলছেন স্বত্ব সম্পর্কে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে, কোথায় সেই নিরাপত্তা?

তারপর বলছেন কৃষককে জমির মালিক হতে হবে, এই ছিল প্ল্যানিং কমিশনের নীতি, এই নীতি থেকে কতদূরে আপনারা যাচ্ছেন, তারপর আমি আপনাকে বলতে চাই এই বিলের মধ্যে দু'একটা জিনিস আলোচনা করলে দেখা যাবে যে প্রকৃত প্রস্তাবের উদ্দেশ্য কি। আপনি এখানে সংজ্ঞা, ডেফিনিসান বদলাতে চেয়েছেন এবং এই ডেফিনিসান বদলাতে গিয়ে কোথায় পৌঁছালেন, ল্যান্ডের কাছে পৌঁছালেন। ল্যান্ডের মধ্যে করলেন কি, সেখানে চা-বাগানকে বাদ দিলেন, আমরা বার বার দাবী করেছি যে লক্ষ লক্ষ একর জমি চায়ের বাগানের মাঝখানে দেবোত্তর সম্পত্তির নাম করে যেগুলি রাখা হয়েছে অথবা মেছোঘেরীর মধ্যে যেগুলি আছে সেগুলিকে ভূমি সংস্কার আইনের মাঝখানে আনতে হবে কিন্তু আপনি করলেন কি, চা-বাগানের মালিককে সন্তুষ্ট করবার জন্য আপনি চা-বাগান বাদ দিলেন, এই হল গিয়ে আপনার ভূমি সংস্কারের ব্যবস্থা। চা-বাগানের জমির পরিমাণ হচ্ছে, ১,৭০,২৬৪ একর, সেখানে ভূমি সংস্কার আইনের অধিকার থাকবে না, মেছোঘেরী সম্বন্ধে কিছু বললেন না। অথচ ২নং ধারায় ৮নং উপধারা সম্পর্কে আমরা কি করতে বার বার দাবী করেছিলাম আমাদের দাবী ছিল পার্সোনাল কাল্টিভেসান সম্পর্কে। পার্সোনাল কাল্টিভেসান-এ বলা হচ্ছে কি—

a person by his own land, on his own account

কি করবে

by his own labour, by the labour of any member of his family, by the servants or labourers for wages payable in cash or kind or both

এটা ছিল। আমরা এটা বলেছিলাম যে প্রকৃত জমির মালিককে যদি জমি দিতে চান তাহলে যদি সে নিজের দ্বারা অথবা আত্মীয়ের দ্বারা, অথবা শ্রমিকের দ্বারা, বা অন্য লোকের দ্বারা চাষ করে তাহলে প্রকৃত ভূমিহীন চাষীরা কোনকালে জমি পেতে পারে না।

[3-10—3-20 p.m.]

আজকে অনেক সংখ্যাতত্ব দিয়ে বুঝিয়েছেন যে আজও বহু জমি মুষ্টিমেয় লোকের হাতে রয়েছে। সেই কথার উল্লেখ করবার প্রয়োজন নেই। প্রকৃত অবস্থা এই, বাংলাদেশে যে ৩০ লক্ষ ভূমিহীন চাষী রয়েছে, তাদের হাতে কোথায় জমি দিলেন? আপনারা কান্নাকাটি করছেন সিডিউল্ড ট্রাইবস-এর জন্য। সিডিউল্ড ট্রাইবস-এর কথা আপনারা বলেছেন। আমি বলি এই সিডিউল্ড ট্রাইবস-এর সংখ্যা হল বাংলাদেশে ১৫ থেকে ১৬ লক্ষের মত। কিন্তু, সেখানে আপনি হরিজন সম্বন্ধে বলেছেন, সিডিউল্ড কাস্ট সম্বন্ধে বলেননি, তাদের সংখ্যা হচ্ছে দুটো মিলিয়ে এই বাংলাদেশের প্রায় ৬৭ লক্ষ, ঐ ১৯৬২ সালের সেনসাস অনুসারে। এই ৬৭ লক্ষ লোক, যারা সম্পূর্ণ ভূমিহীন, যারা ভাগচাষ করে খায়, অথবা কৃষি মজুরী করে কোন রকমে দিনযাপন করে, তাদের কথা আপনারা ভাবেননি। কেবল যারা সিডিউলড ট্রাইব, তার জমিটা কি করে হস্তান্তর না হতে পারে সেইটাই আপনারা ভাবছেন। কিন্তু কেন তাদের জমি হস্তান্তর হয়, সে কথা একদিনও চিন্তা করলেন না। যাদের দৈনন্দিন অভাবের মাঝখানে পড়ে ঋণ করতে হয়, তাদের সেই ঋণের দায়ে শেষে, তাদের জমিটুকু বিক্রয় করতে বাধ্য হয়, তাদের কথা বিশেষভাবে চিন্তা করা উচিত ছিল। কিন্তু আপনারা সেখানে বলছেন কি? তারা জমি বিক্রয় করতে পারবে, কিন্তু আপনাদের অনুমতি নিতে হবে, সে তার নিজের সম্প্রদায়ের কাছে ছাড়া, অন্যের কাছে বিক্রয় করতে পারবে না। আমি বলি সেটার দিকে বেশী ঝোঁক না দিয়ে, জমি কেন তারা বিক্রয় করতে বাধ্য হয়, সেটা দেখা দরকার। আপনি সেদিকে গেলেন না। এই সব সিডিউল্ড কাস্ট ও সিডিউল্ড ট্রাইবস-এর লোক, যারা ভূমিহীন বা সামান্য জমি নিয়ে আছে, তাদের প্রত্যেকেরই জমির প্রতি মায়া, মমতা আছে, তারা অভাবের তাড়নয় পড়ে, তাদের জমি বিক্রয় করতে বাধ্য হয়। কেউ ঋণের জন্য, কেউ খাদ্যের জন্য, অত্যন্ত অভাবে পড়ে, তাদের সামান্য জমিটুকু বিক্রয় করে দেয়। সেটা যাতে না হয়, তাদের সমস্যা সমাধানের কথা আপনি চিন্তা করে দেখলেন না। যদি আপনি সেখানে বলতে পারতেন যে সিডিউল্ড ট্রাইব অথবা সিডিউল্ড কাস্টদের মধ্যে যারা ভূমিহীন, তাদের প্রত্যেকের হাতে আমি জমি দেবো, যারা বেনামীতে বিভিন্ন উপায়ে বিভিন্ন রকমভাবে হাজার হাজার একর জমি রেখে দিয়ে বসে বসে খাচ্ছে, যাদের কথা আমরা বার বার আপনার কাছে বলেছি, দাবী করেছি, সেই সব বেনামী সম্পত্তি উদ্ধার করে তাদের হাতে দিতেন তাহলে বাংলাদেশে

খাদ্য-সমস্যা সমাধান হ'ত এবং এখানকার অর্থনীতি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হত। সেদিকে আপনারা লক্ষ্য করেননি।

আজ আপনারা খাজনা বাড়াবার কথা বলেছেন। এ সম্বন্ধে আমার কথা বলবার প্রয়োজন নেই। সর্বভারতীয় যে তথ্য আছে, সেই তথ্য থেকে আমি আপনাকে বলছি। সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে তারা ৪৫ ভাগ বাড়াতে পেরেছেন, সেখানে পশ্চিমবঙ্গ গত দশ বৎসরের মধ্যে অর্থাৎ ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৯-৬০ সালের মধ্যে মোটে বাড়াতে পেরেছে ১·১ পারসেন্ট। এই হচ্ছে এখানকার কৃষির অবস্থা। এবং যদি খাদ্যশস্যের উৎপাদনের দিকে দেখা যায়, তাহলে দেখা যাবে যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে ১২৮·৩, সেখানে পশ্চিমবঙ্গ করলো মাত্র ৯৫ ভাগ, অথচ অন্ধ্র প্রদেশ বাড়ালো ১৩০ ভাগ, মাদ্রাজ বাড়ালো ১৪৪ ভাগ। অর্থাৎ দেখা যাচ্ছে আমাদের পশ্চিমবাংলায়, এখানে ফসলের উৎপাদন কমে যাচ্ছে। এটা আমার কথা নয়, প্ল্যানিং কমিশনের মেম্বার, যাঁরা এখানে পরিদর্শন করতে এসেছিলেন, তাঁরাই বলেছেন যে এ'রা এত অপদার্থ যে কৃষির উন্নতি করতে পারেনি। প্রতি বছর এখানে বন্যা লেগে আছে। প্রতি বছর এখানে নানা রকম দুর্যোগের ফলে ফসল হানি হচ্ছে, সেদিকে আপনাদের লক্ষ্য নেই, কি করে ফসল হানি বন্ধ করা যায়, সেদিকে আপনারা যাচ্ছেন না। আপনারা যাচ্ছেন খাজনা বাড়াবার দিকে। খাজনা বাড়াবার জন্য আপনি বলেছেন যেখানে কম আছে, সেখানে বাড়াবেন হারাহারিভাবে। যেখানে কম আছে, সেখানে বাড়াবেন আমরা জানতাম। গত বাজেটের সময় যখন অর্থমন্ত্রী [illegible] যে তিনি ট্যাক্স বাড়াবেন, তার সঙ্গে তিনি খাজনা বাড়ানর কথাও তিনি বলেছিলেন। এই বিলের একমাত্র লক্ষ্য হচ্ছে খাজনা বাড়ান এবং তার জন্য তিনি [illegible]। মামুলি ব্যাপার এনে, হাজির করেছেন। খাজনা সম্পর্কে আমার এইটুকু বলার আছে, যে জমির উপর খাজনা রাখবেন না। আমরা বার বার এই কথা দাবী করেছি যে অন্ততঃ পাঁচ একর পর্যন্ত কোন জমির উপর খাজনা থাকবে না, এবং তার উপর যার জমি আছে, সেখানে আয়করের ভিত্তিতে করুন বা যদি প্রয়োজন হয়, তার উপর ট্যাক্স বসান। কিন্তু কোন জমির উপর খাজনা থাকবে না, এইটা আমরা বার বার দাবী করে আসছি। অন্ততঃ পাঁচ একর পর্যন্ত জমিতে যাতে খাজনা মকুব হয় তার জন্য ব্যবস্থা করা দরকার।

তারপর আপনি একটা রুল এনেছেন ইঁট কাটা সম্পর্কে। সেখানে ঘুষের রাস্তা করে দিলেন। কেউ তার নিজের জমিতে ইঁট করবে বা খোলা তৈরী করবে, তার জন্য তাকে আবার আপনাদের কাছ থেকে হুকুম বা পার্মিশান নিতে হবে। অর্থাৎ তার রাইটকে খর্ব করবার চেষ্টা করলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অতীতের একটা উদাহরণ দিচ্ছি। আমি এই গাছ কাটা সম্পর্কে বলি, জমিদারী আমলের কথা বলি। আগে মানুষ মরে পড়ে থাকতো জমিদারের কাছে হুকুম নিতে হোত গাছ কাটবার জন্য। মানুষ মরে পড়ে থাকলেও জমিদারের আমলে এই ব্যবস্থা ছিল। আবার আমাদের শ্যামাদাসবাবু সেই জমিদারী আমলের জিনিস আনছেন। কারণ ও'রাত জমিদার লোক, ও'রা এখন নিজেরাই জমিদার হয়েছেন অতএব জমিদারী ব্যবস্থা যেরকম ছিল সেইগুলি আবার ফিরিয়ে আনছেন। অর্থাৎ ও'দের হুকুম নিয়ে গাছ কাটতে হবে। অবশ্য তিনি বলবেন যে এটা আমি দার্জিলিঙএর জন্য করেছি। আমরা জানি যে বনের প্রয়োজন আছে, তারজন্য বন সৃষ্টি করুন এই সব বিধিনিষেধ না করে। তারপর তিনি নদী এবং সমুদ্রের উপর যে সব চর সৃষ্টি হবে সেখানে তিনি বলেছেন কি, যে তাদের ইচ্ছার উপর তা বিলি হবে। অর্থাৎ তা বন্দোবস্ত নিতে হলে সেখানে যেসব অফিসাররা থাকবে তাদের ঘুষ দেবার ব্যবস্থা হচ্ছে। আমি বলছি যাদের ২৫ একরের কম জমি বা যাদের সিলিংএর কম জমি আছে তাদের পাশে যদি সেই চর হয় তাহলে স্বভাবতঃই যাতে সে পেতে পারে তার ব্যবস্থা এই আইনের মধ্যে করতে হবে। তারপরে এই ভাগচাষী সম্বন্ধে তিনি অনেক কান্নাকাটি করেছেন, ভাগচাষী সম্বন্ধে আমি বলছি যে তিনি জানেন না এই রেভিনিউ অফিসারদের কাছে তাদের কি নির্যাতিত হতে হয়। ঐ চাষীরা তারা হারতে হারতে পিছনের দিকে চলে যায় অর্থাৎ হাইকোর্ট পর্যন্ত তাদের যাবার ক্ষমতা নেই। আমি বলছি যে সেখানে এই রেভিনিউ অফিসারদের হাতে ক্ষমতা না রেখে আদালতের হাতে রাখা উচিত। সরকার থেকে ভাগচাষীদের সাহায্য দিয়ে, টাকা দিয়ে, উকীল

দিয়ে, সেই মামলা করান উচিত। তারপর রেকর্ড অব রাইটস্‌ সম্পর্কে ব্যবস্থা অবিলম্বে করা উচিত। আজ যখন এটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে সেখানে মাননীয় সদস্যরা এইগুলি বিশেষভাবে বিবেচনা করবেন এবং যাতে এই সংগা পরিবর্তিত হয় এবং ভালভাবে একটা বিল আসে তার ব্যবস্থা করবেন।

শ্রীজীবনকৃষ্ণ দে: মাননীয় স্পীকার, স্যার, আজকে যে ভূমিসংস্কার আইনের যে বিল এখানে এসেছে আমরা জানি এর বিভিন্ন ধারা, উপধারা সে সমস্তরই এমন অবস্থা যে একে নিয়ে বলতে গেলে আর শেষ করা যায় না। এর একটা ধারা যদি দেখি তাহলে দেখা যাবে সেটা ফাটা, আর একটা যদি বিচার করা যায় দেখা যাবে ফুটা, এবং আর একটা যদি দেখা যায় তাহলে দেখা যাবে তার নেই তলা। এই ফাটা, ফুটা এবং তলা বিহীন এই যে এক বিচিত্র আইন এই আইন আমাদের যে কৃষি সঙ্কটে জর্জরিত দেশ এবং সব চাইতে যে কঠিন দুরবস্থার মধ্যে দেশ গিয়ে পৌছেছে তার প্রতিকারের কাছে বা সেই সঙ্কটের কাছে একটা ঝঞ্ঝাবিক্ষুব্ধ মেঘনা নদী বলা যায় তাহলে তার মধ্যে ছোট একটা নৌকা বা ডিঙ্গি যদি তার না থাকে পাল ও না থাকে হাল তাহলে সেই নৌকার যে দুরবস্থা হয় সেটা আমাদের এই কৃষি সঙ্কট জর্জরিত দেশে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের এই ভূমি সংস্কার আইনটি যা তিনি তৈরী করেছেন ঠিক সেখানে একটা সেই পাল-বহীন হালবিহীন আজকে সেই নৌকার মত দুরবস্থায় সে ভেসে আসছে। কোন প্রতিকার কৃষি সঙ্কটের, কৃষি সমস্যার প্রতিকারের যে গোড়ায় পৌছানর আজকে লক্ষণ পর্যন্ত দেখা গেল না, যে এই অবস্থা চললে পরে আজকে না হোক অন্ততঃ একদিন আমরা সঙ্কটের বা সমস্যার মূলে গিয়ে পৌছাতে পারবো। সেইজন্য আমি বলবো যে প্রথম থেকে শেষ পর্যন্ত আজকে নূতন করে, গভীরভাবে চিন্তা করে বিলটাকে যখন সিলেক্ট কমিটিতে বিচার করবে আমাদের শাসক-গোষ্ঠী, তাঁদের দৃষ্টিভঙ্গীর যদি পরিবর্তন না করেন তাহলে পরে সমস্যার কিছুই সমাধান হবে না। আমি ছোট একটা উদাহরণ দিয়ে বলছি যে আজকে বাংলাদেশের মধ্যে সামন্ততন্ত্রের পীঠস্থান হচ্ছে কোচবিহার। সেই কোচবিহারে যদি আমরা দেখি যে আজকে ১৫ বৎসর আগে কোচবিহার কি ছিল, আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের এই ভূমিসংস্কার আইন চালু হবার পরে, এই ১৫ বৎসর পরে, এই স্বাধীনতা লাভের পরে, আজকে অবস্থা কোথায় গিয়ে পৌছেছে তাহলে আমরা দেখবো আমরা ঠিক যেখানে ছিলাম ঠিক সেখানেই আছি। এমনকি আগের দিনের যে জমিহীন ভাগচাষী এবং ছোট কৃষক যারা, যাদের রক্ষা করবার জন্য ভূমি সংস্কার আইন তাদের কোন অবস্থার উন্নতি হয়নি বরং তাদের অবস্থা বহুগুণে বহু দিক দিয়ে আরো খারাপ হয়ে গিয়েছে। সমস্যাটা কি রকম, মাননীয় স্পীকার, স্যার, যদি আপনি নিজে চাক্ষুষ দেখতেন অবাক হয়ে যেতেন। একটা অবাক কান্ড। সেখানে দেখা যাবে যে বড় বড় জোতদার তারা ঘরবাড়ী করে আছে এবং তার বাড়ীর নিজস্ব যে আঙ্গিনা তার চারদিকে একটা বড় মুরগী যেরকম মাঝখানে থাকে তার চার পাশে ১০।১৫টি বাচ্চা মুরগী, ডিম থেকে বেরিয়ে গিয়ে, কিচ কিচ করে তেমনি ওখানে গিয়ে দেখবেন সেখানকার সমস্ত আধিয়ার বা ভাগচাষী তারা ঐ বড় বড় জোতদারের বাড়ীর চতুর্দিক ঘেরাও করে রয়ে গিয়েছে জোতদারের ভিটায়।

[3-20—3-30 p.m.]

জোতদারের ভিটায় ও জায়গায় তারা কোনরকমে আস্তানা তুলে জীবনযাপন করছে। নিজেরা বাড়ী করে মাথা গুঁজে থাকবে সেই ব্যবস্থাও তাদের নাই। তারপর, ৬০।৪০ ভাগ ধানের ব্যাপারে ৬০ ভাগ দূরের কথা, ৩০।৩৫ ভাগ আধিয়ারকে দিয়ে তারা বিদায় করে দিলেও আধিয়ারের বাপের সাধ্য নাই তার প্রতিবাদ করবে, যদি কোন কথা বলতে যায় তারা তাহলে বলা হয় 'আগে তুই আমার বাড়ী থেকে বেরিয়ে যা' সেই ভয়ে তারা কোন কথা বলতে পারে না, তাদের সবসময়ই গৃহস্থের মন জুগিয়ে চলতে হবে, এককথায় বলতে গেলে আগেকার আমলের গোলামী ও দাসত্বের পূর্ণ ব্যবস্থা পুরোপুরি রয়ে গিয়েছে। ভূমিসংস্কারের যে মূল উদ্দেশ্য, ভূমিসংস্কার আইনের যে মূল লক্ষ্য সেই লক্ষ্যে পৌছাতে পারা যাবে এমন কোন লক্ষণ এই বিলের ধারা ও উপধারার মধ্যে নাই। শুধু তাই নয়, এতে আধিয়ারদের উচ্ছেদও ঠেকান যাবে না, উচ্ছেদের হাত থেকে আধিয়ারদের রক্ষা করা যাবে না, কারণ সেদিকে লক্ষ্য রেখে নিশ্চয়ই মন্ত্রিমহাশয় এই আইন রচনা করেননি। এই বিলটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে, সেখানে কংগ্রেসেরই সংখ্যাগরিষ্ঠতা, আদত কথা

হল দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না হলে সিলেক্ট কমিটিও একটা ধাপ্পায় পরিণত হবে। তারপরের কথা হচ্ছে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবাংলায় কৃষি বাবত ৩৭ কোটি টাকা বরাদ্দ আছে, কিন্তু কৃষি বিভাগ ৯ কোটি টাকার বেশি ব্যয় করতে পারেননি। আমরা দেখেছি যে বিভিন্ন ক্ষুদ্র সেচ ও বাঁধের পরিকল্পনা অর্থাভাবের অজুহাতে ফেলে রাখা হয়েছে, আমি আমার জেলার কথা বলি অজস্রবার সরকারের নিকট লেখা সত্ত্বেও কোন প্রতিকার হয়নি। ১৯৬২ সালে যে টাকা বরাদ্দ হয়েছে বিভিন্ন স্কিম-এর জন্য আজ পর্যন্ত তা দেওয়া হয়নি। এই সব পরিকল্পনা রূপায়িত হলে কৃষকেরা হাজার হাজার বিঘা জমিতে আবাদ করে খেয়ে বাঁচতে পারত। টাকা পড়ে থাকছে, কৃষকের উপকার হচ্ছে না, সেচ পরিকল্পনাগুলি রূপায়িত হচ্ছে না, এক অদ্ভুত অদ্ভুত অবস্থা! সুতরাং এখন দায়িত্ব নিয়ে ও চিন্তা করে কাজ করবার জন্য আমি সরকারকে আহ্বান জানাচ্ছি। তৃতীয়তঃ, ছোট কৃষক যারা তাদের জমির খাজনা আজকে হারাহারিভাবে নির্দিষ্ট করতে হবে, ছোট কৃষকদের খাজনা প্রয়োজনবিধায় মকুব দিতে হবে, এগুলি যদি না করা যায় তাহলে তাদের রক্ষা করা যাবে না। তারপর, মাননীয় চেয়ারম্যান, স্যার, রাজস্ব ছাড়াও অন্যপ্রকারে চাষীদের উপর জুলুমের ব্যবস্থা করা হচ্ছে। আপনি জানেন একবার এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর আওতায় পড়লে সেখান থেকে বেরিয়ে আসতে প্রাণ চলে যায় যার ফলে অনেক জমি বিক্রি করে দেয়। সুতরাং এটা সুষ্ঠভাবে বলা দরকার ২০।২৫ বিঘার মালিক যারা তাদের উপর এগ্রিকালচারাল ইনকাম ধরা চলবে না। চতুর্থ কথা হল, পারিবারিক ভিত্তিতে সিলিং-এর ব্যবস্থা আজ পর্যন্ত করা হল না। এই যে ৭৫ বিঘা সিলিং করা হয়েছে তা নিয়ে এখানে অনেক আলোচনা হয়েছে, সেই কেচ্ছায় আমি আর এখন নতুন করে যেতে চাই না। যদি সত্যই চাষীদের ভালো করার উদ্দেশ্য থাকে তাহলে এই আইনকে ঢেলে সাজাতে হবে। আজ এই সিলিং-এর পরিবর্তন করার বিষয় এবং মাথাপিছু ৭৫ বিঘা জমির যে ব্যবস্থা রয়েছে তা কমাবেন কিনা এটা চিন্তা করার দরকার আছে। তারপর, ভেস্টেড ল্যান্ড-এর ব্যাপারে আরো অনেক বক্তব্য আছে। আমরা দেখেছি আমাদের এলাকায় বড় বড় জোতদাররা কল্যাণী কংগ্রেসে ১১০ টাকার টিকিটে ডেলিগেট হয়ে এলেন, সেখানে আলোচনা হল ৭৫ বিঘা থাকবে না কি থাকবে, সেখান থেকেই তাঁরা সব খবর নিয়ে গেলেন, এবং তারপর থেকে বেড়ালের নামে, শেয়ালের নামে, হাতির নামে, না অন্য কারুর নামে জমি হস্তান্তরিত করে রাখবেন চিন্তা করতে লাগলেন। অন্যদিকে দেখুন, যে জমি ভেস্টেড হওয়ার পর পাওয়া গেল সেই জমিও জোতদাররা আধিয়ারদের কাছ থেকে, বাস্তুহারাদের কাছ থেকে টাকা নিয়ে বিক্রি করে দিলেন এরকম হাজার হাজার প্রমাণ আছে যে, তাঁরাই ভেস্টেড জমি ভোগ করছেন, আধিয়াররা পায়নি, এবং গভর্নমেণ্ট কি দখল করলেন, দখল করে কাকে দিলেন তারও কোন প্রমাণ পাওয়া যায় না। সুতরাং দাঁড়াল কি: আইন হবার পরেও, গভর্নমেন্ট নিয়ে নেওয়ার পরেও যদি জোতদাররাই এই সমস্ত ভোগ করতে থাকেন তাহলে বাংলাদেশের ভূমি সমস্যার সমাধান করে চাষীর অবস্থার উন্নতি কখনো আশা করা যায় না। যদি প্রকৃতই ভূমিসংস্কার করে কৃষি সংস্কারের প্রতিকার করতে হয় তাহলে প্রগতিশীল মানুষদের নিয়ে তাঁদের সহযোগিতায় একটা জনপ্রিয় সর্বজনমান্য কমিটি করে এই বিষয়ে অগ্রসর হওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আহ্বান জানাচ্ছি। শঙ্করদাসবাবু, সিলেক্ট কমিটির কথা এখানে তুলেছেন, আমি বলব শঙ্করদাসবাবুদের দিয়ে বা তাঁর মতো বড় বড় কাপড়ের কলের মালিকদের দিয়ে এই সমস্যার সমাধান করা যাবে না, কারণ তাঁদের পক্ষে এই সমস্যার গভীরতার মধ্যে প্রবেশ করা সম্ভব নয়। আমি মন্ত্রিমহাশয়ের কাছে আরেকবার বলছি ভেস্টেড জমি উদ্ধার ও পারিবারিক সিলিং-এর বিষয়টা তাঁরা যেন বিশেষ গুরুত্ব দিয়ে বিবেচনা করেন। যাই হোক, পরিশেষে আমি বলছি, আমাদের ভূমিসংস্কার আইন কতটা সফল হয়েছে সেটা মাইক্রোস্কোপ দিয়ে খুঁজলে হবে না, যুগের পর যুগ যারা শোষিত হয়ে আসছে, যদি দেখা যায় তারা একটু মাথা গুঁজবার স্থান পেয়ে জমিতে ফসল ফলিয়ে জীবিকার ব্যবস্থা করতে পারছে তাহলেই সেটা বুঝা যাবে, মাইক্রোস্কোপ দিয়ে খুঁজে দেখতে হবে না। আজকে গ্রামের চিত্র দেখলেই সেটা বুঝতে পারবেন। আজকে চাষীরা ফসলের ন্যায্য দাম পায় না, জমিতে ফসল থাকতেই মহাজনের কাছে তা বিক্রী করে দিতে বাধ্য হয়, মহাজনদের কাছে দেনা করে তাদের জীবন কেটে যায় এইতো অবস্থা! এর যদি প্রতিকার না করতে পারেন, যদি না চাষীকে ন্যায্য দাম দিতে পারা যায় তাহলে স্টেট ট্রেডিং করেও ধান পাবেন না, ধান মজুতদারদের ঘরে চলে যাবে। সুতরাং নতুন ও আন্তরিক দৃষ্টিভঙ্গী নিয়ে সমগ্র বিলটা পুনর্বিবেচনা করার জন্য মন্ত্রিমহাশয়কে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30—3-40 p.m.]

শ্রীনারায়ণ চৌবেঃ মাননীয় স্পীকার মহাশয়, সিলেক্ট কমিটিতে এই বিল যখন যাচ্ছে তখন আমরা আশা করি সমস্ত বিষয়টা সিলেক্ট কমিটিতে বিচার করা হবে। আমি এই ব্যাপারে দু-একটা কথা বলতে চাই এবং আশা করি মন্ত্রিমহাশয় তা শুনবেন এবং সিলেক্ট কমিটিতে যাতে তার বিচার হয় সেটা দেখবেন। আমাদের ল্যান্ড রিফর্ম-এর পর এই নীতি ঠিক হয়েছিল যে, যে সমস্ত ভেস্টেড ল্যান্ড পাওয়া যাবে সেক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে যদি ল্যান্ড কো-অপারেটিভ হয়। অর্থাৎ কো-অপারেটিভকে অগ্রাধিকার দিয়ে ভাল করে চাষ করা হবে এবং আমাদের খাদ্যের অবস্থা দূর করা হবে। আমাদের মন্ত্রিমহাশয় এবং তাঁর ডিপার্টমেন্টের কর্তারা বলেন আমরা এই পলিসি মেনে চলেছি। কিন্তু আমি দেখলাম ২।৩ দিন আগে একটা প্রশ্ন করা হয়েছে এবং তাতে বলা হয়েছে যে, মেদিনীপুর জেলার সুতাহাটা থানার চকলালপুর কো-অপারেটিভকে জমি না দিয়ে আমাদের মন্ত্রিমহাশয়ের দপ্তর কয়েকজন মুষ্টিমেয় চাষীকে জমি দিলেন এবং বললেন ল্যান্ড ডিস্ট্রিবিউসন এ্যাডভাইসরি কমিটি যেটা হয়েছে তাঁরা এটা নিয়েছেন। ৩০ একর জমির মধ্যে ১৯ একর জমি বার করে দিলেন এবং এটা বিভিন্ন প্লটে ভাগ করার ফলে কো-অপারেটিভ একসঙ্গে চাষ করতে পারবে না। এইভাবে তাঁরা চকলালপুরে জমি দিলেন। শুধু তাই নয়, অন্যান্য জায়গায় আমরা দেখেছি ভেস্টেড ল্যান্ড-এর আশেপাশে যে সমস্ত কৃষক বাস করে এবং যারা চাষ করছে তাদের সেই জমি না দিয়ে ৪।৬ মাইল দূরে যে কো-অপারেটিভ হয়েছে তাদের সেই জমি দিয়েছে—অর্থাৎ ডবল স্ট্যান্ডার্ড চলছে, পার্টিবাজী চলছে। পার্টিকে স্ট্রেংদেন করবার জন্য যদি কো-অপারেটিভ করবার দরকার হয় তাহলে কো-অপারেটিভ করছেন এবং দরকার হলে কো-অপারেটিভ ভাঙ্গছেন। এরকম হলে ল্যান্ড রিফর্ম নীতি ব্যর্থ হবে। আমরা আশা করেছিলাম মন্ত্রিমহাশয় দেশের স্বার্থে, জাতির স্বার্থে, খাদ্যোৎপাদনের স্বার্থে এরকম ডবল স্ট্যানডার্ড চালাবেন না—একটা নীতি চালাবেন। তারপর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমাদের ল্যান্ড রিফর্ম অ্যাক্ট অনুযায়ী আইন আছে যদি কোন ভাগচাষী তার মালিককে ধান না দেয় তাহলে তার বিরুদ্ধে মামলা করা যেতে পারে, সেই ধান আদায় করা যেতে পারে এবং না দিলে তার জেল হতে পারে। অর্থাৎ এর বিরুদ্ধে মামলা করবার কিছু নেই এবং ভাগচাষী যদি মালিককে ঠকায় তাহলে তাকে ভুগতে হবে: কিন্তু অন্যদিকে আমরা দেখছি যে সমস্ত ভেস্টেড ল্যান্ডের মালিক সরকার নিজে সেটা যদি জমির মালিক দখল করে রাখে, ২।৩ বছর ধরে জমির ধান, পাট দখল করে রাখে, ভোগ করে তাহলে সেই জোতদার, জমিদার বা মালিককে ধরবার কোন আইন নেই। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে পরিমাণ ভেস্টেড ল্যান্ড বাংলাদেশে পাওয়া উচিত ছিল তা পাওয়া যায়নি। আমাদের ভূতপূর্ব ল্যান্ড রেভিনিউ মিনিস্টার বিমল চন্দ্র সিংহ মহাশয় বলেছিলেন যে পরিমাণ জমি পাবার আশা ছিল সেটা পাওয়া যায়নি। তবে বাংলাদেশে কৃষক আন্দোলনের ফলে এবং বিশেষ করে কৃষক সমিতির নেতৃত্বে আন্দোলন করার ফলে এবং সরকারী উদ্যোগে সরকার কিছু জমি পেয়েছেন। তবে এটা ঠিক যে যতটা পাবার আশা ছিল তা পাওয়া যায়নি। স্যার, আপনি জানেন আমাদের দেশে যে সমস্ত বড় বড় জোতদার, জমিদার আছেন তাঁরা অনেক জমি বেনামী করে রেখেছেন এবং কংগ্রেস পক্ষের অনেক লোক আছেন, আমাদের জেলায় বহু লোক আছেন যাঁরা জমি লুকিয়ে রেখেছেন,—এনামে, সেনামে করে রেখেছেন। আমার প্রশ্ন হোল এর মধ্য দিয়েও যতটা জমি সরকারের উদ্যোগে, অফিসারদের উদ্যোগে এবং কৃষকদের উদ্যোগে পাওয়া গেছে সেগুলি যে জমিদার, জোতদার, জোতদাররা দখল করে রেখেছে তাকে ধরবার জন্য কি বিধান করছেন? জোতদার, জমিদার বা মালিককে যদি ধান না দেয় তাহলে জেল হবে, পয়সা আদায় হবে এবং সেজন্য আইন আছে। কিন্তু যে সমস্ত জমি সরকারের হাতে ভেস্টেড হয়েছে সেখানে যদি মালিক ঠকায়, কয়েক বছর ধরে আটকে রাখে তাহলে সেই জমির ধান আদায় করবার জন্য কি ব্যবস্থা করেছেন সেটা আমি জানতে চাই।

তৃতীয় কথা হচ্ছে, আমি অন্য কথা বলতে চাই, আপনি স্যার জানেন জমিদারী উচ্ছেদের পর যখন হার করলেন তখন সেটা এক একরে ২.০ একর খাজনা দেয় হল। কিন্ত এরকম অঞ্চল আছে যেমন আসানসোল এবং খড়্গপুর টাউন সেখানে জমিদাররা এই সমস্ত বস্তীতে যারা বাস করে তাদের যে জমি ভাড়া দিত তাতে মাসিক ভাড়া নিত ৬ আনা এক কাঠা জমি হলে, কি আট আনা নিত। তাহলে বছরে সেই এক কাঠা জমির খাজনা নিত ৬ টাকা করে আর এক বিঘা হলে বছরে

তার ভাড়া হত ১২০ টাকা। জমিদারী উচ্ছেদের পর এই জমি সরকার দখল করেছে, এই জমির মালিক এখন সরকার। কিন্তু লজ্জার সঙ্গে লক্ষ্য করছি যে তখন যে খাজনা ছিল সেটা এখনও কমান হয়নি এবং এই আইনকে বদলান হল না। সেই আট আনা হিসাবে এক ছটাক কি এক কাঠা জমির খাজনা বছরে বিঘায় ১২০ টাকা হারেই চলছে বস্তী অঞ্চলের নন-এগ্রিকালচারাল ল্যান্ডে। আমি দাবী করছি যে সিলেক্ট কমিটি করেই হোক কি অন্য আইনেই হোক এই আইন বদলান হোক যাতে করে বস্তী অঞ্চলে যারা বাস করে,—সহরাঞ্চলে বাস করে, যাদের জোতদার মহাজনরা জমিদাররা ঠকিয়েছেন, সেই ঠকাবার ব্যবস্থা বদল হোক এবং একটা ইউনিফরম খাজনার হার-এর ব্যবস্থা হোক। আশা করি সমস্ত দিক থেকে বিবেচনা করে সিলেক্ট কমিটি থেকে যে বিল নিয়ে আসবেন সেটা আমরা গ্রহণ করতে পারবো।

শ্রীশম্ভুগোপাল দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয়, যে এমেন্ডমেন্ট বিলটা আমাদের সামনে নিয়ে এসেছেন সেটা এই হাউসের সামনে আসবে ২০ তারিখের পর, তখন দফাওয়ারী যে আলোচনা সেগুলি হবে। সুতরাং এই বিলের ডিটেইলসের মাঝখানে আমি যাব না, আমি মোটামুটি কয়েকটি কথা এই সুযোগে এই হাউসের সামনে রাখতে চাই। ভূমি সংস্কার সম্পর্কে মোদ্দা কথা হল এবং যেটা সোশিয়ালিজমের কথা, কংগ্রেস পক্ষ থেকে যা বলে থাকেন, জমির উপর থেকে সমস্ত রকম পরগাছা শোষণ-এর অবসান ঘটাতে হবে, এবং সার্থক ভূমি সংস্কার হলে পর গ্রামাঞ্চলে যারা দরিদ্র চাষী যাদের আয় স্বল্প থেকে স্বল্পতর হচ্ছে তাদের জীবনের যে ইকনমিক বেসিস, ফিনান্সিয়াল বেসিস সেটা একটু শক্ত হবে এবং সঙ্গে সঙ্গে আজকের ভারতবর্ষের যে সঙ্কট কৃষির সঙ্কট, সেটা কিছু পরিমাণ দূর হবে, ফসল বেশী উৎপন্ন হবে। সুতরাং ভূমি সংস্কারের উপর ভারতবর্ষকে নূতন করে গড়ার যে সমস্ত কথাবার্তা আজকাল চলছে, তার অনেকখানি নির্ভর করে ভূমি সংস্কারের উপর। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। কিন্তু মুস্কিল হচ্ছে এই যে এই গুরুত্বপূর্ণ বিল আমাদের হাউসের সামনে এলেও সরকারের তরফ থেকে মোটামুটিভাবে হাউসের হাল্কা মেজাজে এই বিলটার বিষয়ে বিশেষ গুরুত্বের সঙ্গে সিরিয়াসনেস নিয়ে আলোচনা করেননি। একথা অবশ্য ঠিক যে ফিউডাল যুগের যে ভূমি ব্যবস্থা তা থেকে আমরা একটু এগিয়ে এসেছি এবং একথা ঠিক যে আজকের ভারতবর্ষ এবং আজকের বাংলাদেশ যদি দাঁড়ায় তাহলে সম্পূর্ণভাবে ভূমির উপর নির্ভর করে দাঁড়াবে না, পাশা-পাশি শিল্প ব্যবস্থা হবে। একথা ঠিক যে ধনতান্ত্রিক অর্থনীতি অনুপ্রবেশ করেছে ভারতবর্ষের অর্থনীতিক জীবনে এবং তার রি-এ্যাকশন ভূমি সংস্কারের উপর বর্তেছে। প্রয়োজন যা ছিল তা হল ভূমি সস্কার নয় ভূমি বিপ্লব। কিন্তু সেদিকে পা বাড়াবার মত সমাজতান্ত্রিক সাহস আমাদের কংগ্রেস সরকারের নেই। ১৯৫৫ সালে এই আইন হয়েছিল, তারপর ভূমিসংস্কারের ফলশ্রুতি সেটা খুব ভাল করে বুঝা যাবে যদি গ্রামাঞ্চলে নদীর ধার দিয়ে যান, তাহলে দেখতে পাবেন পাশের মাঠগুলির দিকে যদি তাকান যায়, ১০ একরের পাশাপাশি ৫ একর জমি এবং তার পাশে এক একর জমি, তার পাশে ১০ ছটাক এবং তার চেয়ে ছোট জমি, এভাবে fragmentation and division of land হয়েছে। চাষ করার সময় আমরা বেশী ফসল পাবার জন্য কলের লাঙ্গল দিয়ে চাষ করার কথা চিন্তা করি, যখন অন্য দেশের সঙ্গে তুলনা করি তখন আমাদের দেশে দেখতে পাই ট্রাকটরের পাশাপাশি ছোট জমিতে লাঙ্গল চলছে এবং তার চেয়ে ছোট জমিতে ১০ ছটাক জমিতে কি আরও ছোট জমিতে কোদাল চলছে। এই হচ্ছে ভূমি সংস্কার আইনের ফলশ্রুতি।

[3-40—3-50 p.m.]

এই হচ্ছে গিয়ে ভূমি সংস্কার আইন, সেই ভূমি সংস্কার আইনের ফলশ্রুতি ১৯৬৪ সালে দাঁড়িয়ে আমরা দেখছি। এই পর্যন্ত আমরা এগিয়ে গেছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছে আমি একটা কথা বলতে চাই যে আমরা তো জানি যে আমরা অনেক চিৎকার করেছিলাম, কংগ্রেস পক্ষ থেকে অনেক চিৎকার করা হয়েছিল; যখন এসটেট্স এ্যাকুইজিসান এ্যাক্ট হল তখন আমরা ঘোষণা করে দিয়েছিলাম যে সর্বোচ্চ জমি কার কত থাকিবে এবং সেই ঘোষণা করে দেওয়ার পরেও আমরা এখানে চিৎকার করছি। কিন্তু চিৎকার করতে

করতে গা সওয়া হয়ে গেছে। আমার মনে আছে প্রথম বাজেট অধিবেশনের সময় এই হাউসে আমি বলেছিলাম এবং অনেকে বলেছিলেন যে মুর্শিদাবাদে কোন্ জোতদারের কত জমি আছে, কিভাবে সেগুলি বেনামী হয়ে আছে এবং সে সম্বন্ধে আমাদের তদন্তের দাবি আছে। কিন্তু সেই দাবি মেনে নেওয়া হয়নি। একটা ছোট্ট গল্প বলতে চাই—কিছুদিন আগে যখন গভর্নমেন্টের তরফ থেকে ধান ধরতে গিয়েছিল সেই সময় কোন একটা মহকুমা শাসক বলেছিলেন—"বলেন কি মহাশয়, ১৭শো বিঘা জমি, ধান দিল মাত্র ২৫ মণ!" এস, ডি, ও,-কে বললাম মামলা করেছিলেন? ১৭ শো বিঘা জমি রাখে কি করে? গভর্নমেণ্ট সেজন্য আইন বেঁধে দিয়েছে। এটা বাস্তবে সত্য হয়ে দাঁড়িয়েছে। সরকার যে জমি পাবার আশা করেছিলেন সেই জমি পাননি। রেকর্ডে, পর্চা, দাগে নিশ্চয়ই আছে, কিন্তু বাস্তবিক পক্ষে সরকারের হাতে সে জমি আসেনি। মিঃ স্পীকার, স্যার, আপনি নিজে বিশ্বাস করবেন জমি নিশ্চয়ই কর্পূর নয় যে আকাশে উড়ে গেছে, জমি নিশ্চয়ই আছে এবং তা বেনামী হয়ে গেছে এবং সেই জমিগুলি সেই জোতদারদের কাছে আছে। আমার একটা বৈষ্ণব গীতি মনে পড়ে গেল—

আজো সেই একই লীলা
করে গৌর রায়,
কোন কোন ভাগ্যবানে
দেখিবারে পায়।

তাই জোতদাররা ঠিকই আছে, জমি তাদের কাছে আছে। সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই যারা ভূমিহীন চাষী, ল্যান্ডলেস পেজ্যান্টস, তাদের প্রোটেকসান দেবার কথা সরকারপক্ষ বলছেন। কিন্তু আমরা জানি বাংলাদেশের বিস্তৃত গ্রামাঞ্চলে কি অবস্থা চলছে। সেখানে যারা ল্যান্ডলেস পেজ্যান্টস যারা হয়ত নিজের লাঙ্গল নেই পরের লাঙ্গল নিয়ে চাষ করে এই সব যারা চাষী আছে তারা কত ফসল ভাগ পায়—বাস্তবিক পক্ষে তারা সেইসব জোতদারদের জমিতে চাষ করে, আজো তারা ৩ ভাগ ফসল পায় না, জমির মালিক বড় বড় জোতদাররা নিয়ে নেয় এবং ১ ভাগ বা তার থেকে কম যারা চাষ করে তারা পায় এবং উপরন্তু আষাঢ় মাস থেকে আরম্ভ করে নতুন ফসল উঠা পর্যন্ত ওদেরই কাছ থেকে ধান ধার করে ১৷৷ গুণ ২ গুণ হিসাবে নিয়ে তারা তাদের সংসার চালাচ্ছে। ১৯৫০ সালের ভূমি সংস্কার আইনের ফল আজকে ১৯৬৯ সালে দেখতে পাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ ভূমি সংস্কার নয় ভূমি বিপ্লব। সমাজতন্ত্রের কথা যদি বলতে হয় তাহলে ভূমির উপর থেকে বর্গাদার শোষণকে ঝেঁটিয়ে বিদায় করতে হবে। তা বিদায় করতে গেলে আজকে কংগ্রেস সংগঠনের মাঝখানে যে গুটি কয়েক লোক আছে তাদের গায়ে হয়ত হাত পড়বে। কিন্তু সেদিকে নজর দিলে চলবে না, সেখানে কৃষকের স্বার্থের দিকে নজর দিতে হবে, নজর দিয়ে যদি এগোতে পারেন তাহলে এই বিলটা গুরুত্বসহকারে বিচার করা হবে বলে আমি মনে করি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বক্তৃতা আমি দুদিন ধরে মনোযোগ দিয়া শুনেছি কিন্তু আমি একটু অবাক হলাম এই ভেবে যে আমাদের যে আলোচ্য বস্তু সিলেক্ট কমিটিতে এই বিলটা দেয়া হবে কি হবে না সে সম্বন্ধে ওঁরা যথেষ্ট গুরুত্বসহকারে আলোচনা করেন নি। আজকে একটা কথা ওঁরা বলেছেন সেকালে ওঁদের অভ্যস্ত সুরে ওঁরা বরাবর বলে যাবেন, এটা আর কিছু নয়, এটা কংগ্রেস দলের মধ্যে আভ্যন্তরীণ কলহের একটা পরিস্ফুট প্রকাশ মাত্র যার জন্য সিলেক্ট কমিটিতে দেয়া হল এর উদ্দেশ্য আর কিছুই নয়, ভাগচাষীদের জন্য যে সামান্য মুষ্টিভিক্ষা দেয়ার ব্যবস্থা হয়েছে সেটাও দিতে রাজী নয়, সেজন্য সিলেক্ট কমিটিতে দিয়ে সেই সুযোগ-সুবিধাটুকু আরো সংকুচিত করে নেয়ার ইচ্ছা। এখানে এইভাবে কথা বলে আসলে যে কি বলা হল তা তো আমি ধরতে পারিনি। আর একটা কথা এই প্রসঙ্গে আমি বলে রাখি সিলেক্ট কমিটিতে দেয়া সম্পর্কে মাননীয় সদস্যদের মধ্যে, বিশেষ করে বিরোধী সদস্যদের মধ্যে অনেকে আমার কাছে এসে বলেছিলেন। আমি ওঁদের কাছে একথা বলেছিলাম যে আমাদের হাতে সময় যা আছে তাতে আমরা বিস্তৃতভাবে আলোচনা করতে পারবো এবং ওঁদের প্রত্যেকের প্রস্তাব সম্পর্কে আমরা বিস্তৃতভাবে সভাকক্ষে আলোচনা করতে পারবো, তবে সিলেক্ট কমিটিতে দেয়া উচিত কি উচিত নয় আমরা খানিকটা আলোচনার পর তা স্থির করতে পারি। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, সিলেক্ট কমিটিতে দেয়ার পেছনে অন্য কোন রহস্য নেই, এখানে আমার এ পাশের সদস্যদের মধ্যে অনেকে বললেন এটা সিলেক্ট কমিটিতে দিয়ে খুব তাড়াতাড়ি আলোচনা করে নেয়া যেতে পারে, সেজন্য আমাদের তরফ থেকে সিলেক্ট কমিটিতে দেয়ার প্রস্তাব উঠে এবং সেই প্রস্তাবটা গ্রহণ করা উপযুক্ত বলে আমি মনে করেছি। সিলেক্ট কমিটিতে দেয়া সম্পর্কে একটা কথা উঠেছে যে অল্প সময় সিলেক্ট কমিটির হাতে দেয়া হয়েছে, এবং অল্প সময় যদি সিলেক্ট কমিটির হাতে দেয়া হয় তাহলে সিলেক্ট কমিটি ঠিক ঠিকমত কাজ করতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে মাননীয় সদস্যদের যে বক্তৃতা শুনলাম তাতে আমি একথা বলে দিতে পারি যে কে কোন বক্তৃতা করেছেন, কারণ এমনভাবে সবাই বক্তৃতা করেছেন যাতে মনে হয় তাঁদের অভ্যস্ত পুরানো কথার পুনরাবৃত্তির দ্বারা ক্লান্তিকর কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ক্লান্তিকর কথাটা প্রত্যাহার করে নিচ্ছি, আমি বলবো এই কথাগুলোর মধ্যে এত পুরানো কথা ছিল যে আমার পক্ষে খুব শ্রান্তিকর হয়েছে এই বক্তৃতাগুলি শোনা। তার কারণ হচ্ছে যেসব বিষয় আমাদের আলোচ্য ছিল সেই বিষয়গুলি বাদ দিয়ে অনেকে কথা বলেছেন। দ্বিতীয়তঃ তাঁরা এমন কোন কথা বলেননি যার দ্বারা নূতন করে কিছু আলোকপাত হবে। সিলেক্ট কমিটিতে এ বিষয়ে ভাল করে আলোচনা হবে, যতক্ষণ খুসী আলোচনা করতে পারবেন, তা সত্ত্বেও সে বিষয়গুলি নিয়ে এতক্ষণ ধরে এত আলোচনা, বিশেষ করে সেখানে পুরাতন আলোচনা তাঁদের প্রত্যেকটি কথায় আছে, আমি জানি এবং লিখিতভাবে আমাদের রেকর্ডস-এর মধ্যে রয়েছে সেই আলোচনা করার কি প্রয়োজন ছিল তা আমি অন্ততঃ বুঝতে পারিনি। দ্বিতীয় কথা, এটা সিলেক্ট কমিটিতে যখন যাবে তখন এ বিষয়ে ও'রা যা বলেছেন আমি মনে করিনা তার কোন উত্তর এখানে দেয়া উচিত হবে। সিলেক্ট কমিটি সম্পূর্ণ স্বাধীনভাবে এ বিষয়ে আলোচনা করতে পারেন এবং ও'দের প্রস্তাব নিয়ে এই সেখানে বিধায়ক প্রস্তুত করবার জন্য আশা পোষণ করেন। আবার যে সময় পাবো সেই সময়ের মধ্যে নিশ্চয়ই আলোচনা শেষ করতে পারবো। যে প্রকরণ আমি উপস্থিত করেছি সেই প্রকরণ ভাল নিশ্চয়ই গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি এবং আমি আশা করি সিলেক্ট কমিটিতে মাননীয় সদস্যদের সহায়তায় আমরা সমস্ত বিষয়গুলি ভালভাবে আলোচনা করে, প্রয়োজন হলে নূতন আকারে আমরা এই প্রস্তাবটা এখানে উপস্থিত করতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা না বলে পারলাম না, মাননীয় বলাইবাবু এখানে আছেন, তিনি বললেন শঙ্করদাসবাবু এখানে যে সিলেক্ট কমিটির প্রস্তাবটা উপস্থিত করেছেন এটা ভয়ঙ্কর খারাপ, কেন খারাপ, না শঙ্করদাসবাবু সুগার মিলের ব্যাপারে ব্যর্থ হচ্ছেন, অতএব তাঁর পক্ষে প্রস্তাবটা উত্থাপন করা উচিত হয়নি। আমি জানি না কিভাবে এই সমস্ত কথা এখানে মাননীয় বলাইবাবুর মত একদল সদস্য উত্থাপন করতে পারেন কোন প্রসঙ্গে একথা উঠতে পারে তা আমি অন্ততঃ বুঝতে পারিনি, আমার অক্ষমতা এখানে আমি স্বীকার করেছি। মাননীয় বন্ধু শৈলেনবাবু বললেন আপনাদের যে ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি গঠন করেছেন তাতে লেফটিস্ট নেই। আমি অত্যন্ত দুঃখিত মাননীয় শৈলেন-বাবু নিজেরা লেফটিস্ট সঙ্গ করেন বোধ হয়, তিনি হয়ত নেই কিন্তু আমি জানি এই যে সমস্ত কমিটি গঠন করা হয়েছে সে ব্যাপারে বারে বারে বলেছি এবং মাননীয় সদস্য কেন নিজের দলের কথা বললেন তা বুঝতে পারলাম না--কথাটা হচ্ছে যাঁদের সেখানে দেয়া হয় তাঁরা সবাই নির্বাচিত সদস্য, হয়ত এম, এল, এ, নন, কিন্তু নির্বাচিত প্রধান বা প্রেসিডেন্ট। তাঁদের মধ্যে যদি মাননীয় শৈলেনবাবুর দলের কোন লেফটিস্ট না থাকেন এবং তার জন্য যদি আমাকে দায়ী করতে চান তাহলে আমি দুঃখের সঙ্গে তার কোন উত্তর দিতে পারছি না।

(3-50—4-15 p.m.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বোধহয় আর বিশেষ কিছু বলবার দরকার হবে না।

মাননীয় সদস্য ভদ্রবাহাদুর হামাল এখানে ছিলেন, তাঁকে এখন দেখতে পাচ্ছি না, তিনি আমাকে— খুব তীব্রভাবে, হিন্দী ভাষা হলেও, আমি যতটা বুঝতে পেরেছি, তিনি এইটাই আক্রমণ করেছেন যে বড়, বড় চা-বাগানগুলিত রয়েছে—ঐ ঘুম থেকে আরম্ভ করে অনেক দূর পর্যন্ত চা-বাগান বিস্তৃত এলাকা, সেই চা-বাগানে আমরা হাত দিতে পারিনি। আমি এর আগে বলে-ছিলাম যে, চা-বাগানে আমরা হাত দিয়েছি। এস্টেটস এ্যাকুইজিশন এক্ট-এর ৬নং ধারা ও ৩নং

য়া অনুযায়ী আমরা চা-বাগান থেকে অনেক জমি নিয়েছি। কত জমি কোন বাগানের নিয়েছি
। কথাও বলেছিলাম। উনি আমাকে বলেছেন, আপনি যে অমুক চা-বাগান থেকে নিতে
রেন না, সেটা ইংরাজের চা-বাগান কি? আমি তখন বলেছিলাম নামটা ইংরাজী হলেও,
রাজের বাগান নয়, এমন বাগান থেকেও আমরা জমি নিয়েছি। কিন্তু কথা হচ্ছে এটা সম্পূর্ণ
প্রাসঙ্গিক, এরকম আলোচনা করার কোন প্রয়োজন ছিল না। এ সম্বন্ধে এখন আলোচনা
র্ছি না। এখন আমরা আলোচনা করছি ল্যান্ড রিফর্মস আইন সম্বন্ধে। মাননীয় সদস্যদের
ধ্য কেউ কেউ বললেন যে সিলিং কেন এই রকম করা হল? সিলিং সম্পর্কে এখানে কি
র আলোচনা হতে পারে, তা আমি জানিনা। ল্যান্ড রিফরমস এক্ট-এর উপর আমরা আলোচনা
র্ছি, সেখানে যদি আমরা ওয়েস্ট বেঙ্গল এস্টেটস এক্ট-এর বিভিন্ন ধারাগুলি আলোচনা শুরু
র দিই—সেটা হয়ত খুব গুরুত্বপূর্ণ হতে পারে, খুব পাণ্ডিত্যপূর্ণ কথা হতে পারে, কিন্তু,
টা সম্পূর্ণ অপ্রাসঙ্গিক কথা হয়ে পড়ে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি আমরা ঠিক সময়ের মধ্যে এই সিলেক্ট কমিটি
কে ভালভাবে আলোচনা করে, সম্পূর্ণ স্বাধীনভাবে আলোচনা করে একটা বিধায়ক এখানে
স্থিত করতে সক্ষম হব।

Moulana Bazlur Rahman Dargapuri:

: স্পীকার স্যার, গত ৮ই তারিখে আনন্দবাজার পত্রিকায় আমার নামে একটি অভিযোগ করা
য়েছে। জজসাহেব নাকি অভিযোগ করেছেন আমি নাকি বারাসত এলাকায় কোন এক মার্ডার
সের আসামী, সে কংগ্রেসের পক্ষে ক্যানভাস করে নি বলে, আমি তাকে ধরিয়ে দিয়েছি। অথচ
ই মার্ডার যে গ্রামে হয়েছে, আমি তার নাম পর্যন্ত জানি না, এবং এটা আমার এলাকাও নয়,
র কাকে ধরেছে, কিছুই জানি না, এ সব অসত্য।

Shri Nikhil Das:

া অ্যাসেমব্লীর কোন ব্যাপার নয়, এই ব্যাপারটা এখানে হয় না।

Moulana Bazlur Rahman Dargapuri:

মি ওদের আজ পর্যন্ত চিনি না। আমার সঙ্গে ওদের কোন সম্পর্ক নেই। কাজেই এই রকম
টা অভিযোগ আসা অত্যন্ত দুঃখের বিষয় বলে আমি মনে করি।

Mr. Speaker: All right. That had been recorded. Please take your at.

The motion of the Hon'ble Jagannath Kolay that the West Bengal Land eforms (Amendment) Bill, 1964, be referred to a Select Committee consistg of the following members, namely:—

(1) Shri Syed Abul Mansur Habibullah,
(2) Shri Hare Krishna Konar,
(3) Shri Amarendra Nath Roy Prodhan,
(4) Shri Nani Bhattacharjee,
(5) Shri Aswini Roy,
(6) Dr. Radhakrishna Singha,
(7) Shri Sudhir Chandra Das,
(8) Shri Birendra Kumar Maitra,
(9) Shri Abani Kumar Basu,
(10) Shri Ananda Gopal Mukhopadhyay,
(11) Shri Arun Kumar Moitra,
(12) Shri Pijus Kanti Mukherjee,
(13) Shri Shamsuddin Ahammad,
(14) Shri Ajoy Kumar Mukherjee,

(15) Shri Gokul Behari Das,

(16) Shri Sankardas Bandyopadhyay,

(17) The Hon'ble Sowrindra Mohan Misra,

(18) The Hon'ble Purabi Mukhopadhyay,

(19) The Hon'ble Syamadas Bhattacharyya, Minister-in-charge,

with the instruction to submit their report by the 20th September, 1964, was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment.]

[4-15—4-25 p.m.]

The City Sessions Court (Amendment) Bill, 1964

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to introduce the City Sessions Court (Amendment) Bill, 1964.

(Secretary read the title of the Bill.)

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the City Sessions Court (Amendment) Bill, 1964, be taken into consideration.

Sir, this Bill is a simple Bill to provide for two matters: one is that in the Criminal Procedure Code there is a provision which is not applicable to the City Sessions Court. That provision is to the effect that if a case which is to be tried by the Sessions Court is likely to last for more than two weeks or on account of the complexity of evidence if the High Court thinks that a particular case should not be tried by a jury but by the judge himself, the High Court may do so. What has happened is that the Criminal Procedure Code was amended in 1955 and it gave this power to the High Court that in such cases the High Court may direct that the trial may be held without a jury. It was held by the High Court in a case that, so far as the City Sessions Court is concerned, there is no such provision, and unless this provision is there the High Court has no jurisdiction to direct that a particular case should not be tried by a jury. It is quite known to us that if a jury is asked to serve in a particular case for more than 14 days it may be difficult for the jurors to attend. Moreover, there are cases in which there is a good deal of complexities of evidence. It is only an enabling section which enables the High Court to decide in a particular case, if it is brought to the notice of the High Court that a particular case may not be tried by a jury—it may be tried only by the judge himself. Therefore, this brings the City Sessions Court trial in conformity with the trial as required to be made under the Criminal Procedure Code, and in that view of the matter this amendment is sought to be made.

Sir, the other amendment is also very simple. Murder cases under section 302 are to be tried by the High Court but in a case under section 303 it provides that in case of a life convict, if he commits murder, in that case the only sentence that can be passed on him is that of a death sentence and no other sentence. It was pointed out that there is an anomaly, that in a case where the only sentence is a death sentence—in a murder case—it should be left out. And we find that it must have been left out by inadvertence. So we want to amend this by bringing in cases under section 303 within the purview of the High Court meaning thereby that if a life convict commits an offence of murder then he may be tried by the High Court.

These are the two matters for which we seek to amend the present Act.

Shri Kashi Kanta Maitra: Sir, I rise to oppose the City Sessions Court (Amendment) Bill, 1964, as moved by the Hon'ble Minister and I would presently indicate the reasons for my opposition. I oppose this Bill firstly because of the unseemly and indecent haste with which this Bill is being sought to be rushed through this legislature; secondly, I oppose because I feel—this is my apprehension—that this is going to be a prelude to the total abolition or withdrawal of the system of trial by jury from this country; and, thirdly, I draw the attention of the Hon'ble Minister-in-charge to the provisions of the parent Act, viz. the City Sessions Court Act of 1953. If you kindly look to the provisions of the amending Act, you will find that it was in the wisdom of the framers of the parent Act that they enacted that the trial by jury should be retained at least in the City Sessions Court in Calcutta. No, is it to be presumed that when the legislature had passed and enacted this Bill, they had done so foolishly and in utter disregard of all the principles of legal jurisprudence? If it is assumed that the framers of the original parent Act were wrong, then I think the Hon'ble Minister owes it to the House to lay before the House the material facts and the reasons and the data defending his conclusion, viz. that whenever any party feels that a sessions trial would continue for more than two weeks, it can move the Hon'ble High Court and have it ordered by the Hon'ble High Court that in place of trial by special jury, the Sessions Judge would preside over the Sessions Court and hear the matter singly. Sir, you know that so far as jury-trial is concerned, it has a long and chequered history, long centuries of struggle behind it. And what is the reason? To discard the entire procedure of trial by jury and give it a significant burial. I am drawing the attention of the Hon'ble Minister-in-charge in all humility that when the legislature in its wisdom divided cases into two distinct categories, viz. cases triable by magistrates invested with first-class powers and cases to be tried exclusively in the sessions court, it was the intention of the legislature that so far as the sessions cases are concerned, the sessions judge should be aided and assisted by the wisdom of jurors. Sir, you know that in jury trial there are nine jurors and you also know what malpractices, abuses and corruptions are associated with the trial by jury so far as Mofussil Bengal is concerned. We know that, we admit that and we want modification of the system. I feel that the time has come when all the members of this House should think over the matter afresh and I think the time has come to revise our old attitude and to discard and jettison our old prejudices, petrified prejudices and opinions and look at the jury problem from a human angle from a new perspective. You cannot proceed on the basis that the people are untrustworthy.

[4-25—4-35 p.m.]

You cannot proceed on the footing that your people are incapable of adjudicating justice, you cannot proceed on the basis, on the assumption, that people are inefficient, they are absolutely corrupt and they are a purchasable commodity. Either you believe in democracy, or you do not at all believe in democracy. If you at all believe in democracy, then you must have faith in the ultimate destiny of the people, you must have faith in the innate goodness of the people, you must have faith in the sense of justice, fairness and sense of equity emanating from and inherent in the people of the State. You cannot proceed or adopt an inconsistent standard, namely, that you do not trust your people, you do not trust your countrymen, and at the same time you say, I believe in democracy, and democratic government. Demo

cratic government is a government which is based on the system of trial and error. I do not know if anybody has ever heard of anybody learning to swim without getting into water. You must get into water if you want to learn to swim. Therefore, it may be that people abused their position, it may be there were corrupt, inefficient jurors in the country in the past, but is that a valid argument for discarding altogether a system which had very beneficial and salutary features. Here pausing for a moment, let us see what are the reasons that have actuated the Hon'ble Minister to introduce this Amendment Bill. His first reason is the volume or complexity of evidence in the case, secondly trial is to be completed within two weeks from its commencement, thirdly, consideration of evidence of a highly technical nature rendering it undesirable to be tried by jury. I was telling just now that legislature in its wisdom divided cases into two classes, viz., cases triable by Magistrates with first class powers and cases to be tried by the Court of Session. By this, the intention of the legislature was that the Sessions Judge should have the best of wisdom of the jurors. It cannot be that what a Presidency Magistrate vested with first class powers, a qualified Magistrate, an honest Judicial Officer presiding over a court of Magistrate can do, cannot be done by a Sessions Judge. When a case can be decided by a competent, efficient and qualified Magistrate it can certainly be decided and adjudicated by the High Court and the Sessions Judge. Then, what was the point in dividing these two lines of cases. There cannot be any sense unless the legislature really wanted that the Sessions Judge should always have the wisdom of the 9 jurors. It is true that there has been abuse, I concede, but its remedy lies in selecting the proper men. So far as the City Session panel is concerned, it is known to the Hon'ble Minister-in-charge that very eminent persons, qualified educated persons, professors, official staff- they are empanelled. Doctors, professors - they are also empanelled in the list of special jurors. Is it the contention of the Hon'ble Minister-in-charge that he cannot trust a professor? Is it his contention that he cannot trust an educated man, an intelligent man to sit as a juror, to sift the evidence, to see if the evidence involved is a matter of complicated nature, or it involves evidence of a technical nature? What is meant by evidence involving highly technical nature? As a lawyer I do not know. Law is decided in the legislatures, in Parliament and the States, in this country as also in every part of the world. So far as the facts are concerned, it would be entirely in the domain of the jurors; so far as the law is concerned, it would be entirely in the domain of the learned judge, and the learned judge is bound by the finding of the jury on the question of fact, and the jury is bound to accept all decisions of law as explained and declared by the learned judge presiding over a court of session. It does not follow that the Sessions Judge has to act sheepishly, has to rubber-stamp sheepishly the decision on facts by the Jury. That is not the legal position because under the provisions of the Criminal Procedure Code even when the Jury, has returned a verdict, the Sessions Judge has the power to say, I do not agree with the verdict, provided however the Sessions Judge is satisfied that the finding of the Jury on the question of fact is so patently absurd that no reasonable body of men can accept or proceed with it. Therefore ample safeguards were there; safety valves were created by the Legislature under the various Acts and so why enact this Bill again? The whole object of this Bill shows that you do not trust your own men.

Then let us come to another aspect—a very important aspect and it is this; if you cannot have reliance on trial by jury why have you retained the trial by jury in the Original Side of the Calcutta High Court? Is it again your contention that the only jurors who are empanelled in the High Court, Original Side, are so capable, are so infallible and they are so learned that you can always trust them, you can believe their wisdom but you cannot

believe others. Therefore if you believe jurors in the Original Side of the High Court, I do not see any reason why you will withhold something from other courts. I should say the Hon'ble Minister is proceeding altogether on a fallacious premises.

Then again let us see another inconsistent aspect of the Bill. Sir, I can understand your saying that the country is passing through such crisis, we have landed ourselves in such a moral morass that we cannot believe all the people or any authority. I can understand that. I can understand if anybody believes in Fascism or totalitarianism cult—I can understand his sentiment, I can appreciate his logic behind it but I cannot appreciate the logic of this thing indulged day in and day out. You are preaching and giving slogans of democracy but in practice you are doing things which are running counter to the fundamental principles of democracy, which are running tangent to the basic concepts and notions of democracy. This is what you are exactly doing. Look at this Bill. You are talking of village self-government. You are thinking, you are preaching village democracy—very well, we also like the Panchayat Raj as suggested by Mahatma Gandhi. You are creating Panchayat institutions. Naya Panchayat institutions and what are their constituents? Theoretically the constituents of these Naya Panchayats are the tillers of the soil, the ploughmen of the villages. They have no legal training but they are deciding judicial issues, justiciable issues. So if you can trust these Naya Panchayat intitutions, if you can trust the Panchayat Raj institutions why can't you trust your own men the jurors, who can adjudicate these disputes. Therefore, I think we are proceeding on a wrong idea I would appeal to the Hon'ble Minister to reconsider the whole thing, to think from a broad perspective, from human perspective....

Finally I would remind him of the celebrated decision of the Supreme Court. Sir, I say that the trail by jury is a very valuable right which has been earned by our countrymen and you cannot by this camouflage and political subterfuge take away that right. You remember the case of Kansari Halder and the Supreme Court judgment. It is true that the decision was against him but we should not forget that it was a single majority judgment—2:1 ratio, but nonetheless it is still valid today and I would appeal to the Hon'ble Minister to reconsider the matter. With these words, I take my seat.

[4-35—4-45 p.m.]

শ্রীসৈয়দ আব্দুল মন্সুর হবিবুল্লা: মিঃ স্পীকার, স্যার, ১৯৫২ সালে যাঁরা নির্বাচিত সদস্য এই অ্যাসেমব্লীতে ছিলেন, তাঁরা যখন সিটি সেসন আইন পাশ হয়েছিল তখন এইভাবে ক্রিমিন্যাল কোডের ২৬৯ নম্বর ধারাকে এইভাবে লিখেছিলেন

"The City Sessions Court may on application made to it or of its own motion, by order direct that any trial before it shall be by jurors summoned from a special jury list and may revoke or alter such order".

তাঁদের জ্ঞানে একথা স্বীকার করেছিলেন যে সিটি সেসন কোর্টে আমাদের জুরী ট্রায়াল নিবন্ধ থাকবে। আমাদের ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের ৪ নম্বর উপধারা সংযোজিত করার ব্যবস্থা হয়েছে, তাঁরা সেদিন এই সিদ্ধান্ত করেছিলেন বর্তমান উপধারা ২৬৯ ধারা আমাদের সিটি সেসন কোর্টে অন্ততঃ থাকবে না। মাননীয় স্পীকার মহাশয়, আজকে যখন আমাদের সামনে এই প্রস্তাব এসেছে তখন মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের এই কথা রেখেছেন যে কি কারণে তাঁর পক্ষে আজকে সেই জ্ঞানে যে সিদ্ধান্ত ১৯৫৩ সালে নেওয়া হয়েছিল তার পরিবর্তন করার প্রয়োজন হল। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে গত ২ বছর যাবত ৩ বছরের বেশী আমাদের দেশে জেলায় জুরী সিস্টেম বর্জন করা হয়েছে আইনের ব্যবস্থা অনুযায়ী। কিন্তু যাঁরা কোর্টে

প্রাকটিস করেন তাঁরা জানেন যে যে উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছিল তা দ্বারা কোন লাভ হয়েছে বলে আমরা মনে করি না। ইংরেজ জাতি, ব্রিটিশ জাতির জনসাধারণ বহু সংগ্রামের মধ্য দিয়ে অনেক জিনিষ অর্জন করেছিল, ইতিহাসে আমরা দেখেছি যে সেই সংগ্রামের কিছু অংশ পৃথিবীর মানুষের কাছেও পৌঁছেছিল। ট্রায়াল বাই জুরী এটা সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারের একটা অংশ। কেন একথা উঠেছিল? কারণ ইংরেজদের দেশে জজ ছিল রাজার নিযুক্ত।

They were judges acting on behalf of the King.

সুতরাং তাঁরা অবিচারে যেতে পারেন এই রকম একটা আশংকা বা ধারণা ছিল এবং বিচারকদের কাছে যাতে সাধারণ মানুষ অবিচার না পায়, সুবিচার পায়, তারই জন্য জুরী ট্রায়ালের ব্যবস্থা হয়েছিল, জনসাধারণের মধ্য থেকে লোকদের নিয়ে জুরী করা হয়েছিল যারা অন্ততঃ ঘটনার ব্যাখ্যায় চূড়ান্ত সিদ্ধান্ত দিতে পারবেন। এইজন্যই জুরী ট্রায়ালের ব্যবস্থা হয়েছিল, ইংরেজরা করেছিল। যেখানেই ইংরেজ জাতি গিয়েছিল সেখানেই ইংরেজ জাতির অর্জিত সুবিধাগুলি কিছু কিছু সাধারণ মানুষও পেয়েছিল, আমাদের দেশেও পেয়েছিল। কি কারণে এই জুরী ট্রায়াল বীভৎস আকার ধারণ করে সেকথা আমাদের দেশের ইতিহাসে লিপিবদ্ধ আছে। অনেক জুরী দুর্নীতিপরায়ণ ছিল। কিন্তু আজকে আমাদের দেশে তা নেই। অনেক শিক্ষিত লোকের সংখ্যা বেড়েছে। অনেক লোক রয়েছেন যাঁদের জুরী করা যেতে পারে। আজ সেখানে টাউট শ্রেণীর লোকের, দালাল শ্রেণীর লোকেরা এই সুযোগ-সুবিধা গ্রহণ করত এবং যাদের নিযুক্ত করা হ'ত জুরী হিসাবে, সে অবস্থা আজকে নেই। সহরেই বলুন, গ্রামেই বলুন বহু শিক্ষিত লোক রয়েছেন যাঁদের জুরী নিযুক্ত করা যেতে পারে। বিশেষ করে আমাদের দেশে মহিলা শিক্ষিতদের সংখ্যা অনেক বেড়ে গিয়েছে। কাজেই সেখান থেকে বিশেষজ্ঞ জুরীও পাওয়া যেতে পারে; কেননা বিশেষজ্ঞ শ্রেণীর লোকদের সংখ্যাও অনেক বেড়েছে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে প্রস্তাব এনেছেন তা দ্বারা ২৬৯(১) ধারা সংযোজিত করে এমন অবস্থার সৃষ্টি করছেন যাতে প্রসিকিউশনের হাতে একটা সুযোগ তুলে দিচ্ছেন। আপনি বলছেন দু' সপ্তাহের বেশী যদি দরকার হয় তাহলে সেটা বিচার যোগ্য হবে, সেটা জুরী ট্রায়াল হবে কি না। এখন ধরুন প্রসিকিউশনের সুবিধা হল যে ৯৩ জনের সাক্ষী নেওয়া হবে, সাক্ষী দিতে আরম্ভ হলে তারা দু' সপ্তাহ ধরে সাক্ষী দিতে পারবে না, অতএব জুরী ট্রায়াল বন্ধ থাক, অতএব রেফার্ড হল হাইকোর্টে জুরী ট্রায়াল বন্ধ হয়ে গেল, প্রসিকিউশনের হাতে এই ওয়েপন দেওয়া হয়েছে। জুরী সিস্টেম এইভাবে তুলে দিয়ে নীতিগতভাবে মানুষের স্বাধীনতা হরণ করে সমস্ত ক্ষমতা আমাদের দেশের প্রসিকিউশনের হাতে বিশেষ করে পুলিশের হাতে দেওয়া হয়েছে। তথাকথিত দু' সপ্তাহের নজির দিয়ে হাইকোর্টের কাছে মুভ করতে পারবে এবং যাতে জুরী ট্রায়াল না হতে পারে তার ব্যবস্থা হয়েছে। আমাদের একথা বিশ্বাস করতে বলা হয়েছে যে ১০ জন ঘুষ নিতে পারে, একজন খেতে পারে না। আমি একথা বিশ্বাস করতে পারি না।

আমরা আমাদের জাজদের প্রতি কোন অ্যাস্পার্সান করতে চাই না। কিন্তু এই প্রস্তাবের দ্বারা আমাদের জনসাধারণের উপর যে অ্যাস্পার্সান করা হচ্ছে আমি মনে করি এটা অন্যায়ভাবে করা হচ্ছে। আমাদের জনসাধারণের মধ্যে অনেক সংখ্যক লোক আছেন যাঁরা জুরর নিযুক্ত হতে পারেন এবং ভালভাবে বিচার করতে পারেন বলে আমি মনে করি। মাননীয় স্পীকার মহাশয়, আর একটা কথা তুলতে চাই সেটা হচ্ছে আপনি এই হাউসে আলোচনায় শুনেছেন সিটি সেসান কোর্টের অধিকার কেমন করে খর্ব করে রাখা হয়েছে। সিটি সিভিল কোর্টের অধিকার অনেকটা বেশী ছিল, সে তুলনায় আজকে সিটি সিভিল কোর্টের সেই অধিকার খর্ব করা হচ্ছে এবং তার তীব্র প্রতিবাদ জানিয়ে আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিলকে সমর্থন করতে উঠে ক্লজ ৩-এর বিরোধিতা করছি এই কারণে যে এখানে জুরর দ্বারা বিচার হওয়ার যে পদ্ধতি সেটা প্রায় উঠে যাবার উপক্রম হয়েছে। একটু আগে আমার বিরোধী দলের বন্ধুরা একটা কথা তুলে ধরেছেন যে ইংরাজ আমলে জুরিদের প্রয়োজন ছিল ইংরাজ জাজদের সততা প্রমাণ করবার জন্য। সেই অবস্থা এখনও ঠিক আমাদের দেশের মানুষ উপলব্ধি করতে পারে না। গণতন্ত্র আমরা নিশ্চয়ই ভোগ করছি কিন্তু

গণতন্ত্র আমাদের কতখানি অধিকার দিয়েছে, কতখানি আমাদের করা উচিত বা কতখানি করা উচিত নয় সে সম্বন্ধে আমাদের দেশের মানুষ এখনও সচেতন নয়। আমি জাজদের প্রতি কোন রকম কটাক্ষ না করে এই কথা বলছি যে জুরির থাকা দরকার। কারণ, একজন মানুষ তিনি যতই অভিজ্ঞ হন, যতই পণ্ডিত হন না কেন, ভুল তিনি করতে পারেন। আমাদের দেশের আইন বলে যে হাজার দোষী লোক খালাস হয়ে যাক কিন্তু একজন নির্দোষী লোকও যেন সাজা না পায়। আইন যখন এই কথা বলে এবং সেই আইন যখন মেনে চলছি তখন সে দিক থেকে বিচার করলে আমরা আইনের প্রতি সম্মান দেখাতে পারব না যদি আমরা জুরিদের বাদ দিয়ে দিই। তবে আমাদের বন্ধু মনসুর সাহেব এবং কাশীকান্তবাবু একটা কথা বলেছেন যে আমাদের জুরিদের স্ট্যান্ডার্ড ঠিক করা উচিত। এককালে প্রবাদ ছিল, প্রবাদ কেন সত্য ঘটনা, আমরাও শুনেছি যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে ধুরন্ধর লোকেরা দরখাস্ত করতেন যে হুজুর আমার অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর, স্ত্রী-পুত্র পরিবারের ভরণ-পোষণের জন্য আমাকে জুরি করা হোক এবং আমার পরিবারকে রক্ষা করা হোক। এই অবস্থাটা আজকে আমার মনে হয় দেশে নেই। এখন অনেক শিক্ষিত, পণ্ডিত লোক জুরি হয়ে কোর্টে যেতে ইচ্ছুক আছেন। কিন্তু আমাদের আইন ডিপার্ট-মেন্ট ঠিক সেদিকে নজর দিচ্ছেন না। তাঁরা ভাবছেন যে জুরিদের সঙ্গে বেশীর ভাগ জায়গাতে জাজদের গরমিল হয়, অনেক সময় দেখা যায় যে জাজরা জুরিদের সঙ্গে একমত হতে পারেন না এবং তাই তাঁরা ভাবেন যে জুরিরা একটা আপদ। আমি সেজন্য বলব আপদ এক দিক থেকে যদি খারাপ লোক নেওয়া হয়। আমার মনে হয় আমার আইনজ্ঞ বন্ধুরা ভালভাবে এটুকু জানেন যে একটা লোক যিনি হয়ত আইন জানেন না অথচ তাঁর স্ট্রং কমন সেন্স আছে—কোনটা সত্য কোনটা মিথ্যা, কে খুন করেছে কে করেনি এটা কমন সেন্স অ্যাপ্লাই করে নির্ধারণ করতে পারেন এই রকম লোককে জুরির নিযুক্ত করা উচিত। তা না হলে যাঁরা ভাল উকিল তাঁরা আইনের মারপ্যাঁচ করে নানা রকম যুক্তি দিয়ে বলবেন যে না মহাশয়, ইনি নির্দোষ একেবারে বেকসুর খালাস, কিন্তু যদি ভাল উকিল না হয় তাহলে নির্দোষ লোকের আইনের প্যাঁচে পড়ে ফাঁসি হয়ে যাবে, যাবজ্জীবন দ্বীপান্তর হয়ে যাবে। আমি সেজন্য বলব যে ভাল লোক যাঁরা, যাঁরা ভাল ভাল কলেজের প্রফেসার, প্রিন্সিপ্যাল, বড় বড় ডাক্তার, স্ট্রং কমন সেন্স আছে সেই রকম লোকদের জুরি করে জুরি সিসটেম চালু রাখা দরকার। কারণ, আমরা বিশ্বাস করি যে দেশে যখন আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে তখন একজন লোকের উপর বিচারের ভার দিলে সেটা ঠিক হবে না। ভাল ভাল জজ আছে জানি কিন্তু দু' একটা তো খারাপ লোক হবে। তাঁদের এক কলমের খোঁচায় একজনের প্রাণ যাবে, দ্বীপান্তর হয়ে যাবে সেটা ঠিক নয়। সেজন্য আমি এর বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি আনা হয়েছে দুটো উদ্দেশ্য নিয়ে একটা হচ্ছে যে কোন কোন ক্ষেত্রে সিটি সেসান কোর্ট থেকে জুরীর বিচার হবে না ক্রিমিনাল ট্রায়ালে এবং আর একটা হয়েছে সেকশন ৩০৩ অফ দি পেনাল কোড, এটাকে হাইকোর্টের অন্তর্ভুক্ত করা। সেকশন ৩০৩ হচ্ছে punishment for murder by a life convict.

যারা লাইফ কনভিক্ট তারা যদি মার্ডার করে তাদের শাস্তি বিধানের জন্য অন্তিম শাস্তি হচ্ছে প্রাণদণ্ড—সেটা কোথায় হবে এরকম কোন বিধান সিটি সেসানস কোর্ট অ্যাক্ট-এ নেই। কাজেই বর্তমান আইনানুযায়ী এরকম কোন ঘটনা ঘটলে হাইকোর্টে যখন এটা সিডুল তাকে নেবার মধ্যে নেই তখন এটা সিটি সেসনস কোর্টের ট্রায়াল কিন্তু এটা বোধ হয় তখন যাঁরা আইন করেছিলেন তাঁরা এই চিন্তা করেছিলেন যে লাইফ কনভিক্ট মার্ডারের কেস হাইকোর্টে বা সিটি সেসান কোর্টে আসার প্রয়োজন হবে না, কেন না লাইফ কনভিক্ট যারা তারা জেলের মধ্যে থাকে, তারা মার্ডার করলে জেলের ভেতরেই করবে এবং ক্যালকাটা হাইকোর্টের অরিজিনাল জুরিসডিকশনের মধ্যে কোন জেল নেই। কাজেই এটা আমাদের প্রয়োজন নেই তবে মন্ত্রিমহাশয় যদি এটাকে এনে ল্যাকুনা দূর করতে চান তো করতে পারেন কিন্তু এর প্রয়োজন কোনদিন হবে বলে আমার মনে হয় না। স্যার, প্রথমে ক্লজ (২) সাব ক্লজ (২)-তে সেটা নিয়ে আসছেন, অর্থাৎ যদি কোন কেসে

সাক্ষীর সংখ্যাধিক্য থাকে বা কমপ্লেক্সিটি অফ এভিডেন্স থাকে বা দু' সপ্তাহের বেশী চলবে বলে মনে হয় তাহলে সেই কেসে হাইকোর্ট ইচ্ছা করলে জুরী ট্রায়াল বন্ধ করে দিতে পারেন, সেসান জাজ কেস করবেন। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে জুরী একটা বিশেষ অধিকার। জুরী ট্রায়াল যখন আমরা পেয়েছিলাম ইংরাজ আমলে তখন আমরা মনে করেছিলাম যে এটা একটা বিশেষ অধিকার নাগরিকরা পেয়েছে। পরে অবশ্য দেখা গেছে যে মফঃস্বলে যারা জুরী হতে পারতো তারা এমন দূর থেকে আসতো যে জুরীদের ভেতর দুর্নীতি প্রবেশ করা সম্ভব হয়েছিল। ইউনিয়ন বোর্ডে যারা ৬ আনা ট্যাক্স দেয় তারা জুরী ট্রায়ালে আসতো। এসবের জন্য মফঃস্বল থেকে জুরী ট্রায়াল উঠে গেছে কিন্তু ক্যালকাটায় জুরী সিস্টেম আলাদা, ক্যালকাটার জুরীদের বিশেষ কোয়ালিফিকেশনের দরকার হয়, এডুকেসনাল কোয়ালিফিকেসন এবং সার্ভিসের ইনকামের কোয়ালিফিকেসন দরকার হয়। কাজেই মফঃস্বলের জুরী এবং ক্যালকাটার জুরী অনেক তফাৎ। এজন্য সমস্ত স্টেট থেকে জুরী ট্রায়াল তুলে দিলেও কোলকাতার উপর জুরী ট্রায়াল রাখা হয়েছে একটা উদ্দেশ্য নিয়ে। কাজেই যে সংশোধনী আনা হয়েছে, যে ভলিউম আছে যদি দু' সপ্তাহের বেশী থাকে, এতে জুরী ট্রায়াল তুলে দিলেই যে সাহায্য করবে তার কোন মানে নেই। আইনজীবী হিসাবে আমার অভিজ্ঞতা থেকে বলছি যে এতে বিশেষ কোন তফাৎ হবে না। ফর্মেসানে যে টাইমটুকু যায় জুরী, চার্জ টু কি জুরী সেটুকু যায় এবং জুরী রিটায়ার করে ভার্ডিক্ট দিতে যেটুকু টাইম যায় কিন্তু আর সমস্ত যা বিচার হয়, যা সাক্ষীসাবুদ হবে তা সমস্ত জজের সামনে হবে। যদি কোন ইমমেটিরিয়াল, ইররেলিভ্যান্ট জিনিস আসে তো

Judge is there to direct to check up

এবং জাজই সেটাকে বন্ধ করে দেন। কাজেই সেখানে দু' সপ্তাহের বেশী লাগবে বলে আমি মনে করি না, এটার কোন মানে নেই। আমি একটা কেসের কথা বলি। কিছুদিন আগে সিটি সেসান্স কোর্টে সিনেমা আর্টিস্ট গীতা সিং-এর একটা কেস এসেছিল। গীতা সিং হসপিটালে গিয়ে, তার মৃত্যু হয়েছিল। সেই কেস ডাঃ রায়ের কাছে যায়, এবং সেই ডাঃ রায় এখানে আসামী হয়ে এসেছিলেন। তার সাক্ষী সাবুদ এনে খাড়া করতে দু' সপ্তাহের বেশী সময় লেগেছিল। এই সব নেচার এর যে সব কেস আসে, তাতে দু' সপ্তাহের বেশী সময় লাগতেই পারে। কমপ্লেক্সিটি অফ এভিডেন্স-এর কথা যদি মন্ত্রিমহাশয় বলেন, এই কমপ্লেক্সিটি অফ এভিডেন্স তো সব সময়ই আসতে পারে। যে কোন জজের কাছে কমপ্লেক্সিটি এভিডেন্স আছে। এর প্রতিকার এটা নয়, যে জুরি ট্রায়াল বন্ধ করে দিয়ে সেটা জজের উপর ছেড়ে দেবেন। এখানে যদি প্রয়োজন হয়, স্পেশাল জুরি বলে একটা জিনিস কলকাতাতে আছে, সেই স্পেশাল জুরি, অর্থাৎ স্পেশাল টাইপ অফ জুরার্স দিয়ে এই কেসগুলি ট্রাই করা যেতে পারে।

স্যার, আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, উনি যে সেকশন ২৬৯-এর দোহাই তুলে দেখিয়েছেন, সেই সেকশন ২৬৯ সম্বন্ধে, সেকশন ৯ অফ দি সিটি সেসনস কোর্ট অ্যাক্ট কি বলেছেন? তাতে বলছে

"Notwithstanding anything contained in Sections 268 and 269 of the Code, all trails before the City Sessions Court shall be by jury and such court, if it is satisfied that the interest of justice so required, may, on application made to it or on its own motion, by order direct that any trial before it shall be by jurors summoned from a special jury".

কাজেই যে ধারাটার কথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ২৬৯-এর কেস, ক্রিমিন্যাল প্রসিডিওর-এর এই ২৬৯ সেকশনটি সম্বন্ধে লেজিসলেচারস যাঁরা আইন করেছিলেন, তাঁরা বিশেষভাবে বিবেচনা করে এটি এনেছিলেন; এবং তাঁরা এই প্রভিশন করেছিলেন যে ২৬৯ ধারা থাকা সত্ত্বেও সমস্ত জুরি ট্রায়াল, জুরির দ্বারা ট্রায়াল হবে, এবং প্রয়োজন হলে স্পেশাল জুরির দ্বারা বিচারিত হবে।

স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি সেকশন ৮-এর প্রতি। সেই সেকশন ৮ অফ দি সিটি সেসনস কোর্ট অ্যাক্ট-এ বলছে, এবং তার সাব-সেকশন (সি)-তে আছে যে সিটি সেসনস কোর্ট যদি ইচ্ছা করে, বা মনে করে, তাহলে তারা কোন কেসকে হাইকোর্টে রেফার করতে পারেন, এবং হাইকোর্ট সেই কেস তার কাছে নিয়ে গিয়ে ট্রাই করবে। আরও একটা ধারা আছে, তাতে হাইকোর্টের পাওয়ার রয়েছে। সেকশন ৮-এর সাব-সেকসন (ডি)-তে বলছে—

the High Court in the exercise of its original criminal jurisdiction may, on its own motion, or on the application of any of the accused, or on the application made on behalf of the prosecution, at any stage remove any case committed for trial to the City Sessions Court, for trial by the High Court.

এই রকম অনেক কেস তাঁরা অনায়াসে হাইকোর্টে নিয়ে যেতে পারেন। কিন্তু স্যার, দুটি ক্ষেত্রেই দেখা গিয়েছে যে তারা জুরি ট্রায়ালকে ঠিক রাখার দিকেই সিদ্ধান্ত করেছেন। সিটি সেসনস কোর্ট, সে হাইকোর্টে ট্রায়াল করুক, বা হাইকোর্ট তার কাছে নিয়ে যাক,

trial will be by jury and not by a single judge.

এইটা তারা লিখে গিয়েছিলেন। কাজেই আজকে যেটা চেষ্টা করা হচ্ছে, এর আলটিরিয়ার এফেক্ট হবে যে ক্যালকাটাতে, ক্যালকাটা হাইকোর্টের জুরি সিসটেম থাকবে। কিন্তু সিটি সেসনস কোর্টে আস্তে আস্তে জুরি সিসটেম উঠে যাবে। আমি তাই জজের কথা বলি। আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে একটা কথা বলছি। অনেক জজ ওখানে আসেন। ডিস্ট্রিক্টে এবং সেসনস কোর্টে জুরি ট্রায়াল নেই। সেখানে জজরা এবং ডিস্ট্রিক্ট জজরা একলা বিচার করে, করে তাদের হাত অনাভাবে পেকে এসেছে, তারা মনে করেন যে জুরি তাদের নিকট একটা স্টামব্লিং ব্লক, তাঁরা সেটা চান না। এবং তাঁরা যে চান না, সে সম্বন্ধে একটা দৃষ্টান্ত দিয়ে বলি—হরিদাস মুন্দ্রার কেস, পুলিশ কোর্ট থেকে কমিটমেন্ট হয়েছিল সিটি সেসনস কোর্টে এবং সংশ্লিষ্ট জজ হাইকোর্টে লিখেছিলেন যে এটাকে জুরি ট্রায়াল থেকে বাদ দিয়ে আমাকে এটা সেসনস জজ হিসাবে ট্রাই করতে দাও। হাইকোর্ট সেটা রিফিউস্ করেছিল। কাজেই আজকে এবিষয় বিশেষ ভাবে চিন্তা করার প্রয়োজন আছে।

[4-55—5-5 p.m.]

কাজেই আজকে এই সব বিষয় বিবেচনা করবার প্রয়োজন আছে। কাজেই হাই কোর্টের জজ, স্যার,

Jury is the only check; Jury is the only check against arbitrary trial by a whimsical judge.

কাজেই সেইটাকে নষ্ট করা উচিত হবে বলে আমি মনে করি না। কাজেই আমি মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষভাবে আপিল করবো তিনি যেন এটা বিশেষ করে বিবেচনা করেন। স্যার, এই প্রসঙ্গে আমার দুটি অ্যামেন্ডমেন্ট আছে। একটা হচ্ছে, আমি সিডিউল্ড সম্বন্ধে দুটি জিনিষ দিয়েছি

jury trial only by the High Court and not by the City Sessions Court.

তার মধ্যে আইটেম, এনট্রি নং ৪-এ আছে, কতকগুলি আছে

offence against a State, offence of murder

এবং এনট্রি নং ফোরএ আছে

all offences punishable under section 468 or section 477(a) of the Indian Penal Code.

স্যার, ৪৬৮ হচ্ছে ফোরজারি ফর পারপাস অফ চিটিং। ফোরজারি সম্বন্ধে যত কেস কমিটমেন্ট হবে, কলকাতায় হলে সেগুলি আসবে কিন্তু সিটি সেসন কোর্টে, কিন্তু ৪৬৮—সেই ফোরজারি ফর পারপাস অফ চিটিং হলে সেটা কেন হাইকোর্টে যাবে আমরা বুঝতে পারি না। এটা কেন যাবে, এটা কেন সিটি সেসন কোর্টে আসবে না, এটা আমি বুঝতে পারি না। তার একটি ধারা, ৪৭৭(এ), এটা হচ্ছে ফলসিফিকেশন অফ অ্যাকাউন্টস, ইট ইজ এ ভেরি সিম্পল কেস, এটা কেন

হাইকোর্টে যাবে? সিটি সেসন কোর্টে কেন আসবে না আমি জানি না, আমি এই সম্বন্ধে দুটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি, আমি আশা করি মন্ত্রিমহাশয় সেটা গ্রহণ করে নিয়ে এই দুটিকে সিটি সেসন কোর্টের অন্তর্ভুক্ত করবেন। স্যার, এইগুলি আমার বক্তব্য, আমি আশা করি মন্ত্রিমহাশয় এইগুলি বিশেষভাবে বিবেচনা করবেন। আমি আবার আবেদন করবো যে আজকে অনেক জজেরা চান না যে ওখানে জুরি ট্রায়াল থাকুক। আজকে তাঁদের উপর চেক রাখার প্রয়োজন আছে। আজকে জুরি ভার্ডিক্টকে তাঁদের মানতেই হবে এই রকম কোন বাধাবাধকতা ত আইনে নেই। তিনি যদি না মানেন, তিনি হাইকোর্টে রেফার করতে পারেন, সেটা কাশীকান্তবাবু বলেছেন এবং হাইকোর্টেও তার প্রভিশন আছে। কাজেই আমি আবার মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষভাবে আবেদন করছি তিনি যেন এই জুরি ট্রায়ালকে কালকাটা হাইকোর্ট ছাড়া বঞ্চিত না করেন। সেই আবেদন তাঁর কাছে করে আমি বিদায় নেবো।

Deputation of Goldsmiths

শ্রীনিখিল দাস: স্যার, প্রায় ৫ হাজার স্বর্ণশিল্পী মিছিল করে এসেছেন এবং তাঁদের দাবীপত্র তাঁদের ছেলেমেয়েদের শিক্ষা সংক্রান্ত ব্যাপারে, এখন এই যে জিনিষপত্রের দাম অত্যন্ত বেড়েছে, সেই ব্যাপারে একটা দাবীপত্র তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে পেশ করতে এসেছেন। আমি এখানে আপনার মাধ্যমে এখানে শিক্ষামন্ত্রী রয়েছেন, শিক্ষা সংক্রান্ত ব্যাপারে, এবং মুখ্যমন্ত্রী এখানে নেই যাতে তাঁদের প্রতিনিধিদের সাথে দেখা করেন আপনার মাধ্যমে সেই আবেদনটা মন্ত্রি-মহাশয়ের কাছে রাখছি।

The City Sessions Court (Amendment) Bill, 1964

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিচার বিভাগের মন্ত্রিমহাশয় আজ যে বিলটা এনেছেন তাঁর আমার সাধারণ জ্ঞানে মনে করি যে যুগে বিচার বিভাগকেও গণতান্ত্রিকরণ করা দরকার হয়ে পড়েছে, যে যুগে পঞ্চায়েত গঠন করার ঘোষণা দেওয়া হয়েছে, যে যুগের সমাজ-তন্ত্রের দৃষ্টিভঙ্গী নিয়ে সমাজকে আগাগোড়া ঢেলে সাজবার চেষ্টা করা হচ্ছে ঠিক সেই যুগেই আমাদের দেশে যে বিচার এতকাল ধরে চলে আসছিল, জুরির বিচার চলে আসছিল, সেটাকে উঠিয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে। আমার বক্তব্য হল এই বিচার বিভাগের পক্ষ থেকে সব থেকে প্রয়োজন ছিল এক্সিকিউটিভকে জুডিসিয়ারি থেকে পৃথক করা, দরকার ছিল জুরি তুলে না দিয়ে তাকে আরো পারফেক্ট করা, তার জন্য জুরি করার ব্যবস্থা, তার নীতি গ্রহণ করা এবং আরো দরকার ছিল সহজে সুলভে এবং দ্রুত বিচার পাওয়ার জন্যে গরীব লোক যাতে সহজে সুলভে এবং দ্রুত বিচার পায় তার ব্যবস্থা করা। সেই সব দিক বিচার করে, সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল আসে নি। কথা হচ্ছে এই যে জুরির বিচার সিটি সেসনস্ কোর্টে দুই সংবাদে কমপ্লেক-সিটি অফ এভিডেন্স এবং অন্যান্য টেকনিক্যাল ব্যাপার নিয়ে যদি অসুবিধা ঘটে এই অজুহাতে জুরির বিচার তুলে দেওয়া হবে। আমাদের সাধারণ জ্ঞান হচ্ছে এই যে জুরির বিচারের মধ্যে যে নীতি এবং দৃষ্টিভঙ্গী নিয়ে সারা দেশে বিচারকে আমরা গণতান্ত্রিকরণ করবার চেষ্টা করেছি বহুকাল ধরে আজকে হঠাৎ যদি এই রকম ধরণের বিল আসে তাহলে আমরা বলবো দোষটা কার। স্বতঃই আজকাল শোনা যায় শাসনকর্তার শাসন বিভাগের দুর্নীতিকে ঢাকবার জন্য একটা শ্লোগান আওয়াজ দেওয়া যায় যে জনতা দুর্নীতিপূর্ণ অতএব এই জনতাকে দিয়ে কোন কাজ হবে না। পণ্ডিত নেহরুর একটা কথা মনে পড়ে, সেখানে এ, আই, সি, সি-র মিটিংএ তিনি যে কথা বলেছিলেন সেই মিটিংএর তর্জমা বেরিয়েছিল কাগজে সেটা হচ্ছে এই যে, এই জনতার উপরে অপরাধ দোষ চাপিয়ে কোন লাভ নেই, জনতা যত দুর্বল হউক, যত ত্রুটিপূর্ণ হউক, যত অশিক্ষিত হউক, যত অজ্ঞ হউক আমাদের জনতার মাধ্যমেই আমাদের লক্ষ্যে পৌঁছুতে হবে। কাজেই আমাদের দেশ কোন স্তরে আছে তাদের উপরে অপরাধ চাপিয়ে দিয়ে আমাদের বিচার বিভাগকে আরবিটারী বিচারের মধ্যে নিয়ে যাওয়া এবং কলকাতা হাইকোর্টের বিচারই একমাত্র ন্যায্য বিচার আর সমস্ত বাংলাদেশের বিচার সহরে কিম্বা গ্রামে, কলকাতা সহরের কোর্টের বিচার ব্যর্থ হয়ে যাবে, দুর্নীতি হবে এই দৃষ্টিভঙ্গীর আমি সম্পূর্ণ বিরোধিতা করি। কাজেই বিচার বিভাগকে যদি গণতন্ত্রীকরণ করতে হয় যদি আজকের দিনে সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে কংগ্রেস সরকারকে

চলতে হয়, যদি গ্রাম পঞ্চায়েতকে সুষ্ঠু রূপ দিতে হয় তাহলে জনসাধারণকে বিশ্বাস করতে হবে। বিশ্বাস না করে উপায় নাই। যতই জনসাধারণকে মূর্খ করে রেখে দিই, তাদেরই মাধ্যমে আমাদের সব কিছু করতে হবে—আমাদের দেখাতে হবে যে জনসাধারণকে আমরা তৈরী করতে পেরেছি, বিচার বিভাগকে সহজ এবং সরল এবং সুলভ করবার জন্য এই রকম যদি বিল আসতো তাহলে সমর্থন করতাম। যে দৃষ্টিভঙ্গী এর পিছনে আছে আমি তার বিরোধিতা করি। এবং সঙ্গে সঙ্গে আমি আরেকটা কথা বলতে চাই যে এই জুরির বিচার তো আমাদের আজকের নয়—আমরা তিন বছর আগে উঠিয়ে দিয়েছি, সেই ইংলন্ডের মেগনাকার্টার যুগ থেকে, সে যুগে পিয়ার্স-এর যুগ, তার পরে লর্ডস-এর যুগ, তার পরে জুরীর যুগ—এই রকম করতে করতে আমাদের দেশে যখন জুরীর যুগ এল তার মধ্যে অনেক দুর্নীতি থাকতে পারে—দুর্নীতি আছে বলে তাকে উঠিয়ে দেব, নতুন করে তৈরী করব না—এটাই হচ্ছে খারাপ। আমি মনে করি যে দৃষ্টিভঙ্গী পাওয়া গেছে এই বিলে সেই দৃষ্টিভঙ্গী নীতিগতভাবে বিরোধিতা করা উচিত। আমরা আইনজীবি নই সেদিকে আমাদের জ্ঞান নেই, কিন্তু আমরা মনে করি সমাজ ব্যবস্থার দিকে দৃষ্টিভঙ্গী নিয়ে যদি বিচারে আসা যায় তাহলে সম্পূর্ণ বিচার বিভাগকে ঢেলে সাজা উচিত, বিচার বিভাগকে গণতন্ত্রীকরণ করা দরকার এবং গরীব লোকের পক্ষে যাতে সহজে বিচার হয়, সুলভে হয়, গণতান্ত্রিক পথে হয় সেই দৃষ্টিভঙ্গীই থাকা উচিত। সুতরাং আমি নীতিগতভাবে এই বিলের বিরোধীতা করছি।

[5-5—5-15 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মিস্টার স্পীকার, স্যার, আজকে সিটি সেসনস কোর্ট অ্যামেন্ডমেন্ট বিল এসেছে যে রকম বিল এখানে আসে সেই রকমই এসেছে। এ একটা বিল যাতে আমরা দেখছি যেখানে গণতন্ত্র যেটুকু ছিল তা আস্তে আস্তে কেড়ে নেওয়া হচ্ছে, এবং ক্ষমতাকে যতটা খর্ব করা যায় তার একটি প্রচেষ্টা। সেই প্রচেষ্টা হিসাবে এ একটা বিল এসেছে। আমি জানি না সংশোধন করবার আর কিছু এই আমাদের কোর্ট-এর বিষয়ে আইন যে সব আছে তার কিছু বাকী আছে কি না? হঠাৎ এই বিল এলই বা কেন? এর কোন কারণ শুনলাম না যে, যেহেতু এটা ক্রিমিন্যাল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট হয়ে গেছে অন্য কোর্ট-এ জুরী সিসটেম আমরা হাইকোর্টের সিদ্ধান্ত সাপেক্ষ করেছি সুতরাং সিটি সেসনস কোর্ট-এ করা যাক। এই হচ্ছে একমাত্র কারণ। কিন্তু আমি বলি এটা তো ঠিক উপযুক্ত কারণ হল না। জুরী সিসটেমটা কেন হয়েছিল এটা ভাবা দরকার। যদি এক জায়গা থেকে উঠে গিয়ে থাকে সেখানে আবার যেতে হয় সে চেষ্টা না করে উঠিয়ে দেওয়া হচ্ছে কেন সেটা বলা হয়নি। জুরী সিসটেম কেন হয়েছিল তা এখানে অনেকে বলেছেন। যে শুধু সুবিচার একটি মানুষ করবে যত তিনি সুবিজ্ঞ, শিক্ষিত, অভিজ্ঞ বিচারক হন না কেন- বিচারক সাধারণ মানুষ তার হয়ত ভুল-ভ্রান্তি হতে পারে সেজন্য সাধারণ জ্ঞান-বুদ্ধিসম্পন্ন যে সমস্ত বিশিষ্ট নাগরিক যারা আছেন তাঁরা তাঁর সঙ্গে সহযোগিতা করে যাতে আসামী মনে করে যে আমার প্রতি সুবিচার হল বা তার মনে কোন আশঙ্কা না থাকে যে আমার প্রতি সুবিচার হল না, এই জন্য ইংরেজের আমল থেকে এটা হয়ে আসছে। আমরা বুঝতে পারছি না হয়ত এর অন্য কোন কারণ থাকতে পারে—যে রকম অগণতান্ত্রিক পদ্ধতি এখানে নেওয়া হয় এ বোধ হয় সেই রকমই আরেকটা ব্যবস্থা। আজকে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় তিনি অভিজ্ঞ, তিনি বোঝেন যে এটা কেন করতে যাচ্ছেন—সিটি সেসনস কোর্টএ এ পাওয়ার আমাদের সেদিন দেওয়া হয়েছে তা যদি থাকতো—যদিও আমি দেখছি কংগ্রেস দলের সদস্যরাও এ চাইছে না—খোলাখুলিভাবে তারাও বলছেন যে এটা করা উচিত নয়। হয়ত মন্ত্রিমহাশয় বললেন যে জুরী সিসটেম তো উঠছে না আমি কেবল এক্সটেন্ড করছি। কিন্তু তা নয়। এটা এক্সটেন্ড করবার কোন কারণ নেই। আমি আশা করি যারা ঐ পক্ষের, যারা বলেছেন তারা অন্তত তাদের নিজের যে কথা সেটা কাজে লাগাবার শক্তি ও সাহস তাদের হবে। আমার খুব বিশ্বাস আছে ওদের উপর। আমরা ডিভিশন করব আশা করি তারাও আমাদের পক্ষে ভোট দেবেন এবং আমরা দেখতে চাই এই রকম কেন এখানে হবে। তাহলে এই রকম ধরনের বিল এই হাউসে আসবে না। আমরা আজ একযোগে মিলে এই বিলের বিরোধিতা করব।

Shri Abhoypada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1964.

আমাদের আইন মন্ত্রী সিটি সেসনস কোর্টএর যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন--হঠাৎ যে তিনি এই প্রস্তাব নিয়ে এলেন কেন তা ঠিক বুঝে উঠতে পারা যাচ্ছে না। এর আগে মফঃস্বলে জুরী বিচারের ব্যবস্থা তুলে দেওয়া হয়েছে, তার ফলাফলের দিকে লক্ষ্য রেখে কলকাতা বিচারে জুরী বিচারের ব্যবস্থা তুলে দেবার ব্যবস্থা করছেন কি না জানা নাই। কিন্তু আমরা যখন গণতন্ত্রের কথা বলি এবং তাকে স্থায়ীভাবে প্রতিষ্ঠা করতে চাই সেই সময় গণতন্ত্র বিরোধী আইন আমরা রচনা করতে যাচ্ছি। যদিও এই সংশোধনী প্রস্তাবটা খুব ছোট আমাদের দেশের পক্ষে এই ব্যাপারটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার—এটা খুব চিন্তা করে দেখাতে হবে এবং যখন এর বিরোধিতা ঐ পক্ষের মাননীয় সদস্যরাও করছেন সেজন্য আরও বিশেষ করে চিন্তা করে দেখতে হবে। কেন না জুরী বিচারের ব্যবস্থা যে ভাল এটা এই হাউসের প্রত্যেক সদস্য স্বীকার করছেন। কিন্তু সেই জুরী হওয়ার উপযুক্ত কে হবে এটাই হচ্ছে বিচার্য বিষয়। দেশে বহু ভাল লোক আছে, একথা মনে করবার কারণ নেই, দেশের সাধারণ লোক সবই খারাপ, তারা ঘুষখোর; তারা অন্যায় করে এবং অন্যায়কে সমর্থন করে একথা মনে করার কারণ নেই। আমরা জানি দেশে বহু সং লোক আছে, ন্যায় বিচারক আছে। আমরা জানি এখনও পাড়াগ্রামে যা বিচার হয় খুব নিরপেক্ষ ভাবে এবং তাতে কোন খরচা হয় না এবং উভয় পক্ষ সন্তুষ্ট হয়। এবং আমাদের কোর্টএর বিচারে তাতে সমস্যার সমাধান তো হয় না বরঞ্চ বেড়ে যায়।

কিন্তু এই বিচারের মধ্যে যে জুরির বিচারের ব্যবস্থা ছিল সেটা দেশ থেকে আস্তে আস্তে উঠিয়ে দেবার ব্যবস্থা সরকার করেছেন। আমার জজদের উপর কটাক্ষ করার উদ্দেশ্য নয়, আমার কথা হচ্ছে একজন জজ তিনি যতই শিক্ষিত হোন না কেন, তাঁর বিচার বুদ্ধি যতই থাকুক না কেন তিনি দুর্নীতিপরায়ণ হতে পারেন কারণ তিনি মানুষ। আমরা দেখছি এবং সাধারণ মানুষও দেখছে যতই লেখাপড়া শিখুক এবং যতই উঁচুতে উঠুক তাঁরা আরও দুর্নীতিপরায়ণ হয়। কিন্তু গ্রামে আমরা দেখেছি যারা চাষী, যারা লেখাপড়া জানে না তারা শিক্ষিত লোকের চেয়ে অনেক সং, অনেক সরল। এই যে সরকার চলছে এটা দুর্নীতিতে ভরা এবং সেই দুর্নীতির মধ্যে থেকে থেকে আমরা মনে করছি দেশের সব লোক দুর্নীতিপরায়ণ হয়ে গেছে। কাজেই তাঁদের দ্বারা নিরপেক্ষ বিচার হতে পারে না। এটা মনে করার কোন কারণ নেই, দেশে বহু সং লোক আছেন। এই যাঁরা সং লোক আছেন, যাঁরা রাজনীতির কচকচিতে আসতে চান না তাঁদের বেছে বেছে যদি জুরি লিস্টে রাখা হয় তাহলে বিচারের ব্যবস্থা ভাল হবে। কেবলমাত্র বিচারক যে বিচার করবেন সেটাই ন্যায় বিচার হবে এটা মনে করার কারণ নেই। আমি একসময় জুরি ছিলাম এবং একটি মামলায় আমরা ৫ জন জুরি দেখেছিলাম সাক্ষীদের দ্বারা প্রমাণিত হোল, উভয় পক্ষের যে আইনজ্ঞ ছিলেন তাঁদের বক্তব্য আমরা শুনলাম এবং জজ যে বক্তব্য রাখলেন তাও শুনলাম। কিন্তু জজ যে বক্তব্য রাখলেন তাতে আমাদের ধারণা হোল জজ মনে করছেন এই বিচারে যারা আসামী তারা হচ্ছে দোষী এবং পরোক্ষভাবে জুরিদের বোঝাচ্ছেন আসামীরা দোষী। কিন্তু আমাদের জ্ঞান আছে, একটা ঘটনা শুনে কে দোষী, কে নির্দোষী সেটা বুঝবার ক্ষমতা আছে কাজেই আমরা পরস্পর আলোচনা করে দেখলাম এটা সাজান ঘটনা, ঘটনাকে বিকৃত করে আদালতে উত্থাপন করা হয়েছে। তখন আমরা আমাদের বক্তব্য নির্দোষ বলে রাখলাম এবং জজও সেটা স্বীকার করলেন। জুরীদের বক্তব্য হাইকোর্টে রেফার করতে পারে না, কিন্তু আমরা দেখেছি জুরিদের বিচার অনেক ক্ষেত্রে ভাল হয়। অবশ্য এটা ঠিক অনেক খারাপ এবং অসং লোক আছেন এবং তাঁরা যদি জুরী লিস্ট-এ ঢুকে পড়েন তাহলে খারাপ হতে বাধ্য। কাজেই লক্ষ্য রাখতে হবে সং লোক যেন জুরীদের মধ্যে থাকে এবং তা যদি থাকে তাহলে একক জজ-এর বিচারের চেয়ে জুরীর বিচার অনেক ভাল, ন্যায় এবং নিরপেক্ষ হবে।

[5-15—5-25 p.m.]

Shri Apurba Lal Mazumdar:

Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1964.

মাননীয় স্পীকার মহোদয়, সিটি সেসন কোর্ট থেকে জুরী তুলে দেবার জন্য প্রভিশন করা হয়েছে। এ সম্পর্কে আমি কয়েকটি বক্তব্য আপনার সামনে রাখতে চাই। এর আগেও এই হাউসে জুরী প্রথা তুলে দেবার জন্য আমি বলেছিলাম, তার কারণ এই ছিল যে আমরা দেখেছি বিভিন্ন ডিস্ট্রিক্ট কোর্টে জুরী হিসাবে যাঁরা এসে বসেন, তাঁদের সেই স্ট্যাটাস, তাঁদের সেই ইন্টেলিজেন্স, তাঁদের সেই এডুকেশন না থাকার জন্য অনেক সময় করাপশন অত্যন্ত বেশী রকম অত্যন্ত প্রকটভাবে দেখা দিয়েছিল, যার জন্য এই জুরী সিস্টেম কন্ডেম্ন করার জন্য, এটাকে তুলে দেবার জন্য আমি এই হাউসের কাছে বক্তব্য রেখেছিলাম। দেখা যাচ্ছে এই জুরী সিস্টেম যখন প্রথম ইন্ট্রোডিউসড করা হয়েছিল তখন এর প্রয়োজনীয়তা ছিল, তখন আমরা এটা লক্ষ্য করেছি যে আমাদের দেশের অবস্থাকে অনেক উন্নততর করেছিল যখন এই জুরী সিস্টেম ইন্ট্রোডিউসড হয়েছিল। কিন্তু পরবর্তী কালে এই জুরী নিয়োগের মধ্য দিয়ে আমরা দেখেছি অত্যন্ত সাধারণ স্তরের মানুষ বলবেন অত্যন্ত নিকৃষ্ট ধরণের মানুষকে বিভিন্ন কোর্টে বিভিন্নভাবে বসাবার ব্যবস্থা হয়েছিল, এমন কি আমাদের হাওড়া জেলায় কোর্টে যারা টাউটারী করে মামলার তাদ্বির করে বেড়ায় সেই ধরনের লোকই জুরী হিসাবে বসতে আরম্ভ করল বিচারের আসনে এবং বিচারের আসন কলঙ্কিত করতে আরম্ভ করলো। শুধু তাই নয়, দেখা গেল পুলিশ তাদের নিজেদের লোককে বেছে বেছে দালাল শ্রেণীর লোকদের জুরীদের আসনে সিলেক্ট করতে সুরু করে দিল এবং তারাই জুরীর আসনে বসতে আরম্ভ করল, তার কারণ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটই জুরী সিলেক্ট করেন কোর্টের এ বিষয়ে হাত নেই। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সিলেকশন করছেন on the report of the C. I., on the report of the circle officers and police officers

এবং এভাবে যে ধরণের লোক বিচারালয়ে গেলে অন্ততঃ বিচারের মানদণ্ডকে উঁচু রাখবে সেই ধরনের লোক না গিয়ে, এমন নিকৃষ্ট ধরনের লোক আসতে আরম্ভ করলো যারা পুলিশের কথামত প্রসিকিউশন চালিয়েছে কিংবা তাদের কথামত অনেক নির্দোষ ব্যক্তিকে সাজা পেতে হয়েছে, এবং এমন অনেক সাক্ষী প্রমাণ উপস্থিত হয়েছে যাতে পারভার্টেড জাজমেন্ট হতে লাগল, ফলে অনেক সময় জুরীদের ভার্ডিক্টের বিরুদ্ধে হাইকোর্টে রেফার করতে হয়েছে যেহেতু জুরার ভুল করেছে, এরই জন্য ল কমিশনে বিস্তারিত আলোচনা হয়েছে এবং ল কমিশন সারা ভারতে জুরী সিস্টেম তুলে দেবার জন্য রেকমেন্ড করেছেন। ভারতের নানা জায়গায় ইতিমধ্যেই জুরী সিস্টেম তুলে দেওয়া হয়েছে এবং পশ্চিম বঙ্গেও জেলায় জুরী সিস্টেম তুলে দেওয়া হয়েছে। এখন কথা হচ্ছে জুরী সিস্টেম ইটসেল্ফ . . . . খারাপ কি না এবং যে সিটি সেসন কোর্টে যে জুরীরা বসেন তাঁদের ক্ষেত্রে যে কথা মফঃস্বলের জুরীদের সম্বন্ধে বলা হচ্ছে সেটা প্রযোজ্য কি না। সিটি সিভিল কোর্টে কলকাতার বুকে যাঁরা বসে তাঁরা অ্যাপয়েন্টেড বাই হাইকোর্ট। এবং স্পেশাল জুরারদের যে তালিকা তা হাইকোর্ট ঠিক করে দিচ্ছেন, তাঁরা এডুকেশনালী এবং সামাজিক মানদন্ডে এবং অন্যান্য বিচারে উঁচু এই বিবেচনায় বিচারের আসনে বসে তাঁরা তাঁদের দায়িত্ব পালন করবার চেষ্টা করছেন। সেখানে তাঁদের সঙ্গে আমাদের মফঃস্বলের যে সমস্ত জুরার যাঁদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পুলিশ রিপোর্টের উপর বা সার্কল অফিসারের রিপোর্টের উপর নিযুক্ত করেন তাঁদের একই পর্যায়ভুক্ত দেখা উচিত নয়। প্রিনসিপল হিসাবে নীতি হিসাবে, গণতান্ত্রিক নীতি হিসাবে মেনে নিয়ে জীবনের প্রতি ক্ষেত্রে, অন্যান্য দেশের ন্যায়, ন্যায় পঞ্চায়েতের উপর, সাধারণ মানুষের উপর নির্ভর করছেন এবং সাধারণ মানুষের উপরই বিচারের ভার ছেড়ে দিয়েছেন।

এটা ঠিকই যে একজনের উপর বিচারের সম্পূর্ণ দায়িত্ব নির্ভর না করে যদি পাঁচজন যাঁরা সত্যিকারের করাপটেড নন এই ধরনের লোকের উপর ফ্যাক্টের বিচার করতে দিই, ফ্যাক্ট ইন ইস্যু যদি তাঁদের কাছে উত্থাপন করি তাহলে নিশ্চয়ই সেই পাঁচ জনের সম্মিলিত চিন্তাধারার ফল যেটা হবে সেটা অনেক বেটার হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। নীতিগত হিসাবে Jury system itself is not bad.

কিন্তু তবুও বাস্তব দৃষ্টিভঙ্গী রেখে বিভিন্ন মফঃস্বল এলাকায় এবং ভারতবর্ষের বিভিন্ন স্টেটে এটাকে তুলে দিতে বাধ্য হয়েছে। কারণ, করাপশন ওয়াজ র‍্যামপান্ট। কিন্তু কলকাতার ক্ষেত্রে কে জুরর হবার উপযুক্ত, জুরর হিসাবে কে বসবে সেটা যদি আমরা রিটায়ার্ড প্রফেসার, এমিনেন্ট ল-ইয়ার্স, সেই ধরণের লোকের সিলেকশন ঠিক রাখতে পারি, যদি উপযুক্ত লোক রাখতে পারি যাঁরা অ্যাবভ করাপশান, যাঁরা ঐ ধরণের নিকৃষ্ট কোন জিনিসের মধ্যে যাবেন না, তাহলে সিসটেম হিসাবে আমি মনে করি এর চেয়ে ভাল সিসটেম বিচারে আর কিছু হতে পারে না। কারণ, যেসমস্ত সাংঘাতিক সাংঘাতিক অপরাধ বিচারের জন্য জুররদের সামনে আসে সেই অপরাধ সংঘটিত হবার পর যে অপরাধী এসে দাঁড়ায়, সে অপরাধ না করেও যদি অপরাধী বলে সাব্যস্ত হয়ে থাকে, তাহলে এতবড় অন্যায় কাজ রাষ্ট্রের পক্ষে, দেশের পক্ষে, সমাজের পক্ষেও সাংঘাতিক অপরাধ বলে আমরা মনে করি। সেদিক থেকে কলকাতায় জুরির হিসাবে যাঁরা বসেন তাঁদের ক্ষেত্রে অন্যান্য জায়গায় যে মানদণ্ড সেই মানদণ্ড যেন আমরা উত্থাপন না করি। একটা গণতান্ত্রিক পদ্ধতি হিসাবে শুধু নয় আমরা শুধু এটাই দেখতে চাই ফ্যাক্ট-এর বিচারে—যাঁরা টেকনিক্যালিটিজ কিছু জানেন না, আইনের সূক্ষ্ম সূক্ষ্ম তর্ক নিয়ে যাঁদের প্রয়োজন নেই, ফ্যাক্ট ইন ইস্যুর উপর যাঁরা বিচার করেন তাঁরা যদি তাঁদের বুদ্ধিমত্তাকে অকলঙ্কিত রেখে করাপশনকে দূরে রেখে দিয়ে যদি ন্যায় বিচার করবার চেষ্টা করেন তাহলে আমার দৃঢ় বিশ্বাস যে তাঁরা ঠিকভাবে তাঁদের সিদ্ধান্তে উপনীত হতে পারেন। সেদিকে লক্ষ্য রেখে মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে কলকাতায় সিটি সিভিল কোর্টে যে জুরর থাকেন তাঁদের অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে তাঁদের কোয়ালিফিকেশন, এক্সপিরিয়েন্স, এডুকেশানের ক্ষেত্রে যদি আপনাদের কোন অসুবিধা থাকে তাহলে আইনের মাধ্যমে রুলস করে আপনারা সেট করুন। উন্নত ধরণের চরিত্র, এডুকেশন এবং বিদ্যাবত্তা সমস্ত দেখে যদি তাঁদের নিয়োগের চেষ্টা করেন তাহলে এর চেয়ে ভাল বিচার জুরর সিসটেম যা করবে তা অন্য কেউ করতে পারবে না। অবশ্য ইংলণ্ডে আমরা দেখেছি যে অনেক সময় তাঁরা ভুল করেন। ফলে নির্দোষী লোকের বহু সময় ফাঁসি হয়ে গেছে এই রকম বহু নজীর আছে। সেইসব নজীর আমরা দেখেছি যে সেইসব জাজেরা পরে অনুতপ্ত হয়ে আত্মহত্যা করেছেন যে আমি ভুল করে নির্দোষী লোককে সাজা দিয়েছি। একজনের উপর বিচারের মানদণ্ড রাখতে গিয়ে জজ নিজে ভুল করে অনুতপ্ত হয়ে আত্মহত্যা করেছেন, সেইসব নজীর পৃথিবীর বিভিন্ন দেশের ইতিহাসে আছে। কাজেই একজন মানুষের উপর এই রকম সাংঘাতিক অপরাধের বিচারের ভার না দিয়ে যদি আমরা জুররদের একটা মানদণ্ড বেঁধে দিই এবং জুররদের সম্পর্কে সমস্ত দৃষ্টিভঙ্গী পরিষ্কার রাখি এবং উন্নত ধরণের মানুষকে দিয়ে যদি আমরা বিচার করি তাহলে যে ভুলচুক ব্যক্তিগত একজন বিচারক তাঁর বুদ্ধিমত্তা বিচক্ষণতা এবং আইনজ্ঞান যত ভালই থাক না কেন, মানুষ মাত্রেই ভুল করতে পারে, সেই ভুল কিছু পরিমাণে আমরা সংশোধন করতে পারি। কাজেই এটুকু আমি বলি যে কলকাতার ক্ষেত্রে নীতির দিক থেকে জুরি সিসটেম তুলে দেওয়া কোন মতেই সম্ভবপর নয় যদি আমরা সেই রকম কোয়ালিফায়েড জুরর নিযুক্ত করতে পারি। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে কলকাতার ক্ষেত্রে যেখানে হাইকোর্টে জুররস লিস্ট তৈরি হচ্ছে এবং যেখানে প্রমিনেন্ট সিটিজেনস অফ ক্যালকাটা আছে সেখানে সেই সমস্ত লোককে জুরর হিসাবে নিয়ে আপনারা বিচার করুন। গণতান্ত্রিক এই পদ্ধতি তুলে দেওয়া ঠিক হবে না। আমি অত্যন্ত বিনয় সহকারে নিবেদন করব যে এটা যদি করতে পারি তাহলে সত্যিকারে বিচারের মাণদণ্ড আমরা রাখতে পারব এবং অন্যায়ের বিরুদ্ধে মিথ্যা করে ভুল কেসে কোন অপরাধী লোকের সাজা না হওয়ার যে পার্সেন্টেজ সেই পার্সেন্টেজ কমিয়ে এনে ন্যায় বিচারের মাণদণ্ডকে আমরা আরো উঁচু করে ধরতে পারব।

[5-25—5-35 p.m.]

Shri Jyoti Basu:

আমি প্রথমেই মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—এ বোধ হয় প্রথম একটা বিল এখানে এলো বা অনেকদিন পরে এরকম বিল এলো যেখানে সরকারপক্ষে যাঁরা আছেন এবং বিরোধিপক্ষে যাঁরা আছেন, আমরা একসঙ্গে এই বিলের বিরোধিতা করছি। এই অবস্থায় মন্ত্রিমহাশয়ের নিশ্চয়ই আর একটু বিবেচনা করা উচিত বলে আমি মনে করি, কারণ সচরাচর আমাদের হাউসে এরকম

পজিসন হয় না যে আমরা দুই পক্ষই এক হয়ে বিরোধিতা করছি একটা বিলের এবং সরকার পক্ষ থেকে আর কেউ শ্রীজালানের হয়ে এই বিলকে সমর্থন করে কিছু বলেন নি—এটা হচ্ছে অভিনব একটা অবস্থা। এখন আমার কথা হচ্ছে যে জুরী সম্বন্ধে শ্রীজালান এখানে কি বলবেন আমি জানি না, কিন্তু প্রথমে উনি যখন বলেন তখন জুরী খারাপ বা তাদের কিনে নেয়া যায় এরকম কোন কথা উনি বলেন নি, আমি যতদূর শুনেছি ও'র বক্তৃতায় উনি একথা বলেন নি যে এ পর্যন্ত আমাদের এমন অভিজ্ঞতা হয়েছে যার জন্য আমরা আস্তে আস্তে জুরী সিস্টেম তুলে দিতে চাচ্ছি এবং সেজন্য এরকম একটা সংশোধনী আমরা এনেছি। এটা হয়ত ও'র মনের কথা, এটা হয়ত ব্যাকগ্রাউন্ডে আছে, আমার যা মনে হচ্ছে, কারণ আমি কিছুতেই বুঝতে পারলাম না ওঁর বক্তব্য শুনে যে কেন এই সংশোধনী বিল এনেছেন। একথা ভাল যদি আমাদের বলতেন তাহলে ভাল হত। কারণ এখন থেকে প্রতিবাদ হয়েছে নীতিগতভাবে যে জুরী সিস্টেম যে উঠিয়ে দিচ্ছেন এটা গণতন্ত্রের উপর আক্রমণ, যেটা অনেক আন্দোলন করে আমরা পেয়েছিলাম সেটা কেন উঠিয়ে দিচ্ছেন, সেটা সম্বন্ধে আপনি কিছু বললেন না। অবশ্য আমরা জানি এরকম অনেক ইতিহাস আছে, অনেক দৃষ্টান্ত আছে যেখানে জুরী ট্রায়ালের প্রতি বিরূপ মনোভাব মানুষ প্রকাশ করেছে এবং সেটা কি কারণে- যদি সেটা কারণ হয়, সেটা যদি অভিজ্ঞতা হয় সিটি সেসনস কোর্টে তাহলে সেটা বলা উচিত ছিল যে এরকম একটা ঘটনা ঘটেছে, আমরা ১৯৫২, ১৯৫৩ সালে যে আইন এখানে পাস করেছিলাম সেই আইন কার্যকরী করতে গিয়ে এরকম একটা অভিজ্ঞতার মধ্য দিয়ে সিটি সেসনস কোর্ট গেছে, সেজন্য আমাদের যে অফিসার বা জাজেরা একথা বলছেন যে আইন সংশোধন করতে হবে। এটা যদি উনি বলতেন তাহলে আমার মনে হয় এটা সভায় প্রমাণ দিতেন কিন্তু উনি কি বললেন? শ্রী জালানের বোধ হয় বেশী বক্তৃতা দিতে ইচ্ছা করে না, কেন জানি না, উনি এখানে যখনই কোন আইন আনেন উনি কিছুই বলেন না—উনি যে কথা বললেন এরকম মনে করছি যে দু সপ্তাহের বেশী যদি ট্রায়াল হয় এটা প্রসিকিউট করছেন যাঁরা তাঁরা যদি মনে করেন, সেটা নিয়ে অ্যাপ্লীকেশন করতে পারেন, তাহলে জুরী ট্রায়াল হবে না, সেই অনুপাতে তাঁরা পেতে পারেন। এটা তো কোন কারণ হল না। এই হাউসে আইন সংশোধন করতে গেলে যে আইন ১৯৫৩ সালে পাস হয়েছিল, একটা অভিজ্ঞতা বর্ণনা করতে হবে, আমাদের কাছে বলতে হবে কি ঘটেছে, কোন জাজকে একথা বলেছেন, কি অসুবিধা হয়েছে, কেউ কোন জুরী ট্রায়ালে এরকম কোন তিক্ত অভিজ্ঞতা পেয়েছেন কি না, যার জন্য আমরা একথা বলছি এরকম কিছু বলেন নি, যা বলেছেন সেটা হচ্ছে যে দু' সপ্তাহের বেশী হলে জুরারদের পক্ষে অসুবিধা হবে, আমি যা বুঝলাম, প্রারম্ভিক বক্তৃতায় উনি বলেছেন, তাঁরা বেশিদিন বসতে পারেন না, তাঁদের কাজকর্ম আছে ইত্যাদি, এজন্য ওরকম জুরার পাওয়া যাবে না কাজ করার জন্য, এটা উনি বলেছেন কিন্তু এটা কি সত্য, এটাই কি একমাত্র কথা? আমার মনে হয় এটা যদি কারণ হয় তাহলে অত্যন্ত ফিলমজি কারণ এই আইন বদলাবার পক্ষে, কারণ এরকম জুরার নিশ্চয়ই পাওয়া যাবে যারা দরকার হলে দু' সপ্তাহের বেশী বসবে। এখন কটা মামলা ২ সপ্তাহের মধ্যে শেষ হয়, এত ফিরিস্তির মধ্যে আমি যাচ্ছি না কিন্তু সপ্তাহ দিয়ে এতবড় একটা নীতিগত কথার বিচার করা চলে না। কারণ তাই যদি বিচার্য হয় তাহলে জুরী সিস্টেম উড়িয়ে দেওয়া ভাল যা অনেকে রেকমেণ্ড করছেন যার ফলে এসব কথা হচ্ছে; কিন্তু আমি একমত হতে পারছি না, নীতিগতভাবে সেকথা শ্রীজালান বলুন আমাদের যে কেন ১৭ দিন হলে জুরী ট্রায়ালের দরকার নেই, কারণ জুরার খুঁজে পাওয়া যায় না, এটা কি হয়েছে, কোন অভিজ্ঞতা থেকে বলছেন, কোথায় কেস হয়েছে, কি ঘটেছে যে কেস পোস্টপন্ড হয়েছে, লোক পাওয়া যায় নি, এ ভাল আমাদের জানা দরকার।

কি রকম জুরার ও'রা দেখেছিলেন? কারণ যাঁরা কাজ করলেন না, এগুলে আমাদের জানা দরকার। সেই জন্য আমার মনে হয় উনি এই সমস্ত কারণ কিছুই বললেন না। হঠাৎ একটা আইন এনে বললেন, হ্যাঁ আমরা একটা আইন ১৯৫৬ সালে পাস করেছিলাম বটে, কিন্তু সে আইন এখন চলছে না, সেই জন্য তার সংশোধন করা দরকার, তাই আমরা আর একটা আইন আনলাম। এই ভাবে ত কোন আইন সংশোধন হতে পারে না। কারণ গণতন্ত্রের এইটাই নিয়ম, এবং আমাদের এই অ্যাসেম্বলীতে এই নিয়ম বরাবর চলে আসছে। মিঃ জালান সেই নিয়ম লঙ্ঘন করছেন, কোন কারণ না দেখিয়েই, এইটাই আমরা দেখছি।

তারপর উনি কমপ্লিকেটেড এভিডেন্স-এর কথা তুলেছেন। উনি জানেন যে কমপ্লিকেটেড এভিডেন্সএর মানেটা কি! এখন এই সমস্ত জটিল কথাবার্তা,—সেখানে সাক্ষ্য যা হবে, এটা ত আইনের বিচার, আইনের ভিতর, তাদের হাতে নেই। কিন্তু একটি লোকের, যার কমন সেন্স আছে, সে এই জিনিসটা বুঝতে পারে না কেন যে, যেদিন থেকে জুরি ট্রায়াল হয়েছে, সেদিন থেকে এই রকম অনেক কমপ্লিকেটেড এভিডেন্স বা ঘটনার উপর বিচার করে তাদের বক্তব্য পেশ করে এসেছেন, এবং আইনের যা ব্যাপার, সেটা জজ দেখছেন, এই ভাবে চলে আসছে এবং সেখানে কোন রকম গণ্ডগোল উপস্থিত হয়েছে বলে ত আমরা শুনি নি। এই কারণে, জুরি ট্রায়েল উঠিয়ে দিতে হবে, বা সঙ্কুচিত করতে হবে, যা করার দরকার আছে, এর কোন মূল্য আছে বলে আমরা মনে করি না। উনি দুটি কারণ দেখিয়েছেন। তার একটি হচ্ছে সময় পাবেন না, জুরাররা থাকবেন না। দু-সপ্তাহের বেশী হলে জুরাররা থাকতে পারবেন না। আর একটি হচ্ছে কমপ্লিকেটেড এভিডেন্স হলে, তারা পারবেন না। এটা বিশ্বাসযোগ্য কথা নয়। এর আগেও আমর দেখেছি। এখন, সেইজন্য আমার কথা হচ্ছে ঐ যে অনেকে এ পক্ষ থেকে বলেছেন, আমিও জয়নাল সাহেবকে মনে করিয়ে দিই যে কংগ্রেস পার্টি, সরকার পক্ষ থেকে যেগুলো বলা হচ্ছে, এ তো তার বিরোধী। প্রক্লেমড অবজেকটিভ যেগুলো বলা হচ্ছে, তার কিছুটা করবার জন্য অন্ততঃ তারা চেষ্টা করছেন ঐ নয়া পঞ্চায়েত ইত্যাদি করে। এটাত তার সম্পূর্ণ বিরোধী এই সংশোধন। তাহলে এই সংশোধন কেন করতে যাচ্ছেন? এখন প্রোক্লেমড অবজেকটিভ এক জিনিষ, আর সত্যিই মনের কথা হওয়া, এবং সেটা মানা কার্যক্ষেত্রে তা আর এক জিনিষ এ আমি জানি। কংগ্রেস সরকার বা তার পার্টি এই রকম ভণ্ডামি করে থাকেন, তা আমরা সকলে জানি। কিন্তু কথা হচ্ছে যে আমরা ত প্রোক্লেমড অবজেকটিভ দেখবো, এবং তা দেখে--যেটুকু সেখানে কার্যকরী করার চেষ্টা হচ্ছে, এবং তার বিরোধী কাজ কেন হচ্ছে, তাহলে নয়া পঞ্চায়েত এইসব করার মানে কি? তাহলে ত দারুণ অত্যাচার হবে এটা। এবং এই জিনিষ আমরা দেখছি। সেই জন্য আমার মনে হয় এটাও বিচার করা দরকার।

আর বারে বারে একটা কথা উঠছে যে অনেক করাপশন ইত্যাদি জুরার মধ্যে দেখা গিয়েছে। এখন সেই বিচার যদি করতে হয় আজকে, তাহলে কিছুইত করা যায় না। ধরুন ক্যালকাটা কর্পোরেশনের কার্যকলাপ। স্পীকার মহাশয়, আপনি জানেন যে দুর্ভাগ্যবশতঃ এই ক্যালকাটা কর্পোরেশনকে বাইরের লোকরা জানে এবং আমরাও অনেক সময় বলি, লজ্জা করে বলতে, কিন্তু বলি 'চোরপোরেশন'। এই আখ্যা, তাকে কে দিয়েছেন? তখন কংগ্রেস পার্টিত রাজত্ব করছেন সেখানে বহু বৎসর ধরে, সেখানে সীমাবদ্ধ ভোটের অধিকার হোক, আর যাই হোক। এখন এই বিচারে যদি আমরা কিছু বলি তাহলে কর্পোরেশনকে ত উঠিয়ে দিতে হবে। আমরা ত কর্পোরেশনের ক্ষেত্রে সে বিচার করিনি। সেখানে কর্পোরেশন মানে কাউন্সিলাররা। হয়ত তাদের বিরুদ্ধে কেউ অভিযোগ এনেছেন, যে সেখানকার কাউন্সিলারদের মধ্যে কেউ ঘুষ নিয়েছেন বা অন্যায়ভাবে কোন কনট্রাকটর-এর পক্ষ নিয়ে কাজ করেছেন। কিন্তু সেজন্য কি কেউ বলবে যে কর্পোরেশনকে উঠিয়ে দিন, যেহেতু 'চোরপরেশন' তার নাম হয়েছিল? এত বলা হচ্ছে না। বরঞ্চ বলা হচ্ছে নাগরিকদের মধ্যে থেকে যাতে সৎ লোক সেখানে যায়, এবং ভালভাবে কাজ করেন নাগরিকদের হয়ে, এই রকম ব্যবস্থা করতে হবে এবং প্রসারিত করতে হবে গণতন্ত্র। এই কথাই আমরা বলছি। আজ যদি সেই কথা বলা হয়, তাহলে এখানে আর কংগ্রেসের রাজত্ব করা চলে না। এখানে এমন করাপশন, নেপটিজম ঢুকেছে কংগ্রেসী মন্ত্রীদের মধ্যে, কংগ্রেস পার্টির রাজত্বের মধ্যে, একথা বললেত তাদের রাজত্বই চলতে পারে না, এতেতো গণতন্ত্র চলতে পারে না। এ তো কেউ আমরা বলি না। কংগ্রেসপক্ষ বা বিরোধী পক্ষ, কোন পক্ষই বলবেন না একথা। সেইজন্য আমার কথা হচ্ছে দুটা, দশটা জায়গায় কি হয়েছে, কোন খারাপ লোককে আমরা সেখানে নির্বাচিত করেছি, সেটা নিয়ে কোন বড় কথা নয়। আমার কথা হচ্ছে সৎ লোক, সৌভাগ্য বশতঃ হাজার হাজার, লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ আমাদের দেশে এখনও আছে। এখন কোন খারাপ লোক যদি নির্বাচিত হয়, তার জন্য সমস্ত মানুষকে দোষ দেওয়া যায় না। এই বিচারই আমাদের করতে হবে।

এবং সেইজন্য আমি বলছি এখানে এই কথাটা হয় স্পষ্টভাবে উনি বলুন যে উনি মনে করেন যে জুরি ট্রায়াল চলবে না এবং এটা আস্তে আস্তে জুরি ট্রায়াল উঠিয়ে দিতে হবে। এবং উনি এটা বলুন যে তাঁরা খারাপ লোক আমাদের দেশে সৎ লোক পাওয়া যায় না। আমার মনে হয় এই সাহস শ্রী জালানের হবে না, একথা বলার যদি মনে মনেও একথা ভাবেন। সেইজন্য আমার নার বিশেষ কোন বক্তব্য নেই, আমার কথা হচ্ছে যে এটা অত্যন্ত আরবিট্রারিলি এই সংশোধন এখানে এনেছেন। কারণ কোন রকম এক্সপ্লানেশন কিছু উনি দেন নি। খালি উনি বলেছেন আমি শ্রী জালান, জুডিসিয়াল মিনিস্টার, বলছি আগে এই রকম আইন ছিল এখন এই রকম হবে। তার কি কারণ, কি ব্যাপার কিছুই আমরা বুঝলাম না। এই জন্য এই আইনের যা উনি এনেছেন তার বিরোধিতা করছি। এবং আশা করি শ্রী জালান বেশী বক্তৃতা না দিয়ে—তিনি নিশ্চয়ই বুঝেছেন সমস্ত যুক্তি কারণ কংগ্রেসের লোকেরাও বলেছেন একই কথা আমাদের মত—দয়া করে এই সংশোধনটা প্রত্যাহার করে নিন।

[5-35—5-45 p.m.]

Shri A. K. M. Ishaque: Mr. Speaker, Sir, I rise to support the amending Bill as introduced by the Hon'ble Minister. Sir, whenever it is provided that jurors should be withdrawn when a trial is to be continued for two weeks or more than that, there is at once the implication that the trial is going to be a complicated one and evidences on complicated matters are going to be adduced. In such cases, what is required most and what is required first is a trained mind Even if I concede to the point of view of the Opposition that the fate of an accused person be left to the collective wisdom, at the same time it is also more important that a trained mind should be there to judge all the things, to judge all the aspects of the trial. If that is so, then it is far better that the Judge alone should try the cases which are complicated ones. That is why I support the Bill, and particularly when the provision is there that whenever a trial is to continue for two weeks or more than that, then necessarily it is going to be a complicated trial. In such cases the judge must have power to try them himself and not with the assistance of a jury. With these words, Sir, I support the Bill.

The Hon'ble Iswar Das Jalan: Sir, with the utmost respect to the observations made by my friends in the Opposition I am constrained to say that they have misunderstood the provisions which are going to be made. Whether trial by jury should remain or should not remain is a moot question. It was found that even the Law Commission opposed the retention of the system of trial by jury. Many of the States have abolished it completely. Our State also abolished it so far as the districts are concerned. But the High Court was of opinion that in Calcutta it may be retained and so we retained it.

Now, so far as the present Bill is concerned, it is not for the abolition of jury trial. The jury trial remains, and this Bill is also not introduced because of the belief that the jury is incompetent or corrupt. No. Had it been so, then we would have come forward with a Bill to abolish the jury system altogether. That is not so. What has happened is that after we passed the City Civil Court Act, there was an amendment of the main Criminal Procedure Code by the Parliament itself and the Parliament has incorporated a provision like this which is now being incorporated in the City Civil Court Act. It was passed in 1955, and the Parliament thought it fit that these clauses should be inserted that in a particular case where on account of the complexity of case or complexity of evidence, the trial was likely to last for more than fourteen days or that the case involved evidence of such a technical nature that it will not be proper to hold a

trial in such a case by jury, the High Court may decide—not that it will decide but it may decide—that a particular trial should be without jury. As a matter of fact this question arose when there was a reference by the Sessions Judge to the High Court for permission under this clause to take the trial without jury and there was a Division Bench judgment in which it was stated that because this clause has not been incorporated in the City Civil Court Act we have no power. In order to remove this defect this amendment is now being sought. We simply say that where the evidence is of a very highly technical nature which the High Court thinks—not the State Government that it is not a proper case to be tried by a jury, or where it is an undue strain on the jury to ask them to sit for more than 14 days in a case on account of the complexity of the evidence, the High Court will decide It has not been decided that it will not take place under a jury. The High Court may say that in spite of a case lasting for more than 14 days, or in spite of the complexity of evidence this case may be tried by a jury and that case will be tried by a jury. Therefore, it is only an enabling clause by which the High Court has got the power, after consideration of all the facts and circumstances of the case, that on account of the complexity of evidence it will last for more than 14 days or that on account of the technical nature of the evidence – which is going to be led in a particular case, the High Court is given the power to decide that it is a case in which the trial by jury will not be proper. Therefore, I wish to disabuse the minds of the honourable members of this conception that we are abolishing trial by jury in the City Civil Court, or that this Bill presumes that our jury in Calcutta is incompetent or corrupt. What we have provided is, bringing it into line with the Criminal Procedure Code amendment which has been passed by the Parliament in 1955. That is all that we have done here.

Some observation has been made by Mr Sen. They are worth conciderıng if particular items could be included or excluded. We have an open mind and these things may be considered later. At present without a proper examination of all the relevant circumstances it is not possible to change the Schedule.

I do not think that any more speech is necessary on this subject.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

[5-45—5-53 p.m.]

The motion that the City Sessions Court (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result :

Noes—60

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Maulana
Bhattacharyya, The Hon'ble Syamadas

Bhowmik, Shri Barendra Krishna
Chakravarty, Shri Hrishikesh
Chakaravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Dinabandhu
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charu Shila
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Koley, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Moitra, Shri Arun Kumar
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada

Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsuddin Ahmed, Shri
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Tanti, Shri Anadi Mohon

Ayes—25

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Bhattacharya, Dr. Kanai Lal
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Hamal, Shri Bhadra Bahadur
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhusan
Murmu, Shri Nathaniel
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan

The Ayes being 25 and the Noes 60, the motion was lost.

The motion of the Hon'ble Iswar Das Jalan that the City Sessions Court (Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker: Amendment No. 6 is out of order.

The question that clause 2 do form part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do form part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: Shri Narendra Nath Sen has given notice of a new clause, viz. Clause No. 4 which has been withdrawn.

Preamble

The question that the Preamble do form part of the Bill was then put and agreed to.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the City Sessions Court (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Iswas Das Jalan that the City Sessions Court (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-53 p.m. till 1 p.m. on Friday, the 11th September, 1964, in the "Legislative Building", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 11th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State and 127 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Supply of pig iron to the factories

***380.** (Admitted question No. *1100.)

শ্রীঅনাদি দাস: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গে ঢালাই কারখানাগুলিতে পিগ লোহা সরবরাহের কোটা নির্ণয়ের নিয়ম কি; এবং

(খ) ইহা কি সত্য যে ছোট কারখানাগুলির (যাহারা ১৫০ জনের কম শ্রমিক নিয়োগ করে) প্রয়োজন অনুযায়ী কোটা নির্ণীত হয় না এবং কোটা নির্ধারিত মালও যথাসময়ে তাহারা পায় না?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) ঢালাই কারখানায় সংস্থাপিত যন্ত্রপাতি, ছাঁচে ঢালাই করিবার জন্য কতখানি জায়গা রহিয়াছে এবং পিগ লোহা সরবরাহের অবস্থা প্রভৃতি বিবেচনা করিয়া সরবরাহের কোটা নির্ণয় করা হয়।

(খ) পিগ লোহার রাজ্য কোটা সরবরাহের অবস্থা অনুসারে ভারত সরকার কর্তৃক নির্ধারিত হয়।

প্রচলিত নিয়মকানুন পালনের ব্যাপারে ব্যবহারকারীর পক্ষ হইতে কোন ত্রুটি-বিচ্যুতি ঘটিলে তাহারা যথাসময়ে মাল পায় না।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে ছোট ছোট কারখানাগুলিতে পিগ সাপ্লাই করা হয়, আপনি বললেন যে, তার নিয়ম হচ্ছে স্পেস দেখে। পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রের কাছ থেকে যে পরিমাণ পিগ প্রয়োজন সেই পরিমাণ পান?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমরা তা পাইনি। আমাদের কোটা হচ্ছে আমাদের আসেস্ড ক্যাপাসিটি ১৯৬৪ সালের যেটা তার ২·১৬ লক্ষ মেট্রিক টন। কিন্তু আমরা ৫৬,৭১০ মেট্রিক টন পেয়েছি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন তাতে পশ্চিমবঙ্গের যা প্রয়োজন তার প্রায় শতকরা ২০ থেকে ২২ পার্সেন্ট পাওয়া যাচ্ছে। বাদ বাকি পিগ সরবরাহ যে করতে পারেন না তার জন্য কি কাজ বন্ধ থাকে, না, ব্ল্যাক মার্কেটে পিগ ব্যবসায়ীরা কেনেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সেটা আমি বলতে পারব না।

Shri Hare Krishna Konar:

যতগুলি ঢালাই কারখানা আছে প্রত্যেকটি ঢালাই কারখানায় কি কোটা দেওয়া হয়? সাপ্লাই যেমন কম আসছে তেমন কম সাপ্লাই সবাই কি পায়?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমাদের পশ্চিমবঙ্গে ২৭৪টা কারখানায় এই কোটা আমরা দিয়ে থাকি।

Shri Hare Krishna Konar:

কতগুলি ঢালাই কারখানা আছে পশ্চিমবঙ্গে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমরা যাদের কোটা দিই তাদের সংখ্যা হচ্ছে ২৭৪টি।

Shri Hare Krishna Konar:

ঢালাই কারখানা কতগুলি আছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সেটা বলা সম্ভব নয়, আমরা যাদের কোটা দিয়ে থাকি তাদের সংখ্যা বলেছি।

Shri Hare Krishna Konar:

আপনারা কোটা ঠিক করার সময় টোটাল যতগুলি কারখানা আছে সেটা দেখে ঠিক করেন, না, আন্দাজে কতকগুলিকে দিলেন কতকগুলিকে দিলেন না?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমাদের কাছে ১৩-১০-৬২ তারিখে যে সমস্ত কারখানা কোটার জন্য অ্যাপ্লাই করেছিল তাদের কথা বিবেচনা করছি।

Shri Hare Krishna Konar:

যারা অ্যাপ্লাই করেছিল তাদের সবাইকে দেওয়া হয়েছে কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সকলকে দিতে পারিনি।

Shri Hare Krishna Konar:

সবই যখন ঢালাই কারখানা তখন কতকগুলিকে দিলেন কতকগুলিকে দিলেন না। এটা কি স্ট্যান্ডার্ডে বিচার করেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি (ক) প্রশ্নোত্তরে তা বলেছি।

Shri Hare Krishna Konar:

যেখানে ২ লক্ষ কত টনের দরকার হয় সেখানে আমরা তার চেয়ে কম পাই। কিন্তু দেবার সময় কতকগুলিকে দিলেন কতকগুলিকে দিলেন না, সকলে অ্যাপ্লাই করা সত্ত্বেও এটা কোন স্ট্যান্ডার্ডে করলেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

ভারত সরকারের নির্দেশ অনুযায়ী ১৩-১০-৬২ তারিখের পরে যে সমস্ত দরখাস্ত পাচ্ছি তাদের কথা বিবেচনা করছি।

Shri Hare Krishna Konar:

১৩-১০-৬২ তারিখে যারা দরখাস্ত করেছিল তাদের সবাইকে দিচ্ছেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

দিই নি।

Shri Hare Krishna Konar:

সেই সময় কতকগুলিকে দিলেন কতকগুলিকে দিলেন না এটা ঠিক করলেন কি করে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমাদের দপ্তরে ডি, ডি, আই, এ, ডি, আই এবং টেকনিক্যাল অফিসার আছেন। এ'রা ইন্সপেকশন করে যাঁদের মনোনীত করেছেন তাঁদের দেওয়া হয়েছে।

Shri Anadi Das:

এই মনোনীত করার বেসিস কি?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

সেটা প্রশ্নের জবাবে বলেছি।

Shri Nikhil Das:

আপনি বললেন যে ২.১৬ লক্ষ মেট্রিক টন আমাদের পশ্চিম বাংলার পাওয়া উচিত। আমরা সেখানে ৫৭ হাজার মেট্রিক টন পেয়েছি—আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এই যে কম পেলেন, তাতে কি সমস্ত কারখানায় কম কম করে দিলেন, না কাউকে পুরো দিলেন, কাউকে একেবারে দিলেনই না?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

এর জবাব তো দিয়েছি।

Shri Nikhil Das:

আমার জিজ্ঞাসা হচ্ছে এই যে কম পেয়েছেন এর জন্য কাউকে ২৫ পার্সেন্ট, কাউকে ৭৫ পার্সেন্ট অফ দি কোটা দিয়েছেন—এরকম হয়েছে কি না?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

আমরা ক্যাপাসিটি অনুসারে দিয়েছি।

Shri Aswini Ray:

আপনি বললেন ১৯৬৪ সালে কেন্দ্র থেকে কোটা পেয়েছেন এবং ১৯৬২ সাল থেকে এই সিস্টেম চালু হয়েছে—তাহলে ১৯৬২-৬৩ সালে আপনার অ্যাসেসমেন্ট কত ছিল এবং কি কোটা পেয়েছেন?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

১৯৬২-৬৩ সালে যারা অ্যাপ্লাই করেছিল তাদের দিতে পারি নি, আগে যারা করেছে তাদের দিয়েছি।

Shri Aswini Ray:

১৯৬২ সালে কত কোটা ছিল এবং কত পেয়েছেন, এবং ১৯৬৩ সালে কত কোটা ছিল এবং কত পেয়েছেন?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

১৯৬৪ সালে পেয়েছি ২.১৬ ল্যাকস মেট্রিক টন।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় কি বলবেন, আপনার কর্মকর্তারা যখন কোটা ঠিক করেছেন, আপনারা সেটা অনুমোদন করেন—এটা রিভিশন করবার কোন ব্যবস্থা আপনাদের আছে কি না? একই লোক বরাবর পাচ্ছে, অন্য লোক পাচ্ছে না, এটা আপনারা নিজেরা দেখেন কি?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

আমরা যদি কোন অভিযোগ পাই, তদন্ত করে দেখি।

Shri Bejoy Kumar Banerjee:

অভিযোগ ছাড়া কি দেখেন না যে সত্যই এত লোক দরখাস্ত করেছে, সত্য কত কারখানা আছে কে পাচ্ছে না পাচ্ছে এগুলি রিভাইজ করেন, না, করেন না?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

যেগুলি চালু আছে সেগুলি আমরা কি করে বন্ধ করবো?

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে ২৫ পার্সেন্ট অফ দি রিকোয়ারমেন্ট পাচ্ছে, এর দ্বারা ইঞ্জিনীয়ারিং শিল্প ব্যাহত হচ্ছে কাজেই আপনারা এবিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন, কোটা বাড়ানোর জন্য কি প্রচেষ্টা করেছেন?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

এবিষয়ে আমরা ভারত সরকারকে বহুবার জানিয়েছি কিন্তু কোন সুফল পাওয়া যায় নি এবং ভবিষ্যতে যাতে কোটা বাড়াতে পারি নিশ্চয়ই এবিষয়ে চেষ্টা করবো।

Shri Anadi Das:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে বাংলাদেশে যে কোটা পাওয়া যায় সেই কোটা কি বেসিসে নির্ধারিত হয়?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

সেটা ভারত সরকার ঠিক করেন।

Shri Anadi Das:

ভারত সরকারের পলিসি সম্পর্কে নিশ্চয়ই পশ্চিমবঙ্গ সরকার জানেন। কাজেই পলিসিটা কি মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble Ardhendu Shekar Naskar:

আমি সেটা অফ হ্যান্ড এখানে বলতে পারবো না।

Navigation in the Rupnarayan

***381.** (Admitted question No. *1181.) **Shri Narayan Choubey:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that the river bed of the Rupnarayan is constantly rising high causing difficulty for navigation; and

(b) if so, what are the reasons thereof and what remedial measures have been taken by the Government in this regard?

The Hon'ble Syamadas Bhattacharyya: (a) Yes. (b) Deforestation in the catchment has increased the quantity of soil in the monsoon discharges. The spill areas have been reduced by encroachment and by reclamation for agricultural purposes. As a result, the tidal silts instead of being deposited on the fields, are deposited in the river-bed itself.

Investigations and model studies in connection with the scheme for improvement of navigation in the Rupnarayan are in progress.

[1-10—1-20 p.m.]

Shri Hare Krishna Konar:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন নদীর ব্যাপারে বাংলা দেশের একজন বিশেষজ্ঞ শ্রীকপিল ভট্টাচার্য, তিনি এ বিষয়ে সরকারের দৃষ্টি আগেই আকর্ষণ করেছিলেন? অর্থাৎ বাংলাদেশে নদীর ব্যাপারে ওয়ান অফ দি বিশেষজ্ঞ শ্রীকপিল ভট্টাচার্য তিনি আগেই আপনাদের দৃষ্টি আকর্ষণ

করেছিলেন যে দামোদরের যে জলটা রূপনারায়ণে এসে পড়ে রূপনারায়ণের জলের গতিবেগ সৃষ্টি করে, তাতে সেখানকার পলি মাটি সরিয়ে দিতো। কিন্তু ডি, ভি, সি, করার ফলেতে সেই বন্যার জলের কোটা বন্ধ হয়ে যাওয়ায়, এই সিল্ট অর্থাৎ পলি মাটিটা আরও উপরের দিকে যাওয়ার আশঙ্কা রয়েছে, এবং তাতে শুধু ঐ নদীটাই নয়, গঙ্গাও মরে যাওয়ার আশঙ্কা আছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

শ্রীকপিল ভট্টাচার্য খুব বিশেষজ্ঞ কি না, তা আমি জানি না। তবে এ সম্বন্ধে তেনুঘাট ড্যাম এনকোয়ারী কমিটি অনুসন্ধান করেছেন। তেনুঘাট ড্যাম এনকোয়ারী কমিটি এ সম্বন্ধে যা বলেছেন সেটা আমি এখানে বলছি—

"The Committee therefore finds that changes in the cubic capacity of the River Rupnarayan have occured mainly since 1955 and are manifest chiefly by reduction of sectional area of channels below low water level. It is not possible for the Committee with the data available at present to apportion the deterioration to the D.V.C. dams and to changes in tidal ranges at the junction with the river Hooghly.".

Shri Hare Krishna Konar:

আপনি প্রথম প্রশ্নের উত্তরে বলেছেন যে জোয়ারের জন্য যে পলিটা যায়, সেটা আরও উপরে যাচ্ছে এবং তার ফলে সিল্ট বাড়ছে। তা, এই যে সিল্টটা বাড়ছে উপরের দিকে, সেটা নীচের দিকে নেমে যাচ্ছে না। তার মানে উপর থেকে যদি খুব বেশী করে জল ঢেলে দেওয়া যায়, যেমন জোয়ার এসে পলি মাটি ঠেলে উপরে নিয়ে যাচ্ছে, তাকে নামিয়ে দিতে পারতো। সে সম্বন্ধে আপনারা কিছু ভেবেছেন যে কোন কিছু করার আছে কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি ত এ সম্বন্ধে বললাম যে তেনুঘাট ড্যাম এনকোয়ারী কমিটি এ বিষয়ে অনুসন্ধান করে আমাদের যা বলেছেন, ডি, ভি, সি-র সঙ্গে সম্পর্কটা পুরোপুরিভাবে, প্রত্যক্ষভাবে প্রতিষ্ঠিত হয়েছে কি না, সেটা এখনও ঠিক করতে পারেন নি। তবে এই প্রসঙ্গে আমি বলতে পারি আমরা এই নদীর নাব্যতার উন্নতি করবার জন্য ১১ লক্ষ ৭০ হাজার ৪৮০ টাকার একটা এস্টিমেট করা হয়েছে এবং সে সম্পর্কে

"Field investigations and model studies in respect of the said river have started and the estimated cost is Rs. 11,70,000. Hydrological observations and river survey works are in progress and these will be followed by model experiments and tidal computation works at the Haringhata River Research Station.".

Shri Hare Krishna Konar:

আমি আপনাকে এ সম্পর্কে আর একটু জিজ্ঞাসা করতে চাই, কারণ বাংলা দেশের এটা একটা খুব গুরুত্বপূর্ণ নদী, এবং এই নদীর সঙ্গে হুগলীর যোগাযোগ রয়েছে। আপনার যেমন হুগলীতেও এই সমস্যা, অর্থাৎ টাইডাল বা জোয়ার এসে পলি পড়ে হুগলী নদীর নাব্যতা নষ্ট করছে, এবং তার জন্য আপনারা বিশেষভাবে চিন্তা করছেন, বৈজ্ঞানিকদের সঙ্গে পরামর্শ করে যে যাতে ফারাক্কা ব্যারেজ করা যায়, বা সেখানে যদি এত কিউসেক জল দেওয়া যায়, তাহলে হয়ত সেটা ঠিক করা যেতে পারে। এটা যখন ঠিক করেছেন, তেমনি রূপনারায়ণ-এর সঙ্গে আবার গঙ্গার যোগাযোগ প্রত্যক্ষ রয়েছে, যেখানটায় রূপনারায়ণ এবং গঙ্গা এসে মিশছে, সেখানে বরং রূপনারায়ণের সঙ্গে গঙ্গার স্ট্রেট লাইন-এ আছে, আসল গঙ্গাটা নেই, এটা বিবেচনা করে রূপনারায়ণ সম্পর্কেও যাতে উপর থেকে কোন জলের তোড় নিয়ে গিয়ে ফেলা যায়, এই রকম আপনারা কিছু চিন্তা করেছেন বা করছেন কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই যে পরীক্ষা-নিরীক্ষা চলছে,.এবং হরিণঘাটা নদী গবেষণা কেন্দ্রে যে সম্পর্কে আলোচনা চলছে এবং পরীক্ষা চলছে, তার উদ্দেশ্য হচ্ছে এই যে নদী. তাকে কিভাবে আরও নাব্য করা যেতে পারে, গভীর করা যেতে পারে। এইটাই হল এই পরীক্ষার একমাত্র উদ্দেশ্য।

Shri Sudhir Chandra Das:

নদীগুলি মজে যাচ্ছে, তার কারণ একটা আপনি এইমাত্র বললেন স্পিল এরিয়া, এবং এটা একটা বড় কারণ। সুতরাং স্পিল এরিয়াকে যাতে আরও বাড়ান যায়, এই রকম কোন পরিকল্পনা বা চিন্তাধারা রূপনারায়ণ সম্পর্কে আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এ সম্বন্ধে আমি এইটুকু বলতে পারি—আমাদের দেশে চাষবাসের জন্য জমির খিদে এত বেশী যে স্পিল এরিয়া, যেখানে সাধারণত চাষ-আবাদ করা উচিত নয়, সেই সমস্ত জায়গাতে লোকে গত কয়েক বছর ধরে চাষ-আবাদ করেছেন এবং নানাভাবে বাঁধ দিয়ে আটকে দিয়েছেন জলকে। তারই ফলে নদীর বুকে যে পলি, বা সিল্ট জমা পড়ে যাচ্ছে, এবং নদীর বুকে সেই বেড্‌টা ক্রমশঃ উঁচু হয়ে উঠছে, এও একটা কারণ নদী মজে যাওয়ার।

Shri Hare Krishna Konar:

আচ্ছা ঐ রূপনারায়ণের উপরে রেলওয়ের যে ব্রীজ আছে, ওটাও থামওয়ালা ব্রীজ, ক্যান্টিলিভার ব্রীজ নয়, এই থামওয়ালা ব্রীজগুলি থাকার ফলেতে ঐ যে যখন জোয়ারের জল উঠলো তারপর নামার পথে পলিমাটি জমলো কি না, এ সম্বন্ধে আপনাদের ধারণা কি? দুই হচ্ছে, এবং যদি তা হয় তাহলে তারই পাশে আবার একটা ঐ ক্যান্টিলিভার ব্রীজ না করে ঐ থামওয়ালা একটা পুল করা হচ্ছে, তাতে কি এই নাব্যতা আরো নষ্ট হবার আশঙ্কা নেই?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা হচ্ছে বিশেষজ্ঞদের মতামতের প্রশ্ন। আমরা বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করেছি তাতে দেখেছি, ওখানে যে থামওয়ালা পুলের কথা বললেন ঐ পুলটি অনেক দিন থেকে আছে, প্রায় ১০০ বৎসর হতে চললো। কিন্তু নদীর নাব্যতা হ্রাস পেয়েছে গত ১৯৫৫ সাল থেকে উল্লেখযোগ্যভাবে। এ পর্যন্ত নদীর নাব্যতা ঐ একটি পুলের জন্য হ্রাস পায় নি এবং আর একটি পুল ক্যান্টিলিভার সিসটেম-এ না করে থামওয়ালা পুল করলে ক্ষতি হবে কি হবে না এ সম্বন্ধেও এই পুল তৈরী করবার আগে বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করা হয়েছিল।

Shri Hare Krishna Konar:

আপনি বললেন যে ১৯৫৫ সাল থেকেই এই নাব্যতা খুব র‍্যাপিডলি নষ্ট হচ্ছে। আমাদের ডি, ভি, সি, খালটি হয়েছিল কোন সালে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ঐ রকম সময়েতে।

Shri Hare Krishna Konar:

এই দুটি সময়েতে যখন মিল বলছেন তাহলে এই দুটির যোগাযোগ থাকার আশংকা হয় না কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই আশংকা মনে হয় সেই জন্যই তেনুঘাট ড্যাম এনকোয়ারী কমিটিকে বলা হয়েছিল এ সম্বন্ধে অনুসন্ধান করতে। তাঁরা যেটা বলেছেন আমি সেটা বললাম যে ১৯৫৫ সাল থেকে নদীর নাব্যতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে কিন্তু আমাদের সামনে যে সমস্ত পরিসংখ্যান রয়েছে, যে সব ডাটা রয়েছে, তার উপর নির্ভর করে আমরা সঠিক বলতে পারছি না যে ঐ ডি, ভি, সি-র জন্যই এটা হয়েছে কি হয় নি।

Nadia District Central Co-operative Bank Ltd., Krishnagar

*382. (Admitted question No. *1185.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) if it is a fact that the Nadia District Central Co-operative Bank Ltd., Krishnagar, entered into business of jute seed with a local business organisation which has resulted in financial loss to the tune of Rs. 50,000 due to unsold stocks of jute seeds lying in the custody of various distributing centres;

(b) if so, what is the total quantity of such unsold jute seeds and the price thereof;

(c) if it is a fact that Rs. 25,000 was advanced to an unregistered business concern known as "Das & Co.," of Krishnagar without even obtaining the approval of the Managing Committee and even without obtaining proper security from the said business concern;

(d) what was the security furnished by this business concern before loans were advanced; and

(e) who are the officers responsible for this transactions?

The Hon'ble Tenzing Wangdi: (a) Yes, but it is not possible at this stage to say whether there would be any loss until the entire stock has been disposed of.

(b) The total quantity of unsold stock as on 30th June, 1964 was 268 mds. (approximately) valued at approximately Rs. 41,828.

(c) and (d) Yes, an advance of Rs. 25,000 was given to one Shri Chandra Kanta Das, proprietor of Das & Co. of Krishnagar but the approval of the Managing Committee was obtained and the advance was given upon a sworn affidavit from the said proprietor of the Company.

(e) The advance having been approved by the Managing Committee no particular officer is responsible for the transaction.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এখন পর্যন্ত এই নদীয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক যে লস সাসটেন করেছে সেটা সম্পূর্ণভাবে আপনারা খতিয়ান করে দেখতে পারেন নি। আমি তার উপরে একটা প্রশ্ন করতে চাই, সেটা হচ্ছে এই যে আপনি আবার বললেন আনসোল্ড জুট সিডস ৩ হাজার মণের মত রয়ে গিয়েছে, তাহলে মন্ত্রিমহাশয় কি এটা মনে করেন না যে এই ৪১ হাজার টাকার জুট সিডস এটাই একটা লস? এটা আর বিক্রি হবে না, কারণ পুরানো হয়ে গেলে ত আর বিক্রি হয় না।

The Hon'ble Tenzing Wangdi: Sir, it will not be correct to say that the Bank has incurred this loss because the Bank is holding the stock.

[1-20—1-30 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

আচ্ছা এই যে নদীয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক যে অ্যাডভান্স করল দাস অ্যান্ড কোম্পানীকে, এই যে দাস অ্যান্ড কোম্পানী কি কৃষ্ণনগরের কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর কোন একজন সদস্য না এই দাস অ্যান্ড কোম্পানী একটা প্রাইভেট কোম্পানী, আমি জিজ্ঞাসা করছি প্রাইভেট কোম্পনীকে কেন করল?

The Hon'ble Tenzing Wangdi: As far as my information goes Shri Chandra Kanta Das is not a member of the Co-operative Society. He is a bona fide business man dealing in jute seeds.

Flood Enquiry Committee's recommendations for Chatal subdivision

***383.** (Admitted question No. *1221.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৯ সলের বন্যা নিয়ন্ত্রণ কমিশনের (মানসিং কমিশন) ঘাটাল মহকুমা সম্বন্ধে সুপারিশ কি কি;

(খ) ঐ সমস্ত সুপারিশ কার্যকরী করার জন্য প্ল্যান অ্যান্ড এস্টিমেট তৈয়ারী হইয়াছে কি না; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে তাহা কতদিনে কার্যকরী করা হইবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) বন্যা তদন্ত কমিটি (১৯৫৯) ঘাটাল মহকুমার মধ্যে "চেতুয়া সারকিটের অন্তর্ভুক্ত কলমিজোল খালের এবং মহেশঘাটা স্লুইসের পুনর্বিন্যাস" শীর্ষক একটি প্রকল্প সুপারিশ করিয়াছিলেন।

(খ) হ্যাঁ।

(গ) প্রকল্পটি নকসা ও প্রাককলন বর্তমানে সরকারের পরীক্ষাধীন আছে। প্রকল্পটি কবে কার্যকরী করা যাইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Shri Hare Krishna Konar:

মানসিং কমিটি এরা - আমার যতদূর মনে পড়ছে আপনারা সরকার থেকে আমাদের যে রিপোর্ট দিয়েছিলেন এই কমিটি তাতে তারা দুই রকম রিপোর্ট দিয়েছিলেন—একটা হচ্ছে সর্টটার্ম সুপারিশ, আরেকটা হচ্ছে লং টার্ম সুপারিশ, আপনি যেটা বললেন সেটা হচ্ছে সর্ট টার্ম সুপারিশের মধ্যে পড়ে, আমি বলছি এই সর্ট টার্ম সুপারিশ ও ৫ বছরের মধ্যেও আপনাদের এখনও বিবেচনাধীন এবং কবে হবে কিছুই বলতে পারছেন না, তাহলে আমি বলি সর্ট টার্ম আর লং টার্ম-এর তফাৎটা কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

জিনিসটা হচ্ছে এই যে মানসিং কমিটি ঘাটাল মহকুমার মধ্যে মাত্র একটি প্রকল্প অনুমোদন করেছিলেন সেটার নাম যা বলেছি

remodelling of Kalmijol khal within Chetua circuit and the sluice at Mahesghata

এই কমিটি আমাদের করবার জন্য বলেছিলেন—আমাদের সার্ভে করতে দিয়েছিলেন, সার্ভে করা হয়েছে, ৪ হাজার টাকা খরচা হয়েছে সার্ভে করবার জন্য এবং প্ল্যান এবং এস্টিমেটস করা হয়েছে এবং এস্টিমেটস-এ দেখা যাচ্ছে ৭ লক্ষ ৮২ হাজার লাগবে, এবং ১৯ বর্গমাইল ভূমি উপকৃত হবে বলে আশা করা যাচ্ছে। এই স্কীমটি চীফ ইঞ্জিনিয়ার ফ্লাডসকে আরও ভালভাবে পরীক্ষা করবার জন্য দিয়েছি। যদিও এটা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত নয় তবুও এ বছরের বাজেটে ২৫ হাজার টাকা এই খাতে ধরা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয়, জানিয়েছেন যে মানসিং কমিটি যে সর্ট টার্ম প্রোগ্রাম দিয়েছিলেন ফ্লাড কন্ট্রোলের ব্যাপারে কিছু কাজ করেছে কি না কোন জেলায়—যেমন কাঁদিতে মুর্শিদাবাদ জেলার তাহলে বুঝতে পারা যাবে যে সর্ট টার্ম-এ তারা হাত দিয়েছে—এবং তাহলে জানা যাবে কি পরিমাণ কাজ এগিয়েছে সর্ট টার্ম-এর?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এ পর্যন্ত আমরা যতগুলি কাজ করেছি মানসিং কমিটির সুপারিশকে সামনে রেখে করেছি। আপনি যদি এ সম্বন্ধে প্রশ্ন করেন তাহলে আমি তার দীর্ঘ তালিকা দিতে পারি।

Chandi river

***384.** (Admitted question No. *1245.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চণ্ডী নদীর দ্বারা কোন কোন থানার জল নিকাশের সুবিধা হয়;

(খ) উক্ত নদী এই বৎসর সংস্কারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) উক্ত নদী রুরাল ম্যানপাওয়ার স্কিম-এ সংস্কারের জন্য কোন স্কীম মঞ্জুর হইয়াছে কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) চণ্ডী নদীর দ্বারা মেদিনীপুর জেলার ডেবরা, ময়না ও পিংলা থানাসমূহের আংশিক জল নিকাশের সুবিধা হয়।

(খ) না।

(গ) না।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে চণ্ডী নদীর মাঝখানটা খুব চওড়া আছে—যেখানে চণ্ডী নদী কেলেঘাই নদীর সংগে মিশেছে সেখানে খুব সরু, কাজেই ঐজন্য ওখানে যে জল সঞ্চিত হয় নদীতে জমে যায় সেটা বেরুতে না পারার জন্য মাঝে মাঝে বন্যা হয় এবং সেই বন্যার ফলে ময়না এবং পিংলা এবং দেওয়ার কোন কোন জায়গায় মাঝে মাঝে ভেংগে যায়—এ খবর আপনি জানেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা ঠিক অন্যান্য নদীনালার মত চণ্ডী নদীতেও অনেক পলি মাটি জমে গিয়ে নদীর বেডটা উঁচু হয়ে গেছে। কাজেই মাননীয় সদস্য তাঁর কোন প্রশ্নের মধ্যে যেটা বলেছেন যে রুরাল ম্যান-পাওয়ার স্কীমএ এটা করা যায় কিনা—এ প্রশ্ন সম্পর্কে আমি একথা বলতে পারি যে এটা করা যেতে পারে এবং এ কাজ করা গেলে নিশ্চয়ই উপকার হবে।

Shri Ananga Mohan Das:

আপনি যখন বলছেন যে রুরাল ম্যান-পাওয়ার স্কীমএ কাজটা করা যেতে পারে যেহেতু চণ্ডী নদীর দ্বারা তিনটা থানার আংশিক জলের উপকার হয়, জল নিকাশ হতে পারে এবং বন্যা নিরোধ হতে পারে কাজেই তাড়াতাড়ি এই রুরাল ম্যান-পাওয়ার স্কীমে এটা গ্রহণ করবার জন্য কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

রুরাল ম্যান-পাওয়ার স্কীমটা ইরিগেশান ডিপার্টমেন্ট-এর আওতাভুক্ত নয় তাহলে আমি বলতে পারি এই রকম একটা স্কীম নিয়ে মাননীয় সদস্য যদি অগ্রসর হন তাহলে আমরা সর্বতোভাবে সাহায্য করব।

Distribution of Covt.-vested lands

***385.** (Admitted question No. *1303.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইনের বলে যে জমি সরকারে ন্যস্ত হইয়াছে সেই জমি স্থায়ী বণ্টনের কোন ব্যবস্থা হইয়াছে কি না;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে কোন্ কোন্ জেলায় কত জমি স্থায়ী বণ্টনের ব্যবস্থা হইয়াছে; এবং

(গ) উত্তর "না" হইলে, তাহার কারণ কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) সম্পূর্ণ বিষয় বিবেচনাধীন আছে।

Shri Sudhir Chandra Das:

এই বিষয়টা স্থায়ীভাবে বন্দোবস্ত করার নীতি সম্পর্কে বহুদিন ধরে এটা বিবেচনা করা হচ্ছে—কতদিনে এই বিবেচনা শেষ হবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা বলা বড় মুস্কিল, মাননীয় সদস্য বোধ হয় নিজেই গতকাল কিম্বা পরশুদিন বলেছিলেন যে ভূমি বণ্টন যা হচ্ছে তা ঠিকমত হচ্ছে না—বিশেষ করে ওদের দলের কোন সদস্য ভূমি বণ্টন উপদেষ্টা কমিটিতে নাই—এই অবস্থাতে নিশ্চয়ই উনি মনে করেন না, যেভাবে এখন বণ্টন করা হচ্ছে সেটাকে স্থায়ী করা উচিত।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয়, এটা কি জানেন যে অস্থায়ী বন্দোবস্ত চালু থাকার জন্য এই যে অনিশ্চিত অবস্থা আছে জমি সম্পর্কে তার ফলে তহশীলদাররা ল্যান্ড রিফরমস অফিসে ঘুষ আদায় করছে এক বছরের টার্মস থাকার জন্য?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি এই অভিযোগ অস্বীকার করি—এইজন্য যে এখন ভূমি বণ্টন করতে গেলে একটি ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির সুপারিশ পেতে হবে, ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির মধ্যে স্থানীয় নির্বাচিত প্রধান অথবা প্রেসিডেন্ট আছেন তারা ঘুষ দিচ্ছেন—এ প্রশ্ন আপনি নিশ্চয়ই করছেন না। যেখানে প্রধানদের উপর ভার আছে সেখানে তহশীলদাররা ঘুষ নিচ্ছেন এটা ঠিক বলা হয় না।

Shri Sudhir Chandra Das:

আমি জিজ্ঞাসা করছি কি কারণের জন্য এই স্থায়ী বণ্টন ব্যবস্থাটা এতদিন ঝুলিয়ে রাখছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা নিশ্চয়ই খুব শীঘ্রই ভূমি বণ্টন স্থায়ীভাবে না হলেও দীর্ঘ মেয়াদীর ভিত্তিতে করতে চাই। কিন্তু মাননীয় সদস্যগণ জানেন যে আমরা যেটুকু ভূমি পেয়েছি খুবই মূল্যবান ভূমি কিন্তু খুব বেশী পরিমাণ নয়, সেই ভূমি অনেক লোকের মধ্যে বণ্টন করতে হবে। বণ্টন করতে গিয়ে যাতে ঠিক ঠিক লোক, যোগ্য লোক পেতে পারে এবং সুষ্ঠুভাবে বন্টন হয় সেইটা দেখবার জন্যই আমরা কিছু অপেক্ষা করছি। অন্য কোন মতলব নেই।

Shri Sudhir Chandra Das:

১৯৬৪-এর ডিসেম্বর-এর মধ্যে হবে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সমস্ত জায়গায় হবে কি না বলতে পারি না, অনেক জায়গায় হতে পারে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে হারে আপনারা ভূমি দখল পেয়ে বন্দোবস্ত দিয়েছেন সে হারটা অত্যন্ত নগণ্য। আমাকে আজকেই লিখিত প্রশ্নের উত্তরে জানান হয়েছে ৩৭ হাজার একর জমি ন্যস্ত হয়েছে, ১৫ হাজার দখল করেছেন, মাত্র ৪ হাজার বিলি করেছেন। এই যে একটা হার জমি দখল পাওয়া সত্ত্বেও বিলি করার হারের যে তারতম্য এবং নগণ্য—এই সমস্ত জমি দখল করবেন তারপর বিলি করবেন তারপর স্থায়ী করবেন—এই পর্যায়টা আমাদের কাছে

অত্যন্ত অনিশ্চিত লাগছে। আমি বলি এক বছরের জন্য দেওয়াই বা কি কারণে হয়েছিল এবং এক বছর এর জন্য না দিয়ে তার ত্রুটি-বিচ্যুতি দূর করে স্থায়ীভাবে দেবার জন্য কি ধরনের ব্যবস্থা সরকার গ্রহণ করছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা বিশেষ করে ভূমি বন্টন উপদেষ্টা কমিটির মাধ্যমে একটি চেক আপ করবার চেষ্টা করছি। আগে মাননীয় সদস্যগণ জানেন আমাদের তহশীলদার, জে এল আর ও, এস এল আর ও. বি ডি ও-র মধ্য দিয়ে বিলি বন্টনের ব্যবস্থা ছিল—এটাকে আমরা আর একবার দেখে নিচ্ছি ভূমি বন্টন উপদেষ্টা কমিটির মারফত ঠিক ঠিক হচ্ছে কি না। এবং যাতে বাকী ভূমি যেটা বন্টন হয় নি সেটা বন্টন করা যেতে পারে তার চেষ্টা করছি।

Shri Sanat Kumar Raha:

তাহলে কি এই বছরই শেষ; অস্থায়ীভাবে দেবার কাজ কি এই বছরেই শেষ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি সে কথা বলতে পারব না।

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা স্বীকার করেন যে স্থায়ীভাবে জমি বন্টন না করায় চাষী ঠিক সে-রকম যত্ন নেয় না এবং তার জন্য উৎপাদন ব্যাহত হয়?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা প্রাথমিক কথা, এটার সম্বন্ধে জিজ্ঞাসা করার কোন প্রয়োজন হয় না।

Shri Birendra Narayan Roy:

যদি তা বুঝতে পেরে থাকেন তাহলে তাড়াতাড়ি স্থায়ী ব্যবস্থা করছেন না কেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি বলেছি সেই কারণ।

[1-30—1-40 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এটা অত্যন্ত সোজা কথা এবং বলতে পারি কৃষিবিদ্যার অ, আ, ক, খ—অর্থাৎ প্রাথমিক কথা। কাজেই এরকম মতামতের কথা জিজ্ঞাসা করবার প্রয়োজন নেই।

শ্রীবী[illegible] [illegible] রায়: তাড়াতাড়ি ডিসিসন দিয়ে যাতে পার্মানেন্ট সেটেলমেন্ট দিতে পারেন তার ব্যবস্থা করছেন না কেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্যগণ বারেবারে অভিযোগ উত্থাপন করছেন যে, যেসব ভূমি বন্টন করা হয়েছে সেটা ঠিক ঠিক লোককে বন্টন করা হয় নি। আমরা দেখছি ঠিক ঠিকভাবে বন্টন করা হয়েছে কি না।

শ্রীদেবেন্দ্র [illegible] অধিকারী: মন্ত্রিমহাশয় বারেবারে ভূমি বন্টন কমিটির কথা বলছেন অর্থাৎ অ্যাডভাইসরি কমিটির কথা বলছেন। আমার প্রশ্ন হচ্ছে ভূমি বন্টন অ্যাডভাইসরি কমিটি যে মতামত দেবে সেটা কি সরকার গ্রহণ করেন, না সরকারী কর্মচারীরা তার উপর নিজস্ব মত প্রয়োগ করেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: ভূমি বন্টন কমিটি মানে হচ্ছে তাঁরা উপদেশ দেবেন। যদি তাঁরা ঠিকমত উপদেশ দেন তাহলে তাঁদের উপদেশ আমরা গ্রহণ করি—অগ্রাহ্য করি না। যেমন তাঁরা হয়ত কোথাও ৫ একর বা ২০ একর জমি আছে—আমি সুন্দরবনের কথা বলছি—সেখানে

তাঁরা সুপারিশ করেছেন আমরা দেই নি। কিন্তু আবার কোথাও হয়ত ১ জনের ৩ একর জমি আছে এবং তাঁরা সেখানে ২ একর দিয়েছেন এবং আমরা সেই সিদ্ধান্ত বদলাই নি।

শ্রীশৈলেন্দ্র: অধিকারী: তাহলে মন্ত্রিমহাশয় এটা স্বীকার করলেন যে, ভূমি বণ্টন অ্যাডভাইসারি কমিটি বলে যেটা তৈরী করেছেন নিজেদের দলের লোক নিয়ে তাঁদের কথায়ও ভরসা করতে পারছেন না। যেমন, সুন্দরবনের কথা আপনি বললেন তাঁরা অন্যায়ভাবে বলেছিলেন। আমার প্রশ্ন হচ্ছে এই কমিটিতে এক দলীয় লোক না রেখে এম এল এ-দের রাখছেন না কেন? আমরাও তো অন্ততঃ কিছুটা বুঝি।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য একদলীয় লোক সম্বন্ধে যে কথা বলেছেন আমি তা স্বীকার করি। কিন্তু কথা হচ্ছে মাননীয় সদস্য যে দলে আছেন সেই দলের একজন সদস্যও যদি পঞ্চায়েতে নির্বাচিত হতে না পারেন তাহলে তো আমি নাচার।

শ্রীলখনকুমার রাহা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে পরিমাণ জমি আপনাদের দখলে আছে তার ক্ষুদ্রাংশও কেন বিলি করা হয় নি।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: প্রশ্ন করলে বলতে পারব।

ডাঃ কানাইলাল চট্টাচার্য: মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন শৈলেনবাবুর দল পশ্চিমবাংলা থেকে পঞ্চায়েতে নির্বাচিত না হবার জন্য তাঁদের ভূমি বণ্টন কমিটিতে নিতে পারি নি। আমার প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় কংগ্রেস ছাড়া অন্য কোন দলের প্রধানকে আপনারা নিয়েছেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য ভুল করছেন। তাঁরা কেন আসবেন, তাঁদের নেবার কোন দরকার নেই—তাঁরা তো নিজ ক্ষমতা বলে আসবেন। আমাদের নেওয়া বা না নেওয়ার উপর নির্ভর করে না, তাঁরা এক্স-অফিসিও হয়ে আসবেন। যাঁরা নির্বাচিত হবেন তাঁরা ফরওয়ার্ড ব্লক হতে পারেন, আর এস পি হতে পারেন, সংযুক্ত পার্টি হতে পারেন। যদি গ্রামাঞ্চলে খোঁজ করেন তাহলে দেখবেন সকল দলের সদস্যেরা আছেন। আবার এমন কমিটিও আছে যার মধ্যে একজনও কংগ্রেসের লোক নেই এবং তার জন্য আমরা কুণ্ঠিত নই।

শ্রীশৈলেন্দ্র: অধিকারী: মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন এই পঞ্চায়েতের ইলেকশন ব্যাপারে পলিটিক্যাল পার্টিতে একটা কোড অফ কন্ডাক্ট ঠিক হয়েছিল এবং তার ফলে পলিটিক্যাল পার্টির তরফ থেকে পঞ্চায়েতে নির্বাচিত হবার সুযোগ ছিল না। আমার প্রশ্ন হচ্ছে তাহলে আপনি একথা কেন বলছেন সেখানে আপনার দলের লোকও আছে, আমার দলের লোকও আছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: কথাটা মাননীয় সদস্য নিজেই বলেছিলেন যে, তাঁর দলের লোক নেই এবং সেখানে আমি বলেছি তাঁর দলের অনুরাগী লোক না থাকতে পারেন, অন্য দলের অনুরাগী লোক আছেন।

শ্রীমতী বিভা মিত্র: মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি, পশ্চিমবাংলায় এই মধ্যস্বত্ব আইন বলে কত জমি ন্যস্ত হবে বলে আপনারা হিসেব করেছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমাদের এ পর্যন্ত ৫ লক্ষ একর জমি ভেস্টেড হয়েছে দেখতে পাচ্ছি। আমার যতদূর মনে আছে তাতে বলতে পারি ডাঃ রায় একবার বক্তৃতা প্রসঙ্গে বলেছিলেন ৬ লক্ষ একর জমি আমরা পাব। তবে আমরা ৬ লক্ষ একর জমি পাই নি—কম পেয়েছি। আমি অনেকবার বলেছি যে, চেষ্টাচরিত্র করলে আমরা অনেক জমি পেতে পারি।

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে সমস্ত জমি তাঁরা পেয়েছেন সেই সমস্ত জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে কি না এবং যেগুলি বন্দোবস্ত দেওয়া হয় নি সেগুলিতে চাষ হচ্ছে কি না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয়া সদস্যা যা বলেছেন, যত জমি পাওয়া গেছে সব জমি বণ্টিত হচ্ছে কি না এবং সেই সব জমিতে চাষ হচ্ছে কি না। প্রশ্নটি খুব বড়, মোটামুটি-ভাবে আমি বলছি, যত জমি পাওয়া গেছে ভেস্টেড হয়েছে সমস্ত জমি এখনও দখল দেওয়া হয়

নি নানা কারণে। প্রথমতঃ আমাদের সরকারী প্রশাসনিক বিভাগের দক্ষতার অভাব আছে কিছুটা, এটা আমি স্বীকার করি। আরও বড় কারণ হচ্ছে হাইকোর্ট এবং অন্যান্য আদালতের আদেশের জন্য, অবজেকশনের জন্য এবং এই সব কারণের জন্য আমরা অনেক জমি দখল নিতে পারি নি। যে সমস্ত জমি দখল নেওয়া হয়েছে সেই সমস্ত জমিও বিলি হয় নি। তার মধ্যে একটা কারণ হচ্ছে সমস্ত জমি হয়ত বিলি করারও উপযুক্ত নয়, অনেক জমি আবার পাওয়া গেছে যা এখনি বিলি করা সম্ভব নয়, সেগুলি রিক্লেমেশন করে উপযুক্ত করে নিতে হবে। এই সমস্ত কারণে সমস্ত জমি বিলি করতে পারি নি। দ্বিতীয়তঃ অনেক জায়গায় কমিটিও গঠিত হয় নি আগে থেকে, এখন ঠিক সেই অঙ্কগুলি দিতে পারব না, নোটিশ দিলে সমস্ত অঙ্কগুলি মাননীয় সদস্যদের কাছে উপস্থিত করতে পারব।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই পর্যন্ত যে যে জমি বিতরণ করা হয়েছে অস্থায়ীভাবে, আমি জানতে চাই কতদিনের জন্য দেওয়া হয়েছে এবং তার জন্য টাকা দিতে হয় কি না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ কোন প্রিমিয়াম দিতে হয় না, কোন সেলামী দিতে হয় না, শুধু যিনি জমি পাবেন তাঁকে স্থানীয় নিরীখে দেড়গুণ খাজনা দিতে হয়, এবং কো-অপারেটিভ যদি গঠন করে তাহলে স্থানীয় নিরীখ অনুযায়ী খাজনা দিলেই চলে।

শ্রীদেবশরণ ঘোষঃ বণ্টনযোগ্য জমির পরিমাণ ভূমি বণ্টন কমিটিকে জানানোর কোন ব্যবস্থা আছে কি না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নিশ্চয়ই আছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমার প্রশ্নটা হচ্ছে এই যে অস্থায়ী বন্দোবস্ত এটা ক-বছরের জন্য?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এটা দু' বছরের জন্য দিচ্ছি, কোন কোন জায়গায় এক বছরের জন্য দেওয়া হয়েছে।

শ্রীআবদুল বারি মোক্তারঃ যে সমস্ত জমি এক সালের জন্য বন্দোবস্ত দেওয়া হচ্ছে ১০ টাকা ফি নিয়ে জমির উৎকর্ষসাধনের জন্য এবং চাষের উন্নতির জন্য, সরকার কি একথা বিবেচনা করে দেখেছেন যে এই জমি এক বছরের ঊর্ধ্বকালের জন্য বন্দোবস্ত দেওয়া দরকার?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নিশ্চয়ই বিবেচনা করছি।

Sale of firewood from Government forests

***386.** (Admitted question No. *1382.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ বন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী বন হইতে শাল ইত্যাদি গাছের ফায়ার উড কত মণ দরে বিক্রয় হইতেছে;

(খ) গত বৎসর ঐ দর কি ছিল;

(গ) ইহা কি সত্য যে বর্তমান বৎসরে ঐ দর বাড়ান হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) সরকারী বন হইতে শাল ইত্যাদি গাছের জ্বালানী মণ দরে বিক্রয় করা হয় না। উহা জঙ্গল নীলাম করিয়া এবং ঘনমিটার বা অনুরূপ নির্দিষ্ট মাপের ঠেক হিসাবে বিক্রয় করা হয়।

এই বৎসরের খুচরা দর নিম্নরূপঃ

উত্তর চক্র (নর্দার্ন সার্কেল)-এর জঙ্গলের জন্য দর

কুপ, বন ও উপবন হইতে দূরত্ব	৭৫ সেঃ মিঃ×১৫০ সেঃ মিঃ×১৫০ সেঃ মিঃ মাপের ঠেকের দর
(১) ৫ কিলোমিটার পর্যন্ত	৯ টাকা
(২) ৫ কিলোমিটারের উপর হইতে ১০ কিঃ মিঃ পর্যন্ত	৭ টাকা ২৫ পয়সা
(৩) ১০ কিলোমিটারের উপর হইতে ১৫ কিঃ মি পর্যন্ত	৫ টাকা ৫০ পয়সা
(৪) ১৫ কিলোমিটারের উপর	৩ টাকা

দক্ষিণ চক্র (সাউদার্ন সার্কেল)-এর জঙ্গলের জন্য দর

প্রতি ঘনমিটার মাপের ঠেকের দর

(১) খাদি—৩ টাকা

(২) ঝারি—১ টাকা ৫০ পয়সা

নীলাম দরঃ

এখনও পর্যন্ত সমস্ত বনভূমিতে নীলাম হয় নাই। অতএব পূর্ণ বিবরণ দেওয়া সম্ভব নয়। তবে যে যে স্থানে অধুনা নীলাম হইয়াছে, সেখানকার প্রাপ্ত গড় দর নিম্নরূপঃ

পুরুলিয়ায়—১০০ টাকা ৬৮ পয়সা প্রতি হেক্টার।

ঝাড়গ্রামে—৪৪২ টাকা ৮৭ পয়সা প্রতি হেক্টার।

(খ) গত বৎসরের খুচরা বিক্রয় দর নিম্নরূপঃ

উত্তর চক্র (নর্দার্ন সার্কেল)-এর জঙ্গলের জন্য দর

কুপ, বন ও উপবন হইতে দূরত্ব	১০০ ঘনফুট মাপের ঠেকের দর
(১) ৩ মাইল পর্যন্ত	১৫ টাকা
(২) ৩ মাইলের উপর হইতে ৬ মাইল পর্যন্ত	১২ টাকা
(৩) ৬ মাইলের উপর হইতে ১০ মাইল পর্যন্ত	৯ টাকা
(৪) ১০ মাইলের উপর	৫ টাকা

দক্ষিণ চক্র (সাউদার্ন সার্কেল)-এর জঙ্গলের জন্য দর

প্রতি ঘনমিটার মাপের ঠেকের দর

(১) খাদি—৩ টাকা

(২) ঝারি—১ টাকা ৫০ পয়সা

নীলাম দরঃ

হেক্টার প্রতি গড় দর নিম্নরূপ—

পুরুলিয়ায়—৮০ টাকা ৫৫ পয়সা

ঝাড়গ্রাম—৩৪৬ টাকা ৪৭ পয়সা

(গ) খুচরা দরের ক্ষেত্রে অতি সামান্যই বাড়ান হইয়াছে।

নীলামের হার ক্রেতাদের উপরই নির্ভর করে।

(ঘ) গত বৎসর 'মাইল' অনুযায়ী দাম নির্দিষ্ট হইয়াছিল; এ বৎসর কিলোমিটার অনুযায়ী। মাইল হইতে কিলোমিটারে পরিবর্তন হেতুই সামান্য অদল-বদল প্রয়োজন হইয়াছে।

[1-40—1-50 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

আমি স্যার, একটামাত্র প্রশ্ন করছি, প্রশ্নটা হচ্ছে এই যে জঙ্গলের যারা অধিবাসী তাদের এই কাঠ বিনা পয়সায় দেওয়ার যে রীতি বহু দিন ধরে প্রচলিত ছিল সেটা ইদানীংকালে গভর্নমেন্টের তরফ থেকে উইথড্র করা হয়েছে কেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

কি শর্তে তাদের দেওয়া হত সে সম্বন্ধে যে প্রশ্ন করেছেন এটার থেকে এ প্রশ্ন আসতে পারে না।

C. T. Road near Memari Railway Station

***388.** (Admitted question No. 1182.)

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলার মেমারী রেল স্টেশন হইতে বহির্গমন ও আগমনের একমাত্র পথ গ্রান্ড ট্রাংক রোড স্থায়িভাবে মেরামতের কি ব্যবস্থা হইয়াছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বিষয়টি সরকারের পরীক্ষাধীনে আছে।

Shri Hare Krishna Konar:

আমার সাপ্লিমেন্টারী করার আগে দুটো কথা আপনাকে বোঝাবার জন্য বলছি। এটা কি আপনি জানেন যে মেমারী একটা বড় মার্কেট প্লেস এবং তার ভেতর দিয়ে পুরান জি টি রোড গেছে? প্রশ্নটা হচ্ছে মেমারি একটা ব্যবসাকেন্দ্র এবং তার ভেতর দিয়ে যেটা রাস্তা সেটা হচ্ছে পুরান জি টি রোড, সেটা পি ডবলু ডি থেকে আপনার হাতে এসেছে . .

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনি ঘটনাটা একবারে বললে বোধ হয় ভাল হবে।

Shri Hare Krishna Konar:

আমার বক্তব্য হচ্ছে মেমারি বাজারের ভেতর দিয়ে এটা হল প্রধান রাস্তা। তারপর যেখানে জি টি রোড ডাইভার্সান করে দেওয়া হয় সেখানকার মাঝখানে রাস্তাটা না পি ডবলিউ ডি র, না ডিস্ট্রিক্ট বোর্ডের, না পঞ্চায়েত, কারোর নয়। এটা খাসমহলের হয়ে গেল। অথচ এটা হল প্রধান রাস্তা। আমার সাপ্লিমেন্টারি হচ্ছে মেমারি রেল স্টেশন থেকে যেখানে হাজার হাজার লোক দৈনিক যাতায়াত করে, সেখান থেকে মন্তেশ্বর পর্যন্ত রাস্তা আছে, সেখান থেকে বিজুর পর্যন্ত সাতগেছিয়া পর্যন্ত রাস্তা আছে অথচ কোন রাস্তা স্টেশন পর্যন্ত যায় না। পুরান জি টি রোড যদি খাস মহলের অধীনে থাকে তাহলে সেটা অ্যাক্ট রোড যদি মেরামত না হয় তাহলে রেল স্টেশনে যাওয়া যায় না। সেটার কি ব্যবস্থা করছেন, এটার দায়িত্ব কে নেবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনি যে কথা বললেন আমিও ঠিক ঐ কথাই বলছিলাম। আমারও কথা হচ্ছে ঐ রাস্তাটা খুব গুরুত্বপূর্ণ রাস্তা যানবাহন চলাচলের পক্ষে গুরুত্বপূর্ণ, বাজারের পক্ষে গুরুত্বপূর্ণ, স্থানীয় লোক এবং নানা লোকের পক্ষে গুরুত্বপূর্ণ রাস্তা। ঐ রাস্তাটা পি ডবলিউ ডি কর্তৃক পরিত্যক্ত হবার ফলে এখন অত্যন্ত খারাপ অবস্থার মধ্যে আছে। ঐ রাস্তা মেরামতের জন্য আমাদের এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার, আমি বলতে চাই পি ডবলিউ ডি র এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার লক্ষ ৪৮ হাজার ৯ শত ৮ টাকার একটা এস্টিমেট করেছেন। ঐ এস্টিমেট এখন সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার পরীক্ষা করে দেখছেন। এর মধ্যে বড় এস্টিমেট মঞ্জুর সাপেক্ষে ২৯ হাজার ৪ শত টাকার একটা ছোট এস্টিমেট করে পাঠিয়েছেন, ওটা আমরা বিবেচনা করে দেখছি। এই প্রসঙ্গে একটা কথা বলে রাখি এ সম্বন্ধে আমি পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের সঙ্গে কথা বলছি। ওটা যদি ওঁরা গ্রহণ করেন, আমরা যদি মোটামুটি ব্যবস্থা করতে পারি তাহলে ভাল হবে, সে দিকে চেষ্টা করছি।

Shri Hare Krishna Konar:

পূর্ত মন্ত্রী পাশে বসে রয়েছেন, তিনি এটা জেনে রাখুন, মেমারি টু মন্তেশ্বর যে রোড ত সেই রোড যদি স্টেশন পর্যন্ত এক্সটেন্ড করা যায়, আবার মেমারি টু বিজুর যে রাস্তা ত ওটাকে স্টেশন পর্যন্ত যদি এক্সটেন্ড করা যায়, আর মেমারি টু জামালপুর যে রাস্তা ত ওটাকে যদি এক্সটেন্ড করা যায়—তাহলে প্র্যাকটিক্যালি পুরানো জি টি রোডটা কভার হয়ে (এটা বিবেচনা করে দেখবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় বললেন এটা বিবেচনা করছেন উনি।

Shri Ganesh Ghosh:

আপনি কি বলবেন এটা রাজস্ব বিভাগে পূর্ত বিভাগ থেকে এলো কেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

উনি নিচ্ছেন না বলে পরিত্যক্ত জিনিসটা আমার ভাগে পড়েছে।

Shri Jyoti Basu:

আমি বুঝতে পারছি না এটা পরিত্যাগ করলেন কেন, যদি এটা গুরুত্বপূর্ণ রাস্তা হয় তাহলে এ ও'র বিভাগ থেকে অন্য বিভাগে এলো কেন, কে মেরামত করবে, না করবে এ নিয়ে বাকবিত লেগে কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

জি, টি, রোড হচ্ছে ন্যাশনাল হাইওয়ে, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার প্রপার্টি। জি, টি, রোড মেমা ভেতরে রাস্তাটা সরে যাওয়াতে জি টি রোডের ডাইভারসন করে রাস্তাটা সরিয়ে নেওয়া হয়ে জি টি রোড হিসাবে এই রাস্তাটা আগে পি ডবলিউ ডি মেনটেন করেছে কিন্তু জি টি রোড স যাওয়াতে এটা আমাদের খাসমহালের আওতায় গিয়ে পড়েছিল। এখন আমরা এই অংশটা পি ডবলিউ ডি থেকে নেবার চেষ্টা করছি।

Shri Jyoti Basu:

রাস্তাটা যে ছেড়ে দিলেন, এটার কি কোন গুরুত্ব কমে গেছে জি টি রোড হওয়ায়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

গুরুত্ব অনেক কমে গেছে এ বিষয়ে কোন সন্দেহ নেই।

Shri Jyoti Basu:

যদি গুরুত্ব কমে গিয়ে থাকে তাহলে নেবার কথাই বা বিবেচনা করছেন কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ঐ রাস্তার উপর দিয়া আগে দূরগামী গাড়ীঘোড়া চলতো, এখন সেগুলি আর যাচ্ছে ন স্থানীয় গুরুত্বের দিক দিয়া বিবেচনা করে এই রাস্তাটা পি ডবলিউ ডি থেকে নেবার চেষ্টা হবে

Recent flood in Tufangunj subdivision

*389. (Admitted question No. *1492.)

শ্রীজীবনকৃষ্ণ দে: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ কত;

(খ) উক্ত বন্যায় ক্ষতিগ্রস্তদের কোন রিলিফ দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) রিলিফ দেওয়া হইয়া থাকিলে তাহার পরিমাণ কি?

The Hon'ble Abha Maiti:

(ক) তুফানগঞ্জ মহকুমায় প্রায় ১০০ বর্গমাইল এলাকায় প্রায় ৯,৬৯২টি পরিবারের ৫০,৫৯৫ জন ব্যক্তি সাম্প্রতিক বন্যায় আক্রান্ত হইয়াছিলেন, বন্যার ফলে ২২৪টি গৃহ সম্পূর্ণ বা আংশিকভাবে বিনষ্ট হইয়াছে এবং প্রায় ৫০টি পরিবার গৃহহারা হইয়াছেন। প্রায় ১,২০০ একর জমির বিভিন্ন ফসল সম্পূর্ণ বা আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং এ বাবত ক্ষতির পরিমাণ প্রায় ১,৫০,০০০ টাকা। এতদ্ভিন্ন বন্যাক্রান্ত এলাকায় ৩১ নং জাতীয় সড়ক ও অন্যান্য ৩টি সড়ক সহ ২টি পুলও ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) হ্যাঁ;

(গ) গম—২১৪ কুইন্টাল
চাউল—২৭৯.২৪ কুইন্টাল
চিড়া—২৭৭ কুইন্টাল
গুড়—০.৪১ কুইন্টাল
গুঁড়া দুধ—১,১৩৪ পাউন্ড
ধুতিশাড়ী - ৫০০টি
পোষাক—৭১৭টি
পশুখাদ্য—৩০ কুইন্টাল

Shri Monoranjan Roy:

এই রিলিফগুলি কাদের মারফত দেয়া হয়—পাবলিককে নিয়ে কোন কমিটি কি করা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

সাধারণ সরকারী কর্মচারী, বি ডি ও, যাঁরা থাকেন তাঁদের মারফত দেয়া হয়।

Shri Monoranjan Roy:

এর জন্য কমিটি হয়েছে কি না জানতে চাই।

The Hon'ble Abha Maiti:

এর জন্য কমিটি হয় না যা আমাদের চিরাচরিত প্রথা আছে সেভাবেই হয়েছে।

[1-50—2 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রিমহোদয়া বললেন যে বন্যায় অনেক ঘর, বাড়ী পড়ে গিয়েছে এবং ২২৪টি গৃহ সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গিয়েছে। আপনারা তো তাদের চাল, চিড়ে, এইসব দিচ্ছেন, কিন্তু তাদের থাকবার জন্য কি ব্যবস্থা করা হচ্ছে?

The Hon'ble Abha Maiti:

প্রশ্নটা কি ছিল, আপনি যদি একটু লক্ষ্য করে দেখেন, দেখবেন বলা হয়েছে, তাদের কি রিলিফ দেওয়া হয়েছিল? তাদের বাড়ী, ঘর নির্মাণের কোন প্রশ্ন করা হয়নি। তবু, আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি তাদের হাউস বিল্ডিং গ্র্যান্ট দেওয়া হয়েছে। কোচবিহার জেলাতে রিলিফে খরচ করবার জন্য ডি সির হাতে ২৫ হাজার টাকা এবং তাছাড়া আরও টাকা দেওয়া হয়েছিল বিভিন্ন কাজের জন্য।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয়া মন্ত্রিমহোদয়া বললেন যে এই রিলিফ বণ্টন ব্যাপারে গভর্নমেন্ট অফিসার অথবা বি ডি ও, এরাই সব করছেন, দিচ্ছেন, এ সম্বন্ধে কোন কমিটি নেই। কিন্তু, আমি যতদূর জানি প্রত্যেক জেলায় এমারজেন্সী রিলিফ কমিটি বলে একটি রিলিফ কমিটি—প্রত্যেক বছরই আগে থেকে

তৈরি করে রাখা হয় এবং সেই এমারজেন্সী রিলিফ কমিটির মাধ্যমে এই সমস্ত বিলি করা ব্যবস্থা হয়। আমি মাননীয়া মন্ত্রিমহোদয়াকে জিজ্ঞাসা করছি এখন কি সেটা আর নেই?

The Hon'ble Abha Maiti:

সেটা আছে কিনা, আমার জানা নেই।

Shri Aswini Roy:

উনি বললেন যে ১২ হাজার একর জমির ফসল নষ্ট হয়েছে। তা, এর মধ্যে আমনের জ নিশ্চয়ই আছে। রিপ্ল্যানটেসান-এর জন্য তাদের কোন কিছু গ্র্যান্ট, ট্রান্ট দেওয়া হয়েছে কি

The Hon'ble Abha Maiti:

আমন সিডলিংস এর প্রায় ৫০ একর জমি নষ্ট হয়েছিল। আমরা বিভিন্ন খাতে ওখানে ট পাঠিয়েছিলাম। হাউস বিল্ডিং গ্র্যান্টএ ২৫ হাজার টাকা এবং কনটিনজেন্সী ফান্ডএ ২০ হাজ টাকা ও ক্যাটল ফডার-এর জন্য পাঠিয়েছিলাম ১৫ হাজার টাকা, এ ছাড়া রাইস পাঠিয়েছি ১২ শো কুইন্টাল এবং গম ওখানে যা ছিল, তা তারা খরচ করেছেন, তার পরিমাণটা আমার ক এখন নেই। এ ছাড়া ধুতি, জামা, শাড়ীও আমরা পাঠিয়েছিলাম, এবং আমরা ডি সি-কে ব দিয়েছিলাম যে আরও যা যা প্রয়োজন, তা আমাদের কাছে জানালে, আমরা পাঠিয়ে দে তিনি এখনও পর্যন্ত এর বেশী কিছু চাননি, চাইলে পাঠাবো।

Shri Sunil Das Gupta:

মাননীয় মন্ত্রিমহোদয়া জানেন কি যে কোচবিহারের ডি, সি, কিছুদিন আগে বিভিন্ন এম, এল, এ-দ কাছে চিঠি দিয়েছিলেন যে আঞ্চলিক রিলিফ কমিটিগুলিতে তাদের নমিনি অফ প্রতিনিধি নাম পাঠাবার জন্য, এবং আমরা যারা এম, এল, এ মার্চ মাসে নমিনির নাম পাঠিয়ে দিয়ে আজকে পর্যন্ত সেই সমস্ত আঞ্চলিক রিলিফ কমিটিগুলি ফাংশান করছে না কেন, সে সম্ব উনি জানাবেন কি?

The Hon'ble Abha Maiti:

রিলিফ কমিটিগুলি কেন ফাংশন করছে না, তা আমি জানি না।

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, গত ফ্লাডের সময় এই সব আঞ্চলিক রিলিফ কমিটিগুলি ফাংশান করে এবং সরকারী কর্মচারীদের মাধ্যমে রিলিফ বণ্টন করা হয়েছে। আমি মনে করি এর মধ্যে অ দুর্নীতির অভিযোগ আছে, এবং যেটা আমরা কর্তৃপক্ষের গোচরে এনেছি, সেটা এই কারণে স যে, আঞ্চলিক রিলিফ কমিটিগুলি ফাংশান করেনি। সেই কারণে, আমরা মাননীয়া মন্ত্রিমহোদ কাছে জানতে চাই যে, গত মার্চ মাসে আমাদের কাছে নমিনির নাম চাওয়া হয়েছিল সেই রিলি কমিটিগুলি আজ পর্যন্ত ফাংশান করছে না কেন?

The Hon'ble Abha Maiti:

যে রিলিফ কমিটিগুলো ফাংশান করছে না, সে সম্বন্ধে যদি আলাদা প্রশ্ন করেন, তাহলে অ বিস্তৃত বিবরণ জানাতে পারবো। এই প্রশ্নের ভিতর এই জিনিস ছিল না। সুতরাং সে ত আমার কাছে নেই, আমি এখন বলতে পারবো না।

Dr. Kanailal Bhattacharyya:

মাননীয়া মন্ত্রিমহোদয়া বললেন যে ১০ হাজার ফ্যামিলী এবং ৫০ হাজার লোক এ্যাফেক হয়েছে। এবং রিলিফ কমিটির মাধ্যমে তারা রিলিফ ডিসট্রিবিউট করেননি, তারা ডিসট্রিব করেছেন অফিসারের মাধ্যমে। অথচ তিনি যা পরিসংখ্যান দিলেন, তার দ্বারা আমরা জা পারলাম যে সেখানে তারা ৫০০ খানা ধুতি এবং শাড়ী রিলিফের জন্য বণ্টন করেছেন। অ জানতে চাই ঐ সমস্ত লোকদের কি এই পর্যন্ত চাহিদা ছিল, না, চাহিদা তার চেয়েও বেশী ছি এবং সেটা তাঁকে কে জানিয়েছেন, অফিসার, না, অন্য কেউ, না এম এল এ-রা?

The Hon'ble Abha Maiti:

আপনি ভুল করছেন। আমি এই কথা বলেছিলাম যে আমাদের অফিসার, এবং অন্যান্য চিরাচরিত প্রথা অনুযায়ী যে সমস্ত কমিটি রয়েছে, এবং যেগুলো ফাংশান করছে, তার ভিতর দিয়ে হয়েছে। তবে, কোন জায়গায় কোনটা দিয়ে হয়েছে, তার বিস্তৃত তথ্য আমি বলতে পারবো না। সাধারণত যেখানে রিলিফ কমিটি থাকে, তার মাধ্যমে আমরা করি, বা অফিসার যেখানে থাকেন, তাদের মাধ্যমে আমরা করি। আর একটা কথা, ঐ যে কাপড়, জামার কথা, সেটা শুধু তুফানগঞ্জ মহকুমার জন্য ছিল। এখানে যে এত বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন, সেখানে নিশ্চয় চাহিদা বেশী ছিল। কিন্তু, আমাদের যা মজুত ছিল, সেটা তাঁরা বিলি করেছেন, তার হিসাব আমি দিয়েছি। গোটা মহকুমাতে আরও বেশী পাঠান হয়েছে।

Dr. Kanai Bhattacharyya:

কিন্তু, আমার প্রশ্ন ছিল যে ৫০ হাজার লোক ক্ষতিগ্রস্ত হয়েছে, সেখানে মাত্র ৫০০ খানা ধুতি ও শাড়ী দিয়েছেন, তাদের চাহিদা কি ঐ পর্যন্ত ছিল, না, তার চেয়ে বেশী ছিল, আপনারা দিতে পারেন নি?

The Hon'ble Abha Maiti:

আমি তো আগেই বলেছি নিশ্চয়ই সেখানে চাহিদা বেশী ছিল, এবং আমাদের হাতে তখন যা মজুত ছিল, তাই দিয়েছি, এবং পরে আরও পাঠিয়েছি।

শ্রীমনোরঞ্জন রায়: ঐখানে তুফানগঞ্জের মহকুমাতে রিলিফের জন্যে যে কমিটিটা আছে, সরকারের কমিটি, সেই কমিটিতে এম এল এ, এবং অন্যান্য বে-সরকারী লোকেরা আছেন, সেই কমিটিটা কি কাজ করছে, না শুধু বি ডি ও মারফত হচ্ছে?

দি অনারেবল আভা মাইতি: নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীমনোরঞ্জন রায়: আমি মন্ত্রী মহোদয়ার কাছ থেকে জানতে চাই রিলিফ কমিটি ফাংশন করছে কিনা ঐখানে?

দি অনারেবল আভা মাইতি: আমি তো আগেই বলেছি রিলিফ কমিটি ফাংশান করছে কিনা তা যদি জানতে হয় তাহলে আমাকে নোটিশ দিতে হবে, নোটিশ দিলে আমি বলতে পারবো। তবে আপনার যে প্রশ্ন ছিল তাতে এ জিনিস ছিল না।

Auction sale of Government forests in Midnapore district

***390.** (Admitted question No. *1501.)

বলাইলাল দাস মহাপাত্র: বন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি আগস্ট মাসে সরকার ঝাড়গ্রাম অঞ্চলের জঙ্গল নিলামের দ্বারা বিক্রয়ের বন্দোবস্ত করিয়াছিলেন;

(খ) যে সকল নিলাম খরিদ্দার অধিক মূল্য দিতে চাহিয়াছিলেন তাঁহাদিগকে জঙ্গল না দিয়া তদপেক্ষা কম মূল্যের নিলাম খরিদ্দারকে জঙ্গল দেওয়া হইয়াছে;

(গ) যদি সত্য হয়, তাহা হইলে এইরূপ করার কারণ কি; এবং

(ঘ) যদি (খ) প্রশ্নের জবাব "না" হয় তাহা হইলে কোন্ কোন্ জঙ্গলের জন্য কোন্ কোন্ নিলাম খরিদ্দার কত টাকা দিতে চাহিয়াছিলেন এবং শেষ পর্যন্ত কাহাকে জঙ্গল দেওয়া হইয়াছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) জঙ্গলের মোট ১৬০টির মধ্যে মাত্র তিনটি লট বিক্রয় সম্পর্কে ইহা সত্য।

(গ) কারণ নিম্নরূপঃ (১) ৭/জে আর (ঝাড়গ্রাম) জঙ্গলটির ক্ষেত্রে সর্বাধিক মূল্যের ডাক যিনি দেন, তিনি শতকরা ২৫ ভাগ টাকা সিকিউরিটি দিতে রাজী না হওয়ায় দ্বিতীয় উচ্চতম মূল্যের ডাকদাতাকে লটটি দেওয়া হয়।

(২) ২২/জে আর (ঝাড়গ্রাম) জঙ্গলটির ক্ষেত্রে যিনি সর্বাধিক মূল্যের ডাক দিয়াছিলেন, হাতুড়ি ঠুকিয়া ঠুকিয়া ডাক গৃহীত হইবার পর তিনি জানান যে তিনি এই লটটিকে ভুল করিয়া ২৫/জে আর বলিয়া মনে করিয়াছিলেন এবং সেই কারণে ২২/জে আর লটটি লইতে তিনি রাজী না হওয়ায় উহা দ্বিতীয় উচ্চতম মূল্যের ডাকদাতাকে দেওয়া হয়।

(৩) ১৪/বি পি (বেলপাহাড়ী) জঙ্গলটির ক্ষেত্রে হাতুড়ি ঠুকিয়া ডাক গৃহীত হইবার পর উচ্চতম মূল্যের ডাকদাতা জানান যে তিনি ৯ হাজার টাকা ডাক দেন নাই ৮ হাজার টাকা বলিয়াছিলেন। এক্ষেত্রে দ্বিতীয় উচ্চতম মূল্যের ডাকদাতাকে ৮,৫০০ টাকায় জঙ্গলটি দেওয়া হয়।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি বললেন যাঁরা উচ্চতম ডাক দিয়েছিলেন তাঁরা ২৫ ভাগ টাকা জমা দেননি অথবা হাতুড়ি ঠোকার পরেও তাঁরা কিনতে চাননি ইত্যাদি ইত্যাদি আপনি বললেন। আমার প্রশ্ন হচ্ছে লট নং ৮ বি, এস, জঙ্গলের জন্য ক্ষেত্রমোহন মাহাতো ১২ হাজার টাকা দিতে চেয়েছিলেন, ডাক দিয়েছিলেন, কিন্তু তাঁকে না দিয়ে ৮ হাজার টাকায় এস, এন, মণ্ডলকে দেওয়া হয়েছিল এটা জানেন কিনা?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: এই সম্পর্কে আর একটি ঘটনা বিবেচ্য তাহা হইতেছে ৮বি, এস, লট সম্পর্কে আমি যা বললাম। বনাধিকারক সর্বোচ্চ ডাক ৮ হাজার টাকা গ্রহণ করিয়া হাতুড়ি দেন। তাহার পর একজন অপরিচিত ব্যক্তি ১২ হাজার টাকায় উক্ত লটটি ডাকিয়া লন। বনাধিকারক নাম জিজ্ঞাসা করিলে উক্ত ব্যক্তি ক্ষেত্রমোহন মাহাতো বলিয়া নিজেকে পরিচয় দেন। বনাধিকারক প্রকৃত ক্ষেত্রমোহন মাহাতোকে চিনিতেন সেই কারণে এই মিথ্যা পরিচয়দাতা অপরিচিত মাহাতোর ডাকে আপত্তি তুলিয়াছিলেন বলিয়া লটটির গৃহীত মূল্য ৮ হাজার টাকায় দেওয়া হয়।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: তাহলে দেখা যাচ্ছে যে ১২ হাজার টাকায় ডাক দেওয়া হয়েছিল কেবল অপরিচিত বলে তাকে দেওয়া হল না এই কি কারণ?

দি অনারেবল [illegible] নস্কর: যিনি আমাদের ওখানে ডি, এফ, ও, অকশন করছিলেন তিনি যে বেশী দামে ডেকেছিলেন তাঁকে তাঁর নাম জিজ্ঞাসা করেন এবং তখন তিনি বলেন যে আমি ক্ষেত্রমোহন মাহাতো কিন্তু আমাদের যিনি বনাধিকারক তিনি বললেন যে, না আপনি ক্ষেত্রমোহন মাহাতো নয় আপনার সঠিক নাম বলুন। না বলার জন্য তখন ৮ হাজার টাকায় যিনি ডেকেছিলেন, নেক্স্ট ম্যান, তাকে দেওয়া হয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: তাহলে যখন ঐ জঙ্গলটা থেকে ১২ হাজার টাকা পাওয়া যায় এই রকম একজন লোক এসেছিল তখন সেখানে ৮ হাজার টাকায় দেওয়াটা এতে সরকারের ক্ষতি হল, আর একবার নীলাম হল না কেন?

দি অনারেবল [illegible] নস্কর: আমাদের নীলাম স্বত্ব অনুযায়ী সর্বোচ্চ ডাক গ্রহণকারীকে নাও দিতে পারি আমরা।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: তাঁর ক্ষমতা আছে কিন্তু এটাত সরকারের লোকসান, তাঁর ইচ্ছার ত হবে না। দেখা গেল ১২ হাজার দিচ্ছে সেখানে সরকার টাকা পেতো, কেন আর একবার নীলাম করলেন না?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: এটা তাঁর মিথ্যা পরিচয় দেবার জন্যই এই ঘটনাটি ঘটেছে নইলে হয়ত তিনিই পেতেন এটা আমি স্বীকার করছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যে, এই যে ক্ষেত্রমোহন মাহাতো বলে যে বলেছিল এবং আপনাদের ফরেস্ট অফিসার যাকে চিনতে পেরেছিল যে, না উনি ক্ষেত্রমোহন মাহাতো নন, এই ব্যাপারে যে লোকটি এসেছিল ফরেস্ট অফিসার তাকে এ্যারেস্ট করবার জন্য কোন ব্যবস্থা করেনি কেন যেহেতু এটা ইমপার্সোনেশন? আর একটা ব্যাপার হচ্ছে এই বিডিং-এর ব্যাপারে কি কোন প্যানেল থাকে যেমন প্যানেল অব কন্ট্রাক্টরস সেই রকম থাকে নাকি যে তারা ছাড়া আর কেউ আসতে পারবে না?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ ওপেন টু এভরিবডি, যে কেউ ডাক দিতে পারে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ তবে এই লোকটি যে ক্ষেত্রমোহন মাহাতো নয়, ইট মে বি যে ক্ষেত্রমোহন মাহাতো বলে আরো ১০টি লোক থাকতে পারে। আমি যাকে চিনি সেই যে কেবল ক্ষেত্রমোহন মাহাতো হবে ইট মে নট বি, কাজেই ফরেস্ট অফিসার এমন কি গুরুতর অপরাধ পেলেন যে তার ১২ হাজার টাকা তিনি নাকোচ করে দিলেন?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ তিনি ক্ষেত্রমোহন মাহাতোকে চিনতেন বলেই এই ঘটনা ঘটেছিল।

[2—2-10 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে ক্ষেত্রে নীলাম ডাকে ১২ হাজারের জায়গায় ৮ হাজারে দেওয়া হল অথচ আরও ৪ হাজার সরকার পেতেন সেক্ষেত্রে নীলামটা সম্পর্কে একটু বিবেচনা করে পরবর্তী অধ্যায়ে বা কয়েকদিন পরে আর কিছু করা যেতে পারত কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি দেখছি, আপনি এ সম্পর্কে আর কিছু প্রশ্ন না করলেই বাধিত হব। যাতে আমি এটা সুষ্ঠুভাবে তদন্ত করতে পারি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি কোন অভিযোগ পেয়েছেন যে এই এস এন মন্ডল-এর সঙ্গে এই ফরেস্ট অফিসার-এর সঙ্গে শেয়ারে বিজিনেস আছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

না, এইরকম কোন অভিযোগ পাই নি।

Shri Balai Lal Das Mahapatra:

সরকারের যখন ৪ হাজার টাকা লোকসান হল, তখন কেন স্থগিত রাখা হল না—অফিসারের বিরুদ্ধে যে অভিযোগ আছে তা আপনি কি তদন্ত করবেন?

(নো রিপ্লাই)

Mr. Speaker: Question time is over.

Shri Lakshmi Ranjan Jose: Sir, I had a held over question which was due for reply today.

Mr. Speaker: Your held over question could not be answered within the question hour. So, the answer will be laid on the table according to the usual practice.

Shri Sailendra Nath Adhikary:

স্যার, সেদিন আপনি বলেছিলেন যে এটা হেল্ড ওভার হল তারপরে যদি এখন যদি আলোচনা করতে না দেন তাহলে আমাদের সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে না কি ?

Dr. Kanailal Bhattacharyya:

স্যার, এটা সোমবার পর্যন্ত হেল্ড ওভার থাক না।

Mr. Speaker:

কথা হচ্ছে, আমি সেদিন যেমন হেল্ড ওভার করেছিলাম, তার কারণ সেদিন ফুল আওয়ার্স কোশ্চেন হয়েছিল ইউ হ্যাভ নট লস্ট এনেথিং। সেদিন যে কোশ্চেন হেল্ড ওভার হল তার কারণ আরেকটা কোশ্চেন সেই জায়গায় অ্যানসার হ'ল বেশী
because the reply had not come on that date.
সেইজন্য এটাকে হেল্ড ওভার করা হ'ল রেজাল্ট হ'ল সেই টাইমটায় তো অন্য কোশ্চেন হয়েছে। আপনাদের কোন দিক দিয়ে লোকসান হয় নি।

Dr. Kanailal Bhattacharyya:

স্যার, এটা খুব ইমপরটেন্ট কোশ্চেন।

Shri Ganesh Ghosh:

মিস্টার স্পীকার, স্যার, সাধারণতঃ হেল্ড ওভার কোশ্চেন অন্য দিনে এই রকম ওরাল অ্যানসার হয়ে থাকে, এইখানে অবশ্য যদি আপনি যা বললেন তাই হবে।

Mr. Speaker:

আমি যা বলব তা হবে না এখানে যেটা প্রাকটিস আছে তাই হবে।

Shri Ganesh Ghosh:

হেল্ড ওভার কোশ্চেন-এ এখানে ওরাল অ্যানসার দেওয়া হয় এটাই প্রাকটিস।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের এখানে নিয়ম আছে যে এক ঘণ্টার মধ্যে যে প্রশ্নের উত্তর দেবার যদি সময় না থাকে তাহলে সেগুলি

the answer will be laid on the table

প্রত্যেক কোশ্চেনএর বেলায় এটা হয়। নিয়ম হচ্ছে উত্তরগুলি লাইব্রেরী টেবিল-এ দেওয়া হয়। কিন্তু যেখানে আপনি বলছেন হেল্ড ওভার করেছেন—আপনি বলেছেন গুরুত্ব বুঝে যাতে এই প্রশ্নটা হেল্ড ওভার থাকবে। তখন আর এটা এক ক্যাটিগারির মধ্যে পড়ে না। তখন আমরা এটা ধরে নিই ওরাল অ্যানসারটাই কোন একটা সময়ের মধ্যে যেদিন আপনি ঠিক করবেন সেই প্রশ্নের উত্তরটা হবে। এটাই আমরা ধরে নিয়েছি। কেননা আগে এটা হয়েছে। সেজন্য আমি আপনাকে অনুরোধ করব যে হেল্ড ওভার যখন আপনি বলেছিলেন তখন উত্তরটা উনি যখন প্রস্তুত আছেন সেটা উনি দিয়ে দিতে পারেন।

Held over questions to be put first on the rotational list

Mr. Speaker:

আমি দেখছি উত্তরটা প্রস্তুত আছে কি না।

But there should be definite procedure that from next time held over questions will be put first on the rotational list. I hope the honourable members would agree to that.

(Honourable Members agreed to the arrangement)

Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta

***313.** (Admitted question No. *1242.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government is aware that Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta are taking formal steps to transfer their Registered Office from Calcutta to Bangalore;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) how many employees of the said company are being affected by such transfer; and

(ii) whether the Government considers the desirability of taking any steps to prevent such transfer?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Yes. (b)(i) Detailed information is not available at this stage.

(ii) The question will be considered in all its aspects after the notice of application for transfer of the registered office of the company is received by the Government.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Jalkar lands

***391.** (Admitted question No. *1387.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় (জেলাওয়ারী) সরকারী খাসে কত একর জলকর আছে;

(খ) ঐ জলকরগুলি কি মৎস্য বিভাগের নিয়ন্ত্রণে ছাড়িয়া দেওয়া হইয়াছে;

(গ) মুর্শিদাবাদ জেলায় জলকরগুলি কি মৎস্যজীবি কো-অপারেটিভকে দেওয়া হইয়াছে; এবং

(ঘ) 'বলোগাছি দামোশ' কোন্ কো-অপারেটিভকে লীজ দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) হাওড়া জেলায় দুইটি, মুর্শিদাবাদে একটি, পুরুলিয়ায় একটি জলকর এবং নদীয়াতে ৫৯৭·৯৩ একর জলকর মৎস্য বিভাগের নিয়ন্ত্রণে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

(গ) অধিকাংশই দেওয়া হইয়াছে।

(ঘ) ইহা কোন কো-অপারেটিভকে লীজ দেওয়া হয় নাই।

*Statement referred to in the reply to Assembly Question No. *1387, item (Ka)*

Serial No.	Districts.	Area of Government Khas Jalkars (in acres).
1	Bankura	8,065.00
2	Birbhum	1,702.19
3	Burdwan	2,912.91
4	Cooch Behar	7,833.47
5	Darjeeling	381.79
6	Hooghly	1,210.00
7	Howrah	610.40
8	Jalpaiguri	4,771.05
9	Maldaha	7,478.06
10	Midnapore	13,470.66
11	Murshidabad	21,295.06
12	Nadia	11,038.24
13	Purulia	536.11
14	24-Parganas	2,041.48
15	West Dinajpur	11,934.14

Loans to Service Co-operative Societies in Tufangunj subdivision

***392.** (Admitted question No. *1513.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে তুফানগঞ্জের বহু সার্ভিস কো-অপারেটিভ সোসাইটি এবছর পূর্বেকার টাকা পরিশোধ করে দেওয়া সত্ত্বেও নূতন বছরের জন্য কোন ঋণ পায় নাই;

(খ) সত্য হইলে, যথাসময়ে অর্থ না পাওয়ার কারণ কি; এবং

(গ) এইরূপ কো-অপারেটিভ-এর সংখ্যা কত যারা টাকা পায় নাই?

The Minister for Co-operation:

(ক) বহু কো-অপারেটিভ সোসাইটি ঋণ পায় নাই ইহা সত্য নহে—তবে এবছর মাত্র চারিটি সোসাইটি ঋণ পায় নাই।

(খ) তিনটি সমিতি তাহাদের পূর্বেকার ঋণের ১০ শতাংশ নিয়মানুযায়ী নির্দিষ্ট তারিখের ভিতরে পরিশোধ করে নাই এবং নির্ধারিত তারিখের মধ্যে ঋণ পাওয়ার জন্য দরখাস্ত করে নাই। আর একটি সমিতি পূর্বেকার ঋণের ১০ শতাংশ নির্ধারিত তারিখের দুই বৎসর পরে পরিশোধ করিয়াছে। এই কারণে চারটি সমিতিকে ঋণ দেওয়া হয় নাই।

(গ) 'ক' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

Narikeldaha Multipurpose Co-operative Society

***393.** (Admitted question No. *1529.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার নারিকেলদহ গ্রামে একটি রেজেস্ট্রীকৃত সর্বার্থসাধন সমবায় সমিতি রেজিস্ট্রেসন কোন্ সনে হয়;

(খ) উহার মোট সদস্য সংখ্যা কত এবং [illegible] সমিতি হইতে ঋণ গ্রহণ করিয়াছিলেন;

(গ) উক্ত ঋণ গ্রহণকারীদের মধ্যে কত জনের টাকা এখনও আদায় হয় নাই; এবং

(ঘ) উক্ত অনাদায়ী টাকার পরিমাণ কত এবং সুদ বাবদ কত টাকা এখন পাওনা হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) ১৯৪৮ সনে।

(খ) ৩০-৮-৬৪ তারিখে সমিতির সদস্য সংখ্যা ৮৩ জন। মাত্র ১৫ জন সদস্য ঋণ গ্রহণ করিয়াছেন।

(গ) ৯ জনের।

(ঘ) অনাদায়ী আসল টাকা ৩০-৬-৬৪ [illegible] ৩১৬·৫৯ পঃ। অনাদায়ী সুদ টাকা ৪৩৫·৮৯ পঃ।

Kalyani Spinning Mills

***394.** (Admitted question No. *1496.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলের বোর্ড অফ ডাইরেক্টরে যাঁহারা আছেন তাঁহাদের নাম ও যোগ্যতা কি;

(খ) ঐ স্পিনিং মিলে শেষ অডিট কবে হইয়াছে এবং [illegible] কোনও আডভান্স [illegible] আছে কিনা; এবং

(গ) ঐ মিলে কত সুতা উৎপাদন হয় এবং [illegible] কিভাবে ডিস্ট্রিবিউশন করা হয়।

The Minister for Commerce and Industries:

(ক) ১। শ্রী কে, এন মুখার্জি—চেয়ারম্যান

২। শ্রী এস দত্ত-মজুমদার, আই এ এস—ডিরেক্টর; সচিব, বাণিজ্য ও শিল্প বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

৩। শ্রী এস গুপ্ত, আই এ এস এ এস (রিটায়ার্ড)—স্পেশাল অফিসার ও ডিরেক্টর, সচিব (পদাধিকারবলে), অর্থ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

৪। শ্রী এন কে বিশ্বাস, আই এ এস—ডিরেক্টর; শিল্প অধিকর্তা, পশ্চিমবঙ্গ

৫। শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র, এম এল এ—ডিরেক্টর

৬। শ্রীঅশোককৃষ্ণ দত্ত, এম এল এ—ডিরেক্টর

৭। শ্রীসুধীন্দ্রনাথ মুখার্জি, এম এল সি—ডিরেক্টর

৮। শ্রীসৈয়দ কাজেম আলি, এম এল এ—ডিরেক্টর

৯। শ্রী আর আর চ্যাটার্জি—ম্যানেজিং ডিরেক্টর (মিলের পূর্বতন প্রোজেক্ট ম্যানেজার)

(খ) বছরে দুই রকম অডিট হইয়া থাকে, একটি কোম্পানীর সংবিধিবদ্ধ (স্ট্যাটুটরী) অডিটরগণ কর্তৃক এবং অপরটি কোম্পানী আইনের ৬১৯(২) ধারা অনুযায়ী মহাগাননিক (অ্যাকাউন্ট্যান্ট জেনারেল) কর্তৃক।

কোম্পানীর সংবিধিবদ্ধ (স্ট্যাটুটরী) অডিটরগণ ১৯৬৩-৬৪ আর্থিক বছরের হিসাব-নিকাশ ১৯৬৪ সনের জুলাই মাসে সম্পন্ন করিয়াছেন এবং ঐ বিষয়ে তাঁহাদের কোন অ্যাডভারস কমেন্টস (বিরূপ মন্তব্য) নাই।

কোম্পানী আইনের ৬১৯(২) ধারা অনুযায়ী কোম্পানীর ১৯৬৩-৬৪ সনের হিসাব নিকাশ গত আগস্ট মাসে সম্পন্ন হইয়াছে।

কোম্পানীর সুরু হইতে ১৯৬৩ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত অডিট বিষয়ে কোন কমেন্টস নাই। ১৯৬৪ সনের জানুয়ারী হইতে মার্চ মাস পর্যন্ত সময়ের অডিট বিষয়ে কমেন্টস এখনও পাওয়া যায় নাই।

(গ) প্রতি মাসে আনুমানিক দুই লক্ষ পাউন্ড সুতা উৎপাদন হয়। উৎপাদিত মোট সুতার শতকরা ৭৫ ভাগ নিম্নোক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে বিলি করা হইয়া থাকে:—

ব্যাঙ্কের সুতা

(১) ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভারস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড—উৎপাদিত সুতার শতকরা ৬০ ভাগ পায়;

(২) ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড (পশ্চিমবঙ্গ সরকারের সংস্থা)—উৎপাদিত সুতার শতকরা ২৫ ভাগ পায়;

(৩) মেসার্স পি সি দে, এ কে দে অ্যান্ড ব্রাদার্স—উৎপাদিত সুতার শতকরা ১৫ ভাগ পায়।

হোসিয়ারীর জন্য তৈয়ারী মোট উৎপাদিত সুতার শতকরা ২৫ ভাগ হোসিয়ারী অ্যাসোসিয়েশনের মাধ্যমে বিলি করা হইয়া থাকে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Sankrail-Kalaikundu Road, Sankrail police-station, Midnapore

661. (Admitted question No. 474.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার সাঁকরাইল-কলাইকুণ্ডা রাস্তা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মঞ্জুর হইয়াছিল;

(খ) সত্য হইলে (১) এই রাস্তার দৈর্ঘ্য কত মাইল এবং (২) এই রাস্তার নির্মাণ কার্য কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে;

(গ) ইহা কি সত্য যে, শাঁকরাইল থানায় যাইবার একমাত্র রাস্তা সরকার জরুরী প্রয়োজনে দখল করিয়া লওয়ায় থানায় যোগাযোগ বিচ্ছিন্ন হইয়াছে এবং ফলে মহকুমা শহর হইতে থানা পর্যন্ত ৩০ মাইল রাস্তা যাইতে এক্ষণে ১০০ মাইল পথ ঘুরিয়া যাইতে হয়; এবং

(ঘ) সত্য হইলে, কলাইকুণ্ডা-সাঁকরাইল রাস্তা নির্মাণের কাজ ত্বরান্বিত করার কি ব্যবস্থা সরকার করিতেছেন?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

(গ) ঝাড়গ্রাম হইতে সাঁকরাইল থানায় যোগাযোগের একমাত্র বাস চলাচলের রাস্তার কিয়দংশ সরকারী জরুরী প্রয়োজনে দখল করিয়া লওয়ার জন্য সাঁকরাইল থানার সহিত ঝাড়গ্রাম মহকুমা শহরের উক্ত বাস রাস্তার যোগাযোগ বিচ্ছিন্ন হইয়াছে। ঝাড়গ্রাম হইতে সাঁকরাইল থানায় মোটর যোগে যাইতে হইলে এখন প্রায় ৬০।৬২ মাইল ঘুরিয়া যাইতে হয়।

(ঘ) দ্বিতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত ১২ মাইল ২১ চেন দৈর্ঘ্য এই রাস্তাটির কাজ ১৯৬১ সালের জুন মাসে আরম্ভ করা হয়। এই রাস্তাটির প্রায় ৮ মাইল অংশে প্রয়োজনীয় জমির দখল পূর্বে পাওয়া গিয়াছিল এবং এই অংশের সকল কাজ এই বৎসরই শেষ হইবে বলিয়া আশা করা যায়। বাকি অংশে, বিশেষতঃ ২য় ও ৩য় মাইলে জমি দখল ত্বরান্বিত করায় স্থানীয় জনসাধারণের সাহায্য না পাওয়া যাওয়ায় ঐ অংশসমূহের কাজ শেষ করা যাইতেছে না।

Damages of property and arrest of persons during the last January, 1964 disturbances

662. (Admitted question No. 519.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারী, ১৯৬৪ হইতে পশ্চিমবঙ্গে যে দাঙ্গা ও মারপিট হইয়াছে তাহার জন্য আনুমানিক কত টাকার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) উক্ত অশান্তি সময়ে ডি আই আর, পি ডি অ্যাক্ট প্রভৃতি আইনে কয়েকজনকে অ্যারেস্ট করা হয়;

(গ) আটকপ্রাপ্তদের মধ্যে কোন এম পি, এম এল এ, এম এল সি, কলিকাতা করপোরেশনের কাউন্সিলার বা কোনও মিউনিসিপ্যালিটির সভ্য ছিলেন কিনা;

(ঘ) যদি "গ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহাদের নাম কি; এবং

(ঙ) উক্ত ব্যক্তিদের মধ্যে কয়জনকে মুক্তি দেওয়া হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ক্ষতির পরিমাণ নির্ধারণ করা সম্ভব হয় নাই।

(খ) জানুয়ারী মাসে (যে সময়ে দাঙ্গা ও মারপিট হইয়াছিল) ৬ জনকে আটক করা হয়।

(গ) হ্যাঁ। কেবল একজন এম পি ছিলেন।

(ঘ) শ্রী সৈয়দ বদরুদ্দোজা, এম পি।

(ঙ) গত ৬ই ফেব্রুয়ারী, ১৯৬৪ তারিখে তাঁহাকে মুক্তি দেওয়া হইয়াছে।

Repair of Bilaspur-Sadikhandiar Road to Thana Health Centre, Berhampore

663. (Admitted question No. 684.)

শ্রীসনৎকুমার রাহাঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বহরমপুর-জলঙ্গা জাতীয় সড়কের মধ্যে বিলাসপুর হইতে সাদিখাঁন্দিয়ার থানা স্বাস্থ্যকেন্দ্র (প্রাইমারী) পর্যন্ত যে রাস্তা আছে তাহা সংস্কারাভাবে দুর্গম হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, এই রাস্তাটি পাকা করিবার কোন প্রস্তাব আছে কিনা ?

The Minister for Public Works (Roads):

(ক) জিলা পর্ষদের এই রাস্তায় বর্ষাকালে যানবাহন চলাচলের অসুবিধা হয়।

(খ) না।

Colleges in Midnapore district

664. (Admitted question No. 1169.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্যঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় আজ পর্যন্ত কতগুলি কলেজ প্রতিষ্ঠা করা হইয়াছে এবং কোন বৎসর প্রতিষ্ঠিত হইয়াছে ;

(খ) উক্ত কলেজসমূহের মধ্যে কোন্ কোন্ কলেজকে কোন্ বৎসর স্পনসর্ড কলেজে রূপান্তরিত করা হইয়াছে ; এবং

(গ) কলেজ কি কি অবস্থা বিবেচনা করিয়া স্পনসর্ড কলেজ হিসাবে মঞ্জুরী দেওয়া হয় ?

The Minister for Education:

(ক) ১৭টি। কোন্ কলেজ কবে প্রতিষ্ঠিত করা হইয়াছে তাহার একটি তালিকা দেওয়া হইল।

(খ) (১) মহিষাদল রাজ কলেজ--১৯৫৬।

(২) মেদিনীপুর কলেজ—১৯৫৬।

(৩) রাজা নরেন্দ্রলাল খাঁ মহিলা কলেজ—১৯৫৭।

(৪) সেবায়তন মহাবিদ্যালয় (শিক্ষণ)—১৯৬০।

(৫) মিলনী মহাবিদ্যালয় (বাজকুল)—১৯৬৪।

(গ) যেসব অঞ্চলে উন্নতমানের উচ্চ শিক্ষার সুবিধা নাই, সেই সব অঞ্চলে স্থানীয় জনসাধারণের দান এবং সরকারের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া 'স্পনসর্ড কলেজ' স্থাপন করার প্রস্তাব বিবেচনা করা হয়।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 664

Midnapore District

Names of colleges and dates of establishment (with courses)

1. Garhbeta College, P.O. Garhbeta—1948—B.A. and B.Sc.
2. Ghatal Rabindra Satabarshiki Mahavidyalaya—1961—B.A.
3. Jhargram Raj College (Government)—1949—B.A. and M.Sc., Pr Agriculture.

4. Khargpur College—1940—B.A., B.Com. and B.Sc.
5. Mahishaday Raj College (Sponsored) 1955-56 Session—1946—B.A. and B.Sc.
6. Midnapore College (Sponsored) 1955-56 Session—1873—B.A. and B.Sc.
7. Raja Narendralal Khan Women's College, Midnapore (Sponsored) —1957—B.A. and B.Sc.
8. Panskura Banamali College—1961—B.A. and B.Sc.
9. Pravat Kumar College, Contai—1926—B.A. and B.Sc.
10. Sitananda College, Nandigram—1960—B.A. and B.Sc.
11. Tamralipta Mahavidyalaya, Tamluk—1948—B.A., B.Sc. and B.Com.
12. Milani Mahavidyalaya, Bajpur (Sponsored)—1964—B.A. and pre-University (Arts).
13. Palpara Govinda Jui College, Midnapore—1964—Pre-University and B.A.
14. Sevayatan Sikhan Mahavidyalaya, Sevayatan, Sponsored B.T.—1960.
15. Kaibalyadayini College of Commerce, Midnapore—1961—Pre-Arts and B. Com.
16. Seva Bharati Mahavidyalaya, Gidney—1964—B.A. and Pre-University Arts.
17. College at Manickpara (Manickpara)—1964—Pre-University Arts and B.A.

Introduction of Compulsory Primary Education in Ghatal subdivision, Midnapore

665. (Admitted question No. 1170.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমার কোন্ কোন্ অঞ্চল বা ইউনিয়নে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হইয়াছে ;

(খ) কোন্ বৎসর হইতে চালু করা হইয়াছে ; এবং

(গ) মহকুমার সর্বত্র বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করার কি ব্যবস্থা করা হইয়াছে এবং কতদিনে উহা কার্যকরী করা হইবে ?

The Minister for Education:

(ক) ও (খ) সংলগ্ন ক্রোড়পত্রে উত্তর দেওয়া হইল।

(গ) উক্ত মহকুমার সমগ্র গ্রামাঞ্চলে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে প্রবর্তনের জন্য প্রজ্ঞাপন জারী করা হইয়াছে। পৌরাঞ্চলের জন্য ওয়েস্ট বেঙ্গল আরবান প্রাইমারী এডুকেশন, ১৯৬৩ এর ৩নং ধারা অনুযায়ী আবশ্যিক প্রাথমিক শিক্ষা সংক্রান্ত প্রকল্প জিলা বিদ্যালয় পরিদর্শক বরাবর দাখিল করিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

Statement referred to in reply to (Ka) and (Kha) of unstarred question No. 665

ক্রোড়পত্র

মহকুমা	থানা	অঞ্চল/ইউনিয়ন	যে বৎসর হইতে অবৈতনিক আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে।
ঘাটাল ..	ঘাটাল ..	মনসুকা ..	.. ১৯৬২-৬৩ সাল হইতে [শিক্ষা বিভাগের ১৪-৯-৬২ তারিখের ৩৩৫৪ ইডিএন (জি) সংখ্যক বিজ্ঞপ্তি বলে]।
	চন্দ্রকোনা ..	মানিককুণ্ড	
	দাসপুর ..	দাসপুর	
	ঘাটাল ..	সুলতানপুর	.. ১৯৬৩-৬৪ সাল হইতে [শিক্ষা বিভাগের ৫-৪-৬৩ তারিখের ১৩৭১ ইডিএন (জি) সংখ্যক বিজ্ঞপ্তি বলে]।
		বীরসিংহ	
		মোহনপুর	
		আজবনগর	
		মনোহরপুর	
		মহারাজপুর	
	চন্দ্রকোনা ..	লখিমপুর	১৯৬৪-৬৫ সাল হইতে [শিক্ষা বিভাগের ২৪-৪-৬৪ তারিখের ১৪৮৭ ইডিএন (জি) সংখ্যক বিজ্ঞপ্তি বলে]।
		বসনচোরা	
		জাড়া ..	
		রংকমাল	
		ভগবন্তপুর	
		কুয়াপুর	
		বল্লীপুর ..	
		মনোহরপুর	
	দাসপুর ..	নাড়াজোল	
		রাজনগর	
		সরবেড়িয়া	
		নন্দনপুর	
		বাসুদেবপুর	
		গৌরা ..	
		গুড়াতি ..	
		খাঞ্জাপুর	
		চাঁইপাট ..	
		নিশ্চিন্তপুর	
		জোত ঘনশ্যাম	

Bridge on Kalindi river in Ratuya police-station, Malda

666. (Admitted question No. 1175.)

ডাঃ গোলাম ইয়াজদানীঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার রাতুয়া থানার অন্তর্গত কালিন্দী নদীর উপর নূরপুর ঘাটের নিকট কোন ব্রীজ করিবার পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(১) ইহার জন্য টেণ্ডার আহ্বান করা হইয়াছে কিনা এবং টেণ্ডার আহ্বান করা হইয়া থাকিলে কবে এবং কোন্ কণ্ট্রাক্টরকে তাহার নির্মাণের ভার দেওয়া হইয়াছে এবং তাহাতে কত টাকা খরচ হইবে;

(২) ইহা কোন্ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত; এবং

(৩) কবে তাহার নির্মাণ কার্য শুরু হইবে?

The Minister for Public Works (Roads)

(ক) মালদহ জেলার নরেন্দ্রপুর ঘাট অথবা মাদিয়া ঘাটের নিকট কালিন্দী নদীর উপর একটি সেতু নির্মাণের পরিকল্পনা বিবেচনাধীন আছে।

(খ) (১) ইহার জন্য এখন টেন্ডার আহ্বান করা হয় নাই। এই কারণে কবে টেন্ডার আহ্বান করা হইয়াছে বা কোন কণ্ট্রাক্‌টরকে নির্মাণের ভার দেওয়া হইয়াছে এবং তাহাতে কত টাকা খরচ হইবে সে প্রশ্ন উঠে না। তবে সেতুটির নির্মাণের জন্য ১২ লক্ষ টাকা বরাদ্দ আছে।

(২) ইহা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত।

(৩) সেতুটি নরেন্দ্রপুর ঘাট অথবা মাদিয়া ঘাট—কোথায় নির্মিত হইবে তাহা এখনও পর্যবেক্ষণাধীন থাকায় ইহা বলা এখন সম্ভব নহে।

Construction of Bundhs on the rivers in Daspur police-station

667. (Admitted question No. 1226.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাশপুর থানার কংশাবতী নদীর কলমীজোড়ে কাঁকী নদীর রামদেবপুরে এবং দুর্বাচাটী নদীর মুখে বসন্তপুরে ১৯৫৩-৫৪ সাল হইতে ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত কোন্ কোন্ বৎসর সরকার হইতে বা সরকারী সাহায্যে বড়ো বাঁধ বা শুখা বাঁধ নির্মাণ করা হইয়াছে;

(খ) উক্ত কয় বৎসরের কোন্ কোন্ বৎসর ঐ সকল বাঁধে কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) ঐ সমস্ত বৎসর উৎপন্ন ফসলের পরিমাণ কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এই সম্পর্কীয় বিবরণসহ একটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।

(খ) ও (গ) উপরি-উক্ত তালিকাটিতে এই সম্পর্কীয় তথ্য দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to unstarred question No. 667.

Scheme.	Construction of Suka Bundh on the River Kanki at Ramdebpur in U.B. No. II. 1		Construction of Suka Bundh on the River Cossye at Kalmijor in U.B. No. VII 2		Construction of Boro Bundh on Durbachati Khal at Keshabpur in U.B. No. V. 3	
Year.	Expenditure incurred.	Crop produced.	Expenditure incurred.	Crop produced.	Expenditure incurred.	Crop produced.
	Rs.	Tons.	Rs.	Tons.	Rs.	Tons.
53-54 ..	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
54-55 ..	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
55-56 ..	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
56-57 ..	31,634.43	2,700	Nil	Nil	Nil	Nil
57-58	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
58-59 ..	8,681.00	1,000	12,596.00	1,100	Nil	Nil
59-60 ..	6,146.00	Details not available.	26,427.00	Details not available.	6,709.00	Details not available.
60-61 ..	9,905.00	..	17,737.00	..	Nil	Nil
61-62 ..	12,260.00	..	25,080.00	...	Nil	Nil
62-63 ..	10,235.00	..	22,455.00	75.48	Nil	Nil
63-64 ..	7,560.00	..	11,564.40	37.74	Nil	Nil

Beds in different hospitals of West Bengal

668. (Admitted question No. 1236.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে রোগীদের জন্য মোট কতগুলি শয্যা আছে;

(খ) পশ্চিমবঙ্গে গড়ে কত জন অধিবাসীর জন্য একটি করিয়া শয্যা আছে; এবং

(গ) হুগলী, মেদিনীপুর, কলিকাতা, বাঁকুড়া, পুরুলিয়া ও কোচবিহার জেলায় পৃথক পৃথকভাবে গড়ে কতজন অধিবাসীর জন্য একটি করিয়া শয্যা আছে?

The Minister for Health:

(ক) বর্তমানে মোট ৩০,৯০০টি শয্যা আছে।

(খ) গড়ে ১,১৯৫ জন প্রতি ১টি শয্যা আছে।

(গ) হুগলী—১,৫১৬ জন প্রতি ১টি শয্যা আছে।

মেদিনীপুর—২,২২৮ জন প্রতি ১টি শয্যা আছে।

কলিকাতা—৩০৫ জন প্রতি ১টি শয্যা আছে।

বাঁকুড়া—১,০৬৪ জন প্রতি ১টি শয্যা আছে।

পুরুলিয়া—১,১৪৬ জন প্রতি ১টি শয্যা আছে।

কোচবিহার—২,৪০১ জন প্রতি ১টি শয্যা আছে।

Tour of Ministers in Cooch Behar

669. (Admitted question No. 1237.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১লা নভেম্বর ১৯৬৩ হইতে ২২এ ডিসেম্বর ১৯৬৩ পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ মন্ত্রী কোচবিহার জেলায় সফর করিয়াছেন;

(খ) উপরোক্ত সময়ের মধ্যে কোন মন্ত্রী কতদিন কোচবিহার জেলায় অবস্থান করিয়াছিলেন;

(গ) উক্ত মন্ত্রীদের কোন্ কোন্ মন্ত্রী কি কি কারণে সফর করিয়াছেন; এবং

(ঘ) যে সকল মন্ত্রী সফর করিয়াছেন তাঁহাদের প্রত্যেকের জন্য ঐ সফরের দরুন পথ খরচ ভাতা ও অন্যান্য বাবদ কত টাকা সরকারী তহবিল হইতে ব্যয়িত হইয়াছে?

The Minister for Finance:

(ক) গত ১লা নভেম্বর ১৯৬৩ হইতে ২২এ ডিসেম্বর পর্যন্ত নিম্নলিখিত মন্ত্রিমহোদয়গণ কোচবিহার জেলায় সফর করিয়াছিলেন।

১। মুখ্যমন্ত্রী,

২। পূর্ত বিভাগের মন্ত্রী,

৩। বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী,

৪। শরণার্থি, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী, এবং

৫। পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী।

(খ) (১) মুখ্যমন্ত্রী ১৮-১২-৬৩ তারিখে, (২) পূর্ত বিভাগের মন্ত্রী ১৩-১২-৬৩ হইতে ১৫-১২-৬৩ তারিখে, (৩) বাণিজ্য ও শিল্পমন্ত্রী ১৪-১২-৬৩ তারিখে, (৪) শরণার্থি, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ১১-১২-৬৩ তারিখে, এবং (৫) পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী ৫-১২-৬৩ হইতে ৬-১২-৬৩ তারিখে ঐ জেলায় অবস্থান করিয়াছিলেন।

(গ) মুখ্যমন্ত্রী মহাশয় সংসদীয় উপ-নির্বাচনের ব্যাপারে এবং পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ব্যক্তিগত কারণে সফর করিয়াছিলেন। পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়, বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় এবং শরণার্থি, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় সরকারী কাজে সফর করিয়াছিলেন।

(ঘ) মুখ্যমন্ত্রী, বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী ও পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয়গণ পথ খরচ, ভাতা প্রভৃতির জন্য কিছু দাবী করেন নাই। পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের পথ খরচ, ভাতা প্রভৃতি বাবদ ৪০১-২৫ নঃপঃ এবং শরণার্থি, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ের ঐ বাবদ ১৫ টাকা সরকারী তহবিল হইতে খরচ হইয়াছে।

Bridges on Moyna-Paramanandapur-Pingla Road in Moyna police-station

670. (Admitted question No. 1248.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তার ময়না থানা অংশের মধ্যে যে সকল পুল রহিয়াছে তাহার অধিকাংশই ব্যবহারের অযোগ্য হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত পুলগুলির মেরামতের বা পুনর্নির্মাণের কাজ কতদিনে শেষ হইবে; এবং

(গ) অবিলম্বে ঐগুলি ব্যবহারযোগ্য করিবার কোন ব্যবস্থা হইতেছে কি না?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ। এই পুলগুলি বর্তমানে বর্ষায় ব্যবহার করা সম্ভব নহে।

(খ) এই বর্ষার পরেই নতুন পুলগুলির নির্মাণকার্য আরম্ভ হইবে এবং এক বৎসরের মধ্যেই শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) না; পুনর্নির্মাণ ছাড়া উক্ত পুলগুলির কোনরূপ সংস্কারকার্য সম্ভব নহে।

Grants to High Schools converted into Class XI schools for construction of buildings

671. (Admitted question No. 1250.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ১৯৬৩-৬৪ সালে যে সকল দশম শ্রেণীবিশিষ্ট হাই স্কুলকে একাদশ শ্রেণীতে উন্নত করা হইয়াছে সেই সকল স্কুলের গৃহ নির্মাণ বা ছাত্রাবাস নির্মাণের জন্য এ পর্যন্ত কোন সাহায্য করা হয় নাই; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঐরূপ বিদ্যালয়ের মোট সংখ্যা কত?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ সালে একাদশ শ্রেণীতে উন্নীত বিদ্যালয়সমূহকে বিদ্যালয় গৃহ নির্মাণের জন্য কোন অনুদান দেওয়া হয় নাই। ছাত্রাবাস নির্মাণের জন্য মাত্র দুইটি বালিকা বিদ্যালয়কে অনুদান দেওয়া হইয়াছে।

(খ) ১২৭ (একশত সাতাশ)।

Amarsi-Bhagwanpur-Shibbazar section of Egra-Bazkul Road, Midnapore

672. (Admitted question No. 1269.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত এগ্রা-বাজকুল রাস্তাটির অমর্ষি হইতে ভগবানপুর শিববাজার পর্যন্ত রাস্তার মাটির কাজ কবে শেষ হইবে;

(খ) ঐ রাস্তার লাইন সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইয়াছে কিনা;

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "না" হয়, তবে কতদিনের মধ্যে ঐ সিদ্ধান্ত গৃহীত হইবে; এবং

(ঘ) ঐ রাস্তাটি পিচ করার কাজ কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) উক্ত রাস্তার অমর্ষি হইতে ভগবানপুর শিববাজার অংশের কোন কোন স্থানে ভূমির দখল এখন পর্যন্ত পাওয়া যায় না। ভূমির দখল পাওয়া গেলে ১৯৬৫ সালের মার্চ মাসের মধ্যে মাটির কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) শীঘ্র ভূমির দখল পাওয়া গেলে উক্ত রাস্তার পীচের কাজ ১৯৬৬ সালের জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Bundhs for Small Irrigation schemes in Purulia district

673. (Admitted question No. 1280.)

শ্রীজ্যোতিষ মণ্ডলঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত ধানাওয়ারী কৃষি উন্নয়নের জন্য কতগুলি বাঁধ নির্মাণ করা হইয়াছে;

(খ) বর্তমানে কতগুলি বাঁধে সেচের জল পাওয়া যাইতেছে; এবং

(গ) কোন্ বাঁধ নির্মাণের কত ব্যয় হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) পুরুলিয়া জেলায় ১৯৬২-৬৩ সালে ৩৬টি এবং ১৯৬৩-৬৪ সালে ৫৬টি বাঁধ নির্মাণ করা হইয়াছে। এই সম্পর্কে বিস্তারিত বিবরণসহ দুইটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।

(খ) সবগুলি বাঁধ হইতে সেচের জল সরবরাহ করা হইতেছে।

(গ) উপরি-উক্ত তালিকা দুইটিতে এই সম্পর্কে বিবরণ দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 678.

Bundhs executed under small irrigation Schemes during 1962-63.

	Name of the schemes.	Name of P. S.	Total expenditure incurred.
			Rs.
1.	Das Bundh	Hura	4,555.90
2.	Construction of Dumdumi New Bandh	Do.	3,930.00
			8,485.90
3.	Majhihira S.I.Scheme	Mandabazar-I	7,934.92
4.	Nutan Bundh	Raghunathpur-I	3,773.70
5.	Benagoria Bundh Scheme	Do.	4,837.97
6.	Sadhu Bundh Scheme	Do.	9,712.78
7.	Aturgoria Bundh	Do.	5,844.58
			24,169.03
8.	Chhoto Bundh Scheme	Raghunathpur-II	7,068.00
9.	Dhanur Bundh	Do.	7,949.00
10.	Bargoria Bundh	Do.	5,236.00
11.	Raghabpur Nutan Bundh	Do.	6,746.00
12.	Nutan Bundh	Do.	7,398.00
			34,397.00
13.	Kendapara Bundh Dev. Scheme	Bandwan	5,835.00
14.	Ashpara Earthen Bundh	Do.	5,237.00
			11,072.00
15.	Pabrapahari Bundh Scheme	Kashipur	7,308.80
16	Kus'ore Baner Bundh	Do.	8,409.52
17	Pakhoriathol Nutan Bundh Scheme	Do.	9,320.00
			25,038.32
18	Hir Bundh	Para	7,607.80
19	Ma lhu Majhee Bundh	Do.	7,300.00
			14,907.80
20.	Jaipur Nutan Bundh	Jaipur	4,080.00

	Name of the schemes.	Name of P.S.	Total expenditure incurred.
			Rs.
21.	Re-excavation of Lanka Pramanik Bundh	Barabazar ..	4,813.55
22.	Re-excavation of Bheragoria Tank	Do.	5,375.30
23.	Palma Kaya Para Canal Scheme	Do. ..	3,933.00
24.	Bhagabandh Majhi Bundh and Reservoir	Do. ..	6,190.04
25.	Re-excavation of Thakur Bundh-cum-reservoir ..	Do. ..	6,688.00
26.	Re excavation of Mahato Bundh	Do. ..	6,945.52
			33,945.41
27.	Ko ika Fulgoria Tank Irrigation Scheme	Purulia ..	9,759.00
28.	Kole Bundh Scheme	Do. ..	4,893.06
29.	Mamurjore Bundh Scheme	Do. ..	8,208.00
30.	Dabor Tank Irrigation Scheme	Do. ..	4,976.00
31.	Palasbani Bundh Scheme	Do. ..	5,581.26
32.	Mamurjore Darha Bundh	Do. ..	5,876.60
33.	Bhul Extension Bundh Scheme	Do. ..	5,146.20
34.	Lalmani Bundh Scheme	Do. ..	8,190.53
35.	Re-excavation of Dumdumi Ful Bundh	Do. ..	8,944.00
36.	Golamara Barga Bundh Scheme	Do. ..	4,297.60
			65,872.25
1.	Lakhanpur Bamunpukur S.I.Scheme	Hura ..	5,588.00
2.	Tanginoada Burir Bundh	Do. ..	5,569.98
3.	Hisuli Magan Bundh	Do. ..	6,895.76
4.	Kaliabasa Bundh Scheme	Do. ..	4,036.52
5.	Baragram Bundh Irrigation Scheme	Do. ..	6,743.22
6.	Manguria Bundh Irrigation Scheme	Do. ..	4,032.38
7.	Arjun Bundh Scheme	Do. ..	5,209.80
8.	Kulabahal Mahato Bundh	Do. ..	4,512.22
9.	Dhabani Bundh	Do. ..	4,943.71
10.	Saharjuri Bundh Scheme	Do. ..	4,687.61
11.	Bariarpur Bundh Scheme	Do. ..	7,074.30
12.	Alakdih Bundh Scheme	Do. ..	7,041.89
13.	Bhagabundh Bundh	Do. ..	4,313.00
14.	Deuli Bundh	Do. ..	4,203.56
			74,851.95

Name of the schemes.	Name of Block	Total expenditure incurred.
		Rs.
15. Bhurasol Small Irrigation Scheme	Manbazar-I ..	9,311.30
16. Madhab Bundh	Manbazar-II ..	9,173.64
17. Malian Bara Bundh	Do. ..	9,828.00
18. 10/dia. Irrigation Well at Bari	Do. ..	6,482.66
		25,484.30
19. Charan Bundh	Raghunathpur-I	7,908.78
20. Kusha Bundh	Do. ..	6,443.20
21. Nutan Pukur	Do. ..	2,632.39
22. Khannagoria Bundh	Do. ..	5,093.99
		22,078.36
23. Munnaha Bundh	Raghunathpur-II.	7,424.00
24. Ratigoria Bundh	Do. ..	5,380.00
25. Chapaha Bundh	Do. ..	7,032.00
26. Lachyara Bundh	Do. ..	7,520.00
27. Bhaja Bundh	Do. ..	6,779.00
28. Chichurgoria Bundh	Do. ..	8,205.87
29. Nayapukur Bundh	Do. ..	8,319.92
30. Pabra Bundh	Do. ..	7,208.17
31. Majhi Bundh	Do. ..	6,912.04
32. Puratan Bundh	Do. ..	7,423.67
33. Manogram Bundh	Do. ..	6,927.43
		79,182.10
34. Hir Bundh	Arsha ..	5,302.99
35. Baghmundi Bundh Scheme	Baghmundi ..	6,767.32
36. Dulmi Bundh Scheme	Do. ..	7,110.31
		13,877.63

	Names os the Schemes.	Name of Block	Total Expenditure incurred.
			Rs.
37.	Bon Bundh Scheme	Jhalda-I	3,494.00
38.	Kuki Bundh	Do.	5,196.00
			8,690.00
39.	Khekra Bundh Excavation Scheme	Jhalda-II	9,842.30
40.	Jasha Bundh	Santuri	7,294.40
41.	Kariar Bundh	Para	6,960.00
42.	Charpatia Bundh	Do.	2,958.00
43.	Jhariakanali Bundh	Do.	5,890.48
44.	Rajput Bundh	Do.	6,420.00
45.	Gopinathpur Bundh	Do.	6,316.00
46.	Malgoria Bundh	Do.	9,363.60
			37,908.08
47.	Nutan Bundh Scheme	Jaipur	6,115.00
48.	Mouzi Bundh Scheme	Do.	4,484.80
			10,599.80
49.	Baghubundh Ranibundh	Purulia-I	7,601.30
50.	Rangagoria Reservoir Scheme	Purulia-II	6,868.92
51.	Bhudan Bundh Dev. Scheme	Ditto	8,120.50
52.	Thelu Bundh Scheme	Ditto	5,744.00
53.	Chakirban Bundh Scheme	Ditto	6,760.80
54.	Buri Bundh Scheme	Ditto	5,977.95
55.	Sindurpur Bundh Scheme	Ditto	5,064.00
56.	Bon Bundh Scheme	Ditto	9,372.00
			47,908.17
		Grand Total—Rs.	3,59,881.59

Teaching of Physiology and Zoology in K. N. College, Berhampur

674. (Admitted question No. 1314.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the subjects of Physiology and Zoology are taught in K. N. College of Berhampore;

(b) if so, whether any capital grant for capital expenditure has been given to the College for construction of laboratories for those subjects;

(c) if the answer to (b) is in the affirmative, what is the amount; and

(d) if the answer to (b) is in the negative, whether the Government consider the desirability of sanctioning any capital grant to that college?

The Minister for Education: (a) Yes.

(b) and(c) No. It was possible for the authorities of the college to provide accommodation for the two laboratories within the existing building of the college. A capital grant of Rs. 47,000 under the University Grants Commission Scheme was paid to the college for equipment, a apparatus, library, etc., out of which the college spent Rs. 2,855 and Rs. 3,375 for improvement of Physiology and Biological Sciences, respectively.

(d) The question of further capital grant to the college in this context, if any, would be considered in due course on merits.

Commerce studies in K. N. College, Berhampur

675. (Admitted question No. 1320.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if K. N. College, Berhampur, is affiliated in Commerce Course of study; and

(b) if so, whether there is any proposal for a Government grant being sanctioned for the construction of a separate building for this Commerce College?

The Minister for Education: (a) The K. N. College is not affiliated in Commerce Course. A new college of Commerce named as Raja Krishnath College of Commerce has received affiliation of the Calcutta University from the session 1963-64. It functions in the evening in the buildings of the K. N. College.

(b) No.

Classification of ration card holders

676. (Admitted question No. 1343.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে বর্তমানে কি ভিত্তিতে রেশন কার্ডের শ্রেণী বিভাগ করা হইয়া থাকে;

(খ) মেদিনীপুর জেলাতে এই বিভাগ কতদিন পূর্বে করা হইয়াছে; এবং

(গ) এইরূপ শ্রেণী বিভাগ পরিবর্তন করার কোন প্রস্তাব আছে কিনা?

The Minister for Food and Supplies:

(ক) গ্রামাঞ্চলে বর্তমানে যে ভিত্তিতে রেশন কার্ডের শ্রেণী বিভাগ করা হইয়া থাকে তাহার একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) গত ১৯৫১ সাল হইতে এই শ্রেণী বিভাগ মেদিনীপুর জেলাতে চালু আছে।

(গ) হ্যাঁ, আছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 676.

Notes regarding classification of population under the Modified Rationing Scheme.

In all districts except Purulia and Cooch Behar.

Rural Areas:

"A" Class	Families which are utterly poor, have no land and have been slightly exempted from payment of union rate or chowkidari tax and families paying union rates or chowkidari tax up to As. 8.
"B" Class	Families paying union rates or chowdkidari tax up to Rs. 2.
"C" Class	The rest.

Urban Areas:

"A" Class	Families having an income up to Rs. 100 per month
"B" Class	Families having an income up to Rs. 150 per month
"C" Class	The rest.

In the district of Purulia.

Rural Areas:

"A" Class	Families paying chowkidari tax up to As. 8 per annum
"B" Class	Families paying chowkidari tax up to As. 12 per annum.
"C" Class	The rest.

Urban Areas: .. ..

"A" Class	Families having an income up to Rs. 100 per mensem.
"B" Class	Families having an income up to Rs. 150 per mensem.
"C" Class	The rest.

In the district of Cooch Behar.

Rural Areas:

"A" Class	Landless labourers and families possessing up to 3 bighas of agricultural land.
"B" Class	Families possessing more than 3 bighas of agricultuarl land but not exceeding 5 bighas.
"C" Class	The rest.

Urban Areas:

"A" Class	Families with income of not more than Rs. 50 and landless labourers.
"B" Class	Families whose income exceeds Rs. 50 but does not exceed Rs. 200.
"C" Class	The rest.

In the Hill Subdivisions of Darjeeling district.

There being no classification of families scale of cereals prescribed for "A" Class will apply to all families irrespective of classification.

Fisheries department at Tamluk

677. (Admitted question No. 1344.)

শ্রীঅনন্তমোহন দাস: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুকে মৎস্য বিভাগের কয়জন কর্মচারী আছেন; এবং

(খ) ঐ সকল কর্মচারীর কর্মক্ষেত্রে কোন্ কোন্ থানা রহিয়াছে?

The Minister for Fisheries:

(ক) তমলুকে মৎস্য বিভাগের মোট চারিজন কর্মচারী আছেন।

(খ) তমলুক মহকুমার সকল থানাই ঐ সকল কর্মচারীর কর্মক্ষেত্রের অন্তর্গত।

Availability of pure mustard oil in the villages of West Bengal

678. (Admitted question No. 1345.)

শ্রীঅনন্তমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—গ্রামাঞ্চলে সরকারী নির্দিষ্ট দরে বিশুদ্ধ সরিষা তৈল সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Food and Supplies:

শহরাঞ্চলের মত গ্রামাঞ্চলের জন্যও সরকার সরিষার তৈলের সর্বোচ্চ দর নির্দিষ্ট করিয়া দিয়াছেন। অতএব স্বাভাবিক ব্যবসার পথেই গ্রামাঞ্চলে নির্দিষ্ট দরে বিশুদ্ধ সরিষার তৈলের সরবরাহ হইতে পারে।

Transition of rice and wheat from West Bengal to other States

679. (Admitted question No. 1346.)

শ্রীঅনন্তমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চাউল ও গম পশ্চিমবঙ্গ হইতে অন্য রাজ্যে চালান করার জন্য সরকার কর্তৃক কোনরূপ লাইসেন্স দেওয়া হয় কিনা; এবং

(খ) যদি হয়, তাহা হইলে সেইরূপ লাইসেন্স প্রথা বন্ধের কি ব্যবস্থার কথা সরকার চিন্তা করিতেছেন?

The Minister for Food and Supplies:

(ক) লাইসেন্স দেওয়া হয় না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Site of Roychak Primary School in Moyna police-station

680. (Admitted question No. 1349.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ গত ১৮-৮-৬৪ তারিখে প্রদত্ত ৩০২ (অ্যাডমিটেড প্রশ্ন নং ২৪৮) নং প্রশ্নের লিখিত উত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না থানার রায়চক প্রাথমিক বিদ্যালয়ের স্থান পরিবর্তনের সিদ্ধান্ত মেদিনীপুর জেলা বিদ্যালয় পর্ষৎ ৪ঠা সেপ্টেম্বর, ১৯৬২ তারিখে গ্রহণ করিয়া সরকারের নিকট পাঠাইয়াছিলেন কিনা;

(খ) ইহা কি সত্য যে, উহার প্রয়োজনীয় তথ্যাদির অভাব থাকায় আজও উহার মঞ্জুরী দেওয়া হয় নাই; এবং

(গ) সত্য হইলে, কতদিনে উক্ত তথ্যাদি পাওয়া যাইবে অথবা কবে উহার মঞ্জুরী দেওয়া হইবে?

The Minister for Education:

(ক) ও (খ) হ্যাঁ।

(গ) জিলা বিদ্যালয় পর্ষৎ হইতে তাঁহাদের ২০-৮-৬৪ তারিখের চিঠিতে সর্বশেষ যে তথ্যাদি পাওয়া গিয়াছে উহা হইতে দেখা যায় যে, বিদ্যালয়ের স্থান পরিবর্তনের জন্য [illegible] সমস্ত ব্যবস্থা এখনও পর্ষৎ কর্তৃক গৃহীত হয় নাই।

Government vested lands in Murshidabad district

681. (Admitted question No. 1361.)

[illegible] সাহাঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় জমি সরকারে ন্যস্ত তন্মধ্যে কত জমি সরকার দখল পাইয়াছেন এবং দখলীকৃত জমির কোন্ থানায় কত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(খ) উক্ত বন্দোবস্ত স্থায়ীভাবে দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) স্থায়ীভাবে দেওয়া না হইয়া থাকিলে কবে উহা স্থায়ীভাবে বন্দোবস্ত দেওয়া হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) না।

(গ) এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 681.

Thana-wise statement of Khas lands vested, taken possession of and settled or licensed out in the district of Murshidabad.

Serial No.	Name of the police-station.	Total vested land.	Total area of vested land taken possession of.	Total area of vested land settled or licensed out.
(1)	(2)	(3)	(4)	(5)
		Acres.	Acres.	Acres.
1	Berhampore	1,182.37	645.26	114.85
2.	Hariharpara	1,381.32	1,083.41	185.15
3.	Beldanga ..	2,490.43	902.21	171.50
4.	Nawda	1,006.47	[illegible]	255.22
5.	Domkal	2,209.17	1,029.41	119.88
6.	Jalangi	3,043.35	2,141.10	180·14
7.	Murshidabad ..	795.21	500.24	5.17
8.	Jiaganj	367.57	250.98	26.06
9.	Raninagar	2,756·97	247.39	171.65
10.	Bhagwangola .. .	1,990.54	805.24	400.11
11.	Lalgola	1,800.00	713.71	359.10
12.	Nabagram	3,011.32	1,028.02	121.90
13.	Sagardighi	2,863.58	268.82	363.75
14.	Raghunathganj	1,903.13	1,273.07	632.28
15.	Suti	1,192.23	585.61	242.18
16.	Farakka	2,915.32	946.63	705.20
17.	Samsherganj	645.57	258.68	104.50
18.	Kandi	1,902.84	436.60	89.60
19.	Khargram	1,135.87	944.22	483.97
20.	Burwan	1,794.40	263.40	22.24
21.	Bharatpur	745.03	283.87	47.08
	Total	37,132.69	15,466.69	4,751.62

Bundh on the Ajoy river at Ilambazar, Birbhum

682. (Admitted question No. 1368.)

শ্রীরাধাকৃষ্ণ সিংহ এবং শ্রী[illegible] রায়ঃ সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ইলামবাজারস্থ অজয় নদের উপরস্থ সেতুর পাশ হইতে উক্ত নদের বামতীরস্থ বাঁধ নষ্ট হইয়া বহু চাষযোগ্য জমি নষ্ট হইয়া যাইতেছে একথা কি সরকারের জানা আছে ; এবং

(খ) জানা থাকিলে অদ্যাবধি উহা প্রতিকারের কি কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ বিভাগ অবগত নহে।

(খ) সেচ বিভাগ এ পর্যন্ত কোন প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করে নাই।

Panchayats elections in Bhatar, Ausgram and Sadar police-station

683. (Admitted question No. 1408.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ভাতার, আউশগ্রাম ও সদর থানার অন্তর্ভুক্ত পঞ্চায়েতগুলির নির্বাচন ১৯৬৪-৬৫ সালে অনুষ্ঠিত হইবে; এবং

(খ) সত্য হইলে, মাননীয় মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) কোন্ মাসে এবং

(২) কোন্ তারিখে ও

(৩) কোন্ এলাকায় উহা অনুষ্ঠিত হইবে ?

The Minister of State for Local Self-Government and Panchayats (Panchayats Branch):

(ক) এখনও পরবর্তী নির্বাচনের কার্যক্রম স্থির করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Madhaipur Pallimangal Higher Secondary School in Birbhum district

684. (Admitted question No. 1433.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডলঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত মাধাইপুর পল্লীমঙ্গল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণের কার্য কে কে কন্ট্রাক্ট লইয়াছেন ; এবং

(খ) এই গৃহ নির্মাণ কার্যের কন্ট্রাক্ট দিবার সময় টেন্ডার করা হইয়াছিল কি ?

The Minister for Education:

(ক) গৃহ নির্মাণের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ কাহাকেও কন্ট্রাক্ট দেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Bridge on Mahananda river in Malda district

685. (Admitted question No. 1428.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহজেলার মালদহ সহরের সংলগ্ন মহানন্দা নদীর উপর দিয়া জাতীয় সড়কের প্রয়োজনে ব্রীজ নির্মাণের কাজ সমাধা হইয়াছে কিনা ;

(খ) নির্মাণ কার্য সমাধা না হইয়া থাকিলে ইহার কারণ কি ; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত ব্রীজের নির্মাণ কাজ সমাধা হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) যদিও উক্ত পুল নির্মাণের শতকরা ৭৮ ভাগ কাজ সমাধা হইয়াছে কিন্তু উক্ত পুলের একটি স্তম্ভের ভিত্তিকূপের নির্মাণ কাজ বর্ষার আবির্ভাবে স্থগিত রাখিতে হয় ; সেই কারণে নির্মাণ কার্যে বিলম্ব হইতেছে ?

(গ) আগামী বৎসরের বর্ষার প্রারম্ভে কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

Corrugated tin for West Bengal

686. (Admitted question No. 1517.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সনে জনগণের মধ্যে বিতরণের জন্য পশ্চিমবঙ্গ সরকার কত টিন পাইয়াছিলেন ;

(খ) এই বৎসর কত টিন ঐ বাবদ পাওয়া যাইবে ;

(গ) মেদিনীপুর জেলায় ১৯৬৩-৬৪ সনে টিনের জন্য কত দরখাস্ত পাওয়া গিয়াছে ; এবং

(ঘ) টিন প্রদানের অগ্রাধিকার কিভাবে নিরূপিত হয় ?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৩-৬৪ সনে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এই রাজ্যের জন্য কোন টিনের বরাদ্দ পাওয়া যায় নাই।

(খ) বর্তমান বৎসরেও (১৯৬৪-৬৫ সন) কেন্দ্রীয় সরকার এই রাজ্যের জন্য কোন টিনের বরাদ্দ করেন নাই।

(গ) ২,৩২০টি দরখাস্ত।

(ঘ) সাধারণতঃ প্রয়োজনের গুরুত্ব অনুসারে এবং অগ্নিকাণ্ড, বন্যা, ভূমিকম্প এবং অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ের ক্ষেত্রে টিন প্রদানের অগ্রাধিকার দেওয়া হয়।

Grant of loan, subsidy by the Tamluk Khadi Commission and Cottage Industry Department

687. (Admitted question No. 1527.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমায় খাদি কমিশন এবং সরকারের কুটির শিল্প বিভাগ হইতে গত ১৯৫৭ সাল হইতে এ বাবৎ কোন্ কোন্ সালে কোন্ কোন কেন্দ্রকে কি কি বাবদ কত টাকা লোন সাহায্য বা গ্রাণ্ট হিসাবে দেওয়া হইয়াছে ;

(খ) ঐ সকল কেন্দ্রের হিসাব, জমা-খরচ এবং কার্যাদি কে তত্ত্বাবধান করেন;

(গ) বৎসরে কয়বার করিয়া ঐ সকল কেন্দ্র পরিদর্শন করা হয় ; এবং

(ঘ) হিসাব কে পরীক্ষা করেন এবং কতদিন অন্তর উক্ত পরীক্ষা করা হয় ?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ), (গ) এবং (ঘ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

Orissa rice

688. (Admitted question No. 1530.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) গত জুন, জুলাই ও অগাস্ট মাসে মেদিনীপুর জেলার বালিচক, হাউর এবং কোলাঘাট রেল স্টেশনে উড়িষ্যা হইতে কত পরিমাণ ধান ও চাউল আসিয়াছে;

(খ) উক্ত ধান ও চাউল পারমিট-এর মাধ্যমে বা অন্যভাবে আসিয়াছে;

(গ) এইগুলি কোন্ কোন্ ব্যক্তি বা কোম্পানীর নামে আসিয়াছে ; এবং

(ঘ) এইগুলি স্টেশনে আনিবার সঙ্গে সঙ্গে সার্বডিভিসন্যাল কন্ট্রোলার অব ফুড অ্যান্ড সাপ্লাইজ-কে খবর দেওয়া হইয়াছিল কিনা ?

The Minister for Food and Supplies:

(ক) ও (গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) ভারত-সরকারের রাইস (ইস্টার্ন জোন) মুভমেন্ট কন্ট্রোল অর্ডার, ১৯৫৯, অনুযায়ী পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্য একই এলাকার (জোন) অন্তর্ভুক্ত এবং এই এলাকার ৫ মাইল বিস্তৃত সীমানার মধ্যবর্তী স্থান ব্যতীত এই এলাকায় অন্যত্র চাউল ও ধান্যের চলাচলের জন্য কোন পারমিটের প্রয়োজন হয় না।

(ঘ) না। কারণ এইরূপ খবর দিবার আইন অনুযায়ী কোন ব্যবস্থা ছিল না।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 688.

Name of Station.	Name of person of Company.	Commodity imported	Period during which imported. (Figures in quintals). June, 1964.	July, 1964.	August, 1964.
1. Kolaghat	Shri Jogendra Nath Ghorai.	Rice ..	227.40	227.40	..
		Paddy ..	..	..	..
	Shri Bishnupada Paul	Rice ..	.	.	..
		Paddy ..	55.48	53.74	36.48
	Shri Upendra Nath Paul.	Rice ..	.	..	..
		Paddy ..	13.78	..	..
2. Haur ..	Shri Narayan Jana	Rice ..	..	..	..
		Paddy ..	6.08	..	..
	Shri F[illegible]ni Behara ..	Rice ..		..	..
		Paddy .	.	7.60	..
		Total	[illegible].74	288.74	36.48

3. No stock had arrived at Ballychak Railway Sta[illegible]

Local Committee for Health Centre

689. (Admitted question No. 1532.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: স্বাস্থ্য বিভাগের মননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্যকেন্দ্র পরিচালনার জন্য স্থানীয় কমিটি করা হয় কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কাহাদের লইয়া কমিটি গঠন করা হয় ; এবং

(২) স্বাস্থ্যকেন্দ্রের পরিচালনার ব্যাপারে এই কমিটির দায়িত্ব কতটা ?

The Minister for Health:

(ক) হ্যাঁ, হয়।

(খ) সম্প্রতি কমিটি গঠনের নীতি পরিবর্তন করা হইয়াছে। পরিবর্তিত নীতি অনুযায়ী প্রতিটি উন্নয়ন এলাকার (ডেভেলপমেন্ট ব্লক) জন্য একটি উপদেষ্টা কমিটি নিম্নলিখিত সদস্যদের লইয়া গঠিত হইবে :—

(১) (চ) ব্লক ডেভেলপমেন্ট অফিসার—চেয়ারম্যান।

(ছ) ব্লকের প্রাইমারী হেলথ সেন্টারের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার—সেক্রেটারী।

(জ) মহকুমা হেলথ অফিসার—সদস্য।

(ঝ) ব্লকের সোস্যাল অর্গানাইজার—সদস্য।

(ঞ) রাজ্য বিধান সভার/বিধান পরিষদের স্থানীয় সদস্য/সদস্যগণ—সদস্য।

(ট) যে এলাকায় প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র অবস্থিত সেখানকার অঞ্চল পঞ্চায়েতের প্রধান অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট—সদস্য।

(ঠ) জিলাশাসক দ্বারা মনোনীত—

(১) একজন স্থানীয় চিকিৎসক—সদস্য।

(২) স্বাস্থ্য ব্যবস্থার উন্নতিতে আগ্রহশীল দুইজন সমাজ সেবক যাঁহাদের মধ্যে একজন মহিলা হইবেন—সদস্য।

বিশেষ বিশেষ ক্ষেত্রে দাতার প্রতিনিধি এবং অনুরূপ ব্যক্তিকেও কমিটিতে লইবার ব্যবস্থা আছে।

(২) এই কমিটি স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করিবেন ও স্বাস্থ্যকেন্দ্রের সর্বাঙ্গীণ উন্নতির জন্য অভিমত সরকারকে বিবেচনার জন্য জানাইবেন।

Refugee camps in Midnapore district

690. (Admitted question No. 1533.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোথায় কোথায় রিফিউজী ক্যাম্প রহিয়াছে এবং কোন্ বৎসর হইতে রহিয়াছে;

(খ) প্রতি ক্যাম্পের পরিবার সংখ্যা কত; এবং

(গ) ঐ ক্যাম্পগুলি হইতে এ পর্যন্ত কতগুলি ক্যাম্পবাসীকে স্থায়ী পুনর্বাসন দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) বর্তমানে মেদিনীপুর জেলায় কোনও ক্যাম্প নাই। দুধকুণ্ডিতে একটি হোম বা সদন আছে। তথায় ১,০৬৬ জন উদ্বাস্তুকে স্থায়ী দায়িত্ব (পারমানেন্ট লায়াবিলিটি) হিসাবে রাখা হইয়াছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) বর্তমানে যখন ক্যাম্প নাই তখন পূর্বতন ক্যাম্প সম্পর্কে তথ্য বিবরণীতে পৃথকভাবে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 690.

Statement showing replies on the points as per telegram No. 9623 H & M, dated 28th August, 1964.

Serial No.	Name of the refugee camps.	Location.	Year from which they were functioning.	Number of inmates in each camp.	Number of inmates of these camps have properly settled.	Date on which the camp was liquidated.	Remarks.
1.	Kadamdiha Transit Camp	Kadamdiha, police-station Garhbeta.	June, 1955	3,512	3,277	30-9-61	
2.	Mahasol Transit Camp.	Mahasol, police-station Salboni	June, 1955	3,615	3,090	30-6-61	
3.	Salboni Transit Camp.	Tuspara, police-station Salboni	June, 1955	3,465	3,082	30-6-61	
4.	Sarasanka Transit Camp.	Sarasanka, police-station Dantan.	Feby., 1957	2,443	2,058	30-9-61	
5.	Kalaboni Transit Camp.	Kalaboni, police station Keshiari	Dec., 1956	3,172	2,559	30-9-61	
6.	Ramjibanpur Transit Camp.	Ramjibanpur, police-station Chandrakona.	June, 1955	1,235	851	With effect from 1-5-60 it was amalgamated with Kadamdiha Transit Camp.	
7.	Jhargram Transit Camp.	Jhargram ..	June, 1955	1,072	856	Liquidated in June, 1961.	

Ferry ghats in Malda district

691. (Admitted question No. 1539.)

শ্রীনিমাইচাঁদ মুর্ম্মু: পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার কোন্ কোন্ ফেরী ঘাট সরকার তত্ত্বাবধান করেন;

(খ) উহাদের প্রত্যেকটি কত দিনের জন্য কখন বন্দোবস্ত দেওয়া হয়; এবং

(গ) ১৯৬৩ সালে কোন্ ফেরী ঘাটে কত রাজস্ব আদায় হইয়াছে?

The Minister for Public Works:

(ক) ধুলিয়ান-খেজুরিয়া ফেরী, ধুলিয়ান-দেওয়ানপুর ফেরী, খেজুরিয়া-কারবালা ফেরী, রাজমহল-মানেকচক ফেরী ও বাঁশবাড়ী ফেরী—এই পাঁচটি ফেরী।

(খ) (১) ধুলিয়ান-খেজুরিয়া ফেরী, ধুলিয়ান-দেওয়ানপুর ফেরী, এবং খেজুরিয়া-কারবালা ফেরী, ১লা নভেম্বর, ১৯৬১ হইতে তিন বৎসরের মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(২) রাজমহল-মানিকপুর ফেরী ১৯৬২ সালের ১৫ই এপ্রিল হইতে তিন বৎসরের মেয়াদে ইজারা দেওয়া হইয়াছে।

(৩) বাঁশবাড়ী ফেরী ১৯৬৩ সালের ১লা সেপ্টেম্বর হইতে ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(গ) আদায়ীকৃত রাজস্বের পরিমাণ নিম্নরূপঃ—

ধুলিয়ান-খেজুরিয়া ঘাট—৩১,০০০ টাকা।

ধুলিয়ান-দেওয়ানপুর—১২,০০০ টাকা।

খেজুরিয়া-কারবালা—১৭,০০০ টাকা।

রাজমহল-মানিকচক—৬৭,০০০ টাকা।

বাঁশবাড়ী ফেরী—১,৮০০ টাকা।

Sadar Hospital at Midnapore

692. (Admitted question No. 1543.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of beds (free, paying and cabin) attached to the Sadar Hospital at Midnapore for indoor patients;

(b) whether there is any proposal for increasing the number of beds;

(c) the average number of outdoor patients attending the hospital per day during the last one year;

(d) the number of doctors and specialists with their names and qualifications attached to the hospital;

(e) the number of nurses employed for the indoor patients;

(f) whether there is any properly qualified Anaesthetician and up-to-date anaesthetic equipments for the Surgical Department; and

(g) the amount spent per indoor patient per day by Government for diet?

The Minister for Health: (a) Sanctioned bed strength 217—

(i) Free—211.
(ii) Paying—Nil.
(iii) Cabins (Paying)—6.

217.

(b) Yes.

(c) 500.

(d) A statement is laid on the Table.

(e) 50.

(f) An experienced Anaesthetist is posted there and up-to-date anaesthetic equipments are available in the Surgical Department.

(g) Rs. 1.50p.

Statement referred to in reply to clause (d) of unstarred question No. 692

1. Dr. N. Miah, M.B.—District Medical Officer.
2. Dr. S. K. Mookherjee, F.R.C.S.—Surgeon.
3. Dr. S. S. Panja, F.R.C.S.—Surgeon.
4. Dr. P. C. Nag, M.R.C.P.—Physician.
5. Dr. D. P. Das, M.R.C.O.G.—Gynaecologist.
6. Dr. D. N. Guha, D.O.M.S.—Ophthalmologist.
7. Dr. R. K. Bhawal, B.D.S.—Dental Sugeon.
8. Dr. N. C. Bhattacharjee, M.B.B.S. (Patna)—Medical Officer.
9. Dr. Uma Roy, M.B.B.S.—Medical Officer-in-charge, Materinty, Child Welfare and F.P.
10. Dr. Totini Polodhi, L.M.F. (Gazetted)—Lady M.O.
11. Dr. Saha, M.B.B.S.—Anaesthetist.
12. Dr. R. K. Banerjee, M.B.B.S., D.T.M. & H., D.P.H.—M.O. in-charge of Dist. Diag. Laby.
13. Dr. B. N. Mitra, L.M.F. (Gazetted)—Radiologist.

Total—13 Medical Officers.

Jarka bridge on Chauli-Ramchandrapur Road in Jhargram subdivision, Midnapore

693. (Admitted question No. 1150.)

[illegible] মাহাত: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার চাউলী-রামচন্দ্রপুর জেলা বোর্ড রাস্তাটির জরকা গ্রামের নিকট পুলটি গত দশ বৎসর যাবৎ নষ্ট হইয়া যাওয়ায় জনসাধারণ নিদারুণ কষ্টভোগ করিতেছে;

(খ) সত্য হইলে—

(১) ইহা এতকাল মেরামতের কোন ব্যবস্থা হয় নাই কেন; এবং

(২) বর্তমানে তাহার মেরামতের কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কিনা?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ, যানবাহন ও লোক চলাচলের অসুবিধা হইতেছে।

(খ) (১) এই সেতুটি মেদিনীপুর জেলা পর্ষদের কর্তৃত্বাধীন এবং এই জন্য সরকার কর্তৃক এই সেতু মেরামতের কোন ব্যবস্থা হয় নাই।

(২) সরকার কর্তৃক এই সেতুটি নির্মাণের কোন ব্যবস্থা বর্তমানে গৃহীত হইতেছে না।

Pending divorce cases in Courts

694. (Admitted question No. 1553.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলার আদালতে হিন্দু আইন অনুসারে কতগুলি বিবাহ বিচ্ছেদের মামলা বর্তমানে বিচারাধীন আছে? এবং

(খ) ঐ আইন চালু হওয়ার পর হইতে ১৯৬৪ এর জুন অবধি কতগুলি ক্ষেত্রে বিবাহ বিচ্ছেদ মঞ্জুর করিয়া রায় দেওয়া হইয়াছে?

The Minister for Judicial:

(ক) ও (খ) জেলাসমূহ হইতে তথ্য সংগ্রহ করা হইতেছে এবং ইহার জন্য সময় লাগিবে।

Dhulagori-Ekabbarpur and Sankrail-Manickpur-Hirapur Roads, Howrah

695. (Admitted question No. 1561.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) the reasons, if any, for not starting the construction work of (i) Dhulagori-Ekabbarpur Road and (ii) Sankrail-Manickpur-Hirapur Bazar Road though the Government has sanctioned the completion of those two roads in Third Five-Year Plan; and

(b) whether the Government has any proposal to construct (i) Rajganj-Jhorehat Charu Chandra Paul Road and (ii) Parbati Charan Roy Road in Sankrail police-station, district Howrah?

The Minister for Public Works (Roads): (a) These are new projects of the Third Plan. Actual constructional works of all the new projects cannot obviously be taken up within the First or Second Year of the Plan; some will naturally have to wait for the third, fourth or the last year. Work on the roads in question is expected to start soon; collection of road building materials has, however, started.

(b) (i) and (ii) No.

Supply of manures to the peasants

696. (Admitted question No. 1568.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমির ফসল বৃদ্ধির জন্য যথাসময়ে কৃষকগণকে সরকার কর্তৃক সার সরবরাহ করার কি ব্যবস্থা করা হইতেছে; এবং

(খ) জমিতে দেওয়ার জন্য গরীব কৃষকগণকে কম মূল্যে ঐ সার সরবরাহের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশন ও ওয়েস্ট বেঙ্গল এ্যাপেক্স কো-অপারেটিভ এগ্রিকালচারাল মারকেটিং সোসাইটি লিঃ সমেত কতগুলি রাসায়নিক সার বণ্টনকারী নিযুক্ত করিয়া পশ্চিমবঙ্গ সরকার তাহাদের মাধ্যমে পশ্চিমবঙ্গের সর্বত্র সার বণ্টনের ব্যবস্থা করিয়াছেন। এই সকল সার বণ্টনকারী প্রতি ব্লকে তাহাদের সাব ডিপো হোল্ডার নিযুক্ত করেন। পূর্বাহ্নেই যাহাতে সার মজুত রাখিয়া চাষের সময়মত চাষীদের নিকট সার সরবরাহ করা যায়, তাহার বন্দোবস্ত করার জন্য সার বণ্টনকারীরা যাহাতে প্রতি জিলায় অন্ততঃ একটি করিয়া বাফার গোডাউন রাখিয়া ও প্রতি ব্লকে অন্ততঃ একটি করিয়া ডিপো খুলিয়া ঐ সকল ডিপো হইতে যথাসময়ে সার বণ্টন করেন তাহার ব্যবস্থা করা হইয়াছে।

(খ) কম মূল্যে সার দেওয়ার কোন পরিকল্পনা নাই। তবে সুপার ফসফেট সারের উপর সরকার সহায়ক (সাবসিডি) দিতেছেন।

Meetings of the Development Blocks

697. (Admitted question No. 1570.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের উন্নয়ন ব্লকগুলির মিটিং সাধারণতঃ বৎসরে কয়টি করিয়া হয়;

(খ) মিটিংএর কার্যবিবরণী প্রত্যেক সদস্যের নিকট পাঠান হয় কিনা; এবং

(গ) কার্যবিবরণী কোন্ ভাষায় লিপিবদ্ধ করা হয়?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) সম্ভবতঃ উন্নয়ন ব্লক কমিটির মিটিংএর কথাই বলা হইয়াছে। সাধারণতঃ প্রতি দুই মাসে একটি করিয়া বৎসরে কমপক্ষে ছয়টি মিটিং হওয়ার নির্দেশ আছে।

(খ) না। তবে একটি মিনিট বুকএ সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিয়া রাখিবার এবং পরবর্তী মিটিংএ পূর্ববর্তী মিটিংএর কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করিবার নির্দেশ আছে।

(গ) এই সম্পর্কে কোনো নির্দিষ্ট নির্দেশ দেওয়া হয় নাই। তবে ইংরাজী ও বাংলা এই দুই ভাষার মাধ্যমে লিপিবদ্ধ কার্যবিবরণী এই দপ্তরে পাওয়া গিয়াছে।

Fertiliser factories in West Bengal

698. (Admitted question No. 1580.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি সারের কারখানা আছে এবং কোন্ কোন্ স্থানে এগুলি অবস্থিত;

(খ) এ সকল কারখানাগুলির কোন্ কোন্‌টিতে কি কি সার প্রস্তুত হইতেছে; এবং

(গ) এই রাজ্যে এ উদ্দেশ্যে আর কতগুলি সারের কারখানা সংস্থাপন করার পরিকল্পনা আছে কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ১৩টি সারের কারখানা আছে। উক্ত কারখানাগুলি জলপাইগুড়ি, শিলিগুড়ি, বাঁশবেড়িয়া, বেলেঘাটা, খড়দহ, দুর্গাপুর, বার্ণপুর, কুলটি এবং রিষড়ায় অবস্থিত।

(খ) খড়দহ ও রিষড়ায় অবস্থিত কারখানাগুলিতে সুপার ফসফেট সার এবং জলপাইগুড়ি, শিলিগুড়ি, বাঁশবেড়িয়া, বেলেঘাটায় অবস্থিত কারখানাগুলিতে হাড়গুঁড়া সার প্রস্তুত হইতেছে। এতদ্‌ব্যতীত বার্ণপুর, কুলটিতে ইন্ডিয়ান আয়রণ অ্যান্ড স্টীল কোম্পানী লিমিটেড এবং দুর্গাপুরে হিন্দুস্থান আয়রণ অ্যান্ড স্টীল কোম্পানী লিমিটেডের কারখানাগুলিতে বাই প্রোডাক্ট অ্যামোনিয়াম সালফেট প্রস্তুত হয়।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের অনুরোধে কেন্দ্রীয় সরকারের দুর্গাপুরে একটি রাসায়নিক সার কারখানা স্থাপনের পরিকল্পনা বিবেচনাধীন আছে।

Calling Attention to matters of urgent public importance

The Hon'ble Ava Maiti: Sir, with regard to the Calling Attention notice tabled by Shri Niranjan Sen Gupta, I beg to state that this Government has no official information as yet about the acceptance by the Ministry of Rehabilitation of the reported resignation tendered by Shri Saibal Gupta, Chairman, Dandakaranya Development Authority. Even if Mr. Gupta has tendered his resignation and the Ministry of Rehabilitation is inclined to accept it, it is perhaps premature to think that the interests of the displaced families in the Dandakaranya will suffer irreparably. Administrators come and go but the administration continues. If the Ministry of Rehabilitation consults the State Government the State Government will certainly try to select an officer whose integrity and zeal for work would be an asset to the Dandakaranya Development Authority.

Shri Nikhil Das:

আপনি কি জানেন যে, দণ্ডকারণ্যে ১৪৪ ধারা চলছে, সেখানে ১৪৪ ধারা চলছে এই শৈবাল গুপ্তের রেজিগনেশনের ব্যাপারে?

The Hon'ble Ava Maity:

আমি জানি না।

Shri Nikhil Das:

আপনি এ সম্বন্ধে খোঁজ করে দেখবেন কি?

(নো রিপ্লাই)

Shri Jyoti Basu:

স্যার, কথা হচ্ছে যে, আপনিও সংবাদপত্রে দেখেছেন যে, দুদিন আগে বোধহয় বেরিয়েছে যে শ্রীশৈবাল গুপ্ত যে রিজাইন করেছেন তা সরকার গ্রহণ করেছেন। তা আমি জানি না যে, এত বড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে ওখান থেকে কোন খবর এল না আমাদের মন্ত্রীদের কাছে এবং এখান থেকেও ও'রা কোন খোঁজ নিলেন না যে, কি ঘটনা? এবং শ্রীনিরঞ্জন সেন যে কলিং অ্যাটেনশন দিয়েছিলেন যে, এই আশঙ্কা করেই দিয়েছিলেন যে, তিনি পদত্যাগের কতকগুলি কারণ দিয়েছেন কাগজে যা বেরিয়েছে, আমি বলি সেই কারণগুলি অত্যন্ত গুরুত্ব-পূর্ণ। উনি মনে করছেন শ্রীশৈবাল গুপ্ত যদি ঐ কারণগুলি দূরীভূত না হয় তাহলে ওখানে রিহ্যাবিলিটেশন অ্যাডভার্সলি অ্যাফেক্টেড হবে এই কথা বলেছেন। এখন সেজন্যই—তা না হলে একজন অফিসার গেল আর এল সেটা বড় কথা নয়। কিন্তু এইসব কারণগুলি যেগুলি উনি দেখিয়েছেন ইস্তফা দিতে গিয়ে এটা আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ বাংলা-দেশের রেফিউজিরা ওখানে যাবেন কি যাবেন না এবং সেখানে বহুদিন ধরে—যেমন জলের অভাব ইত্যাদি আমরা শুনছি। যার জন্য রিফিউজিরা গিয়ে আবার চলে আসতে চায়—এই সব ঘটনা ঘটছে, এতে পরবর্তীকালে শ্রীপ্রফুল্লচন্দ্র সেনেরই অসুবিধা হবে, আমাদেরও অসুবিধা হবে। সেজন্য আমি বুঝতে পারছি না প্রফুল্লবাবু কি একটা টেলিফোন করে একটা খবর নিলেন না এতবড় একটা খবর বেরিয়েছে? এটা কি সত্যি কথা না, অসত্য কথা বুঝতে পারছি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

শ্রীশৈবাল গুপ্ত পদত্যাগপত্র দাখিল করেছেন, সেটা ঠিক বিধিপূর্বকভাবে গৃহীত হয়েছে কিনা আমরা জানি না—এটাই সত্য কথা।

Shri Jyoti Basu:

আপনাকে কি কেন্দ্রীয় সরকার জানায় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:
তিনি রেজিগনেশন দিয়েছেন এটা সকলেই জানেন, রেজিগনেশন লেটার অ্যাকসেপটেড হয়েছে কিনা আমরা জানি না।

[2-10—2-20 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলিং অ্যাটেনশনএর জবাবে উনি যা বললেন তার সঙ্গে ফ্যাক্টের কোন সম্পর্ক নেই। আমাদের কাছে ইনফরমেশন আছে তাতে দেখছি শ্রীশৈবাল গুপ্তর সঙ্গে দণ্ডকারণ্যের ব্যাপারে মিনিস্টেরিয়াল লেভেলএ অ্যাপ্রোচ টু দি প্রোবলেম এই নিয়ে গণ্ডগোল। অর্থাৎ উনি যে হিউম্যান অ্যাপ্রোচএর ব্যবস্থা করছেন তার জন্যই গণ্ডগোল এবং সেই পলিসির উপর সেই ভদ্রলোককে রেজিগনেশন দিতে বাধ্য করা হয়েছে। এর সঙ্গে কনেকশন আছে জনসন এবং মেথরিয়ান-এর। আমি বলতে চাই যে, শৈবাল গুপ্তর ব্যাপারে এই হাউসের জানবার অধিকার আছে, কাজেই আপনি একটা দিন ঠিক করুন যাতে এই ব্যাপার নিয়ে ডিবেট হয়।

ডাঃ রণজিৎকুমার ঘোষ চৌধুরী: অন এ পয়েণ্ট অব অর্ডার..............

(নয়েজ অ্যাণ্ড ইণ্টারাপশনস)

শ্রী[illegible] অধিকারী: স্পীকার মহাশয়, এ বিষয়ে আমাদের জানবার অধিকার আছে এবং আমরা চাই যাতে ডিবেট হয়।

ডাঃ রণজিৎকুমার ঘোষচৌধুরী: অন এ পয়েণ্ট অব অর্ডার, মিঃ স্পীকার।

(নয়েজ অ্যাণ্ড ইণ্টারাপশনস)

শ্রীহরিদাস চক্রবর্তী: স্যার, আমি জানতে চাই, উনি কি ট্রেজারী বেঞ্চ থেকে পয়েন্ট অব অর্ডার তুলতে পারেন?

মিঃ স্পীকার: আপনি যখন কিছু বলবেন তখন অলওয়েজ ফ্রম ইওর সিট বলবেন। অর্থাৎ আমি বলতে চাই, মেম্বার্স সুড স্পীক ফ্রম দেয়ার ওন সীটস।

ডাঃ রণজিৎকুমার ঘোষচৌধুরী: স্যার, আমি আমার সিট থেকে পয়েণ্ট অব অর্ডার না তুলবার জন্য ক্ষমা চাচ্ছি। আমার বক্তব্য হচ্ছে, কলিং অ্যাটেনশন নোটিসের যে জবাব দেওয়া হয়, তার উপর কোন আলোচনা হয় কি?

মিঃ স্পীকার: না, আলোচনা হয় না।

(নয়েজ)

শ্রীনেপালচন্দ্র রায়: স্যার, যদি কোন মেম্বার তাঁর নিজের সিট থেকে পয়েণ্ট অব অর্ডার না তুলে অন্য সিট থেকে তোলেন তাহলে সেটা কি বেআইনী হবে? আপনি বললেন, অন্য জায়গা থেকে তুলবেন না, কাজেই আমি জানতে চাইছি, আমি যদি আমার নিজের সিট থেকে না তুলে অন্য জায়গা থেকে তুলি তাহলে সেটা কি বেআইনী হবে? এই ব্যাপারে আপনার রুলিং চাই।

মিঃ স্পীকার: এটা পয়েণ্ট অব অর্ডারের তোলার ব্যাপার নয়। প্রত্যেক মেম্বার যখন কথা বলবেন তখন তিনি তাঁর নিজের সিট থেকে বলবেন।

[illegible] রায়: এটা জেনারেল কার্টসি।

Mr. Speaker:

হাঁ, সেটাই হোল কথা।

Now, I have received five calling attention notices, on the following subjects, namely:—

(1) Want of doctors in hospitals and charitable dispensaries—from Shri Ananga Mohan Das.

(2) Strictures passed by the Sessions Judge, Alipore, condemning police—from Shri Birendra Narayan Ray, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Halder, Shri Monoranjan Baksi and Shri Lakshmi Ranjan Josse.

(3) Murder of Anchal Prodhan of Narayanpur Anchal Panchayat under P. S. Karimpur, Dist. Nadia—from Shri Kashi Kanta Maitra.

(4) Shooting of a person to death by Battalion Havildar of Malancha Police Camp of West Dinajpur District—from Shri Nathaniel Murmu; and

(5) Alleged arrest of 110 students and hunger strike by 6 students of Contai Provat Kumar College—from Shri Sudhir Chandra Das.

I have selected the notice of Shri Sudhir Chandra Das on the subject of alleged arrest of 110 students and hunger strike by 6 students of Contai Provat Kumar College. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date for the same.

The Hon'ble Jagannath Kolay:

কলিং অ্যাটেনশনের জবাব সোমবার দেওয়া হবে।

শ্রীসোমনাথ লাহিড়ী: আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি শুনলাম আমাদের ভূতপূর্ব ডেপুটি মন্ত্রী, কংগ্রেস দলের প্রভাবশালী নেতা শ্রীআশু ঘোষ মহাশয়ের বাড়ি খানাতল্লাসী হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাতে পারেন কি, এটা কি তাঁর সিমেন্ট সংক্রান্ত ব্যাপার, নাকি মা-ডোরিনা সংক্রান্ত ব্যাপার, নাকি সেলস্ ট্যাক্স ফাঁক দেওয়ার ব্যাপারের সঙ্গে সংযুক্ত, এটা বললে বুঝতে পারতাম ব্যাপারটা কি।

শ্রীঅদ্বৈত মণ্ডল: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৪ঠা সেপ্টেম্বর উনি আমার একটা প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, ১৯৬৪-৬৫ সালে ও দলমাণ-শ্রীশগড়া রাস্তায় দশ হাজার কেজি গম খরচ হয়েছে, কিন্তু উক্ত জায়গায় তদন্ত করে দেখছি, সেখানে এক কেজি গমেরও কাজ হয় নি। যদি খাদ্য-মন্ত্রী ঘটনা তদন্ত করে দেখেন তাহলেই বুঝতে পারেন পুরুলিয়া জেলায় গমগুলি কিভাবে অপচয় হয়ে গেছে এবং টাকা কিভাবে অপচয় হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এটাই বলতে চাই যে, তিনি যেন এ বিষয়টি তদন্ত করে দেখেন।

শ্রীনিতাই পাল: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলায় বিশেষ করে রানাঘাট মহকুমায় ময়দার অভাবে সমস্ত বেকারীগুলি অচল হয়ে গেছে এবং বেকারীর যারা মালিক এবং সেখানকার কর্মচারী যারা সমস্ত অনাহারে রয়েছে। তারা রানাঘাট মহকুমার ম্যাজিস্ট্রেটের কাছে ডেপুটেশনে গিয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। এমন কি খাবারের দোকান পর্যন্ত অচল হয়ে যাচ্ছে ময়দার অভাবে। এ বিষয়ে তাড়াতাড়ি যাতে ব্যবস্থা হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, be taken into consideration.

মাননীয় সদস্যগণের জানা আছে যে, ভূমিগ্রহণ আইন অনুসারে ১৮৯৪ সালে যখন ভূমি গ্রহণ করা হয় তখন দখলীকৃত ভূমির জন্য মূল্য দেবার সময় নাবালক বা উন্মাদ ব্যক্তি বা অন্য প্রকার যারা হস্তান্তরিত করতে অক্ষম এমন ব্যক্তি মূল্য পান নি। সেই অধিকৃত জমির মূল্য আদালতে জমা থাকে ৩১ ধারা বলে এবং ৩২ ধারা বলে এবং সেই জমা টাকা বিনিয়োগ করা হয় এবং জজসাহেব নির্দেশ দেন কিভাবে সেই বিনিয়োগ করা টাকা থেকে নাবালক ব্যক্তি বা উন্মাদ ব্যক্তি অন্য প্রকারে হস্তান্তর করতে অক্ষম ব্যক্তি ফল লাভ করবেন, এর ফলে অনেক অসুবিধা দেখা দিয়েছে। এই কক্ষের মধ্যে বিভিন্ন সদস্য বিভিন্ন সময়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন যে, অনেক নাবালক ব্যক্তি, অনেক নাবালক ছেলেমেয়ে অ্যাকুইজিশন বিল, ১৯৬৪ অনুসারে যেসব জমি নেওয়া হয়েছে, সেই সমস্ত জমির দরুন প্রাপ্য ক্ষতিপূরণের টাকা পাচ্ছে না, আদালতে টাকা জমা পড়ে যাচ্ছে, ক্ষতিগ্রস্ত হচ্ছে, হয়রানি হচ্ছে বা অসুবিধায় পড়ছে, এজন্য আমরা মনে করছি ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট ১৮৯৪-এর ধারাকে পরিবর্তন করা প্রয়োজন। অবশ্য এতদিন পর্যন্ত এই পরিবর্তন প্রয়োজন ছিল না, কারণ আমরা কিছুকাল পর্যন্ত খুব বেশি জমি দখল করতাম না।

[2-20—2-30 p.m.]

কিন্তু বর্তমানে বিশেষ করে পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি রূপায়িত করবার সময় অনেক জমি বিভিন্ন জায়গাতে দখল করতে হচ্ছে। কাজে কাজেই ক্ষতিপূরণ দেওয়ার ক্ষেত্রও সম্প্রসারিত হচ্ছে। কোটি কোটি টাকা ক্ষতিপূরণ আমাদের বছরের পর বছর দিতে হয়। এর মধ্যে এমন অনেক ব্যক্তি থাকেন যাঁরা নাবালক বলে ক্ষতিপূরণের টাকা পুরানো আইন অনুসারে বা বর্তমান আইন অনুসারে পেতে পারেন না। সেই কারণে আমরা ভাবছিলাম যে, আমাদের ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএ যে ধারা আছে, ক্ষতিপূরণ দেওয়ার অনুরূপ একটা ধারা ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টএর মধ্যে যদি সন্নিবিষ্ট করা যায় তাহলে টাকা দেওয়ার সুবিধা হবে। আমাদের ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএর সেকসন ১২, সাব-সেকশন ৩-তে ঠিক এইরকম বিধান আছে। তাতে আছে যে, যেখানে সংশ্লিষ্ট ব্যক্তি যার জমি নেওয়া হয়েছে তিনি যদি মাইনর হন তা হলে তাঁর গার্জেনকে টাকা দেওয়া যেতে পারবে। তিনি যদি লুনাটিক বা উন্মাদ হন তাহলে ইন্ডিয়ান লুনাসি অ্যাক্ট অনুযায়ী নিযুক্ত তাঁর এস্টেট ম্যানেজারকে টাকা দেওয়া যেতে পারবে। যদি তাঁর গার্জেন ছাড়া অন্য কাউকে দিতে হয় তা হলে সেখানে উপযুক্ত রকম সিকিউরিটি বা জামিন নিয়ে টাকা দেওয়া যেতে পারবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএর ১২ ধারায় তিন বছরের মধ্যে কোটি কোটি টাকা ক্ষতিপূরণ দিয়েছি, তাতে কোন অসুবিধা অনুভব করি নি। কিন্তু ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট অফ ১৮৯৪এর বিধান অনুসারে আমরা টাকা দিতে গিয়ে নাবালক বা জমি হস্তান্তরিত করতে অক্ষম উন্মাদ ব্যক্তি বা অন্য কোন ব্যক্তিকে টাকা দিতে না পারায় টাকা আদালতে জমা পড়েছে। ফলে সেই সমস্ত ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত হতে হয়। এজন্য এই সামান্য বিধেয়কগুলি এই কক্ষে উপস্থাপিত করেছি। আশা করি এই সামান্য বিধেয়ক বিনা বাধায় গৃহীত হবে।

Mr. Speaker: There are motions for circulation of the Bill which are all in order.

Now, Shri Abhoy Pada Saha may like to speak.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

মাননীয় স্পীকার মহাশয়, এই হাউসে ১৮৯৪ সালের যে ল্যান্ড অ্যাকুইজিশন বিল সংশোধন করবার জন্য যেভাবে নিয়ে এসেছেন তাতে জনসাধারণ উপকৃত হবে এটা ঠিকই। কারণ, ঐ আইনের জন্য নাবালক বা মস্তিষ্কবিকৃত লোক সরকার অধিকৃত জমির দাম পেতেন না, কোর্টে জমা হয়ে যেত। সেই টাকা পেতে তাদের বহু কষ্ট হত বা এমন কি বেশির ভাগ ক্ষেত্রে সেই টাকা তাঁরা পেতেন না। এই সংশোধন করে এটা ভালই হয়েছে। কিন্তু এই ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যাপারে বহু ব্যক্তির ল্যান্ড সরকার দ্বারা অধিকৃত হয়েছে, অথচ আজ পর্যন্ত সেই অধিকৃত জমির দাম সরকারের কাছ থেকে বহু দুস্থ গরিব লোক পাচ্ছে না। ফলে সেই জমির ফসল দিয়ে তারা যে জীবিকা অর্জন করত, সেই জীবিকা তাদের রুদ্ধ হয়ে গেছে। জমিও চলে গেছে এবং তাদের জীবিকা বন্ধ হওয়াতে তারা খুব দুঃস্থ হয়ে পড়েছে।

আমি একথা বলছি, ধরুন যেসব জায়গায় ক্যানেল হয়েছে. সেই ক্যানেলে যেসব জায়গা অধিকৃত হয়েছে সেই অধিকৃত জমি যেসব মধ্যস্বত্বের আওতায় পড়েছে ১০।১২ বছর হল সেই মধ্যস্বত্ব বিশিষ্ট জমির মালিক, তাঁরা অনেকেই দুঃস্থ আছেন, অনেক চাষী আছেন খুব স্বল্প জমির মালিক আছেন সরকারের যে জমিদারী আইন প্রবর্তিত হয়েছে তাঁদের খাতাপত্রে রেকর্ড তৈরি হয় নি বলে আজও পর্যন্ত মধ্যস্বত্ব মালিকরা জমির ক্ষতিপূরণ পাচ্ছেন না। সরকারের দ্বারা বহুদিন হল সেই জমি অধিকৃত হয়েছে, ক্যানেল হয়েছে, সরকার সেই জমির দ্বারা ক্যানেলর ট্যাক্স আদায় করছেন কিন্তু যারা জমি হারাল সেই দুঃস্থ লোক তাঁরা ক্ষতিপূরণ পেলেন না। যাঁদের মধ্যস্বত্ব আছে বা নিষ্কর আছে এরকম জমির তাঁরা ক্ষতিপূরণ পাচ্ছেন না। ভূমি-রাজস্ব মন্ত্রী এসব জমির ক্ষতিপূরণ যদি তাড়াতাড়ি সেই লোকগুলিকে দেন তাহলে তারা উপকৃত হবেন। সেজন্য আমি বলছি এর সঙ্গে যদি আর একটু ব্যাপকভাবে আরও উদার দৃষ্টি-ভঙ্গী নিয়ে আসতেন তা হলে আরও অনেক লোকের উপায় হত এবং বিলটাও সর্বাঙ্গসুন্দর হত। সেজন্য আমি এই বিলটার সার্কুলেশনের জন্য অনুরোধ করছি।

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

Shri Bijoy Kumar Banerjee:

মিঃ স্পীকার, স্যার, এই বিলটার অ্যামেন্ডমেন্ট হচ্ছে। ল্যান্ড অ্যাকুইজিশন (অ্যামেন্ডমেন্ট) বিল এটা দেখতে বেশ সিম্পল। আমার অনেক সময় মনে হয় সরকারের বোধ হয় আর কোন কাজ নেই, সেজন্য এই জাতীয় বিল তাঁরা তাড়াতাড়ি আনছেন। এত তাড়াতাড়ির কোন কারণ ছিল না, বরং তাঁদের হাতে যে কাজ আছে, সমস্ত জমি বিলি করা, বণ্টন করা তাড়াতাড়ি দিয়ে দেওয়া সেগুলি তাঁরা করতে পারতেন কিন্তু সেসব তো কিছুই দেখছি না। এখন বন্ড নাসিকে ছাপাতে গেছে, দশ বছর জায়গা নিয়ে নেওয়া হয়েছে, টাকাকড়ি কেউ পাচ্ছে না—তার সঙ্গে এর হয়ত কোন সঙ্গতি নেই, কিন্তু এই যে বিল এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। বোধহয় মন্ত্রিমহাশয় জানেন যে, আমাদের যে ব্যবস্থা তাতে নাবালক, বিধবা, উন্মাদ তাদের উত্তরাধিকার-সূত্রে অনেক সম্পত্তি অনেক টাকা থাকে তবুও ইংরাজ আদালতে তারা ব্যবস্থা করে গিয়েছিল বলে সেই নাবালকরা রক্ষা পেয়ে গেছে, উন্মাদদেরও টাকাকড়ি অনেক থাকে। নাবালক তার জমি হস্তান্তর করতে পারে না, আইনসিদ্ধ হয় না, উন্মাদকে দিয়ে দলিল লিখিয়ে নিলে তা গ্রাহ্য হয় না। উনি চাচ্ছেন নাবালকদের যে টাকা, সম্পত্তি সেগুলি তাদের ন্যাচারাল গার্ডিয়ানদের দিয়ে দেওয়া হোক। উনি চাচ্ছেন যে, ন্যাচারাল গার্ডিয়ান ছাড়া সার্টিফিকেটেড গার্ডিয়ান বা অন্য যাঁরা আছেন তাঁদের হয়ত উইল গার্ডিয়ান করেছেন, তাঁদের দেওয়া হোক, এটা অত্যন্ত অন্যায় হবে, কারণ এতে নাবালকদের সর্বনাশ হবে। নাবালকদের রক্ষা করবার কেউ নেই। আমরা কোর্টে আমাদের দৈনন্দিন অভিজ্ঞতা থেকে দেখছি নাবালকদের তাদের গার্ডিয়ানরা কি রকম করে সর্বনাশ করে—সেই রাস্তা আপনারা করে দিচ্ছেন। নাবালকদের যে টাকা আইনে ছিল সেই টাকা কোর্টে জমা হবে, ডিস্ট্রিক্ট জজ সেই টাকা ইনভেস্ট করে দেন, নাবালক সাবালক হলে তারা সেই টাকা পায়, কেউ সেই টাকা নষ্ট করতে পারে না। এখন অনেক মামা, কাকা, দাদা, জ্যাঠা এখনও নাবালক যাদের অনেক পয়সা আছে তাদের

[2-30—2-40 p.m.]

সব এইরকম স্বাভাবিক গার্ডিয়ান হয় সেই টাকাকড়ি হাত করবার জন্য ব্যবস্থা করে। তারা সমস্ত টাকা নিয়ে চলে যাবে আপনি কিছুই করতে পারবেন না। আমি জানি না কোন্‌ নাবালকের টাকা এইরকম অসুবিধা হয়েছে? তাঁদের কেউ ভেতরের লোক কিনা তাঁর জন্য আইন বদলান হচ্ছে কিনা? এইরকম আইনের কোন দরকার নেই। এতে দেশের সর্বনাশ হবে যদি নাবালকদের টাকা এইরকম করে নষ্ট করতে দেন। উম্মাদের টাকা এইরকম করে আইনের সাহায্য ছাড়া ডিস্ট্রিক্ট জজএর কর্তৃত্ব ছাড়া এইরকম নাবালকের টাকা তার ন্যাচারাল গার্ডিয়ানকে লাখ লাখ টাকা দিয়ে দেবেন উইদাউট দি অথরিটি অফ দি কোর্ট-এ কোন মতে হওয়া উচিত নয়। আজকে আমি তাই এই বিলের বিরোধিতা করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি ভূমিরাজস্ব মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থনই করি। সমর্থন করার সঙ্গে সঙ্গে একথাই বলি যে শুধু এই বিল টুকুতেই আমরা সন্তুষ্ট হতে পারলাম না। এই প্রসঙ্গে এই বিলের সংক্রান্তে না গেলেও কয়েকটি কথা আমার পূর্ববর্তী বক্তা মাননীয় অভয়পদ সাহা যা বললেন কয়েকটি কথা আমি মন্ত্রিমহাশয়ের নজরে আনছি সেগুলি এই ল্যান্ড অ্যাকুইজিশন সম্পর্কে আমাদের কিছু কিছু তিক্ত অভিজ্ঞতা আছে সেটা হচ্ছে এই যে ল্যান্ড অ্যাকুইজিশন এমন সময় করা হল নোটিস দেওয়া হল যখন ফসল কাটার সময়। চাষীর ফসলও মারা যায় এবং ল্যান্ডটা অ্যাকোয়ার করার জন্যে তার ফলে পড়ে থাকে বহুকাল ধরে তার টাকাও কম্পেনসেশন পান না। আমি আপনাকে বলব ল্যান্ড অ্যাকুইজিশন করতে গেলে পরে সেই সম্পর্কে স্পেসিফিক্যালি বিশেষভাবে নির্দিষ্ট করে দপ্তরকে বলা উচিত চাষীর কোন প্রকারে ক্ষতি না হয় এইভাবেই ডেভেলপমেন্ট কাজের জন্য ল্যান্ড নিতে হবে। এক নম্বর হচ্ছে যাঁরা জমি দিচ্ছেন তাঁদের জমি ছোট গরিব লোক চাষী লোক ২ হাজার ৫০০ টাকা যাই তাঁরা পান সেই টাকাটা সঙ্গে সঙ্গে পেলে তাঁরা জীবিকার আধার করতে পারেন। সেটা দীর্ঘকাল ধরে পড়ে থাকে। এইরকম ইনস্ট্যান্স আমার জেলায় বর্ধমান জেলায় বহু আছে যা আমি দেখতে পারি। দ্বিতীয় আর একটি কথা হচ্ছে এই খাজনা অ্যাকোয়ার্ড ল্যান্ড গভর্নমেন্ট ল্যান্ড অ্যাকোয়ার করেছেন চাষীকে তার খাজনা বহন করতে হচ্ছে। প্রশ্ন করলে উত্তর হয় অ্যাসেম-ব্লীতে ৬ই মে. যে জমি সরকার দখল করে নিয়েছেন সরকারের উন্নতিমূলক কাজের জন্যে সেই জমি সম্পর্কে খারিজ করা হয় নি বলে খাজনা তাকে দিয়ে যেতে হবে কিন্তু খাজনা দেবার পর তা জমা হয়ে গেলে তা বের করা আরও কঠিন। সরকারের হেফাজতখানায় যখন একবার জমা হয়ে যায় তখন বের করা খুব কঠিন হয় এবং আই এল আর ও অফিসএ. ডিস্ট্রিক্ট কালেক্টরএর অফিসে গিয়ে তাঁদের মত লোক সুপারিশ করলেও ৫০ টাকা আদায় করতে ৫০ মাসের বেশি চলে যায়। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে, এই সব ব্যাপারে জটিলতা খুব বেশি এবং ক্ষুদ্র ব্যক্তির ব্যাপারেই জটিলতা খুব বেশি দেখতে পাওয়া যায়। যারা বড় বড় লোক, ধনী লোক তারা এই সমস্ত কাজ খুব সহজেই সমাধান করতে পারে, কিন্তু ক্ষুদ্র ব্যক্তিরা ল্যান্ড অ্যাকুইজিশন ব্যাপার নিয়ে এত সমস্যার পড়েন যে, তাঁদের সেই জটিলতা থেকে মুক্ত করার জন্যে কেউ সাহায্য করেন না। আমার মনে হয় সরকার থেকেই তাঁকে সর্বতোভাবে সাহায্য করার জন্য এগিয়ে আসা উচিত। তৃতীয়ত, আর একটি কথা বলতে চাই, ল্যান্ড অ্যাকুইজিশন যখন করা হবে চাষীকে তার ফসল তৈরি করার আগেই জানাতে হবে যে, অমুক অমুক জমি তুমি চাষ কর না, কারণ আমি নেব। যদি চাষ করে ফেলে সেক্ষেত্রে জোর করে জমি যদি নেওয়া হয় তা হলে আমার মনে হয় সরকারকে সেই ফসলের ক্ষতিপূরণ দেওয়া উচিত। কাজেই এই তিনটি পয়েন্ট আমি আপনার নজরে আনতে চাচ্ছি। এই বিলকে সমর্থন করা প্রসঙ্গে আমি ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে ল্যান্ড অ্যাকুইজিশন সম্পর্কে সাধারণ গরিব লোকের যেসব অসুবিধা হয় সেই কথাগুলি তুললাম, প্রাসঙ্গিক না হলেও আমি আশা করি ল্যান্ড অ্যাকুইজিশন সম্পর্কে এটা অত্যন্ত প্রয়োজ্য। সাধারণ গরিব লোকেরা যাতে ল্যান্ড অ্যাকুইজিশন করার সঙ্গে সঙ্গে টাকা পায়, ফসলের ক্ষতি না হয়, ফসল সমেত যদি সরকার দখল করেন তাহলে ফসলের ক্ষতিপূরণ তাকে দিতে হবে এবং খাজনা তাকে খারিজ করে দিতে হবে। সে খাজনা যেন জমা না পড়ে এবং জমা যদি পড়েও যায় খাজনা তাড়াতাড়ি উঠিয়ে নেবার ব্যবস্থা করে দিতে হবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব আনন্দের কথা যে, আমাদের লেফট উইং গ্যাং, সি পি আই এর মাননীয় সদস্য সনৎবাবু আমাদের এই বিলটি সমর্থন করেছেন। এ পর্যন্ত বোধ হয় এই প্রথম একটি বিল পেলাম, যে বিলে একটি বিরোধী সদস্য সমর্থন করেছেন। কিন্তু আমাদের মাননীয় সদস্য বিজয়বাবু, তিনি পুরাপুরি এর বিরোধিতা করেছেন। আমি বুঝতে পারলাম না যে তিনি কেন এর বিরোধীতা করেছেন।

আমি আমার প্রারম্ভিক বক্তৃতাতে বলেছি কি কারণে এই বিধেয়কটি আনবার দরকার হল। আমরা যে টাকা দিই ক্ষতিপূরণ বাবদ, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট-এর ৩১ ধারা অনুসারে জমি দখল করবার জন্য, সেই টাকাটা ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট ১৮৯৪ অনুসারে ডিস্ট্রিক্ট জজ-এর কাছে জমা হয়, এবং ডিস্ট্রিক্ট জাজ ৩২নং ধারা মতে, সেই টাকাটা ইনভেস্ট করেন। বিনিয়োগ করেন এবং যতদিন পর্যন্ত নাবালক উত্তরাধিকারীর কথা হচ্ছে, যতক্ষণ সেই নাবালক ব্যক্তি বা জমি হস্তান্তর করতে অক্ষম ব্যক্তি, সক্ষম হচ্ছেন, ততদিন পর্যন্ত সেই টাকা তুলতে পারবেন না। এখন আমরা দেখছি বহু ক্ষেত্রে সেই টাকা পেতে খুব দেরী হয়। এইখানে মাননীয় সদস্য জলেশ্বর হাজরা ছিলেন, তিনি এখন অবশ্য উপস্থিত নেই, তিনি আমাকে যখনই বলতেন এ বিষয়ে, অর্থাৎ ভূমি সম্পর্কিত ব্যাপারে, তিনি তখনই উঠে তাঁর বক্তৃতায় বলতেন যে, কংশাবতী প্রজেক্টে বহু হাজার একর জমি গ্রহণ করা হয়েছে, সেখানে শত শত নাবালক আছে, যাদের জমি দখল করা হয়েছে, তারা টাকা তুলতে পারছে না। তাদের ন্যাচারাল গার্ডিয়ান, মানে তাদের মা, কোন কোন ক্ষেত্রে বাবাও ন্যাচারাল গার্ডিয়ান আছেন। কোন কোন ক্ষেত্রে ছেলের সম্পত্তি অন্য কোন উত্তরাধিকারী সূত্রে পেয়েছেন, সেইজন্য গৃহীত হয়েছে, কিন্তু টাকা তুলতে পারছেন না। টাকা তোলার জন্য তাদের বাঁকুড়া শহরে আসতে হচ্ছে এবং সেই শহরের উকিল বাবুদের বাড়ি ছোটাছুটি করতে হচ্ছে, এবং অফিসারদের বাড়িতেও যেতে হচ্ছে। এতে উকিলবাবুদের দু-পয়সা হয় এবং অনেকে এর বিরোধিতা করেছেন। কথা হচ্ছে জিনিসটা এর আগে ১৮৯৪ সাল থেকে ও পর্যন্ত ছিল, তখন এত কষ্ট হত না। কারণ, তখন আমাদের জমি অতি অল্প পরিমাণে ছিল, এখন নানা কাজের জন্য, অসংখ্য জায়গাতে বেশী পরিমাণে জমি নিতে হচ্ছে। অনেক বেশী বেশী পরিমাণ জমি নিতে হচ্ছে। এই জমি নিতে গিয়ে আমি যেটা বলছিলাম ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রেও অনেক সম্প্রসারিত হয়ে গিয়েছে। অনেক লোককে টাকা দিতে হয়, অনেক নাবালককে টাকা দিতে হয়। কোন নাবালকের ল্যান্ড অ্যাকুইজিশন, অ্যাক্ট অফ ১৮৯৪-এর বলে যেসব জায়গা, জমি নেওয়া হয়েছে তাদের অনেকে টাকা পান নি, অনেকদিন পর্যন্ত। এই অসুবিধাটা দূর করবার জন্য আমরা নূতন কিছু বিধেয়ক করছি না, ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এর সেকশান (১২) ও সাব-সেকশন (৩)-তে যে ধারাগুলি আছে, তারই বিধানগুলি মোটামুটি এখানে প্রবর্তন করা হয়েছে। তাতে বলা হচ্ছে এ পর্যন্ত আমরা ক্ষতিপূরণ বাবদ ১৬ কোটি টাকা দিয়েছি। সেখানে দেওয়া হচ্ছে কিভাবে ? সেখানে বলা হয়—হোয়ার দি পেয়িং ইজ এ মাইনর সেখানে টু দি গার্ডিয়ান অফ দি মাইনর-কে দেবো না। এখন, তার গার্ডিয়ানকে আমরা দেবো না, তার পাওনা টাকাটা ডিস্ট্রিক্ট জজের কাছে রেখে দেবো। হতে পারে কোন কোন জায়গায় গার্ডিয়ান তাকে করতে পারেন, কিন্তু এখানে একেবারে বন্ধ করে দিলে ভাল হবে বলে মনে হয় না। আমরা এ পর্যন্ত টাকা দিয়েছি—সেকশান ১২, অনুসারে টু দি গার্ডিয়ান অফ দি মাইনর এবং টু দি পেয়ি ইফ লুনেটিক অল সো।এখানে (বি)-তে বলা আছে—

where the payee is a lunatic, to the manager of the estate of the lunatic appointed under the Indian lunacy Act, 1912,

সেজন্যই আমরা সাবধান হয়ে, সতর্কতা অবলম্বন করে, তবে ক্ষতিপূরণ দেবার কথা ভেবেছি।

Shri Bejoy Kumar Banerjee: Natural guardian এর মধ্যে বাবা, ফাদারটা ধরছেন না কেন, মাদার-এর মত ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনার যদি এত ভয় হয়, তাহলে আপনি একটু অনুসন্ধান করে দেখুন, দেখে যদি আমাকে বলেন, তাহলে আমি নিশ্চয় করে দিতে পারি। এ পর্যন্ত আমরা ওয়েস্ট বেঙ্গল স্টেটস অ্যাকুইজিশান অ্যাক্ট-এ এইভাবে দিয়েছি তাতে আজ পর্যন্ত কোনরকম আপত্তি পাই নি।

Shri Bejoy Kumar Banerjee:

এটা টাকার ব্যাপার। সুতরাং ন্যাচারাল গার্ডিয়ান-এর মধ্যে মা, বাবাকে ছাড়া, ন্যাচারেল গার্ডিয়ান হিসাবে কাকা, দাদা কাউকে দেবেন না?

[2-40—3-20 p.m.]

Shri Siddhartha Shankar Ray: Sir, if the Hon'ble Minister gives way I want to make only one suggestion. I am sorry I was not in the House before. Under this section—section 32A—the procedure is being changed slightly, that is to say, to this extent that absolute power is being given to pay money to a natural guardian without any consideration of the natural guardian. Supposing in a given case, the natural guardian is the father and he is a well known drunkard and a person who habitually goes to the races. There is no discretion given to the Collector to pay him the money upon such terms and conditions as to security or otherwise as he may think fit. Therefore, I was suggesting that to save the minor from the hand of such a guardian who is a habitual gambler or a habitual drunkard, if these words were only added, I think every protection will be there for the minor. I am suggesting this verbal amendment, namely, "the costs may be paid by the Collector upon such terms of security or otherwise as he may think fit". For example, the guardian may be a hopeless debauch but nonetheless in view of the language of the section the money has perforce to be paid to the natural guardian and he may the very next day go out to the Calcutta Races or to some other gambling spot and squander away the money. So let us give this discretion to the Collector. If the father is as honest as Mr. Syamadas Bhattacharyya, of course, the money will be paid to him but if the father is not so honest and is a well known drunkard or well known race-goer, then the Collector, on affidavit being filed before him, if there is no objection,should have the discretion to say that 'I am paying the money certainly, but I shall do so on these conditions with regard to security or these other conditions' as he may think fit. For example, he may say, 'one lakh is paid to you on behalf of the minor; you take this one lakh but out of this you must deposit 75 thousand rupees in Government securities so that until the minor becomes major nobody can touch the money and the minor will have interest on that money and the balance of 25 thousand you can keep because the minor's educational expenses have to be met and so on'. This is the only suggestion I am making to save the minor because this is a distinct departure from the law. No court will today order payment of money to the natural guardian, as you know, Sir, without some security or some safeguard. Of course, in the case of an absolutely honest father or mother there may not be difficulty but I can visualise cases of this type, and this happens in the court almost every day in cases where the father or mother or the natural guardian may be an absolute debauch.

The Hon'ble Syamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, the suggestion made by my honourable friend over there is a valuable one and merits consideration but I was just wondering how a change should be brought about. The point is whether the Collector should be given discretion in the matter of payment. Here the scheme is like this. The Collector may pay the amount of such compensation before it is deposited in the court under sub-section (2) of section 31 or by the court after it is so deposited but before it is invested under section 32. Now, of course, it is nobody's

case here that the money should be paid to anybody who comes and poses as natural guardian but it is our case that the interest of the minor should be protected. Therefore, I will just consider if it can be amended in the way our honourable friend has suggested.

Shri Siddhartha Shankar Ray: I am not talking of a man who poses as a natural guardian, I am talking of an actual natural guardian who is a drunkard. Here the provision is that the Collector may pay to him but no power is given to the Collector to pay upon such terms and conditions of security or otherwise as he may think fit.

The Hon'ble Syamadas Bhattachayya: Suppose, it is suggested like this—"The Collector may, after such enquiry as he may consider fit and necessary"..................

Shri Siddhartha Shankar Ray: ...."and on such terms and conditions as he may consider necessary".

The Hon'ble Syamadas Bhattacharyya: I believe we can agree.

Shri Siddhartha Shankar Ray: May I therefore propose a verbal amendment?

The Hon'ble Syamadas Bhattachayya: Yes, you may.

Shri Siddhartha Shankar Ray: "May be paid by the Collector on such enquiry and upon such terms and conditions as he may think fit".

Mr. Speaker: But in all cases, you mean, upon such terms and conditions?

Shri Jyoti Basu:

স্যার, উনি যে কথা বলছেন যে সেফগার্ড করার জন্য মাইনরদের জন্য সেটা ঠিকই, কিন্তু এখন যা বললেন তাতে আবার কালেকটর-এর উপর প্রতিটি কেসই সেই পাওয়ারটা দিয়ে দেওয়া হল তাহলে ভাল ন্যাচারাল গার্ডিয়ান যারা ঐ ড্রানকার্ড নয় বা রেস-এ যান না, তাহলে তো মুস্কিল হয়ে যাবে যে কালেকটর কি করবেন না করবেন সেজন্য একটু ভেবেচিন্তে দেখা দরকার।

Shri Siddhartha Shankar Ray: The Leader of the Opposition has not quite appreciated my point—perhaps it is my fault, I have not been clear. Whenever power is given to any authority that he may do a certain thing in doing so he may exercise certain discretion but it does not mean that he must, that is to say, it does not mean that in the case of an honest parent he will exercise that power of enquiry. That is the law. If the Leader of the Opposition says, how do I know, I shall say that is the law. That discretion should be given to the Collector. In the case of an honest guardian the Collector may not think it necessary to conduct any enquiry or to impose any terms and conditions. It is only when the Collector thinks fit.

Shri Apurba Lal Majumdar:

স্যার, যা উনি বললেন তার অর্থ দাঁড়ালো এই যে, ইন অল কেসেস অফ ন্যাচারাল গার্ডিয়ান সেই টাকাটা দেবার পূর্বে
Collector may or may not enquire into the conditions whether he is a good man or a bad man.
may or may not, in that case.

আপনি ধরুন যে ছেলে বা গার্ডিয়ান-এর বিরুদ্ধে এইরকম অনেক পিটিশান হবে। যদি আমরা এটা ইন্ট্রোডিউস করি যে ভাল গার্ডিয়ানকে প্রমাণ করতে হবে যে আমি মদ খাই না বা রেস খেলি না

It will be a dangerous precedent, natural guardian
যারা

by virtue of Dayabhaga system of Hindu Law they are entitle
এখন সেটা যদি আমরা বন্ধ করতে যাই তাহলে এত পিটিশান আমরা ইনভাইট করব যে তাহলে তার বিরুদ্ধে আবার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি হোল্ড করে তাহলে তার বিরুদ্ধে অ্যাপিলেট বডি করতে হবে। যা একজিস্টিং আছে তাই থাকা উচিত। তা না হলে লিটিগেসান হবে এবং হ্যারাসমেন্ট হবে টু দি ম্যাক্সিমাম এক্সটেন্ট।

Shri Ganesh Ghosh: Sir, the best thing for the Minister would be to postpone the consideration of the Bill till some time, say, till the next week.

Shri Siddhartha Shankar Ray: Sir, I suggest that we may have a recess for 10 minutes and the matters may be thrashed out in the meantime.

Shri Sanat Kumar Raha:

স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে, গার্ডিয়ান আছে তাকে কোর্ট থেকে সার্টিফাই করে নিয়ে আসতে হবে যে সে বোনাফাইড গার্ডিয়ান—কাজেই এটা যদি আবার আলোচনা করতে হয় তাহলে এইভাবে হবে না। আপনারা ছোট একটা দল নিয়ে আলোচনা করুন, হাউস অ্যাডজর্ন করুন ১৫ মিনিটের মধ্যে অ্যামেন্ডমেন্ট করতে পারবেন এবং আমি বলি এইভাবে হেস্টিলি করা উচিত হবে না।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি দশ মিনিটের জন্য হাউস বন্ধ করে দিন। এইভাবে হয় না।

Shri Kanai Pal:

স্যার, এত বড় একটা গুরুত্বপূর্ণ অ্যামেন্ডমেন্ট এইভাবে হয় না। আপনি কিছুক্ষণের জন্য হাউস বন্ধ রাখুন তারপরে আবার বসবেন।

Mr. Speaker:

হ্যাঁ, তা করা যেতে পারে।

But it should be done properly. Let us rise for recess for half an hour.

[At this stage the House was adjourned for half an hour.]

[After Adjournment]

[3-20—3-30 p.m.]

The motion that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that in clause 3 of the Bill, in proposed section 32A,—

(a) for the words "the amount of such compensation or costs may be paid by the Collector" the words "the Collector shall have the power to pay the amount of such compensation or costs" be substituted,

(b) for the words "or by the Court", the words "or it may be paid by the Court" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে মাননীয় সদস্যগণ একত্রিত হয়ে আলোচনা করবার পর এই অভিমত প্রকাশ করেছেন যে, আমাদের প্রকরণটি এইভাবে পরিবর্তিত হলে আমাদের যে উদ্দেশ্য গার্ডিয়ানকে দেওয়া—অনুপযুক্ত গার্ডিয়ান যাতে না পায়—সেই উদ্দেশ্য সাধিত হবে।

The motion was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to

Clause 4

The question that clause 4 do stand part of the Bill then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed was then put and agreed to.

NON-OFFICIAL BUSINESS

Private Members' Resolutions

Shri Nikhil Das: Sir, I beg to move that whereas the prolongation of the period o. emergency and the continuance of the Defence of India Rules are continuing onslaughts on the democratic rights of the people and on the rule of law, this Assembly urges upon the Government of West Bengal to represent to the Government of India the necessity for the revoking of the proclamation of emergency and the Defence of India Rules forthwith.

শ্রীনিখিল দাসঃ মাননীয় স্পীকার, স্যার, আমি প্রস্তাব করি যে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস এবং যে এমারজেন্সী রয়েছে তা অপসারণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে বলা হোক। এই মর্মে আমি প্রস্তাবটা রাখছি। এই প্রস্তাব রাখতে গিয়ে আমার বক্তব্যের সমর্থনে যে কথা বলতে চাই সেটা হচ্ছে এই—গত ডিসেম্বর মাসে লোকসভার অধিবেশনে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী নন্দজী যখন প্রিভেনশন ডিটেনশন অ্যাক্টকে নূতন করে আনছিলেন, তখন আনতে গিয়ে একথা বলছিলেন যে, এটা আনা এজন্য প্রয়োজন, আমি তাঁর ভাষা তুলে দিচ্ছি—উই ওয়ান্ট টু এন্ড এমারজেন্সী সুন, অর্থাৎ অল্প সময়ের মধ্যে এমারজেন্সী তুলে দেওয়া উচিত। নন্দজী বলেছিলেন একথা গত ডিসেম্বর মাসে লোকসভায়। দ্বিতীয় নম্বর যে কথা আমি বলতে চাই সেটা হচ্ছে গত ফেব্রুয়ারী মাসে কংগ্রেসী সদস্য মাননীয় হরেকৃষ্ণ মাহতাব বলেছিলেন লোকসভায়, এই এমারজেন্সী তুলে দেওয়া উচিত। এমারজেন্সী [illegible] দিকে গিয়ে তখন প্রধানমন্ত্রী ছিলেন না, তিনি ছিলেন মিনিস্টার উইদাউট পোর্টফোলিও শ্রীলাল বাহাদুর শাস্ত্রী, তিনি যা বলেছিলেন সেটাও আমি তুলে দিচ্ছি।

Shri Hare Krishna Mahtab said that emergency should not become a more or less normal affair. I agree that there is stalemate and no process has been made since the Colombo proposals were put up.

অর্থাৎ তিনি বললেন, মহাতাব বললেন এমারজেন্সীকে স্বাভাবিকভাবে চলতে দেওয়া উচিত নয়। ঠিক নয়, এবং এই যে স্থিতাবস্থা চলেছে ২০ মাস ধরে, উত্তর প্রান্তে যুদ্ধ নেই; যুদ্ধ বিরতি হয়েছে, এই স্থিতাবস্থায় আমাদের করণীয় কি সে সম্বন্ধে বলতে গিয়ে এ সম্বন্ধে বলতে গিয়ে শ্রীলাল বাহাদুর শাস্ত্রী বলেছেন এখন এটা মিলিটারী প্রবলেম নয়, এখন এটা পলিটিক্যাল প্রবলেম, সুতরাং কলম্বো প্রস্তাবের ভিত্তিতে সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে। অর্থাৎ প্রশ্নটা হচ্ছে মিলিটারী নয়, পলিটিক্যাল, তার সমাধান পলিটিক্যাল ওয়েতেই করতে হবে, মিলিটারী ওয়েতে নয়। এই কথাগুলি হচ্ছে আজকে যিনি প্রধানমন্ত্রী, যিনি সেদিন ছিলেন মিনিস্টার উইদাউট পোর্টফোলিও, তাঁর মন্তব্য। আমি একথা বলছি না যে, ডিফেন্সের কাজ-কর্ম বন্ধ করে দেওয়া হোক, ডিফেন্সের শক্তিকে আরও বাড়িয়ে তোলা দরকার, দেশকে আরও শক্ত অর্থনীতিক ভিত্তিতে গড়ে তোলা দরকার, সেকথা আমি স্বীকার করি, কিন্তু সে কাজ করতে গিয়ে এমারজেন্সীর দরকার নাই, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলের দরকার হয় না। স্বাভাবিক অবস্থায় যে ক্ষমতা দেওয়া আছে, গঠনতন্ত্রে যে ক্ষমতা দেওয়া আছে, তা দিয়েও দেশকে শক্তি-শালী করে গড়ে তোলা যায় এবং লালবাহাদুর শাস্ত্রী এই প্রসঙ্গে বলতে গিয়ে বলেছেন আমাদের ডিফেন্সের শক্তি একদিনে বাড়ান চলবে না, দুদিনে বাড়ান চলবে না, ধীরে ধীরে আমাদের শক্তিকে বাড়িয়ে তুলতে হবে।

[3-30—3-40 p.m.]

তাহলে প্রশ্নটা হচ্ছে ধীরে ধীরে শক্তিকে বাড়িয়ে তুলতে হবে, স্টেডিলি আমাদের শক্তিকে সংহত করতে হবে। সেই ধীরে ধীরে করার যে জায়গা স্টেডিলি বিল্ড আপ করার যে জায়গা সেখানে এমারজেন্সীর কোন প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। তাই আমার বক্তব্য সুরু করতে গিয়ে বলতে চাই যে কেন্দ্রীয় মন্ত্রী থেকে সুরু করে সবাই তাঁদের বক্তৃতার মধ্যমে একথা স্বীকার করেছেন যে স্থিতাবস্থা ২০ মাস চলছে, আমাদের ডিফেন্সের যে এফর্ট সেটা তৈরি করতে গেলে এমারজেন্সী পাওয়ারের প্রয়োজন নেই যদিও এমারজেন্সী তাঁরা রেখেছেন। এখন আমাদের বিচার করে দেখা যাক এমারজেন্সীর ক্ষমতাগুলি কি কি। এমারজেন্সীর মাধ্যমে সরকারের হাতে কি কি ক্ষমতা এসেছে সেটা বিচার করা যাক। আপনারা জানেন এমারজেন্সী যখন ডিক্লেয়ার্ড হয়ে গেল তখন ৩৫৩ এবং ৩৫৪ নম্বর ধারা অনুযায়ী আমাদের গঠনতন্ত্রের কেন্দ্রীয় সরকার কতকগুলি ক্ষমতা পেলেন রাজ্যসরকারের কার্যাবলীর উপর তাঁদের হস্তক্ষেপ করার ক্ষমতা পেলেন, পেলেন শাসন ব্যাপারে আইন তৈরি করার ব্যাপারে, যে টাকাটা স্টেট এবং কেন্দ্রের মধ্যে ভাগবাটোয়ারা হয় তারও ক্ষমতা কেন্দ্রীয় সরকার পেলেন। অর্থাৎ ৩৫৩ এবং ৩৫৪ নম্বর ধারা অনুযায়ী কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের হাতে যে ক্ষমতাগুলি আছে সেই ক্ষমতাগুলি নিজেরা ব্যবহার করার ক্ষমতা নিয়ে নিলেন। তারপর ৩৫৮ নম্বর ধারা অনুযায়ী কি হল—১৯ নম্বর ধারায় আমাদের যে ৭টি স্বাধীনতা দেওয়া আছে যাকে ব্যক্তি স্বাধীনতা বলে অর্থাৎ বক্তৃতা করবার স্বাধীনতা, আমাদের এক জায়গায় সভা শোভাযাত্রা করবার স্বাধীনতা, আমাদের সমস্ত ভারতবর্ষ ঘুরে বেড়াবার স্বাধীনতা এবং যে-কোন ব্যবসা বা চাকরি করবার স্বাধীনতা এই ধরনের নয় সাতটি স্বাধীনতা আমাদের দেওয়া আছে ১৯ নম্বর ধারায় সেটা ৩৫৮ নম্বর ধারা অনুযায়ী আমাদের হাত থেকে চলে গেল অর্থাৎ বক্তৃতা দেবার স্বাধীনতা নেই, সভা করার স্বাধীনতা নেই, শোভাযাত্রা করার স্বাধীনতা নেই, সমস্ত ভারতবর্ষ ঘুরে বেড়াবার স্বাধীনতা নেই এবং যে-কোন ব্যবসা বা চাকুরি করব সে ব্যাপারেও আমাদের স্বাধীনতা নেই। অর্থাৎ আমাদের সিভিল লিবার্টি যা গঠনতন্ত্র ১৯ নম্বর ধারায় দিয়েছে সেটা ৩৫৮ নম্বর ধারা অনুযায়ী বাতিল হয়ে গেল। ৩৫৯ ধারায় কি হল—কনস্টিটিউসানে ৩ পার্টে আমাদের যে মৌলিক অধিকারগুলি ছিল সেই মৌলিক অধিকারগুলির ব্যাপারে যদি কখনও ইনফ্রিঞ্জমেন্ট হয় অর্থাৎ সরকার যদি আমাদের কোন মৌলিক অধিকার হরণ করেন তাহলে ৩৫৯ নং ধারা অনুযায়ী আমরা তার জন্য কোন কোর্টের কাছে যেতে পারব না অর্থাৎ সরকার যদি আমার

মৌলিক অধিকার হরণ করেন তাহলে ৩৫৯ নং ধারা অনুযায়ী আমি আইনের আশ্রয়প্রার্থী হতে পারব না। তাহলে দেখা যাচ্ছে এমারজেন্সী পাওয়ারের মাধ্যমে দুটো ক্ষমতা তাঁরা সরাসরি হাতে নিলেন—একটা ক্ষমতা রাজ্যগুলির হাতে যে ক্ষমতাগুলি ছিল সেগুলি তাঁরা কেন্দ্রীভূত করলেন, রাজ্য ক্ষমতাগুলি নিজেদের হাতে নিলেন, আর একটি হচ্ছে জনসাধারণের যে মৌলিক অধিকার ছিল, যে ব্যক্তি-স্বাধীনতা ছিল সেই অধিকারকে তারা খর্ব করলেন। কিন্তু আমি এই প্রশ্নটা আপনার মাধ্যমে রাখতে চাই ২০ মাস উত্তর পূর্ব সীমান্তে যখন স্থিতাবস্থা চলছে, কাশ্মীর সীমান্তে স্থিতাবস্থা চলছে যুদ্ধের দামামা বাজছে না এবং আমাদের কেন্দ্রীয় সরকারের দপ্তরে যাঁরা বসে আছেন তাঁরাও যখন চিন্তা করছেন কলম্বো প্রস্তাবের ভিত্তিতে উত্তর সীমান্তের সমস্যা সমাধানের জন্য তখন সেই অবস্থায় কি প্রয়োজন রয়েছে জনসাধারণের মৌলিক অধিকারগুলি হরণ করে রাখার সেটা আমাদের মাথায় ঢোকে না। আমাদের দেশে ডিফেন্সের যে শক্তি, দেশকে শক্তিশালী করে গড়ে তুলতে গেলে এমারজেন্সী পাওয়ারের কি প্রয়োজন আছে সেটাও আমরা বুঝতে পারছি না। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে কয়েকটি উদাহরণ তুলে ধরতে চাই। আপনি জানেন এবং আমরা সবাই জানি যে এমারজেন্সীর যে প্রভিসানগুলি ছিল এগুলি ডি আই অ্যাক্ট এবং ডি আই রুলের ভেতর দিয়ে এসেছে এবং আরো আপনি জানেন যে ডি আই অ্যাক্ট এবং ডি আই রুলের ভিতর দিয়ে শাসকবর্গ যারা অফিসার যারা তাদের হাতে কি অফুরন্ত ক্ষমতা দেওয়া হয়েছে। আজকে আমি আপনার মাধ্যমে এই প্রশ্ন করতে চাই যে অফুরন্ত ক্ষমতা তাঁদের হাতে এসেছিল তা দিয়ে তাঁরা দেশকে গড়েছেন, না, দেশকে সর্বনাশের পথে নিয়ে গেছেন? এই প্রশ্ন আজ মানুষের মনে দেখা দিয়েছে। যে অফুরন্ত ক্ষমতা তাঁরা পেয়েছেন সেই ক্ষমতা তাঁরা অপচয় করেছেন, জনসাধারণের গণতান্ত্রিক [illegible] তাঁরা হরণ করেছেন এবং দেশের যে ডিফেন্স এফর্ট দেশের যে অর্থনৈতিক ভিত্তি [illegible] তাঁরা এতটুকু শক্তিশালী করে গড়ে তুলতে পারেন নি। মিঃ স্পীকার, স্যার, ডি আই আরে যাকে খুসী তাকে ধরে নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, আপনি জানেন বিরোধী পক্ষের এখানে যাঁরা আছেন কমিউনিস্ট পার্টির দু-তরফের লোকই ধরা পড়েছেন এই ডি আই আরে, ফরওয়ার্ড ব্লকের হেমন্ত দা যাঁর দেশপ্রেম সম্পর্কে কোন প্রশ্ন উঠতে পারে না তিনি ধরা পড়েছেন, কাশীনাথ, শৈলেন অধিকারী তাঁরা ধরা পড়েছেন এবং এমনকি আমার মত অভাগাও ডি আই আরে ধরা পড়েছে। অর্থাৎ যে কোন লোক গণতন্ত্রের কথা বলতে গেছে জনসাধারণের দাবির কথা বলতে গেছে ডি আই আর তাদের কণ্ঠরোধ করেছে, তাদের গ্রেপ্তার করেছে এবং তাদের [illegible] মত ধরে নিয়ে গেছে।

এ সম্পর্কে উদাহরণ না দিয়ে আমি সুপ্রীম কোর্টের কথা তুলে দিতে চাই। আপনি জানেন সুপ্রীম কোর্টে এই ব্যাপার যখন যায় তখন তাঁরা বলেছেন

detention under D.I.R. is ultra vires of the Constitution

অর্থাৎ গঠনতন্ত্র বিরোধী। ডি আই আর-এ যে ডিটেনসন ক্লজগুলি আছে সেগুলি হচ্ছে আল্ট্রাভায়ারিস, অর্থাৎ গঠনতন্ত্র বিরুদ্ধ, সংবিধান বিরুদ্ধ—একথা তাঁরা বলেছেন। তার সাথে সাথে তাঁরা বলেছেন আমরা অসহায়—আজ দেশের সুপ্রীম কোর্ট আমাদের দেশের আইনের বিচারক যাঁরা দেশে ধরে রাখবে, সর্বোচ্চ ক্ষমতায় যাঁরা বসে আছেন তাঁরা বলছেন আমরা অসহায়, কারণ ৩৫৯ নং ধারায় আমাদের যদি মৌলিক অধিকার হরণ করে নেয় সে ব্যাপারে আমরা কোন কোর্টে যেতে পারি না, আইনের আশ্রয় নিতে পারি না, ৩৫৯ নং ধারা দিয়া সেই অধিকারকে হরণ করা হয়েছে—তাই তাঁরা বলেছেন আমরা অসহায়। সাথে সাথে তারা একটা কথা বলেছেন যেদিন এমারজেন্সী চলে যাবে, ৩৫৯ ধারার প্রয়োগ যেদিন উঠে যাবে, সেদিন এই মৌলিক অধিকার হরণ করেন তাহলে ৩৫৯ নম্বর ধারা অনুযায়ী আমি আইনের আশ্রয়প্রার্থী ইনফ্রিঞ্জ করে তার বিরুদ্ধে আইনের আশ্রয় নেবার জায়গাটা যে হরণ করে নেয়া হয়েছে, সেদিন আবার তারা সেই মৌলিক অধিকার হরণ করার ব্যাপারে কোর্টের শরণাপন্ন হতে পারে—এটা যেই জানতে পারলেন কেন্দ্রের মন্ত্রীরা তখনই আমাদের সংবিধানের গায় একটা সংশোধনী এল সেটা হচ্ছে

18th Amendment of the Constitution

অর্থাৎ মৌলিক অধিকার হরণ করে নিয়ে যাওয়া হল ঐ প্রশ্নটা আর থাকলো না, অর্থাৎ এটা ঠিক ঠিকভাবে নিয়েছে কি না নিয়েছে তার বিচার হবার যে একটা সম্ভাবনা ছিল সেই জায়গাটা বন্ধ করে দেওয়া হল, অর্থাৎ হাজার হাজার মানুষকে আটক করে যে বে-আইনী কাজ করেছেন এমারজেন্সী শেষ হয়ে গেলে সেই প্রশ্ন যাতে না উঠতে পারে তার জন্য আইনের ভেতর ঢুকিয়ে দিলেন যে ফান্ডামেন্টাল রাইটস এমারজেন্সীর সময় থাকবে না এবং পরে বহু ব্যাপারে কখনও কেউ প্রশ্ন তুলতে পারবে না। তাই আমরা দেখতে পাচ্ছি যারা গণতান্ত্রিক আন্দোলন করবে, খেয়ে-পরে, বাঁচার জন্য আন্দোলন করবে, যারা হোডারস, ব্ল্যাক মার্কেটিয়ার্সদের বিরুদ্ধে আন্দোলন করবে, যারা কোরাপসনের বিরুদ্ধে আন্দোলন করবে তাদের ডি আই আর-এ ধরে আটক রাখ, বিচার করবার দরকার নেই, যতদিন খুশী আটক রাখ এই করছেন। দ্বিতীয় অবদান কি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গোল্ড কন্ট্রোল অর্ডার আমাদের এখানে ডি আই আর অনুযায়ী এলো। আমি একটা প্রশ্ন আপনার মাধ্যমে করতে চাই যে গোল্ড কন্ট্রোল অর্ডারের কি এতই প্রয়োজন ছিল—আমাদের মিলিটারীর দিক দিয়ে, আমাদের ডিফেন্সকে গড়ে তোলবার দিক দিয়া কি গোল্ড কন্ট্রোল অর্ডারের এতই প্রয়োজন ছিল যে, স্বর্ণ নিয়ন্ত্রণ আদেশ যদি ডি আই আর-এ না দেয়া যায় তাহলে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলা যাবে না—এই অবস্থা তো ছিল না, কারণ তাঁরা বলেছিলেম গ্যামব্লিং অফ গোল্ড বন্ধ করবেন, হোর্ডেড গোল্ড উদ্ধার করবেন যদিও এক ছটাকও উদ্ধার করতে পারেন নি, উল্টে তাঁরা লক্ষ লক্ষ লোককে বেকার করে দিলেন, রাস্তার ভিখারী করে দিলেন এবং সেই লক্ষ লক্ষ লোক যাতে আইনের আশ্রয় গ্রহণ করতে না পারে—তাদের যে প্রফেসান তাদের যে ট্রেড তা থেকে তাদের আইনসংগতভাবে চ্যুত করা হয়েছে কিনা এজন্য যাতে কোর্টের কাছে না যেতে পারে তার জন্য ডি আই আর-এর ব্যবস্থা করা হল, অর্থাৎ এ ব্যাপারে তারা কোর্টের আশ্রয় গ্রহণ করতে পারবে না। আজকে কিছুটা জ্ঞানের উদয় হয়েছে, আমরা তাই দেখছি গোল্ড কন্ট্রোল বিল আসছে, ডি আই আর না এনে নূতনভাবে স্বর্ণ নিয়ন্ত্রণ করার বিল করছেন। এটা যদি সে সময় আনতেন তাহলে ভারতবর্ষের লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী তাদের চোখের জল রাস্তায় ফেলত না বা তারা আত্মহত্যা করতো না বা তাদের দুরবস্থায় জায়গায় এসে বসতে হত না। দ্বিতীয় কথা রাইস ইন প্রাইসেস—এটা আমার কথা নয়, সরকারী তরফের কথা যে আমাদের উৎপাদন শতকরা ৩০ থেকে ৪০ ভাগ বেড়েছে, জিনিসপত্রের দাম শতকরা ৩০ থেকে ৫০ ভাগ কমেছে, অর্থাৎ ইমারজেন্সী অবস্থায় এই ২০ মাস আমাদের উৎপাদন বেড়েছে, জিনিসপত্রের দাম শতকরা ৪০ থেকে ৫০ ভাগ আর প্রকৃত আয় কমেছে শতকরা ৪০ ভাগের মত। এমারজেন্সীর ভেতর জিনিসপত্রের দামকে ঠিক জায়গায় রাখা দরকার ছিল, সেটা সরকার করতে পারেন নি, সেখানে ব্যর্থ হয়েছেন। আজকে বলছেন তাঁরা পারছেন না কেন, না ব্লাকমার্কেটিয়ার, হোর্ডার, প্রফিটিয়ার তার মাল মজুত করে রেখে দাম বাড়িয়ে দিচ্ছে।

[3-40—3-50 p.m.]

আর কি করছেন? ব্ল্যাক মানি, কালো টাকা বাজারে ঘুরছে, তাকে আমরা খুঁজে পাচ্ছি না, তাকে ধরতে পারছি না। তাই সেই কালো টাকার জন্য দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে। আপনি জানেন ফাইন্যান্স মিনিস্টার গতবার বাজেট অধিবেশনে বলেছেন এবং কালকে অর্থদপ্তরের মন্ত্রিমহাশয় বলেছেন যে জিনিসপত্রের দাম বাড়ছে—কালো টাকার জন্য। আমি এখানে একটি প্রশ্ন আপনার মাধ্যমে রাখতে চাই। ভারতরক্ষা আইন কি ছিল না? ডি আই রুল কি ছিল না? সেই ক্ষমতা আপনাদের হাতে ছিল তার দ্বারা ব্ল্যাক মার্কেটিয়ার্স যারা, প্রফিটিয়ার, হোর্ডার যারা, আর যাদের ব্ল্যাক মানি আছে, তাদের কি শায়েস্তা করা যেতো না? সে জিনিস কি তাদের কাছ থেকে উদ্ধার করা যেতো না? কিন্তু সে কাজ তাঁরা করেন নি। কারণ, ঐসবের জন্য ডি আই রুল নয়। ডি আই আর হচ্ছে জনসাধারণকে কন্ট্রোল করবার জন্য। মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি আর একটি কথা বলতে চাই। তাঁরা আমাদের ১৪নং ধারাটি ফান্ডামেন্টাল রাইটস ঠিক করলেন। ইকুয়েলিটি অফ ল, অর্থাৎ আইনের সামনে সবাই সমান, এই অধিকারটি ঠিক হল। তারপর ২১-২২ ধারাটি হল—ডিটেনশন ও অ্যারেস্ট সম্পর্কে। কিন্তু ডিটেনশন এবং

অ্যারেস্ট যদি আরবিট্রেরি হয়, তাহলে তার যে গ্যারান্টি ছিল, সেটা আর থাকছে না। তারপর ৩১ নম্বর ধারা যেটা, অর্থাৎ রাইট অফ প্রাইভেট প্রপার্টি যেটা, সেটা থেকে গেলো। অর্থাৎ ব্যক্তিগত সম্পত্তি ব্ল্যাক মানি করে যত, ইচ্ছা করুন না কেন, সেটা কিন্তু এর মধ্যে আসছে না। সেটা এমারজেন্সী পাওয়ার বা ডি আই অ্যাক্ট, অথবা ডি আই রুলস-এর মধ্যে আসছে না। অর্থাৎ কালো টাকার মালিক যারা, কালো টাকা করে যারা চোরাকারবারীর মালিক, তারা চোরা টাকা করো, যারা মজুতদার তারা টাকা করো, প্রভুত সম্পত্তি করো, সেখানে ডি আই রুলস, এমারজেন্সী পাওয়ার যাচ্ছে না। এমারজেন্সী পাওয়ার প্রয়োগ করে যেখানে দেশকে শক্তিশালী করে গড়ে তোলা উচিত ছিল সেটা তাঁরা করেন নি। মিঃ স্পীকার স্যার, এই এমারজেন্সী পাওয়ার, কি অফুরন্ত ক্ষমতা আমলাতন্ত্রকে দিয়েছে, সরকারী অফিসারকে দিয়েছে, আমাদের শাসকবর্গকে দিয়েছে এবং স্থিতাবস্থা চলাকালীন সময়ে যখন দেশের মানুষের মনোভাব বা দেশের অবস্থা এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে, অর্থাৎ আপৎকালীন অবস্থায় যে মনোভাব থাকে, তা যখন নেই, তখন যদি দীর্ঘদিন ধরে অফুরন্ত ক্ষমতা আমলাতন্ত্রের হাতে বা অফিসার-দের হাতে দিয়ে রাখা যায়, তাহলে দেশ অত্যন্ত বিপদের সামনে গিয়ে দাঁড়ায়। এ থেকে ডেসপোটিজম গড়ে ওঠে, এ থেকে ফ্যাসিজম গড়ে ওঠে, এইভাবে গণতন্ত্রের টুঁটি টিপে বিভিন্ন দেশে মারা হয়। আজ ২০-২২ মাস ধরে এই এমারজেন্সী পাওয়ার চলেছে। ব্যুরোক্রেটিক যতকিছু আমলাতন্ত্র, ধীরে ধীরে শক্তিশালী হয়ে উঠেছে। গণতন্ত্রের কথা তারা ভুলে যাচ্ছে। গণতন্ত্রকে তাঁরা ধূলিস্যাৎ করে দিচ্ছেন। তারা সমস্ত ক্ষমতা হাতে নিয়ে, ডেসপট-এর মত, একনায়কত্বের মত, তারা দেশকে শাসন করছেন। ক্ষমতা অপব্যবহার হয়ে যাওয়ার ফলে দেশের সামনে যে বিপদ দেখা যাচ্ছে, সে বিপদ সাংঘাতিক বিপদ, দেশের গণতন্ত্রের যে কাঠামো, সেই কাঠামো ধূলিস্যাৎ হয়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিচ্ছে।

মাননীয় স্পীকার মহাশয়, এই এমারজেন্সী পাওয়ার বর্তমান থাকা কালে, আমাদের বিভিন্ন রাজ্যে সরকারগুলি কিভাবে চলেছেন, তার দু-একটা উদাহরণ দিতে চাই। মাননীয় স্পীকার স্যার, আপনি বোধ হয় ইতিপূর্বে শুনেছেন, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ভূতপূর্ব রাষ্ট্র মন্ত্রী আশুতোষ ঘোষ মহাশয়ের বাড়ি আজ খানা-তল্লাসী হচ্ছে। যিনি কংগ্রেস সরকারের ভূতপূর্ব মন্ত্রী ছিলেন ও কংগ্রেসের একজন নেতা, তাঁর বাড়ি আজকে তল্লাসী হচ্ছে। কেন তাঁর বাড়ি তল্লাসী হচ্ছে, সে সম্পর্কে আমরা এখানে প্রশ্ন তুলেছিলাম, তার কোন জবাব এ পর্যন্ত আমরা পাই নি। তিনি কি ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়েছিলেন, না সেলট্যাক্স ফাঁকি দিয়েছিলেন, না তিনি অন্যভাবে চুরী করেছিলেন, সে সম্পর্কে কোন জবাব মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা পাই নি। অর্থাৎ এমারজেন্সীর সময় যখন চলছে, তখন মন্ত্রীবাবুরা দু-হাতে জনসাধারণের টাকা লুটছেন, দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে পৌঁচেছে। যার প্রমান পশ্চিমবাংলার ক্ষেত্রে। আরও আমরা শুনতে পাচ্ছি যে, পশ্চিমবাংলার ভিতরেও ক্ষমতার লড়াই, ক্ষমতার দ্বন্দ্ব সুরু হয়ে গিয়েছে। আমরা শুনছি মুখ্যমন্ত্রীর কাছে কয়েকজন সদস্য গিয়ে, তাঁকে অপসারণ করার দাবী তুলেছে।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান)

সমস্ত দেশের মধ্যে এই অবস্থা গড়ে উঠেছে আমরা জানি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে পাঞ্জাবের মুখ্যমন্ত্রী কাইরণকে সরে যেতে হল, এই দুর্নীতির অভিযোগে। আপনি জানেন যে গুজরাটের মুখ্যমন্ত্রীকে পালটে সেখানে নূতন মুখ্যমন্ত্রী বসাতে হল। আপনি জানেন উড়িষ্যার বিজু পট্টনায়কের জায়গায় বীরেন মিত্র এসেছিলেন, আজ তাঁকে আবার অপসারিত করার প্রশ্ন উঠেছে। আপনি জানেন কেরালার শঙ্কর মিনিস্ট্রি খতম হয়ে গেল, কংগ্রেসের ভিতর বিভেদ, সেই বিভেদের জন্য। অর্থাৎ সমস্ত এমারজেন্সীর পিরিয়ড-এ এত ক্ষমতা তাঁদের হাতে গিয়েছিল, এত টাকাপয়সা তাঁদের হাতে গিয়েছিল, দুর্নীতিতে তাঁরা ডুবে গিয়েছিলেন, ক্ষমতার দম্ভ তাঁরা করেছেন, এবং সেই ক্ষমতার দম্ভে বিভিন্ন রাজ্যে কংগ্রেসের মধ্যে এই ঝগড়া এবং এই এমারজেন্সীকে তাঁরা ব্যবহার করেছেন নিজেদের সুবিধার জন্য।

তাই আমি আমার শেষ কথা বলতে চাই এমারজেন্সীর একমাত্র উদ্দেশ্য ছিল, ডি আই আর-এর একমাত্র উদ্দেশ্য ছিল জনসাধারণের ব্যক্তি স্বাধীনতাকে হত্যা করা, জনসাধারণের মৌলিক অধিকারকে হত্যা করা এবং তা করেছেন তাঁরা অত্যন্ত সফলভাবে। একটি কথা বলতে চাই, তুলেছেন এমারজেন্সী হোর্ডারকে সায়েস্তা আপনারা করতে পারছেন না, ব্ল্যাক মার্কেটিয়ারকে সায়েস্তা আপনারা করতে পারছেন না, ইন্ডাস্ট্রিয়াল ট্রুস অ্যাসোসিয়েশানকে আপনারা কার্যকরী করতে পারছেন না, মালিকরা একতরফা শ্রমিকদের উপর অত্যাচার করে চলেছে। ছেড়ে দিন, রাস্তায় মুকাবেলা আমরা করে নিই, আমরা হোর্ডারকে সায়েস্তা করতে পারি কিনা, দুর্নীতিকে পারি কিনা, ব্ল্যাক মার্কেটিয়ারকে পারি কিনা, সেই রাস্তাটি আমাদের হাতে ছেড়ে দিন, আমরা মুকাবেলা করে নেবো, দুর্নীতির হাত থেকে আমরা দেশকে বাঁচাবো। এই কথা বলেই আমি আমার প্রস্তাব রাখছি।

Mr. Chairman: All amendments are in order and they are taken as moved.

Shri Sambhu Charan Ghose: Sir, I move that in line 4, after the words "on the rule of law", the following words be inserted, viz.:—

> "and whereas these have become instruments in the hands of the Government for crushing popular movements".

Shri Haridas Chakravarty: Sir, I move that in line 3, the word "continuing" be omitted.

Shri Hare Krishna Konar: Sir, I move that the following paragraph be added at the end, viz:

> "This Assembly further urges upon the Government of West Bengal to release all political workers still detained under rule 30 of D. I. Rules and pending the withdrawal of D. I. Act and Rules, not to use the D. I. Rules against workers' and peasants' movements and other democratic movements of the people.".

Shri Sailendra Nath Adhikary: Sir, I move that in line 1, after the word "that" the following be inserted, viz.:—

> "whereas it is an undeniable fact that the Government of India and Government of West Bengal have miserably failed to rouse, to enthuse and to unite the people to rise against the continued occupation of our secred land by China and other foreign powers;
>
> whereas the subsequent action of the Government has proved that there is no serious effort on the part of the Government to regain the lost prestige of our great motherland in the National and International spheres;
>
> whereas after the emergency, the Government has failed to check blackmarketing and rise of prices and dire exploitation of millions by human sharks and profiteers and monopolists to keep the moral of the people high;
>
> whereas this declaration of emergency under the abovementioned circumstances have become a veritable source of oppression on the freedom loving people and an onslaught on the democratic rights of the common man to live a free and unfettered life; and".

Shri Hare Krishna Konar:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের ননীবাবুর যে প্রস্তাব নিখিলবাবু এখানে উত্থাপন করলেন আমি তাকে সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে আমার যে সংশোধনী তাও আমি এখানে পেশ করছি। গত দুই বৎসরের ঘটনাবলী এবং জরুরী অবস্থায় ভারত রক্ষা আইনে প্রয়োগ যেভাবে করা হয়েছে এই দুই বৎসরের ইতিহাস নিঃসন্দেহে প্রমাণ করেছে যে, জরুরী অবস্থা ঘোষণা এবং ভারত রক্ষা আইনের সঙ্গে সত্যিকারের দেশরক্ষার কোন সম্পর্ক ছিল না। একে সম্পূর্ণভাবে ব্যবহার করা হয়েছে সাধারণ মানুষের উপর আঘাত হানবার জন্য এবং কায়েমী স্বার্থের মুনাফা বাড়ানোর জন্য এবং দলীয় স্বার্থে গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করবার জন্য। এর আগেও জরুরী অবস্থা বজায় রাখার কোন যৌক্তিকতা ছিল না, কিন্তু আজকে শুধু যৌক্তিকতা নয়, আজকে বিপজ্জনক হয়ে উঠেছে যদি একে আরও বজায় রাখা যায়। প্রথমেই দু-একটি কথা বলা দরকার। ধরুন এই জরুরী অবস্থার নামে এবং ডিফেন্স অফ ইন্ডিয়া রুল-এর নামে [illegible] আমাদের এখানে ব্যাপকভাবে গ্রেপ্তার করা হল। [illegible] গ্রেপ্তার করা হল। অর্থাৎ সীমান্তে যুদ্ধ যখন থেমে গিয়েছে, যেদিন গভর্নমেন্ট জানেন যে, যুদ্ধবিরতি [illegible] সৈন্য চলে যাবার সিদ্ধান্ত করেছে তারপরে অর্থাৎ সীমান্তে যুদ্ধ [illegible] যাবার পর এই সংবাদ জানার পর আমাদের গ্রেপ্তার করা হল অর্থাৎ যখন যুদ্ধ নাই। তারপর দেখা গেল যে, সীমান্তে দু বৎসর ধরে শান্ত আছে যদিও [illegible] মীমাংসা হয় নি, [illegible] মীমাংসা করতে হয়ত সময় লাগবে। [illegible] সীমান্ত সংকট এবং আমাদের [illegible] সরকারী মুখপত্রও [illegible] যে, সীমান্ত [illegible] হবার এখন আশংকা নেই। [illegible] এটা আমাদের কথা নয় এটা সরকারী মুখপাত্রদের কথা। কিন্তু তা সত্ত্বেও আমাদেরকে গ্রেপ্তার করে রেখে দেওয়া হল যুদ্ধ-বিরতির পর। এবং সঙ্গে সঙ্গে [illegible] এবং [illegible] সৃষ্টি করা হল, চারিদিকে একটা [illegible] করা হল, [illegible] গ্রেপ্তার করে অসংখ্য মামলা চালিয়ে দেওয়া হল। [illegible] [illegible] [illegible] প্রমাণিত হয়ে [illegible] এই [illegible] জেলা [illegible] [illegible] আরম্ভ করে [illegible] [illegible] পার্টির [illegible] আক্রমণের ঘটনা। [illegible] করা হল এবং [illegible] হল, কম্যুনিস্টরা বিভীষণের কাজ করছে। [illegible] দিল্লীতে পর্যন্ত খবর পাঠানো হল এবং পার্লামেন্টে পর্যন্ত কংগ্রেসের মন্ত্রীরা বললেন, [illegible]কান্ড। [illegible] বৎসর ধরে মামলা চলল, অনেককে জামিন দেওয়া হল না। অনেক পরে জামিন [illegible]। শ্রীঅশ্বিনী রায় এখানে রয়েছেন, দু বৎসর ধরে জামীন দেওয়া হল না। কিন্তু কি [illegible] এই [illegible] মিথ্যা বলে প্রমাণিত হয়ে গেল।

[3-50—4 p.m.]

[illegible] মামলা মিথ্যা বলে প্রমাণিত হয়ে গেল এবং সমস্ত লোক খালাস পেয়ে গেল। আসান-[illegible] তাই হয়েছিল যা নিয়ে খুব হৈ-চৈ হয়েছিল। আমরা জানি বর্ধমানের উপর আপনাদের [illegible] কারণ আমরা জানি—২১টা এম এল এ-র মধ্যে ১১টাতে কংগ্রেস হারে, স্বভাবতঃই কম্যুনিস্টরা ১১টা সীট পায় তাহলে রাগ হবার কারণ থাকবে বৈ কি! এবং তাই দেখা [illegible] ইমারজেন্সির সুযোগ নিয়ে বর্ধমানে এবং আসানসোলে হামলা হল কম্যুনিস্ট পার্টির [illegible] লোককে জেলে পোরা হল এবং তারপর দুটো মামলাই প্রমাণিত হয়ে গেল মিথ্যা। [illegible] বাংলাদেশে যতগুলি মামলা করা হয়েছে তার অধিকাংশ মামলাই প্রমাণ হয়ে গেছে মিথ্যা। [illegible] গ্রেপ্তার করা হচ্ছে দেশরক্ষার নামে আর তার পরেই ৪০।৪৫ টাকা চালের মণ। ২৫ টাকা চালের মণ যেখানে সেখানে যদি দেশের লোকের মনে অসন্তোষ বাড়ে, তাহলে [illegible] খালি পেটে দেশরক্ষা হয়? গত মহাযুদ্ধে সোভিয়েট দেশ জার্মানীর বিরুদ্ধে লড়তে

পেরেছিল—তা শুধু অস্ত্রের জোরে নয়—মূলতঃ গোটা দেশবাসী ঐক্যবদ্ধ করতে পেরেছিল বলেই তবে জিতেছিল। আজ যদি আপনি দেশের বেশির ভাগ লোককে খেতে না দেন আর মুষ্টিমেয় লোকের হাতে মুনাফা করতে দেন তা হলে দেশরক্ষা হয়? অথচ তা আপনারা করতে দিলেন। কিন্তু সাধারণ মানুষ যদি আন্দোলন করতে যায় তখন তার বিরুদ্ধে আপনারা ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলএ দাঁড়াবার চেষ্টা করতে লাগলেন। অর্থাৎ দেশরক্ষা আপনারা করলেন না, দেশকে ভিতর থেকে ফোঁপরা করে দেবার চেষ্টা করলেন। এবার তার ফলে প্রথম প্রথম মানুষের ভিতর অসন্তোষ আরম্ভ হল এবং তারপরে মিটিং মিছিল আরম্ভ হল, তারপরে আন্দোলন হল, তারপরে দমদম দাওয়াই হল—তখন আপনারা বুঝলেন এই করে চলবে না। তারপরে আমাদের ছাড়তে বাধ্য হলেন, আমরাও ছাড়া পেলাম। কিন্তু তারপরেও আপনাদের প্রতিহিংসা চলতে লাগল। এখনও দুইজন কমরেডকে হরি গাঙ্গুলী জলপাইগুড়ির তাঁকে গ্রেপ্তার করে রেখে দিয়েছেন—অভিযোগ কি—শুধু সাকামস্ট্যান্সিয়াল এভিডেন্সটা পড়ে দেখুন—কি হয়েছে, না—মিলিটারি লরি করে চোরা মাল যাচ্ছিল ধরলেন এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট। আমরা নই আমাদের দুইজন কমরেড চায়ের দোকানে বসে চা খাচ্ছিলেন। এনফোর্সমেন্ট-এর পুলিশ তাঁদের বললেন, আমরা মাল সীজ করছি, তোমরা সাক্ষী হও—আপনি যান, থানায় খোঁজ নিন তাঁদের সেখানে কি আছে, তাঁরা স্বাক্ষর দিতে রাজী হলেন—এবং দেখা গেল তার দুইদিন পর তাদের গ্রেপ্তার করা হল, কারণ তারা নাকি মিলিটারির কাজ ব্যাহত করছেন। অর্থাৎ তাঁরা স্বাক্ষর দিতে চাইলেন এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট যে লরীকে গ্রেপ্তার করল এবং তারই দুইদিন পর তাদের গ্রেপ্তার করা হয়েছে। এটা প্রতিহিংসা ছাড়া আর কি হতে পারে? শুধু কি তাই, মাননীয় চেয়ারম্যান মহাশয়, তার পরেও দেখা যাবে লিলুয়ায় ধরুন, এক বছর দেড় বছর চলে গেল তখন আপনারা বলতেন যে, মজুররা বেশি করে খাটে—কিন্তু এক বছর দেড় বছর পরে বিনা মাহিনাতে লোকে কি করে খাটে—স্বভাবতঃই লিলুয়ার শ্রমিকরা প্রতিবাদ করতে গেল—আপনারা ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল চালালেন। জয়া কারখানার মালিকরা যখন লাভ করে বিরাট—লাভের বহর বিরাট বেড়ে গেছে—অথচ তারা যখন মজুরদের বিরুদ্ধে যায় তখন আপনারা কিছু করেন না। আর যখন মজুররা—এমনকি দাঙ্গার মাঝখানে বিভীষিকার মাঝখানে ঐক্য বজায় রেখে এবং সত্যিকারের একটা ভাল অবস্থা বজায় রেখে তারা সংগ্রামটা চালিয়ে যাচ্ছিল তখন পুলিশ লেলিয়ে দিলেন ডি আই রুল প্রয়োগ করলেন এতে কি প্রমাণিত হল ডিফেন্স অফ ইণ্ডিয়া বা ডিফেন্স অফ সুপার প্রফিট? আপনারা কি করেছেন? অতি মুনাফা রক্ষা করা ভারত রক্ষা নয় এটাই আরও ভাল করে ফুটে উঠল আমরা সেই জিনিসটাই লক্ষ্য করে দেখছি যে আপনারা জয়ার বেলায় তাই করলেন। আর ঢাকেশ্বরী কটন মিলস যখন মালিকরা বন্ধ করে দেয় তাতে বুঝি দেশের উৎপাদন ব্যাহত হয় না—আর তার বেলায় বলেন আমাদের করার কিছু নাই। মালিক কিছু করলে করার কিছু নেই—মালিক যদি খারাপ কাজও করে তা হলে করার কিছু নাই, কিন্তু মজুর যদি বাঁচার চেষ্টা করে তাহলে বিরুদ্ধে আপনারা আক্রমণ চালিয়ে যাবেন। সেইজন্য প্রশ্ন হচ্ছে অবস্থা অত্যন্ত বিপজ্জনক হয়ে পড়েছে। যদি আপনারা বলেন, দেশে জিনিসের দাম বাড়বে, অরাজকতা হবে, লোকে খেতে পাবে না মানুষ করবে তাতে দেশরক্ষা ব্যাহত হয় না। কিন্তু তার বিরুদ্ধে প্রতিবাদ করবার অধিকার নাই। মিটিং মিছিলের কি যৌক্তিকতা নাই—আমাদের হরতাল করার অধিকার নাই? যদি গণতন্ত্রে এইটুকু অধিকার না থাকে—এটা হয়ত আপনারা পছন্দ না করতে পারেন। আমরা দেখেছি ২০শে মে-তে যেমনি হরতালের ডাক এল অমনি আপনারা এলোপাথাড়ি গ্রেপ্তার করতে আরম্ভ করলেন। ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস তাদের বিরুদ্ধে ব্যবহার করলেন। আমি শুধু একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে, সীমান্ত মীমাংসা যেখানে কার্যতঃ প্রয়োজন এবং যখন মন্ত্রীরা পর্যন্ত স্বীকার করছেন—এটা এখন আর তেমন বিপদ নাই, যদিও সীমান্ত নিয়ে মীমাংসা হওয়া প্রয়োজন—সেজন্য গভর্নমেন্ট চেষ্টা করছেন কিন্তু এখন প্রশ্ন হয় তা হলে কি এটার অজুহাত দিয়ে চিরকালই ইমার্জেন্সিকে বহাল রেখে যাবেন। যদি আর ৫ বছর চলে কি ১০ বছর চলে, যদি মীমাংসা না হয় তা হলে এটার অর্থ কি এটাই নয় যে আয়ুব খাঁ যা একচোটে করেছে আপনারা সেটাকেই ইমার্জেন্সির নাম দিয়ে করছেন। ওখানেও মিটিং মিছিল করা যায় এখানেও করা যায় ওখানেও ধরে জেলে

পুরে এখানেও আপনারা জেলে পুরছেন। ওখানেও গুলী চালায়, এখানেও আপনারা গুলী চালাচ্ছেন। অর্থাৎ ওখানে মিলিটারী নাম করে করেছে আর আপনারা ইমারজেন্সির নাম করে করছেন। সেজন্য বলছি, এটা খুব বিপদজনক হয়ে যাবে অর্থাৎ আরও যদি জরুরী অবস্থা চালানো হয়, আরও যদি ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস চালানো হয় তাহলে হবে কি—কোন মানুষকে আপনারা মাথা তুলতে দেবেন না—অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে দেবেন না, প্রতিবাদ করলেই তার বিরুদ্ধে আপনারা আক্রমণ করছেন। কার্যত হচ্ছে কি, মুনাফাকে আপনারা বাড়িয়ে দিচ্ছেন, সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে নষ্ট করছেন। এমন একটা ত্রাসের সৃষ্টি করছেন যাতে মানুষ উঠতে না পারে। এটা খুবই বিপদজনক, সেটা আপনাদের পক্ষেও বটে, দেশের পক্ষেও বটে। সেজন্য আজকে আপনাদের যথেষ্ট আইন আছে, যথেষ্ট আপনাদের ক্ষমতা আছে, পি ডি অ্যাক্ট আছে, সিকিউরিটি অ্যাক্ট আছে আর ইমারজেন্সিকে চালিয়ে গণতন্ত্রকে বিপদাপন্ন করবেন না এটাই আমার বক্তব্য।

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that in line 4, after the words "on the rule of law", the following words be inserted, viz.:—

"and whereas these have become instruments in the hands of the Government for crushing popular movements".

মিস্টার চেয়ারম্যান, স্যার, শম্ভুবাবুর একটি অ্যামেণ্ডমেণ্ট আমি প্রধানতঃ এই আইনটির অপপ্রয়োগ কি সাংঘাতিকভাবে হচ্ছে সেটাই আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। ১৯৬২ সালে যখন প্রথম আইনটি বা ইমারজেন্সি ঘোষণা করা হল এই সম্পর্কে আমাদের পার্টির তরফ থেকে আমাদের বক্তব্য পরিষ্কার করে রাখা হয়েছিল যে ইমারজেন্সির সময় গভর্নমেন্টের এক্সট্রা-অর্ডিনারী পাওয়ার দরকার টু ডিল ইন দি সিচুয়েশন। সেইদিন সারা ভারতবর্ষের সারা পশ্চিমবঙ্গের মানুষ একসঙ্গে একতাবদ্ধ হয়ে গভর্নমেন্টের ডিফেন্সকে শক্তিশালী করবার জন্য গভর্নমেন্টের পেছনে এসে দাঁড়িয়েছিল, ঐক্যবদ্ধভাবে দেশের টোটাল ইনটিগ্রিটি যাতে অক্ষুন্ন থাকে তারই জন্য গভর্নমেন্টের পিছনে সমস্ত শক্তি নিয়ে তারা এগিয়ে এসেছিল। আমরা দেখেছি মানুষের স্বতঃস্ফূর্ত স্বাধীনতা রক্ষা করবার যে আকাঙ্ক্ষা এবং প্রেরণা কিভাবে মানুষের এই আকাঙ্ক্ষা এবং স্পৃহা এবং দেশরক্ষার এই ব্যাকুলতাকে নষ্ট করে দিতে হয় তার জ্বলন্ত ইতিহাস আমরা দেখছি গত দুই বছর ধরে। যে এতবড় শক্তি গণজাগরণ আমরা কাজে লাগাতে পারি নি। আমরা সেই মানুষের দেশের প্রতি মমত্ববোধ, দেশপ্রেমকে ঠিক জায়গায় আমরা টেনে নিয়ে এসে সমগ্র জাতকে সঙ্ঘবদ্ধভাবে আমরা দাঁড় করাতে পারি নি। এবং তার ব্যর্থতা অন্যতম কারণ আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী এবং তাদের একদেশদর্শী বা তাদের সঙ্কীর্ণ মনোভাবই ভারতবর্ষকে ঠিক এক জায়গায় দাঁড় করাতে পারে নি—বাইরের শত্রুর বিরুদ্ধে। এবং এই যে
sweeping powers and extraordinary powers

যা আমরা সেদিন ফাণ্ডামেণ্টাল রাইটস সাসপেণ্ড করে গভর্নমেণ্টের হাতে আমরা তুলে দিয়েছিলাম বা সারা ভারতবর্ষের মানুষ তুলে দিয়েছিল। সেই এক্সট্রা-অর্ডিনারি পাওয়ার কিভাবে দিনের পর দিন অপপ্রয়োগ করে তাদের ব্যক্তিগত রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য মালিকের প্রফিটকে বাড়িয়ে দেবার জন্য এই যে চক্রান্ত তা দেখলে বিস্মিত হয়ে যেতে হয়। আমি এই আইনের বিরুদ্ধে এইজন্য বিশেষ করে বলছি যে, এই দুই বছরের যে তিক্ত অভিজ্ঞতা আমরা লাভ করেছি তাতে সারা বাংলাদেশের মানুষ আমরা বিশেষ করে যারা বিরোধী পক্ষের মানুষ আমরা তিল তিল করে অনুভব করেছি যে, কোন গণতান্ত্রিক আন্দোলনকে উচ্ছেদ করার জন্যই যেন চক্রান্ত করে শুধু এটাকে জিইয়ে রাখা হচ্ছে। এ ছাড়া এই আইনের আর কোন দিক আছে বলে আমি ধারণা করতে পারি না। আমি অবাক হয়ে যাই, শুধু কমিউনিস্ট পার্টির সদস্যগণই যে এই আইনে গ্রেপ্তার হয়েছিলেন তা নয়, অন্যান্য যে বামপন্থী সদস্য আছেন কি ফরওয়ার্ড ব্লক অন্যান্য পার্টি তাদের সদস্যদের এই আইনের বিরুদ্ধে বিশেষ করে আজকে দৃঢ়ভাবে দাঁড়ানো প্রয়োজন, তার কারণ এই আইনের এক্সট্রা-অর্ডিনারি পাওয়ার কাউকে ক্ষমা করে নি। যে কোন গণতান্ত্রিক স্বাধীনতাপ্রিয় বা যে কোন দেশপ্রেমিককে এই আইন ক্ষমা করে নি।

[4—4-10 p.m.]

তাঁরা তাঁদের বিরুদ্ধে যে কোন পন্থা অবলম্বন করেছেন। আমি নিজে এই আইনের একজন ভুক্তভোগী, একটা গণতান্ত্রিক আন্দোলন সমর্থন করে বক্তৃতা করেছিলাম বলে আমাকে গ্রেপ্তার করা হয়েছিল এবং দমদম সেন্ট্রাল জেলে আটক থাকতে হয়েছিল। শুধু আমিই নয়, আমাদের দলনেতা শ্রদ্ধেয় হেমন্তবাবুকেও গ্রেপ্তার করা হয়েছিল। আমি জানি, ট্রেজারি বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁদের অনেকের সঙ্গে চোরাকারবারীদের গাটছড়া বাঁধা আছে, যার ফলে তাঁরা কোন এনকোয়ারি কমিশনের সামনে গিয়ে দাঁড়াতে পারবেন না। যদি তাঁদের নিজের বুকে হাত দিয়ে দাঁড়াতে হয়, কোন কমিশন ফেস্ করতে হয় তা হলে তাঁদের পেট্রিওটিজম, অনেস্টি অ্যান্ড ইনটিগ্রিটি উইল বি অ্যাট এ স্টেক। কিন্তু বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের এবং আমাদের শ্রদ্ধেয় হেমন্তবাবু যাঁর পেট্রিওটিজম টেস্টেড তাঁকে পর্যন্ত এই আইনের আওতায় ফেলে এই নির্লজ্জ শাসকদল এক নিকৃষ্টতম উদাহরণ সৃষ্টি করেছে। আমাদের মধ্যে অনেককে এই আইনের অভ্যন্তরে পড়ে কারাগারের অভ্যন্তরে কাটাতে হয়েছে। স্যার, এঁরা পাওয়ারএর মিসইউজ করেছেন এবং যার ফলে অনেককে স্ট্রাইকের সময় আটক থাকতে হয়েছে। আবার আগামী ২৫শে তারিখ সারা ভারতবর্ষব্যাপী হরতাল ডাকা হয়েছে এবং এই যে গণতান্ত্রিক আন্দোলন সারা ভারতবর্ষব্যাপী শুরু হবে তার কারণ হচ্ছে রাইজিং প্রাইস, ব্ল্যাক-মার্কেটিং এবং কোরাপশনএর বিরুদ্ধে মানুষের স্বতঃস্ফূর্ত বিক্ষোভ। এটা আগামী ২৫ তারিখে ধূমায়িত হবে এবং জানি না তার আগে আমাদের এক পা কারগারের অন্তরালে আছে কিনা। এই সুইপিং পাওয়ার্স আমাদের বন্দী করবার হীন চক্রান্ত করছে, কিন্তু মনে রাখবেন যেভাবেই প্রতিশোধ নিন না কেন মানুষের গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা যায় না, আইন দিয়ে বামপন্থী বিরোধীদলের আন্দোলনকে, সারা ভারতবর্ষের মানুষ সক্রিয় আন্দোলনকে দমাতে পারবেন না। এবারে আমি এঁদের মুখোসটা খুলে দিয়ে দেখাতে চাই কিভাবে এঁরা মিসইউজ অব পাওয়ার্স করছেন এবং সেই মুখোস খুলতে গিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি এক্জাম্পল রাখতে চাই। আমি প্রথমেই যাঁর কথা বলব তিনি হচ্ছেন পি আর ঠাকুর, যিনি এর আগে কংগ্রেসে ছিলেন এবং তারপর নিজে পদত্যাগ করেছেন। তাঁর বিশিষ্ট কর্মী সুধাংশুভূষণ দত্তকে কয়েক মাস হল দমদম সেন্ট্রাল জেলে আটক রাখা হয়েছে রুল থার্টি অনুসারে। ওঁকে রাজনৈতিক কর্মীর মর্যাদা দেওয়া হয় নি— অর্ডিনারি ক্রিমিন্যালএর মত তাঁর সঙ্গে ট্রিট করা হচ্ছে। তিনি ১২ বছর যাবত গাইঘাটা অঞ্চলে ঐ কংগ্রেসের সেক্রেটারি ছিলেন নতুবা মণ্ডল কংগ্রেসের সম্পাদক ছিলেন এবং তারপর [illegible] হয়ে পি আর ঠাকুরের সঙ্গে সঙ্গে কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছেদ করেছেন। যেহেতু তিনি কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছেদ করেছেন সেহেতু তাঁর বিরুদ্ধে মামলা এনে, সেই অপরাধে তাঁকে গ্রেপ্তার করে মাসের পর মাস তৃতীয় শ্রেণীর বন্দী হিসাবে আটক করে রেখে দেওয়া হয়েছে। এর ফলে আমরা দেখছি পার্সোনাল ভেনডেটা, প্রতিহিংসার মনোবৃত্তি এঁরা জঘন্যভাবে প্রকাশ করেছেন। কাজেই আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করে জানতে চাই রুল থার্টিতে যে আটক রাখা হয়েছে সে সম্বন্ধে তাঁদের বক্তব্য কি? আইনে কোনরকম প্রভিশন নেই, অথচ এঁরা যা ইচ্ছে তাই করছেন। এরপর আমি আরও কয়েকটি নাম উল্লেখ করতে চাই। মদনকুমার সিং, যিনি হচ্ছেন হাওড়ার [illegible] [illegible] মজদুর সংঘের জয়েন্ট সেক্রেটারি, হাওড়া ডিস্ট্রিক্ট মিল মজদুর ইউনিয়নের সভাপতি এবং হাওড়া কো-অপারেটিভ উইভিং-এর সেক্রেটারি। তাঁকে গ্রেপ্তার করবার জন্য ওখানকার মালিকপক্ষ গভর্নমেন্টের কাছে অনেক রিপ্রেজেন্টেশন দিতে শুরু করল। কিন্তু তাতে কিছু হয় নি দেখে মালিপাঁচঘরা থানার ও-সি ওয়ারেন্ট নিয়ে তাঁকে গ্রেপ্তার করতে গেলেন।

বারাসাত কোর্ট থেকে এই ওয়ারেন্ট ইসু হয়েছে, কিন্তু এস ডি ও-এর কোর্টে গিয়ে জানা গেল যে তাঁর বিরুদ্ধে কোন ওয়ারেন্ট নাই, কোন ওয়ারেন্ট ইসু হয় নি। সেজন্য এই ওয়ারেন্ট যার দ্বারা গ্রেপ্তার করা হচ্ছিল সেটা ফিক্টিসাস ওয়ারেন্ট, এবং কোর্ট থেকেই এটা লিখে দিলেন যে ফিক্টিসাস ওয়ারেন্ট বাই ফিক্টিসাস ম্যাজিস্ট্রেট ইসু হয়েছে অথচ এই ওয়ারেন্ট দিয়েই তাঁকে গ্রেপ্তার করবার চেষ্টা করেছিলেন মালিপাঁচঘরা থানার পুলিশ। সেটা যখন প্রমাণ হয়ে গেল যে এই ওয়ারেন্ট ফিক্টিসাস তখন আর একটা ওয়ারেন্ট ইসু হল হুগলি কোর্ট থেকে, সেটাও ফিক্টিসাস

কেন না সে যখন এস ডি ও কোর্টে দরখাস্ত করল আমার নামে কোন ওয়ারেন্ট আছে কিনা, যখন সে গিয়ে সারেন্ডার করলো তখন সমস্ত কাগজপত্র দেখে মাজিস্ট্রেট পুলিশের সেই ওয়ারেন্ট সম্বন্ধে ম্যাজিস্ট্রেট লিখছেন,

"Seen the original copy of the warrant. It appears that the warrant of arrest is a fictious one as the signature on the body of the warrant appears to be forged. Send this original copy of warrant to S.P., D.I.B., Hooghly for enquiry and detection as to the source of issue of the forged warrant of arrest under the forged signature of an imaginary magistrate."

দু জায়গায় ইমাজিনারী ম্যাজিস্ট্রেটের ইমাজিনারী সিগনেচার নিয়ে ফিক্টিসাস ওয়ারেন্ট নিয়ে গিয়ে তাকে গ্রেপ্তার করতে গেল। হল না গ্রেপ্তার করা, তখন কি করা যায়? তখন পুলিশ অফিসার দেখলেন মালিককে সন্তুষ্ট করার জন্য ফিক্টিসাস নট সাফিসিয়েন্ট, তখন গভর্নমেন্টের কাছে এলেন রুল ৩০ করার জন্য, এই রুল ৩০ করে এই ভদ্রলোককে আটকে রাখা হয়েছে। জেলার পুলিশ অফিসারের কাছে জিজ্ঞাসা করা হয়েছে কি অভিযোগ আছে, তারা বলেছেন আমাদের কাছে কোন অভিযোগ তার বিরুদ্ধে নাই। তবু মাসের পর মাস মদন সিং জেলের মধ্যে পচছে।

আমি আপনার সামনে আরও কয়েকটি তুলে ধরতে চাই। যেমন ধরুন রামচন্দ্র সিংহ, তিনি ট্রেড ইউনিয়নের সেক্রেটারী ছিলেন, তার বিরুদ্ধে কোন অভিযোগ নাই, ট্রেড ইউনিয়ন আন্দোলন করা ছাড়া তার বিরুদ্ধে কোন কিছু নাই, অথচ তাকে রুল ৩০ করে আটকে রাখা হয়েছে। [illegible] সামনে তার অপরাধ, তিনি পুলিশের বিরুদ্ধে অনেকগুলি [illegible] দিয়েছেন, পুলিশ তার বিরুদ্ধে রুল ৩০ করেছে। রাসবিহারী অধিকারী, তিনি পুলিশের [illegible] ধরায় মোকদ্দমা করেছেন নদীয়াতে তার জন্য তার বিরুদ্ধে পুলিশ রুল ৩০ করেছে। যেখানেই পুলিশ দেখছে তাদের বিরুদ্ধে দরখাস্ত পড়েছে সেখানেই তার বিরুদ্ধে [illegible] এবং [illegible] করেছে। [illegible] সেখানেই দেখেছি পুলিশ নির্লজ্জের মত রুল ৩০ প্রয়োগ করছে, জেলখানায় আটকে রাখছে। এইভাবে আমি [illegible] এমারজেন্সীর সুযোগ নিয়ে তাঁরা দেশরক্ষা করছেন। আজকে কংগ্রেস পলিটিক্যাল পার্টি [illegible] নিজেদের সেফগার্ডের জন্য ব্যবস্থা করছেন এবং এইসব চোরা কারবারী অতিলোভী মুনাফাখোরদের প্রশ্রয় দিচ্ছেন। এইভাবে তারা বাংলাদেশ তথা ভারতবর্ষের মানুষের গণতান্ত্রিক কন্ঠরোধ করে এবং ফান্ডামেন্টাল রাইটকে উড়িয়ে দিয়ে দেশের সামনে যে নির্লজ্জের মত ভূমিকা নিচ্ছেন তার বিরুদ্ধে নিশ্চয়ই বাংলাদেশের মানুষ কথা বলবে। সেজন্য যাতে এই মিসইউজ এবং অ্যাবিউজ অফ পাওয়ার না হতে পারে সেজন্য এই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র: মাননীয় সভাপতি মহাশয়, এই ১৩ সংখ্যাটি সব সময়ই অমঙ্গল-সূচক, এটা অনেকেই বলেন। এটা আমাদের দেশেও বোধ হয় মর্মে মর্মে সত্য হয়েছে। প্রজা-তন্ত্রের ত্রয়োদশ বৎসরে চীনা আক্রমণ হল, এবং ভারতরক্ষা আইন পাশ হল। ধার্টিনথ ইয়ার অফ রিপাবলিক অফ ইন্ডিয়া পাশ হল, এবং তাদের আক্রমণ করা হচ্ছে। কিন্তু এই যে অমঙ্গল দেখা দিয়েছে, সেটা কি বক্সরে দূর হয়ে গেছে? সেটাই আজকে বিচার করার কথা। আমি জানি গণতান্ত্রিক দেশে কোন সরকারের হাতেই এই নিরঙ্কুশ ক্ষমতা থাকা জনসাধারণের পক্ষে ভাল হয় না এবং সরকারের পক্ষেও ভাল হয় না। এটা খুবই জানা কথা যে এবসোলিউট পাওয়ার করাপটস অ্যাবসোলিউটলি এটা অত্যন্ত পুরানো কথা। সেজন্য সাধারণ অবস্থা যখন চলে তখন কোন সরকারের হাতে এই ধরনের নিরঙ্কুশ ক্ষমতা থাকা হয়ত উচিত নয়। কিন্তু যখন সাধারণ অবস্থা স্থিতাবস্থা থাকে না, আপৎকালীন অবস্থা আসে, পুরানো অবস্থায় যাকে আপদধর্মী বলা যায়, তখন সাধারণ বিষয়ের অনেক কিছুই বাধ্য হয়ে ত্যাগ করতে হয়। আজকে যে এমারজেন্সীর ব্যাপার চলছে, যে সমস্ত আইনকানুন, ডিফেন্স অফ ইন্ডিয়া হয়েছে এটা একটা অসাধারণ অবস্থার কথা।

[4-10—4-20 p.m.]

একথা নিশ্চয়ই বিচার করেছেন গুলজারিলাল নন্দ, বিচারা করেছেন আমাদের প্রধানমন্ত্রী শাস্ত্রীজী। হরেকৃষ্ণ মহতাব একথা যখন উল্লেখ করেছিলেন তখন তাঁরা এই ভেবে বলেছিলেন যে গণতান্ত্রিক দেশে এইরকম ক্ষমতা বেশীদিন চালু রাখা হয়ত উচিত নয়। কিন্তু কেন চালু রাখা হচ্ছে সেটা কি মাননীয় নিখিল দাস ভাল করে পর্যালোচনা করেছেন? তিনি গত ডিসেম্বর মাসের উল্লেখ করেছেন। কিন্তু গত ডিসেম্বর মাসের পর থেকে ভারতবর্ষের আশেপাশে আন্তর্জাতিক পরিস্থিতির কিরকম অবনতি হয়েছে সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি, প্রায়ই উল্লেখ করা হল, হরেকৃষ্ণবাবু বলেছেন, নিখিলবাবু বলেছেন যে ২০ মাস ধরে উত্তর অঞ্চল শান্ত হয়ে আছে। কিন্তু কি শান্ত হয়ে আছে? আমরা দেখছি সেখানে প্রায় ২০ হাজার বর্গমাইল জমি এখনও চীনারা দখল করে আছে। কলম্বো প্রস্তাব হয়েছিল, সেই প্রস্তাব গ্রহণ করবার জন্য অনেকে অনেকভাবে চীনকে অনুরোধ জানিয়েছেন। ভারতবর্ষ সেই প্রস্তাব গ্রহণ করেছে, কিন্তু চীন তা গ্রহণ করে নি। তারপর কি হয়েছে—আমরা দেখছি যে জানুয়ারী মাসে আমাদের অন্যতম প্রতিবেশী একটা রাষ্ট্র পাকিস্তান সেখানে লঙ্কাকাণ্ড হয়ে যাবার অবস্থা এবং লক্ষ লক্ষ উদ্বাস্তু আবার নতুন করে বাস্তুহারা হয়ে আমাদের দেশে আশ্রয় গ্রহণ করেছে। কাশ্মীর নিয়ে প্রায় লড়াই বাধে বাধে এইরকম অবস্থা। সিকিউরিটি কাউন্সিলে নানারকম আলাপ-আলোচনা হয়েছে। তখন নিখিলবাবু এবং অনেকে বলেছেন যে, আমাদের এই সরকার এইসব পাকিস্তানী চরদের ব্যবস্থা করতে পারছেন না, তাদের উপযুক্ত-ভাবে শায়েস্তা করা দরকার। এই যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে তা বন্ধ করার জন্য সরকার চেষ্টা করতে পারছেন না বা সফল হচ্ছেন না, এইরকম কথা বলা হয়েছে। চৌ-এন-লাই পাকিস্তানে এলেন, এসে পাকিস্তানের সঙ্গে চীনের একটা গাটছড়া বাঁধা হল অর্থাৎ ভারতবর্ষকে দুদিক থেকে চেপে মারার চেটা করা হচ্ছে। সভাপতি মহাশয়, আপনার কাছে ডিসেম্বর মাসে ১৯৬৩ সালে যে অবস্থা ছিল তার থেকে অবস্থা ভাল হয়েছে কি খারাপ হয়েছে সেটা বিচারের জন্য রাখছি। আজও চীনের আগ্রাসী মনোভাব কিছুমাত্র দূর হয় নি। কিছুদিন আগে সংবাদপত্রে দেখেছেন সিকিমের ভেতর চীনের অনুপ্রবেশ ঘটেছে। সিকিমের ধারে ধারে রাস্তা তৈরি করছে, নানাভাবে তারা চেষ্টা করছে ভারতবর্ষের বিরুদ্ধে আবার নতুন করে কি করে আক্রমণ করা যায়। কাজেই মাও সে তুং-এর যে পুরান কথা এখন এগিয়ে যাও শত্রু যখন বাধা দেবে তখন পিছিয়ে আসবে আবার যখন শত্রু ঘুমিয়ে পড়বে তখন নতুন করে আক্রমণ করবে। আজকে সেই অবস্থা দেখা দিয়েছে। কি অবস্থা দেখুন—আজকে শুধু ভারতবর্ষের বিরুদ্ধে নয়, তাদের যে পুরাতন সুহৃদ সোভিয়েট ইউনিয়ন তার বিরুদ্ধে চীন সীমান্ত বিরোধ নতুন করে সুরু করেছে এবং কয়েকদিন পূর্বে ক্রুশ্চেভ সাহেবের লেখা সংবাদপত্রে বেরিয়েছিল—

China condemned for making territorial claims

এটা হচ্ছে গত ৫ই সেপ্টেম্বরের খবর

Soviet Premier, Mr. Nikita Khruschev, yesterday condemned the Chinese leaders for bringing ideological differences into inter State relations and making territorial claims".

আজকের কাগজেও আছে—চায়না ক্রিটিসাইজ বাই আউটার মঙ্গোলিয়া, একই অবস্থা। কাজেই এই আগ্রাসী মনোভাব যেখানে রয়েছে এবং তার দোসর হয়েছে পাকিস্তান, তারা চেষ্টা করছে ভারতবর্ষকে পর্যুদস্ত করবার জন্য, সেই অবস্থায় এমারজেন্সী তোলার কথা যাঁরা বলেন তাঁদের বাস্তব বোধ আছে বলে আমরা বিশ্বাস করতে পারি না। যদি কোনরকম বাস্তব বোধ থাকত তাহলে তাঁরা এমারজেন্সীর কথা তুলে আজকে বলতে পারতেন না যে ডিফেন্স অফ ইন্ডিয়া রুল তুলে নেওয়া হোক। ডিফেন্স অফ ইন্ডিয়া রুল বলুন, এমারজেন্সী বলুন কে করেছে—প্রেসিডেন্ট, তিনি প্রথমে এমারজেন্সী ঘোষণা করলেন। আমাদের সংবিধানে রয়েছে যে ২ মাসের মধ্যে সেটা লোকসভা এবং রাজ্যসভার সামনে উপস্থিত করে তাঁদের সমর্থন নিয়ে

এমারজেন্সী চালু রাখতে হবে। আমার যতদূর মনে পড়ে, লোকসভা এবং রাজ্যসভায় কমিউনিস্ট পার্টির যেসমস্ত সদস্য ছিলেন তাঁরাও পর্যন্ত এই এমারজেন্সী সমর্থন করেছিলেন। কাজেই এমারজেন্সী যেভাবে এসেছে তাতে এটা অন্যান্য স্বৈরাচারী দেশে শাসন ক্ষমতা হাতে নেওয়া নয়, জবরদস্ত করে লক্ষ লক্ষ লোককে মেরে গুলী করে হাজার হাজার লোককে দ্বীপান্তরে পাঠিয়ে ক্ষমতা হাত করা নয় ,গণতান্ত্রিক পন্থতিতে নির্বাচিত যে রাষ্ট্রপতি রয়েছেন, গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত যে রাজ্যসভা, লোকসভা রয়েছে তাঁরা এইসমস্ত ক্ষমতা এই সরকারের হাতে দিয়েছেন।

কাজেই সাসপেনসন হোক বা লেজিসলেচারের ক্ষমতা বৃদ্ধি হোক সেটা সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে। কাজেই গণতন্ত্রের কণ্ঠরোধ করা হচ্ছে বলে যেকথা বলা হয়েছে সেটা সর্বৈব অসার, এটা আপনার কাছে নিবেদন করছি। একটা প্রশ্ন হচ্ছে যে ফান্ডামেন্টাল রাইটস--ফান্ডামেন্টাল রাইটস আকাশ থেকে পড়ে নি, ফান্ডামেন্টাল রাইটস স্বীকৃত হয়েছে, একটা সংবিধানের মধ্য দিয়ে। সেই সংবিধান দেশের মানুষ নিজেদের স্বার্থরক্ষার জন্য গঠন করেছে এবং সেই সংবিধানই এমারজেন্সীর প্রভিসন দিয়েছে, সেই সংবিধান প্রসিডেন্টকে ক্ষমতা দিয়েছে, সেই সংবিধান পার্লামেন্টকে ক্ষমতা দিয়েছে। কাজেই দেশের মানুষ যদি সংবিধানে এই ক্ষমতা সরকারের হাতে দেয় বা কেন্দ্রের যে লোকসভা বা রাজ্যসভা রয়েছে তাদের হাতে দেয়, আমরা কি করে তাকে গণতন্ত্র বিরোধী বলতে পারি। কাজেই গণতন্ত্রের দিক থেকে বা পারিপার্শ্বিক অবস্থার দিক থেকে যে-কোন দিক থেকে বিচার করলে আমরা একথা মানতে রাজী নই যে এমারজেন্সীর সময় চলে গেছে, এমারজেন্সী বাতিল করে দিতে হবে এবং ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস সমস্ত নষ্ট করে দিতে হবে। আমার কাছে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসের বই রয়েছে, নিখিলবাবু এনেছেন কিনা জানি না—অবশ্য এখানে বই দেখাতে ভয় হয়। আমরা জানি যে স্কুল পালানো দুষ্টু ছেলেরা বইটই দেখলে ভয় পায়। সেদিন বিরোধীদলের নেতা জ্যোতিবাবু বললেন প্রতাপবাবু লাল, নীল অনেক বই দেখান। আজকে আমি আইনের বই দেখাচ্ছি, আশা করি তিনি বিরক্ত হবেন না। আপনি দেখবেন ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল পার্লামেণ্ট করেছেন, এটা প্রেসিডেন্টের খেয়ালখুসীমত নয়। ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টের মধ্যে সেই সমস্ত ক্ষমতা দেয়া হয়েছে—দেশরক্ষা, শান্তিশৃঙ্খলা বজায় রাখবার জন্য সমস্ত ক্ষমতার কথা এতে বিশদভাবে বলা হয়েছে। ও'রা আক্রমণ করলেন, বেশীর ভাগ ক্ষেত্রে গ্রেপ্তার করা হচ্ছে—নিশ্চয়ই গ্রেপ্তার করাটা এর মধ্যে একটা ক্ষমতা, কিন্তু গ্রেপ্তার করা ছাড়াও অসংখ্য ব্যাপার এর মধ্যে রয়েছে, এইসমস্ত পাওয়ার কোন প্রয়োজন নেই। এই বই যে-কোন লোক দেখতে পারেন—এর মধ্যে দেখবেন যে উৎপাদন বৃদ্ধির কথা আছে, মজুতদারদের ধরবার কথা অছে, আবার আমাদের মিলিটারীর প্রয়োজন যা কিছু করা দরকার সেসব কথাও আছে। নিখিলবাবু গোড়াতেই সুরু করলেন আমরা শান্তি বৃদ্ধি করতে চাই, যদি শান্তি বৃদ্ধি করতে চান তাহলে এই যেসমস্ত ক্ষমতা রয়েছে, মিলিটারীর হাতে আরো শক্তি দেবার জন্য ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস বা অ্যাক্টে যা রয়েছে সেগুলি সর্বৈব বাতিল করে দিতে চাচ্ছেন কেন? এখন কথা হচ্ছে অপপ্রয়োগ হচ্ছে, মস্তবড় কথা অপপ্রয়োগ হচ্ছে এরকম অভিযোগ এসেছে। মাননীয় সভাপাল মহাশয়, আমি স্বীকার করি যে সরকারী কর্মচারীদের হাতে যদি নিরঙ্কুশ ক্ষমতা থাকে তবে কোন কোন ক্ষেত্রে অপপ্রয়োগ হয়, কিন্তু আমরা কখনও একথা বলতে পারি না যে যত গ্রেপ্তার হয়েছে, যেমন হরেকৃষ্ণবাবু বা অন্যান্যরা বলেছেন তার জন্য অপপ্রয়োগ হয়েছে বলে এই ক্ষমতা সম্পূর্ণ বাতিল করে দেয়া হোক। যখন এই ক্ষমতা ছিল না তখনও তাঁরা অপপ্রয়োগের অভিযোগ এনেছেন, বার বার করে সভায়ও উল্লেখ করেছেন, জ্যোতিবাবু এক একটা ঐরকম ঘটনা দেখিয়েছেন, যেমন আজকে অপূর্ববাবু বললেন যে সরকারী ক্ষমতায় অপপ্রয়োগ হয়েছে, জবরদস্তি করে ধরে নিয়ে গেছে, পুলিশ গিয়ে নানারকম অত্যাচার করেছে, কাজেই এটা অন্যায়। এই কেসগুলি যদি অন্যায় হয়ে থাকে তাহলে তার জন্য ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস পুরোপুরি দায়ী নয়--সরকার পরিচালনার ভিতর যদি কোন ত্রুটি থাকে সেই ত্রুটি নিশ্চয়ই আমাদের সংশোধন করতে হবে। উনি নিশ্চয়ই আশা করবো অপূর্ববাবু বা হরেকৃষ্ণবাবু যেসমস্ত কেসগুলির কথা বলেছেন সেগুলি মুখ্যমন্ত্রী বিচার করবেন এবং আমি জানি অনেক ক্ষেত্রে তিনি বিচার করেছেন যার ফলে অনেকে ছাড়া পেয়েছেন যাদের গ্রেপ্তার করা হয়েছিল। এখানে অনেকেই উপস্থিত

রয়েছেন যাদের একসময় গ্রেপ্তার করা হয়েছিল, কিন্তু চিরকালের মত তাঁদের আটক রাখা হয় নি, তাঁরা ছাড়া পেয়েছেন, আবার এখানে আসছেন। কাজেই গণতন্ত্রের কণ্ঠরোধ করা হচ্ছে বলে যেকথা বলা হয়েছে সেটা ঠিক নয়। আজকে আমরা কি দেখতে পাচ্ছি—একজন বলেছেন আমাদের দেশে অতিরিক্ত মাত্রায় গণতন্ত্র হয়েছে যার ফলে দেখা যাচ্ছে যে গণতন্ত্রের পীঠভূমি সেই বিধানসভা ভবন পর্যন্ত লোক গিয়ে আক্রমণ করছে, ভেঙ্গেচুরে তছনছ করে দিচ্ছে। এগুলি বলবেন যে আপনারা রোধ করবেন না কিন্তু তা রোধ করবার জন্য যে চেষ্টা সেই চেষ্টা যদি পুরোপুরি প্রয়োগ করা হত তাহলে এখানে তাঁরাই আবার তার বিরুদ্ধে নানারকম অভিযোগ তুলতেন।

[4-20—4-30 p.m.]

তাই আজকের দিনে যেসমস্ত কথা হচ্ছে, যদি অপপ্রয়োগ হয়ে থাকে, নির্দিষ্ট বিষয়গুলি এখানে উপস্থিত করলে নিশ্চয় মুখ্যমন্ত্রী মহাশয় সেগুল পর্যালোচনা করবেন। কিন্তু দেশের স্বার্থের জন্য এবং দেশকে রক্ষা করার জন্য যা করণীয় তা করতে হবে। দেশকে রক্ষা বলতে শুধু মিলিটারী অ্যাকশন নয়, দেশরক্ষা বলতে শুধু লড়াই করতে হবে সৈন্য দিয়ে, তা নয়, দেশের মধ্যে আজকে নূতনভাবে উদ্যম নিয়ে কাজ করতে হবে, উৎপাদন বাড়াতে হবে এবং যাতে মিলিটারী অ্যাকশনটা কার্যকরী হতে পারে সেজন্যও চেষ্টা করা দরকার।

বিরোধী পক্ষের একজন মাননীয় সদস্য করাপশান এর কথা বলেছেন। নিশ্চয় করাপশান রয়েছে এবং করাপশান-এর জন্য আজকে আমি জোর গলায় বলতে পারি, কংগ্রেস এমন একটি প্রতিষ্ঠান, যে-কোন একটি রাজ্যের মুখ্যমন্ত্রীকে পর্যন্ত ছেড়ে দেন না। আজকে সেই মুখ্যমন্ত্রীকে বিদায় নিতে হয়েছে, পাঞ্জাবের কাইরণ সাহেবকে, এটা অত্যন্ত গর্বের কথা আমরা বলতে পারি যে, যেখানে করাপশান হচ্ছে, সেখানে কংগ্রেসের লোককে সাজা দেওয়া হচ্ছে এবং মুখ্যমন্ত্রীকে পর্যন্ত ছেড়ে দেওয়া হচ্ছে না। কাজেই যদি এই করাপশান বন্ধ করতে হয়, তাহলে আয়নাটা নিজের মুখের দিকে ধরা দরকার। আমি মাননীয় সমস্ত বন্ধুদের বলবো যে তাঁরা একবার নিজেদের মুখের দিকে আয়নাটা ধরে দেখবেন যে আপনি, আমি করাপশান করছি কিনা এবং করাপশানকে এনকারেজ করছি কিনা নিজেদের দলের স্বার্থসিদ্ধির জন্য। কাজেই আজকে যদি দুর্নীতি বের করতে হয়, তার জন্য এমারজেন্সী পাওয়ার বা ডিফেন্স অফ ইন্ডিয়া রুল প্রয়োগ করবার প্রয়োজন নেই। এই ক্ষমতা আজকে দেশের স্বার্থে প্রয়োজন, জনস্বার্থে প্রয়োজন। গণতন্ত্র রক্ষার জন্য, গণতান্ত্রিক পদ্ধতিতে এই ক্ষমতা দেশের মানুষই নিজেদের উপর চাপিয়ে দিয়েছে। যতদিন না গণতান্ত্রিক পদ্ধতিতে সেই অবস্থার পরিবর্তন হচ্ছে, ততদিন এই অবস্থাকে মেনে নিতে হবে এবং যতদিন চীন-আগ্রাসী মনোভাব থাকবে, চীন-পাকিস্তান আক্রমণের চক্রান্ত থাকবে, ততদিন এমারজেন্সী বজায় রাখতে হবে। এই কথা বলে, এই প্রস্তাব এবং তার যেসব বিকল্প প্রস্তাব হয়েছে তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু আশ্চর্য হয়ে গেলাম। মনে আছে ১৯৬২ সালে নভেম্বর মাসে যখন এখানে সভা ডাকা হয়েছিল এই ব্যাপারে, সেদিন কি দুর্দান্ত প্রতাপে প্রতাপবাবু বক্তৃতা করেছিলেন যে, কমিউনিস্ট চীনকে পাচ্ছি না, পাচ্ছি ভারতীয় কমিউনিস্টদের তার রক্ত চাই। আর আজকে দেখলাম তাঁর গলার সুর একেবারে ক্ষীণ, ইনিয়ে বিনিয়ে তিনি বললেন যে, হ্যাঁ বটে, চীন এখন সরে গিয়েছে বটে, কিন্তু অনেক জমি তো এখনও দখল করে আছে। আর ধরপাকড়? দেখুন, অগণতান্ত্রিক কিছু হচ্ছে না, ধরপাকড় সব তো গণতান্ত্রিক উপায়ে হচ্ছে, পার্লামেন্টের মারফত তো হচ্ছে।

এখানে আমার একটা গল্প মনে পড়ল, এক সাহেব গিয়েছিলেন আফ্রিকাতে নরখাদকদের সুসভ্য করতে। অনেকদিন পরে ফিরে এলেন, এসে তাঁদের বন্ধুদের বললেন—আমি তাদের খুব সভ্য করেছি। বন্ধুরা জিজ্ঞাসা করলেন, কি রকম? তারা কি মানুষের মাংস খাওয়া

ছেড়ে দিয়েছে? তিনি বললেন, না, মানুষের মাংস এখনও তারা খায়, কিন্তু আমি তাদের কাঁটা-চামচ দিয়ে খেতে শিখিয়েছি। ঠিক সেই রকম আমরা এখানেও দেখছি। তাঁরা বলছেন অগণতান্ত্রিক কার্যকলাপ চলছে বটে, তবে গণতান্ত্রিক পদ্ধতিতে চলেছে। এখন কথাটা হল এই—প্রতাপবাবু একটু ভেবে দেখলে বুঝতে পারবেন যে, তাঁর সুরও যেমন নরম হয়েছে, তার বাস্তব কারণও আছে। অর্থাৎ ঐ পরিস্থিতি ১৯৬২ সালে ছিল বলে, তাঁর মত লোক মনে করেছিলেন, আজকে তাঁর মত লোকও মনে করতে পারছেন না যে, আপৎকালীন অবস্থার, সেইরকম জরুরী অবস্থা বজায় আছে। ভেবে দেখুন ১৯৬২ সালে অক্টোবর, নভেম্বর মাসে যখন পার্লামেন্টএ এই ইমারজেন্সি ঘোষণার প্রস্তাব র‍্যাটিফায়েড হয় এবং সেইদিনই তার সঙ্গে জাতীয় ঐক্যসাধন পথে, আক্রমণকারী চীনের বিরুদ্ধে প্রস্তাব গৃহীত হয় এবং সেদিন পার্লামেন্টএর সমস্ত সদস্য দলমত নির্বিশেষে একসঙ্গে উঠে দাঁড়িয়ে এই প্রস্তাবকে সমর্থন করেছিলেন। সেদিন জাতির অটুট ঐক্য দেখা গিয়েছিল এই ইমারজেন্সির পিছনে। আর আজকে একমাত্র কংগ্রেস দল ছাড়া আর সমস্ত দল বলছেন সেই আপৎকালীন পরিস্থিতি এখন নেই, এখন ডি আই অ্যাক্ট তুলে নেওয়া দরকার। এবং প্রতাপবাবুর মত লোকও খুব জোরের সঙ্গে তার বিরোধিতা করতে পারছেন না এইটাই হল বাস্তব কথা। কেন পারছেন না? এই পরিবর্তন কেন আসছে? কারণ দেশের মানুষ এতদিনে বুঝেছে, বুঝেছে যে জরুরী অবস্থা ঘোষণা কিংবা ভারতরক্ষা আইনের প্রয়োগ চীনকে যুদ্ধবিরতিতে বাধ্য করার দিক দিয়ে তার অবদান খুবই সামান্য। চীনকে যুদ্ধবিরতিতে বাধ্য করার অবদান ছিল দেশের মানুষের অপূর্ব ঐক্য এবং তার সঙ্গে সঙ্গে ঔপনিবেশিক বিভিন্ন দেশগুলির জনসাধারণ এবং রাষ্ট্রগুলির চাপ এবং বিশেষ করে সোভিয়েট ইউনিয়নের বন্ধুত্বপূর্ণ মনোভাব যার ফলেও চীনকে কিছু পরিমাণে চাপ দিয়ে যুদ্ধবিরতিতে সাহায্য করেছে। এইগুলিই ছিল ফ্যাক্টর যা ১৯৬২ সালের নভেম্বর মাসে হয়ত অনেকের চোখে পড়ে নি, যার জন্যে কমিউনিস্টদের ধর চাই, এই কথা বলাই ছিল সবচেয়ে বাহাদুরী। কিন্তু আজকে এই দু বৎসরের বাস্তবতার মধ্যে দিয়ে মানুষ বুঝতে শিখেছে যে, আমাদের শুধু তর্জন, গর্জন বা হৈ-চৈ কিংবা ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট-এর নামে চীনকে কিছু করতে পারি বা না পারি এখানে কমিউনিস্টদের এবং বিরোধী যা কিছু আছে তাকে দমন করে নিই এই সুযোগে—এই ছিল আসল মতলব, তা মানুষ বুঝতে পেরেছে। সেইজন্যে এর বিরুদ্ধে জনমত প্রবল হতে আরম্ভ করেছে।

ধরুন কংগ্রেস সরকার বা কংগ্রেস দলই কি বিশ্বাস করেন যে, আপৎকালীন অবস্থা ১৯৬২ সালের মত বর্তমানে আছে? প্রতাপবাবুর সুর থেকেই তা বোঝা যায়। ধরুন, ১৯৬২ সালের নভেম্বরের পরে আমাদের এখানে ভীষণ একটা যুদ্ধের মত অবস্থা যদি থাকত তাহলে স্বভাবতঃই আমরা নির্বাচনের মধ্যে যেতাম না। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম কংগ্রেস সরকারই, এই আমাদের পশ্চিম বাংলাতে বোধহয় জানুয়ারি মাসেই বড়জোড়া বাই-ইলেকশননের হুকুম দিলেন। কি মাসটা আমার মনে নেই, কয়েক মাসের মধ্যে। তার পরে আমরা দেখলাম, পর পর বর্ধমান, মালদহ ইত্যাদি জায়গায় তাঁরা বাই-ইলেকশনের ব্যবস্থা করলেন। যদি আপৎকালীন একটা ভীষণ অবস্থা আছে বলে তাঁরা মনে করতেন, একথা যে কেউ বুঝবেন যে, তা হলে বাই-ইলেকশন করবার সুযোগ তাঁরা দিতেন না। তারপরে ধরুন, বর্তমানে কংগ্রেস সরকার এবং সবাই এখন তোড়জোড় করছেন যে, ফেব্রুয়ারি-মার্চ মাসে কলকাতায় কর্পোরেশনের জেনারেল ইলেকশন হবে। তারপরে চেষ্টা চলছে বিল করে, কনস্টিটিউয়েন্সি এদিক-ওদিক করে কি করে সীট দখল করা যায়, তার কোন ত্রুটি নেই। সে চেষ্টা সম্বন্ধে আমি যাচ্ছি না। কিন্তু তা থেকে একথা পরিষ্কার নয় কি যে, আমাদের সরকারের বাস্তব কর্মপদ্ধতির মধ্যে, এমন কি কংগ্রেস দলের বাস্তব চিন্তাধারার মধ্যেও আপৎকালীন অবস্থা নেই, অতি-স্বাভাবিক অবস্থাই আছে। তারপরে ধরুন এখানে দাঙ্গা বাধলো, এই '৬৪ সালে। যদি বাস্তবিক একটা দেশের সরকার মনে করত যে, আজকে আমি একটা বিদেশী শত্রুর সঙ্গে প্রচণ্ড সংগ্রামে লিপ্ত আছি এবং তার জন্যে আমার সমস্ত শক্তি প্রয়োগ করার জন্য দেশের মধ্যে শৃঙ্খলা রাখবার প্রয়োজন আছে, দুদিনের মধ্যে সেই কমিউনাল রায়ট বন্ধ করনত বাধ্য হতেন না? কিন্তু অত্যন্ত গদাই লস্করি চালে আমরা চোখের সামনে দেখলাম যেমন অতীতে [illegible] দাংগা হলে হয়, আস্তে-আস্তে চেষ্টা আরম্ভ হয়, এদিকে টানাটানি চলে ওদিকে টানাটানি চলে, বহুলোক মরে বহুলোক ক্ষতিগ্রস্ত হয়। তারপরে আস্তে আস্তে থামে. ঠিক সেই

স্বাভাবিক দাঙ্গার মতই থামাবার চেষ্টা সরকার করলেন। তার সমালোচনা না করে আমি আপাতত এটাই দেখাবার চেষ্টা করছি যে, আমাদের কংগ্রেস সরকার বা কংগ্রেসপক্ষের মনের মধ্যে বাস্তবে আপৎকালীন অবস্থা নেই। স্বাভাবিক অবস্থা বলেই তাঁরা এটাকে গ্রহণ করেছেন ১৯৬২ সালের নভেম্বর-ডিসেম্বর মাসের পরের থেকেই। তারপরে দেখুন কংগ্রেস দেশের মধ্যে ঐক্যের কথা বলেছিলেন। আরে বাবা, দেশের মধ্যে ঐক্যের প্রয়োজন তো আছে বটেই, কিন্তু নিজেদের মধ্যে ঐক্যটা আগে ভাবুন। তাদের নিজেদের ঐক্য গত ক' বৎসরের মধ্যে কি অবস্থায় এসে দাঁড়াচ্ছে, কি মারামারি হানাহানি কংগ্রেস দলের মধ্যে প্রচণ্ড বেড়ে চলেছে এবং কেরালায় গভর্নমেন্টের পতনটা যে নিশ্চয়ই কংগ্রেসের ঐক্যের নিদর্শন তাতে কোনই সন্দেহ নাই।

[4-30—4-40 p.m.]

নাই এবং উড়িষ্যার বীরেন মিত্র যে গত হলেন তাও ঐক্যই বটে। যাই হউক কথাটা হচ্ছে এই যে, কংগ্রেসপক্ষ মনে করেন না যে, বাস্তবিকই কোন অস্বাভাবিক অবস্থা বর্তমান আছে। ক্লাইভ জুট মিল বন্ধ হয়ে আছে আজ আট মাস, বঙ্গেশ্বরী কটন মিল বন্ধ হল পরশুদিন। তারপর ধরুন, [illegible] কটন মিল, হেস্টিংস, ইন্ডিয়ান জুট মিল বন্ধ হয়ে আছে। কংগ্রেস সরকারের কোন চেষ্টা আছে সেখানে উৎপাদন চালু রাখা? আমি বলি না। কাজেই আপৎকালীন অবস্থা আছে তা তাঁরা মনে করেন না। কিন্তু আপৎকালীন অবস্থা এবং ডিফেন্স অফ ইন্ডিয়া রুল তাঁরা চালু করে রেখেছেন। কেন রেখেছেন—তার কারণ এটা এখন ডিফেন্স অব কংগ্রেস পার্টি অ্যাক্ট হয়ে দাঁড়িয়েছে। যে কোন গণ-আন্দোলনকে দমন করবার এটা একটা অতি সুন্দর সুযোগ তাঁদের হাতে, সুতরাং সুযোগটা তাঁরা ছাড়তে চান না। কাজেই ইনিয়ে-বিনিয়ে তাঁদের বলতে হয় না এখনও তো চীন আছে জমি দখল করে। সুতরাং আমাদের এখানে এখানকার মানুষদের ধরে পেটাবার অধিকার থাকা দরকার। চীনকে পিটোতে পারতেন আমার কোন আপত্তি ছিল না, কিন্তু ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট দিয়ে তাঁরা চীনকে পেটার কোন সুবিধা পান নি—এদেশের মানুষকে কি করে পেটা যায় তার ব্যবস্থাই করেছেন। তাঁরা কেন চান—তার কারণ আমি বললাম। যা তাঁরা করেছেন এই ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট এর নামে তার অপপ্রয়োগ অথবা সেটাই হয়ত তাদের প্রয়োগের ইচ্ছা ছিল সেইভাবে তার অনেক উদাহরণ অনেক বন্ধু দিয়েছেন। আমি শুধু একটি উদাহরণ দিচ্ছি—সেই সময় দেখেছিলাম আমরা যে বাগনানে পণ্ডিত নেহরুর কুশপুত্তলিকা দাহ করা হয়েছে বলে সমস্ত খবরের কাগজে কংগ্রেস দলের পক্ষ থেকে ভীষণ প্রচার আরম্ভ হল এবং বাগনানে তার অর্ধেক গ্রামবাসীকে গ্রেপ্তার করে কোর্টে মামলা রুজু করা হল, জেল হাজতে বন্ধ করে রাখা হল, এবং এখানেও আমরা দেখেছি, কি রকম প্রস্তাব আনা হল তার উপর। আসল ব্যাপারটা কি ছিল, ব্যাপারটা ছিল পূর্ণেন্দু খাঁ কংগ্রেসী এম-পি বাগনানে যে একটা তাদের কমিটি ছিল সেই কমিটির টাকা মেরেছিলেন, সেই টাকা গ্রামের লোকেরা দাবি করেছিল এবং তিনি তা দিতে না পেরে সেখানকার বেশির ভাগ অধিবাসীকে পণ্ডিত নেহেরুর কুশপুত্তলিকা দাহ করার নামে মামলা ফাঁসিয়ে গ্রেপ্তার করিয়েছিলেন। দেড় বছর তাদের নামে মামলা চলল। তারপরে তারা প্রত্যেকে বেকসুর খালাস পেয়ে গেল। এই হল ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট। আপনি বলবেন অফিসারের ত্রুটি হয়েছিল তো। অফিসারের যদি অনবধানতাবশতঃ ত্রুটি হয় সেই ত্রুটির বোঝা কেন এই মানুষগুলোকে বহন করতে হবে। কেন সে ত্রুটি করার সুযোগ পাচ্ছে—এইজন্য পাচ্ছে যে, নরম্যাল রিড্রেস সেই সমস্ত মানুষের যা সাধারণ আইনের মধ্যে ছিল তার থেকে আপনি ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট করে আপনি বঞ্চিত করেছেন। যখন আপনিও বাস্তবিকপক্ষে মনে করছেন না, এমন কিছু আপৎকালীন অবস্থা চলছে, স্বাভাবিকভাবেও আপনি অন্য সমস্ত কাজকর্ম পরিচালনা করছেন তাহলে কেন আপনার যারা বিরোধী দল বা আপনার কোন অফিসারের, আপনারই দলের কোন অসাধু অপরাধী লোকদের যাতে তার বিরুদ্ধে প্রতিবিধানের কোন ব্যবস্থা করতে দেবেন না। দেশরক্ষার সম্পর্ণ ব্যবস্থাদি রাখতে হবে তাতে কোন সন্দেহ নাই। কিন্তু তার জন্য এখন এই ইমারজেন্সির কি দরকার? পাকিস্তান হুমকি দিচ্ছে অথচ তারা হুমকি দিলে আমাদের এখানকার দেশের লোককে হুমকি দিতে হবে ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টএ এটা কোন দেশী

আইন অার কোন দেশী নিয়ম তা আমি বুঝতে পারলাম না। তা হলে তো চিরজীবন কোন না কোন দেশ কোন না কোন দেশকে হুমকি দিয়েই থাকে, তাহলে চিরকালই ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট চালু করে রাখতে হবে। এটা কোন যুক্তি হল না। সরকার নিজেই কিছু পরিমাণে স্বীকার করেন অবস্থা প্রায় স্বাভাবিক হয়ে আসছে যার জন্য অনেক বন্দীকে ধরে ছেড়ে দিয়েছেন বা ছেড়ে দিতে বাধ্য হয়েছেন, কেননা জনমতের চাপ আছে স্বাভাবিক অবস্থার চাপ আছে। আমি জিজ্ঞাসা করি যে, বর্তমান অবস্থায় ডিফেন্স অফ ইন্ডিয়ার বইটা পড়ে দেখালেন, কিন্তু আমি বলি বই দেখানোর তো প্রশ্ন নয়, ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টএর একটা ধারা পড়ে দিচ্ছি, তাহলে যে ভারত সরকার কিম্বা তার অফিসার কোন স্টেট লেজিসলেচারকে ওভাররাইড করতে পারবেন। আমরা স্টেট লেজিসলেচারএ ক্ষমতা কি এমন বর্তমান সময়ে অবস্থা আছে যার জন্য ভারত সরকার কিম্বা তার অফিসার এটা তুলে দেবে? স্টেট গভর্নমেন্ট এবং তার অফিসাররাও প্রয়োজন হলে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অনুসারে স্টেট লেজিসলেচারএর ক্ষমতাকে ওভাররাইড করতে পারবেন। কি অবস্থা আছে তিনি বুকে হাত দিয়ে বলুন যে, তার জন্য স্টেট লেজিসলেচারএর সেই ক্ষমতা কেড়ে নেবার প্রয়োজন আছে? তারপরে খবরের কাগজ বন্ধ করে দেওয়া—যে কোন বই যা কিছু সব বন্ধ করে দিতে পারেন। সিকিউরিটি ডিমান্ড করা ফরফিট করা—যে আপৎকালীন অবস্থার কল্পনা করা হয়েছিল তা কি বর্তমান আছে? নেই। আমার মনে হয় কেউ এটা স্বীকার করবেন না। তারপরে ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টএর নামে সেই বৃটিশের ঘৃণিত সিডিশন অ্যাক্ট সেটাও চালু করা হয়েছে। আজকে কি এমন আপৎকালীন অবস্থা বর্তমান আছে যার জন্য এই আইন ভারতবর্ষের গণতন্ত্রের ঐতিহ্যকে বিলিয়ে দেবার প্রয়োজন হয়েছে?

এই সমস্ত বিবেচনা করে আমি এই প্রস্তাব সমর্থন করছি এবং হরেকৃষ্ণ কোঙারের যে প্রস্তাব তাও আমি সমর্থন করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সভায় এক নতুন পরিবেশের সৃষ্টি হয়েছে। এককালে আমরা দেখেছি ঐ চীনামার্কা কম্যুনিস্টরা ছাড়া আর সকলেই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসকে সমর্থন করেছিল অবশ্য এদের মধ্যে মতবিরোধ হয়ে নানানরকম অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের মধ্যে নাকি—লাহিড়ী মহাশয় এখুনি বললেন যে, আমরা ভীষণ দুর্বল হয়ে পড়েছি। দুর্বলতা ঢাকবার জন্য ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস আমাদের দরকার, আমাদের মন্ত্রীদের এবং মুখ্যমন্ত্রীদের বিরুদ্ধে নানান রকম করাপশন-এর চার্জ এবং কোথাও মন্ত্রিসভার পতন ইত্যাদি ইত্যাদি ঘটনায় আমাদের মধ্যে ঝগড়া এমন আরম্ভ হয়েছে যে, আমরা আর রাজত্ব টেকাতে পারছি না। আমার একটা কবির কথা মনে পড়ে গেল স্যার। "চালুনি কহিছে ছুঁচে তুই কেন ছ্যাদা"—চালুনি বলছে সুচকে তুই ছেঁদা কেন? তোর তলায় ছেঁদা রয়েছে কেন? কমিউনিস্ট পার্টি আজকে তিন টুকরো হয়েছে, আবার শুনছি আরেক টুকরো—মানে একটা তো জানছি ফাদার ক্রুশ্চেভ একজনের মাদার চায়না, কিন্তু ফাদার মাদারলেস আরেকটি দল রয়েছে ঐ লীডার অফ অপোজিশনএর আমরা স্যার, এখন তার পেডিগ্রি চাই। এর কে বাবা আর কে মা? সেজন্য আবার শুনছি এই পেডিগ্রি ছাড়াও আরেক দল হয়েছে। অতএব আপনারা আর এই মুখে একথা বলবেন না যে, কংগ্রেস তার দুর্বলতা ঢাকবার জন্য বা ঝগড়া ঢাকবার জন্য ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস চালাতে চাইছে। একটা জিনিস আমি আজকে স্পষ্ট করে জানিয়ে দিচ্ছি, লাহিড়ী মহাশয় বললেন যে, প্রতাপবাবুর গলা উঠছে না আজকে। প্রতাপবাবু বরাবরই নরম গলায় বলেন, যাঁরা গলায় মাইক বেঁধে চলেন ও'দের কথা আলাদা। প্রতাপবাবু ভদ্রলোক, প্রফেসর মানুষ, উকিল মানুষ, আইনজ্ঞ মানুষ—ইনি একটু ভদ্রভাষায় কথাবার্তা বলেন—ওটা ও'রা বুঝতে পারেন না। কোনটা কিভাবে বলতে হয় সেটা ও'রা জানেন না। স্যার, আমি আজকে এই প্রস্তাবকে যে প্রস্তাব আজকে এই হাউসের সামনে এসেছে, নিখিলবাবু যা এনেছেন, আমি তার ঘোর বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে, আজকে আমরা কি দেখতে পাচ্ছি—ও'রা ভেবেছেন যেহেতু চীনারা আক্রমণ বন্ধ করে দিয়েছেন আর আমাদের ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস চালু করবার দরকার নেই। কিন্তু একটা জিনিস ভুল করছেন যে, সাম্রাজ্যবাদী চীন এবং তার সঙ্গে পাকিস্তানকে আমি

সাম্রাজ্যবাদী বলব, যখন এই দুটো সাম্রাজ্যবাদী গাঁটছড়া বেঁধেছে, তখন কি ভেবেছেন যে যুদ্ধ বন্ধ করে দিলেই তারা শান্ত হয়ে গেছে? আপনাদের কি এই কথা মনে নেই—যারা কমিউনিস্ট নয় তাদের কাছে আমি আবেদন করছি, আপনারা কি ভুলে গেছেন ঐ সাম্রাজ্যবাদী চীনের যে নমুনা যে নকশা আমরা দিনের পর দিন দেখতে পাচ্ছি তারা কি আমাদের ভবিষ্যতে আক্রমণ করবে না, তারা কি চুপ করে বসে থাকবে? এমন কি তাদের যে দোসর রুশদেশ সেই রুশদেশের উপর আক্রমণ করতেও তারা দ্বিধাবোধ করছে না। আপনারা কি এই কথা ভুলে গেছেন যে, একটা দেশ যখন অপর দেশের উপর লোলুপ দৃষ্টি হানে সে সাময়িকভাবে —যখন সারা পৃথিবীর মানুষ দাঁড়িয়ে প্রতিবাদ করল যে, ভারতকে আক্রমণ করা চলবে না তখন চীন স্তব্ধ হয়েছিল।

[4-40—4-50 p.m.]

কিন্তু আজকে যদি এই আইনকে তুলে নিয়ে যাই, শিথিল করি, তাহলে কি আবার আক্রমণ হবে না? এই গ্যারান্টি কি এ'রা দিতে পারবেন? না, পারবেন না। নিখিলবাবুর সেই ক্ষমতা নেই এবং এটা আমরা জানি নিখিলবাবুর দল আজকে চীনা কমিউনিস্টদের দালাল ছাড়া আর কিছুই নয়—এ'রা চীনের দালালি করছেন। চীনের টাকা পাকিস্তানের মাধ্যমে আসছে এবং সেই টাকা নিয়ে এ'রা দালালি করছেন। এর জন্য এ'দের লজ্জা করা উচিত। এ'রা নিজেদের নন-কমিউনিস্ট বলে প্রচার করেন, আবার এ'রাই বলেন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস তুলে দিতে হবে। আমাদের কমিউনিস্ট বন্ধুরা বললেন, ৪০ টাকায় চাল পাওয়া যাচ্ছে না, তেল পাওয়া যাচ্ছে না। আমি তাঁদের বলি, যারা ৪০ টাকা চাল করেছে, যারা চাল, তেল, মাছ বাজার থেকে সরিয়ে দিয়েছে তাদের উপর ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস এ্যাপ্লাই করা হয়েছে। যদি এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস এ্যাপ্লাই করা না হত তাহলে চাল পেতাম না, বাংলাদেশের মানুষ না খেয়ে মরত—যেটুকু পাচ্ছে তাও পেত না। আজকে শয়ে, শয়ে কালোবাজারীকে ডি আই রুলস-এ ডিটেন করে রাখা হয়েছে। এর জন্য মন্ত্রিমহাশয়ের কাছে হাজার হাজার লোক গেছে এবং বলেছে, ওদের ছেড়ে দিন। কাজেই দেখা যাচ্ছে, যদি ডি আই রুলস না থাকত, তাহলে আরও খারাপ হত। স্যার এ'রা বলেন আমাদের যে কোন আইনে ধরুন, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ ধরবেন না—আমরা জানি কি করে কোর্টে লড়াই করে বেরিয়ে আসতে হয়। আমি মনে করি, যদি দেশশাসন করতে হয়, দেশের মানুষকে খেতেপরতে দিতে হয় তাহলে সেই বাঁচার জন্য প্রয়োজন এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস। এবারে আমি আর একটা প্রসঙ্গ বলব। আজকে দেখছি, শ্রমিক এবং মালিকের বিরোধে পর্যন্ত ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অ্যাপ্লাই করা হচ্ছে। শ্রমিকরা যখন তাদের মালিকের কাছে তাদের ন্যায্য দাবী নিয়ে যায়, তখন মালিক বলে, না হবে না। পশ্চিম বাংলার লেবার মিনিস্টার মালিকপক্ষকে বলেছিলেন, জিনিসপত্রের দাম বেড়েছে কাজেই তোমরা শ্রমিকদের পয়সা দাও। কিন্তু মালিক-পক্ষ বলল, না, হবে না। তখন সঙ্গে সঙ্গে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অ্যাপ্লাই করে বিগ ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রিজএর লোকদের দশ টাকা বাড়িয়ে দেওয়া হল। আমি জিজ্ঞাসা করি অন্য কোন আইনের ক্ষমতা আছে শ্রমিকদের বেশি পয়সা দিতে পারে? মালিকপক্ষ সব সময় বলে আমরা দেব না আমাদের লাভ হয় না। আমরা জানি লাভ হওয়া সত্ত্বেও তারা দেয় না। কিন্তু এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অ্যাপ্লাই করে পশ্চিম বাংলার শ্রমমন্ত্রী দশ টাকা করে প্রতি শ্রমিককে বাড়িয়ে দিয়েছেন। তারপর, এ'রা বিজনেসম্যানদের কথা বলেছেন। স্যার, এ'রা কিন্তু কেরালায় গিয়ে চালকল মালিকদের বাড়িতেই পোলাও, মাংস খেয়েছেন এবং বেটাকে [illegible] দালালি করা ছাড়া আর কিছুই বলতে পারি না—বিশেষত এই কমিউনিস্ট পার্টিকে। আজকে যেসমস্ত আনস্ক্রুপুলাস বিজনেসম্যান মনে করছে দেশের মানুষকে মেরে বড় বড় বাড়ি হাঁকাব, তাদের জনাই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস দরকার। প্রতাপবাবু বলেছেন, দেশের স্বাধীনতা, ঐক্য রক্ষার জন্য ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস দরকার—অবশ্য ২-১ জায়গায় যদি অন্যায় ভাবে প্রয়োগ করা হয়ে থাকে তাহলে তার প্রতিবাদ জানাচ্ছি। স্যার, যাঁরা কাজ করেন তাঁদের ভুল হয়, যাঁরা কাজ করেন না তাঁদের ভুল হয় না। এ'রা কোনদিন কাজ করেন নি, তাই এ'দের ভুল হয় না। আমরা গণতন্ত্র বজায় রাখছি এবং কাজ করতে গিয়ে যদি আমাদের ভুল হয় তাহলে সেই ভুল সংশোধন করে দেবার জন্য বিরোধী দলের এতগুলি সদস্যকে মাইনে দিচ্ছি, অ্যালাউন্স

দিচ্ছি এবং তোয়াজ করে গাড়িতে করে বাড়ি পাঠাচ্ছি। গণতন্ত্র বজায় রাখবার জন্য এটা আমরা করেছি এবং যদি ভুল হয় তাহলে সেটা ধরিয়ে দেবার জনাই তাঁরা রয়েছেন। তবে কোথাও যদি অন্যায় হয়ে থাকে তাহলে আমি তার প্রতিবাদ করছি।

আমি জানি, আমি দু-চারটি ক্ষেত্রে মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ জানিয়েছি, তিনি তাদের রিলিজ করে দিয়েছেন। আমি একথা কমিউনিস্ট পার্টির কাছে বলছি যে, যদি কোন অন্যায়-ভাবে ব্যক্তিগত কোন স্বার্থে মানুষকে ডি আই রুলে আটকে রাখে তাহলে মুখ্যমন্ত্রীর কাছে যাবেন, নিশ্চয়ই তিনি ন্যায়বিচার করবেন। হেমন্তবাবু আমার পুরানো নেতা, তাঁকে যখন ডি আই রুলে ধরা হয়েছিল তখন আমি নিজে হেমন্তবাবুকে রাইটার্স বিল্ডিংস থেকে তাঁর বাড়িতে পেণছে দিয়েছিলাম এবং তাঁর সুটকেশ বয়ে নিয়ে গিয়ে তাঁর বাড়িতে পেণছে দিয়ে-ছিলাম। আজকে একথা অস্বীকার করা চলে না এবং আমি বলছি এই ডি আই রুলে ধরে রাখা উচিত নয়। অবশ্য পাকিস্তান সংখ্যালঘু বাঁচাও আন্দোলন যাঁরা করেছিলেন, তাঁদের আমি একটা কথা বলি যে, পাকিস্তান একটি বিদেশী রাষ্ট্র তাদের সঙ্গে যতক্ষণ না আমাদের সম্পর্ক ছিন্ন হচ্ছে ততক্ষণ তাদের সঙ্গে যে চুক্তি আছে তাদের মাল দেবার এবং তাদের ওখান থেকে মাল আনবার, তা বন্ধ হতে পারে না। কারণ আইনকে বাংলা সরকার তথা ভারত সর-কারকে রক্ষা করতে হবে। আইন রক্ষার দায়িত্ব সরকারে হাতে, বিরোধীপক্ষের হাতে নয়, কাজে কাজেই জনসাধারণ যাদের উপর দায়িত্ব দিয়েছে আইন রক্ষা করার, তাঁরা যদি কেউ আইন অমান্য করে তাকে নিশ্চয়ই প্রয়োজন হলে ডি আই রুলে আটকে রাখবে, অন্যান্য আইনেও নিশ্চয় তাদের ধরবেন। সেজন্য আমি বার বার করে যে প্রস্তাব আসছে তার বিরোধিতা করছি। আমি মনে করি যে, যদি বাংলা সরকারকে বাঁচিয়ে রাখতে হয়, যদি ভারত সরকারকে বাঁচিয়ে রাখতে হয়, ভারতের ৩৫ কোটি মানুষকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে নিশ্চয়ই প্রয়োজন আছে ডি আই রুলের, এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী: মাননীয় চেয়ারম্যান মহাশয়, এর আগে কংগ্রেস পক্ষ থেকে দুজন বক্তৃতা দিয়ে গেছেন, এই রেজোলিউসনের বিরুদ্ধে। তার মধ্যে নেপালবাবু শেষে যে ম্যালোড্রামা বক্তৃতা দিলেন, তা আমাদের খুব আনন্দ দিয়েছে। কারণ এতক্ষণ হাউসে গুরুগম্ভীর পরিবেশ ছিল, সেটাকে তিনি হালকা করেছেন। তবে একটা আছে—পাগলে কি না বলে আর কি একজন আছে সে কিনা খায়। সেজন্য নেপালবাবুর কথার জবাব আমি দেব না। একমাত্র প্রতাপবাবু যিনি আইন টাইন ঘাঁটেন এবং অনেকদূর অগ্রসর হয়েছেন এবং যিনি আমাদের দেখাতে চেষ্টা করেছেন যে আমাদের উপকারার্থে এই বেড়াজালে, এই নাগপাশে বেঁধে রাখা হয়েছে, তার উত্তরে আমি দুই একটি কথার অবতারণা করছি। প্রতাপচন্দ্র চন্দর মহাশয় যখন বললেন বিভিন্ন দেশে এই রকম আইন, ইমারজেন্সির মত আইন, তারা করেছেন গায়ের জোরে, কিন্তু আমাদের দেশে যেটা হয়েছে সেটা হয়েছে গণতান্ত্রিক উপায়ে। তিনি যা বললেন, এটাই তার মোদ্দা কথা। প্রতাপবাবু যখন একথা বলছিলেন তখন আমার একটা গল্পের কথা মনে পড়ছিল। এক জমিদার ছিলেন, সেই জমিদার পরম ধার্মিক ছিলেন, কিন্তু তার ছেলেগুলো ছিল যাকে বলে অত্যান্ত মানসুরে, শরৎবাবুর কথায়। এক বৃদ্ধ ব্রাহ্মণ আসে ভিক্ষে করতে এবং সেই জমি-দারদের ছেলেদের সামনে পড়ে যায়, তখন সেই জমিদারের ছেলেরা বলে ব্যাটাকে ধরে দে মার: মারতে মারতে মেরে ফ্যাল, ব্যাটা ভিক্ষা চায়? যখন মারতে মারতে রক্তাক্ত কলেবর হল, তখন জমিদারদের কাছে খবর গেল: জমিদার খুব ধর্মভীরু, তিনি ছুটে গিয়ে বললেন, কি সর্বনাশ হিংসা করিস না, আমি থাকতে রক্তপাত এ কি? জমিদার তখন বললেন ঠিক আছে, রক্তপাত করতে হবে না।

[4-50—5 p.m.]

বলে তাঁর একজন খানসামাকে বললেন যে একটা বোরা নিয়ে এস, এনে এই ব্রাহ্মণকে বোরার মধ্যে পুরে বাঁধ, বেঁধে গঙ্গার জলে ভাসিয়ে দাও। কিন্তু রক্তপাত করো না। প্রতাপবাবু গণতান্ত্রিক উপায়ে অগণতান্ত্রিক 'ল' টাকে সেইভাবে বিশ্লেষণ করলেন। আমরা অন্ততঃপক্ষে এইরকম চিন্তাধারার সঙ্গে একমত হতে পারি না। কারণ, আমরা মনে করি জনসাধারণ এতখানি আনকমন চিন্তাধারার মধ্যে যাবে না। স্যার, এই যে এমারজেন্সি ল এটা প্রতাপবাবু বললেন, দমনমূলক নয়, দেশের উৎপাদন বাড়ানর জন্য এটার প্রয়োজন রয়েছে। আমি জিজ্ঞাসা

করছি প্রতাপবাবু এবং মন্ত্রিমহাশয়দের কাছে যে এমারজেন্সি ডিক্লেয়ার্ড হবার পর যেসময় আমাদের জোয়ানদের রক্তে হিমালয়ের শিখরের পাথরগুলো পর্যন্ত ভেসে যাচ্ছিল তার ঠিক কিছু পরে রক্ত তখনও শুকায়নি এ'রা এতখানি এমারজেন্সির জন্য ব্যস্ত যে রাইটার্স বিল্ডিংস-এর কিছু কিছু কামরা এয়ার-কন্ডিসান করিয়েছিলেন এই এমারজেন্সি ল থাকাকালীন এবং আমরা শুনেছি ফ্রি স্কুল স্ট্রীটে সেক্রেটারীর যে চেম্বার সেটাও নাকি এয়ার-কণ্ডিসান করা হয়েছে এমারজেন্সি থাকাকালীন। এতে নাকি এফিসিয়েন্সি বাড়ছে, গরম মাথা ঠাণ্ডা করবার জন্য দরকার হচ্ছে। গরম মাথা ঠাণ্ডা ২৫ তারিখ থেকে সুরু হবে। ঠাণ্ডা ঠিকই হবে তবে একটু দেরি হচ্ছে। স্যার, কথা হচ্ছে আমরা কেন এর বিরুদ্ধে। আমরা এর আগে এমারজেন্সি সমর্থন করেছি। আর একটা কথা হচ্ছে এই এমারজেন্সি রাখার জন্য বলছেন যে এ না হলে দেশের সর্বনাশ হবে। আমি আপনাকে বলছি যে এমারজেন্সির প্রতি যদি এ'দের এতখানি আস্থা থাকত তাহলে, ব্লিজ পত্রিকায় দেখেছি, ৭০ লক্ষ টাকা ব্যয় করে দুর্গাপুর কংগ্রেসের জৌলুস করবার কি দরকার হতে পারে? এমারজেন্সি যদি থাকে, নেসান অস্টারিটির যদি দরকার হয় তাহলে ঐ ৭০ লক্ষ টাকা ব্যয় করে দুর্গাপুরে কংগ্রেসের জৌলুস করতে যাচ্ছেন কেন? তার মানে তাঁরা নিজেরাই এমারজেন্সিতে বিশ্বাস করেন না। স্যার, এই এমারজেন্সি ল আমরা সাপোর্ট করেছিলাম এই জন্য যে বহিশত্রুর হাত থেকে আমাদের দেশের মর্যাদা, সোভারনিটি রক্ষা করবার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে। কিন্তু দেখলাম কি, না বহিশত্রু যেখানে থাকবার সেখানে থেকে গেল, জনসাধারণ যে উদ্বুদ্ধ হয়েছিল এ'দের এই দীর্ঘ একটানা দুষ্কর্মের জন্য তারা ফ্রাসট্রেটেড হয়ে গেছে এবং আজকে সীমান্তের যে অবস্থা তাতে, এ'দের কথা অনুসারে, এই অবস্থা দীর্ঘকাল চলবে। তাহলে জেনারেসানের পর জেনারসান চলল আমাদের কি এমারজেন্সির মধ্যে থাকতে হবে? এটার কি লজিক তা আমরা বুঝি না। কাজেই এমারজেন্সি ল যখন আমরা সাপোর্ট করেছিলাম তখন মনে করিনি যে কামরাজ মহারাজের হাতে বার্থডে-তে ৬ লক্ষ টাকা মহাজনদের কাছ থেকে নিয়ে তোড়া উপহার দিতে হবে। আমরা মনে করেছিলাম যে মহাজনদের ঘর থেকে টাকা নিয়ে আমাদের দেশ রক্ষা করব। আমাদের সরকার সেটা করেন নি। আজকে সর্বত্র হাহাকার উঠেছে। আপনারা জানেন এই হাহাকারের পিছনে মহাজন, আড়তদার, মনোপলিস্ট, ক্যাপিটালিস্টরা রয়ে গেছে। এই মনোপলিস্ট ক্যাপিটালিস্টের চাবুকের কাছে এরা মাথা নত করে বসে আছেন। জনসাধারণকে যখন চাল ১ টাকার জায়গায় ১৪ আনা ১৫ আনায় দিতে গেল, তখন এমারজেন্সি ল অনুসারে আমাদের কমরেডদের ধরে নেওয়া হল। তখন নিশ্চয়ই এমারজেন্সি ল এর বিরুদ্ধে জনতার ক্রোধ বাড়ছে। আমি মনে করি এইভাবে যদি চলে তাহলে গণতান্ত্রিক যে বেজ সেটা নষ্ট হয়ে যাবে। ওয়ার মানে শুধু অস্ত্রের ঝনঝনানি নয়। সেকেন্ড ওয়ার্ল্ড ওয়ার যাঁরা ক্লোজলি ফলো করেছেন তাঁরা জানেন ওয়ার যদি টোটালি পিপলস ওয়ারে পরিণত না হয় তাহলে সেই ওয়ারে জয়লাভ হয় না। আজকে যে জনসাধারণের চেতনা জাগান দরকার, তাদের মধ্যে প্যাট্রিওটিজম জাগান দরকার সেই জনসাধারণের উপর আপনাদের আস্থা নেই।

আপনারা এমারজেন্সীর বন্ধনে রেখে দেশরক্ষা করবেন তা হয় না। সেজন্য আমি বলছি যে এমারজেন্সী এখন হয়ে দাঁড়িয়েছে

It is a fraud on the Constitution and a blank cheque to the black marketeers, human serfs and antisocial elements and to the despotic Congress party.

কাজেই এরকম একটা অবস্থা আমরা চলতে দিতে পারি না। সেজন্য আমি আমার পার্টির তরফ থেকে এমারজেন্সীর বিরুদ্ধে এত কথা বলছি। এমারজেন্সীর কি অবস্থা আর একটা উদাহরণ দিই। এখানে স্যার, আপনি কনডোলেন্স নিয়ে এলেন শ্রীহেম সান্যালের মৃত্যুতে। দিল্লীর বুকে এমারজেন্সী চলাকালীন প্রাইম মিনিস্টারের বাড়ীর ২০০ গজের মধ্যে, স্পীকারের বাড়ীর গান ইয়ার্ডেস-এর মধ্যে যেখানে সবচেয়ে গার্ডেড এরিয়া সেখানে সেই ভদ্রলোককে খুন করা হল। এমারজেন্সীর সময় দিল্লীর বুকে যদি এই হয়, লোকের নিরাপত্তা আপনারা যদি রক্ষা করতে না পারেন তাহলে আপনারা দেশের নিরাপত্তা রক্ষা করবেন এই আপনাদের সার্টিফিকেট হল?

কাজেই আপনাদের কাছ দিয়েই আপনাদের সার্টিফিকেট হয়ে গেছে, অর্থাৎ আপনাদের হাতে এমারজেন্সী হচ্ছে জনসাধারণের উপর জনসাধারণের স্বাধীনতা গণতান্ত্রিক অধিকারের উপর একটা মস্তবড় আঘাত হানার যন্ত্র, দেশকে রক্ষা করবার যন্ত্র নয়, দেশকে উদ্বুদ্ধ করার যন্ত্র নয়, দেশকে একতাবদ্ধ করবার যন্ত্র নয়, কেবল দলকে জিইয়ে রাখার যন্ত্র। কেরালার ব্যাপারে আপনাদের কষ্ট হওয়া স্বাভাবিক, আপনারা পট্টমথানু পিল্লাইকে ব্রাইব করেছিলেন আপনারা স্বর্গত টি প্রকাশমকে পলিটিক্যাল ব্রাইব করেছিলেন, আপনারা অশোক মেহতাকে পলিটিক্যাল ব্রাইব করেনছন, এ তো আপনাদের সিদ্ধহস্ত। কাজেই আপনারা মনে করেছিলেন যে এরকমভাবে বেশ লুটেপুটে খাবার ব্যাপারে বেশ কিছু সঙ্গী পাবো কিন্তু কেরালার জনতা এবং কেরালার যে বর্তমান ইতিহাস সেটা আপনাদের বড় নিরাশ করেছে এবং সঙ্গে সঙ্গে আজ চারিদিকে উড়িষ্যা থেকে আরম্ভ করে সর্বত্র আপনাদের প্রতি বিলিতি দানা বেঁধে উঠছে। এমারজেন্সী থাকাকালীন আপনাদের সুবিধা আছে, এমনই এমারজেন্সীর প্রভিশান আছে যে আপনারা এভাবে

exhausted mandate of the people after the general election.

এবং নূতন ইলেকসন, যে কোন এমারজেন্সীর প্রভিসনে আপনারা বলবেন এখন তো ইলেকসান হতে পারে না। আপনাদের রক্ষা করবার ব্যাপারে আমরা এমারজেন্সী তৈরি করেছি এবং তা প্রয়োগ করছি কিন্তু আমরা অন্ততঃপক্ষে এই এমারজেন্সীর জন্য আপনাদের হাতে ক্ষমতা দিতে রাজী নই। স্যার, ডি আই রুলের কথা আমার আগে নিখিলবাবু বলেছেন আমি নিজে একজন ভুক্তভোগী, পাকিস্তানে লক্ষ লক্ষ মানুষ তারা অসহায় অবস্থায় পড়ে বাঁচবার জন্য আমাদের নেতাদের প্রতিশ্রুতির দ্বারে যখন মাথা ঠুকে মরছিল, যখন নিঃসহায় অন্ধকারের মধ্যে অন্তত পাকিস্তানের মানবগোষ্ঠী দিন কাটাচ্ছিল তখন তাদের নিয়ে আসবার জন্য, তাদের নিরাপত্তা বজায় রাখবার জন্য "সংখ্যালঘু বাঁচাও কমিটি"র তরফ থেকে যখন আমরা সরকারের কর্তব্যবোধের কাছে আপীল করবার জন্য ব্যবস্থা করলাম তখন সেই অপরাধে আমাদের মধ্যে অনেকেই আছেন, মাননীয় [illegible], হেমন্তদা, প্রভৃতি আমাদের সকলকে সেদিন ডি আই রুলে গ্রেপ্তার করা হল। অপরাধ কি?

[5-5-10 p.m.]

কাশীকান্ত মৈত্র আছেন, হেমন্তদা আছেন, তাদের সেদিন ডি আই রুলে গ্রেপ্তার করলেন, তাঁদের অপরাধটা কি? দেশদ্রোহীতা। দেশের সম্মান এবং সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য আমরা সেদিন সরকারের উপর চাপ দিতে গিয়েছিলাম, সেই অপরাধে, দেশের সার্বভৌমত্বের দাবীর অপরাধে আমাদের সেদিন ডি আই রুলে আটক রাখা হয়েছিল। আমাদের সেদিন ঐ পুলিশ, যে পুলিশ আজকে ব্ল্যাক মার্কেটিয়ারকে ধরতে পারে না, যে পুলিশের দাপট নেই ঐ মিল মালিকের কাছে, সেই পুলিশ আমাকে থেঁতলাতে, থেঁতলাতে নিয়ে গিয়ে পুলিশ ভ্যান-এর মধ্যে পুরলো। এইত অবস্থা, এইত এমারজেন্সীর দাপট। কার বিরুদ্ধে দাপট হয়েছে? দাপট কি চীনের বিরুদ্ধে হয়েছে? পাকিস্তানের বিরুদ্ধে হয়েছে, না, দাপট হয়েছে জনতার বিরুদ্ধে? দাপট হয়েছে ন্যায়ের বিরুদ্ধে, দাপট হয়েছে সত্যের বিরুদ্ধে, দাপট হয়েছে অধিকারের বিরুদ্ধে, দাপট হয়েছে মানবিক অধিকারের বিরুদ্ধে।

কাজেই আপনারা যদি বলেন এমারজেন্সী না রাখলে দেশের অবস্থা সঙ্কটাপন্ন হবে, আমি বলবো আপনারা একটা বিরাট অসত্য ভাষণ দিচ্ছেন, জনসাধারণকে ধাপ্পা দিচ্ছেন। যাদের আস্থা আছে, তারা জানেন যে অর্ডিনারী লজ অব দি ল্যান্ড আর সাফিসিয়েন্ট; তার জন্য কোন এমারজেন্সী দরকার হবে না। যদি সেই রকম অবস্থা হয়, তাহলে আলাউদ্দিনের আশ্চর্য প্রদীপের ধোঁয়া থেকে যেরকম দৈত্য উঠেছিল, ঠিক সেইভাবে জনতা আবার যে-কোন বহির শত্রুর হামলার জন্য উঠে দাঁড়াবে। এবং সেদিন হয়ত দেখবো যারা বড় বড় কথা বলে থাকেন, তাঁরা সরে পড়েছেন, কিন্তু জনতা অগ্রসর হবেই। তাই জনতা আজকে এই এমারজেন্সীকে ছিঁড়ে ফেলতে চায়। ঐ ২৫শে তারিখে সেই ছিঁড়ে ফেলা আন্দোলনের প্রথম পদক্ষেপ হবে ভারত বন্ধের মধ্য দিয়ে।

[5—5-10 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথাই বলতে চাচ্ছি যে দুরাত্মার যেমন ছলের অভাব হয় ন ঠিক সেই রকম এই সরকারেরও ছলের অভাব নেই। কিন্তু তার জন্য তাদের নূতন এই ভারতরক্ষ আইন, আর জরুরী অবস্থা ঘোষণা করার প্রয়োজন ছিল না। এবং তার প্রমাণ হিসাবে আমি এই কথা বলতে চাই যে যখন দেশের বিরোধী পক্ষের লোকদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার কর হচ্ছিল জরুরী অবস্থার দোহাই দিয়ে, ঠিক সেই সময় পুরাণ নিরাপত্তা আইনে আমার বাড় লুঠ করে এই কংগ্রেসী গুণ্ডারা যাতে জেল না খাটেন, তার জন্য আমাকে আটকানো হল, এব তাঁদের মত আমাকে এক বছরের জন্য আটকে রাখা হল। তার জন্য ভারতরক্ষা আইনের দরকা হল না, ঐ সিকিউরিটি অ্যাক্ট-এর দ্বারাই হয়ে গেলো। আর গত হরতালের সময় যখন বিভি বামপন্থী নেতাদের ভারতরক্ষা আইনে আটক করা হল, ঠিক সেই সময় আমাকেও আটকান হব কিন্তু, তারজন্য ভারতরক্ষা আইন দরকার হল না, ঐ ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি অ্যাক্ট, আ একবার আমার উপর অ্যাপ্লাই করা হল। তাই আজ ভারতরক্ষা আইনের অজুহাতে যে সমস্ত কাজকর্ম করছেন, তাঁরা যে সেগুলো অন্য কোন আইনের অজুহাতে করতে পারছেন না, একথ ঠিক নয়। এটা তারা করতে অভ্যস্ত। কিন্তু তাঁদের প্রধান কাজ হল—যে তাঁরা দেশের বর্তমা অবস্থাটাকে এমন জায়গায় টেনে নিয়ে এসেছেন, এবং তারা যে সমস্ত পরিকল্পনা রচনা করেছে ধনিক শ্রেণীর স্বার্থের দিকে তাকিয়ে, সেই সমস্ত পরিকল্পনাগুলো এমন একটা জায়গায় এে পৌঁচেছে, যে তা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে যাবার সময় এসেছে; ঠিক সেই অবস্থায় একটা ভাঁওত সৃষ্টি করে, এই ধরণের আইন পাশ করিয়ে, তাঁরা দেশের লোকের অর্থ, সম্পদ লুণ্ঠন কর তাদের বাধ্য করে, সাহায্যের নামে নিজেদের স্বার্থকে সম্পূর্ণরূপে রক্ষা করবার জন্য চেষ্ করছেন। এইটাই হচ্ছে তাঁদের প্রধান প্রচেষ্টা, এইটাই হচ্ছে তাঁদের মূল চিন্তা দেশে জরুর অবস্থা চালু করার পিছনে, দেশে ভারতরক্ষা আইন চালু করার পিছনে। এই ভারতরক্ষা আইনে বলে আমরা দেখেছি নদীয়ার বুকেতে প্রায় ১০০ লোককে বিভিন্ন সম্প্রদায়ের, যারা কে রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত নয় তাদের বিভিন্ন অজুহাতে গ্রেপ্তার করা হয়েছে। তাদে বিরুদ্ধে অদ্ভুত অদ্ভুত অভিযোগ। এক বামুনপাকর স্কুলের হেড মাস্টার, তাঁর ছেলের ভা খাওয়ানী হচ্ছে, তাঁর বিরুদ্ধে অভিযোগ হচ্ছে যে তিনি বোমডিলা পতনে উৎসব করেছেন। তি বেকসুর খালাস পেয়েছেন এবং দেখা গিয়েছে তাঁর ছেলের ভাতখাওয়ানী এবং বোমডিলার পত একদিনে ঘটেনি। একজন দোকানে মিষ্টি খেয়েছেন তাঁকে বোমডিলা পতনে উৎসব করার জ ধরে নিয়ে যাওয়া হয়েছে। যিনি বাড়ীতে মিষ্টি খেয়েছেন, তাঁরা জেনে বসে আছেন যে তি উৎসব করেছেন, তাঁকে ধরা হয়েছে। এই যে কাণ্ড তাঁরা সৃষ্টি করছেন, এটা এক তরফা, মা ভারতরক্ষা নয়, দেশরক্ষা নয়, জরুরী অবস্থা নয়, জরুরী অবস্থা তাঁদের কণ্ঠশ্বাস উঠেছে। তা দেশের লোককে যেতে দিতে পারছেন না, তাদের মানুষের মত বাঁচবার সুযোগ দিতে পারছেন তাঁদের পরিকল্পনাগুলি ব্যর্থ হতে বসেছে, তাই তাঁদের স্বার্থকে রক্ষা করার জন্য, ধনিক শ্রেণ স্বার্থকে রক্ষা করবার জন্য, শোষণ এবং লুণ্ঠন অব্যাহত রাখার জন্য, জোর করে জনসাধারে অর্থকে দেশরক্ষার নামে ছিনিয়ে নেবার জন্য জনসাধারণকে বিনা পয়সায় খাটিয়ে নেবার জ তাদের দাবীকে অস্বীকার করবার জন্য এই দেশরক্ষা আইন তাঁরা চালু করেছেন। এই দেশর আইন তাঁরা যে চালু করেছেন এটা হচ্ছে পুরোপুরি পার্টি ইন পাওয়ার তাদের স্বার্থে। ভারত বলাতে এই মন্ত্রলালের দল কেবল নিজেকেই মনে করেন আর এই দল আর এই দলের গুটিক লোক এঁরা মারা গেলে যে দেশের কি সর্বনাশ হবে সেই কথা ভেবে তাঁদের স্বার্থকে দে স্বার্থ মনে করে আজকে তাঁরা এই আইন চালিয়ে যাবার চেষ্টা করছেন। আজও যদি ত [illegible] সাধারণ মানুষ [illegible] তাঁরা দিচ্ছেন [illegible] উঠেন [illegible] না এতে [illegible] মধ্যবেন এই সতর্কবাণী আমি উচ্চারণ করে তাঁদের সাবধান করতে চাই। আজকে যে জায় তাঁরা দেশকে ঠেলে নিয়ে যাচ্ছেন, আজকে ভারতরক্ষার নামে, আজকে জরুরী অবস্থার না আজকে দেশকে তাঁরা ফ্যাসিজিমের মুখে ঠেলে দিতে চাচ্ছেন। তাই আমরা তাঁদের হুঁসি

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, এই প্রস্তাব যেটা নিখিলবাবু এখানে রেখেছেন সেটা আমি সমর্থন করছি এবং শ্রীহরেকৃষ্ণ কোঙার যে সংশোধন দিয়েনছন তারও সমর্থনে আমি এখানে দু'-একটি কথা বলতে চাই। এখন এই প্রস্তাব আমি সমর্থন করতে গিয়ে একটি জিনিষ আপনার কাছে রাখছি সবাইকে মনে করিয়ে দেবার জন্য সেটি হচ্ছে যে সুপ্রিম কোর্টে যখন আমাদের মামলা হয় তখন সৌভাগ্য-বশতঃ ভারতবর্ষে যত বিখ্যাত আইনজীবীরা আছেন তাঁরা আমাদের পক্ষ অবলম্বন করে এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুল অগণতান্ত্রিক তার বিরুদ্ধে তাঁরা সেখানে দাঁড়িয়েছিলেন। এবং সেখানে যখন জাজমেন্ট হয় সেই জাজমেন্টএ মেজোরিটি জাজমেন্টের কথা আমি বলছি তাঁরা বলেছিলেন যে এটা অগণতান্ত্রিক, এটা সংবিধান বিরোধী, ডিফেন্স অব ইন্ডিয়া রুলসএর কতকগুলি ধারা তবু তাঁরা আমাদের সাহায্য করতে পারবেন না আর একটি ধারার জন্যে। এই কথা তাঁরা বলেছিলেন বলে তারা বলেছিলেন

in a democratic State effective safeguards against abuse of executive powers whether in peace or in emergency is ultimately to be found in the existence of enlightened vigilance and vocal public opinion.

[15-10—5-20 p.m.]

কারণ তাঁরা বললেন আমাদের যখন কোর্টের আর কোন ক্ষমতা নেই রুদ্ধদ্বার আপনাদের—আপনারা আর আমাদের কাছে আসতে পারবেন না, তখন এটা এত খারাপ যে জিনিষ হচ্ছে এখানে এত অগণতান্ত্রিক বা স্বৈরাচারী মনোভাব এর মধ্যে আছে যে জন্য তাঁরা বললেন যে এখন আপনারা লেজিসলেচার বা দেশের মধ্যে অন্য জায়গায় বা অন্য মাধ্যমে আপনারা এটার পরিবর্তন করবার এবং ডিফেন্স অব ইন্ডিয়া রুলস যাতে প্রত্যাহৃত হয় যাতে আপৎকালীন অবস্থা উঠে ইত্যাদি এগুলি আপনারা চেষ্টা করতে পারেন এবং এই জন্য আমরা আর আপনাদের আর কি সাহায্য করতে পারি। এই কথাগুলি তাঁরা বলেছিলেন। তা এখন সেই কথার জের টেনে আমি এই প্রস্তাব সমর্থন করছি। কারণ আমাদের কাছে যখন কোর্ট-এর দুয়ার বন্ধ হয়ে গেল তখন এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এর বিরোধীতা করবার বা এটা যাতে উঠিয়ে নেওয়া হয় তার উপায় আমাদের আর কি আছে। সেজন্য এই প্রস্তাবটি আমি সমর্থন করে এখানে বলছি। এখন প্রতাপ—আমি আগেই বলেছি প্রতাপবাবু হচ্ছে ফাইটার কংগ্রেস সাইড-এর ফর অল লষ্ট কজেজ এবং বলেছি যেগুলি বই নিয়ে আসেন। এবার বোধ হয় একটা হলদে বই নিয়ে এসেছেন। কিন্তু অত বড় বড় বই এনে উনি আমাদের কি বললেন—উনি বললেন যে এটা পার্লামেন্ট এটা করেছে সেজন্য এটা ঠিক আছে, গণতান্ত্রিক। আপনারা কেন বলছেন এটা অগণতান্ত্রিক। আচ্ছা তার জবাবও উনি পেয়েনছন। এখন বুঝতে পারছেন যে ছেঁদো যুক্তি উনি দিয়েছেন। আমাদের এই প্রস্তাবে আমরা কি বলছি, আমরা বলছি আমাদের এই পশ্চিম বাংলা সরকার তারা ঐ কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করুন যাতে করে এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস এই ভারতরক্ষা আইন সেটাকে প্রত্যাহার করে নেওয়া হয়। এবং যাতে আপৎকালীন অবস্থা এবং এটাও এই যে অর্ডার প্রেসিডেন্ট-এর এটাও যাতে প্রত্যাহৃত হয়। এই কথা আমরা বলছি। কাজেই উনি প্রস্তাবটি পড়েও দেখেন নি। যেহেতু ওঁকে সাপোর্ট করে বলতে হবে কংগ্রেস পার্টি থেকে বলে দিয়েছে তাই উনি এখানে বলছেন। আমরা জানি এটা তো কোন একটা প্রফাউন্ড কিছু নয়—যে এটা পার্লিয়ামেন্টএ এটা হয়েছে—পার্লিয়ামেন্টই তো হবে আবার কোথাও হবে? তা না হলে এটা কি প্রতাপবাবুর বাড়ীতে হবে? সেটা আমরা জানি। সেজন্য কথাটা হচ্ছে এবং এখানে অন্য কোন উপায়ে তো নেই আমরা আর কিভাবে করতে পারি? এই-ভাবেই তো করতে হবে। কথা হচ্ছে এটা রুল অব ল-এর বিরোধী কি না—অগণতান্ত্রিক কি না—সেখানে নিশ্চয়ই প্রতাপবাবু বলবেন না না এটা রুল অব ল-এর বিরোধী নয় বা অগণতান্ত্রিক নয়। আমাদের কথা হচ্ছে সেটা আমি আরেকটা কথা বলব এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে যে আমাদের যদি বলে তা হচ্ছে আমাদের কিছুটা পানপর প্রায়শ্চিত্ত করতে হবে। কারণ একদিন ছিল এটা সত্য কথা যখন এই নানারকম রিপোর্ট ওরা আমাদের দিলেন, নানারকম কথা ওরা

আমাদের বললেন, তখন আমরা সমর্থন করেছিলাম, আপতকালীন অবস্থা প্রতাপবাবু বলেছেন এবং ডিফেন্স অব ইন্ডিয়া রুলস এবং প্রায়শ্চিত্তটা আমরা ১৩ মাস ধরে বিনা বিচারে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস ঐ জেলে গিয়ে আমরা তার পাপের প্রায়শ্চিত্ত করেছি। আমরা সমর্থন করেছিলাম বলে। এবং আজকে সেই পাপের প্রায়শ্চিত্ত করবার জন্যও এই প্রস্তাবকে আমাদের সমর্থন করতে হবে। এবং সেজন্য সমর্থন করছি। কারণ কংগ্রেস পার্টি এবং কংগ্রেস গভর্নমেন্ট এতবড় যে ভাওতা দেবেন দেশের মানুষকে এটা আমাদের যদি বলেন যে আমরা এত কংগ্রেস সরকারের বিরোধী অনেকদিন ধরেই কিন্তু আমরাও বোধ করি এতটা ভাল করে বুঝিনি। যে এত ভন্ডামি, এত মিথ্যা, এত অত্যাচার ওরা এর মারফতে করবেন এটা আমরা তখনও ভাল করে বুঝতে পারিনি। এবং যেটা পরবর্তীকালে এই দুই বছর ধরে খুব ভাল করে বুঝেছি আমরা। নিজেদের জীবনেও বুঝেছি দেশের মানুষের যে অভিজ্ঞতা তাই দিয়েও আমরা বুঝেছি। এখন আমি বলছি যে ঐ কথা যে ২০শে নভেম্বর মধ্য রাত্রির পর আপনাদের ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এর কি দরকার। আপনাদের আপতকালীন অবস্থা কোথায়—অত চীনেরা নিজেরাই চলে গেল—যে কোন কারণেই হউক। ওরা বললেন আমরা চলে যাচ্ছি। আর যখন এই খবরটা আপনারা পেলেন বা আমাদের ধরবার আগেতে আপনারা পেলেন—আমাদের এই খবরটা শুনে আমাদের গ্রেপ্তার করলেন। এবং আগেও যদি অর্ডার হয়ে থাকে তা সেটা বন্ধ করা উচিত ছিল কিন্তু তা করলেন না। ডিফেন্স অব ইন্ডিয়া রুলসএ দেখলাম যত কিছু আরম্ভ হল তার পর। যখন চীনারা চলে গেল যুদ্ধ যখন বন্ধ হয়ে গেল। আমি আগেও বলেছি যে আপনারা চীনেদের যদি ধরতে না পারেন-কোন সৈন্যকে যদি ধরতে না পারেন আপনারা সেখানে যদি ভাল করে যুদ্ধ করতে না পারেন তার জন্য আমাদের আপনি ধরবেন কেন? দেশের লোকের উপর অত্যাচার করবেন কেন? এর উত্তর কিন্তু আজ অবধি আমরা খুঁজে পাইনি। এবং সেজন্য আমি বলছি সেদিনের পর ২০শে নভেম্বর তারপর আগে যদিও কোন প্রয়োজন ছিল নিশ্চয়ই যখন ঐরকম একটা বিরাট ঘটনা ঘটছে তখন সরকারের এটা নিশ্চয়ই মনে হতে পারে যে আমার দরকার এই রকমের পাওয়ার-এর অর্থারিটি যাতে আমি এইরকম অ্যাক্ট করতে পারি নানা ব্যাপারে। কিন্তু ২০শে নভেম্বরের পরে আর দরকার ছিল বলে আমরা মনে করি না। এখন এই আইনকে আমরা দেখেছি যে অত্যন্ত অন্যায়ভাবে প্রয়োগ করা হয়েছে এবং আপতকালীন অবস্থা ব্যবহার করা হয়েছে শুধু কংগ্রেস পার্টির জন্য, কংগ্রেস সরকারকে বাঁচাবার জন্য তাকে গদিতে প্রতিষ্ঠিত রাখবার জন্য এ ছাড়া দেশের কোন মংগলের জন্য তা অন্তত প্রয়োগ করা হয়নি। এটা আমরা দেখতে পাচ্ছি। ধরুন আপনারা কি করেছেন, আপনারা ডিফেন্স-এর ব্যাপারে তো বিশেষ কিছু করার ছিল না। আপনারা আমেরিকাকে, ইংল্যান্ডকে ডেকে আনলেন বাবা—তোমরা আমাদের সাহায্য কর। করে দেশের স্বাধীনতা সার্বভৌমত্য তাকে বিপদাপন্ন করে তুললেন। একজনের সংগে যুদ্ধ করতে গিয়ে আপনারা ঐ কান্ডটা করলেন আমরা দেখলাম। তা আমেরিকানরা আমি শুনছি পাতিল সাহেব এবার যখন আমেরিকাতে গিয়েছিলেন তাকে বলেছেন—ভাল কথাই তাকে বলেছেন যে আপনারা এত কেন খরচা করছেন ডেভেলপমেন্ট ডিফেন্স এত খরচা আপনারা করতে পারবেন না। এবার দিল্লী গিয়েছিলাম শুনে এলাম। এত জিনিষ আপনারা করতে পারবেন না। আর ডিফেন্স-এর জন্য যদি সত্যি দরকার হয় কখনও যদি চীনারা আবার আপনাদের আক্রমণ করে কখনও যদি এইরকম যুদ্ধ হয় তাহলে আপনারা নিজেরা কি করে নিজেদের বাঁচাবেন—চীনের ২৫ লক্ষ সৈন্য আছে বলে আমরা শুনি। সেকেন্ড কি থার্ড এয়ার ফোর্স সেখানে আছে আপনারা ওসব ধরতে পারবেন না। শেষ অবধি আমাদের উপরই নির্ভর করতে হবে। দেখে নেবেন আমরা গিয়ে এয়ার কভার করে দেব—সমস্ত ব্যবস্থা করে আপনাদের আমরা বাঁচাবার ব্যবস্থা করব। আর ইংরেজরাও আপনাদের বলেছেন যে আমরা কিছু বন্দুক কামান গুলি দিয়েছিলাম দরকার হলে তাও দেব—দরকার হলে সোলজার যদি থাকে যদি দরকার হয় তাও দেব। আরও নাকি আমেরিকা বলেছেন এবং পাতিল সাহেবকে বোঝাবার চেষ্টা করেছেন যে সোভিয়েত ইউনিয়নে যাচ্ছেন কেন মিগের জন্য কারণ শেষ অবধি যদি চীনের সংগে আপনাদের যুদ্ধ হয় তাহলে ঐ কমিউনিস্ট রাজ্য আপনাদের কিছু করবে না। আমাদের কাছেই আপনাদের আসতে হবে। তবে যাই হউক ভারতবর্ষের সরকার এগুলি ভেবে দেখবেন। এখন আমি তো জানি না ডিফেন্স-এর ব্যাপারে যা যা হয়েছে এর জন্য ডিফেন্স অব ইন্ডিয়া রুলস এর কি দরকার ছিল—কোন দরকার ছিল না। আপনারা ট্যাক্স বসাবেন, আপনারা

সোলজার তৈরি করবেন, এয়ার ফোর্স বাড়াবেন, ছেলেমেয়েদের সামরিক শিক্ষা দেবেন তার জন্য ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এর কি প্রয়োজন ছিল এখন অবধি তা আমরা জানি না। গোল্ড কন্ট্রোল অর্ডার করবেন—সেই সব করলেন কোন দরকার ছিল না ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এর, ইমারজেন্সীর কোন দরকার ছিল বলে এখন তো মনে হচ্ছে না। তখন যদি বা মনে হয়েছিল হয়ত বা হতে পারে সে রকম কিছুর প্রয়োজন। কিন্তু কি হয়েছে ধরুন এই দেড় বছর দুই বছরে আমরা দেখেছি যে জনসাধারণের উপর নতুন নতুন বোঝা আপনারা চাপিয়েছেন। ৮০০ কোটি টাকা নতুন ট্যাক্স আপনারা চাপালেন। যারা বহন করতে পারেন না বেশীর ভাগ মানুষ তাদের উপর চাপালেন। যারা বহন করতে পারেন তাদের কি করলেন আপনারা তারা যাতে ঐ যে কোটিপতি যারা আছেন মুষ্টিমেয় তারা যাতে বড়লোক থেকে আরও বড়লোক হতে পারে সেই ব্যবস্থা আপনারা করেছিলেন নানারকম প্রোডাকসান-এর নাম করে। আমরা দেখলাম তারা বেশী বেশী মুনাফা করলেন।

[5-20—5-30 p.m.]

আর আমরা দেখলাম জনগণের বেশীরভাগের উপর আপনারা নূতন নূতন বোঝা চাপালেন যেটা তারা বহন করতে পারছে না। তারপর আমরা দেখলাম সমস্ত জিনিস যা নিত্য নৈমিত্তিক দরকার তার সমস্তগুলির দাম বেড়ে গেল। এরপরও বলছেন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস, ইমারজেন্সী? তারপর দেখলাম মজুতদার, আড়তদার, বড় বড় ব্যাপারী, কালোবাজার। এবং বিশেষকরে যারা অতি মুনাফালোভী তারা সমাজবিরোধী কাজ করতে আরম্ভ করল মানুষের বিরুদ্ধে, সমাজের বিরুদ্ধে। এর ব্যবস্থা ডিফেন্স অব ইন্ডিয়া রুলস করে দিল—তাদের গায়ে হাত দেবার উপায় নেই, দিলেই জেল খাটতে হবে। তারপর, আমরা দেখলাম নিত্য প্রয়োজনীয় জিনিস পাওয়া যাচ্ছে না, উধাও হয়েছে এবং সেটা পেতে গেলে ব্ল্যাক মার্কেটে গিয়ে খুঁজতে হয়। তারপর, এবছর জিনিসে যত এ্যাডালটারেসন হয়েছে তত আর কোন বছর হয়নি। কিন্তু আশ্চর্যের ব্যাপার তারপরও যারা ভেজাল দেয় তারা বুক ফুলিয়ে বলেছে, কাগজে বিবৃতি দিয়েছে যদি দাম না বাড়ায় তাহলে ভেজাল দেব। স্যার, যখন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস, যখন আপত-কালীন অবস্থা তখন এরকম অবস্থা আমরা দেখলাম তারপর, যখন সাম্প্রদায়িক দাঙ্গা হোল তখন এ'রা কি করলেন? কিছুই করলেন না। কোনদিন এরকম জিনিস হয়নি, কোথাও হয়নি যে দাউ দাউ করে কারখানা জ্বলে গেল। কোথাও, কোন দেশে এরকম জিনিস হয়েছে শুনেছেন? সত্যই যদি বহিঃশত্রু দেশ আক্রমণ করতে উদ্যত হয় তাহলেও কোনদিন এরকম হয়নি যেটা আমাদের দেশে হয়েছে। কত মানুষ মরে গেল আমরা দেখলাম তারপরেও আপনারা বলছেন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস, ইমারজেন্সী—দেশে নাকি বিপদ। আপনারা কত হিসেব দিচ্ছেন ১৪ হাজার, না, ২০ হাজার স্কোয়ার মাইল জায়গা চীন দখল করে বসে আছে। সেখানে তো কিছু করতে পারলেন না। শুধু এখানে এসে মানুষের উপর অত্যাচার করছেন। আর কি হোল? যখন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস, ইমারজেন্সী আছে তখন আমরা দেখলাম পার্লামেন্টে প্রশ্নোত্তরকালে যে, প্রায় ৩০ জন—ঠিক ফিগারটা আমার মনে পড়ছে না—ভারতীয় নাগরিককে পাকিস্তান-কাশ্মীর বর্ডারে গত ৩।৪ মাসের মধ্যে হত্যা করা হয়েছে- অর্থাৎ ঐদিক থেকে গুলী করা হচ্ছে। ডিফেন্স-এর কি ব্যবস্থা হোল? আপনারা তো জানতেও পারলেন না। এগুলো যাতে নজরে না পড়ে তার জন্য কাগজের কোনে ছাপান হয়। যদি ভারতীয় নাগরিক চীনের আক্রমণে হত্যা হয় তাহলে কাগজে বড় বড় করে ছাপান হয়, আর যদি পাকিস্তানের দ্বারা হত্যা হয় তাহলে সেটা ছোট ছোট করে ছাপান হয়। যাহোক, যদি আমরা বুঝতাম বা কোন ক্ষেত্রে দেখতাম যে, আপতকালীন অবস্থা বা ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এর দ্বারা দেশ শক্তিশালী হচ্ছে তাহলে বুঝতে পারতুম। কেউ কি বলতে পারেন এই দেড় বছরে এই করে দেশ শক্তিশালী হয়েছে দেশ কি শক্তিশালী হয় মিলিটারীকে ১০ হাজার থেকে বাড়িয়ে ১৫ হাজার করলে? আমার মতে মানুষ সন্তুষ্ট না হলে দেশ শক্তিশালী হয় না, হিন্দু-মুসলমানের দাঙ্গা হাঙ্গামায় হিন্দু-মুসলমান যদি ভাগাভাগি হয়ে যায় তাহলে দেশ শক্তিশালী হতে পারে না, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম যদি বাড়ে, যদি নূতন নূতন ট্যাক্স বাড়ে, যদি কোটিপতি আরও কোটিপতি হয় তাহলে দেশ শক্তিশালী হতে পারে না। সেইজনাই বলছি আপতকালীন

অবস্থা এই মিথ্যা জিনিস আপনারা রেখেছেন, নিজেরা বাঁচবার জন্য রেখেছেন, এই স্বৈরাচারী শাসনকে বাঁচাবার জন্য রেখেছেন এবং যারা আন্দোলন করবে, সংগ্রাম করবে তাদের অত্যাচার করবার জন্য, তাদের বিরোধিতা করবার জন্য রেখেছেন। কিন্তু সৌভাগ্যবশতঃ তাও করতে পারছেন না, সে ক্ষমতাও আপনাদের নেই। তাই আমরা দেখছি প্রফেসর, ছাত্র, শিক্ষক-শিক্ষিকা, শ্রমিক, কর্মচারী আজকে রাস্তায় বেরিয়েছে এবং আপনাদের আইনকে টুকরা টুকরা করে ছিঁড়ে ফেলে দিয়েছে। আপতকালীন অবস্থাকে আবর্জনার স্তূপে নিক্ষেপ করছে।

এভাবে মানুষের এ ছাড়া আর কোন পথ সামনে নাই। এভাবেই কি কলকাতা গড়ে উঠবে, দেশ শক্তিশালী হবে বলে মনে করেন? সেজন্য আমি বলবো এখন যা চলছে তাতে সমস্ত কিছু প্রহসনে পরিণত হয়েছে, এখনি সমস্ত আপতকালীন অবস্থা উঠিয়ে দিন। দুজন এখনও পলিটিক্যাল প্রিজনার্স আছেন যাদের ডি আই রুলে ধরে রেখেছেন, তাঁদের ছেড়ে দিন। অন্য যাদের ধরেছেন হিন্দু-মুসলমান দাঙ্গার সময়, এখন যে আবহাওয়া, তাদের সব ছেড়ে দিন, যাদের বিরুদ্ধে মামলা আছে তাদের কোর্টে বিচার করুন এবং অন্য যে আইন আছে সে সমস্ত প্রয়োগ করুন, এরকম জঘন্য আইন, যার বিরুদ্ধে সমস্ত ভারতবাসী সংগ্রাম করে আসছে, তাকে স্ট্যাটু বুকে রাখবেন না, এই আবেদন করে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, একটু আগে এই বিধান সভায় কার কণ্ঠ থেকে বক্তৃতা শুনছিলাম? শুনে বিশ্বাস করতে পাচ্ছিলাম না, চোখে না দেখলে মনে হচ্ছিল যে কোন লোক যেন লাল চীন থেকে ভারতবর্ষের মাটিতে এসে পড়ে এই বিধান সভার যে অধিকার আছে, সেই অধিকার ভোগ করে লাল চীনের দালালী করে চলে যাচ্ছে। কেন? আমি তাঁর উক্তি থেকেই বলছি। ঐ বিরোধী পক্ষের নেতা বলতে আমার একটু সঙ্কোচ হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, প্রসিডিংসের প্রত্যেকটি লেখা প্রমাণ করে দেবে, আজকের বক্তৃতা প্রমাণ করে দেবে বিরোধী পক্ষের নেতা বলছে, বলছেন নয়, আপনারা যুদ্ধ করতে পারলেন না, চীনের কাছে হেরে গেলেন সেটা কি আমাদের দোষ? ভারতবর্ষের মাটিতে জন্ম গ্রহণ করে যে ভারতবর্ষের স্বাধীনতার জন্য লক্ষ লক্ষ সৈনিক প্রাণ বিসর্জন করছে স্বাধীনতাকে রক্ষা করার জন্য সেখানে কম্যুনিস্ট। কমিউনিস্ট পার্টির লাল চীনের দালাল যিনি ওদিকে বসে আছেন বিরোধী পক্ষের নেতা জ্যোতি বসু, তিনি যখন ভারতবর্ষকে আক্রমণ করেছে তখন সেই বিরোধী পক্ষের নেতার সাহস হচ্ছে এই কথা বিধান সভায় বলবার যে আপনারা যুদ্ধে হেরে যাবেন আর দোষ দেবেন আমাদের? ভারতবর্ষ যুদ্ধে হারবে কি জিতবে, ভারতবর্ষের ভাগ্য বিপর্যয় হবে কি হবে না তা নির্ণয় করবে বিরোধী পক্ষের নেতা নয়, ভারতবর্ষের ৪৪ কোটি মানুষ। আজকে ভারতবর্ষের বিধানসভা বলেই তিনি এরকম বক্তৃতা করতে পারলেন এবং ভারতবর্ষ গণতান্ত্রিক দেশ বলেই এখনও পর্যন্ত তিনি বক্তৃতা করতে পারলেন। মাননীয় স্পীকার মহাশয় আমি আমার ক্ষুদ্র বুদ্ধিতে এটুকু বলতে পারি যে ডি আই রুলের যদি উপযুক্ত ক্ষেত্র তাকে প্রয়োগ করার তাহলে সেটাকে এখানে প্রয়োগ করা চলে কিনা সেটা বিচার করা উচিত। কেন? তাঁর বক্তৃতা থেকেই আপনাদের সামনে বলছি। বিরোধী পক্ষের নেতা বলছেন—৭০ হাজার না ২০ হাজার বর্গমাইল জানি না, সেটা আপনারা বলুন, চীন দখল করেছে। যখন আমরা বলি ৭০ হাজার না ২০ হাজার বর্গমাইল তখন বিরোধী পক্ষের নেতা বলছে আমি জানি না। যখন লেবাননে মার্কিন সৈন্য নামে তখন কমিউনিস্ট দালালরা গ্রামে গ্রামে সভা করে, যখন ভিয়েতনামের উপর মার্কিন নৌবহর-এর আক্রমণ হয় তখন ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির লোকেরা আমেরিকান কন্সাল অফিস ঘেরাও করে, আর যখন বলা হয় ভারতের ৭০ হাজার না ২০ হাজার বর্গমাইল দখল করেছে, তখন ওঁরা বলে জানিনা।

[5-30—5-40 p.m.]

ভারতবর্ষের মানুষকে তাই আজকে জানতে বলি এরা ভারতবর্ষের মাটিতে থাকার অধিকারী কিনা? মাননীয় স্পীকার মহাশয়, এরই পরিপ্রেক্ষিতে আপনার সামনে তাই আজকে এই বিধান-সভার সদস্যবৃন্দের কাছে নিবেদন করব যে আজকে বিধানসভা সারা বাংলাদেশের জনসাধারণকে

বলুন যে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস থাকা উচিত কিনা। ১৯৬২ সালের ২০শে অক্টোবরের ঘটনার পর থেকে সারা ভারতবর্ষে ক্রমান্বয়ে যেসমস্ত বিপর্যয় ঘটেছে তার ধারাবাহিক ইতিহাস যদি আমরা দেখি তাহলে দেখতে পাব এই বিরোধী দল যারা বিদেশী সাম্রাজ্যবাদী কমিউনিস্ট-দের দালালি ছাড়া আর কিছু করেনি তাঁরা ভারতবর্ষে কি রোল করেছেন। সাম্প্রদায়িক হাঙ্গামার কথা উঠেছিল। সাম্প্রদায়িক হাঙ্গামার সময় বিরোধী দলের ভূমিকা আমরা দেখেছি। এই বিরোধী দলের সদস্যদের সাম্প্রদায়িক হাঙ্গামার ভূমিকায় বিধানসভায় উপস্থাপিত এ্যাডজোর্নমেন্ট মোশান যদি আমরা পড়ি তাহলে দেখতে পাব যে একদিকে গোলাম ইয়াজদানি সাহেবকে দিয়ে লেখান হচ্ছে যে মালদহে মুসলমানদের উপর অত্যাচার হচ্ছে আর এক দিকে অন্য সদস্যকে দিয়ে লেখান হচ্ছে যে নদীয়া ক্যাম্পে হিন্দুদের উপর অত্যাচার হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আর একটা কথা আপনার সামনে নিবেদন করতে চাই সেটা হচ্ছে আর একটা চ্যালেঞ্জ ভারতবর্ষের সামনে এসেছে সেটা হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধি। তা নিয়ে বড়াই করেন ঐ বিরোধী পক্ষের নেতারা। তাঁরা বলছেন দেশে যে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে তা সরকার রোধ করতে পারেননি। সেই সময় তাঁরা কি করতে পারেন—তাঁরা বলেন যে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস উঠিয়ে দাও। ডিফেন্স অব ইন্ডিয়া রুলে যারা আজকে কারারুদ্ধ আছে তাদের হিসাব মুখ্যমন্ত্রী এই হাউসের সামনে পেশ করে দেখান যে রাজনৈতিক বন্দী কতজন আছে, রাজনৈতিক বন্দী বললে মর্যাদা দেওয়া হবে, দেশদ্রোহী কতজন আছে আর এ্যান্টি-সোসাল এলিমেন্টস কতজন আছে। পর্যায়ক্রমে হিসাব করে যদি দেখা যায় তাহলে দেখা যাবে দেশের এই চরম মুহূর্তে ডি আই রুলের প্রয়োজন আছে। তারপরেও যদি বিরোধী পক্ষের একটা বিশেষ দল একে উঠিয়ে দেবার কথা বলে তাহলে বিচার করে দেখার একান্ত প্রয়োজন হয়েছে বলে আমি মনে করি এবং আমি মনে করি যারা আজকে দেশের এই পরিস্থিতির কথা চিন্তা করে, যারা ভারতবর্ষের মাটিতে জন্ম গ্রহণ করেছে, এ মাটিকে যারা মা বলে গ্রহণ করেছে, যারা এই মাটিকে সেবা করবার জন্য নিজের জীবন বিসর্জন দেবার জন্য প্রস্তুত আছে তারা কখনও এটাকে উঠিয়ে দেবার কথা বলবে না, বলবে একে আরো শক্ত কর, ভারতবর্ষের হাতকে আরো মজবুত কর, ভারতবর্ষের অগ্রগতি অব্যাহত রাখবার জন্য আরো শক্তিশালী কর; আর ভারতবর্ষের মধ্যে বসে যারা সাম্রাজ্যবাদী কমিউনিস্টদের দালালি করবে অন্যান্য দেশের শত্রু থাকবে তাদের উৎখাত কর যেমন করে পার, এই বলে আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে শ্রীননী ভট্টাচার্য মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার মূল কথা হল এই যে আমাদের বিধানসভা থেকে সুপারিশ করা হোক কেন্দ্রীয় সরকারের কাছে যে আপৎকালীন অবস্থার অবসান যেন হয়। আমরা আমাদের এই বিধানসভায় আপৎ-কালীন অবস্থার ঘোষণা করি নাই। ২৬শে অক্টোবর ১৯৬২ সালে আমাদের রাষ্ট্রপতি আপৎ-কালীন অবস্থা ঘোষণা করেছিলেন এবং তারপর সমগ্র ভারতবর্ষের প্রতিনিধি স্থানীয় যে লোক-সভা সেই লোকসভাতে বহু লোকের ভোটের দ্বারা প্রায় সকলেরই ভোটের দ্বারা এই আপৎ-কালীন অবস্থা এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস পাশ করে নেওয়া হয়েছে। এটা আমরা করিনি। অনেক সদস্য এখানে বললেন যে এটা অগণতান্ত্রিক। আমি জানি না, সংসদীয় গণতন্ত্রে কি হতে পারে একটা আইন সে যতই কঠোর হোক না কেন লোকসভার বহু মত যেটা গ্রহণ করেছে সেটার সম্বন্ধে আমাদের এখান থেকে সুপারিশ করার কি প্রয়োজন আছে।

আমাদের লোকসভায় কমিউনিস্টদের চীন পন্থী দল আর অন্য পন্থী দল তাঁদের প্রতিনিধি আছেন, আমাদের এখানে বিধানসভার যে আর এস পি দল আছেন তাঁদের প্রতিনিধি আছেন; এস এস পি তাঁদের প্রতিনিধি আছেন, অর্থাৎ আমাদের বিধানসভায় যে দলগুলি আছেন প্রত্যেক দলেরই প্রতিনিধি আছেন। কাজেই এই প্রস্তাবটা সেখানে আনাই তো যুক্তিযুক্ত, এখানে তো কোন প্রয়োজন নেই। একটা কথা উঠতে পারে যে এই আপৎকালীন অবস্থার জন্য যে আইন গৃহীত হয়েছে বহু মতের দ্বারা লোকসভায় তার অপব্যবহার হচ্ছে। এইমাত্র আমার বন্ধু শ্রীআনন্দ গোপাল মুখার্জী মহাশয় আমাকে বলতে বললেন এখানে যাদের ধরে রেখেছেন তাঁরা

কারা। আমরা বর্তমানে বিনা বিচারে ৫৭১ জনকে ধরে রেখেছি। জ্যোতিবাবু একটু আগে অনুরোধ করলেন যে মুখ্যমন্ত্রীকে বলছি তিনি আমাদের যে দুজন লোক আছে তাদের ছেড়ে দিন। ৫৭১ জনের মধ্যে তাদের মাত্র ২ জন লোক, আর বাকি যাদের রাজনীতির সঙ্গে একটু সম্পর্ক আছে সেরকম আছেন ৫ জন সুভাষবাদী জনতা—তাহলে ২+৫=৭ হল, আর বাকি ৫৬৪ জন লোক তাদের অধিক সংখ্যক হচ্ছেন য়্যান্টি-সোসাল এলিমেন্টস, হোডার্স, ব্ল্যাক মার্কেটিয়ার্স, প্রফিটিয়ার্স, স্মাগলারস, ইত্যাদি। কাজে কাজেই এটা কোন মাননীয় সদস্য বলতে পারেন না যে এই আপৎকালীন অবস্থায় আমরা অপব্যবহার করেছি, মোটেই তা করিনি। আজকে এখানে আমি কোন কঠোর কথা বলতে চাই না, কেন না আপনি যখন এই প্রস্তাবটা এখানে আনবার জন্য অনুমতি দিয়েছেন তখন এই আলোচনা নিশ্চয়ই হবে এবং হয়েছে কিন্তু আমাদের এখানে এটা আলোচনা করবার বিষয় নয়। পার্লামেন্টে যেখানে ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি আছেন সেখানে এটা আনা উচিত। আমাদের এখানে কোন ক্ষমতা নেই, আমরা আপৎকালীন অবস্থা ঘোষণা করিনি। আমাদের গভর্নরও করেন নি, করেছেন আমাদের রাষ্ট্রপতি। কাজেই পার্লামেন্টে গিয়ে এর জন্য আন্দোলন করা উচিত, আলোচনা করা উচিত এবং এই প্রস্তাবটা সেখানেই আনা উচিত কিন্তু তাঁরা যে আনতে বোধহয় সাহস করছেন না, কারণ পার্লামেন্টে কংগ্রেসের প্রতিনিধি এত বেশী যে তাঁরা সেখানে টিম টিম করবেন, সেজন্য সেখানে তাঁরা বোধহয় আনতে সাহস করছেন না, আনবেন কিনা আমি জানিনা। আমরা সমস্ত লোকের ভোটের দ্বারা যাদের সেখানে পাঠিয়েছি তাঁরা যদি বহু মতে এই আইন বজায় রাখতে চান তাহলে নিশ্চয়ই এই আইন বজায় থাকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সেদিন ১৯শে আগষ্ট, ১৯৬৪ সালে আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী মহাশয় বলেছেন যে এখন আমাদের দেশে আপৎকালীন অবস্থা চালু রাখতে হবে কেননা চীন থেকে যে আশঙ্কা সেই আশঙ্কা দূর হয়নি। আমি জ্যোতিবাবুকে কঠোর কথা কিছু বলতে চাই না, আনন্দবাবু কিছু বলেছেন কিন্তু জ্যোতিবাবুর বক্তৃতা আমি যখন শুনছিলাম তখন আমি অবাক হয়ে যাচ্ছিলাম যে তিনি ভারতবাসী, না অন্য দেশের লোক। আমি কোন কঠোর মন্তব্য করতে চাই না, আর বেশী বক্তৃতাও দিতে চাই না, আমি শুধু এটুকু বলতে চাই যে আমাদের পশ্চিম বাংলার এই আইন আমরা খুব বিবেচনার সঙ্গে প্রয়োগ করেছি এবং বর্তমানে আমরা এই আইন প্রয়োগ করছি সেই সমস্ত অসামাজিক লোকের বিরুদ্ধে যাদের বিরুদ্ধে আমরা এখানে সব সময় বিরোধী দলের কাছ থেকে অনেক বড় বড় বক্তৃতা শুনে থাকি। কাজে কাজেই তাঁদের দুঃখ করবার কিছু নেই। আমার অত্যন্ত প্রিয় বন্ধু শ্রীহেমন্তবাবু এবং তাঁর অনেক সহকর্মীকে আমরা ধরতে বাধ্য হয়েছিলাম কেন না তাঁরা বলেছিলেন যে আমরা পাকিস্তানে রেলগাড়ী যেতে দেব না, আমরা লাইনের উপর শুয়ে থাকবো, আমরা পাকিস্তানে যে অত্যাচার হচ্ছে তা নিবারণ করবো। সেটা কি সম্ভব? পাকিস্তানের মাছ না এলে আমাদের চলে না, আমরা আন্দোলন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বর্তমানে আমাদের যে মাছের প্রয়োজন তার অধিকাংশ মাছ পাকিস্তান থেকে আসে, আমাদের পাকিস্তান থেকে পাট আনতে হয়, পাকিস্তান আমাদের কোন জিনিস এমনিতে দেয় না, আমরা পাকিস্তানকে কয়লা দিই। মাননীয় বন্ধুবর বলেছিলেন যে কয়লার গাড়ী যেতে দেব না—এতে কার মঙ্গল হবে? পাকিস্তানের হিন্দুদের কি মঙ্গল হত না সেখানে আগুন জ্বলতো। সেজন্য আমাদের আবশ্যক হয়েছিল আমার বন্ধু হেমন্তবাবুকে ধরবার কিন্তু তাঁরা যখন আন্দোলন প্রত্যাহার করলেন, যখন তাঁরা বুঝলেন এ চালিয়ে লাভ নেই, কেউ তাঁদের কথা শুনছে না—তাঁরা আন্দোলন যখন প্রত্যাহার করলেন তখন আমরা তাঁদের মুক্তি দিলাম।

[5-40—5-50 p.m.]

কাজে কাজেই এইসব বলে কোন লাভ নেই। আমার মূল বক্তব্য হচ্ছে এই, আমরা এ বিষয় এখানে এখন আলোচনা করে কি করবো? আর এটা অগণতান্ত্রিক নয়। আমাদের লোকসভায় এই আইনটা পাশ হয়েছে। আমরা এখানে সুপারিশ করতে চাই না কেন? কারণ, কেউ এখানে প্রমাণ করতে পারেননি যে এই আইনের আমরা এখানে অপব্যবহার বা অপপ্রয়োগ করেছি। কাজে কাজেই আমি এই প্রস্তাবের সম্পূর্ণরূপে বিরোধিতা করছি।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে ডি আই রুলস বা ডি আই অ্যাক্ট বা ইমারজেন্সী পাওয়ার, অগণতান্ত্রিক নয়, কারণ, পার্লামেন্টে অধিক সংখ্যের ভোটে এটা পাশ হয়েছে। কিন্তু, আমাদের সংবিধান বলে একটা জিনিষ আছে, সেই সংবিধানে আমাদের কতক-গুলি গণতান্ত্রিক অধিকার দেওয়া আছে অর্থাৎ ফান্ডামেন্টাল রাইটস এ্যান্ড সিভিল লিবারটিস সম্বন্ধে আমাদের অধিকার আছে। ইমারজেন্সী চললে আমাদের সেই গণতান্ত্রিক অধিকারগুলি চলে যায়। সুতরাং ডিফেন্স অব ইন্ডিয়া রুলসকে অগণতান্ত্রিক বলা হয়েছে। দেশে যখন বাস্তবিক কোন সঙ্কট থাকে, তখন জনসাধারণ স্বেচ্ছায় সেই গণতান্ত্রিক অধিকার ছেড়ে দেয়। আমাদের বক্তব্য হচ্ছে, এখন দেশে সেই অবস্থা নেই, এবং সরকারও তা স্বীকার করেছেন, তাদের ব্যবহারে। সুতরাং অগণতান্ত্রিক যে ব্যবস্থা, অর্থাৎ আমাদের ফান্ডামেন্টাল রাইটস এ্যান্ড সিভিল রাইটস যা হরণ করা হয়েছে, সেটা করাতে আমরা অগণতান্ত্রিক বলছি।

দু নম্বর হল, তিনি বলেছেন যে পার্লামেন্টে এটা উঠছে কিনা, আমি জানি না। খবরের কাগজ সকলেরই পড়া উচিত, মুখ্যমন্ত্রী মহাশয় পড়েন কিনা জানি না। সংবাদপত্রে এ সম্বন্ধে প্রকাশিত হয়েছিল। গত মার্চ মাসে পার্লামেন্টে এ সম্বন্ধে একটা রেজোলিউশন বা প্রস্তাব এসেছিল এবং সমস্ত বিরোধী পক্ষের দল সেই প্রস্তাবকে সমর্থন করেছিলেন। এমন কি কংগ্রেসের মাননীয় সদস্য হরেকৃষ্ণ মহাতাব বলেছিলেন যে এখন দেশে আর ইমারজেন্সী থাকা উচিত নয়, পিপলকে অ্যাকলিমেটিজ হতে দেওয়া উচিত নয়; এটা করলে নরম্যাল এফেয়ার হয়ে যাবে, ইমারজেন্সী পাওয়ার ডিফেন্সে কার্যকরী হবে না। এটা মুখ্যমন্ত্রী জানেন না, তা আমি জানতাম না। অন্তত এইটুকু তার জানা প্রয়োজন ছিল। তিনি বলেছেন যে কেন এই ইমারজেন্সী এখনও থাকা উচিত, যে চীন থেকে এখনও আক্রমণের আশঙ্কা আছে, পাকিস্তান থেকে আক্রমণের আশঙ্কা আছে। সুতরাং ইমারজেন্সী থাকা উচিত। আমি একটা প্রশ্ন তাঁকে জিজ্ঞাসা করতে চাই। আজকে আমাদের কাশ্মীর পাকিস্তান দখল করে আছে। ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত পাকিস্তান আমাদের কাশ্মীরকে দখল করে বসে আছে, কই তাকে হটানর জন্য এমারজেন্সী পাওয়ার ঘোষণা করার দরকার হল না? কারণ দেশের সাধারণ ভাবে ইকনমিক পোটেনসিয়েল বা ডিফেন্স পোটেনসিয়েল বাড়াবার জন্য এমারজেন্সী পাওয়ার প্রয়োগ করে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার হরণ করবার কোন অর্থ হয় না। নেপালবাবুর কথার কেউ মূল্য দেন না। কারণ তিনি কখনও সত্য কথা বলেন না। তিনি যে কথাগুলি বললেন সেগুলিকে গাঁজার পর্যায় ফেলা যায়। তিনি বললেন, চীন থেকে এবং পাকিস্তান থেকে টাকা আসছে। কি চমৎকার ইমারজেন্সী, কি চমৎকার ডিফেন্স অব ইন্ডিয়া রুলস, চীন থেকে, পাকিস্তান থেকে টাকা এখানে চলিয়া আসিতেছে, অথচ একটি লোককেও তাঁরা ধরতে পারেন নাই। কি চমৎকার গোঁড়াকল। দু নম্বর—আজকে নেপালবাবু খুব জোর গলায় বক্তৃতা করেছেন। করেছেন কেন, তা আমি জানি। কারণ রাষ্ট্রমন্ত্রী আশুবাবুর বাড়ীতে আজ সার্চ হয়েছে। তাঁর ভাইকে ধরেছে, এবং তাকেও ধরেছে, শুনছি। নেপালবাবু সম্পর্কে গঙ্গামাটি ও সিমেন্ট সম্বন্ধে নানারকম বক্তব্য আছে। এবং তিনি আশুবাবুরও বন্ধু। হয়ত পরের খড়্গ নেপালবাবুর ঘাড়ে পড়তে পারে। তাই অত্যন্ত চড়া গলায় তিনি আজকে এই প্রস্তাবের সমর্থনে বললেন।

আনন্দবাবুর বক্তৃতাও শুনলাম মনোযোগ দিয়ে। তিনি বলেছেন চীন আমাদের ২০ হাজার বর্গমাইল জমি দখল করে বসে আছে এবং পাকিস্তান কাশ্মীর দখল করে আছে। হ্যাঁ, আমাদের জায়গা যদি তারা দখল করে থাকে, তা উদ্ধার করতে হবে। সেই সম্পর্কে আমাদের প্রধানমন্ত্রী, তিনিও বলেছেন, এক্ষণে আমাদের কাছে সমস্যা মিলিটারী প্রবলেম নয়, আমাদের পলিটিক্যাল প্রবলেম। আমাদের মিলিটারী ডিফেন্স গড়ে তুলতে হবে, এবং সেটা গড়ে তুলতে গেলে আজকের এই ইমারজেন্সী পাওয়ার-এর কোন প্রয়োজন নেই। এই কথা তাঁরা বলেছেন।

আর একটা বলেছেন, নেপালবাবু বলেছেন, আনন্দবাবুও বলেছেন যে রাইজ অব প্রাইস যা হয়েছে তার জন্য ডি. আই রুল থাকা উচিত। বাবারে বাবা। কি চমৎকার ভারতরক্ষা আইন আছে, ইমারজেন্সী আছে। রাইজ অব প্রাইসকে কি চমৎকারভাবে কন্ট্রোল তাঁরা করেছেন। এবার বাম্পার ক্রপ হয়েছে, চাল ৪০ থেকে ৪৫ টাকা, তেল বাজারে নেই, ভেজালে ভরে গিয়েছে, মাছ পাবেন না, মাছের জল বিক্রি করে, জেলে বা মেছুনীরা বলে যে জল নিয়ে বাড়ীতে যান ওতেই মাছের গন্ধ পাবেন। কি চমৎকারভাবে দ্রব্যমূল্যের বৃদ্ধিকে ও'রা রোধ করেছেন এবং কি চমৎকারভাবে ও'রা লোককে গ্রেপ্তার করেছেন। দু'চারজনকে, যারা অত্যন্ত খুদে ব্যবসাদার রাঘব বোয়াল যারা, যারা ঐ মুখ্যমন্ত্রীর ঠান্ডা ঘরে গিয়ে বসে থাকেন, যাদের কাছ থেকে টাকা নিয়ে দুর্গাপুরের কংগ্রেস চলে, যাদের কাছ থেকে টাকা নিয়ে কংগ্রেস প্রতিষ্ঠান চলে তাদের গায়ে হাতটি পড়েনি, তাই জিনিসপত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং তাদের গায়ে ও'রা হাত দিচ্ছে না, তাদের ও'রা রক্ষা করছেন। ডিফেন্স অব ইন্ডিয়া রুল যদি তুলে দেয় আমরা হাত দিতে পারি তাদের গায়ে কারণ আমাদের গণতান্ত্রিক অধিকার তখন আমরা পেয়ে যাবো, তাদের আমরা মিছিল করে, ঘেরাও করে সায়েস্তা করতে পারি। সেই পথটি বন্ধ করবার জন্য, তাদের গায়ে যাতে হাত না পড়ে, সেই পথটি বন্ধ করার জন্য ডিফেন্স অব ইন্ডিয়া রুলটি তাঁরা চালু রাখতে চাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়রা বললেন যে দুর্নীতি তাঁরা দূর করবার চেষ্টা করছেন, সদাচার সমিতি একটা হবে বলে শুনে-ছিলাম, অমনি বাংলাদেশ থেকে অতুল্যবাবু দৌড় দিয়ে চলে গেলেন, যে বাবারে বাবা ! বাংলা-দেশে যদি এ জিনিস হয়; আমি থেকে সুরু করে যারা ওদিকে বসে আছেন তাঁদের মধ্যে কেউ বাদ যাবেন না। দু'চারজন সৎলোক আছেন, অজয়বাবুর মত দু'চারজন আছেন আর কেউ বাদ যাবেন না। তাই অতুল্যবাবু দৌড়ে চলে গেলেন ওখানে এই সদাচার সমিতিকে ভেঙ্গে দিতে হবে। এমন তাঁর ক্ষমতা এবং কংগ্রেসের ভিতরে এমন ক্ষমতা যে নন্দ সাহেবকে পর্যন্ত সেখান থেকে শুধু হাতে চলে আসতে হল। দুর্নীতির গায়ে হাত তাঁরা দিতে পারবেন না, দুর্নীতির গায়ে হাত দেওয়া তাঁদের সম্ভব নয়। আমাদের প্রতাপবাবু বললেন যে আমাদের ডিফেন্সের যে অ্যারেঞ্জমেন্ট আছে তার জন্য ইমারজেন্সী পাওয়ার আজকে দরকার আমাদের, আমাদের ইমারজেন্সী হাতে নিতে হবে, যদিও গলাটা অত্যন্ত ছোট ছিল তার, এবিউস হয়েছে তাও স্বীকার করেছেন তিনি, শুধু একটি কথা আপনার মাধ্যমে তাঁকে বলে দিতে চাই যে কেন আমরা আপত্তি করছি, আমাদের মুখ্যমন্ত্রী বললেন যে এখানেও আমাদের আপত্তি করার কোন অধিকার নেই, এটাও পার্লামেন্ট থেকে হয়েছে, সুতরাং আমরা কেন বলবো ? আমি একটি কথা বলি, মুখ্যমন্ত্রী কি জানেন এই যে ডি আই আর বা ইমারজেন্সী পাওয়ারকে স্টেট লেজিসলেচারের যে ক্ষমতা সেই ক্ষমতা তাঁরা নিয়ে গিয়েছে তিনি কি জানেন এই সেন্ট্রাল একজিকিউটিভ অফিসার যাঁরা তাঁরা স্টেট লেজিসলেচারের ক্ষমতাকে প্রয়োগ করতে পারেন, তা কি তিনি জানেন ? আমাদের যে ক্ষমতা আছে, স্টেট লেজিসলেচারের যে আইন বানানর ক্ষমতা আছে সে ক্ষমতা তাঁরা নিতে পারেন, পার্লামেন্টে যে আইন করতে পারেন, অফিসাররা সেগুলিকে চালু করতে পারেন, আমাদের যে টাকা পাওয়া দরকার আর্টিকেল ৩৫৪এ সে টাকা যেটা ন্যায্যতঃ পাওয়া দরকার সে টাকাও তারা পুনর্বন্টন করতে পারেন। সুতরাং আমাদের রাজ্যের স্বার্থ এতে জড়িত আছে। আর সবচেয়ে বড় প্রশ্ন যেটা সেটা হচ্ছে এই যে ইমারজেন্সীর ভিতরে দেশকে গড়ে তুলতে আপনারা পারেন নি, ডিফেন্স স্ট্রেংথকে বাড়াতে পারেন নি, ইকনমিক পোটেনসিয়াল বাড়াতে পারেন নি আপনারা, ডিফেন্স পোটেনসিয়াল বাড়াতে পারেন নি। বাংলাদেশে আজকে দুর্নীতিতে ভরে গিয়েছে, বাংলাদেশে আজ ক্ষমতার দ্বন্দ্ব চলছে যেমন অন্য জায়গায় চলছে, এই যে দুরবস্থা, এই যে দুর্নীতি ইমারজেন্সী করে আপনারা যা করছেন তার আমরা অবসান চাই তার হাত থেকে আমরা মুক্তি পেতে চাই জনসাধারণের মৌলিক অধিকার, জনসাধারণের ব্যক্তি স্বাধীনতার অধিকার এইগুলিকে ফিরিয়ে দিন। আপনাদের ভিতরে যে দুর্নীতি ঢুকেছে তাকে আমরা আঘাত দিতে পারবো, আঘাত দিয়ে ভাঙ্গাতে পারবো এবং দুর্নীতির রাস্তা আমরা বন্ধ করতে পারবো। তাই একটি কথা বলবো ডিফেন্স অব ইন্ডিয়া বিলটি ডিফেন্স অব ক্যাপিটালিস্ট কংগ্রেস করাপসান রুলএ পরিণত করবেন না যা আপনারা পরিণত করেছেন এবং এর অবসানের জন্য আমরা চাই এই হাউস থেকে সব সম্মতভাবে এই প্রস্তাব যাক যে ইমারজেন্সীর

দরকার নেই, ডিফেন্স অব ইন্ডিয়া রুলের প্রয়োজন নেই। আর একটি কথা, স্যার, যে অ্যামেন্ডমেন্টগুলি এসেছে তার মধ্যে শম্ভু ঘোষ, হরেকৃষ্ণ কোঙার, হরিদাস চক্রবর্তী, শৈলেন্দ্রনাথ অধিকারী, এই চারটি অ্যামেন্ডমেন্ট আমি গ্রহণ করে নিচ্ছি।

[5-50—5-55 p.m.]

The motion of Shri Sambhu Charan Ghose to move that in line 4, after the words "on the rule of law", the following words be inserted, viz.:—

> "and whereas these have become instruments in the hands of the Government for crushing popular movements", was then put and lost.

The motion of Shri Haridas Chakravarty to move that in line 3, the word "continuing" be omitted, was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar to move that the following paragraph be added at the end, viz.:—

> "This Assembly further urges upon the Government of West Bengal to release all political workers still detained under rule 30 of D. I. Rules and pending the withdrawal of D. I. Act and Rules, not to use the D. I. Rules against workers' and peasants' movements and other democratic movements of the people", was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary to move that in line 1, after the word "that" the following be inserted, viz.:—

> "whereas it is an undeniable fact that the Government of India and Government of West Bengal have miserably failed to rouse, to enthuse and to unite the people to rise against the continued occupation of our sacred land by China and other foreign powers;
>
> whereas the subsequent action of the Government has proved that there is no serious effort on the part of the Government to regain the lost prestige of our great motherland in the National and International spheres;
>
> whereas after the emergency, the Government has failed to check black-marketing and rise of prices and dire exploitation of millions by human sharks and profiteers and monopolists to keep the morale of the people high;
>
> whereas this declaration of emergency under the abovementioned circumstances have become a veritable source of oppression on the freedom loving people and an onslaught on the democratic rights of the common man to live a free and unfettered life; and", was then put and lost.

The motion of Shri Nikhil Das that whereas the prolongation of the period of emergency and the continuance of the Defence of India Rules are continuing onslaughts on the democratic rights of the people and on the rule of law, this Assembly urges upon the Government of West Bengal to

represent to the Government of India the necessity for the revoking of the proclamation of emergency and the Defence of India Rules forthwith, was then put and a division taken with the following result:

NOES—63.

Abdul Bari Moktar, Shri

Bankura, Shri Aditya Kumar

Bandyopadhyay, The Hon'ble Smarajit

Banerjee, Shri Jaharlal

Banerjee, Shrimati Maya

Bauri, Shri Nepal

Bazlur Rahaman Dargapuri, Moulana

Bhattacharyya, Shri Bejoy Krishna

Bhattacharyya, The Hon'ble Syamadas

Bhowmik, Shri Barendra Krishna

Bose, Shri Promode Ranjan

Chattopadhyay, Shri Brindabon

Chattopadhyay, Dr. Susil Ranjan

Chowdhury, Shri Birendra

Chunder, Dr. Pratap Chandra

Das, Shri Dinabandhu

Das, Dr. Kanai Lal

Das, Shri Mahatab Chand

Das, Shri Radhanath

Das, Shrimati Santi

Das Gupta, The Hon'ble Khagendra Nath

Das Gupta, Dr. Susil

Dutta, Shrimati Sudha Rani

Fazlur Rahman, The Hon'ble S. M.

Gayen, Shri Brindaban

Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar

Guha, Dr. Prabodh Kumar

Haldar, Shri Haralal

Jehangir Kabir, Shri

Karam Hassain, Shri

Kazim Ali Meerza, Shri Syed

Khan, Shri Gurupada

Kolay, The Hon'ble Jagannath

Maiti, The Hon'ble Abha

Majumdar, Shrimati Niharika

Misra, The Hon'ble Sowrindra Mohan

Mitra, Shrimati Biva

Mohammad Israil, Shri

Moitra, Shri Arun Kumar

Mondal, Shrimati Santilata

Mondal, Shri Sishuram

Mookerjee, Shri Naresh Nath

Mukherjee, Shri Ajoy Kumar

Mukhopadhyay, Shri Ananda Gopal

Naskar, The Hon'ble Ardhendu Sekhar

Pemantle, Shrimati Olive

Pramanik, Shri Puronjoy

Pramanik, Shri Rajani Kanta

Roy, Shri Arabinda

Roy, Shri Bankim Chandra

Roy, Shri Nepal Chandra

Saha, Shri Dhaneswar

Santra, Shri Jugal Charan

Sen, Shri Bijesh Chandra

Sen, Shri Narendra Nath

Sen, The Hon'ble Prafulla Chandra

Sen, Shri Santi Gopal

Singhadeo, Shri Raj Rajeswari Prosad

Singhadeo, Shri Shankar Narayan

Sinha, Kumar Jagadish Chandra

Sinha, Shri Phanis Chandra

Wangdi, The Hon'ble Tenzing

Ziaul Haque, Shri Md.

AYES—28.

Abul Mansur Habibullah, Shri Syed

Adhikary, Shri Sailendra Nath

Banerjee, Shri Gopal

Basu, Shri Amarendra Nath

Basu, Shri Debi Prosad

Basu, Shri Hemanta Kumar

Basu, Shri Jyoti

Bhattacharyya, Dr. Kanai Lal

Chakravarty, Shri Haridas

Das, Shri Nikhil

Das, Shri Shambhu Gopal

Das, Shri Sudhir Chandra

Das Gupta, Shri Sunil

Das Mahapatra, Shri Balai Lal

Hamal, Shri Bhadra Bahadur

Konar, Shri Hare Krishna

Lahiri, Shri Somnath

Mahato, Shri Girish

Maitra, Shri Kashi Kanta

Majumdar, Shri Apurba Lal

Mondal, Shri Bijoy Bhusan

Mukhopadhyay, Shri Rabindra Nath

Murmu, Shri Nathaniel

Pal, Shri Bejoy

Pal, Shri Kanai

Roy, Shri Monoranjan

Roy Pradhan, Shri Amarendra Nath

Saha Shri Jamini Bhusan

The Ayes being 28 and the Noes, 63, the motion was lost.

Mr. Speaker: Honourable members, on Monday next the West Bengal Official Language (Amendment) Bill, 1964, will be taken up first to be followed by the Calcutta Municipal (Amendment) Bill, 1964.

The House stands adjourned till 1 p.m. on Monday next.

Adjournment

The House was accordingly adjourned at 5-55 p.m. till 1 p.m. on Monday, the 14th September, 1964, at the "Legislative Building", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 14th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 19 Hon'ble Ministers, 2 Hon'ble Ministers of the State and 137 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Mr. Speaker: Now, held-over question No. *1074.

Proposal for a municipality at Uluberia

***198.** (Admitted question No. *1074.) **Shri Abani Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) if it is in the contemplation of the Government to establish a municipality at Uluberia; and

(b) if so, how far the matter has progressed?

The Hon'ble S. M. Fazlur Rahman: The whole matter is under the consideration of Government.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state since when the matter is under contemplation?

The Hon'ble S. M. Fazlur Rahman: The local officers have been requested on the 8th instant to furnish all details.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state whether any enquiry has yet been made?

The Hon'ble S. M. Fazlur Rahman: The authorities have been asked to enquire into the matter and to furnish details as to wether there is any possibility of establishing a municipality at Uluberia.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state what is the essential condition which requires to be fulfilled for a municipality to be established?

The Hon'ble S. M. Fazlur Rahman: 75 per cent. of the population must be non-agricultural family, and then the income arising out of the population should be spent to the tune of 20 per cent. to meet the essential functions of the civic body. If these two conditions are fulfilled, then the matter may be taken into consideration.

Pisciculture in Manasadaha Beel

Mr. Speaker: Now, held-over question No. *1087.

***291.** (Admitted question No *1087.)

শ্রীকানাইলাল পাল: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর শহরের দক্ষিণে অবস্থিত মনসাদহ বিলে (বাঁওড়) মৎস্য চাষের জন্য যে পরিকল্পনা গৃহীত হইয়াছে তাহা আজও কার্যকরী না করার কারণ কি; এবং

(খ) এই পরিকল্পনাকে কার্যকরী করিতে কত সময় লাগিবে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) মনসাদহ বিলের একাংশে মৎস্যবীজ উৎপাদন কেন্দ্র (ফীস সীড ফার্ম) স্থাপনের জন্য কিছু জমির প্রয়োজন। উহার গ্রহণ (অ্যাকুইজিশান) ও বিভাগীয় হস্তান্তর (ডিপার্টমেণ্টাল ট্রান্সফার) স্বাভাবিকভাবেই সময়সাপেক্ষ। বিভাগীয় হস্তান্তরের প্রস্তাববলে প্রয়োজনীয় জমির প্রায় এক-তৃতীয়াংশ মৎস্যবিভাগের দখলে আসিলেও অ্যাকুইজিশান মারফত জমি পাইতে কিছু সময় লাগিবে।

ইহা ছাড়া খসড়া প্রকল্পের আর্থিক দিকগুলি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া দেখবার জন্য সময়ের প্রয়োজন।

(খ) উপরি-উক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে সময় সম্বন্ধে সঠিক করিয়া কিছু বলা শক্ত। তবে আশা করা যায় বর্তমান আর্থিক বৎসরেই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা যাইবে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই পরিকল্পনা কদিন আগে গৃহীত হয়েছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: এই পরিকল্পনা গত বছর গৃহীত হয়েছিল, আমার মনে হয় বর্তমান আর্থিক বৎসরের প্রারম্ভ থেকে হয়েছে কিংবা দ্বিতীয় পরিকল্পনার শেষের দিকে হয়েছে।

শ্রীকানাই পাল: আমি একটা পরিষ্কার প্রশ্ন করছি, এই পরিকল্পনা কতদিন আগে গৃহীত হয়েছে, মনে হওয়ার কোন স্কোপ নেই, অনুগ্রহ করে বলুন এই পরিকল্পনা কবে গৃহীত হয়েছে অথবা আজ পর্যন্ত গৃহীত না হওয়ার কারণ কি?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: কারণ সম্বন্ধে আমি বলেছি যে ডেট আমার কাছে নেই, পরে উত্তর দিতে পারি।

Shri Abani Kumar Basu: Sir, I would draw your attention to another question of the Education Department which was held-over.

Mr. Speaker: You can't draw my attention in the midst of another question which is being answered.

শ্রীকানাই পাল: এই পরিকল্পনার জন্য ইতিপূর্বে ৩ লক্ষ টাকা স্যাংশন করা হয়েছিল কিনা

দি অনারেবল এস এম ফজলুর রহমান: টাকা মঞ্জুর করা হয়েছে, প্রকল্পের ডিটেইল সম্বন্ধে ফাইন্যান্স ডিপার্টমেন্টের সঙ্গে সব কিছু আলোচনা করতে হবে।

শ্রীকানাই পাল: আমার (খ) প্রশ্নোত্তরে বলা হয়েছে—এই পরিকল্পনাকে কার্যকরী করিতে কত সময় লাগিবে? যেটা উত্তর দিলেন আগে ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল, পুনরায় এ উত্তরে যা বলেছেন বর্তমান আর্থিক বছরে প্রকল্পের জন্য অর্থ মঞ্জুর করা সম্ভব হবে, এ পরস্পর বিরোধী কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: ডিপার্টমেন্টে যখন যা অর্থ মঞ্জুর করা হয় সেটা ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে স্ক্রুটিনাইজ করা হয়, তাতে কম-বেশী হবে সেটা ঠিক করতে সময় বেশী লাগে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আজকে এই যে মৎস্য সংকট চলছে গত দু বছর ধরে একটা জমি দখল করার পূর্বে ডিপার্টমেন্টে হস্তান্তর হচ্ছে না, এটা কি এই বিভাগের গাফিলতীর জন্য নয়?

দি অনারেবল ফজলুর রহমান: সরকার পক্ষের এতে গাফিলতী নাই, আইনের আওতায় পড়ে সময় লাগছে।

Primary Schools under the supervision of Hooghly District Board

- ***348.** (Admitted question No. *1546.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৩-৬৪ সালে হুগলি জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় স্কুল বোর্ড কর্তৃক গ্রহণের জন্য গ্রামবাসীগণ দরখাস্ত করিয়াছেন;

(খ) এই বৎসর কতগুলি নূতন বিদ্যালয়কে স্কুল বোর্ডের কতৃত্বে লওয়া হইয়াছে; এবং

(গ) কতগুলি বিদ্যালয়কে গ্রহণের প্রশ্ন বিবেচনাধীন আছে?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) হুগলী জেলা স্কুল বোর্ড ১৯৬৩-৬৪ সালে জেলার বিভিন্ন গ্রাম হইতে ১৯৮টি দরখাস্ত পাইয়াছিলেন।

(খ) এখনও পর্যন্ত হুগলী জেলা স্কুল বোর্ড কোন নূতন বিদ্যালয়ের ভার গ্রহণ করেন নাই।

(গ) নূতন বিদ্যালয়ের জন্য ১৯৫টি দরখাস্তের বিষয় হুগলী জেলা স্কুল বোর্ডের বিবেচনাধীন আছে।

Complaint against Rajendra Kumar Higher Secondary School in Dwarbasini village

***395.** (Admitted question No. *991.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) হুগলি জেলার দ্বারবাসিনী গ্রামের "রাজেন্দ্রকুমার হায়ার সেকেন্ডারী" বিদ্যালয় সম্প্রতি তিন-চার মাসের মধ্যে স্কুলের সিমেন্ট সংক্রান্ত ব্যাপারে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে এ বিষয়ে কোন অনুসন্ধান করিয়াছেন কিনা; এবং

(গ) অনুসন্ধান করিয়া থাকিলে, তাহার ফলাফল কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: (ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই স্কুল কমিটির সম্পাদক স্কুলের সিমেন্ট ব্যক্তিগত কাজের জন্য নিয়েছেন কিনা এবং এ বিষয়ে কমিটি তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ পেয়েছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: মাননীয় সদস্য প্রশ্ন করেছেন গত ৩-৪ মাসের মধ্যে সরকার এইরকম কোন অভিযোগ পেয়েছেন কিনা, আমি তার উত্তর দিয়েছি এ রকম কোন অভিযোগ পাই নি।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি যে প্রশ্ন করেছি তা হচ্ছে একটা স্কুলের বরাদ্দ সিমেন্ট এই স্কুলের সেক্রেটারী তার ব্যক্তিগত কাজে লাগিয়েছে এ সম্বন্ধে আপনি কোন অভিযোগ ৩-৪ মাসের মধ্যে পেয়েছেন কিনা, ৩-৪ মাস না হোক ৫-৬ মাসের মধ্যে পেয়েছেন কিনা, গ্রামের সাধারণ মানুষের কাছ থেকে এইরকম কোন অভিযোগ পেয়েছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: আমি এ বিষয়ে কোন অভিযোগ পাই নি।

[1-10—1-20 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই সিমেন্টের ব্যাপার নিয়ে ঐ স্কুল কমিটির সম্পাদকের বিরুদ্ধে সম্প্রতি অর্থাৎ এক মাসের মধ্যে চুঁচুড়া কোর্টে একটা মামলা দায়ের হয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

না, জানি না।

Government-sponsored free primary schools

***396.** (Admitted question No. *1134.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether furniture and other equipments are supplied to Government-sponsored Free Primary Schools by the District School Boards;

(b) if not, the reasons therefor;

(c) whether teachers serving in those schools are allowed to serve in other Free Primary Schools other than the Government-sponsored Free Primary Schools;

(d) if not, the reasons therefor; and

(e) whether the Government consider the desirability of bringing all sorts of Free Primary Schools under one category only?

The Hon'ble Rabindralal Sinha: (a) and (b) Furniture and equipment were supplied to Government sponsored free primary schools as and when they were set up with financial assistance from the Ministry of Rehabilitation, Government of India. Subject to availability of funds at their disposal, the District School Boards supply additional furniture and equipment to such among these schools as have since come under their management.

(c) Yes, District School Boards can transfer teachers from one school to another, both being under their administrative charge.

(d) Does not arise.

(e) Yes.

Shri Birendra Narayan Roy:

আপনি বললেন যে, যখন স্কুল সুরু হয় তখন এইরকম ফারনিচার গ্র্যান্ট দেওয়া হয়। কিন্তু ফার্নিচার নষ্ট হয়ে গেলে সেগুলি কোন ফান্ড থেকে রিপেয়ার করে দেন, না, স্কুলকে নিজে থেকে রিপেয়ার করতে হয়?

The Hon'ble Rabindralal Sinha:

এ এবং বি যখন একসঙ্গে বলেছি তখন জবাব বলেছি। তাতে দেখুন আমি একথা বলেছি প্রথম যখন স্কুল এস্টাব্লিসড হয় তখন মিনিস্ট্রি অফ রিহ্যাবিলিটেশন থেকে টাকা নিয়ে হয়েছে। তারপর এখন গ্রামাঞ্চলে যে স্কুলগুলি আছে সেগুলি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর কন্ট্রোলে চলে গেছে। স্কুল বোর্ড সমস্ত স্কুল সম্বন্ধে তাদের অ্যাভেলেবিলিটি অফ ফান্ডস এবং নেসেসিটি অনুযায়ী যেমন করেন, এখানেও তেমনি করবে।

Shri Birendra Narayan Roy:

শহরে যেসমস্ত ফ্রি প্রাইমারি স্কুল আছে তাদের সম্বন্ধে কি হয়?

The Hon'ble Rabindralal Sinha:

প্রশ্ন হচ্ছে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের আয়ত্বাধীন ফ্রি প্রাইমারী স্কুল সম্বন্ধে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে স্পনসর্ড ফ্রি প্রাইমারী স্কুলগুলির ট্রান্সফার ইত্যাদি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের আন্ডারে চলে গেছে। মাননীয় মন্ত্রিমহাশয় একথা কি জানাবেন যে, এটা যখন স্কুল বোর্ডের আন্ডারে দেওয়া হল তখন কি স্পনসর্ড স্কুলের সমস্ত লায়াবিলিটি এবং সমস্ত অ্যাসেটস স্কুল বোর্ডের আন্ডারে দেওয়া হয় নি?

The Hon'ble Rabindralal Sinha:

আমি সঠিক বলতে পারব না, আলাদা প্রশ্ন করলে বলতে পারব।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সরকার থেকে কি কোন ইউনিফর্ম পলিসি আছে যে স্কুলের দরুন এত টাকা বছরে ফর ফার্নিচার দেওয়া হবে, না সেখানকার রিসোর্সেস অনুযায়ী দেওয়া হয়?

The Hon'ble Rabindralal Sinha:

আমরা স্কুল বোর্ডকে গ্র্যান্ট দিই। স্কুল বোর্ড তার আয়ত্তাধীন এবং পরিচালনাধীন স্কুলে যেখানে যেমন প্রয়োজন বোধ করবেন সেখানে সেই রকম করবেন। আমরা সাক্ষাৎভাবে কিছু করি না।

Shri Sanat Kumar Raha:

বহু স্পনসর্ড স্কুল, স্কুল বোর্ডে যাওয়ার পর এখনও ফার্নিচারের অভাবে অত্যন্ত দুর্দশার মধ্যে চলছে এ সংবাদ কি সুরকার রাখেন?

The Hon'ble Rabindralal Sinha:

না।

Pay-scales for non-trained Headmasters

***397.** (Admitted question No. *1251.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬২ সালের পূর্ব হইতে পশ্চিমবঙ্গে হাইস্কুলসমূহে যে সকল ননট্রেন্ড এম-এ পাশ শিক্ষক হেডমাস্টাররূপে কাজ করিতেছেন তাঁহারা কোনপ্রকার স্কেল-এর সুযোগ পাচ্ছেন না; এবং

(খ) সত্য হইলে, এই রাজ্যে এইপ্রকার শিক্ষকের সংখ্যা কত?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) হ্যাঁ, সত্য।

(খ) ১৪।

Shri Sanat Kumar Raha:

এই ১৪ জন টিচার সম্পর্কে সরকার কোন পে-স্কেল দেবার কথা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আমরা মনে করি যে, সেকেন্ডারি স্কুলের হেডমাস্টার যিনি হবেন তাঁর ট্রেনিং কোয়ালিফিকেশন থাকা উচিত। যাঁদের ট্রেনিং কোয়ালিফিকেশন নেই তাঁরা গ্রেড পাচ্ছেন না এবং আমাদের এইরকম এখন কোন চিন্তাও নেই।

Shri Sanat Kumar Raha:

বি, এ অনার্স হলে এটা ইকুইভ্যালেন্ট টু এম-এ; এটা আপনারা ধরেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আমাদের পলিসিটা পরিষ্কারভাবে লে ডাউন করা আছে যে,

trained graduates with Honours Degree or with Master's Degree plus 5 years teaching experience in a recognised Secondary School or Madrasah.

এ'রাই হেডমাস্টার হতে পারেন। কিছুটা রিল্যাক্স করা হয়েছিল, পরে যে ট্রেন্ড এম-এ, এম-এস-সি, তাঁরা থার্ড ক্লাস হলেও তাদের যদি satisfactory working experience থাকে অ্যাজ অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার ফর ফাইভ ইয়ার্স তাহলে তাঁরা পাচ্ছেন প্রায়র টু ১-৩-৬১ কিংবা তাঁরা যদি অফিসিয়েটিং হেডমাস্টার হিসাবে কাজ করে থাকেন। সুতরাং ট্রেন্ড সম্বন্ধে হয়েছে নন-ট্রেন্ড সম্বন্ধে কিছু হয় নি। এমন কি গ্রাজুয়েট যাঁরা তাঁরাও বি-টি এইরকম যদি আন্ডার কোয়ালিফায়েড হেডমাস্টার কোথাও থাকেন, আছে বোধ হয়, তাহলে তাঁরা initial of the revised scale draw করতে পারেন।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় বলবেন কি, নন-ট্রেন্ড এম-এ পাশ করা হেডমাস্টাররা এই স্কেলের বেনিফিট পান কিনা—নন-ট্রেন্ড এম-এ হেডমাস্টাররা কত মাহিনা পাচ্ছেন?

The Hon'ble Rabindralal Sinha:

নোটিশ দিলে বলতে পারব। এটা রিভাইজড স্কেল সম্বন্ধে তাঁরা রিভাইজড স্কেলের বেনিফিট পান না। তাঁরা আগে যা পেতেন পুরানো স্কেলে তাই পাচ্ছেন ?

Shri Bejoy Kumar Banerjee:

এই যে ১৪ জন নন-ট্রেন্ড হেডমাস্টার আছেন এম-এ পাশ একটা ইন্টারিম ব্যবস্থা এই ১৪ জনের জন্য কি হয় না। তাঁরা এম-এ পাশ করেছেন—স্কেলের বেনিফিট নাই বা দিলেন কিন্তু কিছু একটা বেনিফিট কি সরকার দেবেন না ?

The Hon'ble Rabindralal Sinha:

উনি রিকোয়েস্ট ফর অ্যাকশনের কথা বলছেন—আমি কি করে জবাব দেব ?

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বর্তমানে এই যে নন-ট্রেন্ড হেডমাস্টার এম-এ পাশ করা রয়েছেন, এ'দের সার্ভিস কন্ডিশন অ্যাপ্রুভ করা হয়েছে কিনা ?

The Hon'ble Rabindralal Sinha:

এই প্রশ্নের সংগে সার্ভিস আপ্রুভ্যালের কোন সম্পর্ক নেই. এটা মাননীয় সদস্য দীর্ঘদিন ধরে স্কুল পরিচালনা করে নিশ্চয়ই জানেন। এ'রা রিভাইজড স্কেল হবার অনেক আগে থেকেই আছেন। যদি বয়স থাকে, তাঁরা ট্রেনিং নিতে পারেন এবং ট্রেনিং নিয়ে সংগে সংগে গ্রেড পাবেন।

Issue of taxi-permits in Calcutta

***398.** (Admitted question No. *1264.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতায় যাতায়াতের সুবিধার জন্য আরও কিছু সংখ্যক ট্যাক্সির পারমিট দেওয়ার ব্যবস্থা হইতেছে;

(খ) সত্য হইলে, উহার সংখ্যা কত; এবং ঐ পারমিটের জন্য কোন সর্ত আরোপ করা হইয়াছে কি না; এবং

(গ) বর্তমানে কলিকাতায় মোট চালু ট্যাক্সির সংখ্যা কত ?

Mr. Speaker: Question No. *398 may be held over.

Special allowance for basic-trained Headmasters in non-basic schools.

***399.** (Admitted question No. *1364.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৬ই অগাস্ট ১৯৬৩ তারিখে মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের ৩৪৫৯(১৫) নং নির্দেশে বলা হয় যে, বুনিয়াদি শিক্ষণপ্রাপ্ত শিক্ষক অ-বুনিয়াদি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কার্য করিলে তাঁহাদিগকে প্রধান শিক্ষক ভাতা দেওয়া হইবে না; এবং

(খ) যদি ইহা সত্য হয়, তবে কি কারণে এইরূপ ব্যবস্থা চালু করা হইয়াছে ?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) হ্যাঁ, সত্য। তবে ইহা সরকারী নীতিসম্মত নহে। জেলা স্কুলবোর্ডকে এই আদেশ পরিবর্তন করিতে নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

কবে নির্দেশ দেওয়া হয়েছে ?

The Hon'ble Rabindralal Sinha:

সঠিক ডেটটা বলতে পারব না, তবে নির্দেশে আমরা বলে দিয়েছি রেট্রোসপেকটিভ ইফেক্টে পেমেন্ট করা হবে।

Shri Sailendra Nath Adhikary:

এই যে জেলা স্কুল বোর্ডকে আপনারা নির্দেশ দিয়েছেন তারা একটা বে-আইনী কাজ করে বসে আছে, সেটাকে রেক্টিফাই করবার জন্য, এই নির্দেশ তারা পালন করেছে কিনা সেটা দেখবার জন্য আপনারা কি ব্যবস্থা করেছেন ?

The Hon'ble Rabindralal Sinha:

আমরা নির্দেশ দিয়েছি এবং নিশ্চয়ই আমরা অনুসন্ধান করব, সেই নির্দেশ পালিত হচ্ছে কিনা

Shri Sailendra Nath Adhikary:

পালন না করলে কি করবেন ?

Mr. Speaker:

ওটার জবাব হয় না।

Rabindra Bhawan at Ranaghat

***400.** (Admitted question No. *1504.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) নদীয়ায় রানাঘাট রবীন্দ্র-ভবন নির্মাণ করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কত টাকা দিয়াছেন;

(খ) এই রবীন্দ্র-ভবন কত বৎসর পূর্বে নির্মিত হইয়াছে;

(গ) রবীন্দ্র-ভবন পরিচালনার জন্য কোন কমিটি আছে কি;

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(১) উক্ত কমিটি নির্বাচিত না মনোনীত,

(২) ঐ কমিটি কোন্ সালে গঠিত হইয়াছে, এবং

(৩) ঐ কমিটির সদস্যদের নাম কি?

[1-20—1-30 p.m.]

The Hon'ble Rabindralal Sinha:

(ক) পশ্চিমবঙ্গ সরকার রাজ্য তহবিল হইতে ৩৪,১৮৫ টাকা এবং কেন্দ্রীয় তহবিল হইতে ২৯,৮১৫ টাকা, মোট ৬৪,০০০ টাকা রানাঘাটে রবীন্দ্রভবন নির্মাণের জন্য দিয়াছেন।

(খ) প্রায় দুই বৎসর পূর্বে।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) রবীন্দ্র ভবন কমিটি ম্যানেজিং কমিটি গঠন করিয়াছেন।

(২) ১৯৬০ সালে উক্ত কমিটি প্রথম গঠিত হইয়াছিল। পরে ১৯৬২ সালে মহকুমা গ্রন্থাগার ঐখানে প্রতিষ্ঠিত হওয়ায়, উহা পুনর্গঠিত হয়।

(৩) একটি তালিকা উপস্থাপিত করা হইল।

বিধানসভার *১৫০৮ প্রশ্নের (ঘ)(৩) অংশের উত্তর সম্পর্কিত তালিকা

রানাঘাট রবীন্দ্র ভবন কমিটির সদস্যগণের নাম

১। মহকুমা শাসক, রানাঘাট—সভাপতি (পদাধিকারবলে)।

২। সভাপতি, রানাঘাট উকিল বার—সভ্য (পদাধিকারবলে)।

৩। জেলা সমাজ শিক্ষা আধিকারিক, নদীয়া—সভ্য (পদাধিকারবলে)।

৪। সমাজ শিক্ষা সংগঠক, রানাঘাট ১নং উন্নয়ন ব্লক সভ্য (পদাধিকারবলে)।

৫। প্রধান শিক্ষক, পালচৌধুরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়—সভ্য (পদাধিকারবলে)।

৬। প্রধানা শিক্ষিকা, ব্রজবালা উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়—সভ্যা (পদাধিকারবলে)।

৭। অধ্যক্ষ, রানাঘাট কলেজ—সভ্য (পদাধিকারবলে)।

৮। পৌরপতি, রানাঘাট পৌরসভা- সভ্য (পদাধিকারবলে)।

৯। শ্রীদীপকরঞ্জন মাইতি, উপ-শাসক ও সমাহর্তা, নদীয়া—সম্পাদক।

১০। ডাঃ অজিতকুমার খাঁ, সদস্য, পৌরসভা—সভ্য।

১১। শ্রীনবগোপাল মুখার্জি, সদস্য, পৌরসভা—সভ্য।

১২। শ্রীসুধীরকুমার বিশ্বাস, সদস্য পৌরসভা—সভ্য।

১৩। শ্রীনরেন্দ্রনাথ সরকার—সভ্য।

১৪। শ্রীপাঁচুগোপাল কুণ্ডু—সভ্য।

১৫। শ্রীগোবিন্দ চন্দ্র কুণ্ডু—সভ্য।

১৬। শ্রীশৈলেন্দ্র নাথ দে—সভ্য।

১৭। শ্রীকল্যাণকুমার দাশগুপ্ত—সভ্য।

১৮। শ্রীমানসকুমার গাঙ্গুলী—সভ্য।

১৯। ডাঃ বিশ্বরঞ্জন রায়—সভ্য।

২০। শ্রীশিশিরকুমার সরকার—সভ্য।

Shri Sanat Kumar Raha:

এই রবীন্দ্রভবন পরিচালনা কমিটি গঠন করা সম্পর্কে সব জায়গাতেই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস-ডি-ও এবং সমাজসেবক ও সেবিকা, এদের নেবার মত কোন নীতি সরকার নির্দেশ করে দিয়েছেন কি ?

The Hon'ble Rabindralal Sinha:

আমি কাগজপত্র থেকে দেখতে পাচ্ছি যে, তাঁরা একটা মিটিং করে রবীন্দ্রভবন কমিটিকে গঠন করেছেন এবং সেই রবীন্দ্রভবন কমিটির সভাপতি আমাদের জানিয়েছেন যে, তাঁরা অমুক তারিখে মিটিং করে কমিটি বসিয়েছেন।

Shri Sanat Kumar Raha:

রবীন্দ্রভবন কমিটিগুলি সারা বাংলাদেশের বিভিন্ন মহকুমা ও জেলায় যে ভিত্তিতে তৈরি হচ্ছে, সেই সম্পর্কে সবই এক জায়গাতে একই কায়দায় দেখা যায় যে, জেলা ম্যাজিস্ট্রেট মহকুমার একজন সভাপতি, সেই ভাবের, সেইরকম একটা ইউনিফর্ম পলিসি সরকারের তরফ থেকে কি নির্দেশ দেওয়া হয়েছে, না সেখানকার স্থানীয় রবীন্দ্র কমিটিরাই স্বতঃস্ফূর্তভাবে গঠন করে আসছেন ?

The Hon'ble Rabindralal Sinha:

রবীন্দ্রভবন কমিটি বহুদিন পূর্বে গঠিত হয়েছে। রবীন্দ্রভবন নির্মাণের আগেই হয়েছে এবং এটার কোন স্পেসিফিক নির্দেশ আছে কিনা, আমার জানা নেই। তবে সনৎবাবু যা বলেছেন তা ঠিকই, জেলা ম্যাজিস্ট্রেট সভাপতি থাকেন, কিম্বা মহকুমা শাসকরা সভাপতি থাকেন।

Shri Nikhil Das:

আমরা দেখলাম, যে নামের লিস্টটা উনি দিয়েছেন, তাতে চার জন মিউনিসিপ্যাল কমিশনারের কথা উনি বলেছেন। একজন এম-এল-এ'র কথা উনি বলেছেন, যিনি কংগ্রেসের সদস্য এবং হরিণঘাটা কেন্দ্র থেকে তিনি নির্বাচিত হয়েছেন এবং মিউনিসিপ্যাল কমিশনারের যে কয়জনের নাম উনি বলেছেন, তাঁরাও কংগ্রেসের লোক। রানাঘাটের কনস্টিটিউয়েন্সি প্রপার, সেখানকার যিনি এম-এল-এ, তাঁকে কেন নেওয়া হয় না তিনি বিরোধীপক্ষের বলে ?

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে এখানে, আমরা কাউকে নিইনি। নিয়েছেন রবীন্দ্রভবন কমিটি, তাঁরা তাঁদের সভায় এই ম্যানেজিং কমিটি ঠিক করেছেন। এবং এই কমিটি কেবল রানাঘাট শহরের জন্য নয়, সমস্ত রানাঘাট সাব-ডিভিসনের জন্য।

Shri Nikhil Das:

সমস্ত রানাঘাট মহকুমার জন্য, ঠিকই। কিন্তু উনি যে বিলটা দিয়েছেন তাতে দেখলাম যে, রানাঘাট প্রপারের যিনি এম-এল-এ, তিনি যান নি, তিনি হচ্ছেন বিরোধীপক্ষের। রানাঘাট সাব-ডিভিসনএর হরিণঘাটায় যিনি গেলেন, তিনি হচ্ছেন কংগ্রেসের লোক। মিউনিসিপ্যাল কমিশনার চারজন গেলেন, এ'রা চারজনই কংগ্রেসের। বিরোধীপক্ষের একটি লোককেও নেওয়া হল না। কিন্তু প্রভিন্সিয়াল ফান্ড থেকে টাকা গিয়েছে, সেন্ট্রাল ফান্ড থেকে টাকা গিয়েছে। সরকারের এইটাই কি নীতি যে, বিরোধী পক্ষের কোন লোককে সেখানে রাখা হবে না ?

The Hon'ble Rabindralal Sinha:

সরকারের এ রকম কোন নীতি নেই।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই কমিটিতে শান্তিপুরের এম-এল-এ শ্রীবিশ্বরঞ্জন রায়কে রাখা হয়েছে। কিন্তু শান্তিপুর কেন্দ্রের এম-এল-এ, তিনি বিরোধীপক্ষের লোক হওয়ায় কি তাঁকে সেই কমিটিতে রাখা হয় নি?

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা, বিশ্বরঞ্জন রায়ের নাম এই লিস্টএ আছে ঠিক। যদি শান্তিপুর কেন্দ্রের এম-এল-সি এই বিশ্বরঞ্জন রায় হন, তা আমার জানা নেই, আমি ঠিক বলতে পারছি না। যদি তাই তিনি হন, তাহলে তিনি এম-এল-সিও বটে এবং এই কমিটির সদস্যও বটে। তা ছাড়া আমরা এই কমিটি গঠন করি নি, রবীন্দ্রভবন কমিটি কাকে নেবেন, সেটার জবাবদিহি করা আমার পক্ষে অসম্ভব।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহোদয় বললেন যে, কমিটি ও'রা গঠন করেন নি কাজেই তিনি জবাবদিহি করতে পারবেন না। কিন্তু একটি কথা মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি যে, এই যে কমিটিতে যাদের নেওয়া হয়েছিল, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নিয়েছিলেন, নেবার পর যে কার্যকরী সমিতি গঠিত হল সেই কার্যকরী সমিতি গঠনের সময়ে যে প্রপার নোটিশ দিয়ে সমস্ত মেম্বারকে ডাকা হয়েছিল, এবং যদি হয়ে থাকে তাহলে এটা কি ভোটিংএ হয়েছিল, না ইউনানিমাসলি হয়েছিল?

The Hon'ble Rabindralal Sinha:

কমিটির ডিটেইল্ড প্রসিডিংস বিনা নোটিশএ বলা আমার পক্ষে সম্ভব নয়। কমিটির সভাপতি আমাদের পত্রদ্বারা জানিয়েছেন যে, কমিটি অমুক তারিখের মিটিংএ গঠিত হয়েছিল।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় যে লিস্ট পড়লেন তাতে দেখা গেল যে, আই-এ-এস বা ঐ ধরনের লোক-দের নিয়েই রবীন্দ্রভবন কমিটি তৈরি হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাসা করছি, রবীন্দ্রনাথকে বুঝবার জন্য কি কোন আই-এ-এস বা ব্যুরোক্র্যাট হতে হয়? এই কি আপনাদের নীতি হয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

এরকম কোন নীতি নেই এবং এর মধ্যে কোন আই-এ-এস আছেন কিনা তাও জানি না। তবে যাঁরা পদাধিকারবলে আছেন তাঁদের মধ্যে উকিলবারের সভাপতি আছেন, জেলা সমাজশিক্ষা আধিকারিক—এটা সাবডিভিসনাল লাইব্রেরিও বটে, সুতরাং লাইব্রেরীর চার্জ-এ যিনি আছেন তিনি আছেন; আছেন প্রধান শিক্ষক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়; প্রধানা শিক্ষিকা, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়; কলেজের অধ্যক্ষ। এইসব হচ্ছেন এক্স-অফিসিও। যা আছে তাই আমি পড়ে দিয়েছি।

Shri Sailendra Nath Adhikary:

আমি আপনাকে যেটা বলেছি সেটা ঠিক বুঝাতে পারলাম কিনা বুঝতে পারছি না। আমি বলছি যে, রবীন্দ্রভবন সংক্রান্ত বিষয়ে আপনাদের কি এমন কোন নীতি আছে যে, কোনরকম সিভিল সার্ভেন্ট না হলে সেই রবীন্দ্রভবনের সভাপতি হতে পারবে না? এবং এটাও কি নীতি আছে যেমন রানাঘাটে কি শিক্ষিত লোকের সংখ্যা কমে গিয়েছে? আর বাকি লোককে আপনারা নিলেন না কেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমি গোড়া থেকে বার বার বলেছি যে, এটা আমরা করি নি। সুতরাং এর জবাব কি দেব?

Shri Jamini Bhusan Saha:

মাননীয় মন্ত্রিমহোদয় বারবার বলছেন যে, এই কমিটি করার ভিতরে আমাদের কোন হাত নেই। এখন সরকার থেকে এবং কেন্দ্রীয় সরকার থেকে প্রায় ৬০ হাজার টাকা দেওয়া হয়েছে এই রবীন্দ্রভবনটি নির্মাণ করার জন্য এবং আপনারা ঠিক করে দিয়েছেন পদাধিকারবলে চেয়ারম্যান যিনি হবেন এই কমিটির, তিনি রানাঘাটের শাসক। আমার প্রশ্ন হচ্ছে এই, যখন এটা ঠিক করলেন তখন কমিটির মধ্যে ঐ অঞ্চলের নির্বাচিত এম-এল-এ থাকবে কিনা সে সম্বন্ধে আপনারা কোন নির্দেশ দেবেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

আমরা সভাপতি সম্বন্ধেও কোন নির্দেশ দিয়েছি বলে আমার জানা নেই, কিম্বা মহকুমাশাসক হবেনই এই রকম কোন নির্দেশ আছে বলে আমি জানি না। সাধারণত কমিটি যা তাঁরা করবেন সেই কমিটি কার্য পরিচালনায় অযোগ্য না হলে আমাদের বলার কিছু নেই।

Shri Bejoy Kumar Banerjee:

এই যে রবীন্দ্রভবন নির্মাণের জন্য সরকার ৬৪ হাজার টাকা দিলেন, কাকে দিলেন এবং কি টার্মস-এ দিলেন? এই যে কমিটি হল তাদের কি করতে হবে, কি হয় ওখানে সেটা আমাদের জানিয়ে দেন?

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে যে, সেন্ট্রালএ একটা স্কীম আছে
grants to cultural organisation for building cultural forums
এবং রবীন্দ্র সেন্টিনারির সময় সেন্ট্রাল কালচারাল মিনিস্ট্রি এই স্কীমটায় অর্থসাহায্য করেন এবং সেই অনুযায়ী বিভিন্ন জায়গায় রবীন্দ্র শতবার্ষিকী কমিটি গঠিত হয়। তাঁরা রবীন্দ্রভবন কমিটি গঠন করেন, করে তাঁরা গ্র্যান্ট চান এবং সেই গ্র্যান্ট-এ তাঁদের যে প্ল্যান এস্টিমেট, এইগুলি গভর্নমেন্ট অ্যাপ্রুভ করেন, করার পর সেই কমিটিকে গ্র্যান্ট হিসাবে টাকা দেন।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এর জন্য পাবলিক-এর কাছ থেকে কত টাকা উঠানো হয়েছে এবং কিভাবে আদায় করা হয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

তা আমি বলতে পারব না। আর কিভাবে আদায় করা হয়েছে তা আমি কি করে বলব?

শ্রী[illegible] রায়: মন্ত্রিমহাশয় সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তরে বলেছেন, আমি কিছুই জানি না, রবীন্দ্রভবন কমিটি করেন। আমার প্রশ্ন হচ্ছে, এর সভ্য কারা, এ'রা কি বেনামদার কংগ্রেসী?

[1-30—1-40 p.m.]

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: নোটিস চাই।

শ্রীকানাই পাল: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই রবীন্দ্রভবন তৈরি করতে সরকারী সাহায্য যা পেয়েছে তা ছাড়া আর কত টাকা উঠেছে? আমার আর একটি প্রশ্ন হচ্ছে, এই টাকা কিভাবে উঠেছে এবং এই যে টাকা উঠেছে সেটা চো[illegible] কাছ থেকে এবং যারা বন্দুকের লাইসেন্স নিয়েছে তাদের কাছ থেকে জোর করে, প্রেসার দিয়ে আদায় করা হয়েছে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এরকম কিছু জানি না।

শ্রীহেমন্তকুমার বসুঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, গভর্নমেণ্ট যে টাকা স্যাংশন করেন, তাতে কি এরকম কোন কন্ডিশন থাকে যে, পাবলিক-এর কাছ থেকে এত টাকা তুলতে হবে?

দি অনারেবল [illegible] সিংহঃ পাবলিক ডোনেসন থাকে, কিন্তু এক্ষেত্রে কত টাকা আমি তা বলতে পারব না।

শ্রীহেমন্তকুমার বসুঃ এরকম কি কোন কন্ডিসন থাকে যে, এত টাকা তুললে গভর্নমেণ্ট এত টাকা স্যাংশন করবেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ তুললে বলে থাকে না। এস্টিমেট একটা থাকে এবং বলা হয় এই পোরসন গভর্নমেন্ট দেবে। জমি স্পনসরিং অথরিটি-কে সংগ্রহ করতে হবে বা জমি বিনামূল্যে দিতে হবে। তা ছাড়া কিছু টাকা তুলবার ভার তাদের উপর দেওয়া হয়।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আপনি সাপ্লিমেণ্টারি প্রশ্নের উত্তরে বললেন, মহকুমাশাসক কিংবা জেলাশাসক এই কমিটির প্রেসিডেন্ট এবং তাঁর সঙ্গে যেসমস্ত কর্মকর্তা ঐ অঞ্চলে আছেন তাঁদের থাকা সম্পর্কে আপনি কোন নির্দেশ দেন নি। কিন্তু দেখা যাচ্ছে বিভিন্ন জায়গায় যত রবীন্দ্রভবন আছে এবং যেখানে সরকার থেকে প্রচুর টাকা দিচ্ছেন তার সমস্ত জায়গায় একই ধরনের নির্দেশ। আমার প্রশ্ন হচ্ছে এই যে, কোইন্সিডেন্স তা দেখে এটা কি মনে হয় না যে, আপনি লিখিতভাবে না দিলেও অলিখিতভাবে নির্দেশ দিয়েছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ নির্দেশ দিয়েছে কিনা আমি বলতে পারি না, তবে আমি বিভিন্ন জায়গা দেখেছি কমিটিতে তাঁরা আছেন। কিভাবে আছেন তা জানা নেই।

শ্রীসনৎকুমার রাহাঃ সারা বাংলাদেশ জুড়ে প্রত্যেক মহকুমাতে হাজার হাজার টাকা এই রবীন্দ্রভবন নির্মাণের জন্য দেওয়া হয়েছে এবং আমি জানি অনেক জেলায় রবীন্দ্রভবন অনেক পরিকল্পনা করেছে, যেমন টাউন হল, লাইব্রেরি এইসব তার মধ্যে আছে। আমার প্রশ্ন হচ্ছে এটা যাতে একদলীয় না হয়, এখানে যাতে কোনরকম বিশৃংখলা না হয় সেইজন্য সুস্থভাবে আলোচনা করে কোন নির্দেশনামা দেবেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমরা কেন্দ্রের সাহায্য নিয়ে কয়েকটা জায়গায় রবীন্দ্র-ভবন করতে পেরেছি—সব জেলায় হয় নি। সেখানে স্পনসরিং অথরিটি হচ্ছে রবীন্দ্রভবন কমিটি বা শতবার্ষিকী কমিটি। অধিকাংশ জায়গায় তাঁরা একটা মোটা ফিগার তুলেছেন এবং আমরা গ্র্যাণ্ট দেই। এখন কথা হচ্ছে কোনখানে কোনরকম বেনিয়ম যদি হয়, তাহলে নিশ্চয়ই আইনে যে ক্ষমতা আছে সেই অনুসারে ব্যবস্থা অবলম্বন করতে হবে।

শ্রীদেবশরণ ঘোষঃ মন্ত্রিমহাশয় বললেন, জনসাধারণকে ডোনেশন কিছু দিতে হয়। আমার প্রশ্ন হচ্ছে, কম্পালসরি হিসেবে ওয়ান-থার্ড দিতে হয় কিনা এবং সেটা না দিলে সেই এলাকায় রবীন্দ্রভবন নির্মাণ করা সম্ভব নয়, এটা ঠিক কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এরকম কিছু ফিগার আছে বলে আমার জানা নেই।

Provident Fund Scheme for the Government-aided Primary School Teachers

***401.** (Admitted question No. *1547.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহরাঞ্চলের সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য প্রভিডেন্ট ফান্ড স্কীম চালু করিতে সরকার কোন সাহায্য দিবার প্রস্তাব বিবেচনা করিতেছেন কি না; এবং

(খ) উপরি-উক্ত শিক্ষকগণের ট্রেনিং গ্রহণকালীন সময়ের মাহিনা দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

দি অনারেবল [illegible] সিংহঃ (ক) ও (খ) বর্তমানে এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

শ্রীসনৎকুমার রাহাঃ সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ে যাঁরা শিক্ষণ শিক্ষা দেন, তাঁদের সেই ট্রেনিংকালে বেতন দেবার ব্যবস্থা আছে কিনা?

দি অনারেবল [illegible] সিংহঃ সরকার কোন দায়িত্ব গ্রহণ করেন না, তাঁদের অ্যাপয়েন্টিং অর্থারিটি যদি ট্রেনিং-এর জন্য পাঠান, তাঁরা বেতন দেবেন।

Inclusion of "Education" in the Concurrent List

***402.** (Admitted question No. *995.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর 'শিক্ষা'কে যৌথদায়িত্বের তালিকাভুক্ত বিষয়ে প্রদত্ত বিবৃতির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে সংবিধানে কেন্দ্র ও রাজ্যসরকারের 'যৌথ-দায়িত্বের তালিকায়' (কনকারেন্ট লিস্ট) শিক্ষাকে আনার বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কোন মতামত দিয়াছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ (ক) সরকারী সূত্রে কোন প্রস্তাব আসে নাই।
(খ) প্রস্তাব আসিবার পূর্বে কোন মতামত দিবার প্রশ্ন উঠে না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি প্রশ্ন করেছিলাম কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের শিক্ষাকে যৌথ দায়িত্বের তালিকাভুক্তির বিষয়ে প্রদত্ত বিবৃতির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে কিনা? সরকারীসূত্রে প্রস্তাব এসেছে কি না এসেছে সেটা প্রশ্ন নয়, আসলে আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী চাগলা বিভিন্ন সময়ে বিবৃতি মারফত একথা বলেছেন যে, শিক্ষাকে কনকারেন্ট লিস্টে আনার জন্য রাজ্যসরকারের কাছে নির্দেশ দিয়েছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ কনকারেন্ট লিস্টে আনার বিষয়ে কোন সংবাদ আমি দেখি নি।

শ্রীঅবনীকুমার বসুঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে, কনকারেন্ট লিস্টে এডুকেশনকে সেভেনথ্ সিডিউলে লিস্ট নম্বর থ্রিতে যদি আনা যায় তা হলে শিক্ষা বিষয়ে রাজ্যসরকারের '[illegible] ক্ষেত্র সঙ্কুচিত হয় কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: প্রথম কথা, অধিকারের ক্ষেত্রকে সঙ্কুচিত করার কোন প্রশ্ন নেই শিক্ষার প্রসার এবং উন্নতির জন্য যেটা করা দরকার সেটা নিশ্চয়ই করতে হবে। তবে এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কোন প্রস্তাব উত্থাপন করবেন কিনা এবং কতটা তাঁরা কন্‌কারেন্ট লিস্ট চান, কি চান না, সে প্রস্তাবটা আসার আগে রাজ্য সরকারের পক্ষে বিবেচনা করে মতামত দেওয়া সম্ভব নয়।

শ্রীঅবনীকুমার বসু: কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মহাশয় যদি এ বিষয়ে কোন নির্দেশ দেন সেই নির্দেশ রাজ্যসরকার মানতে বাধ্য কিনা?

দি অনারেবল [illegible] সিংহ: যদি প্রশ্নের উত্তর যদিও হয় না, তবুও বলছি কনস্টি-টিউশন অ্যামেন্ড করে যদি কন্‌কারেন্ট লিস্ট বিল পাশ করুন তা হলে তা মানতে বাধ্য, নতুবা এমনি এলে মানতে বাধ্য নই, তবে প্রস্তাব এলে নিশ্চয়ই বিবেচনা করব।

Government-aid for Junior High Schools

***404.** (Admitted question No. *1554.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জুনিয়ার হাইস্কুলগুলিকে কি কি বিষয়ে বিবেচনা করিয়া সরকারী সাহায্য দান করা হইয়া থাকে;

(খ) ঘাটতির ভিত্তিতে কোন জুনিয়ার হাইস্কুলকে সাহায্য দান করা হয় কি না; এবং

(গ) শিক্ষকদের বর্ধিত হারে মাহিনা দেওয়ার জন্য সরকার কতখানি সাহায্য মঞ্জুর করেন?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) (১) শিক্ষকসংখ্যা ও তাঁহাদের যোগ্যতা:

(ক) দুই শ্রেণীযুক্ত (৫ম ও ৬ষ্ঠ) বিদ্যালয়ে ৩ জন শিক্ষক দরকার (গ্র্যাজুয়েট অথবা শিক্ষণপ্রাপ্ত আই,এ/আই,এস-সি—প্রধান শিক্ষক ,এবং আই,এ/আই,এস-সি পাশ করা ২ জন সহকারী শিক্ষক)।

(খ) তিন শ্রেণীযুক্ত (৫ম, ৬ষ্ঠ ও ৭ম) বিদ্যালয়ে ৪ জন শিক্ষক থাকা দরকার। (শিক্ষণ-প্রাপ্ত গ্র্যাজুয়েট—প্রধান শিক্ষক এবং তিনজন সহকারী শিক্ষক—১ জন গ্র্যাজুয়েট, ১ জন আই, এ/আই, এস-সি এবং ১ জন ক্লাসিক্যাল ভাষার শিক্ষক)।

(গ) চার শ্রেণীযুক্ত বিদ্যালয় (৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম) প্রধান শিক্ষক (শিক্ষণপ্রাপ্ত গ্র্যাজুয়েট) এবং ৪ জন সহকারী শিক্ষক—(২ জন গ্র্যাজুয়েট, ১ জন আই,এ/আই,এস-সি এবং ১ জন ক্লাসিক্যাল ভাষার শিক্ষক)।

(২) ছাত্র-ছাত্রী সংখ্যা:

২-শ্রেণীযুক্ত বিদ্যালয়—৬০

৩-শ্রেণীযুক্ত বিদ্যালয়—৯০

৪-শ্রেণীযুক্ত বিদ্যালয়—১২০

(৩) বিদ্যালয়ের হিসাব শিক্ষাধিকর্তার অনুমোদিত হিসাব পরীক্ষক দ্বারা পরীক্ষা করাইতে হয়।

(৪) বিদ্যালয়ের পড়াশুনার মান উন্নত হওয়া চাই এবং বিদ্যালয়টি সুপরিচালিত হওয়া চাই।

(৫) বিদ্যালয়টি মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক অনুমোদিত হওয়া চাই।

(খ) না।

(গ) যোগ্যতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকাদিগকে সংশোধিত হারে বেতন দিবার জন্য পরিচালক সমিতিকে অতিরিক্ত আর্থিক সাহায্য দেওয়া হয়। অবশ্য বিদ্যালয় কর্তৃপক্ষকে লাম্প গ্রান্ট, ছাত্র-বেতনের আয় এবং অন্যান্য আয় (সাবস্ক্রিপশন, ডোনেশন এ্যান্ড এনডোরসড প্রপারটিজ) হইতে বেতনহার সংশোধিত হইবার পূর্বে যে বেতনহার চালু ছিল সেই হারে বেতন দিতে হয়।

Shri Sanat Kumar Raha:

এই যে জুনিয়র হাই স্কুলগুলিকে ঘাটতি ভিত্তিতে দেওয়া হয় না এবং সমস্ত হায়ার সেকেন্ডারী স্কুলকে দেওয়া হয়, জুনিয়র হাই স্কুলের বেলায় সরকার এই নীতি গ্রহণ করলেন কেন?

The Hon'ble Rabindralal Sinha:

জুনিয়র হাই স্কুলের সংখ্যা অনেক এবং তাদের আমরা যেটা দিই সেটা হচ্ছে যোগ্যতাসম্পন্ন শিক্ষকের ক্ষেত্রে যে ডিফারেন্স ইন পে সেটা আমরা গ্র্যান্ট দিই। সমস্তটা যদি আমরা এখন deficit grant in aid system এ include করতে চাই তাহলে ১ কোটি ৫১ লক্ষ টাকা খরচ হবে। সে টাকা আমাদের নেই।

Per capita expenditure of a Primary School student and a Basic School student

***405.** (Admitted question No. *998.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে সরকার কর্তৃক সাধারণ প্রাথমিক বিদ্যালয়ে এবং বুনিয়াদি বিদ্যালয়ে প্রতি ছাত্রের শিক্ষা-বাবদে মাথাপিছু দৈনিক কত খরচ হয়?

[1-40—1-50 p.m.]

The Hon'ble Rabindralal Sinha:

(ক) (১) সাধারণ প্রাথমিক বিদ্যালয়ে (ছাত্রসংখ্যা ১৬০) মাথাপিছু দৈনিক খরচ—·০৮ পয়সা।

(২) নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে (ছাত্রসংখ্যা ১৬০) মাথাপিছু দৈনিক খরচ ·১২ পয়সা।

Shri Sambhu Charan Ghosh:

আপনি প্রশ্নোত্তরে জানিয়েছেন যে, সাধারণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের জন্য মাথাপিছু দৈনিক ৮ নয়া পয়সা খরচ করা হয় এবং বুনিয়াদীর বেলায় প্রতি ছাত্রের জন্য মাথাপিছু দৈনিক ১২ নয়া পয়সা খরচ করা হয়। আমি জিজ্ঞাসা করছি, ভারতবর্ষের অন্যান্য দেশের তুলনায় এই খরচটা কম না বেশি?

The Hon'ble Rabindralal Sinha:

সেটা বলতে পারব না।

Shri Sambhu Charan Ghosh:

বর্তমানে যেখানে ৮ নয়া পয়সা এবং ১২ নয়া পয়সা খরচ করা হয় সেখানে এই খরচটা আরও বাড়াবার কথা সরকার চিন্তা করছেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আর্থিক সম্পতি বাড়লে নিশ্চয়ই খরচ বাড়বে এ বিষয় কোন সন্দেহ নাই।

Shri Sambhu Charan Ghosh:

াপনারা যদি প্রাথমিক শিক্ষার উপর বেশিভাবে গুরুত্ব আরোপ করার চেষ্টা করেন তাহলে একথা ন্তা করছেন কিনা যাতে করে দৈনিক মাথাপিছু খরচ বাড়ানো যায়?

The Hon'ble Rabindralal Sinha:

রচটা হয় টিচার্স স্যালারি, প্রভিডেন্ট ফান্ড, কনটিনজেন্সি, মণিঅর্ডার কমিশন—এই হচ্ছে লত খরচ। এখন আমাদের আর্থিক সংগতিসাপেক্ষে এটা বাড়তে পারে, কিন্তু বর্তমান অবস্থায় টা বাড়াবার কোন পরিকল্পনা নেই।

Shri Sambhu Charan Ghosh:

ন্যান্য রাজ্যে কেরালা বা মাদ্রাজে যেমন প্রাথমিক স্কুলের ছাত্রদের জন্য মিড-ডে মিলের ব্যবস্থা াছে, এখানে এরকম কোন পরিকল্পনার কথা আপনারা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

চন্তা আমরা নিশ্চয়ই করি যে, কি করা যায়, কিন্তু বর্তমান অবস্থায় যে আমরা করতে পারব রকম কিছু দেখতে পাচ্ছি না।

Shri Sailendra Nath Adhikary:

ন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে ৮ নঃ পঃ সাধারণ প্রাথমিক বিদ্যালয়ে অ্যাভারেজ রচ ছাত্রপ্রতি এবং বুনিয়াদি বিদ্যালয়ে ছাত্রপ্রতি ১২ নঃ পঃ বললেন, এই যে দেড়গুণ তফাৎ চ্ছে এটা কি কি বিষয়ে হচ্ছে?

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে, টিচার্স স্যালারি বেশি বেসিক গ্রেডের, ন্যাচারালি প্রভিডেন্ট ফান্ডও বেশি হবে —তা ছাড়া কনটিনজেন্সির ক্ষেত্রে আসল তফাৎ হয়ে যাচ্ছে। যেখানে অর্ডিনারি প্রাইমারি স্কুলে ১৫ টাকা মাসে কনটিনজেন্সি, সেখানে ১৩৮ টাকা বেসিক স্কুলে, অবশ্য তার মধ্যে ৫৫ টাকা বিল্ডিং ডেপ্রিসিয়েশন বলে ধরা হয়, কারণ বেসিক স্কুলে সাধারণত বিল্ডিং থাকে, এটা বাদ দিলে বাকি বুক ইকুইপমেন্ট ৫৫ টাকা, এডুকেশনাল এক্সকারসন ১৪ টাকা এবং আদার কনটিনজেন্ট এক্সপেন্ডিচার ১৪ টাকা—আসল তফাত হচ্ছে শিক্ষকদের বেতন।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় বললেন ৮ নয়া পয়সা এবং ১২ নয়া পয়সা প্রাথমিক শিক্ষায় জন্য ছাত্রপ্রতি খরচ করেন কিন্তু এই পয়সায় যে কোন লেখাপড়া হওয়া সম্ভব নয় এটা তিনি মনে করেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

এটা মতামতের প্রশ্ন। দরিদ্র দেশে কম খরচ গোড়াতে হবে, আমরা ধীরে ধীরে খরচের হার বাড়াবার চেষ্টা করব।

Shri Bhakti Bhusan Mondal:

৪-ক্লাস কিম্বা ৩-ক্লাস বেসিক স্কুলে ২ বা ৩ জন টিচার রাখার রাখার ব্যবস্থা আছে, অর্থাৎ ৫টা ক্লাস অথচ টিচার থাকবে ২ বা ৩ জন—এটা জানেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

এরকম আমার জানা নেই।

Shri Bhakti Bhusan Mondal:

এটা কি রুলে আছে আপনি ভেবে দেখুন, কারণ অনেক জায়গায় সার্কুলার আছে এই পয়েন্টে যে ৫-ক্লাস বেসিক কিম্বা নন-বেসিক স্কুলে মাত্র ২ জন টিচার কিম্বা ৩ জন টিচার স্যাংশন দেওয়া হয়।

The Hon'ble Rabindralal Sinha:

এরকম কোন রুল আছে বলে আমি জানি না।

Shri Bhakti Bhusan Mondal:

আপনার রুল জানা নেই, কিন্তু আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে বীরভূম জেলার যে স্কুল আছে ৫-ক্লাস স্কুল সেখানে দুটো মাস্টার রাখা হয়েছে—এ সম্বন্ধে আপনার প্র্যাকটিক্যাল জ্ঞান আছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

যদি কোন স্কুল সম্বন্ধে আমাদের জানান, আমরা নিশ্চয়ই অনুসন্ধান করব, তবে সাধারণত নাম্বার অফ টিচার ছাত্রসংখ্যার হার অনুযায়ী হয়—৪০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক প্রাথমিক বিদ্যালয়ে এই নীতি গৃহীত হয়ে আছে, তবে কোন স্কুল যদি এই নীতি মেনে না চলে, তাহলে আমাদের জানাবেন, আমরা নিশ্চয়ই অনুসন্ধান করব।

[1-50—2 p.m.]

Shri Bhakti Bhusan Mondal:

যদি পাঁচটা ক্লাসের জন্য তিনটি টিচার থাকে, তাহলে সেখানে কিভাবে পড়ানো হয়, আপনি সেটা জানেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

যদি প্রশ্নের কি করে জবাব দেব। এটা hypothetical question.

Shri Bhakti Bhusan Mondal: No. It is not a hypothetical question. It is a positive question.

আমি বলছি পাঁচটা ক্লাসে যদি তিনটি টিচার থাকেন, তাহলে তাঁদের পক্ষে কি করে পড়ানো সম্ভব হয়, সেটা উনি জানাবেন কি?

(No reply.)

Shri Bhakti Bhusan Mondal:

স্যার, এটার উত্তর কি উনি দেবেন না?

Mr. Speaker:

আপনার প্রশ্নটা কি, আর একবার বলুন।

Shri Bhakti Bhusan Mondal:

আমার প্রশ্নটা হচ্ছে—পাঁচটা-ক্লাসের স্কুলে যদি মাত্র দুটি টিচার থাকেন, তাহলে সেই পাঁচটা ক্লাস তাঁদের পক্ষে ম্যানেজ করা কি করে সম্ভব হয়, সেটা উনি জানাবেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

পাঁচটা ক্লাসের জন্য মাত্র দুটি টিচার থাকেন, এটা আমি স্বীকার করি না। তবে যদি কোথাও ছাত্র খুব কম থাকে, কোন ক্লাসে একটি, দুটি থাকে, তাহলে সেখানে সিফ্‌ট সিস্টেম করে পড়াতে হবে। কারণ, আজকে শিক্ষা প্রসার করতে হলে দুটি ছাত্রের জন্য একজন শিক্ষক করা যাবে না।

Shri Bhadra Bahadur Hamal:

হমরা সাপ্লিমেন্টারি এই হ্যায় যে, আগে যো বোলা—দরিদ্র দেশমে খুব সম্ভব নেহি হ্যায়—হামি দেখতে হেঁ বড়া বড়া পোস্টার লাগাতে হ্যায়। কোন্ বাৎ ঠিক হ্যায়? উন্নতির বাৎ, না দারিদ্রের বাৎ ঠিক হায়, আপনি বলুন ত?

The Hon'ble Rabindralal Sinha:

নোটিস দিলে বলব।

Shri Bhadra Bahadur Hamal:

শুনুন। আপনি বললেন যে, এই দরিদ্র দেশে ১২ নয়া পয়সার বেশি করা সম্ভব নয়। কিন্তু আবার বললেন, অনেক প্রগতি হয়েছে, এ হয়েছে, ও হয়েছে, প্রগতি বেড়েছে বলে পোস্টার দিয়েছেন অনেক বক্তৃতাবাজী চলছে তা সত্ত্বেও আপনি এখানে দরিদ্রতার কথা বলছেন। ব্যাপারটা, কি, বুঝতে পারলাম না, আপনি একটু বুঝিয়ে বলবেন?

The Hon'ble Rabindralal Sinha:

এই প্রশ্নের জবাব দিয়ে দিই স্যার। আপনার ডাইরেকশন-এ তো আমি চলব না, আমি স্পীকারের ডাইরেকশন-এ চলব। এতে আমারও কিছু বলবার নেই, আপনারও বলবার নেই। সুতরাং আমি এই কথাই বলব যে, আজকে আমরা উন্নতির দিক দিয়ে নিশ্চয়ই এগিয়ে চলেছি এবং এগিয়ে চলেছি বলেই আজকে ৮ এবং ১২ করতে পেরেছি, তা না হলে আরও কম হয়ে যেত।

Shri Kanai Pal:

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় একটু আগে জবাবে বলছেন যে, একটু বেশি সাহায্য দেওয়া হয় ছাত্রদের। তার একটা প্রধান কারণ যে, কন্টিনজেন্সি বিলে অনেক টাকা বেশি খরচ হয়। আমি তাঁকে প্রশ্ন করছি যে, আমরা ইতিপূর্বে দেখেছি যে, নদিয়া জেলায় কনটিনজেন্সি ফান্ড থেকে বাধ্যতামূলকভাবে, কংগ্রেস দলের কাগজ 'জনসেবক' কেনবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যে, তাঁদের এইরকম আরও কিছু ব্যাপার বা পরিকল্পনা রয়েছে কিনা, এই কনটিনজেন্সি ফান্ড-এর মাধ্যমে নিজেদের দল গড়বার জন্য কোন প্রচেষ্টা এই পরিকল্পনার ভিতর আছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

ও'র প্রশ্নটা ঠিক বুঝলাম না। উনি বোধ হয় এই প্রশ্নই করতে চেয়েছেন যে, কনটিনজেন্সি ফান্ড-এ বেসিক স্কুলে যে টাকা দেওয়া হয়, সেই টাকাটা কংগ্রেসের দলপুষ্টির জন্য ব্যবহার করা হয় কিনা? আমি বলছি না।

Shri Girish Mahato:

সিনিয়র বেসিক স্কুলগুলি সরকারের হাতে নেবার কোন প্রস্তাব আছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

এটা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের ব্যয়ের প্রশ্ন। আপনি অন্য প্রশ্ন করলে কি করে তার জবাব দেব।

Shri Sanat Kumar Raha:

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে এটা একটু বিচার করে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি যে, প্র্যাকটিক্যালি আমরা যেসব স্কুল চালাই ১৫ জন কি ২১ জন ছাত্র নিয়ে, সেখানে ৪টা ক্লাস আছে, সেকশনও আছে। এখন হয়ত ক্লাস ওয়ান অ্যান্ড টুতে প্রচুর সেকশন আছে, কিন্তু আর দুটো ক্লাসে—ক্লাসেস থ্রি অ্যান্ড ফোর-এ হয়ত একটা সেকশন আছে। কিন্তু অ্যাকচুয়ালি আপনারা যে রিজিডলি রুল ফলো করেন, অর্থাৎ ৪০টি ছাত্রের জন্য একটি করে টিচার থাকবে, তাতে করে ভালভাবে লেখাপড়া শেখানো যায় না এবং সেখানে সিফট সিস্টেমও করা যায় না। কাজেই আমার মনে হয় যদি ক্লাসওয়াইজ করতে পারেন, তাহলে খুব ভাল হয়। ক্লাসওয়াইজ করতে না পারলেও স্কুল টু স্কুল যদি সাব-ইন্সপেক্টর দিয়ে সেইসব স্কুল পরিচালনার জন্য ফিজিক্যালি কন্ট্রোল করা যায়, শিক্ষক দিয়ে শেখানো যায়, তবেই ছাত্রগুলি এফেক্টিভ হবে, ইউজফুল হবে, আদারওয়াইজ রিজিডিটি যদি ফলো করেন যে, ৪০টি ছাত্রের ভিত্তিতে একটি করে টিচার দেব, তা না হলে দেব না। তাতে বহু স্কুল অর্থসাহায্য পেয়েও সেই স্কুলের কোন এফেক্টিভনেস বা ইউটিলিটি হচ্ছে না। আমি আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী এ বিষয়ে বিবেচনা করবেন।

The Hon'ble Rabindralal Sinha:

উনি যদি আমাকে এ সম্বন্ধে আরও ডিটেলস দেন এবং আমার সঙ্গে আলোচনা করেন নিশ্চয় দেখব।

School Sub-Inspectors of Midnapore district

***406.** (Admitted question No. *1375.)

[illegible] দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনের জন্য কতগুলি সার্কেল আছে;

(খ) ঐ সকল সার্কেলের জন্য কতগুলি সাব-ইন্সপেক্টার নিয়োগ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, কতকগুলি পদে কিছুদিন ধরিয়া কোন সাব-ইন্সপেক্টার নিয়োগ করা হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, এই সকল শূন্য পদের সংখ্যা কত এবং কতদিন যাবৎ এইগুলি শূন্য রহিয়াছে?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) ৫৩।

(খ) ৫৩।

(গ) বর্তমানে কোন পদ শূন্য নাই।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE LAID ON THE TABLE

Crimes in Jhargram subdivision, Midnapore

699. Admitted question No. 471.)

[illegible] মাহাতো: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় থানাওয়ারীভাবে (১) চুরি, (২) রাহাজানি, (৩) ডাকাতি, (৪) হত্যাকাণ্ড, (৫) পকেটমার, (৬) নারীধর্ষণ, (৭) আত্মহত্যার সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময়ে কতগুলি ক্ষেত্রে এবং কোন্ অপরাধে (১) কতজনের শাস্তি হইয়াছে, (২) কতজনের মুক্তি হইয়াছে, এবং (৩) কতগুলি মামলা এখনও চলিতেছে?

The Minister for Home (Police):

(ক) ও (খ) এতৎসম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to Clauses (Ka) and (Kha) of unstarred question No. 699

(১) চুরি

থানার নাম	কেসের মোট সংখ্যা	শাস্তিপ্রাপ্ত		মুক্তিপ্রাপ্ত		বিচারাধীন	
		কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা
			১৯৬০-৬১				
ঝাড়গ্রাম	৬৫	৯	৯	৫	৫	..	..
বীনপুর	৩১	৬	৬	৪	৪	..	..
জামবনী	৩৪	২	২	৩	৪	..	..
গোপীবল্লভপুর ..	৩২	৬	১৬	১১	৩০	..	..
সাঁকরাইল	১০	৫	৮	..	..	..	..
নয়াগ্রাম	১৬	১	১	৩	১৩	..	..

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত		মুক্তিপ্রাপ্ত		বিচারাধীন	
		কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা
			১৯৬১-৬২				
ঝাড়গ্রাম	১০৪	৭	৭	৬	৯	..	..
বীনপুর	২৩	২	২	..	..	..	..
জম্বুনী	৩৫	২	৫	..	..	..	..
গোপীবল্লভপুর ..	৩৫	৪	৪	৮	৩০	..	..
সাঁকরাইল	১৭	৩	৩	২	১	..	..
নয়াগ্রাম	১৯	৬	১০	৫	২৬	..	..
			১৯৬২				
ঝাড়গ্রাম	১৩৫	১২		৯	৯	..	..
বীনপুর	৪৩	৫		৭	১৫	৪	৮
জম্বুনী	২১	২		২	৪	১	২
গোপীবল্লভপুর ..	৩৮	৪		২	২	..	..
সাঁকরাইল	৬	২	৩	১	১	..	..
নয়াগ্রাম	২২	২	২	৩	৮	১	
			১৯৬৩-৬৪				
ঝাড়গ্রাম	১১৭	৮	১১	১	১	১৩	১৪
বীনপুর	৫৬	৮	৮	৩	১২	১১	২৬
জম্বুনী	১৭	..	..	..	..	৩	৩
গোপীবল্লভপুর ..	৩০	৩	৩	৪	৪	৪	১৩
সাঁকরাইল	২৩	৫	৩	১	৩	২	৩
নয়াগ্রাম	২২	৩	৩	..	..	৪	৭

(২) রাহাজানি

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত কেসের সংখ্যা	সাজাপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	মুক্তিপ্রাপ্ত কেসের সংখ্যা	মুক্তিপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	বিচারাধীন কেসের সংখ্যা	বিচারাধীন অপরাধীর সংখ্যা
			১৯৬০-৬১				
গ্রাম	১	১	১	..	..	..	..
পুর	..	..	..	..	..	..	..
ী	১	..	..	..	..	..	.
ীবল্লভপুর ..	..	..	..	..	..	..	..
রাইল	..	..	..	..	..	..	.
গ্রাম	২	১	২	..	..	..	..
			১৯৬১-৬২				
গ্রাম	২	১	১	১	২	..	.
পুর	৩	..	..	১	২	..	
ী	..	..	..	..	..	..	
ীবল্লভপুর ..	১	..	..	১	৩	..	..
রাইল	..	..	..	..	..	..	..
গ্রাম	২	১	৩	..	.	১	২
			১৯৬২-৬৩				
গ্রাম	৩	..	..	..	..	..	..
পুর	২	..	..	..	..	..	.
ী	..	..	..	..	..	..	..
ীবল্লভপুর ..	..	..	..	..	..	..	..
রাইল	২	..	..	১	১	..	..
গ্রাম	২	১	১	..	..	..	..
			১৯৬৩-৬৪				
গ্রাম	২	১	১	..	..	..	.
পুর . ..	২		..	১	১	..	..
ী	..	.	.	..	..	.	..
ীবল্লভপুর ..	১	..	.	১	১	.	.
রাইল	..	..	..	..	..	..	
গ্রাম	১	..	..	..	.	..	

(৩) ডাকাতি

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত কেসের সংখ্যা	সাজাপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	মুক্তিপ্রাপ্ত কেসের সংখ্যা	মুক্তিপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	বিচারাধীন কেসের সংখ্যা	বিচারাধীন অপরাধীর সংখ্যা
১৯৬০-৬১							
ঝাড়গ্রাম	১	..	..	..	..	..	..
বীনপুর	১	১	৮	..	..	..	..
জম্বুনী	..	..	..	..	..	..	..
গোপীবল্লভপুর ..	২	১	৫	১	৭	..	..
সাঁকরাইল	..	..	..	..	..	..	..
নয়াগ্রাম	১	..	..	..	..	..	..
১৯৬১-৬২							
ঝাড়গ্রাম	২	..	..	..	.	..	..
বীনপুর	১	..	..	..		..	..
জম্বুনি	..	..	..	..	.	..	.
গোপীবল্লভপুর ..	১	..	..	..		..	..
সাঁকরাইল	২	১	৭	..	..	.	..
নয়াগ্রাম	২	..	..	..	..		
১৯৬২-৬৩							
ঝাড়গ্রাম	৩	২	৯	..	..	..	.
বীনপুর	৪	..	..	১	২	..	..
জম্বুনী	..	..	..	..	..	..	..
গোপীবল্লভপুর ..	১	..	..	..	..	..	..
সাঁকরাইল	১	..	..	১	১৩	..	..
নয়াগ্রাম	৪	১	২	১	২	..	..
১৯৬৩-৬৪							
ঝাড়গ্রাম	২	..	..	..	..	..	..
বীনপুর	৪	..	..	..	..	..	..
জম্বুনী	..	..	..	..	..	..	..
গোপীবল্লভপুর ..	২	..	..	..	..	..	..
সাঁকরাইল	..	..	..	..	..	..	..
নয়াগ্রাম	..	..	..	..	..	..	..

(৪) হত্যাকাণ্ড

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত		মুক্তিপ্রাপ্ত		বিচারাধীন	
		কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধী সংখ্যা
			১৯৬০-৬১				
ঝাড়গ্রাম ..	৩	..		..	..	১	১৩
বীনপুর .	৪	২	৭	১	২	.	.
জবুনী ..	৩	..	..	১	৭	১	১
গোপীবল্লভপুর	..	..	..	..	..	..	..
সাঁকরাইল ..	.	..	..	..	..	..	..
নয়াগ্রাম ..	১	..	..	১	২	.	..
			১৯৬১-৬২				
ঝাড়গ্রাম ..	২	..	..	..	..	..	..
বীনপুর ..	৩	.	..	১	২	..	..
জবুনী ..	..	..	..	..	..	..	..
গোপীবল্লভপুর	১	..	..	..	..	..	..
সাঁকরাইল ..	..	..	..	..	..	..	..
নয়াগ্রাম ..	১	১	১	..	..	..	..
			১৯৬২-৬৩				
ঝাড়গ্রাম ..	৪	১	১	..	..	২	৩
বীনপুর ..	৩	..	..	১	৩	..	..
জবুনী ..	২	..	..	১	১৭	..	..
গোপীবল্লভপুর	১	১	১	..	..	..	..
সাঁকরাইল ..	..	.	..	..	..	..	..
নয়াগ্রাম ..	১	..	..	..	..	..	..
			১৯৬৩-৬৪				
ঝাড়গ্রাম ..	৪	..	..	..	..	২	৫
বীনপুর ..	৫	..	..	১	৪	..	..
জবুনী ..	৬	১	২	..	..	২	৭
গোপীবল্লভপুর	৫	২	৮	..	..	১	৯
সাঁকরাইল ..	২	..	..	..	..	১	২
নয়াগ্রাম ..	..	..	..	...	..	..	.

(৫) পকেটমার

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত		মুক্তিপ্রাপ্ত		বিচারাধীন	
		কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা	কেসের সংখ্যা	অপরাধীর সংখ্যা
১৯৬০-৬১							
ঝাড়গ্রাম ..	১	১	১	..	..	.	..
১৯৬১-৬২							
ঝাড়গ্রাম ..	১	১	২	..	..	..	..
১৯৬২-৬৩							
.. ..		..	..	..	..	..	..
১৯৬৩-৬৪							
ঝাড়গ্রাম ..	১	১	১	.	..	..	..
বীণপুর ..	১				..	১	১
জমুনী ..	১	১	১	..	..	..	..

(৬) নারীধর্ষণ

থানার নাম	কেসের মোট সংখ্যা	সাজাপ্রাপ্ত কেসের সংখ্যা	সাজাপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	মুক্তিপ্রাপ্ত কেসের সংখ্যা	মুক্তিপ্রাপ্ত অপরাধীর সংখ্যা	বিচারাধীন কেসের সংখ্যা	বিচারাধীন অপরাধীর সংখ্যা
১৯৬০-৬১							
..	..	..	..	..	..		.
১৯৬১-৬২							
সাঁকরাইল ..	২	২	২	..			.
১৯৬২-৬৩							
ঝাড়গ্রাম ..	১	..	..		..	.	
বীনপুর ..	১	..	.	..		.	
গোপীবল্লভপুর	১	..	..	..	..	..	..
১৯৬৩-৬৪							
ঝাড়গ্রাম ..	১	..	..	..	..	..	. ..
সাঁকরাইল ..	২	..	..	..	..	..	.. .
নয়াগ্রাম ..	১	..	..	..	..	..	.. ..

(৭) আত্মহত্যা

থানার নাম			১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
ঝাড়গ্রাম	..	..	৩	১	৫	৫
বীনপুর	..	..	৫	৩	৭	৭
জম্বুনী	..	..	১	১	..	১
গোপীবল্লভপুর	.	..	৬	৭	৬	১১
সাঁকরাইল	..	..	৬	১	৪	৪
নয়াগ্রাম	..	..	৫	১	৪	৮

Surrender of Loans and Grants in Lalgola, Nabagram, Murshidabad-Jiagunge Blocks

700. (Admitted question No. 655.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার (১) লালগোলা, (২) নবগ্রাম এবং (৩) মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ অন্তর্গত ব্লকগুলি হইতে গত দুই বৎসরে বিভিন্ন খাতে ঋণ ও সাহায্যের জন্য মঞ্জুরীকৃত বহু টাকা ফেরৎ আসিয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ ব্লক হইতে কোন্ বৎসর কি কি খাতের অর্থ কি কারণে ফেরৎ আসিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) প্রধানত জরুরী পরিস্থিতি হেতু ব্যয় হ্রাসকল্পে মোট মঞ্জুরীকৃত টাকা হইতে কিছু পরিমাণ টাকা ব্যয় করা সম্ভব হয় নাই।

(খ) ব্যয় না হওয়ার কারণ সহ একটি বিবৃতি অত্র সহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. ...

Statement showing the reasons for surrender against allotment made under different loans and grant schemes in Lalgola, Nabagram and Murshidabad-Jiaganj Blocks during the years 1962-63 and 1963-64.

	Name of scheme	Reasons for surrender
I. Lalgola Block 1962-63 (Cash) Loan Scheme.	1. Loans for productive scheme for Animal Husbandry.	1. Due to Emergency, the budget provision was restricted and allotment could not be made under the scheme in the early part of the year. The fund resources were, however, reviewed later and allotment of funds under different schemes was made thereafter. Due to late receipt of the allotment by the Block Development Officer at the end of the financial year, the amount in question could not be spent.
	2. State Aid to Industries loan	2. Applications were not received from parties for the loan.
1963-64 (Cash) Loan Scheme ..	3. Fruit Development Scheme	3. No application was received for the amount.
Grant Scheme	4. Miscellaneous Agricultural Schemes ..	4. No such application for the amount was pending.
II. Nabagram Block—1962-63—Grant Scheme ..	5. Result Demonstration	5. Same as stated against item I above.
	6. Distribution of improved poultry	6. Due to savings in expenditure.
	7. Miscellaneous Agricultural Schemes ..	7. Same as stated against item I above.
	8. Sanitation	8. Same as stated against item I above.
	9. Social Education Centres	9. Same as stated against item I above.
	10. Audio-Visual Unit including information Centre	10. Due to savings in expenditure.
	11. Kutcha Road	11. Due to non-completion of certain portion of work.
	12. Training-cum-Production Centre	12. Due to non-payment of arrear stipend during the financial year.
	13. Build Your Own House Scheme	13. Anticipated participants were not made available.

1963-64—(Cash) Loan Scheme—	14. Cattle Purchase Loan	14. There being no demand.
Grant Scheme	15. Result Demonstration	15. Due to non-availablity of lands for demonstration.
	16. Small Workshop	16. Construction of small workshop could not be taken up during the financial year.
	17. Miscellaneous Agricultural Schemes ..	17. Due to savings in expenditure.
	18. Social Education Centre	18. Same as stated against item 1.
	19. Training-cum-Production Centre	19. Due to savings.
	20. Build Your Own House Scheme	20. Anticipated participants were not made available.
	21. Village Volunteer Force	21. All the trainees did not join the Training Centre.
	22. Radio Rural Forum	22. Due to savings in expenditure.
	23. Seed Saturation	23. Estimated quantity of seeds could not be purchased.
	24. Procurement of Dhaincha Seeds	24. Estimated quantity of seeds could not be purchased.
	25. Demonstration Centre	25. The fund was not required due to change in the cropping programme.
	26. Intensive Oilseed Development Scheme ..	26. The implementation of the Scheme was not taken up.
	27. Rural Manural Scheme	27. Non-availability of participants.
	28. Improved Agricultural Practices	28. Necessary equipments could not be made available.
	29. Plant Protection Scheme	29. Due to savings in expenditure.
III. Murshidabad-Jiaganj Block—1962-63—Grant Scheme ..	30. House Building Grant	30. Due to savings in expenditure.

Money spent by Cooch Behar Central Fishermen Co-operative Society for Pisciculture

701. (Admitted question No. 904.)

শ্রীসুনীল দাশগুপ্তঃ সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বছরের বিভিন্ন বছরে কোচবিহারে কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতির মাধ্যমে মৎস্যচাষের জন্য সরকারী সূত্রে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(খ) উহাতে প্রতি বছরে কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) বিশেষভাবে শুধু মৎস্যচাষের জন্য সমিতিকে টাকা দেওয়া হয় নাই। বিভিন্ন খাতে সমিতিকে নিম্নরূপ সাহায্য দেওয়া হইয়াছেঃ

১৯৫৯-৬০ সনে কার্যকরী মূলধন বাবদ ঋণ ৬,৬০০ টাকা।

১৯৫৯-৬০ সনে ডিমনেস্ট্রেশন ফিস ফার্ম প্রকল্পে অনুদান—২১০ টাকা।

১৯৬০-৬১ সনে ডিমনেস্ট্রেশন ফিস ফার্ম প্রকল্পে অনুদান—১৪০ টাকা।

১৯৬১-৬২ সনে কিছু দেওয়া হয় নাই।

১৯৬২-৬৩ সনে সরকার কর্তৃক সমিতির অংশ ক্রয় বাবত—১০,০০০ টাকা।

১৯৬৩-৬৪ সনে কর্মচারী নিয়োগ বাবত অনুদান—১,০০০ টাকা।

(খ) ১৯৫৯-৬০ সনে লাভ টাকা ৮৫·৮০ পঃ।

১৯৬০-৬১ সনে লাভ টাকা ৬,০৮২·৭৪ পঃ।

১৯৬১-৬২ সনে লাভ টাকা ১,৬৫৩·৯৭ পঃ।

১৯৬২-৬৩ সনে লোকসান টাকা ৫,২৯৭·৯৭ পঃ।

১৯৬৩-৬৪ সনে এখনো অডিট হয় নাই।

Nadia District Central Co-operative Bank

702. (Admitted question No. 1104.) **Shri Mahananda Halder:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state whether it is a fact that the Nadia District Central Co-operative Bank has incurred a heavy loss in jute seed business?

(b) If the answer to (a) be in the affirmative will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons for such loss and the amount of loss;

(ii) whether the by-laws of the said Bank allow to carry on any business;

(iii) if not, why the Bank and under whose orders the Bank engaged in the above business; and

(iv) whether the Government consider the desirability of taking immediate action in this matter?

The Minister for Co-operation: (a) It is not possible to state at this stage whether there will be any loss until the entire stock lying with the Bank is disposed of.

(b) (i) Does not arise.

(ii) The bye-laws of the Society allow the Central Bank to carry on the general business of banking not repugnant to the provisions of the Bengal Co-operative Societies Act, 1940, and the rules framed thereunder. The bye-laws also allow it to develop, assist and co-ordinate the work of affiliated Societies and to do such other work as will generally promote the cause of Co-operation.

(iii) The Bank entered into a transaction with Das & Co. of Krishnagar for supplying jute seeds to its member Societies, and this had the approval of the Managing Committee.

(iv) The transaction having been approved by the Managing Committee no immediate action in the matter is necessary.

Enhancement of Pay and D.A. of primary school teachers

703. (Admitted question No. 1107.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government has got any plan—

(i) to increase the basic pay and dearness allowance of the primary school teachers who are suffering very badly in this recent high price market;

(ii) to start more primary schools for education of the children; and

(iii) to publish all the books readable in all the classes in the primary schools?

The Minister for Education: (i) There is no proposal at present to increase the basic pay. A dearness allowance at Rs. 5 per month has been sanctioned to primary school teachers with effect from 1st March, 1964.

(ii) The State Government is taking steps for the setting up of new primary schools after considering the needs, in an area in this regard.

(iii) Government have already taken steps for the publication of all text-books for primary classes.

Expenditures for Assembly Sessions during 1962 and 1963

704. (Admitted question No. 1146.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ১৯৬২ এবং (২) ১৯৬৩ সালে বিধানসভার অধিবেশনের জন্য কোন বৎসর কত টাকা খরচ হইয়াছে ; এবং

(খ) কি কি খাতে কত টাকা এ বাবত ব্যয় হইয়াছে ?

The Minister for Home (Constitution and Elections):

(ক) ১৯৬২-৬৩ সালের মোট খরচ ৬,৭২,১৩৮ টাকা এবং ১৯৬৩-৬৪ সালে মোট খরচ ৬,৮৭,৭৭২ টাকা।

(খ) ১৯৬২-৬৩ সালে—

বিধানসভার সভ্যদের ভ্রমণ ভাতা—৫,৫৩,০৩৮ টাকা।

ছাপান খরচ (আনুমানিক)—১,১৩,০০০ টাকা।

তড়িৎশক্তি বাবত—৬,১০০ টাকা।

১৯৬৩-৬৪ সালে—

বিধান সভায় সভ্যদের ভ্রমণ ভাতা—৫,৬৩,০৭২ টাকা।

ছাপান খরচ (আনুমানিক)—১,১৩,০০০ টাকা।

তড়িত শক্তি বাবদ—১১,৭০০ টাকা।

Building grant to the High and Higher Secondary Schools of Midnapore district

705. (Admitted question No. 1147.) **Shri Surendra Nath Mahata** শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ মহকুমায় উচ্চ মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে বিল্ডিং গ্রান্ট হিসাবে কত টাকা দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ বিদ্যালয় কত টাকা উক্ত খাতে পাইয়াছে;

(গ) যেসব বিদ্যালয় বিল্ডিং গ্রান্ট এখনও পায় নাই তাহাদের কোনও আবেদন সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(ঘ) বিবেচনাধীন থাকিলে সেই বিদ্যালয়গুলির নাম কি ?

The Minister for Education:

(ক)

	টাকা
(১) সদর মহকুমা	১৯,০৯,৫৬৭
(২) ঝাড়গ্রাম মহকুমা	৮,৩৮,৭৬৩
(৩) কাঁথি মহকুমা	২১,৯৯,০০৩
(৪) ঘাটাল মহকুমা	৬,৫৬,৩৫০
(৫) তমলুক মহকুমা	২৯,৩১,৪৩৭

(খ)

(১) ঝাড়গ্রাম কে, কে, ইনস্টিটিউশন	১,০৩,১২৫
(২) রামগড় এস, এস, উচ্চ বিদ্যালয়	৬৭,৪৬১
(৩) সেবায়তন বিদ্যালয়	১,০৯,২৫০
(৪) নয়াবাসন জনকল্যাণ বিদ্যাপীঠ	৬১,৫৬২

(৫)	কুলটিকরী এস, সি, উচ্চ বিদ্যালয়	৬১,৫৬২
(৬)	এর্গোতা নিত্যানন্দ বিদ্যায়তন	৯৫,০০০
(৭)	...লিকপাড়া উচ্চ বিদ্যালয়	৩৮,৭৫০
(৮)	কাপগারী সেবাভারতী বিদ্যায়তন	৩৩,৭৫০
(৯)	ঝাড়গ্রাম ননীবালা বিদ্যালয়	৩৩,৭৫০
(১০)	চিচরা উচ্চ বিদ্যালয়	২৫,০০০
(১১)	বেলিয়াবেড়া কে, সি, এস, উচ্চ বিদ্যালয়	৪৯,০৬২
(১২)	রোহিনী সি, আর, ডি, উচ্চ বিদ্যালয়	২৫,০০০
(১৩)	ঝাড়গ্রাম রাণী বিনোদমঞ্জরী রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়	৮৫,৬২৫
(১৪)	লালগড় আর, কে, বিদ্যালয়	৪৯,৮৬৬

(গ) আছে।

(ঘ) (১) আমড়াতলা গতিমাধব বালিকা বিদ্যালয়।

(২) রামকৃষ্ণ মিশন বিদ্যাভবন।

(৩) পান্‌খাই বি এস ইন্সটিটিউশন।

(৪) ভোগপুর কে এস হাই স্কুল।

(৫) নয়াবাসন পার্বতীময়ী শিক্ষা নিকেতন।

Water Reservoir of Midnapore town

706. (Admitted question No. 1201.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর শহরে রেলওয়ে স্টেশনের নিকট যে জলের রিজারভয়ারটি আছে তাহা কোন্ কোন্ সনে প্রস্তুত করা হইয়াছিল এবং উহার জন্য কত টাকা ব্যয় হইয়াছিল ;

(খ) জল সরবরাহের জন্য মোট যত টাকা ব্যয় হইয়াছিল তাহা—

(১) কি উপায়ে সংগৃহীত হইয়াছিল ;

(২) সেই সংগৃহীত টাকার কোন হিসাব আছে কিনা ; এবং

(৩) যদি থাকে তাহা কত ?

The Minister for Health:

(ক) জলের রিজারভয়ারটি পৌরসভার তরফ হইতে মুখ্য জনস্বাস্থ্য বাস্তুকার মহাশয় আমানত কার্য (ডিপোজিট ওয়ার্কস) হিসাবে ১৯২৪ সালে নির্মাণ করেন। ইহা জল সরবরাহ পরিকল্পনার অন্তর্গত বহু কার্যের মধ্যে একটি। রিজারভয়ারটির জন্য পৃথক খরচার হিসাব এতকাল পরে দেওয়া সম্ভব নয়। পরিকল্পনার জন্য মোট ব্যয় হইয়াছিল ৫,২৫,৭৩৬ টাকা।

(খ) (১), (২) ও (৩)

রাজা নরেন্দ্রলাল খানের দান—১,০০,০০০ টাকা।

রাজ্য সরকার কর্তৃক ঋণ দান—১,৪০,০০০ টাকা।

রাজ্য সরকার ও পৌরসভার দান—২,৮৫,৭৩৬ টাকা।

School buildings of the primary schools in Midnapore district

707. (Admitted question No. 1263.)

শ্রীসুধীরচন্দ্র দাস : শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মেদিনীপুর জেলায় যেসকল প্রাথমিক বিদ্যালয়ের জমি স্কুল বোর্ডকে দান করা হইয়াছে সেই বিদ্যালয়গুলির গৃহনির্মাণের দায়িত্ব কাহার ?

The Minister for Education:

প্রাথমিক বিদ্যালগুলির গৃহনির্মাণের প্রাথমিক দায়িত্ব স্থানীয় জনসাধারণের। স্থানীয় জনসাধারণের প্রদত্ত সাহায্যের পরিমাণ এবং জিলা বিদ্যালয় পর্ষতের আর্থিক অবস্থা অনুসারে পর্ষৎ গৃহনির্মাণের প্রস্তাব বিবেচনা করিয়া থাকেন।

Street accident on Mecheda-Kalinagar Road, Midnapore

708. (Admitted question No. 1305.)

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মেছেদা হইতে কালীনগর পর্যন্ত রাস্তায় ১৯৬৩ সাল হইতে ১৯৬৪ সালের ১৫ই অগাস্ট পর্যন্ত কোন্ কোন্ স্থানে কয়টি (১) মোটর দুর্ঘটনা, (২) বাস দুর্ঘটনা ও (৩) ট্যাক্সি দুর্ঘটনা হইয়াছে ; এবং

(খ) ঐ দুর্ঘটনাগুলিতে হতাহতের সংখ্যা কি; এবং

(গ) এই দুর্ঘটনা প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

The Minister for Home (Police):

(ক) উক্ত সময়ে ঐ রাস্তায় মোট ৩৪টি মোটর দুর্ঘটনা ঘটিয়াছে। ইহার মধ্যে তমলুক থানা এলাকায় ১০টি বাস ও ৬টি ট্যাক্সি দুর্ঘটনা ঘটিয়াছে; ভগবানপুর থানা এলাকায় ১টি বাস, ১টি ট্রাক ও ১টি ট্যাক্সি দুর্ঘটনা ঘটিয়াছে ; মহিষাদল থানা এলাকায় ৩টি বাস, ৪টি ট্যাক্সি, ১টি ট্রাক ও ১টি মোটরকার দুর্ঘটনা ঘটিয়াছে ; নন্দীগ্রাম থানা এলাকায় ২টি বাস ও ১টি ট্যাক্সি দুর্ঘটনা ঘটিয়াছে এবং খেজুরী থানা এলাকায় ২টি বাস ও ১টি ট্যাক্সি দুর্ঘটনা, ঘটিয়াছে।

(খ) নিহত ব্যক্তির সংখ্যা—৯

আহত ব্যক্তির সংখ্যা—২৪

হতাহতের মোট সংখ্যা—৩৩

(গ) উপরি-উক্ত প্রকার দুর্ঘটনাসমূহ প্রতিরোধকল্পে সরকার কর্তৃক নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করা হয় :

অতিরিক্ত ভারবহন ও অন্যান্য দোষত্রুটি বিষয়ে রাস্তায় চলাচলকারী লরী, ট্রাক প্রভৃতি ঘন ঘন পরীক্ষা করা হয়। রাস্তার মোটরগাড়িসমূহ পরীক্ষা করার জন্য ভ্রাম্যমাণ আদালত স্থাপন করা হয়। ইহা ব্যতীত সড়ক বিভাগ কর্তৃক রাস্তায় রাস্তা সংকেত ও পরিমান সংকেত স্থাপন করা হইয়া থাকে। সকল দুর্ঘটনার ক্ষেত্রেই পুলিস কর্তৃক দ্রুত তদন্তের ব্যবস্থা করা হয় এবং দোষী ড্রাইভার ও গাড়ির মালিকগণকে অভিযুক্ত করা হয়।

Anchal Panchayats in Murshidabad district

709. (Admitted question No. 1321.)

শ্রীসনৎকুমার রাহা : স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি অঞ্চল পঞ্চায়েত গঠিত হইয়াছে এবং কতগুলির নির্বাচন বাকি আছে ;

(খ) ইহা কি সত্য যে, মামলা মোকর্দমার জন্য কতগুলি অঞ্চল পঞ্চায়েত কাজ করিতে পারিতেছে না ; এবং

(গ) সত্য হইলে, এ সকল অঞ্চল পঞ্চায়েতগুলির নাম কি ?

The Minister of State for Local Self-Government and Panchayats (Panchayats Branch):

(ক) ২২৯টি অঞ্চল পঞ্চায়েত গঠিত হইয়াছে, ৭টির নির্বাচন বাকি আছে।

(খ) হ্যাঁ।

(গ) মোট ২৭টি অঞ্চল পঞ্চায়েত মামলার জন্য কাজ করিতে পারিতেছে না।

সুতী ২নং ব্লক

(১) আওরঙ্গবাদ, (২) মহশীল, (৩) জাগতি, (৪) কাশিমবাজার, (৫) বাজিতপুর।

ডোমকল ব্লক

(১) ভাগীরথীপুর, (২) গরিবপুর।

রঘুনাথগঞ্জ ২নং ব্লক

(১) কাশিয়াডাঙ্গা, (২) শিখালিপুর।

রঘুনাথগঞ্জ ১নং ব্লক

(১) মীরজাপুর, (২) দাগরপুর।

সামসেরগঞ্জ ব্লক

(১) চাচন্দা।

নওদা ব্লক

(১) চাঁদপুর, (২) নওদা, (৩) সর্বাঙ্গপুর, (৪) বালি।

বহরমপুর ব্লক

(১) ছয়ঘড়ি, (২) শাহজাদপুর।

হরিহরপাড়া ব্লক

(১) হরিহরপাড়া।

নবগ্রাম ব্লক

(১) মহুরুল।

খড়গ্রাম ব্লক

(১) কীর্তিপুর, (২) জয়পুর, (৩) খড়গ্রাম, (৪) ইয়োয়ালি, (৫) ইন্দ্রানি, (৬) পদমকান্দি, (৭) পারুলিয়া।

Revised scales of pay for the teachers of Khardah Sibnath High School

710. (Admitted question No. 1323.) **Shri Gopal Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that most of the teachers of Khardah Sibnath High School (Higher Secondary) have not been getting the benefits of new scales of pay in full; and

(b) if so, the reasons therefor?

The Minister for Education: (a) No; it has been reported by the Secretary of the School that all the approved teachers are getting pay in the revised scales.

(b) Does not arise.

Cold Storages in West Bengal

711. (Admitted question No. 1330.)

শ্রীশরৎকুমার রাহা: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোল্ড স্টোরেজে গত জুন, জুলাই ও অগাস্ট মাসে ২য় সপ্তাহ পর্যন্ত কি পরিমাণ আলু ছিল ;

(খ) এই সকল কোল্ড স্টোরেজের সংখ্যা কত, নাম কি ও ঠিকানা কি ; এবং

(গ) কোল্ড স্টোরেজগুলির উপর সরকারের কোন নিয়ন্ত্রণব্যবস্থা আছে কিনা ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) জুন, জুলাই ও অগাস্ট মাসের ২য় সপ্তাহ পর্যন্ত কোল্ড স্টোরেজে কি পরিমাণ আলু রক্ষিত ছিল তাহা সরকার অবগত নহে। তবে মে মাসের শেষ পর্যন্ত রক্ষিত আলুর পরিমাণ প্রায় ৮০,০০০ টন।

(খ) পশ্চিমবঙ্গে কোল্ড স্টোরেজের সংখ্যা সর্বসাকুল্যে ৯১টি, উহাদের নাম ঠিকানা সম্বলিত একটি তালিকা এতৎসহ সংযোজিত হইল।

(গ) না, তবে "কোল্ড স্টোরেজ লাইসেন্সিং অ্যান্ড রেগুলেশন বিল, ১৯৬৪" নামে একটি বিল সরকারের বিবেচনাধীন আছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 711

LIST OF COLD STORAGE IN WEST BENGAL

Calcutta

(1) India Ice and Aerated Water and Cold Storage, 138 Beliaghata Road, Calcutta-15.
(2) Hindusthan Ice and Cold Storage Co. Ltd., 9 Ezra Street, Calcutta-1.
(3) Balasore Cold Storage, 35 Murari Pukur Road, Calcutta.
(4) Bangasree Ice and Cold Storage, 13B Free School Street, Calcutta-16.
(5) Hind Ice and Cold Storage Private Ltd., 23 Canal West Road, Calcutta-4.
(6) Sealdah Cold Storage and Transport Ltd., Sealdah, Calcutta-14.
(7) Bharat Cold Storage, 46 Strand Road, Calcutta-7.

(8) Hindusthan Gas and Industries Ltd., 22 New Tangra Road, Calcutta.

(9) Mangalia Cold Storage, E-2 Hide Road, Calcutta-23.

(10) Bhagirathi Baraf Samity, Pvt., 67 Suresh Sirkar Road, Calcutta-10.

(11) Castle Seale Ice and Cold Storage (Pvt.) Ltd., 26 Prasanna Kumar Tagore Street, Calcutta-6.

(12) Sinthee Cold Storage, 24B Kalicharan Ghosh Road, Calcutta.

(13) Dipak Cold Storage, 13 Kaliprasanna Singhi Road, Calcutta-2.

(14) Mahabir Cold Storage, 244 Upper Chitpur Road, Calcutta.

(15) Ahmed Dadabhoy and Co., 8A Amratala Lane, Calcutta.

(16) Lohia Cold Storage, 28 B. T. Road, Calcutta-2.

(17) Everest Cold Storage, 16A Chaul Patti Road, Calcutta-10.

(18) Bhur Cold Storage, 21 B. T. Road, Calcutta-2.

(19) Oriental Cold Storage, 6/1 Nawab Dilaranjan Road, Calcutta-2.

(20) K. K. Saha Cold Storage, 212 Upper Chitpur Road, Calcutta-3.

(21) Golok Cold Storage, 21B R. G. Kar Road, Calcutta-4.

(22) Ganga Cold Storage, Chitpur Yard.

(23) Khanna Cold Storage, 10 Harrison Road, Calcutta-9.

Midnapore

(1) Garbeta Ice and Cold Storage, Village Amlagora, P.S. Garbeta.

(2) Kolaghat Cold Storage, P.O. Kolaghat.

(3) Kharagpur Cold Storage, Chota Tangra, P.O. Kharagpur

(4) Bazzrang Cold Storage, Midnapore.

Bankura

(1) Messrs. Bankura Ice and Cold Storage, Kethandanga, P. O. Bankura.

(2) Beliator Cold Storage, P. O. Beliator.

Birbhum

(1) Bijoy Cold Storage, Kandi, Sainthia.

Nadia

(1) Krishnagore Cold Storage, Aminbazar, Krishnagar.

Burdwan

(1) Santi Ranjan Cold Storage, Memary, Burdwan.

(2) Asansol Cold Storage, Asansol.

(3) Laxmi Cold Storage, Ushagram, Asansol.

(4) Kalna Cold Storage and Co., P.O. Kalna.

(5) Biswanath Cold Storage, Memary.

(6) Messrs. Golok Cold Storage, Memary.

(7) D. V. C. Cold Storage, Burdwan.

(8) Plant Site Cold Storage, Durgapur Steel Project.

(9) Bharati Eating Ice Factory, Asansol.

(10) Kalimata Cold Storage, Memary.
(11) Burdwan Cold Storage, Burdwan.
(12) Plant Cold Storage, Durgapur.
(13) Hemanta Cold Storage, Khalishpur, P.O. Bhatar.
(14) Memary Cold Storage, Memary.
(15) Durgapur Ice and Cold Storage, Durgapur.
(16) Srikrishna Cold Storage, Rangpur, Kalna.
(17) Kailash Cold Storage, P.O. Digha, District Midnapore.
(18) Chasi Cold Storage, P.O. Rasulpur.
(19) Ambika Cold Storage, P. O. Memary.
(20) Sarada Cold Storage, P.O. Memary.

24-Parganas

(1) Barrackpore Cold Storage, P.O. Barrackpore.
(2) Messrs. Sonapur Cold Storage, Village Kusumba, P.O. Narendrapur
(3) Brooklyn Cold Storage, Paharpur, Kidderpore.

Howrah

(1) Krishna Cold Storage, Ghusuri, Howrah.
(2) Parbati Cold Storage, Howrah.
(3) Calcutta National Cold Storage, 32 J. N. Mukherjee Road, Howrah.
(4) Salkia Cold Storage, 51 J. N. Mukherjee Road, Howrah.
(5) Howrah Cold Storage, 130 J. N. Mukherjee Road, Howrah.
(6) Bharatia Sons Ltd., 100/10 Dharmatola Road, Howrah.
(7) Mahalakshmi Cold Storage, 63 G. T. Road, Lilooah, Howrah.

Hooghly

(1) Chowdhury Cold Storage, village Belachua, P.O. Karkula.
(2) Ramkrishnapore Cold Storage, village Moktarpur, P.O. Champadanga.
(3) Deshbandhu Industries and Cold Storage, Champadanga.
(4) Tarakeswar State Warehousing Corporation Cold Storage, Tarakeswar.
(5) East India Cold Storage, Dhaniakhali, Hooghly.
(6) Narayanpur Cold Storage, village Narayanpur, Tarakeswar.
(7) The Bengal Cold Storage (P.) Ltd., 58/1 G. T. Road, Baidyabati.
(8) Modern Cold Storage, Serampore, Hooghly.
(9) Seoraphully Cold Storage, P.O. Seoraphully.
(10) Tarakeswar Cold Storage, village Balliguri, P.O. Tarakeswar.
(11) Nalikul Cold Storage, Anandapur, P.O. Nalikul.
(12) Eastern Cold Storage, Seoraphully.
(13) Basudebpur Cold Storage, village Basudebpur, P.O. Brahmanpur.
(14) Messrs. Ambika Cold Storage, 112 G. T. Road, Seoraphully.
(15) Singur Cold Storage, village Dehugachhia, Singur.
(16) Satyanarayan Cold Storage, Baidyabati.
(17) Jangipara Cold Storage, (P.) Ltd., Jangipara.

(18) Rajlakshmi Cold Storage, S. N. Mullick Road, Baidyabati.

(19) Jaysree Cold Storage, P.O. and village Pandua.

(20) S. R. Cold Storage, Pandua.

(21) Desh Bandhu Cold Storage, Pandua.

(22) Pandua Cold Storage, Pandua.

(23) Chinsurah Cold Storage, P.O. Chinsurah.

(24) Jain Cold Stoiage, village Baichee, P.O. Pandua.

(25) Kotrung Cold Storage, village Kotrung, Pursurah.

(26) Sodepur Cold Storage, P.O. Sodepur.

(27) Bengal National Cold Storage Ltd., village Sodepur, P.O. Pursurah

(28) Bhadreswar Cold Storage, Bhadreswar.

(29) Delux Cold Storage, Hooghly district.

(30) Gopekrishna Cold Storage, Baichee, P.O. Pandua

Jute Cultivation in Pingla Block, Midnapore

712. (Admitted question No. 1348.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাট চাষের সুবিধার জন্য পুষ্করিণী খনন বাবত মেদিনীপুর জেলার পিংলা ব্লকে গত ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ কোন্ গ্রামের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) তাঁহারা প্রত্যেকে কত জমিতে উক্ত দুই সালে কত পাট উৎপাদন করিয়াছেন; এবং

(গ) উক্ত ব্যক্তিগণ প্রকৃত প্রস্তাবে কাজ করিয়াছেন কিনা এবং তাহার ইউটিলিজেশন সার্টিফিকেট কে কোন্ তারিখে দিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানাতে ১৯৬২-৬৩ সালে কোন পাট পচানোর পুষ্করিণী খননের জন্য কোন টাকা দেওয়া হয় নাই।

১৯৬৩-৬৪ সালে তিনটি পুষ্করিণী খনন করা হইয়াছে ও নিম্নোক্ত প্রত্যেক ব্যক্তিকে ১৫০ টাকা করিয়া অর্থসাহায্য করা হইয়াছে:—

(১) শ্রীঅনন্তকুমার বেরা, গ্রাম পিণ্ডরোই।

(২) শ্রীসুধীরকুমার পাত্র, গ্রাম শমুলিয়া।

(৩) শ্রীহরিচরণ জানা, গ্রাম সিতিবিন্দা।

(খ) (১) শ্রীঅনন্তকুমার বেরা ১ একর ৫০ ডেঃ জমিতে গত বছরে পাট চাষ করিয়াছিলেন ও ২৪ মণ পাট পাইয়াছেন।

(২) শ্রীসুধীরচন্দ্র পাত্র ২ একর ৫ ডেঃ জমিতে গত বৎসর পাট চাষ করিয়াছিলেন ও ৩০ মণ পাট পাইয়াছেন।

(৩) শ্রীহরিচরণ জানা ১ একর ৭৫ ডেঃ জমিতে পাট চাষ করিয়াছিলেন ও ২৮ মণ পাট পাইয়াছেন।

(গ) হ্যাঁ। নিম্নোক্ত সরকারী কর্মচারিগণ কমপ্লিশন সার্টিফিকেট দিয়াছেন।

সাহায্যপ্রাপ্ত ব্যক্তি	কে কমপ্লিসন সার্টিফিকেট দিয়াছেন	কোন তারিখে
(১) শ্রীঅনন্তকুমার বেরা	এগ্রিকালচার এক্সটেনশান অফিসার এণ্ড জুট ফিল্ড এ্যাসিস্টেন্ট, পিঙ্গলা।	৩-৩-৬৪।
(২) শ্রীসুধীরকুমার পাত্র	ঐ	৪-৩-৬৪।
(৩) শ্রীহরিচরণ জানা	ঐ	২-৩-৬৪।

Home Guards in Midnapore district

713. (Admitted question No. 1352.)

শ্রীজনগণমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানায় কত জন হোমগার্ড আছে;

(খ) প্রত্যেক হোমগার্ড বাহিনীতে কয়জন করিয়া অফিসার আছে;

(গ) উক্ত হোমগার্ডগণকে কোন পোশাক বা লাইট ইত্যাদি দেওয়া হয় কিনা;

(ঘ) উহাদের কাজ কি; এবং

(ঙ) অন্যত্র উহাদের দ্বারা কোন কোন কাজ করাইতে হইলে কোন ভাতা দেওয়ার ব্যবস্থা আছে কিনা?

The Minister for Home (Police):

(ক) ও (খ) একটি তথ্য সম্বলিত বিবরণী যুক্ত হইল।

(গ) পোশাক দেওয়া হয়। লাইট দেওয়া হয় না।

(ঘ) দুষ্কৃতকারী এবং বিশৃঙ্খলাসৃষ্টিকারীদের বিরুদ্ধে জনসাধারণকে রক্ষাকার্যে পুলিসের সহযোগিতা করা; অসামরিক প্রতিরক্ষা সংস্থার সহিত একত্রে কাজ করা; জনসাধারণের জীবন ও সম্পত্তির নিরাপত্তা রক্ষাকার্যে সরকার কর্তৃক নির্দিষ্ট পন্থায় কাজ করা ইত্যাদি।

(ঙ) হ্যাঁ, আছে। নিয়মানুগ কার্যে আহূত হইলে অফিসারগণ ৫ টাকা ও ৪ টাকা এবং হোমগার্ডগণ আড়াই টাকা হিসাবে দৈনিক ভাতা পাইয়া থাকেন।

Statement referred to in reply to clause (Ka) and (Kha) of unstarred question No. 713.

ইউনিটের নাম	অফিসারের সংখ্যা	হোমগার্ডের সংখ্যা
(১) মেদিনীপুর সদর (উত্তর)	১১	৮৫
(২) মেদিনীপুর সদর (দক্ষিণ)—		
(১) খড়গপুর শহর	১৩	৮৩
(২) হিজলী আই আই টি	৬	৪৪
(৩) ঘাটাল	৬	৪৯
(৪) তমলুক	৬	৪৭
(৫) ঝাড়গ্রাম	৬	৪৭
(৬) কাঁথি	৬	৫০
মোট ..	৫১	৪০২

বিঃ দ্রঃ—মেদিনীপুর জেলায় হোমগার্ডদের থানাওয়ারী হিসাব রাখা হয় না বলিয়া তাহা শীঘ্র দেওয়া সম্ভব নয়। উহা মহকুমা অনুযায়ী রাখা হয় বলিয়া উপরোক্ত তথ্য পরিবেশিত হইল।

Cultivable and fallow lands in Egra police-station, Midnapore

714. (Admitted question No. 1391.) **Shri Hrishikesh Chakravarty:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় মোট আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন অঞ্চলে কি প্রকারের কত জমি সরকারের দখলে আসিয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) আবাদী জমি ৮৮,৯৪০·৩৪ একর
অনাবাদী জমি ৪,৮৬২·৪৭ একর

(খ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to Clause (Kha) of unstarred question No. 714

অঞ্চল	আবাদী	অনাবাদী
১।১	১৪৫	৪১.০০
১।২	২০৬	৯১.০০
১।৩	১৪২	৬১.০০
১।৪	১৫১	৫৫.০০
১।৫	৯৬	৮১.০০
১।৬	[illegible]	৭২.০০
১।৭	[illegible]১৫	৬৭.০০
১।৮	১৪২	৭২.০০
২।১	৩৪৮	৮৪.০০
২।২	৪৪৩	৬৩.০০
২।৩	২১৮	৫৩.০০
২।৪	২১৭	৬১.০০
২।৫	১৬৩	৫১.০০
২।৬	১৮৭	৪৩.০০
[illegible]	৯৩	৩২.০০
[illegible]	৭৮৭	১৮.০০
	৩,৭৩৮	৯৭১.০০

Compensation to the Intermediaries in Egra police-station, Midnapore

715. (Admitted question No. 1397.) **Shri Hrishikesh Chakravarty:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার মোট কতজন মধ্যস্বত্বাধিকারী ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইয়াছেন ;

(খ) তন্মধ্যে এ পর্যন্ত কতজন ক্ষতিপূরণ বাবত আংশিক বা সম্পূর্ণ টাকা পাইয়াছেন ;

(গ) বাকি ব্যক্তিগণ কতদিনের মধ্যে আংশিক বা সমগ্র টাকা পাইবেন ;

(ঘ) ৫,০০০ টাকার নিচে কমপেনসেশন পাইবার যোগ্য কতজন আছেন এবং তাঁদের মধ্যে কতজন ক্ষতিপূরণ পাইয়াছেন ; এবং

(ঙ) ৫,০০০ টাকার বেশি কমনপেনসেশন পাইবার যোগ্য কতজন আছেন এবং তন্মধ্যে কত জন ক্ষতিপূরণ পাইয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) মোট ৬,৮৩১ জন।

(খ) আংশিক ক্ষতিপূরণ যাঁহারা পাইয়াছেন, তাঁহাদের সংখ্যা বাহির করা সম্ভব নয় ; কারণ এ বিষয়ে থানাওয়ারী রেকর্ড রাখার কোন ব্যবস্থা নাই। চূড়ান্ত ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে থানাওয়ারী রেকর্ড থাকায় বলা যায় এগরা থানায় মোট ৯৩১ জন চূড়ান্ত ক্ষতিপূরণ পাইয়াছেন, আর ৬৭৮ জন চূড়ান্ত ক্ষতিপূরণ লইবার জন্য নোটিস পাওয়া সত্ত্বেও ক্ষতিপূরণ লইতে আসেন নাই এবং ৫৬৭ জনের কোন নীট আয় না থাকায় ক্ষতিপূরণ বাবত কিছুই দেয় নহে।

(গ) আংশিক ক্ষতিপূরণ প্রদান আবেদনপত্র সাপেক্ষ এবং ক্ষতিপূরণের তালিকা চূড়ান্তভাবে প্রকাশিত না হওয়া পর্যন্ত দেয়। সমগ্র ক্ষতিপূরণ কতদিনের মধ্যে দেওয়া হইবে, তাহা বর্তমানে বলা সম্ভব নয়। তবে যত শীঘ্র সম্ভব ক্ষতিপূরণ নির্ধারণ তালিকা চূড়ান্তভাবে প্রকাশের ও টাকা দেওয়ার ব্যবস্থা হইতেছে।

(ঘ) ৫,০০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণ যাহাদের প্রাপ্য তাহাদের সংখ্যা ১,১১৪ জন এবং উঁহাদের মধ্যে ৯২৯ জন চূড়ান্ত ক্ষতিপূরণ পাইয়াছেন।

(ঙ) ২৮ জন, তন্মধ্যে ২ জন চূড়ান্ত ক্ষতিপূরণ পাইয়াছেন।

Sands on the side of Kansai River, Midnapore

716. (Admitted question No. 1424.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁসাই নদীর পার্শ্বে শ্রীকণ্টা গ্রামের নিকট হইতে রানীহাটী পর্যন্ত স্থানে স্থানে প্রচুর বালি পাওয়া যায় কিনা ;

(খ) উক্ত বালি যে কেহ যে কোন সময় লইতে পারিবে কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) না, মাইনর মিনারেলস রুলস অনুসারে সরকার হইতে বালি লওয়ার লিজ যাহার নামে মঞ্জুর হইবে, কেবলমাত্র তিনিই মেয়াদকালের মধ্যে ঐ বালি লইতে পারিবেন।

Lease of coal-mining areas in Asansol subdivision

717. (Admitted question No. 1455.)

শ্রীবিজয় পালঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার খনি মালিকদের কয়লা উত্তোলনের জন্য যেসব জমি লীজ দেওয়া হইয়াছে তাহার পরিমাণ কত ;

(খ) উক্ত লীজ দেওয়ায় জমির উপরিভাগ (সারফেস) চাষের উপযুক্ত জমির পরিমাণ কত ;

(গ) উক্ত চাষের জমির অধিকারী কে ? সরকার না খনিমালিক ;

(ঘ) উক্ত চাষ আবাদের জন্য কিভাবে এবং কি হারে জমি বিলি করা হইয়া থাকে ; এবং

(ঙ) আজ পর্যন্ত কত জমি এবং কত লোককে বিলি করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) এ সম্বন্ধে সঠিক তথ্য প্রদান বর্তমানে সম্ভব নহে, কারণ জমিদারী গ্রহণ আইনের ২৮ ধারা অনুযায়ী নূতন লীজ এখনও সম্পাদন করা হয় নাই এবং যাঁহারা ২৯ ধারা অনুসারে পূর্বের লীজবলে ভোগদখলে আছেন, তাঁহাদের উক্ত লীজসমূহ যথোচিত পরিবর্তনের যে প্রয়োজন, তাহাও এখনও করা হয় নাই। যাহাতে এই কার্য শীঘ্র সম্পন্ন হয় সেজন্য তথ্যাদি সংগ্রহ বিষয়ে অনুসন্ধানের ব্যবস্থা হইতেছে।

(গ) খনিমালিক।

(ঘ) খনিমালিকগণই বিলি-বন্দোবস্তের ব্যবস্থা করিয়া থাকেন।

(ঙ) সরকারের জানা নাই।

Ferries in Tamluk subdivision

718. (Admitted question No. 1458.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমার কোন্ কোন্ ফেরী সরকার তত্ত্বাবধান করিতেছেন ;

(খ) প্রতি ফেরী কোন্ সময়ে কি পদ্ধতিতে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ;

(গ) গত ১৯৬৩ সালে এই মহকুমার কোন্ কোন্ ফেরী কত টাকায় বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং তন্মধ্যে কত টাকা আদায় হইয়াছে ; এবং

(ঘ) এখনও ঐ মহকুমার কোন্ কোন্ ফেরী কি কারণে সরকার দখল লয়েন নাই?

The Minister for Land and Land Revenue:

(ক) এতৎসহ তালিকা প্রদত্ত হইল (তালিকা নং ক)

(খ) প্রতি ফেরী বাংলা সনের মাঘ/ফাল্গুন মাসে, পরবর্তী এক বৎসরের জন্য (১লা বৈশাখ হইতে চৈত্র মাস তক) প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বন্দোবস্ত দেওয়া হয়। নিলামের বিজ্ঞপ্তি ৫০০ টাকার নিচের ফেরীগুলির বেলায় বিভিন্ন অফিসে, হাটে, বাজারে প্রচার করা হয় এবং ৫০০ টাকার উর্ধ্বের ফেরীগুলির বেলায় উক্ত প্রচার ছাড়াও স্থানীয় সংবাদপত্রে প্রচার করা হয়। বাংলা ১৩৭১ সালের পূর্ব পর্যন্ত নিলামের সর্বোচ্চ ডাককারীর নিকট হইতে সিকি ডাকের টাকা গ্রহণপূর্বক উপযুক্ত কর্মচারীর মঞ্জুরীসাপেক্ষ বন্দোবস্ত দেওয়া হইত ; কিন্তু ১৩৭১ সাল হইতে নিলাম ডাকের সমূহ টাকা এককালীন আদায়পূর্বক বন্দোবস্ত দেওয়া হইতেছে।

(গ) এতৎসহ তালিকা প্রদত্ত হইল। (তালিকা—খ)

(ঘ) ঐ মহকুমার মাত্র নন্দীগ্রাম থানার অন্তর্গত তেরপেক্ষা ফেরীটি দেওয়ানী মোকদ্দমা-বশত দখল লওয়া হয় নাই।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 718.

তালিকা নং (ক)

১। মহিষডোল ফেরী।
২। নক্ষত্রদীঘি ফেরী।
৩। দূর্বাচটী মৌজার ভোড়দা ফেরী।
৪। বৃন্দাবন চক মৌজার বৃন্দাচক ফেরী।
৫। শ্রীরামপুর ফেরী।
৬। বৃন্দাবন চক মৌজার বেলচান্দা ফেরী।
৭। টংতলা ফেরী।
৮। পূর্ব দোবাদি ফেরী।
৯। শ্রীকণ্ঠা ফেরী।
১০। বাকচা ফেরী।
১১। নৈছনপুর ফেরী।
১২। রামদাসপুর ফেরী।
১৩। চৈতন্যমঙ্গল ফেরী।
১৪। বরগোদাপুরাসা ফেরী।
১৫। শ্যামরায় ফেরী।
১৬। আসনান নারকেলদা ফেরী
১৭। প্রজাঝড় ফেরী।
১৮। বলাইপাণ্ডা ফেরী।
১৯। রামচন্দ্রপুর ফেরী।
২০। শ্রীধরপুর ফেরী।
২১। রামচন্দ্রপুর সফুল ফেরী।
২২। টেরকা খালী ফেরী।
২৩। হরিখালি ফেরী।
২৪। তেঁতুল বেড়ে ফেরী।
২৫। কুকড়াহাটী ঘাট জমা।
২৬। ফুলঝাড়ী ঘাট জমা।
২৭। পঞ্জারিচক ঘাট।
২৮। ঝিকুড়খালি ঘাট জমা।
২৯। শালুক খালি ঘাট জমা।
৩০। হোড়খালি ঘাট জমা।
৩১। সন্ধ্যার চক ঘাট জমা।
৩২। বৃন্দাবন চক ঘাট জমা
৩৩। বাজুরমারী ঘাট জমা।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 718.

তালিকা (খ)

	ফেরীর নাম	বিলি বন্দোবস্তের টাকার পরিমাণ	আদায়ী টাকার পরিমাণ
		টাকা	টাকা
১।	মহিষডোল ফেরী	৭	৭
২।	নস্করদীঘি ফেরী	১০	১০
৩।	ভোরদা ফেরী	৫০	৫০
৪।	বৃন্দাবনচক ফেরী	৫০	৫০
৫।	বেলচঙ্গা ফেরী	৬০	৬০
৬।	শ্রীরামপুর ফেরী	৬,৪১৫	১,৯২৭
৭।	টংতলা ফেরী	৫৪০	৫৪০
৮।	পূর্বদোবাদি ফেরী	৫০	৫০
৯।	শ্রীকণ্ঠা ফেরী	১১২	১১২
১০।	বাকটা ফেরী	২৯	২৯
১১।	নৈদুনপুর ফেরী	৯০	৯০
১২।	রমদাপুর ফেরী	৩০০	৩০০
১৩।	চৈতন্যমঙ্গল ফেরী	১১২	৩৪
১৪।	বরগোদাপুরুষা ফেরী	১৭৫	১৭৫
১৫।	শ্যামরায় ফেরী	১০২	১০২
১৬।	আসনান নারিকেলদা ফেরী	৮৬৬	৭১৮
১৭।	প্রজাবাড় ফেরী	৭০	৭০
১৮।	বলাই পাণ্ডা ফেরী	১৮৬	১৮৬
১৯।	রামচন্দ্রপুর ফেরী	১৮	১৮
২০।	শ্রীধরপুর ফেরী	৩৪৬	২৫৩
২১।	রামচন্দ্রপুর স্কুল ফেরী	১৮	১৮
২২।	তেতুলবেড়ে ফেরী	৩২৫	৩২৫
২৩।	হরখালা ফেরী	৬৯৬	৬৯৬
২৪।	টেংরাখালা ফেরী	২,১২০	১,৯৯৬
২৫।	কুকড়াহাটা ঘাটজমা	৩,৭০৫	১,৮৫০
২৬।	কলবাড়ী ঘাটজমা	৩৯৬	৩৯৬
২৭।	পরারচক ঘাটজমা	৫৪	৫৪
২৮।	ঝিকুড়খালী ঘাটজমা	৬০০	৬০০
২৯।	শালুকখালী ঘাটজমা	৯৭	৯৭
৩০।	হোড়খালী ঘাটজমা	৮৯০	৮৯০
৩১।	সন্ন্যাসীচক ঘাটজমা	৬৪১	৬৪১
৩২।	বৃন্দাবনচক ঘাটজমা	২৮২	২৮২
৩৩।	বাজুয়ারী ঘাটজমা	১,৯১০	৪৭৫
		২১,৩২২	১৩,১০১

Enquiry into the death of Shri Jagai Chand Shaw at Bakultala, Behala

719. (Admitted question No. 1484.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৩ই জানুয়ারি ১৯৬৮ তারিখে বেহালার বকুলতলা অঞ্চলে পুলিসের গুলীতে নিহত জগাইচাঁদ সাউ-এর মৃত্যু সম্পর্কে এ পর্যন্ত কোন তদন্ত হইয়াছে কিনা ;

(খ) তদন্ত হইয়া থাকিলে উক্ত তদন্তের ফল কি ; এবং

(গ) তদন্ত না হইয়া থাকিলে, কারণ কি?

The Minister for Home (Police):

(ক), (খ) ও (গ) জগাইচাঁদ সাউ ১৩ই জানুয়ারি, ১৯৬৮ তারিখে পুলিসের গুলীতে আহত হন এবং ২৪এ জানুয়ারি ১৯৬৮ তারিখে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে মারা যান। পুলিস রেগুলেশনস অনুযায়ী নির্বাহিক তদন্ত এখনও আরম্ভ করা হয় নাই, কারণ ঐ ঘটনা সংশ্লিষ্ট একটি মামলা বর্তমানে আদালতের বিচারাধীন রহিয়াছে।

Repairs of roads in Midnapore town

720. (Admitted question No. 1540.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether Government has any proposal for repairing the concrete and tarmacadam roads in Midnapore town maintained by the Public Works Department during the current year:

(b) if so, when the work will be taken up and when completed; and

(c) whether repair work of any of the tramacadam roads in Midnapore Block in police-station Midnapore will be taken up during the current year?

The Minister for Public Works: (a) Yes.

(b) Shortly after the rainy season is over and completed within the current financial year.

(c) Yes. So far as Public Works Department roads are concerned the repair work will be done as far as funds permit.

Establishment of a Thana Health Centre at Dhulian, Murshidabad

721. (Admitted question No. 1555.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান থানা হেল্‌থ সেন্টার খোলার কোন প্রস্তাব আছে কি ; এবং

(খ) প্রস্তাব থাকিলে, তাহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে?

The Minister for Health:

(ক) ও (খ) ধুলিয়ানে কোন স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নাই। কিন্তু ধুলিয়ান যে উন্নয়ন সংস্থায় অবস্থিত, সেই সামশেরগঞ্জ উন্নয়ন সংস্থায় একটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত জমির সন্ধান করা হইতেছে।

Arrangements for giving shelter to the refugees

722. (Admitted question No. 1588.)

শ্রীঅনঙ্গমোহন দাস: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে কোন্ কোন্ স্থানে কতজন করিয়া উদ্বাস্তু থাকিবার ব্যবস্থা সরকার হইতে করা হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

প্রশ্নটির দ্বারা যদি নবাগত উদ্বাস্তুদিগের থাকিবার ব্যবস্থা সম্পর্কে জানিতে চাওয়া হইয়া থাকে, তাহা হইলে ইহা বলা যায় যে, নবাগত উদ্বাস্তুদিগের থাকিবার জন্য কোন ব্যবস্থা এই রাজ্যে করা হয় নাই। যাঁহারা পশ্চিমবঙ্গের বাহিরে পুনর্বাসন গ্রহণেচ্ছু, কেবলমাত্র তাঁহাদিগের জন্য গেদে, পেট্রাপোল, হাসনাবাদ ও বানপুরস্থিত সাময়িক আশ্রয়কেন্দ্রে অন্য রাজ্যে যাত্রার মুহূর্ত পর্যন্ত থাকিবার ব্যবস্থা আছে। এই পর্যন্ত এইরূপ আশ্রয়লাভ করিয়াছেন নবাগত উদ্বাস্তুর সংখ্যা ১,৬৯,২২৬

Engineering and Technical institutions in West Bengal

724. (Admitted question No. 1589.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে ইঞ্জিনীয়ারিং ও কারিগরি শিক্ষার জন্য কোন্ কোন্ স্থানে কতগুলি প্রতিষ্ঠান সরকারের পরিচালনায় প্রতিষ্ঠিত?

The Minister for Education:

এই রাজ্যে ইঞ্জিনীয়ারিং ও কারিগরি শিক্ষার জন্য রাজ্যসরকারের শিক্ষাবিভাগের পরিচালনায় প্রতিষ্ঠিত শিক্ষায়তনগুলির বিভিন্ন পর্যায়ের চারিটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 723.

NAMES OF THE ENGINEERING COLLEGES FOR DEGREE COURSES

1. Bengal Engineering College, Sibpur, P.O. Botanic Gardens, Howrah.
2. Regional Engineering College, Durgapur, Mahatma Gandhi Avenue, Durgapur-4.
3. Jalpaiguri Engineering College, P.O. and district Jalpaiguri.
4. North Calcutta Engineering College, c/o Bengal Engineering College, P.O. Botanic Gardens, Howrah.
5. College of Engineering and Technology, Jadavpur University, Jadavpur, Calcutta-32.

TECHNICAL INSTITUTIONS FOR DIPLOMA COURSES

1. Acharya Prafulla Chandra Ray Polytechnic, Jadavpur, Calcutta-32.
2. Rama Krishna Mission Silpamandira, P.O. Belurmath, Howrah.
3. M.B.C. Institute of Engineering and Technology, Burdwan.
4. K. G. Engineering Institute, Vishnupur, Bankura.
5. Hooghly Institute of Technology, Hooghly.
6. Jalpaiguri Polytechnic Institute, Jalpaiguri.
7. B. P. C. Institute of Technology, Krishnagar, Nadia
8. Shree Ram Krishna Silpa Vidyapith, Suri, Birbhum
9. Iswarchandra Vidyasagar Polytechnic, Jhargram, Midnapore.
10. Purulia Polytechnic, Purulia.
11. Murshidabad Institute of Technology, Murshidabad, Berhampore.
12. Ram Krishna Mission Shilpapith, Belghoria, 24-Parganas.
13. Jnan Chandra Ghosh Polytechnic, 7 Maurbhanj Road, Calcutta.
14. Asansol Polytechnic, Dhadka, Asansol, Burdwan.
15. Malda Polytechnic, Madla.
16. Polytechnic at North Calcutta, 15 Gobinda Mondal Road, Calcutta-
17. Jagadish Chandra Polytechnic, Berachampa, 24-Parganas.
18. Birla Institute of Technology, 56 B. T. Road, Calcutta-50.
19. School of Printing Technology, Jadavpur, Calcutta-32.
20. Central Calcutta Polytechnic, 21 Convent Road, Calcutta-14.
21. Composite Polytechnic and Junior Technical School for Women, 2 Convent Road, Calcutta-14.
22. Cooch Behar Polytechnic, Cooch Behar.

JUNIOR TECHNICAL SCHOOLS FOR JUNIOR DIPLOMA COURSE

1. Rama Krishna Mission Boys' Home, Rahara, 24-Parganas.
2. Satis Chandra Silpa Vidyalaya, Burdwan, Kalanabogram, Burdwan.
3. Sevayatan Silpa Vidyalaya, Jhargram, Midnapore, P.O. Sevayatan.
4. St. Xavier's School, Basanti, 24-Parganas.
5. Saraju Prosad Junior Engineering Institute, Durgi, Jhalda, Puruli
6. Hooghly Junior Technical School, Hooghly.
7. Jalpaiguri Junior Technical School, Jalpaiguri.
8. B. P. C. Junior Technical School, Krishnagar, Nadia.
9. St. Vincent Junior Technical School Asansol, Burdwan.
10. Junior Technical School, attached to R. K. Mission Silpa Mandi P.O. Belurmath, Howrah.
11. Junior Technical School at Chhotojagulia, P.O. Chhotojagulia, Distri 24-Parganas.
12. Swami Mahadevananda Vidyayatan (Junior Technical School Manirampur (Bholagiri Road), Barrackpore, 24-Parganas.
13. Junior Technical School at Subhasnagar, Subhasnagar P.O., Beng District Hooghly

TECHNICAL INSTITUTIONS FOR ONE YEAR CERTIFICATE COURSE IN ENGINEERING TRADES

1. Fulia Polytechnic, P.O. Fulia Colony, district Nadia.
2. Sibpore Polytechnic, c/o B. E. College, P.O. Botanic Gardens, Howrah.
3. Asansol Polytechnic, P.O. Asansol, district Burdwan.

Admission of students to the Medical Colleges

724. (Admitted question No. 1593.)

শ্রীঅজিতভূষণ মণ্ডল: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে সর্বমোট কোন্ মেডিক্যাল কলেজে কত ছাত্র ভর্তি হইয়াছে; এবং

(খ) কিসের ভিত্তিতে এইসকল কলেজে ছাত্র ভর্তি হইয়াছে?

The Minister for Health:

(ক) কোন কোন মেডিক্যাল কলেজে এখনও ছাত্রছাত্রী ভর্তি চলিতেছে; সুতরাং এই প্রশ্নের উত্তর এখন দেওয়া যাইতেছে না।

(খ) সংশ্লিষ্ট বোর্ড বা ইউনিভার্সিটি পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনুসারে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির নির্দেশ সরকারী মেডিক্যাল কলেজগুলিকে দেওয়া হইয়াছে।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the proposed cease-work of the College and University Teachers' Association called attention by Shri Sambhu Charan Ghosh.

The Hon'ble Rabindralal Sinha: The West Bengal College and University Teachers' Association handed over a memorandum containing their demands and stated that they had decided to cease-work for a day on the 18th September 1964. Thereafter, they wrote to the Education Minister seeking an interview with him before the said date. The Education Minister met a deputation of the said Association on the 5th September 1964 when their demands—seven altogether—were discussed. The deputationist pressed for regular payment of grants, for improved salary for college teachers in accordance with the U.G.C. scale, and the Education Minister assured them that the Government would try for the payment of grant to colleges in respect of improved salaries of college teachers in four quarterly instalments from the next financial year. Accordingly, the Government have already sanctioned grants for first six months of this financial year.

They also pressed for extension of benefit of U.G.C. scales of pay to new entrants. The Education Minister explained that new teachers appointed in the existing colleges in old posts to which benefits of U.G.C. scales of pay were allowed are getting the U.G.C. benefit. In respect of posts created after 31st March 1963, he told the deputationists that Govrnment cannot take unspecified financial responsibility. But as regards the question of extension of such benefits to teachers appointed to new posts already created, Government will examine individual cases and consider them sympathetically. The U.G.C. have also been addressed in the matter. Government will not, however take any financial responsibility for any post to be created in future without prior approval of the State Government.

Government also agreed to sympathetically consider the question of extending the benefits of Contributory Provident Fund on the difference of pay between U.G.C. scales of pay and the college scales of pay by additional grants, and the matter is already being examined by the Government.

With regard to new colleges established during the Third Plan period the Education Minister explained that Government cannot assume an unspecified financial responsibility because the Government have no control in the matter of affiliation of private colleges.

(2—2-10 p.m.)

It is appropriate that any college set up in the Third Plan period should have provided for the revised scale of pay, i.e., the U.G.C. scales of pay. But as many of the teachers in these colleges are not getting this scale, Government will sympathetically consider their cases if such colleges conform to the standard and requirement of the U.G.C. But in no case Government will undertake responsibility in respect of colleges to be created hereafter if they are started without the prior approval of the State Government.

The deputation also pressed for placing education in the concurrent list of legislation. The Education Minister stated that the State Government would keep an open mind on this issue and would examine it on its merits when the occasion would arise.

As regards the Association's demand for upward revision of pay scales grants of D.A. at the rate of Rs. 60 per month to each individual teacher, Government are unable to accept them in the present stringent position of State finances. The Education Minister told the deputation that it would not be possible to undertake upward revision of salary scales during the Third Plan period. The revision of salary scales of college teachers would appropriately be consideerd by the Government of India and the U.G.C. on an All-India basis. The Education Minister however assured that the State Government would take up the matter with the Government of India, the U.G.C. and the Planning Commission in the Fourth Plan. Naturally the Planning Commission would consider the matter on an All-India basis.

Thereafter the Government had received no communication from the Association. But it appears from the newspaper report that the Association has stuck to its call for cease work on the 18th September.

India honours her teachers and holds them in highest regard. I would appeal to them to kindly consider whether the proposed course would be consistent with the noble ideals and great traditions of Indian teachers. I would only hope that they would desist from the proposed cease work.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the arrest of 110 student-strikers of Kanthi Prabhat Kumar College, called attention by Shri Sudhir Chandra Das.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Sir, in connection with the Calling Attention Notice of Shri Sudhir Chandra Das, M.L.A., regarding the strike by the students of Contai Prabhat Kumar College, I want to make the following statement:

A group of students of Contai Prabhat Kumar College took up the cause of expulsion of a student, Shri Akhil Jana, from the college and organized processions in Contai on 31st August 1964 demanding withdrawal of expulsion order and removal of the Principal and also some other demands. On 1st September 1964 the students picketted near the college gate and also organized a procession in the evening in the town.

On 2nd September 1964, a public meeting was organized by the students in which it was declared that hunger strike and satyagraha will be organized by the Students Federation group with effect from the 7th September, 1964 on the issue. On 6th September the students with the help of some outsiders organized a meeting at Town Hall, Contai, in which they reiterated their demands. On 7th September 1964, six students resorted to hunger strike in the college premises and a procession was organised with them in Contai town. Though the S.D.O. informed the students that the college authority was agreeable to withdraw the expulsion order still the students did not accept the offer and was determined to continue the agitation. On 8th September 1964, the students again picketted in front of the college gate preventing other students from attending their classes and also organized procession in the town although the District Magistrate assured them of looking into their grievances.

On 8th September 1964 evening on the complaint of Shri Sisir Adhikari, a student of the college, case No. 6(9)64, under section 143/323, I.P.C. was started against some of the students of the S.F. group. On the 9th Sept. 1964 picketing by students continued in the college premises for which, on the written complaint of about 56 students, Contai P.S. case No. 7(9)64, under section 143/341 was started against those students of the S. F. group who obstructed their entry. On this day, even the Principal was also obstructed from entering the college premises and some schools in the town were also picketted by them. On 9th September 1964, when some students physically obstructed entry of other students into the college, the S.D.O. along with the S.D.P.O. and the C.I., Contai, hastened to the college and found that some students and outsiders were giving inflamatory speeches and inciting the students. When attempts were made to arrest some outsiders, there was violent resistance and scuffle with the police. At this stage 100 persons, mostly students, were arrested to bring the situation under control, and a case under sections 143/352/186, I.P.C. was started. All the arrested persons were subsequently released on P.R. bond. As the situation became serious an order under section 144 Cr.P.C. was promulgated for seven days in Contai town. Six student hunger-strikers were arrested on 9th September 1964, vide Contai P.S. case No. 9(9)64, under section 309 I.P.C., and removed to hospital. On 10th September 1964, three ring leaders were arrested under D. I. Rules. Out of those 100 persons who were released on P. R. bond on 9th September 1964, 94, mostly students, organised a procession in violation of orders under section 144 Cr.P.C., and went to the court of the Subdivisional Magistrate, Contai. On their refusal to be released on P. R. bond they were taken into custody and removed to Midnapore Central Jail. Another batch of 38 students entered the court and interrupted the court proceedings by shouting slogans for which they were convicted under section 228 I.P.C., and sentenced to detain till rising of the court. On 11th September 1964, at the intervention of local leading persons, settlement between college authorities and students was arrived at and the hunger strike agitation was withdrawn by the students. There was no lathi charge by the Police.

Mr. Speaker: I have received two Notices of Calling Attention; one from Shri Ananga Mohan Das on Leprosy patients in West Bengal; and the second one from Shri Birendra Narayan Ray, Shri Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Monoranjan Bakshi, Shri Lakshmi Ranjan Josse and Shri Deo Prakash Rai on 'Shifting of Sugar Mill from Ahmedpur to Madras.' I have selected the notice of Shri Birendra Narayan Ray and others. The Hon'ble Minister-in-charge will please make a statement to-day or give a date.

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the Notice of Calling Attention regarding shifting of the National Sugar Mills Ltd., Ahmedpur, in the district of Birbhum, tabled by Shri Birendra Narayan Ray, Shri Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Monoranjan Bakshi, Shri Lakshmi Ranjan Josse and Shri Deo Prakash Rai, I beg to make a statement.

A proposal has been received from the National Sugar Mills Ltd., for shifting the factory from Ahmedpur, Birbhum, to Madras State. Their proposal in a nutshell is: (1) to shift the factory from Ahmedpur, Birbhum to Madras State, (2) to have an integrated plan of development of a Paper Mill along with the Sugar Mill, (3) to revive the Sugar Mill at

Beldanga which is lying idle for nearly sixteen years, (4) physical shifting of the unit would be effected by the Company after they have made proper arrangements for repayment of the Government dues. These are the proposals put forth by the Sugar Mill Company. The Company's performance so far has been unsatisfactory and the financial position is also not at all sound. How far the Company will be able to give a concrete shape to the proposed integrated scheme is doubtful.

In view of the unsatisfactory financial condition of the company a committee was appointed by the Government in October 1963 to examine the affairs of the National Sugar Mills Company. The Committee made a study of these affairs and considered the financial position of the company to be unsatisfactory. The recommendations of the committee were duly considered by the Government and in accordance with one of those recomendations the Government of India was requested in February 1964 to take over the management of the business of the company under the Industries Development and Regulation Act 1951. The Government of India in the Ministry of Food and Agriculture in their letter dated the 22nd August have agreed to order an investigation into the affairs of the National Sugar Mills Limited under section 15 of the Industries Development and Regulation Act, 1951, and requested to nominate an officer to represent the State Government in the panel of officers to be constituted by them to undertake the work. The Director of Industries, West Bengal, has been nominated by the State Government to be associated with the proposed investigation. This Government have informed the Government of India that the proposal for shifting of the mill from West Bengal to Madras cannot be considered for the present. If the company can satisfy all the creditors by making full payment of the arrear dues and thereafter put up such a proposal, the State Government will consider the proposal on its merits. At this stage we are not in a position even to consider such a proposal.

Messages from Council.

[2-10—2-20 p.m.]

The Secretary (Shri P. Roy): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"**Message**

The West Bengal Legislative Council at its meeting held on the 8th September 1964, agreed to the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964, without any amendment.

Calcutta:

The 9th September, 1964.

SUNITI KUMAR CHATTERJI.

Chairman,

West Bengal Legislative Council".

(2)

"Message

The West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 9th September 1964, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Calcutta:

The 10th September, 1964.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council".

Sir, I lay copy of the Messages on the table.

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি পূর্বেও একদিন বলেছিলাম, একথা হল, কলকাতায় চাল পাচ্ছি না, সেজন্য আমরা বাড়ি থেকে চাল এনে খাচ্ছি। বাজারে গুড় একেবারে পাওয়া যাচ্ছে না, আমাদের পুরুলিয়া জেলায় মানবাজার থানা এলাকায় সর্ষে তেল ন্যায্যমূল্যে কোথাও পাচ্ছি না। এ জন্য এ বিষয়ের প্রতি আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Deb Saran Ghosh:

স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানায় গম ও ময়দার সাপ্লাই বন্ধ আছে। গত দু সপ্তাহ ধরে ময়দা যা দেওয়া হয় তার পরিমাণও খুব কম। এখন বিশেষ করে আউস ধান উঠছে [illegible] তাই মনে হতে পারে যে, সরকারী সাহায্য দেওয়ার প্রয়োজন নাই, কিন্তু আমি জানাচ্ছি যে বেশীর ভাগ লোকেই এই আউস ধান পায় নি বা তাদের নাই, তারা সরকারী সাহায্যের উপরই প্রধানত নির্ভর করছে, এই অবস্থায় গম বা ময়দা সরবরাহ কম হওয়ায় অবস্থা খুব খারাপ হয়ে দাঁড়িয়েছে।

Complaint against Government Storing Agent, Jalpaiguri

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, আপনি এর আগে একদিন বলেছিলেন যে এইরকমভাবে যে দৃষ্টি আকর্ষণ করা হয় তাতে মন্ত্রিমহাশয়রা জবাব দেবেন কিনা বলতে পারেন না। তাঁরা উত্তর দিতে পারেন আবার নাও দিতে পারেন, যেহেতু এটা প্রপার কলিং অ্যাটেনশন নয়। কিন্তু আপনি একথা বলেন নি যে, দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রিমহাশয়রা কোন অ্যাকসান নেবেন কিনা।

Mr. Speaker:

একটা কথা বলে দিই মিঃ অধিকারী। আপনি বোধ হয় আগে থেকে এখানকার ভেটার‍্যান মেম্বার। তাঁরা অ্যাকসান নেবেন কিনা সেটা আমার উপর নির্ভর করে না।

Shri Sailendra Nath Adhikary:

যেটা দৃষ্টি আকর্ষণ করা হয় সেটার অ্যাকসান মন্ত্রিমহোদয়রা নেনই না। এখানে আপনার কাছে বলছি এই হাউসে মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় একটা টেলিগ্রাম জলপাইগুড়ি সম্বন্ধে পড়েছিলেন, আপনি সেটা অ্যালাউ করেছিলেন। তাতে ছিল জলপাইগুড়ি জেলায় মিঃ রামকুমার কিশোরীলাল, গভর্নমেন্ট স্টোরিং এজেন্ট, তার নানা কাণ্ড, সে ট্রাক বোঝাই চাল পার করে দিচ্ছে এবং সেদিন মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত ছিলেন এবং টেলিগ্রামের কপি বোধ হয় তাঁকে দেওয়া হয়েছিল। তারপর দেখা গেল—আমি কালকে একখানা চিঠি পেয়েছি, সেই চিঠি খুব মর্মান্তিক চিঠি, যিনি এই টেলিগ্রাম করেছিলেন তিনি লিখেছেন, তার একটা লাইন আমি পড়ে শোনাই তাহলে আপনি বুঝতে পারবেন

if no action is being taken, my life may be endangered by the black marketeers.

তার অপরাধ হয়েছিল এই কিশোরীলাল এবং এই কোম্পানী তাদের সঙ্গে ওখানকার ডিস্ট্রিক্ট কন্ট্রোলার জড়িত আছে, তারা যেভাবে স্টোরিং এজেন্ট হিসাবে সমস্ত চালগুলি পার করে দিচ্ছিল তাতে সেটা সে ধরেছিল। স্যার, আপনি জানেন, মুখ্যমন্ত্রীও তাঁর নাম জানেন, তিনি হচ্ছেন জলপাইগুড়ির শ্রদ্ধেয় নেতা দেবেন সরকার, তিনিও ছিলেন। কিন্তু তারপর দেখা গেল এস পি, ডি, সি, কোন অ্যাকশান তো নিলেনই না, উপরন্তু সেই ভদ্রলোক তাঁর অপরাধ হয়েছিল যে তিনি এই ইনফর্মেশান দিয়েছিলেন, তার লাইফ হ্যাজ বিন এনডেঞ্জার্ড এবং আপনি জানেন স্যার, স্বর্গতঃ হেমচন্দ্র সান্যালের মৃত্যুর পর থেকে সকলেই চিন্তিত হয়েছেন।

GOVERNMENT BILL

The West Bengal Official Language (Amendment) Bill, 1964

Mr. Speaker: We now take up the Official Language Bill.

Shri Sambhu Charan Ghosh:

আমাদের হাউসের সামনে যে বিলটা আনা হচ্ছে আমি মনে করি যে বিলটা ইজ নট ইন অর্ডার। প্রথমতঃ..............................

Mr. Speaker:

এখন উনি ইন্ট্রোডিউসটা করে দিন।

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to introduce the West Bengal Official Language (Amendment) Bill, 1964.

(Secretary read the title of the Bill.)

Shri Sambhu Charan Ghosh:

আমাদের কাছে যে বিলটা দেওয়া হয়েছে এটা অ্যামেন্ডমেন্ট বিল হিসাবে আমাদের কাছে দেওয়া হয়েছে। ১৯৬১ সালে সরকারী ভাষা আইন যেটা গ্রহণ করা হয়েছে তারই সংশোধন হিসাবে এই বিলটা এসেছে। এই বিলের উদ্দেশ্য হচ্ছে একটি মাত্র সেকশানকে নতুনভাবে পুরান বিলের সাথে যোগ করা। ক্লজ ৪ যেটা এখানে আনা হচ্ছে সেই ক্লজের সুরুতে যেকথা লেখা আছে সেটা হচ্ছে

notwithstanding the appointment of any day under Section (2) or Section 3 for the coming into operation of the provisions thereof.

১৯৬১ সালের অ্যাক্টে সেকশান ২ এবং সেকশান ৩-তে কোথাও ইংরাজী সম্পর্কে কোন কথা বলা হয় নি বা ইংরাজী ভাষার কন্টিনিউয়েন্স বা ডিস-কন্টিনিউয়েন্স সম্বন্ধে কোন কথা বলা হয় নি। সেজন্য এই ক্লজ ৪-এর প্রথম কথা দিয়ে বোঝা যায় যে,

it is not an amendment,

এটা অল-টুগেদার একটা সেপারেট বিল হিসাবে আমাদের সামনে আসা উচিত ছিল। সেকেন্ডলি, স্যার, যে বিলটা আমাদের হাউসের সামনে আনা হয়েছে সেই বিলটা আনা হয়েছে সংবিধানের আর্টিকেল ২১০(২) ধারা অনুযায়ী। মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে দেখাব এই বিলটা ঠিক এই আর্টিকেলের ধারা অনুযায়ী আনা সম্ভব নয়। সংবিধানের আর্টিকেল ২১০ বলছে—

"Notwithstanding anything in Part XVII but subject to the porvisions of article 348, business in the Legislature of a State shall be transacted in official language or languages of the State or in Hindi or in English."

এবং ক্লজ (২)-এর বলছেন.

"Unless the Legislature of the State by law otherwise provides, this article shall, after the expiration of a period of fifteen years from the commencement of this Constitution, have effect as if the words "or English" were omitted therefrom."

[2-20—2-30 p.m.]

অর্থাৎ আপনার আর্টিকেল ২১০(২) এটা ডিমিং প্রভিসন যে যদি বিধানমণ্ডলী অন্য কোনরকম আইন প্রণয়ন না করে তাহলে সংবিধান প্রবর্তনের ১৫ বছর পর অর্থাৎ ১৯৬৫ সালের ২৫এ জানুয়ারীর পর থেকে ইংরাজী কন্টিনিউ করবে না এবং সেটাকে বাঁচাবার জন্য বিলটা আনা হয়েছে। এই বিলটা আনার মধ্য দিয়ে আর্টিকেল ২১০(২) অনুযায়ী বলা হচ্ছে যে ইংরাজী কন্টিনিউ করবে ২৫এ জানুয়ারীর পর একথা বলা হয়েছে, অর্থাৎ ২১০-এ যে প্রভিসান আছে

official language or languages of the State in Hindi or in English.

মিঃ স্পীকার, স্যার, এখানে আর্টিকেল ২১০ ক্লজ ২ অনুযায়ী যে বিলটা আনা হয়েছে সেই বিলের ক্লজ ৪ দেখলে দেখবেন সেখানে বলা হচ্ছে ইংরাজী মানে হচ্ছে

as an additional language.

কিন্তু আর্টিকেল ২১০ ক্লজ(১)-এ বলা হচ্ছে যে ইংরাজী সেখানে অল্টারনেটিভ ল্যাঙ্গোয়েজ হিসাবে থাকবে। আমার বক্তব্য হচ্ছে আর্টিকেল ২১০-এ অল্টারনেটিভ ল্যাঙ্গোয়েজের কথা বলা হচ্ছে, ২১০ অনুযায়ী অ্যাডিসনাল ল্যাঙ্গোয়েজের কথা বলা হয়েছে। অ্যাডিসনাল ল্যাঙ্গোয়েজ আনবার যদি উদ্দেশ্য থাকবে তাহলে অন্য একটা আর্টিকেল ছিল। ১৯৬১ সালে আমাদের যে আইনটা আনা হয়েছিল সেই আইনটা আর্টিকেল ৩৪৫ অনুযায়ী আনা হয়েছিল

Article 345 of the Constitution of India

বলছে।

"Subject to the provisions of articles 346 and 347, the Legislature of a State may by law adopt any one or more the languages in use in the State or Hindi as the language or languages to be used for all or any of the official purposes of that State."

যদি সরকার মনে করতেন যে এর সাথে অ্যাডিসনাল ল্যাঙ্গোয়েজ হিসাবে ইংরাজী ঢুকবে তাহলে ২১০-এর সাহায্য না নিয়ে তাঁরা আর্টিকেল ৩৪৭-এর সাহায্য নিতে পারতেন। সেখানে বলা হয়েছে ৩৪৭-এ

"On a demand being made in that behalf, the President may, if he is satisfied that a substantial proportion of the population of a State desire the use of any language spoken by them to be recognised by that State, direct that such language shall also be officially recognised throughout that State or any part thereof for such purpose as he may specify."

অর্থাৎ যদি ৩৪৫ ধারানুযায়ী এই আইন তৈরি করার ব্যাপারে সরকার বিবেচনা করতেন যে ইংরাজী ভাষাকে আমাদের রাজ্যে শাসনকার্যে ব্যবহার করার জন্য রাখা উচিত তাহলে তাঁরা আর্টিকেল ৩৪৭-এর সাহায্য নিতে পারতেন, কিন্তু তা না নিয়ে আর্টিকেল ২১০-এর সাহায্য নিতে গিয়ে দেখা যাচ্ছে যে তারা ইংরাজীকে অ্যাডিসনাল ল্যাঙ্গোয়েজ করছেন অথচ পরিষ্কার ভাষায় আছে ইংরাজী অল্টারনেটিভ ল্যাঙ্গোয়েজ হিসাবে ইউজ্ হবে। তারপর স্যার, এই বিলটার মধ্যে আপনি যদি ভালভাবে লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, কন্ট্রাডিকশন রয়েছে। এখানে অবজেকট্স অ্যান্ড রিজিন্সের মধ্যে বলা হয়েছে থার্ড প্যারাগ্রাফে

"As practical difficulties are likely to arise for the change-over from English to Hindi or such State languages within the times referred to above, it is proposed to make law enabling the continuance of the use, after such times, of English both for the purposes of transaction of business in the State Legislature as also for the official purposes of the State, in addition to Hindi and the abovementioned State languages."

৩নং প্যারাগ্রাফে বলা হচ্ছে যে, সরকার মনে করছেন কিছু ওভার, অর্থাৎ আমরা বাংলাতে রূপান্তরিত করার দিকে অসুবিধা বোধ করতে পারি সেজন্য সরকার কন্টিনিউয়ান্স অফ ইংরাজীর কথা চিন্তা করছেন।

একদিকে ক্লজ ৪-এ বলছেন যে, ক্লজটা আমাদের সামনে আনা হয়েছে যে

English be continued as an additional language

আবার অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলছেন যে চেঞ্জওভারএ ডিফিকাল্টি হতে পারে, অর্থাৎ সরকারের সমস্ত প্রশাসনিক কাজকর্মে বাংলাভাষা নিলে অসুবিধা হতে পারে। অতএব সেই অসুবিধার কথা চিন্তা করে ইংরাজীকে কন্টিনিউয়ান্স বলে এই আইন আনা হয়েছে। অর্থাৎ এই অবজেক্ট অ্যান্ড রিজনস-এর প্যারা (৩)-তে যে কথা বলা হয়েছে, সেই অনুযায়ী অত্যন্ত পরিষ্কারভাবে সরকারের মনোভাব এখানে পরিস্ফুট হয়ে উঠেছে যে ইংরাজী

not as an additional language but the only language

যেহেতু বাংলাতে করতে পারবো না, অতএব ইংরাজী চালু থাকবে। সেইজন্য এই আইন আনা হয়েছে। আমার বক্তব্য স্যার, ১৯৬১ সালের আইনে, যেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে যে বাংলা ভাষাকে রূপান্তরিত করবার জন্য সরকার অগ্রসর হবেন।

Mr. Speaker:

আপনি আপনার পয়েন্ট অফ অর্ডারটা বলুন।

Shri Sambhu Charan Ghosh:

আমার পয়েন্ট অফ অর্ডারটাই বলছি।

১৯৬১ সালের মূল আইনটাকে যখন ১৯৬৩ সালে অ্যামেন্ড করা হল, তাতে স্পেসিফিক ডেট-এর কথা বলা হয় যে, ১১ই নবেম্বর, ১৯৬৫ সালের মধ্যে সরকার বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে চালু করবেন। যেখানে এই কথা বলছেন, অর্থাৎ ১৯৬১ সালের মূল আইন

অ্যামেন্ডেড অবস্থায় যেটা আছে, যে ১১ই নবেম্বর ১৯৬৫ সালের মধ্যে সরকার বাংলাভাষাকে সরকারী ভাষা হিসাবে চালু করবেন, আবার এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলছেন যে ডিফিকাল্টি হতে পারে ইংরাজী চেঞ্জ ওভার-এ। অতএব ইংরাজীর কন্টিনিয়েন্স আমরা চাই। অ্যাডিসন্যাল ল্যাংগোয়েজ যেখানে ক্লজে বলছেন, এখানে তার অর্থ অ্যাডিসন্যাল নয়, ওনলি ল্যাংগোয়েজ ইংরাজীকে আমরা করবার চেষ্টা করছি।

তারপর স্যার, আমার নেক্সট পয়েন্ট হচ্ছে যেখানে ঐ প্যারা ৩, অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলছেন যে,

as practical difficulties are likely to arise for the change-over from English to Hindi or such State Languages within the time referred to above

মিঃ স্পীকার স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পয়েন্ট। যেখানে মূল আইনে বলা হয়েছে—অর্থাৎ ১৯৬১ সালের আইন, যেটা অ্যামেন্ডেড অবস্থায় ছিল, যে ১১ই নবেম্বর ১৯৬৫ সালের মধ্যে সমস্ত সরকারী কাজ-এর জন্য বাংলাকে সরকারী ভাষা রূপে গ্রহণ করা হবে। আবার এই ক্লজ (৪)-তে বলা হচ্ছে যে, সেই সময়ের মধ্যে আমরা বাংলা ভাষাকে গ্রহণ করতে নাও পারি। অর্থাৎ মূল আইনের যে স্পিরিট সেই স্পিরিট-এর এগেনস্ট-এ এই অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হচ্ছে যে, "১১ই নবেম্বরের মধ্যে আমি রূপান্তরিত করতে নাও পারতে পারি। সেই জন্য আজকে ইংরাজী কন্টিনিয়েন্স-এর কথা আমি বলছি। ইংরাজী ভাষা যাতে চালু থাকে তার জন্য আমি এই আইন এনেছি।"

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে বলতে চাই—এই অ্যামেন্ডমেন্টটি সম্বন্ধে যে

it is a negation of the original act

যে অ্যাক্ট আমাদের সামনে আছে, যার অ্যামেন্ড করে এই বিল আনা হয়েছে, সেটা সম্পূর্ণ নেগেসন।

Mr. Speaker:

আপনি পয়েন্ট অফ অর্ডারটা বলুন।

Shri Sambhu Charan Ghosh:

আমার পয়েন্ট অফ অর্ডারটা হচ্ছে যে এই বিলটি

not in order. It should not be considered.

Mr. Speaker:

Point of order

আনেই হল, নট ইন অর্ডার। কোন্ পয়েন্ট নট ইন অর্ডার, সেইটা আপনি বলুন।

Shri Sambhu Charan Ghosh:

আমি বলছি—

this should not be considered as an amendment to the original Act of 1961. It should be treated as a separate Bill.

Mr. Speaker: I will give my decision later on.

The Hon'ble Bijoy Singh Nahar:

মিঃ স্পীকার স্যার, এই পয়েন্ট অফ অর্ডার সম্বন্ধে আমি এই কথাই বলতে চাই যে, উনি অনেক লম্বা করে বলেছেন, অনেকগুলো সেকশন সম্বন্ধে বলেছেন। আমরা যে বিলটা এনেছি আমাদের কনস্টিটিউসানের সেকশন ২১০-এর উপরে নিয়ে এসেছি, এবং সেটা অন্যায় নয়। স্পীকার

দেওয়া আছে যে স্টেট লেজিসলেচার ইচ্ছা করলে মাতৃভাষা বদলাতে পারে এবং রাখতেও পারে। আমাদের এখানে অফিসিয়াল ল্যাংগোয়েজ বিল যেটা আছে, তাতে বাংলা কিম্বা নেপালী আমরা রাখতে পারি এবং তার সংগে ইংরাজীও যাতে রাখতে পারা যায়, সেই সম্বন্ধে বিল এনেছি। কাজেই উনি যেটা পয়েন্ট অফ অর্ডার-এ বলছেন, সেটা প্রযোজ্য নয়।

Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, be taken into consideration.

Shri Sambhu Charan Ghosh:

স্যার,

another point of order, under rule 110 of the Rules of Procedure

এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে পয়েন্ট অফ অর্ডার তুলেছি, আমি মনে করি এই পয়েন্ট অফ অর্ডার-এর মধ্যে সংবিধানের প্রশ্ন আছে এবং সংবিধানের এই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি মনে করি এই পয়েন্ট অফ অর্ডার-এর মধ্যে আমাদের আইনগত কতকগুলি প্রশ্ন আছে। সেইজন্য রুল ১১০ নম্বর অনুযায়ী, আমি আপনার কাছে মুভ করছি যে এই বিলের ডিসকাসনটা অ্যাডজরনড করে রাখা হোক।

মিঃ স্পীকারঃ মিঃ ঘোষ, আপনি এটার কনসেন্ট চান নি, অতএব

at this stage let it go on. The point of order will be decided later on.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। এর আগে শম্ভুবাবু যে পয়েন্ট অফ অর্ডার তুলেছেন তার সংগে আমি আপনার কাছে আর একটা পয়েন্ট অফ অর্ডার তুলছি। কনস্টিটিউশনের আর্টিকেলে যেটা এক্সপ্লিসিটলি বলে দিয়েছে তার উপরে সংশোধন করে বা তার নূতন কিছু করবার ক্ষমতা লেজিসলেচারের আছে কিনা এবং আজকে আপনি যে স্পীকার কনস্টিটিউশনের আর্টিকেলের বলে সেই কনস্টিটিউশনকে ভায়লেট করে এই একটা আইন আনবার জন্য যে অনুমতি তা আপনি দিতে পারেন কিনা?

মিঃ স্পীকারঃ বলবো পরে।

[2-30—2-40 p.m.]

The Hon'ble Bijoy Singh Nahar:

স্পীকার মহোদয়, এই বিলেতে সাধারণভাবে যেটা রয়েছে সে ইংরাজী ও বাংলা ও নেপালীর সংগে থাকা দরকার। এইটা দেখে অনেকেরই হয়ত ধারনা হতে পারে যে, ইংরাজীই আমরা রাখতে চাই। বাংলা কিম্বা দার্জিলিং-এর যেসব অঞ্চলে নেপালী ভাষা ব্যবহার হবে সেটা আমরা করতে চাই না। কিন্তু আমি অল্প কথায় বলতে চাই যে বাংলাটা এখন থেকেই আরম্ভ হবে এবং আপনারা লক্ষ্য করে দেখেছেন যে আমাকে এই বিলটা এখানে পেশ করবার জন্য ইংরাজীতে পড়তে হল। তার কারণ আমরা যতক্ষণ না এই পশ্চিমবঙ্গে বাংলাটা পূর্ণভাবে চালু করতে পারি আমরা এই হাউস-এতে বাংলায় বিল মুভ করতে পারছি না। এটা আনবার

দুটি কারণ আছে। একটি আপনারা দেখেছেন পার্লিয়ামেন্ট-এ তাঁরা নূতন করে নিয়েছেন কিছুদিন পূর্বে যে ইংরাজীও চলবে হিন্দির সঙ্গে। এবং তার সঙ্গে এটা পার নিয়ে-আসার জন্য আমাদের এখানেও দরকার হয়ে পড়েছে। দ্বিতীয় প্রশ্ন এর সঙ্গে জড়িত রয়েছে এবং সেইটিই বড় প্রশ্ন যে আমরা তাড়াতাড়ি এটা কি করে নিয়ে আসতে পারি। আমাদের যেটা অফিসিয়াল বিল হয়েছিল তাতে আমরা দু বৎসরের সময় তখন চেয়েছিলাম এবং সেটা ১৯৬৫ সালের নবেম্বর মাস পর্যন্ত। কিন্তু আমরা এখন কি করে তাড়াতাড়ি নিয়ে আসতে পারি তার ব্যবস্থার জন্য যখন দেখা গেল যে অনেকগুলি জায়গায় ছোটখাট আইনেতে আটকে যায় ইংরাজী না হলে এবং যার জন্য আমরা এখন বাংলা প্রয়োগ করি অনেকগুলি জায়গায় টেকনিক্যাল ডিফিকাল্টিস হচ্ছে। সেইজন্যই ইংরাজীটা সামনে রেখে আমরা যদি বাংলা নিজেদের মত করে নিতে পারি তাহলে কাজের অনেক সুবিধা হবে। তা ছাড়া আরো আমাদের ছোটখাট অসুবিধা যেগুলি হচ্ছে নোটিফিকেশান তাড়াতাড়ি করবার জন্যে যদি ইংরাজী তার পিছনে থাকে তাহলে আরো তাড়াতাড়ি করতে পারি। আমি পূর্বদিনেই আলোচনায় একটু বলেছিলাম যে আমরা চাচ্ছি আগামী যে সেসন হবে তাতে আমরা যেন বিল বাংলায় নিয়ে আসতে পারি, তাতে অসুবিধাটা হচ্ছিল যে আমরা যদি ইংরাজী না রাখি, নোটিফিকেশন যদি না করি, তাহলে আমরা বিল আনতে পারবো না এবং বিল আনলেও এই হাউস-এ যেভাবে কাজকর্ম হয় তা বাংলায় হওয়া সম্ভব নয়। কিন্তু পুরোপুরিভাবে বাংলা এখন চালু করা সম্ভব হচ্ছে না, অনেকগুলি কারণে। তার একটা বড় কারণ হচ্ছে অনেকগুলি ভাষা যার কোন বাংলা আমাদের তৈরি হয় নি। যদিও বাংলায় ট্রানস্লেশন হয়েছে, তিন খণ্ড বেরিয়ে গিয়েছে, কিন্তু সেই ভাষা যদি আজকে এখানে পুরোপুরি প্রয়োগ করা যায়, ব্যবহার করা যায়, তাহলে অনেকেরই বুঝতে অসুবিধা হবে। সেইজন্য তাকে কিভাবে সহজ করে নেওয়া যায়, ইংরাজী অনেক কথা আছে যেটা আমাদের এখন চলতি হয়ে গিয়েছে, সেইগুলি যদি বাদ দিয়ে বাংলায় নিয়ে আসি তাহলে অনেকেরই বোধগম্য হবে না। আপনারা নিশ্চয়ই দেখেছেন মাঝে মাঝে বাংলায় ক্যালকাটা গেজেট বের হয়, আমি জানি না সেটা পড়লে কয়জন সদস্য তা বুঝতে পারেন। অসুবিধা হচ্ছে। সেইজন্য যাতে ইংরাজীর কিছু অংশ তার মধ্যে রেখে আমরা সহজ বাংলা করতে পারি, যাতে এইরকম ভাষা এর মধ্যে না আসে সেটাও তার মধ্যে একটা লক্ষ্য রয়েছে। এর মধ্যে আমরা পরীক্ষা করে দেখছিলাম যে আবার কি কি করলে বাংলা হয় অথচ কোন আইনগত বাধায় আটকে না যায়, সেইটা আমরা পরীক্ষা করে দেখছি। তার জন্য টাইপরাইটার দরকার, টাইপরাইটার সম্বন্ধে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি এবং টাইপরাইটার তৈরি করবার জন্য দিয়েছি। টাইপরাইটার না হলে দপ্তরের কাজ স্লো ও অচল হয়ে যায়। তারপর, স্টেনোগ্রাফি, এ-ও শিক্ষা দেওয়া হচ্ছে। যদিও এখন কেউই সর্টহ্যান্ড শিখে নিয়ে লিখতে পারেন তাহলে উপযুক্ত টাইপরাইটার না থাকার জন্য অসুবিধা হচ্ছে। যত শীঘ্র পারা যায় এসব অসুবিধা দূর করার জন্য চেষ্টা হচ্ছে। এই বাধাগুলি দূর হলে তবেই আমরা বাংলায় কাজ আরম্ভ করতে পারি। নেপালী সম্পর্কে আমরা এখনো এগুতে পারছি না, নেপালী সম্পর্কে একটু সময় লাগবে। এগুলি না করা সরকারের উদ্দেশ্য নয়। আপনারা সকলেই জানেন স্টেট ল ল্যাঙ্গোয়েজ কমিশন হয়েছে। তারপর ১৯৬৩ সালে যে আইনগুলি পাস হয়েছে, বাংলা পরিভাষা হয়েছে, ট্রানস্লেশান হয়েছে তা ছাপতে দিয়েছি, ছাপা হলেই আপনাদের সামনে আসবে। টেকনিক্যাল ডিফিকাল্টি যা দেখা দেয় সেগুলি যথাসাধ্য সহজবোধ্য করে তোলবার জন্য লক্ষ্য রাখা হয়েছে। আমি অধিক কিছু বলতে চাই না। আমরা চেষ্টা করছি আগামী অধিবেশনে সমস্ত বিষয় বাংলায় নিয়ে আসবার জন্য। বাংলা ভাষার প্রয়োগ ঠেকিয়ে রাখার জন্য এই বিলটা আনা হয় নি।

Shri Niranjan Sen Gupta:

বাংলার সহজ পরিভাষার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

এখানে এমন অনেক মাননীয় সদস্য বলেছেন যে, শুধু ইংরাজী নয়, বিভিন্ন ভাষা থেকে শব্দ গ্রহণ করে আমরা বাংলাভাষাকে সমৃদ্ধ করতে পারি। এখন পর্যন্ত সেরকম পরিভাষা তৈরি হয় নি। এমন পরিভাষা তৈরির দিকে লক্ষ্য রাখা হয়েছে যার দ্বারা ভালভাবে কাজ হতে পারে।

Shri Ganesh Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, বিজয় সিং নাহার মহাশয় এত কথা বলেও কাউকে কনভিন্‌স করতে পারলেন না। ১৯৫০ সালে সংবিধান পাস হয়েছে। সংবিধানে বলা হয়েছে ১৫ বৎসর বাদে ইংরাজী চলে যাবে। এটা আজ পর্যন্ত তাঁরা করতে পারেননি। মাননীয় স্পীকার মহাশয়, সরকারী কাজকর্মে মাতৃভাষার স্বীকৃতি ও ব্যবহার একটা জাতীয় মর্যাদার প্রশ্ন। তিনি যে যুক্তিগুলি দিলেন তার মধ্যে একটা হচ্ছে পরিভাষা, একটা টাইপরাইটার, আরেকটা সর্টহ্যান্ড, এগুলি কি যুক্তির কথা? ১৯৪৭ সালে ১৫ই আগস্ট আমাদের কোন জাতীয় সংবিধান ছিল না, কিন্তু তার জন্য স্বাধীনতার ঘোষণা আটকে ছিল না।

[2-40—2-50 p.m.]

এগুলি কি যুক্তির কথা? ১৯৪৭ সালের ১৫ই আগস্ট আমাদের কোন সংবিধান ছিল না, কিন্তু তার জন্য কি আমাদের স্বাধীনতার ঘোষণা আটকে ছিল? আজকে বাংলা টাইপরাইটার নেই বলে বাংলা ভাষাকে স্বীকার করে নেওয়া হবে না, পরিভাষা নেই বলে বাংলাভাষাকে স্বীকার করে নেওয়া হবে না, আজকে যথেষ্ট সর্টহ্যান্ডরাইটার নেই বলে বাংলাভাষাকে স্বীকার করে নেওয়া হবে না এরকম গুরুত্বপূর্ণ কথা একজন পরিপূর্ণ মুখ থেকে বের হওয়া শোভা পায়না। তাঁর বলা উচিত ছিল ইংরাজী ভাষা আরও কিছুদিন চলুক এবং তারপর আমরা যখন মনে করব বাংলাভাষা এখানে ব্যবহার করা যেতে পারে তখন চালু করব। কিন্তু সেই কথা না বলে আমাদের টাইপরাইটার, পরিভাষা এবং সর্টহ্যান্ড রাইটার-এর অসুবিধা হচ্ছে এসব কাকে বোঝাচ্ছেন? একথা কি কেউ বিশ্বাস করে? ১৯৫০ সালে সংবিধানে ঠিক হোল যে, ১৫ বছর পর আর ইংরাজী ভাষা ব্যবহার করবেন না। আমি জিজ্ঞাসা করি এই ১৫ বছর ধরে আপনাদের কি হোল? কেন বাংলা সর্টহ্যান্ড শেখাবার জন্য স্কুল খোলা হয়নি, কেন বাংলা টাইপরাইটার তৈরী হোল না? ওঁরা কি ঘুমোচ্ছিলেন? রেমিংটন-এর বাংলাভাষায় টাইপ-রাইটার যেটা রয়েছে তাতে যথেষ্ট কাজ হতে পারে এবং সেটা আনলে কোন অসুবিধা হয় না। স্যার, আপনিও বোধহয় দেখেছেন সেই টাইপরাইটার-এ লিখলে কোন অসুবিধা হয় না, সাধারণ ছাপার অক্ষরের মত হয়, হয়ত সেটা স্লো, কিন্তু ভাল কাজ হতে পারে। সেটা কি ব্যবহার করা যায় না, তার স্পীড যাতে বাড়ে তার জন্য কি কোন ব্যবস্থা করা যায় না? কিন্তু মন্ত্রিমহাশয় এখানে এসে বলছেন বাংলাভাষায় টাইপ রাইটার নেই, কি করে ব্যবহার করবো। আমি জিজ্ঞাসা করি ১৯৪৭ সালে যখন সংবিধান ছিল না তাতে স্বাধীনতার ঘোষণা আটকাল না কেন? ১৯৬১ সালে যখন নূতন অফিসিয়াল ল্যাংগোয়েজ বিল এখানে এল তাতে বলা হয়েছে, উইথ এফেক্ট ফ্রম সাচ্ ডেট নট ল্যাটার দ্যান

four years from the passage of this Bill from the date of commencement of this Act.

সেটা অনেক ভেবেচিন্তে মন্ত্রিমণ্ডলী এনেছিলেন, নট ল্যাটার দ্যান ফোর ইয়ার্স। তখন কেন সর্টহ্যান্ড, টাইপরাইটারের কথা মনে পড়েনি, তখন কেন পরিভাষার কথা মনে পড়েনি? মাননীয় স্পীকার মহাশয়, নিরঞ্জন সেন মহাশয় যখন এই পরিভাষা সম্বন্ধে প্রশ্ন করেছিলেন তখন উনি বল্লেন আমরা যে ভাষায় কথা বলি সে রকম পরিভাষা যাতে হয় সেই চেষ্টা করছি। স্যার, যে পরিভাষা কমিটি হয়েছে তাতে দেখছি পুলিশ কমিশনার সম্বন্ধে তাঁরা লিখেছেন "চোর ধরণী"। এই যদি পরিভাষা হয় তাহলে সেটা বুঝতে আর একজন বাংলা শিক্ষককে ডাকতে হবে। তারপর দেখছি "অবর সমাহর্তা"। এই অবর সমাহর্তার মানে মিনিস্টার ইন চার্জ, পাবলিসিটি-ও বোধহয় জানেন না, তারজন্য সুনীতিবাবুকে ডাকতে হয়। তারপর, বিড়াল মানে মার্জার এবং বাঘ মানে শার্দুল এই যদি পরিভাষা হয় তাহলে সেই পরিভাষার দরকার নেই। আমরা বিড়াল দিয়েই কাজ চালাব। স্যার, আমার কথা হচ্ছে বাংলাভাষাকে বাংলাদেশের ভাষা হিসেবে যদি গ্রহণ না করেন তাহলে আমরা তাঁদের ধিক্কার দেব।

একটা কথা উনি তুলেছেন, বিজয়বাবু, টাইপরাইটিং মেসিন নাই, উনি কি জানেননা, যে টাইপ-রাইটার আছে বাংলায়? আমি জানি তাতে ভাল টাইপ হয়, সেটা নিয়ে কেন গবেষণা হচ্ছে না, যাতে ভাল টাইপ হতে পারে? আমরাতো জানি আপনাদের ১৫ মাসে বছর হয়! টাইপ-রাইটার নাই বলে হচ্ছে না এটা কেন, না হয় ১৫ মাসের জায়গায় ১৬ মাস হত, সেটা নিয়ে কেন চেষ্টা হচ্ছে না? কেন বলছেন টাইপরাইটার নেই বলে কাজ হচ্ছে না? আপনাদের বড় জোর দরকার তিন হাজার মেশিন, ঐ রেমিংটন মেশিন নিয়ে তিন মাসে কি সেটা করা যায় না? ১৯৬১

Act will come to force on 11th November, 1965.

আজ থেকে ১৪ মাস বাদে, আড়াই হাজার টাইপরাইটিং মেশিন কি বদলান যায় না, এটাই কি বিশ্বাস করতে হবে। এই যদি এফিসিয়েন্সি হয়, তাহলে বাংলাদেশের সরকারকে ধিক্কার ছাড়া আর কি দেব?

আর একটা কথা আপনি বলেছেন স্টেনো টাইপিষ্ট যথেষ্ট নেই, হবে কি করে? বাংলা স্টেনো টাইপিস্ট, যারা স্পীডিলি লিখতে পারে, তাদের তো অভাব নেই? ফিনান্স ডিপার্টমেন্টের পুল রয়েছে, সেখানে তো চাইলে পরেন। আর যদি সত্যি কম থাকে তাহলে তৈরী করুন। আগে এদের, পে স্কেল ছিল ৫০০—৭০০ টাকা, কিন্তু অনেক চিন্তা করে স্টেনো-টাইপিষ্ট পাওয়া যায় না বলে এই অজুহাতে পে স্কেল করে দিলেন ২০০ থেকে ৪০০ টাকা। অন্য জায়গায় ষ্টেনোগ্রাফাররা যদি ৫০০ টাকা বেতন পান তাহলে তাঁরা আসবেন কেন? এটাও কি বুঝেন না? এটা ওঁর আসল কথা নয়! আপনার কাছে বলি আমাদের এখানে বাংলা স্টেনো-গ্রাফার নেই, খুব কম, এখন বোধ হয় ৮ জন আমাদের এই এসেম্বলীতে আছে, ৮ জনে হয় না, আরও বেশী দরকার, অন্ততঃ ১৫ জনের দরকার তার কমে হয় না। ১২ জন হল স্যাংসানড স্ট্রেন্থ, কিন্তু তাও নেই মাত্র ১০ জন আছে। সুতরাং কাজ চলবে কি করে? একটু পয়সা ঢালুন দেখবেন স্পিডি লিখতে পারে এই রকম স্টেনোগ্রাফার পাওয়া যাবে। একথা মিথ্যা কথা যে ভাল স্টেনোগ্রাফার পাওয়া যায় না। এটা ঠিক বলেননি। আপনারা অ্যাপ্লাই করুন ফাইনান্স ডিপার্টমেণ্ট-এর স্টেনোগ্রাফার পুল রয়েছে, বেতন দিন ৫০০ থেকে ৭০০ টাকা। তারা আসবে। আর এখানে যে রকম বক্তৃতা হয় বেলা ১টা থেকে ৬টা পর্যন্ত তাতে এই যে ষ্ট্রেনিওয়াস ওয়ার্ক, বাংলা ষ্টেনো লেখা এটা নূতন ধরণের খুব কষ্ট হয়। কাজেই কাজ যদি চালাতে হয় ভাল বেতন দিতেই হবে। সুতরাং এখানে গ্রাজ করলে চলবে কেন? আর কোন যুক্তিও নাই। এই যে যুক্তি এটা গ্রহণ করলাম না, টাইপ রাইটার পাওয়া যায় না এটা ঠিক নয়, ৩ হাজার টাইপ রাইটার বাংলায় প্রবর্তন করা যায় না, এটা বিশ্বাস করি না। কেন করা যায় না। বড় বড় টাইপ রাইটার ফার্ম আছে। তিন হাজার মেশিনকে বদলে বাংলা টাইপ বসাতে পারে, অন্ততঃ রেমিংটন টাইপ রাইটার হতে পারে বাংলা ভাষা লিখবার জন্য। কেন হবে না? যে কথা বললেন সে যুক্তি গ্রহণ করলাম না।

তৃতীয় কথা, পরিভাষার কথা। যদি এ্যাপ্রোপ্রিয়েট পরিভাষা নাই পাই তবে ব্র্যাকেটে ইংরেজী লিখে দেব। যে কথা আমরা জানি সেটা লিখে দেব। অবশ্য সমাহর্তা লেখার চেয়ে তার ইংরেজী কথা ব্রাকেট-এ লিখে দেব। বুঝার কথা তো! আর কিছুই না। সুতরাং কেন ১৪ মাসের মধ্যে ১৯৬১ বিল কার্যকরী করা যাবে না? কেন যাবে না বুঝলাম না এবং আমি বিশ্বাস করি না ওঁর কথা। ওঁর কথা হল ইংরেজী থাকুক এবং সেটাই কোন রকম যুক্তিহীন যুক্তি দিয়ে আমাদের বুঝাবার চেষ্টা করলেন। বাংলাভাষা গ্রহণ করছেন না কেন, এটা মর্যাদার প্রশ্ন। কিসের জন্য ইংরেজী রেখেছেন? এখনি বাংলা চলুক, ১৯৬১ সালের বিল এখনি কার্যকরী করুন। যদি না পারেন, আপনার উপর ভার দেওয়া উচিত টাইপরাইটার বদলানোর, বাংলা পরিভাষা তৈরী করার এবং বাংলা স্টেনো-গ্রাফার সংগ্রহ করার। এই তো তিনটি যুক্তি দিলেন, আরও ছোট ছোট কারণ আছে সেগুলি বললেন না। আর কিছু কারণ আছে বলে বিশ্বাস

করি না। এটা মন্ত্রিমণ্ডলীর সম্পূর্ণ অপদার্থতা ছাড়া আর কিছু নয়। এই অপদার্থতা ঢাকবার জন্য ঐ বিলটা এনেছেন। এই বিলের আমরা সেজন্য সম্পূর্ণরূপে বিরোধিতা করি। উনি একটা কথা বললেন যে বাংলাকে রিপ্লেস করে ইংরাজী রাখবার কথা নাকি ভাবছেন না। যা হচ্ছে তাই তো চান। বাংলা ভাষার যে বিল নিয়ে এসেছেন সেটা তো ট্রানশ্লেট করে দিয়েছেন। আসছে সেসান থেকে বাংলা ভাষায় সমস্ত উনি ট্রানশ্লেট করে দেবেন। কেন সমস্ত কিছু বাংলা ভাষায় হবে না? ১৯৬১ সালে যে কথা বলা হয়েছে সেই কথা এখানে রাখছি। আমরা বলে যাচ্ছি এই বিলের আমরা বিরোধিতা করব, এই বিল কিছুতেই সমর্থন করতে পারছি না।

[2-50—3 p.m.]

Shri Hemanta Kumar Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় একটা অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসেছেন। এর আগে ১৯৬১ সালে যে বিল পাশ হয়েছিল তাতে পরিষ্কারভাবে লেখা হয়েছিল যে, ১৯৬৫ সালের মধ্যে আমাদের এখানে বাংলাভাষায় সমস্ত কাজ পরিচালিত হবে এবং বাংলাভাষা একমাত্র ভাষারূপে পরিচালিত হবে। এই যে অ্যামেন্ডমেন্ট বিল-এর অবজেক্টস অ্যান্ড রিজিনসের মধ্যে দেখতে পাচ্ছি যে কোন ডেট দেওয়া হয় নি যে কবে থেকে বাংলাভাষাকে একমাত্র ভাষা রূপে পরিগণিত করতে হবে, বাংলাভাষায় সমস্ত কাজ চলবে এ বিষয়ে কোন ডেট দেওয়া হয় নি। এর মধ্যে ইংরেজী থাকবে এটাই দেওয়া হয়েছে। কাজেই সেদিক থেকে কতদিন পরে যে ইংরাজী ভাষা শেষ হবে এবং বাংলাভাষা একমাত্র ভাষারূপে পরিগণিত হবে সে বিষয়ে এই বিলে কিছু দেখতে পাচ্ছি না। কাজেই আজকে ১৯৬৪ সালে যে আইন আনা হচ্ছে এর কোন রকম মাথা-মুণ্ডু নেই। ১৯৬১ সালে ডাঃ রায় যখন এই বিল মুভ করেছিলেন তখন আমরা বলেছিলাম তাড়া-তাড়ি বাংলাভাষাকে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে গণ্য করা হোক। তখন ডাঃ রায় বলেছিলেন যে, আমাদের এখানে বাংলা টাইপরাইটার নেই, বাংলা স্টেনোগ্রাফার নেই, আমাদের বাংলাভাষার পরিভাষা নেই এবং সেজন্য তিনি বলেছিলেন যে, ১৯৬৫ সালে এটা করা হবে। কিন্তু আজ ৪ বছর পরে মন্ত্রিমহাশয় যখন এই বিল আমাদের সামনে আনলেন তখন তাঁরা বাংলা স্টেনো-গ্রাফারের ব্যবস্থা, বাংলা টাইপরাইটারের ব্যবস্থা, বাংলা পরিভাষার ব্যবস্থা সম্বন্ধে কি চেষ্টা করেছেন সে সম্বন্ধে কিছু বললেন না। কাজেই আমাদের মনে হচ্ছে যখন কিছু বললেন না তখন এই রকম একটা ভেগ অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এবং এর পরে এ বিষয়ে বিশেষ কিছু চেষ্টা হবে বলে আমাদের মনে হচ্ছে না। কাজেই সে দিক থেকে আমরা এই বিলকে সমর্থন করতে পারছি না। কারণ, বিলে ডেফিনিট ডেট দেওয়া হয় নি যে এই দিন থেকে ইংরাজী ভাষার জায়গায় বাংলা ভাষা একমাত্র ভাষা হিসাবে পরিগণিত হবে। বাংলায় এমন সব পরিভাষা তৈরি হচ্ছে যার মানে আমরা বুঝতে পারছি না। গরীব একটা আরবী শব্দ কিন্তু সেটা বাংলাভাষা হয়ে গেছে। সেজন্য অনেক দিন থেকে যেসব ভাষা বাংলা ভাষার সংমিশ্রণে এসে গেছে সেগুলিকে গ্রহণ করা যেতে পারে। আমার এক আত্মীয়া তিনি ইংরাজী জানেন না, কিন্তু তিনি একজন মিস্ত্রি যখন তাঁর বাড়িতে কাজ করছে তখন তাকে বললেন যে অমুক দিনের মধ্যে কাজটা কমপ্লিট করে দিও। কমপ্লিট কথাটার বাংলা সম্পূর্ণ। কিন্তু একজন অশিক্ষিত মহিলার কাছে কমপ্লিট কথাটা অত্যন্ত সহজ কথা। কাজেই পরিভাষা যত সহজ হবে, লোকে যত বুঝতে পারবে তত ভাল হবে। কাজেই যাঁরা পরিভাষা তৈরি করবেন তাঁরা যাতে সহজ সরল ভাষা তৈরি করেন সে দিকে লক্ষ্য রাখা উচিত। বাস্তবিকপক্ষে যেগুলি কঠিন ভাষা যেমন যেগুলি সংস্কৃতমূলক ভাষা থেকে আসছে সেখানে যদি আমরা সহজ ভাষা ব্যবহার করি তাহলে তাতে কিছু অসুবিধা হবে না।

কাজেই আমি বলি মন্ত্রিমহাশয় যে আর্গুমেন্ট দিলেন এই বিলের স্বপক্ষে সেটার দ্বারা আমরা বিশেষভাবে প্রভাবিত হতে পারছি না, সেটাই একমাত্র রিজন বলে আমরা মনে করতে পারছি না। কাজেই সেদিক থেকে এই বিলকে কি করে সমর্থন করা যায়? বাস্তবিকই শম্ভুবাবু যে কথা বলেছেন যে ২১০ ধারাতে এটা অল্টারনেটিভ স্যাংশানের হিসাবে তার মধ্যে আসে কিন্তু ৩৪৫ অনুযায়ী যদি আনতেন তাহলে ঠিক হত। কাজেই সেদিক থেকে এই আইনটা ঠিকমত করা হয় নি। আমি সে বিষয়ে কিছু বলতে চাই না, সে বিষয়ে আপনার রুলিং দেবেন।

কাজেই আমি বলছি যে তাড়াতাড়ি একটা ডেট ঠিক করে দেয়া দরকার যে ডেটের মধ্যে বাংলাভাষাকে একমাত্র অফিসিয়াল স্যাংশানের গণ্য করা হবে, তা না হলে এটা ভেগ হয়ে যাবে এবং কতদিনে, কত বছর, কত সময় ঠিকমত কেউ বলতে পারে না। সেদিক থেকে একটা ইনডেফিনিট পিরিয়ডে রাখার জন্য এই বিলটা আমি সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Somnath Lahiri:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা আনা হয়েছে তাতে হেমন্তবাবু এবং গণেশবাবু আগেই বলেছেন যে তার ফল এই সরকারী ভাষা সম্বন্ধে যে আইন ১৯৬১ সালে পাশ হয়েছে সেই আইন প্রকৃতপক্ষে নাকচ হয়ে যাচ্ছে, অর্থাৎ তাতে বলা হয়েছিল ১৯৬৫ সালের নভেম্বর মাস থেকে বাংলাভাষা সরকারী ভাষা হিসাবে সমস্ত কাজকর্ম চালু হবে, ও'রা এখন বলছেন যে ইংরাজী থাকবে, এর নূতন য়্যাসেসমেণ্ট এই হল? তার কোন সময় বাঁধা নেই, কাজেই ইংরাজী চিরকাল থাকবে। তার মানে এই দাঁড়াবে যে বাংলা কোনদিন সরকারী ভাষা হয়ে উঠতে পারবে না। এই আইন উপস্থিত করতে গিয়ে মন্ত্রিমহাশয় বল্লেন যে আমরা বরং তাড়াতাড়ি বাংলা চাই এবং তিনি বল্লেন যে এই বিলটা ইংরাজীতে উপস্থিত করতে তিনি খুবই দুঃখিত, কিন্তু তাঁর নাকি কোন উপায় নেই, কারণ তিনি পার্মিসান পাননি আইনতঃ। আমি এর কোন মানে বুঝতে পারলাম না কারণ পার্মিসনের কি প্রশ্ন আছে? আইন যেটা আছে তাতে বলা আছে সেটা হেমন্তবাবু এবং গণেশবাবু খেয়াল করেননি এই আইন যখন পূর্বে পাশ হয় তখন বলা হয়েছিল যে দু বছরের মধ্যে বাংলাভাষা সরকারী ভাষা হিসাবে কাজকর্মে চালু হবে, তার বছরখানেক পরে তিনি আর একটা অ্যামেন্ডমেণ্ট নিয়ে এলেন যে আমাদের টাইপরাইটার, স্টেনোগ্রাফার নেই, হেন নেই, তেন নেই, সুতরাং দু বছরের বদলে ৪ বছর সময় আমাদের দেয়া হোক। কাজেই যে সময় না দিয়ে তাঁরা চাচ্ছেন সে সময় তাঁরা অনেক আগেই দু বছর বাড়িয়ে দিয়েছেন, অলরেডী এর আগে একবার অ্যামেন্ডমেণ্ট হয়ে গেছে কিন্তু কথাটা হচ্ছে যে পার্মিসনের প্রশ্নটা কি? আইন তো ৪টা রাখা হয়নি যে ৪ বছরের আগে করতে পারবে না, যেমন আছে নট লেটার দ্যান ফোর ইয়ার্স। সরকার ইচ্ছা করলে ৩ বছর পরে ঘোষণা দিয়ে দিতে পারতেন এবং বিজয়বাবু অনায়াসে বাংলায় বিল উপস্থিত করে বাংলায় কাজ আরম্ভ করতে পারতেন। কাজেই পার্মিসনের অভাবের জন্য নয়, তাঁর এবং তাঁর দপ্তরের ইচ্ছার অভাবের জন্য আইনটা তাঁরা কার্যে পরিণত করছেন না এবং এখানে যে বিলটা আনলেন তার মানে এই দাঁড়াবে যে প্রায় অনির্দিষ্টকালের জন্য অন্ততঃ চিরকালের জন্য বাংলা কথা থাকবে কিন্তু কার্যতঃ থাকবে ইংরাজী।

আপনি বলছেন পরিভাষার অসুবিধার জন্য অনেকাংশের এখনও বাংলা তৈরি হয়নি, যা আছে তা অনেকের বোধগম্য হবে না, এই হচ্ছে বিজয়বাবুর আশংকা।

[3—3-10 p.m.]

কিন্তু, আমি তাঁকে জিজ্ঞাসা করি পশ্চিম বাংলায় কতজন লোক ইংরাজী জানেন? তাঁরা ইংরাজী যা বলেন, তাতো বাংলাদেশের বহু লোকেরই বোধগম্য হয় না। তাতে যদি তাঁর অসুবিধা না হয়, বাংলাদেশের বেশীর ভাগ লোক যে জিনিষের মানে বুঝতে পারে না, তাই যদি আইন হয়ে চলতে পারে বাংলাদেশে, তাহলে দু-একটা বাংলা শব্দ বুঝতে কিছু লোকের অসুবিধা হবে তার জন্য বাংলা চালু হবে না? তার জন্য ইংরাজী চালু রাখতে হবে? এর মানে কি, আমি বুঝতে পারলাম না। ইংরাজীটা যে বাংলাদেশের সবাই বুঝে ফেলেন, এ রকম তো আমার জানা ছিল না।

তারপর তিনি অবশ্য বলেছেন যে টাপরাইটার আমরা শীঘ্রই আনতে পারবো। তা যদি পারেন, তাহলে আপনার এক বছরের উপর সময় রয়েছে, ১৯৬৫ সালের ১১ই নভেম্বর পর্যন্ত সময় আছে। আপনি এই এক বছরের মধ্যে টাইপরাইটার এনে ফেলুন, তাহলে এই আইনে যে চার বছরের বিধান আছে, সেই চার বছরে চালু করতে পারবেন। আপনি বলেছেন যে আগামী

অধিবেশনের মধ্যে আমরা বাংলাতে সব কিছু চালু করতে পারবো বলে আশা করছি। তা যদি আশা করেন, তাহলে আগামী অধিবেশন হতে খুব বেশী দেরী নেই, খুব বেশী দেরী হলে ১৯৬৫ সালের জানুয়ারি, ফেব্রুয়ারি, মাস হবে। সুতরাং জানুয়ারি, ফেব্রুয়ারি, ১৯৬৫ সালের মধ্যে যদি বাংলা ভাষায় কাজ-কর্ম চালু করতে পারবেন বলে মনে করেন, তাহলে আইনের মেয়াদের মধ্যেই করতে পারলেন। কারণ, ১৯৬৫ সালের নভেম্বর মাস পর্যন্ত এই আইনের মেয়াদ। সুতরাং তিনি যে অসুবিধার কথা বলছেন, এবং তার জন্য তিনি যে ব্যবস্থা করতে পারবেন বলে আশা করছেন, তা যদি আমরা সত্য বলে ধরে নেই, তাহলে এই বিল আনার কোন সার্থকতা নেই।

আসল কথাটা হচ্ছে কেন এই বিল আসছে, বাংলা চালু হচ্ছে না, ইংরাজী বজায় থাকছে? এর প্রধান কারণ আমাদের দেশের আমলাতন্ত্র। আমাদের দেশে যে আমলাতন্ত্র আছে, তাদের ইংরাজী সম্বন্ধে একটা অত্যন্ত দাসস্থ মনোভাব আছে, এবং ইংরাজী সম্বন্ধে একটা কায়েমী স্বার্থও আছে। সেইটা হচ্ছে আমলাতন্ত্রের প্রধান কারণ। যার জন্য ইংরাজীকে চাপিয়ে রাখা হচ্ছে, এবং বাংলাকে আসতে দেওয়া হচ্ছে না, এবং আমাদের নপুংসক মন্ত্রিসভার সেই আমলাতন্ত্রের বাধাকে অতিক্রম করবার ক্ষমতা নেই। আমরা অবাক হয়ে যাই যে আমলাতন্ত্রের এত ইংরাজীর প্রতি প্রীতি। তবু যদি তারা ইংরাজী ভাল জানতেন, তাহলে না হয় বুঝতাম কারণ, তাঁদের ইংরাজী দৌড়ের পরিচয়ও আমরা প্রায়ই পাই। তাছাড়া এদেশের আজকে আই, সি, এস; আই, এ, এস; আই, পি, এস ইত্যাদি সাহেবের মত যে জীবগুলি আছে, তাদের থেকে আরম্ভ করে আমাদের অল ইণ্ডিয়া বেতারের ইংরাজী পরিবেশক পর্যন্ত, তারা মনে করেন যে জীবনের চরম সার্থকতা হল ইংরাজী কথার মধ্যে একটা অপূর্ব দেশী সাহেবী এ্যাকসেন্ট সৃষ্টি করা। তাকে আমি সাহেবী এ্যাকসেন্ট বলি না, তাকে বলি দেশী সাহেবী এ্যাকসেন্ট। তারা ভেবে পুলকিত হয় যে সাহেবরা বোধহয় তাঁদেরও সাহেব বলে ভাবছেন। তাঁরা বুঝতে পারেন না যে চুনোগলির কালা সাহেবের এ্যাকসেন্টও তাঁদের এ্যাকসেন্ট-এর চেয়ে অনেক ভাল। রেডিওতে যখন শুনি ইউ উইল নাউ হীয়ার দি নিউজ রেড বাই সু-রা-জি-ট সে-ই-ন অথবা বি এন, চা-কা-র-ভা-টি তখন মনে, লজ্জা, ঘেন্না হয় এবং হাসিও আসে, যে চক্রবর্তী মহাশয় তাঁর পৈত্রিক নামটাকে কোন রকমে ত্যাগ করে, ঐ সাহেবদের খুসী করবার জন্য চক্রবর্তীকে, চকার ভার্তি বলে যে পুলক অনুভব করছেন ভাবলে, তাতে যে তারা শুধু বাপের অসম্মান করেন, তা নয়, তার ধর্মবাপের'ও যে হাসছেন, সেটা সেই সব লোকেরা বুঝতে পারেন না।

আসল কথা হল যে আমাদের দেশে বুরোক্রেসি আমলাতন্ত্রের এই দাসসুলভ মনোভাব, যার জন্য তাঁরা মনে করেন যে তাঁরা ইংরাজী ভাষায় পণ্ডিত, এবং সেই পণ্ডিত্ব বাংলায় করতে গেলে, তাদের চাল দেওয়ার ক্ষমতা থাকবে না, লোককে বোকা বোঝানর ক্ষমতা থাকবে না। সুতরাং ইংরাজী চালু রাখতে হবে।

কিন্তু শুধু দাসমনোভাব নয়, এর ভিতরে একটা বেশ সুন্দর কায়েমী স্বার্থও আছে। সেটাই হচ্ছে আসল কথা। সেটা কি? যতদিন বাংলা হবে না ইংরাজী থাকবে ততদিন পর্যন্ত সরকারী কাজকর্ম এবং আইন সামান্য লোকের বোধগম্য হবে। সুতরাং সেই সরকারী কাজ-কর্ম এবং আইনের ব্যাখ্যার উপরে, পরিচালনার উপরে সেই একটা প্রিভিলেজড ক্লাস, একটা বিশেষ সুবিধাভোগী ইংরাজী শিক্ষিত সম্প্রদায়ের হাতে তার একচেটিয়া অধিকার থাকবে, দেশের সাধারণ মানুষ তা দখল নিতে পারবে না। এই যে বিশেষ সুবিধাভোগী শ্রেণী, বিশেষ কায়েমী স্বার্থ এই কায়েমী স্বার্থই মন্ত্রিমণ্ডলীর নপুংসক প্রতিরোধের অভাবে সেই কায়েমী স্বার্থ আজকে বাংলাদেশকে, বাংলা দেশের মানুষকে তাদের বাংলা ভাষায় তার সরকারী কাজকর্ম, আইন প্রণয়ন করবার অধিকার থেকে জেনেশুনে ইচ্ছা করে বঞ্চিত করছে।

এর মধ্যে টাইপরাইটারের কোন অভাব নেই, এর মধ্যে সর্টহ্যান্ড টাইপিস্টয়ের অভাব বলে, কোন কথা নেই। এটা একটা চক্রান্ত। একটা আমলাতন্ত্র, অচল, অনড়, এবং অত্যন্ত একটা স্নবিস আমলাতন্ত্র, ছ পাতা ইংরাজী পড়ে, চুনাগলির সাহেবদের থেকেও খারাপ এ্যাক্‌সেন্ট ইংরাজী বলে তারা মনে করে যে আমরা প্রচণ্ড কিছু একটা হয়ে গিয়েছি তাদের কায়েমী স্বার্থ আজকে বাংলাদেশকে বঞ্চিত করছে তার ভাষা, তার অধিকার থেকে। এখন এই সুবিধাভোগী শ্রেণীকে বজায় রেখে মন্ত্রিমণ্ডলীর কি লাভ আমি জানি না, কিন্তু আমাদের জনসাধারণের কোনই লাভ নেই একথা বলাই বাহুল্য। কিন্তু অনেক সময় আমি দেখি যে, আমাদের দেশের কিছু কিছু ইংরাজী জানা ইন্‌টেলেকচুয়ালস, ইংরাজী না জানলে নাকি এদেশে ইন্‌টেলেকচুয়াল হওয়া যায় না, তাদের অনেকেরই এই ধারণা, এই রকম কিছু কিছু ইংরাজী জানা ইন্টেলেক-চুয়ালস তাঁরাও মনে করেন যে বাংলা ভাষায় সব জিনিষ কি করে হতে পারে? এই ইংরাজীটা রাখতেই হবে। সেই রকম লোকের কাছ থেকে হয়ত বিজয়বাবু কিছু কিছু সমর্থনও পাবেন ইংরাজী রাখার ব্যাপারে। কিন্তু সেই সমস্ত ইন্টেলেকচুয়ালদের আমি বুঝতে অনুরোধ করি যে তাঁরা যে কাজটা করেন তাতে ইন্টেলেকচুয়ালদের সাহায্য হোক বা না হোক এই কায়েমী স্বার্থের সাহায্য হয় এবং বঞ্চিত হয় দেশের সাধারণ মানুষ। বাংলাদেশে গত ১০০ বৎসরের মধ্যে যিনি সব থেকে বড় ইন্‌টেলেকচুয়াল ছিলেন বলে অন্ততঃ আমরা সবাই স্বীকার করি তাঁর নাম রবীন্দ্রনাথ ঠাকুর। সবাই শতবার্ষিক করার সময় দু'হাত তুলে রবীন্দ্রনাথের নামে নৃত্যগীত করি, উল্লাস লম্ফ করি কিন্তু রবীন্দ্রনাথ তাঁর সারাজীবন দিয়ে যে ভাষাকে গড়ে গিয়েছেন এবং যে ভাষার প্রয়োগ সম্বন্ধে অত্যন্ত স্পষ্টভাবে, সমস্ত ব্যাপারে শিক্ষায়-দীক্ষায় এবং স্বভাবতঃই রাষ্ট্রকর্মে পোষকতা করে গিয়েছেন সারাজীবন সেটা আমরা ভুলে গেলাম। রবীন্দ্রনাথ অত্যন্ত দুঃখে ব্যঙ্গ করে ইন্টেলেকচুয়ালদের বলেছিলেন এবং এই আমলাতান্ত্রিক ইন্টেলেকচুয়াল-দেরও বলেছিলেন যে ইংরাজী ভাষার মধ্যে দিয়েই নাকি আমরা দ্বিজ হই। বাঙ্গালী মানুষ, ভারতীয় মানুষ নিজের ভাষা ছেড়ে যখন ইংরাজী শিখি তখন আমরা, তাঁর মতে, মনে করি দ্বিজ হয়েছি, দ্বিতীয়বার জন্ম লাভ করেছি এবং তখন আমরা এই যে সাধারণ শূদ্র, সাধারণ মানুষ তারা ইংরাজী জানে না বলে তাদের জন্য শূদ্রের মত ব্যবস্থা করি অর্থাৎ উচ্চশিক্ষা, রাষ্ট্রকর্ম আইন প্রণয়ন ইত্যাদি দেশের যে আসল কাজ, বড় কাজ, সেই কাজ থেকে তাদের অপাঙ্‌ক্তেয় করে রেখে দিই, শূদ্র করে রেখে দিই, সেখানে আমরা যারা ইংরাজী জানি সেই ইন্‌টেলেকচুয়াল এবং সেই বুরোক্রেসি, আমরা হই ব্রাহ্মণ। এই কথা বলে, এই ধরণের ব্যঙ্গ করে তিনি সেই ৫০ বৎসর আগেই বলে গিয়েছিলেন যে বাংলা ভাষায় সমস্ত কাজকর্ম করতে পারলে তবেই বাংলা-দেশের জীবন, তার রাজনীতি, তার অর্থনীতি, তার শিক্ষানীতি, সমস্ত কিছুই বাঙ্গালী জন-সাধারণের নিজের জিনিস হতে পারে। এবং তা যদি হতে পারে তবেই বাংলাদেশের উন্নতি হতে পারে। আমরা কংগ্রেস পক্ষের মুখে ডেমোক্রেসির অনেক কথা শুনি, বেশ ভাল কথা, গণতন্ত্রের প্রতিষ্ঠা করার কথা। কিন্তু গণতন্ত্রের ভিত্তিটা কি? বাংলাদেশের সাধারণ মানুষের মধ্যে শতকরা কতজন ইংরাজী জানে, যে কথা আমি একটু আগে বলেছিলাম, বিজয়বাবু ওখানে ছিলেন বলে শুনতে পাননি, তিনি বলেছিলেন যে বাংলায় যা অনুবাদ হয়েছে তার অনেক জিনিষই অনেকের বোধগম্য হবে না, সুতরাং ইংরাজী চালু রাখতে হবে।

[3-10—3-20 p.m.]

ইংরাজীতে এই যে লেখা হয় তাতে বাংলাদেশের বেশির ভাগ লোকেরই বোধগম্য হয় না, কারণ লোকে ইংরাজী জানেই না। সেই বেশির ভাগ লোকই যাদের উপর আমাদের গণতন্ত্র প্রতিষ্ঠিত, তারা সরকারী আইন ও কাজকর্ম বুঝতে পারে না। আজকে একটা দরখাস্ত করতে হলে ইংরাজীতে, যদিও অবশ্য আইন আছে আপনি বাংলায়ও করতে পারেন, করতে হয়, কারণ, সাহেবরা তা আসলে বুঝতে পারেন না! আজকেও বাংলায় হাতে লেখা হলে তা যতই গুরুত্ব-পূর্ণ হোক, পড়ে থাকে। সুতরাং লোককে তা টাইপ করিয়ে দরখাস্ত পাঠাতে হয়। কাজেই এই ব্যবস্থাই যদি চলতে থাকে তাহলে সরকারী কাজকর্ম থেকে আরম্ভ করে সমস্ত ব্যাপারে ইংরাজী বেশীর ভাগ মানুষকে রাষ্ট্রীয় কর্মের আওতার বাইরে রেখে দিচ্ছি। এতে গণতন্ত্র ব্যাহত হচ্ছে। গণতন্ত্র মানে কি শুধু ভোটের অধিকার? কংগ্রেস তাই ভাবেন। কিন্তু

গণতন্ত্র মানে তা নয়। ভোটের অধিকার প্রয়োগ করবার জন্য যা কিছু বুঝা দরকার, যে জ্ঞান অর্জন করা দরকার তার সুযোগ ও সুবিধা করে দেওয়া দরকার এবং সেই সুযোগ-সুবিধা মানুষের সামনে হাজির করে দেওয়ার নামই হচ্ছে গণতন্ত্র। যাতে মানুষ সর্ব ব্যাপারে সমান সুযোগ পেয়ে সমাজে তার যোগ্য আসন গ্রহণ করতে পারে, এটা করে দেওয়াই গণতন্ত্র। কাজে-কাজেই ইংরাজি চালু রেখে, বাংলা চালু না করে গণতন্ত্রকে হত্যা করছেন। ইংরাজীশিক্ষিত মুষ্টিমেয় ইন্‌টেলেকচুয়ালদের জন্য সুবিধা সৃষ্টি করা হচ্ছে। তিনি তো নিজেই বলছেন টাইপরাইটার এই বছরেই এনে ফেলবেন এবং সামনের সেসন থেকে বিল ইত্যাদি বাংলায় আনতে পারবেন, তাহলে এই বিল কেন? ১৯৬৫ সালের নবেম্বরের মধ্যে এই ব্যবস্থা করে ফেলুন। বিজ্ঞানী সত্যেন বসু মহাশয়ের মতে বিজ্ঞানের দুরূহ বিষয়ও বাংলাভাষায় প্রাঞ্জলভাবে ব্যক্ত করা চলে। সুতরাং তথাকথিত ইংরাজি শিক্ষিত কয়েকজন স্বার্থপরায়ণ লোকের মত গ্রাহ্য না করে, যাঁরা দেশের প্রকৃত ইন্‌টেলেকচুয়ালস তাঁদের মতামতের প্রতি সম্মান দেখিয়ে, সরকারী ও রাষ্ট্রীয় কাজকর্মে মানুষকে যুক্ত করার জন্য ইংরাজি ভাষার বদলে অবিলম্বে বাংলাভাষা প্রবর্তন করার ব্যবস্থা করার জন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1964.

মাননীয় চেয়ারম্যান, স্যার, মাতৃভাষা মানুষের স্বাধীনতার মৌলিক প্রশ্নের সঙ্গে জড়িত। মানুষের চিন্তা, ধ্যানধারণা মাতৃভাষার মাধ্যমেই সম্যক্‌ বিকাশলাভ করে। আমাদের দেশের শাসনতন্ত্রে মাতৃভাষা স্বীকৃত হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ১৫ বৎসর পরে আজো সরকারী কাজকর্মে বাংলা ব্যবহৃত হচ্ছে না। বাংলাদেশের সাধারণ মানুষের কথা আপনি জানেন। ইংরাজী জানা দূরের কথা, বেশির ভাগ লোক বাংলাভাষাও লিখতে পড়তে পারে না। সরকারী কাজকর্মে ইংরাজীর পরিবর্তে বাংলা ব্যবহৃত না হওয়ার দরুন আজো আমাদের দেশের জনগণের জীবনে কোনরকম পরিবর্তন আমরা দেখতে পাচ্ছি না।

স্যার, আপনি জানেন আজকে সরকারী অফিস, আদালত এবং সরকারী কাজ গ্রামাঞ্চলে বিস্তৃত হয়ে পড়েছে কিন্তু তা সত্ত্বেও অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে এখনও পর্যন্ত ইংরাজী ভাষা চালু আছে। এর ফলে গ্রামাঞ্চলের যারা অশিক্ষিত মানুষ বা অল্প শিক্ষিত মানুষ তাদের পক্ষে সরকারের সঙ্গে সংযোগ রেখে জীবনযাত্রা নির্বাহ করা সম্ভবপর হচ্ছে না। এদিকে দৃষ্টি রেখে আমাদের সরকার ১৯৬১ সালে এই বলে একটা বিল এনেছিলেন যে, ১৯৬৫ সালের মধ্যে সারা বাংলাদেশে সরকারী কাজে, শাসনব্যবস্থার কাজে, প্রশাসনিক কাজে এবং সমস্ত ব্যাপারে বাংলাভাষাকে আইনের স্বীকৃতি দেওয়া হবে। তখন যে আমরা এই বিল সমর্থন করেছিলাম তার কারণ হচ্ছে আমরা তখন আশা করেছিলাম—যদিও দেরী হয়েছে—১৯৬৫ সালের মধ্যে বাঙ্গালীর মাতৃভাষা, বাংলাভাষা সরকারী কাজে স্বীকৃতি পাবে। কিন্তু আজকে দেখছি ১৯৬৫ সালের পর অনির্দিষ্ট কালের জন্য সেই স্বীকৃতি কেড়ে নেওয়া হচ্ছে। এই যে কেড়ে নেওয়া হচ্ছে তার জন্য স্বভাবতই আমাদের মনে এই প্রশ্ন জাগে যে, নিশ্চয়ই এর পেছনে কোন দুরভিসন্ধি রয়েছে, কোন ষড়যন্ত্র রয়েছে। স্যার, যে বাংলাভাষাকে মৌলিক অধিকার হিসেবে শাসনতন্ত্র স্বীকৃতি দিয়েছি তাতে আমরা দেখছি সরকার আইন প্রণয়ন করেও তাকে আবার অনির্দিষ্ট কালের জন্য সংশোধন করছেন। তার অর্থ হল বাংলাভাষাকে স্বীকৃতি দেওয়া আর সম্ভবপর হচ্ছে না। কেন সম্ভবপর হচ্ছে না সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় আমাদের সামনে যে কথাগুলি রেখেছেন সেগুলি যুক্তিহীন এবং সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়। এই ১৫ বছর বহু রাজ্যের উত্থান-পতন আমরা দেখেছি কিন্তু আজকে স্বাধীন রাজ্যের মন্ত্রীর কাছ থেকে আমাদের শুনতে হচ্ছে যে, ১৫ বছরের মধ্যে বাংলাভাষাকে এই কার্যে ব্যবহার করা সম্ভবপর হল না। একটা স্বাধীন দেশের সরকারের পক্ষে এটা যে সম্ভবপর হচ্ছে না এটা বড় দুঃখ এবং লজ্জার কথা। তাঁরা অনেক বড় বড় পরিবর্তনের কথা বলেন কিন্তু এই একটা সামান্য কাজ অর্থাৎ যে ভাষায় দেশের বেশীর ভাগ লোক কথা বলেন সেই ভাষার ব্যাপারে আইনের স্বীকৃতি

পাবার পরেও তাকে কার্যকরী করতে গিয়ে যে অসুবিধা হচ্ছে সেটা দূর করা এদের পক্ষে সম্ভবপর হচ্ছে না। স্যার, বড়ই দুঃখের বিষয় যে, ১৫ বছর পর সরকার, কংগ্রেস মন্ত্রি-মণ্ডলীর কাছ থেকে আমাদের এই কথা শুনতে হচ্ছে। দেশের অনেক পরিবর্তন হল, ইতিহাসে দেখলাম বহু দেশের উত্থান-পতন হল, কিন্তু একটা ভাষার অসুবিধা দূর করবার জন্য যা করা দরকার সেটা এ'রা করতে পারলেন না। আমি মনে করি এগুলি করবার দায়িত্ব এ'দের বহন করা উচিত। আমাদের টাইপরাইটার নেই, আমাদের স্টেনোগ্রাফার নেই, এই অজুহাত দিয়ে সাধারণ মানুষের মৌলিক অধিকারকে খর্ব করা হচ্ছে। আমি মনে করি এটা সত্যের অপলাপ। আমি কখনও এটা মনে করি না যে, টাইপরাইটার বা স্টেনোগ্রাফার-এর অভাবের জন্য বাংলা-ভাষাকে স্বীকৃতি দেওয়া হচ্ছে না। স্যার, আমি কোন ভাষার প্রতি পক্ষপাতী হয়ে একথা বলছি না বা অন্য কোন ভাষার প্রতি অসম্মান দেখাচ্ছি না। সোমনাথবাবু বলেছেন, আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থা কায়েম রাখার জন্য এবং মুষ্টিমেয় ১০-১২ জন অফিসারের খেয়াল চরিতার্থ করবার জন্য অনির্দিষ্ট কালের জন্য এই আইনকে কার্যকরী করা হচ্ছে না।

[3-20—3-50 p.m.]

এর মধ্যে এই বিভাগের যিনি মন্ত্রি ছিলেন কোলে মহাশয়, তিনি বদলে গেলেন এই ডিপার্টমেন্ট অন্যের হাতে পাল্টে গেল। তিনি হেসে হেসে কতকগুলি কথা বললেন, আগামী বছরের মধ্যে বাংলাদেশে, সারা বাংলাদেশের প্রশাসনিক ক্ষেত্রে সব জায়গায় বাংলা ভাষা প্রসার করতে সক্ষম হবেন। কিন্তু এক বছরের মধ্যে আমরা দেখলাম মন্ত্রিমহাশয় পাল্টে গেলেন, ডিপার্টমেন্ট পাল্টাতে কোন অসুবিধা হল না--কিন্তু অসুবিধা যা ছিল তাই রইল, এই ডিপার্টমেন্ট জগন্নাথ কোলে মহাশয়ের কাছ থেকে নাহার মহাশয়ের কাছে এল। জগন্নাথ কোলে মহাশয় যে অসুবিধা বোধ করে বলেছিলেন, আশ্বাস দিয়েছিলেন এক বছর পর করবেন, এক বছর বাদে বিজয় সিং নাহার মহাশয় টাইপরাইটার ইত্যাদি অসুবিধার কথা বলে গেলেন। এই এক বছরে কি অগ্রসর হল? অসুবিধা রয়েই গেল। আমি মনে করি কোন অসুবিধা নেই। বাংলাভাষায় স্টেনোগ্রাফার নেই? যথোপযুক্ত পারিশ্রমিক দিলে স্টেনোগ্রাফার পাওয়া যায় না? বেসরকারী ফার্ম-এ যারা কাজ করে তাদের আমরা জানি ৫০০—৭০০ টাকা দেওয়া হয়, সরকারী কাজকর্মের জন্যও টাকা দিলে ভাল স্টেনোগ্রাফার পাওয়া যাবে। এই অসুবিধা যেগুলি আছে বললেন তাঁর বক্তৃতায় সেগুলি দূর করার জন্য এক বছর কি করেছেন? আপনারা আর এক বছর সময় নিতে পারতেন, ৬ মাস সময় নিতে পারতেন, কিন্তু তাঁদের অভিসন্ধি আছে। প্রশাসনিক ক্ষেত্রে যে শ্রেণী বসে আছেন তাঁরা চাইছেন বাংলাদেশে যাতে সরকারী ভাষা হিসাবে বাংলা চালু না হয়। ইংরেজীকেই তাঁরা সরকারী ভাষা হিসাবে রাখতে চাইছেন। মাননীয় মন্ত্রিমহাশয় কতকগুলি ছেঁদো কথা বলে গেলেন বাংলাদেশে বাঙ্গালীর অধিকারকে খর্ব করার চেষ্টা ছাড়া এ আর কি? সেজন্য আমি জোরের সংগে এর প্রতিবাদ করি। অন্য কোন ভাষা সম্বন্ধে অশ্রদ্ধা পোষণ না করে জোর করে বলছি যে, এই বিল সমর্থনযোগ্য নয়। আমি তাঁর কাছে কৈফিয়ৎ চাই যে, এক বছর আগে আইন পাশ করেছেন কিন্তু আইনকে কার্যকরী করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, এর জবাবদিহি করতে হবে। এই বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ চেয়ারম্যান স্যার,

West Bengal Official Language (Amendment) Bill, 1964

বিল এই হাউসে এসেছে। আমি নূতন এই হাউসে এসেছি, কিন্তু এখানে দেখছি

whereas it is expedient to amend

এটা বলতেই একটা অ্যাক্ট অ্যামেন্ড হয়ে গেল। তারপর

notwithstanding anything contrary to anything, anywhere, or any part

এটা বললে একটা নূতন আইন হবে। এখন কথা দাঁড়াচ্ছে আমরা সংগ্রামের কথা শুনি, আমরা শহীদের স্মৃতি তর্পণ করি, বিদেশী শোষণে নির্বাচনের কথা শুনে শুনে কান পচে গেল, কিন্তু ১৭ বছর স্বাধীনতার পর আজও আমাদের দেশে মার কাছে থেকে শেখা ভাষা, কথাবলার যে ভাষা সেই বাংলাভাষা এখনও নিতে পারি নি। জানি না এটা কার দোষ, কার গুণ; সংবিধানের মর্যাদা আছে, সংবিধানে বলা হয়েছে ২৫এ জানুয়ারি ১৯৬৫ সালের পর, সংবিধানের ১৫ বছর পর ইংরেজী উঠে যাবে কিন্তু যদি কোন প্রাদেশিক সরকার অন্য কোন ভাষা প্রচলন করার ব্যবস্থা করে তাহলে উঠবে না, সেজন্য বাংলা সরকার একটা আইন করলেন ১৯৬১ সালে, সেই আইনে বলা হল যে দু' বৎসরের মধ্যে বাংলা সরকারের প্রশাসনিক ব্যবস্থা সবকিছু বাংলাতে হবে। আবার সঙ্গে সঙ্গে দু' বছর বাড়ানো হচ্ছে, ৪ বছর হচ্ছে। আমি জিজ্ঞাসা করি এই যে সময় বাকি আছে, এই চার বছরের মধ্যে করা হবে বলে যে আইন পাশ করা হয়েছে এবং প্রত্যেকবারই আশ্বাস ও প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে যে আইন পাশ করে দিলে সব ঠিক হয়ে যাবে এটা কেন হচ্ছে? এই কথার দাম কি আছে? এই কথার কোন মূল্য আছে? ১৯৬১ সালের আইনে বাংলা-ভাষা নেপালী ভাষা বাংলাদেশের ভাষা হবার কথা ছিল। এই আইনে মন্ত্রিমহাশয় এইরকম আশ্বাস প্রতিশ্রুতি এই সভায় দিয়েছিলেন। কিন্তু কোন লজ্জা-টজ্জা নেই—নট উইথস্ট্যান্ডিং এনিথিং টু দি কন্ট্রারি লিখে দিলেই সেই আইন বাতিল হয়ে যায়, তাই লিখে আর একটা আইন এনেছেন। এই কথার উপর কোন গুরুত্ব দেওয়া যায় যে এই কথা ১-২-৪ বছর পরে থাকবে? উনি এখন জোর গলায় বলছেন যে ইংরাজী আমরা উঠিয়ে দিতে চাই। আমরা কি জিজ্ঞাসা করতে পারি ১৭ বছর না ১৫ বছরে ইংরাজী উঠাবার কি ব্যবস্থা হয়েছে? একটা দেশ ২-৪ বছরের মধ্যে তার স্বাধীনতা কেড়ে নিয়েছে, আমাদেরও কত পরে হয়েছে। কিন্তু আমাদের নিজেদের দেশের ভাষাকে কোনরকমে প্রচলন করার ক্ষমতা যে মন্ত্রিমণ্ডলীর না থাকে সেই মন্ত্রিমণ্ডলীর কি অধিকার আছে এই দেশ শাসন ব্যবস্থাকে পরিচালনা করার? এটা আমি কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বলছি না, এ কোন হাসির কথা নয়। স্যার, এই বিধানসভায় সকলে মিলে একটা আইন পাশ করি। সেই আইনের কি মূল্য আছে যদি তার কিছুদিন পরে আর একটা আইন এনে সেই আইনকে বদলে দেওয়া যায়? যদি এইসব বন্দোবস্ত আর এই ধরনের কাজ বন্ধ করা না যায় তাহলে সংবিধান বলুন আর আইনই বলুন আর মন্ত্রীর প্রতিশ্রুতিই বলুন সমস্ত মূল্যহীন। উনি এইসমস্ত কথা যখন বলছিলেন তখন আমাদের পরিভাষার কথা উঠল। আশ্চর্য আমাদের দেশ। স্যার, আমরা কোথায় সহজে বাংলায় কথা বলব, আমরা তাড়াতাড়ি কথা বলতে শিখি বাংলা মাতৃভাষা বলে, কিন্তু এমন একটা ভাষা করে দিল যে ইংরাজী যদিও বা বোঝা যায় আমি শুনেছি এর একটা কমিটি আছে—পরিভাষা কমিটি। কোথায় কি কমিটি আছে এতবড় জায়গায় তো তা বোঝা যায় না আর আমি জানিও না। যদি থাকে তাহলে সেই কমিটির উপর কি নির্দেশ দেওয়া হয়েছে আজ অবধি? তবে হ্যাঁ এইসব ভাষা যাতে সহজসাধ্য হয় লোকে যাতে বুঝতে পারে তার ব্যবস্থা করুন। সরকার এই ১৫ বছর ধরে কি করেছেন তার কৈফিয়ৎ যা দিয়েছেন সেই কৈফিয়ৎ গ্রাহ্য করা উচিত নয়। অথচ আমি দেখছি এই নাকি এখানকার গণতন্ত্র যে আইন পাশ কর পরের দিন উল্টে দাও—নট উইথস্ট্যান্ডিং একটা অ্যামেন্ডমেন্ট এনে। হোয়ারঅ্যাজ ইট ইজ এক্সপিডিয়েন্ট এই কথা বললেই হবে। এদের কোন লজ্জা-টজ্জাও নেই। আমি এটা রোজ বলছি, এখানে প্রতিটি আইনের সময় বলেছি। আবার এমন আইন এখানে তৈরি হয় যা আদালতের বিচারে কোনদিন টেকে না, আইন পরে অগ্রাহ্য অসিদ্ধ হয়ে যায়। সেখানেও আবার ভয় আছে। পরে সেরকম হয় বলে আজকাল নতুন ধরনের আইন হচ্ছে, এই ২-৩ বছর আমি দেখছি, সেখানে একটা ক্লজ থাকছে নো কোর্ট। এই যে আইন আমরা করে দিলাম আমাদের মনোনীত প্রার্থী যা কাজ করবে তার বিরুদ্ধে তোমরা কেউ কোন আদালতে যেতে পারবে না। অথচ শুনছি আর দেখছি এ নাকি গণতান্ত্রিক সমাজতান্ত্রিক রাষ্ট্র, আমরা অগ্রগতির পথে চলেছি। এসব কথা বলার কি মানে আছে আমি জানি না। স্যার, সার্কুলেশন ফর এলিসিটিং ওপিনিয়ন বলে এখানে একটা কথা ছিল এবং আমি জানতাম সত্যই বুঝি সার্কুলেশান হয়। এখানে এসে শুনলাম তার মানে ও নয়। ওটা লেখা থাকবে, আপনি এর ফেভারে একটু

বলতে পারেন, সার্কুলেশান-টার্কুলেশান হবে না, ও পাবলিক-টাবলিক ভোটের সময় হয়। এখানে আমরা জিতেছি, মাইনে ঠিক করে নিয়েছি, ক্ষমতা হাত করেছি, সার্কুলেশন চুলোয় যাক ও হবে না। এই তো এখানকার ব্যবস্থা। স্যার, বিজয়বাবুকে আমি অনেক দিন থেকে জানি; তিনি যে বোঝেন না তা নয়, আমি যা বলছি সবই বুঝতে পারছেন। কিন্তু করবেন কি, তিনি যেরকমভাবে জড়িয়ে পড়েছেন তাতে ওখান থেকে বেরুবার উপায় নেই, তাঁকে যা করতে বলবে তাই করতে হবে। এখানে মানুষের কথা নয়, দল হল মানুষের চেয়ে বড়। তাই পরিশেষে আপনার মাধ্যমে এই অনুরোধ জানাব বাংলাভাষাকে রাষ্ট্রভাষা করবার যদি আন্তরিক প্রচেষ্টা এই রাষ্ট্র পরিচালকদের থাকে তাহলে এই বিধানসভা দলমত নির্বিশেষে এই মন্ত্রীমণ্ডলীর উপর নির্দেশ দিন যে তোমরা যে আইন করেছিলে যে এক্সটেনসান তোমরা নিয়েছিলে ১৯৬৫ সালের নভেম্বর মাসের মধ্যে তোমরা তা করবে, আমরা সময় বাড়াতে দেব না, কোন কথা শুনব না তোমাদের করতে হবে। যদি না করতে পার তাহলে আমরা এটাকে এই হাউসের অসম্মান অশ্রদ্ধা বলে মেনে নিয়ে তোমাদের মন্ত্রীত্ব থেকে অপসারিত করব। নিজেদের অপদার্থতা, অক্ষমতা, অযোগ্যতাকে ঢাকবার জন্য এইরকম বার বার বিল আনা এটা গণতন্ত্রসম্মত নয়। আমি জানি দলের জন্য মানুষ সত্য কথা বলতে পারছে না। ১৯৬৫ সালের বিল যখন আমাদের কাছে আসে তখন আমাদের অধিকার আছে একথা বলার যে আজকে আবার তোমাদের হুকুম দিচ্ছি ঐ তারিখের মধ্যে তোমরা বাংলাভাষায় সমস্ত ব্যবস্থা করবে। যদি করতে না পার তাহলে তোমরা যে অযোগ্য, অপদার্থ এবং অক্ষম সেটা প্রমাণিত হবে। তোমরা যদি নিজের ইচ্ছায় না পার তাহলে আমাদের কথামত তোমরা চলে যাও, বাংলাভাষা এখানে হবে না।

[At this stage the House was adjourned for 22 minutes]

[After adjournment]

[3-50—4 p.m.]

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে আপত্তি আমার আছে এবং কি কি কারণে আছে সেগুলি বলা প্রয়োজন মনে করি। প্রথমত আমাদের মিনিস্টার যে কথা বলেছেন যে টাইপরাইটারের অভাবে এই বিলটা আনতে বাধ্য হয়েছে বা এ ধরনের যে উক্তি তিনি করেছেন এটা আমি খুব হাস্যকর বলে মনে করি, কারণ ৪ বছর ধরে স্টেনোগ্রাফার টাইপরাইটার পাওয়া যায় না এসব যদি বলেন তাহলে এর চেয়ে আর অপদার্থ ডিপার্টমেন্ট কিছু আছে বলে আমরা মনে করি না। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে উনি যদি বলতেন যে বাংলাভাষা ঠিক এখন সমৃদ্ধ নয় যেজন্য এই ভাষা-টাকে কাজে লাগিয়ে আমরা রাষ্ট্রের সমস্ত কাজ করবো। উনি সেরকম কোন কথা বলেন নি। আমরাও জানি যে ইংরাজী ভাষা খুব রিচ ল্যাঙ্গোয়েজ এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু বাংলা ভাষা, ভারতবর্ষের অন্যান্য যেসমস্ত ভাষা আছে, তার চেয়ে সর্বশ্রেষ্ঠ এবং আমরা মনে করি যে এই ভাষাটা খুবই রিচ এবং এই ভাষার মাধ্যমে মানুষের যে ভাবধারা, তা অভিব্যক্ত করার কোন অসুবিধার কারণ নেই। তাই আমি বলতে চাই বাংলা ভাষা যখন রিচ, তখন সমস্ত সরকারী কাজকর্ম বাংলাভাষায় না করার কারণটা কি, আমরা ঠিক বুঝে উঠতে পারছি না। শুধু তাই নয়, আমি আরও বেশী করে বলতে চাই, কারণ, এই সরকার তাঁদের পার্টি মিটিং-এ অনেক সময় বলেন তাঁরা প্রগতির দিকে এগিয়ে যাচ্ছেন। প্রগতির মানে যদি এই হয় প্রত্যেক মানুষের আউটলুক-এর উপর নির্ভর করে প্রগতির মানে যদি এই হয়,

for the vested interest of some persons

প্রগতির মানে যদি এই হয় যে, কতকগুলি লোক, তারা লোককে ঠকিয়ে তাদের নিজেদের খাওয়া পরার ব্যবস্থা করা, অর্থাৎ তাদের ভাষাটা প্রগতির ভাষা, তাহলে উনি নিশ্চয়ই এই ধরনের বিল

এখানে আনতে পারেন। এই বিল আনার জন্য, আমি মনে করছি তিনি সেই লাইনে এই চিন্তা করেন। কারণ তিনি মুখে যাই বলুন

he represents the vested interests,

এবং এই ভেস্টেড ইন্টারেস্ট-এর সবচেয়ে বড় কথা হচ্ছে যে ইংরাজী ভাষাটা রাখতে হবে। কারণ, আমরা এখন বলছি, আমরা একটা প্রফেসান করি, ওকালতী। আমরা জনসাধারণের ভালর জন্য যদিও বলি বাংলা ভাষা হওয়া উচিত। কিন্তু যারা উকিল, তারা বলবেন,

from the standpoint of class,

তারা বলবেন ইংরাজী থাকা উচিত। এটা হচ্ছে

Ukil class is a vested interest.

তারা বলতে বাধ্য হন। বাধ্য হই কেন? যারা ওকালতি করেন তারা জানেন, এখন অনেক জিনিস আছে, তা সোজা কথায় বললে মক্কেলরা ভাববে যে এই সোজা কথার জন্য উকিল দেওয়ার প্রয়োজনই ছিল না। সেই জন্য ইংরাজী ভাষাটা ব্যবহার করতে হয়। কারণ সেখানে একটা কোটিং রাখতে হয়। আপনি জানেন যে হাইকোর্টেও তাই, যে যেখানে সবচেয়ে বড় ভেস্টেড ইন্টারেস্ট, সেখানে সব বাংলায় কথা বলে দিলে, মক্কেলরা ভাববে যে এর জন্য ত উকিলের দরকার ছিল না। এইরকম এক একটা ক্লাসের সম্বন্ধে আপনাদের কাছে আলোচনা করে বলছি যে, এই ক্লাসের স্বার্থ রক্ষার জন্য এই বিলটি আনা হয়েছে। আমি বিজনেসম্যানদের ব্যাপারে বলছি। যারা টপ লেভেল-এ বিজনেস করেন, তারা ভাবেন যে যদি বাংলা ভাষায় কথা হয়ে যায়, তাহলেও সবাই জেনে ফেলবে প্রকৃত দর কত, কোথায় কি দরে পাওয়া যাবে, সেইজন্য সেখানে কেনা-বেচা ইংরাজী ভাষাতে হয়। ইংরাজীতে করা হয় এইজন্য, যে, যাতে বেশীর ভাগ লোকের আয়ত্বের মধ্যে ভাষাটা না আসে, সেই দুরভিসন্ধিমূলকভাবে এইটা করা হয়। কাজেই প্রকৃত-ভাবে যদি দেখা যায়—আমাদের সরকার সাধারণ লোকের জন্য, ম্যাক্সিমাম পিপল-এর জন্য ভাল করার চেষ্টা করতে প্রস্তুত, তাহলে যত তাড়াতাড়ি পারতেন বাংলা ভাষাটা আনা উচিত ছিল! আপনারা জানেন আমাদের মধ্যে কয় পারসেন্টই বা শিক্ষিত আছেন, যারা ইংরাজী লিখতে পারেন। তারপর ইংরাজী জানা লোক, বিশেষ করে ম্যাট্রিকের নীচে যারা, তারা ইংরাজী জানেন, আমারত মনে হয় তাদের মধ্যে বেশীর ভাগ লোকই ইংরাজী বুঝতে পারেন না। এই-ভাবে যদি দেখি, তাহলে দেখা যাবে, শতকরা একজন লোকও আমাদের আইনগুলি যে ইংরাজী ভাষায় তৈরী হচ্ছে, সেই ভাষাটা বোঝেন না। আমরা তাই মনে করি একজনও নয়। হাজারে তিন কি চার জন, তাতেও সন্দেহ আছে। কারণ ইংরাজী ভাষা ভালভাবে বোঝেন এমন লোক আমাদের দেশে খুব কমই আছে। যদিও কিছু লোক শিক্ষিত আছেন, তাদের সংখ্যা খুবই কম। কিন্তু আমাদের এখানে কর্তব্য কি? আমাদের কর্তব্য—রাষ্ট্রের যেসব কাজ হবে, সেই কাজগুলি সুদূর গ্রামে ও পল্লীতে, সেখানকার রিজিওনাল ল্যাঙ্গোয়েজ করা উচিত। তাদের ল্যাঙ্গোয়েজ-এ করলে, তারাও বুঝতে পারে যে রাষ্ট্র কি করছে। কিন্তু, সেই সুদূর গ্রামের লোক, যারা কম লেখাপড়া জানে, তারা পাছে জানতে পারে যে রাষ্ট্র কি করছে, সেইজন্য সেটা ঢেকে রাখবার জন্য, এই ইংরাজী ভাষাটা চালাবার চেষ্টা করছেন।

[4—4-10 p.m.]

কারণ আমরাও জানি যারা চাষী, যারা কৃষক, যারা মজুর, যারা খেটে খায়, অধিকাংশ লোক তাদের মধ্যে কয়জন লেখাপড়া জানে এবং লেখাপড়া না জানলে যদি তার মাদার ল্যাঙ্গোয়েজ হয়, বিশেষ করে বাংলাদেশে রিজিওনাল ল্যাঙ্গোয়েজ বাংলা ভাষায় হয়, তাহলে মানুষ অনেক কিছু বুঝতে পারবে। সেইটা বন্ধ করে দেবার জন্য, গলা চেপে দেবার জন্য এই বিলটি আনা হয়েছে। আর একটি কথা আমি বলছি সেটা হচ্ছে যে এই বিল উনি আনতে পারেন কিন্তু আইনত এই বিলটা অচল হয়ে যাবে। কারণ, আমি জানি না উনি লইয়ারদের কিম্বা এড-ভোকেট জেনারেল-এর পরামর্শ নিয়েছেন কিনা, কিন্তু আমার নিজের ধারনা হয় যে এই বিলটা

কনস্টিটিউশন-এর এগেনস্ট-এ যাচ্ছে এবং আল্ট্রা ভায়ারস হবে। তা আমাদের এই সরকারেরও নজীর আছে, বহু বিল তৈরী করেন তা আল্ট্রা ভায়ারস হয়ে যায় এবং আল্ট্রা ভায়ারস হয়ে যাবার পর দেখা গেল এমন একটা সেকশন আল্ট্রাভায়ারর্স হয়ে গেল যে তার পরে গোটা বিলটাই নষ্ট হয়ে গেল। বিশেষ করে যেকথা শৈলবাবু বলে গিয়েছিলেন ঐ পঞ্চায়েত বিলে, আপনারা বোধ হয় জানেন পঞ্চায়েৎ বিলের অ্যাসেসমেন্টটা আল্ট্রাভায়ারর্স হয়ে গিয়েছে। তারপরে যে কি করে অঞ্চল পঞ্চায়েৎ চলবে তা আমরাই বুঝতে পারি না। তবুও তা যদি আল্ট্রাভায়ারর্স হয়- তাহলে আবার ঘুরিয়ে-ফিরিয়ে নিয়ে আসবেন, আবার বিল তৈরী হয়ে আসবে। আমাদের দু-দিন সময় নষ্ট হবে, গভর্নমেন্টের টাকা নষ্ট হবে। অবশ্য তাতে কিছু যায় আসে না, আবার একটা বিল নিয়ে এসে খেলা করতে হয়, খেলা করবেন। তাই আমার মনে হয় এই বিলটি আরো ভালভাবে স্ক্রুটিনাইজ করা দরকার এবং এটা ভয়েড এবং আল্ট্রা ভায়ারর্স হবে কিনা সেই সম্বন্ধে বিশেষ করে বিশেষজ্ঞদের মত নেওয়া উচিত। তবে, আমার নিজের মত এই যে, বিশেষ করে নট উইথস্ট্যান্ডিং বলে ক্লজ (বি)টা আছে এটা আল্ট্রা ভায়ারর্স হবে এটাই আমি মনে করি। যাই হোক মন্ত্রিমহাশয় দেখবেন। আর যদি বলেন যে আমরা পাশ করে নেবো, আমাদের ভোট আছে, তাহলে পাশ করে নেবেন, তারপরে যার দরকার হবে সে কোর্ট-এ যাবে হাইকোর্টে যাবে। তারপর আমার কথা হচ্ছে যে এইগুলি যেহেতু ভালভাবে না দেখে এই বিলটা নিয়ে এসেছেন এবং এই বিলটা নিয়ে এসে বাংলাদেশের জনমতের বিরুদ্ধে কাজ করছেন সেইজন্য আমি এই বিলটায় আপত্তি জানাচ্ছি এবং আমার মনে হয় এই বিলটা উইথড্র করে নিয়ে পুনরায় ভালভাবে বিবেচনা করে আনতে বলছি, যদি আবার দরকার হয়।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November 1964.

স্পীকার মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারী ভাষা সংশোধন বিল, ১৯৬৪, এটা দেখবার পর আমার একথাই মনে পড়লো যে মুখ্যমন্ত্রী এবং প্রচারমন্ত্রী একহাতে প্রচারের যন্ত্র আর এক হাতে হাতুড়ি নিয়ে বাংলা ভাষার উপর একটা আসুরিক আক্রমণ করে চলেছেন। প্রচারমন্ত্রীর প্রচার কৌশল দেখে আমরা স্তম্ভিত হয়ে যাচ্ছি। ওঁর অনেক কৌশল আমরা দেখেছি কিন্তু এই যে কৌশলটা উনি দেখালেন এটা একটা অপূর্ব। কনস্টিটিউশন-এর আর্টিকল ৩৪৫-এ আছে

"Legislature of a State may by law adopt any one or more of the languages in use in the State or Hindi as the language or languages to be used for all or any of the official purposes of that State."

এবং তার সঙ্গে সংগতি রেখে ১৯৬১ সালের ১১ই নভেম্বর ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট এক্স,এক্স,আই,ভি অর্থাৎ অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ অ্যাক্ট পাস হয়েছিল এবং তাতে লেখা ছিল

"an Act to provide for the adoption of the Bengali language as the language to be used for the official purposes of the State of West Bengal including the purposes of Legislature."

তাতে আরো লেখা হয়েছিল

"with effect from such date not later than two years from the date of commencement of this Act as the State Government may by notification in the official gazette appoint in this behalf."

এবং

"Bengali shall be the language or languages to be used for the official purposes of the State of West Bengal referred to in article 345 of the Constitution of India and different dates may be appointed for different official purposes or for different areas in West Bengal."

এবং এই বিল ২ বৎসরের মধ্যে কার্যকরী হবে সেই প্রভিসন ছিল। আমাদের সংবিধান যে নির্দেশ দিয়েছে তদনুসারেই এই কথা বলা হয়েছিল। কিন্তু দু বৎসর দূরের কথা, তিন বৎসর হয়ে গিয়েছে এর মধ্যেও তাঁরা তা করতে পারেন নি। তাদের নিজেদের এই দুর্বলতা বা গাফিলতি বা নিজেদের ইংরাজী অনুরাগ ঢাকবার জন্য এই সংশোধনী বিল এনেছেন। স্পীকার মহাশয়, আপনি পড়ে দেখেছেন নিশ্চয়ই যে, অরিজিন্যাল বিল-এর সংগে এই বিলের কোন সম্পর্ক নাই, এটাকে একটা সেপারেট বিলই বলা যেতে পারে। অরিজিনাল বিল-এর সংগে এর সম্পর্ক থাকলে না হয় একটা কথা বুঝতে পারতাম। একটু আগেই সোমনাথবাবু বলে গেছেন যে, আমাদের বাংলাভাষাকে এমন করে অস্পৃশ্য করে সরিয়ে রেখে সরকারী ভাষা হিসাবে গ্রহণ না করার কোন যুক্তি থাকতে পারে না। আমাদের কংগ্রেসী শাসনকর্তাদের এমনই দৃষ্টি-ভঙ্গি যে, তারা বাংলা ভাষার জন্য গর্ববোধ করেন না, তারা বাংলাভাষাকে একটা বিদেশী ভাষার লেজুড় হিসাবে রেখে দিয়েছেন। স্যার, এঁরা প্রায়ই গণতন্ত্রের কথা বলেন, যদি সরকারী কাজকর্মে যা নাকি জনগণের ভাষা সেটাই ব্যবহৃত না হয় তাহলে গণতন্ত্রটা কোথায়?

[4-10—4-20 p.m.]

স্যার, আপনি জানেন জনগণের ভাষাকে ঠিকমত রূপ দেওয়া উচিত এবং এই জনগণের ভাষা নিয়ে সমস্ত ভারতবর্ষে এবং বাংলাদেশে কথা উঠেছে। এটা রেনেস্যান্স-এর যুগ থেকে সুরু হয়েছে এবং সেই রেনেস্যান্স-এর যুগ থেকে বর্তমানের যে মুক্তি সংগ্রাম যেটা আমাদের অত্যন্ত উজ্জলতম অধ্যায়, যেটা এই ভাষার ভিত্তিতে সুরু হয়েছে সেই ভাষাকে ১৭ বছর বাদে পেছনে ফেলে রেখে যদি কোন মন্ত্রী এখানে দাসত্বের মনোভাব নিয়ে অর্থাৎ ইংরেজী ভাষাকে চালু রাখবার জন্য এখানে কথা বলেন তাহলে আমি বলব রেনেয়্যান্স-এর প্রতি তিনি বিদ্রূপ করছেন, মুক্তি সংগ্রামের বন্যাকে ছুড়ে ফেলে দিচ্ছেন। কাজেই আজকে জাতির জিজ্ঞাসা করবার কথা এইভাবে আর কতদিন চলবে? মাননীয় স্পীকার মহাশয়, এঁদের ইংরাজী প্রীতি বরাবরই আছে এবং বাংগালী মধ্যবিত্ত সমাজেরও ইংরাজী প্রীতি যে কিছু কিছু আছে সেটা অস্বীকার করবার উপায় নেই। আমরা মনে করি ইন্টেলেকচুয়াল মানেই হোল দু-কলম ইংরেজী লিখতে পারা। তাই মনে প্রশ্ন জাগে মহা বিদ্যান এবং ন্যায়ের মহা পণ্ডিত রঘুনাথ আজকে যদি হাইকোর্টের বিচারপতির আসনে বসতে চাইতেন তাহলে তাঁর জন্য কি সেই দরজা খোলা থাকত, এই ইংরেজী ভাষা চলাকালীন তিনি কি বিচারকের আসনে আসতে পারতেন? অথচ একজন সাধারণ মানুষ তিনি যেহেতু ইংরেজী ভাষায় আইন পড়েছেন সেহেতু এই প্রিভিলেজড পজিসনে চলে যাবেন। কিন্তু পণ্ডিত রঘুনাথ বা কাঙ্গাল হরিনাথের সেখানে আসবার উপায় নেই। শুধু তাঁরাই নয়, আগেকার দিনের যেসমস্ত স্থিতধী পণ্ডিত আছেন তাঁদেরও আসবার উপায় নেই, কারণ ইংরেজী না জানলে পণ্ডিত হয় না এবং এর ছাপ এমন কি আমাদের সাহিত্যে পর্যন্ত রয়েছে। আমার মনে আছে কোন একজন কবির কবিতা সম্বন্ধে "শনিবারের চিঠি" সমালোচনা করে বলেছিল যে, এঁর কবিতা বুঝতে হলে ইংরাজী করে বুঝতে হয়। যাহোক, এখন আপনাদের কাছে আমার স্পষ্ট জিজ্ঞাস্য হচ্ছে জাতির জীবনের ক্ষেত্রে এই যে দৈন্য এটা কি আপনারা চিরদিনের জন্য কায়েম করবেন, না নূতন দৃষ্টিভংগী নিয়ে জনতার ভাষা, পিপলস ল্যাংগোয়েজ সেটাকে পুনঃ-প্রতিষ্ঠা করবেন? এই ল্যাঙ্গোয়েজ-এর ব্যাপারে আপনারা বলছেন টাইপরাইটার, স্টেনোগ্রাফার পাচ্ছেন না বলে লেজিসলেটিভ ডিপার্টমেন্টে বাংলাভাষায় কাজকর্ম চালান অসুবিধা হচ্ছে। স্যার, পে কমিশনের রিপোর্টে স্টেনোগ্রাফারদের স্কেল করেছিল ৫০০ থেকে ৭০০ টাকা। কিন্তু আমাদের লেজিসলেচার-এ যাঁরা জুনিয়র স্টেনোগ্রাফার আছেন তাঁদের ক্ষেত্রে দেখছি পে কমিটির রিপোর্ট লংঘন করে তাঁদের দেওয়া হচ্ছে ২০০ থেকে ৪০০ টাকা। এরকম হোলে তাঁরা এখানে আসবেন কেন, ইনসেনটিভ না থাকলে তাঁরা আসবেন কেন? অথচ বেশী দূরে নয়, রাইটার্স বিল্ডিংস-এ সেই পে স্কেল চালু আছে। এখানে ১১০ থেকে ১২০ স্পীড, না হলে চলবে না, আর রাইটার্স বিল্ডিংস-এ যাঁরা যাচ্ছেন তাঁদের ১০০ স্পীড-এ নেওয়া হচ্ছে। অর্থাৎ আমরা দেখছি একই গভর্ণমেন্ট-এর ভেতর এক জায়গায় এক রকম এবং আর এক জায়গায় অন্যরকম পে স্কেল। তারপর আমরা শুনি বেঙ্গলী সর্টহ্যান্ড রাইটার পাওয়া যাচ্ছে না, বেঙ্গলী সর্টহ্যান্ড রাইটারদের জন্য যে স্কুল ফাইন্যান্স ডিপার্টমেন্টের আন্ডারে খোলা হয়েছে সেই সেক্রেটারিয়েট স্টেনোগ্রাফার্স পুল থেকে রিক্রুট করা হচ্ছে না কেন? তবে সেখান

থেকে বেশী লোক আসবেন বলে মনে হয় না, কারণ তাঁরা একই গভর্নমেন্ট-এর আন্ডারে এক জায়গায় বেশী সুবিধা পাচ্ছে এবং এখানে এলে অত সুবিধা পাবেন না। এই কারণে লেজিসলেটিভ অ্যাসেম্বলীতে ভাল স্টেনোগ্রাফার পাওয়া যাচ্ছে না। এখন কথা হোল এইভাবে যদি চলে তাহলে তো বাংলাভাষা কোনদিনই লেজিসলেচার-এ আসতে পারবে না, কারণ বেশী লোক আপনারা পাবেন না।

তাছাড়া আপনি জানেন স্যার, যখন দুটি হাউস ছিল, দুটি হাউস বসত, তখন যারা রিপোর্টার-স্টেনোগ্রাফার তারা একটা অ্যালাউন্স পেত, আজকে দুটি হাউস আলাদা হয়ে যাবার জন্য খাটুনি বহু বেড়েছে, সময়ও বেড়েছে, অথচ তাদের যে অ্যালাউন্স ছিল সেই অ্যালাউন্স তাদের দেওয়া হচ্ছে না। কাজেই এইসমস্ত দেখেশুনে এটাই আমাদের মনে হচ্ছে যে আসলে প্রি-কন্ডিসন ক্রিয়েট করার জন্য সরকারের মনোযোগ নাই বরং সরকার এমন কতকগুলি হিনড্রান্স তৈরী করছেন যার ফলে কোনদিন বাংলাভাষা এই অ্যাসেম্বলীতে ঠিকমত ইউজ হবে কিনা সন্দেহ হচ্ছে। আমরা বাঙ্গালী, বাংলাভাষায় কথা বলি, বাঙ্গালী বিভিন্ন জাতির আমরা হতে পারি কিন্তু সবাই বাঙ্গালী, পূর্ব পাকিস্তানে বাংলা ভাষাকে সরকারী ভাষা করার জন্য লোক শহীদ হয়েছে, আমাদের বাংলাদেশেও বাংলাভাষাকে পুনর্প্রতিষ্ঠা করার জন্য বহু আন্দোলন হয়েছে। কিন্তু এটা দুঃখের বিষয় যে স্বাধীনতার ১৭ বছর বাদেও বিজয়বাবুকে এইরকম একটা বিল এনে বলতে হয় আরও সময় দিন। এতদিন হয়ে গেছে, এই ভাষায় রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র লিখেছেন, তাঁরা পৃথিবীর উজ্জ্বলতম রত্ন, এতদিন হয়ে গেল এই ভাষায় আপনারা আইন রচনা করতে পারেন না? বাংলাভাষা নূতন ন্যায়ের জন্ম দিয়েছিল, নূতন চিন্তার জন্ম দিয়েছিল শত বৎসর পূর্বে, এখন কি বাংলাদেশকে ইংরেজী ভাষা নিতে হবে? সেজন্য বলছি এইরকম যে একটা বিল এটা শুধু অগণতান্ত্রিক নয়, দাসত্বের মনোভাব সুলভ বিল। এদের ব্রিটিশের প্রতি, ইংরেজের প্রতি আনুগত্য আছে এখনও পর্যন্ত যার জন্য এরা ইংরাজীকে রাখতে চাইছেন। আমি ইংরেজী ভাষার বিরোধী নই, ইংরেজী আমিও কিছু কিছু জানি, কিন্তু আমি মনে করি ইংরেজী ভাষাই একমাত্র সরকারী ভাষা হওয়া উচিত নয়। কম্পালসরি ভাষা হওয়া উচিত নয়। ইংরেজদের ভাষা যেমন ইংরেজী থাকবে রাশিয়ানদের জন্য যেমন রুশভাষা থাকবে, জাপানীদের জন্য যেমন জাপানী ভাষা থাকবে, ফরাসীদের জন্য এবং জার্মানদের যেমন ফ্রেঞ্চ এবং জার্মান থাকবে তেমনি বাঙ্গালীদের জন্য বাংলাভাষা থাকবে, আজকে দু-কলম ইংরেজী লিখতে পারলেই কি ইন্টালেকচুয়াল হয়ে গেল? ইংরেজীতে বড় বড় করে দু-চার কথা বলতে পারলেই কি সে হয়ে গেল বড় ইংরেজ? একথা আজকে আমাদের স্মরণ করার সময় এসেছে। কংগ্রেসদলের মাননীয় সদস্যদের বলছি, এটা এখনকার নূতন কথা নয়, আজ থেকে অন্তত ৩০ বছর আগে কংগ্রেসের বিভিন্ন সম্মেলনে ইংরেজী ভাষাকে জাতীয় ভাষাতে রূপান্তর করার জন্য প্রস্তাব নেওয়া হয়েছিল, বহুবার এ বিষয় জনতার মত প্রস্তাবের মাধ্যমে প্রতিধ্বনিত হয়েছিল, সেকথা কি ভুলে গেছেন? আমি বিজয়বাবুকে বলবো যে তিনি আজকে ইংরেজী-প্রীতি ছেড়ে দিন, যাই বলুন, এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তিনি এটা উইথড্র করুন। ১৯৬১ সালের আইন যাতে আগামী কালই চালু হয়, কার্যকরীভাবে তার জন্য চেষ্টা করুন এবং করবেন, এই প্রতিশ্রুতি দিন। যে প্রতিশ্রুতি আপনি নিয়ে এসেছেন সেই প্রতিশ্রুতি দেশের জাতির বিরুদ্ধে গণ-তন্ত্রের বিরুদ্ধে, আমাদের ঐতিহ্যের বিরুদ্ধে শুধু তাই নয়, এটা আমাদের স্বপ্নের বিরুদ্ধে। বাংলাভাষাকে আমরা এত হীন এবং ম্লান মনে করি না, সমস্ত পৃথিবী মনে করে না, শুধু আপনারাই মনে করেন, বাংলাভাষা দেশ কতটা 'উন্নতির' পথে নিয়ে যাবে এটা ভবিষ্যতের ইতি-হাসের কথা। এই কথা বলে এই যে অ্যামেন্ডমেন্ট এটা যাতে প্রচার করা হয় সেজন্য এই প্রস্তাব সমর্থন করছি।

[4-20—4-30 p.m.]

Dr. Gopikaranjan Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের মন্ত্রিমহাশয় যে বিলটা হাউসের সামনে নিয়ে এসেছেন তারই সমর্থনে দাঁড়িয়ে আমি কিছু বক্তব্য রাখতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধী দলের সবারই বক্তৃতা শুনলাম। তাঁদের বক্তৃতা শুনে মনে হল যে যেন এই অ্যা[illegible]র মধ্যে এমন একটা

ধারা সংযুক্ত করা হয়েছে যে সংযুক্তিতে বলে দেওয়া হয়েছে বাংলাদেশে বাংলা ভাষা অফিসিয়াল ল্যাংগোয়েজ থাকবে না। আমি আরো অত্যন্ত ধৈর্যের সঙ্গে লক্ষ্য করছিলাম যে, আমাদের প্রদেশে প্রদেশে কি লিংগোয়াফ্রাংকা হওয়া উচিত, কেন্দ্রের সঙ্গে প্রদেশের কি লিংগোয়াফ্রাংকা হওয়া উচিত সে সম্বন্ধে সুকৌশলে প্রতিটি বক্তা এড়িয়ে গেছেন। একদিকে তাঁরা যেমন হিন্দির কথা বলতে পারেন নি তেমনি আর একদিকে ইংরাজী থাকা উচিত কি থাকা উচিত নয় সে সম্বন্ধেও তাঁদের বক্তব্য রাখতে পারেন নি। আমাদের মাননীয় সদস্য শৈলেনবাবু বাংলা ভাষা সম্বন্ধে যে শিক্ষামূলক বক্তৃতা দিচ্ছিলেন তার চেয়েও আমরা আরো বেশী বাংলা ভাষাকে ভালবাসী এবং বাংলাভাষাকে ভালবাসী এজন্য যে আমরা বাংলাদেশে জন্মগ্রহণ করেছি, বাংলা আমাদের মাতৃভাষা, একথা বোঝাবার দরকার হয় না। একটা জাতি একটা প্রদেশের যারা অধিবাসী তাদের সর্বাঙ্গীণ উন্নতি সার্থক হতে পারে যদি তার মাতৃভাষা সেই প্রদেশের অফিসিয়াল ল্যাংগোয়েজ হয়। কিন্তু তারই সঙ্গে সঙ্গে যখন কনস্টিটিউসান তৈরি হয়েছিল তখন কনস্টিটিউসানে বলা হয়েছিল যে মাত্র ১০ বছর ইংরাজী ভাষা সমস্ত ভারতবর্ষে থাকবে। কিন্তু আপনারা জানেন যে পার্লামেন্টকে বলতে হয়েছে যে না এ দেশ বিভিন্ন ভাষাভাষির দেশ, এই দেশে, এই দেশে ব্রিটিশ রাজত্ব ২-শো বছর ধরে যে অভিজ্ঞতা রেখে গেছে তার ফলে যদি আরো কিছু দিন ইংরাজী ভাষা থাকে তাহলে সেই ইংরাজী ভাষাকে আমাদের অ্যাকসেপ্ট করতে হবে। এর সঙ্গে আপনারা জানেন ইউ পি লেজিসলেটিভ অ্যাসেম্বলীতে অফিসিয়াল ল্যাংগোয়েজ বিল নিয়ে সমস্ত বিরোধীপক্ষের খুব ঝগড়া হয়ে গেছে। সেখানে বিরোধী পক্ষ থেকে চেয়েছে যে ঐদিন থেকে হিন্দি ভাষা একমাত্র ভাষা হিসাবে চালু হোক। ইংরাজী হঠাও আন্দোলন তারা জোরদার করেছে এবং ইংরাজী হঠাও কথা নিয়ে বিরোধী পক্ষ তাঁদের বক্তব্য রেখেছেন। আমি বিশ্বাস করি যে ভাবাবেগের দ্বারা ভাষাগত সমস্যার সমাধান হয় না। এখানে আমরা বহু এম, এল, এ, আছি, আমরা প্রত্যেকেই অন্তত দৈনিক ৩০ থেকে ৪০টা ক্যারেকটার সার্টিফিকেট দেই। এই অ্যাসেম্বলী হাউসে দাঁড়িয়ে জোর করে বলতে পারি আমরা কয়জন বাংলায় ক্যারেকটার সার্টিফিকেট লিখি? প্রত্যেকটি আবেদনপত্রে আমরা প্রত্যেকেই লিখি

recommended and forwarded for favourable consideration

আমরা শুধু কংগ্রেসীরা নয়, বিরোধী দলের সদস্যরাও তার উপর এই কথা লিখে দেন। কিছুদিন আগে আমরা রাইটার্স বিল্ডিংসে দেখেছিলাম যে বিভাগীয় মন্ত্রীরা বাংলাভাষায় রেকর্ড নিচ্ছিলেন এবং বাংলাভাষায় নোট নিচ্ছিলেন। কিন্তু হঠাৎ কোন হীনমণ্যতার মনোভাব কিনা বা অন্য কোন কারণ কিনা জানি না, আবার ইংরাজী রাইটার্স বিল্ডিংস দখল করছে। তবে এটা ঠিক যে আজ যদি আমরা এমন কোন রিজলিউসান পাশ করে দিই যে ১৯৬৫ সালের পরে কেউ ইংরাজী লিখতে পারবে না, তাহলে সেটা বাস্তব দৃষ্টিভঙ্গী থেকে হবে না, সেটা হবে একটা অবাস্তব জিনিস। কিন্তু তার সঙ্গে সঙ্গে এটা আমরা নিশ্চয়ই চাই বাংলাদেশে বাংলা অফিসিয়াল ল্যাংগোয়েজ হওয়া উচিত। আমার আগে ভক্তিবাবু বলছিলেন যে উকিলরা নাকি ভেস্টেড ইন্টারেস্টের জন্য ইংরাজীতে আর্জি পেশ করে। ভক্তিবাবু নিজে তো ভেস্টেড ইন্টারেস্টকে রিপ্রেজেন্ট করেন না। তিনি আজ পর্যন্ত কটা আর্জি বাংলাভাষায় দিয়েছেন সেটা আমরা জানতে চাই? আমি জানি আজ যদি এখানে এই আইন পাশ হয় যে, ১৯৬৫ সালের অমুক তারিখের পর ইংরাজী রাখা চলবে না, তাহলে এখানে বহু ডাক্তার বন্ধু আছেন তাঁদের জিজ্ঞাসা করতে চাই তাঁরা কজন বলতে পারেন যে আমরা ১৯৬৫ সালের পর বাংলায় প্রেসক্রিপসান লিখে দেব? কজন ডাক্তার আছেন যাঁরা বলতে পারেন ১৯৬৫ সালের পর আমরা ইংরাজী ব্যবহার করব না? বাস্তব দৃষ্টি নিয়ে এটার পরিচয় নিতে হবে। আমাদের দেশে যেখানে ইংরাজী এবং হিন্দীতে বহু সমস্যা আছে বহু সংঘাত আছে সেখানে অফিসিয়াল ল্যাংগোয়েজ বাংলা হোক এ সম্বন্ধে এই হাউসের কোন সভাই দ্বিমত করেন না। কিন্তু তার সঙ্গে সঙ্গে যদি এই অ্যামেন্ডমেন্ট না পাশ করি এই অ্যামেন্ডমেন্টের মাধ্যমে আমরা যদি না বলি যে ১৯৬৫ সালের পরেও দেশবাসীরা নিজেদের ক্ষমতার গুনে, কোন আইনের জোরে নয়, নিজেদের স্বভাব চরিত্রের গুনে যতদিন পর্যন্ত বাংলা না অ্যাকসেপ্ট করছেন ততদিন পর্যন্ত বাংলার পাশাপাশি ইংরাজী ভাষা নিশ্চয়ই থাকবে তাহলে সেটা বাস্তব দৃষ্টিভঙ্গীর পরিচয় দেওয়া হবে না। এই বলে যে অ্যামেন্ডমেন্ট এসেছে সেটাকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমাদের বিধানসভার কর্মসূচীতে ভাষা সংশোধন বিলের ব যখন দেখলাম তখন আমি অবাক হয়ে গেলাম যে যে ছেলে হাঁটতে শেখেনি তার জুতোর গ পরিবর্তনের কি প্রয়োজন ঘটে গেল, আমি অবাক হয়েছিলাম কিন্তু এখন দেখে বুঝছি বি পাবার পর যে ঐ শিশু যাতে কোনদিন হাঁটতে না পারে তার জন্য একটা পাকাপোক্ত ব্যব এখানে আইন করে করা হচ্ছে। যদি পাশাপাশি ইংরাজী চলে তাহলে আর কোনদিন বাংলায় আসার চেষ্টা হবে না এ বিষয় কোন সন্দেহ নেই। বিহারে ইতিমধ্যে হিন্দী ভাষা চালু হ গেছে। আমি সেদিন বিহারের আদালতের একটা রায় দেখলাম, সেটা হিন্দীতে লেখা এ হিন্দী শব্দলিখন যন্ত্রে সেটা ছাপা হয়েছে দেখেছি, কেন বাংলাদেশে সেটা হতে পারলো আমি সেটা ভেবে ঠিক করতে পারছি না। আমাদের গোপিকাবাবু বললেন যে যদি ১৯ সালের নবেম্বর থেকে বাংলা চালু হয় তাহলে কোন সদস্য কি বলতে পারেন যে তাঁরা ব ইংরাজীতে কথা বলবেন না? তা হয় না, কিন্তু একটা প্রচেষ্টা শুরু হয় একথা ঠিক। কারণ পুরানো পয়সার বদলে তো নূতন পয়সা কয়েক বছর হল চালু হয়েছে কিন্তু লে এখন হিসাব করে দেখেছে সেই পুরানো পয়সার হিসাবে। কেউ ৫ নয়া পয়সার জিনিস একটা বিক্রী করে না, হয় ৬ নয়া পয়সা, না হয় ১২ নয়া পয়সা, না হয় ১৯ নয়া পয়সা, না ২৫ নয়া পয়সা, কিন্তু তাই বলে নূতন পয়সা আর পুরানো পয়সা পাশাপাশি রাখা হয় তুলে দিলেন কি করে। কাজেই তাঁর এই যুক্তি তো খাটতে পারে না। এই ১৫ বছর সংবি হবার পরও বাংলাভাষা হবে না কেন, অসুবিধা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? ও'রা বলছেন যে শ লিখন যন্ত্র হয় নি, কিন্তু আমরা মাঝে মাঝে বিধানসভায় বক্তৃতার যে অনুলিপি পাই, অধ মহাশয়, সেটা শব্দ লিখন যন্ত্রে ছাপা হয় আমাদের কাছে পৌছে যায় এবং এগুলি আমরা প দেখেছি বুঝতে এতটুকুও কষ্ট হয় না, সমস্ত বুঝা যায়। কাজেই সেই যন্ত্র আরো হবে কেন ভেবে পাই না। রেমিংটন কোং বিজ্ঞাপন দিচ্ছে, আমার মনে হয় আমাদের মাননীয় মা মহাশয়কে আহ্বান করে তাঁরা বিজ্ঞাপন দিচ্ছেন এই বলে যে আমরা ভারতের বিভিন্ন ভা শব্দ লিখন যন্ত্র হাওড়া কারখানায় বাংলাদেশে বসে বের করে দিয়েছি, আপনারা এসে দে যান। সুতরাং সেদিক থেকে অসুবিধা হবে একথা তো মনে হয় না। এখন বলতে পা যে, পরিভাষা হচ্ছে না। বহু পরিভাষা মাঝে মাঝে এমন লোক দিয়ে করান যে তা বু মুস্কিল হয়ে পড়েছে। যেমন খাদ্য ও সরবরাহ বিভাগ বল্লে আমরা সবাই বুঝি কিন্তু এ হয়ত বলবেন না, পরিভাষা কমিটিকে দিয়ে করে নিয়েছেন জনসংভরণ। সেদিন আমার ক্ষেত্র এক সরকারী কর্মচারী যেই বলতে গেলেন জনসংভরণ অমনি তাঁর উপরের পাটির বাঁধা দাঁতগুলো ছিটকে পড়ে গেল।

[4-30—4-40 p.m.]

কাজেই এইরকম পরিভাষা হলে, খুব অসুবিধা হয়ে পড়ে। পুলিশকে পুলিশ বলেই আ জানি, তাকে 'আরক্ষা' বলার কোন প্রয়োজন আছে বলেত মনে হয় না এবং পরিভাষা তৈরি ক যে খুব অসুবিধা হবে, তাওত মনে হচ্ছে না। যদি কেউ মনে করেন যে পরিভাষা তৈরী কর গেলে, সাহিত্যের আচার্যকে না নিয়ে এলে পরিভাষা হবে না, তাহলে মুস্কিল। পরিভ তৈরী করতে গেলে দেশের অতি সাধারণ মানুষ যে ভাষা বোঝে, সেই ভাষার প্র লক্ষ্য রেখে করতে হবে। পরিভাষা তৈরী করতে গেলে দেশের প্রতি মমতা থাকা দরকার, সাধারণ মানুষের প্রতি ভালবাসা থাকা দরকার, আর নিজের ভাষার প্রতি দ থাকা দরকার। এটা যদি হয়, তাহলে সাহিত্যের আচার্য হওয়ার কোন প্রয়োজন নেই। আ এমন সব লোকের সংবাদ দিতে পারি যারা সাহিত্যের আচার্য নন, কিন্তু, দৈনিক, প্রত্যহ অ বিদেশী ভাষা থেকে, তাকে বাংলায় অনুবাদ করে সাধারণ মানুষের বোধগম্য ভাষা করে তুলছে শুধু প্রশাসনিক ভাষা বা রাজনৈতিক ভাষার অনুবাদ নয়, অর্থনীতির ভাষা, বিজ্ঞানের ভা ভূগোলের ভাষা, প্রভৃতির অজস্র অনুবাদ করে তারা দৈনিক সাধারণ মানুষের কাছে পৌ দিচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি বাংলাদেশের দূরদূরান্তরে, গ্রামের কোন এক নিভৃত প্রান্তে গিয়ে পেঁছান, দেখবেন সেখানে সন্ধ্যার সময় অথবা দুপুরে হেরিকেন লণ্ঠন জেলে তারা পড়ছেন। একজন পড়ছেন, আর সবাই বসে বসে শুনছেন। এবং সেইসব সহজ বোধ্য পরিভাষার মাধ্যমে, সমস্ত অর্থ হৃদয়ঙ্গম করতে তাদের খুব অসুবিধা হচ্ছে না। আমি সেই সব লোক, যাদের কথা বলছি, তারা এখানেই আছেন, হাতের কাছেই আছেন। অর্থাৎ বাংলা দৈনিক সংবাদপত্রের যারা সংবাদদাতা, তাঁরা আজ হতে ৩০ বছর আগে থেকে বিভিন্ন সংবাদপত্রের সাথে ঘনিষ্টভাবে জড়িত আছেন দেখে আসছি এবং আনন্দ পেয়েছি যে তাঁরা সকলের অগোচরে এবং হাততালি না কুড়িয়ে, এবং সাহিত্যে উপাচার্যের খেতাব সংগ্রহ না করেও, তারা দিনরাত, প্রত্যহ অজস্র ভাষার মালা তৈরী করে জনসাধারণের কাছে পাঠিয়ে দেন এবং সেই মালা বাসী হলে, আবার নূতন মালা করেন এবং শুধু প্রশাসনিক বিষয় নয়, সব বিষয় পরিভাষা তারা তৈরী করেন। তাদের কাছে সরকার একটু কান পেতে শোনবার চেষ্টা করলে কি হয়? তাদের কাছে একটু বুদ্ধি ধার নিলে কি হয়? এদের ডেকে নিয়ে এসে একটু আলোচনা করলে কি হয়? তা না করে অনেক মোটরগাড়ী চড়া, অনেক খেতাবধারী বিদ্বান লোককে নিয়ে এসে দাঁতের পার্টি খুলে যাওয়ার মত পরিভাষা তৈরী করার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এখন ব্যাপারটা দাঁড়িয়েছে কোথায়? ব্যাপারটা সম্বন্ধে অনেকে বলেছেন ইউ এস এ-তে হয়েছিল। ইউ এস এ-তে একটা সময় ছিল, যে ইউ, এস এ-তে সমস্ত জাত, যেরকমই তাদের মাতৃভাষা হোক না কেন, তারা যদি ফরাসী ভাষায় কথাবার্তা বলতে না পারতো, তাহলে তারা অভিজাত সম্প্রদায় বলে গণ্য হত না। তাদের ধমনীতে নীল রক্ত প্রবাহিত হচ্ছে বলে গণ্য হত না। সুতরাং ইউ এস এ-তে একদিন ফরাসী ভাষাটা একটু উল্লাসিক, একটু অনুস্বার দেওয়া সুরে, বলার রেওয়াজ ছিল। আজকে আমাদের দেশে সেই অভিজাত সম্প্রদায় মরে যায় নি। তাদের একটু ইংরাজী ভাষায় না বললে চলে না। দ্বিজেন্দ্রলালের সেদিন শতবার্ষিকী হয়ে গেল। তিনি বলেছিলেন "আমরা ফরাসী ধরনে হাসি, আমরা বিলেতি ধরনে কাশি, আর পা ফাঁক করে সিগারেট খেতে বড় ভালবাসী।" সেটা তিনি অভিজাত সম্প্রদায়কে লক্ষ্য করেই বলেছিলেন

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এককালে স্বর্গের দেব-দেবীর কাছে মর্তের মানুষের আরজি পেশ করে দিতে গেলে, মর্তের সাধারণ মানুষের ভাষায় চলতো না, তার জন্য বিশেষ ভাষার প্রয়োজন হত। সেটা হচ্ছে সংস্কৃতের শোলক। আর সেই ভাষা দিয়ে পেঁছে দেবার জন্যে বিশেষ সম্প্রদায়ের সৃষ্টি হয়েছিল, তাঁরা হলেন পুরোহিত। পুরোহিতের মাধ্যম ছাড়া স্বর্গের দেবদেবীর কাছে আর্জি পেশ করা সম্ভব ছিল না। আজকের দিনে রাইটার্স বিল্ডিংস-এর দেবদেবীর কাছে সাধারণ মানুষের ভাষায় আর্জি পেশ করা সম্ভব নয়। সেইজন্য বিশেষ ধরনের কারণীকের প্রয়োজন আছে যাদের মাধ্যমে এই ভাষাটিকে পেঁছে দিতে হবে। কাজেই এ মনের দিক থেকে শিকড় গজিয়ে গিয়েছে সেটার জন্যে আজকে এখানে সরকারের তরফ থেকে নানারকম অছিলা করা হয়েছে এই জন্য হচ্ছে না, ঐজন্য হচ্ছে না। আসল কথাটা তা নয়, আসল কথাটা হচ্ছে এখানে যে হীনমন্যতা আজকে সরকারী দপ্তরখানা বিশেষ উচ্চস্তর পর্যন্ত এই হীনমনতা পেঁছে গিয়েছে। এই জন্য তারা মনে করেন যে, ইংরাজী ভাষা না হলে অসুবিধা হবে এটা আমার কথা বলছি না, সর্ব রাজ্যে এই হীনমনতা প্রশাসনিক বিভাগের সর্বস্তরে পেঁছে গিয়েছে। শোনা যায় সংস্কৃত উপাধিধারী ভারতের প্রধানমন্ত্রী ব্রিটিশ কমনওয়েলথ সম্মেলনে যে গেলেন না তার কারণ হল ঐটেই হীনমনতার ছোঁয়া। সাহেবসুবোর দেশ কি জানি কি হয় গিয়ে কি করে ফেলি সেইজন্য নাকি তাঁর পেটের অসুখ আর জ্বর দেখা দিয়েছিল। একথা ট্রেনের জনসাধারণ বলে। কিন্তু এই পর্যায় যদি পেঁছে গিয়ে থাকে, এই দুর্বলতা যদি এসে থাকে যে আমি আমার ভাষায় কথা বলতে পারবো না, পৃথিবীকে শোনাতে পারবো না। অন্য দেশকে, অন্য প্রদেশকে এবং দেশের বাইরে পৃথিবীর অন্য দেশকে বাধ্য করাতে পারবো না যে, তোমাকে যখন আমার কাছে আসতে হবে আমার কথা তোমাকে শুনতে হবে এবং শিখতে হবে, এ যদি না হয়, এই মনোভাব যদি সৃষ্টি না হয়, তাহলে কোনদিন যত পরিভাষাই তৈরী হোক আর যত শব্দ লিখনযন্ত্রই হোক, তাতে করে কোনদিন সমস্যার সমাধান হবে না। গোপিকাবাবু জেনে রাখুন তেমন ধরনের লোক বাংলাদেশে অনেকে

এগিয়ে এসেছে কিন্তু সরকারী দপ্তর জানতে পারেন না বলে বাংলাতে তাঁরা অভিজ্ঞান পত্র বাংলাভাষায় লিখে দেন না, সেইজন্যই ইংরাজীতে সার্টিফিকেট লিখে দিতে হয়। নইলে এমন বহু লোক আছেন এবং এই বিধানসভায় বহু সদস্য আছেন যাঁরা বাংলাভাষায় অভিজ্ঞান পত্র লিখে দিয়েছেন কিন্তু পরে শোনা গিয়েছে তাতে নাকি সরকারী দপ্তরখানার কর্তাদের কানে কথাটা, সেই অভিজ্ঞানপত্রের ঠিকমত পৌঁছায় না সেইজন্য মাঝে মাঝে করতে হয়। তাই আমি বলি যে এই হীনমন্যতা ত্যাগ করে এগিয়ে আসা উচিত। হ্যাঁ, বাধা পাবো, কিছু অসুবিধা হবে, গনেশবাবু বলে গিয়েছেন যে, বন্ধনীর মধ্যে, ব্র্যাকেট-এ ইংরাজী শব্দটা বসিয়ে দেওয়া যেতে পারে, অসুবিধা হয় না, কিন্তু চেষ্টা হোক এই শিশু হাঁটা সুরু করুক তারপর চড়াই উৎরাই-এ বাধা যা থাকবে আমরা ৪ কোটি বাঙ্গালী, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, বঙ্কিমচন্দ্রের বাঙ্গালীরা তাকে নিশ্চয়ই দু-পা দিয়ে, দু-হাত দিয়ে ঠেলে ঠেলে নিয়ে গিয়ে সেই ভাষার বিজয়বৈজয়ন্তি উড়িয়ে নিয়ে যেতে পারবো, সাধারণ মানুষের কাছে পৌছে দেবো আমাদের চিন্তার কথা, মনের কথা, পৌঁছে দেবো প্রশাসনিক বিভাগের সর্বোচ্চ স্তরের কাছে। সেইজন্যে আমি এই যে বিলটি আনা হয়েছে এর আমি তীব্র প্রতিবাদ করছি এবং আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি এই বিল প্রত্যাহার করে নিন, এ অধিবেশনে যেন না আনেন এবং ঐ '৬৫ সনের নবেম্বর মাস থেকেই বাংলাভাষাতে সব কাজকর্ম চালু হোক এই আবেদন জানাচ্ছি।

[4-40—4-50 p.m.]

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, in August, 1963, abou 13 months ago a similar language amendment Bill was brought in and we debated that Bill. Now, after 13 months another language amendment Bill has come,. Though the objects of the two differ, the references differ, all the same these are language Bills. In the Bill that was introduced in 1963 there was a limit of time—two years—for the continuance of English language until Bengali and Nepali languages were perfected. This Bill is for perpetuation of English language for State Legislature purposes and for other official business transactions. That is what I can see in this Bill. Well, that is good in its own way in a sense. This House has had to deal with these Bills and there were amendments three times the number of the Bills. Now, that this language is being perpetuated and this House will be spared the trouble, or, Sir, you will be spared the trouble of having to deal with amendments in another three or five years' time again.

Language and religion, as history tells us are two subjects very much charged with emotion. They have led to many mischiefs not only here, not only in the Seventeenth Century and the Nineteenth Century, but even in the Twentieth Century. These two factors have led to many mischiefs. Sir, to every man and woman his or her mother tongue is dear. It should be developed. But the task of developing one's mother tongue, the language, should be left to those few who can dedicate themselves to the develop of that language. There is no reason why it should be the obsession of everybody in the State. That is what I find to be a fact. It has been an obsession and there is fanaticism. Devotion to a language, love for one's mother tongue is a good thing but obsession and fanaticism are not good. What is the meaning of language? Language is the articulation of one's feeling through the lips, tongue and palate. But that is not all. Language serves more; it is more important as a vehicle, a vehicle for exchange of one's ideas with other people. Now that India has got international relations with other countries of the world, we should not only learn English, we should develop English if we want progress for India. We should not live an isolated life. We should be in communication with other parts of the world, with other nations of the world. For that a common language is essential. That common language for us happens to be English because perhaps due to political circumstances, we happened to adopt English. We could not adopt French which is another lingua franca in

the world. Since we have adopted English language through the last four generations we should not unlearn it. India has now about 40 diplomatic mission in different parts of the world. How are we to fill this cadre if we are so fanatic about the language? I love my language. Everyone loves his own language. But there should be a limit to it. This is very well illustrated when we think of the great masters of Bengal like Swami Vivekananda and Netaji Subhas Chandra Bose. Why do we forget those lessons of history? How did Swami Vivekananda propagate the philosophy of Paramhansa in Chicago and Sanfranciso and had attracted the Americans and the Europeans to the Indian philosophy? Well he did it through the vehicle of the English language which brought the Americans along with the dollers here, and but for that there would have been no Ramkrishna Mission now, there would have been no Belur Math now. Similarly, our Netaji, who made such a name, when he went to Japan, had attracted the Japanese, pleaded for the political cause of India, for the Independence of India but through which vehicle?—through the vehicle of the English language, not through Hindi, Marathi, Punjabi or Tamil or Telegu. We must have a vehicle. In these days we do not live in the bullock cart age. A bullock cart or a cycle would not take us very far—may be, a few miles away. Then came the planes. Now we hear to jet planes. But even then they do not give any satisfaction to the civilization of the world; so we want a more versatile vehicle. Now they have produced an amphibious vehicle which can work on land and water. And not satisfied with this they have produced hovercrafts. The urge that brought about the production of hovercrafts is the urge for versatility. Similarly, our language is our vehicle of approach to other nations of the world. But here we depend upon many many things. Ours should be a versatile language and that versatile vehicle is English.

Sir, in his opening address while introducing this Bill our Hon'ble Minister made two remarks about which I have to say something now. He said that from the next session i.e., the Winter Session, he would be introducing all the Bills in Bengali. Sir, why he has not given any consideration for us. Are not we, the elected members, the citizens of Bengal? Is not Nepali recognised as additional language? And what is the meaning of that additional language? If we get a copy of a Bill in Bengali which I do not understand then what is the good of my coming here? What is the good of holding elections in the district of Darjeeling? So, I would request the Hon'ble Minister to see that when Bills are printed in Bengali, at least English translations of the same are givn for our convenience. We may be very few in number here, still we deserve certain consideration because we are the citizens of a very important part of Bengal which is the frontier area.

Sir, he made another remark that quite a good progress is being made for the introduction of or making Bengali a full-fledged State language from the next session; but he himself admitted in the same breath that little progress has been made in the same direction in respect of Nepali. I cannot understand as to why this discrimination is being made. When it was announced in 1961—may be that I was not in the House then—that Bengali would be the official languege of the State it was also announced in the same breath on the same day that Nepali would be an additional language for the three subdivisions of Darjeeling district. Now I understand that while Bills and notices are being issued from courts and khas mahal in Bengali, they are not still being issued in Nepali. It is a very simple thing to do. There are hundreds and hundreds of people in the district who can well translate these simple Bengali notices.

[illegible]

Sir, I would like to mention another point. When it is recognised, o I would say, it has been recognised—it would come into effect after som time in the districts—that the language of the civil court or the cour language should also be Nepali, I hope there will be no discrimination an the minorities will get all the consideration.

Thank you, Sir.

[4-50—5 p.m.]

Shri Daya Ram Beri:

माननीय अध्यक्ष महोदय, (व्यवधान) नहीं मैं हिन्दी में बोलूंगा, आप सुनिए। भाइयो आप डिस्टर्ब मत करो। चुपचाप सुनो।

मैं जो बिल हमारे श्री विजय सिंह नाहर ने सदन में रखा है, मैं उसका हृदय से समर्थन करता हूँ और उसका स्वागत करता हूँ। डेढ़ सौ वर्ष के राज्य में अंग्रजों ने भारतवासियों के दिलों में अंग्रेजी के लिए सम्मान और अपनी भाषा के लिए घृणा उत्पन्न कर दी। कोई भी चाहे बंगाली हो, चाहे राजस्थानी हो और चाहे मद्रासी हो, तमाम भारत में अंग्रेजी की ध्वजा को फहराया और सभों ने अपनी मातृभाषा का अपमान किया और उपेक्षित किया। किसी गवर्नमेन्ट को पहले जनता के काम को और अपने सारे काम को अपनी भाषा में करनी चाहिए।

बंगाल के अन्दर अंग्रेजी पढ़े-लिखे महानुभावों ने कोटि-कोटि बंगालियों को नीचा करने के लिए अंग्रेजी को इज्जत दी। उससे बंगला भाषा की मर्यादा को बहुत बड़ी हानि हुई। आज हमारे मुल्क के अन्दर १७ वर्ष हो गए, स्वराज्य की स्थापना हुए। आज अभी तक जिस तरह से बंगाल में बंगला भाषा का प्रचार और प्रसार होना चाहिए था, वह अभी नहीं हुआ। साथ ही आज हमने अपने विरोधियों के भाषण को ध्यानपूर्वक सुना। उनसे यह मालूम हुआ कि बंगाला भाषा के ठीकेदार केवल वही हैं, दूसरे नहीं। मैं बता देना चाहता हूँ कि यहां का प्रत्येक बंगाली चाहे वह उधर का हो, चाहे इधर का हो, वह अपनी मातृभाषा को प्यार करता है। इसलिए बंगाल के अन्दर बंगला भाषा का प्रचार और प्रसार ज्यादा होना चाहिए और यह केवल असेम्बली तक महदुद न हो। केवल आफिस तक वह महदुद न हो। अपने घरो में भी अपने लड़के-लड़कियों से आपस में जो शिक्षित लोग है, वे बंगला में बातचीत करें।

अब अंग्रेज चले गए और अब अंग्रेजी को भी तलाक देना चाहिए। अंग्रेजी भाषा को विदा करना चाहिए। अंग्रेजी की जगह हमने राष्ट्रभाषा हिन्दी को मर्यादा दी है। राष्ट्रभाषा हिन्दी सारे हिन्दुस्तान की भाषा रहेगी। जो दर्जा अंग्रेजी को प्राप्त थी वह दर्जा अब राष्ट्र भाषा हिन्दी को प्राप्त होगी। और बंगाल के अन्दर प्रत्येक कार्य, सब कुछ बंगभाषा में होगा। हमको अपनी सरकार पर पूर्ण विश्वास है। हमारे मंत्री और हमारे सदस्य बंगभाषा के प्रेम में किसी से भी समानता में कम नहीं हैं।

यह जरूर है कि वह दिन आनेवाला है, जिस दिन हमारी असेम्बली का ही नहीं, सारे बंगाल के प्रत्येक आफिस का काम बंगभाषा में होगा। यह मैं कहे देता हूँ। तो यह कहकर मैं समर्थन करता हूँ। अगर चिट्ठी लिखनी है, तो वह खुद अच्छा से अच्छा बंगला लिख सकता है, किन्तु अंग्रेजी के बगैर उसका काम नहीं चल सकता। हमारी भाषा किसी भाषा से नीची नहीं है, किन्तु अंग्रेजी में लिखने से ज्यादा काम

होगा। इसलिए वह अंग्रेजी पढ़े-लिखे लोग के पास जाता है और उनको कुछ पैसा देकर अपना काम अंग्रेजी में कराता है। और वह तीन बार अंग्रेजी में लिखता है, फिर भी जो वह चाहता है, वह अंग्रेजी में नहीं होता। इतनी बड़ी दुर्दशा देश में होती है, अंग्रेजी भाषा के प्रचार और प्रसार से।

मैं बड़ी खुशी की बात है कि इस प्रस्ताव के द्वारा हमारे यहाँ बंगला भाषा के लिए जो कदम उठाया गया है, वह कदम अवश्य ही सफल होगा और बंगला का ध्वजा बंगाल के अन्दर फहरायेगा। साथ ही साथ राष्ट्रभाषा का मर्यादा और इज्जत प्रत्येक बंगाली देगा। जो अभी तक अंग्रेजी को देता था।

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, উনি যে বক্তৃতা দিলেন হিন্দিতে সেটা তো কেউ লিখলেন না যাঁরা সর্টহ্যান্ড লিখেন। আমাদের কি হিন্দির কেউ নেই? হিন্দি রিপোর্টার তো আগে ছিলেন আমাদের হাউসে।

Mr. Speaker: Mr. Basu, our Hindi reporter is absent today. This portion of the speech will be taken from the tape recorder.

Shri Kanai Pal:

মিঃ স্পীকার, স্যার, আজকে এই যে পশ্চিমবঙ্গ রাষ্ট্রভাষা সংশোধনী বিল মন্ত্রিমহাশয় এনেছেন এটাকে আমি সংশোধনী বিল না মনে করে সংহার বিল মনে করছি এবং মন্ত্রিমহাশয় মুখে যতই সাফাই গাইবার চেষ্টা করুন তাঁদের যে আসল উদ্দেশ্য এই বাংলাভাষাকে তাড়াতাড়ি কার্যকরী হতে না দেওয়া সেটা অত্যন্ত স্পষ্ট। আজকে টাইপরাইটার, সর্টহ্যান্ড টাইপিস্ট, পরিভাষা ইত্যাদি নানা রকম অজুহাতের অবতারণা করা হচ্ছে এবং আজকে শুধু নয় বরাবরই এই একই অজুহাত দেখাবার চেষ্টা হচ্ছে। অথচ তাঁরা একথা অস্বীকার করতে পারেন না যে কোন দেশকে উন্নতি করতে গেলে তার নিজের মাতৃভাষায় সমস্ত কিছু চালু করা একান্ত প্রয়োজন। এ কথা স্বীকার করা সত্ত্বেও আজকে মাতৃভাষাকে কার্যকরীভাবে চালু না করার যে প্রচেষ্টা তার পিছনে তাঁদের নিজস্ব স্বার্থ, গোষ্ঠীর স্বার্থ জড়িত রয়েছে। আজকে আমি এই কথা বলতে চাই আপনারা যে কোন প্রদেশে যান, সেখানে গেলে সেখানকার যানবাহন, যেকোন জায়গায় সাইন বোর্ড দেখলে বুঝতে পারবেন যে আপনারা কোন প্রদেশে এসেছেন। কিন্তু আজকে আপনারা বাংলাদেশের কলকাতা শহর বা যেকোন জায়গায় যান ট্রামে, সরকারী বাসে সব জায়গায় দেখবেন কোথাও বাংলার স্থান নেই।

[5—5-10 p.m.]

সেজন্য বলতে চাই যে এটা অজুহাত ছাড়া অন্য কিছু নয় এবং এই অজুহাত দেয়াটা শুধু তারই অপদার্থতার পরিচয় নয়—আমি একথা বলতে বাধ্য হচ্ছি যে একটা প্রাদেশিক সরকারের পক্ষে এই ১৫ বছর পরে এ ধরনের সংশোধনী বিল আনা তাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার যথেষ্ট সঙ্গত কারণ। যে সরকার নিজেদের জাতীয় ভাষাকে চালু করতে পারে না এই ১৫ বছরে, তার জন্য যে বিষয়গুলি কল্পনা করা যায় না, যেমন টাইপরাইটারের অভাব, স্টেনোগ্রাফারের অভাব এই অজুহাত যে সরকার দেশের লোকের সামনে এনে উপস্থিত করে সেই সরকারের অপসারণ এখনই দরকার, সেই সরকার জনস্বার্থ বিরোধী সরকার এবং আজকে এই সরকার ভেস্টেড ইন্টারেস্টের সরকার, কায়েমী স্বার্থের সরকার এটা প্রমাণ করছে এই ভাষা

সংশোধনী বিলের মধ্য থেকে। আজকে আমার পরিষ্কার কথা হচ্ছে যে দেশের মুষ্টিমেয় শোষণ-বাদী কায়েমীস্বার্থের লোক রয়েছে, তাদের শোষণকে অব্যাহত রাখার জন্য তাদের জারিজুরিকে অব্যাহত রাখার জন্য আজকে রাষ্ট্রভাষাকে বাংলাভাষাকে কার্যকরী করতে দেয়া হচ্ছে না, আজকে পরিষ্কারভাবে তাদের কাজের দ্বারা একথা তাঁরা বুঝিয়ে দিচ্ছেন যে ইংরেজ সরকার তাদের শিখণ্ডী খাড়া করে স্বাধীনতার নামে শোষণকে অব্যাহত রাখতে চেয়েছেন, এই সরকার তাদের শিখণ্ডী হিসাবে তাদের স্বার্থকে অব্যাহত রাখবার জন্য, নিরঙ্কুশ রাখবার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে চলেছেন—এই ভাষা সংশোধনী বিলের মধ্য থেকে এটা অত্যন্ত স্পষ্ট হয়ে উঠেছে। কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে যে আমরা তো কেউ এমন কি বিরোধিপক্ষের সদস্যরা কোন সার্টিফিকেট দিচ্ছি না বাংলায়, কোন রেকমেন্ডেসন বাংলায় করি না—সে উত্তর দেবীবাবু আগেই দিয়েছেন, শুধু একথা বললেই যথেষ্ট হবে যে তাঁরা যে ভাষাটা চালু করতে চান, বজায় রাখতে চান, সেটাকে বজায় রেখে যতটুকু সুযোগ-সুবিধা দিতে চান সেটা বজায় রেখে চললেই তবে পাওয়া যায়, তা না হলে অসুবিধার সৃষ্টি হয়। বাংলাভাষার দরখাস্ত করলে তাঁরা সেটাকে মনোযোগ দিয়ে পড়েন না। এটা পরিষ্কার হয়ে গেছে, রাইটার্স বিল্ডিংস-এ কেউ কেউ যাঁরা চেষ্টা করেছেন বাংলা-ভাষাকে চালু করার তার বিরুদ্ধে যথেষ্ট বিরোধী শক্তি রয়েছে, ঐ রাইটার্স বিল্ডিংস-এর মধ্যেই তা একাধিকবার স্পষ্ট প্রমাণ হয়ে গেছে। আজকে তাঁরা বলছেন যে এই কাজ বাংলাভাষায় করা যাবে না, ঐ কাজ বাংলাভাষায় করা সম্ভব নয়, এখানে চালু হলে সর্বনাশ হয়ে যাবে— আমি একথা বলছি যে ইংরাজী ভাষা আজও দেশের এক জন লোক বুঝে না, সেই ভাষায় কাজ করলে যদি দেশ জাহান্নমে না যায় তাহলে যে একটা দেশের অধিকাংশ লোক বুঝে সেই ভাষায় কাজ করা সম্ভব হবে না এটা কোন দেশী যুক্তি? এটা যুক্তি নয়। এটা হচ্ছে অযুক্তি। জনস্বার্থের বিরোধিতা করবার জন্য এবং নিজেদের ভেস্টেড ইন্টারেস্ট বজায় রাখবার জন্য, এই সমস্ত অজুহাত সৃষ্টি করা হচ্ছে। একথা আমি আজকেই বলছি না, আমি প্রথম যেদিন বিধান সভায় আসি, সেদিনও এই বাংলা-ভাষার জন্য বলতে উঠেছিলাম। মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় মহাশয়, বাংলাভাষায় ভাষণ না দেওয়াতে তখন সে কথা আমি উত্থাপন করেছিলাম। তখন স্বর্গত বিধানচন্দ্র রায়, ঐখান থেকে লাফিয়ে উঠে বলেছিলেন যে, পাল মশাই কপি কথাটা ইংরাজী না বাংলা। তার উত্তর আ সঙ্গে সঙ্গে দিয়েছিলাম—আপনি বিচক্ষণ মুখ্যমন্ত্রী, আপনার একথা জানা দরকার এই রক বহু বিদেশী শব্দ আত্মস্থ করে বাংলা ভাষা সমৃদ্ধ হয়েছে, পুষ্ট হয়েছে। সুতরাং এই কা কথাটা আজকে ইংরাজীতেও বলতে পারেন, আবার সঙ্গে সঙ্গে বাংলাতেও বলতে পারে (এ ভয়েস--বাহাবা।) নিশ্চয়ই আজকে এই রকম বহু বিদেশী শব্দ আত্মস্থ করে প্রতিটি ভা দিন দিন পুষ্ট হয়ে উঠছে। আপনারা যে সমস্ত পরিভাষা চালু করতে যাচ্ছেন, সেটা যে ক জঘন্য এবং অবোধগম্য তা একাধিকবার আমাদের বিরোধী পক্ষের সদস্যগণ দেখিয়ে দিয়েছেন সরকারের এই যে পরিভাষা সৃষ্টির প্রচেষ্টা, এটা পরিভাষা চালু করবার ইচ্ছা নয়; মধ্যে থেে এমন জিনিষ তাঁরা সৃষ্টি করছেন যে অনেকে যাঁরা ইংরাজী খুব সহজে বোঝেন, তাঁদের পে এই পরিভাষা বুঝতে অনেক পাণ্ডিত্য দরকার, অনেক মাথাচালনার দরকার। স্টেশন না বে তার পরিবর্তে দিক্ দিক্ ধান্ধিকার সৃষ্টি করে বসে আছেন। এইভাবে যে সমস্ত পরিভা চয়ণ করা হচ্ছে, তা বোঝা সত্যিই খুব মুস্কিল হয়।

আমি সমস্ত দিক বিবেচনা করে বলছি, এটাত আমার কথা নয়, জাতীয় অধ্যাপক শ্রীস বোস, তিনি দীর্ঘকাল ধরে জোরের সহিত বলে আসছেন—তাঁর যে সাবজেক্ট, তাঁর যে বিষ সেই দুরূহ বিষয়ের মতন বিষয়ও বাংলা ভাষায় করা যায়। চেষ্টা থাকলে যে কোন জায়গা এমন কি শীর্ষ স্থানেও যাওয়া সম্ভব। এই সমস্ত বিষয় উল্লেখ করে আমি বলতে চাই যে আপনারা সত্যিই যদি ঐ মুষ্টিমেয় স্বার্থকে রক্ষা করতে না চান, আপনারা যদি সত্যিই দেশের সাধারণ লোককে ভাল বাসেন, এবং দেশের গুটিকয়েক শোষক শ্রেণী, কায়েমী স্বার্থের দলকে না বোঝেন, তাহলে এই সমস্ত লোককে ও অপচেষ্টা বাদ দিয়ে, এখনও এক বছর সময় রয়েছে আছে যাতে এই এক বছরের মধ্যে বাংলা ভাষায় সমস্ত কাজ চালু করার প্রচেষ্টা হয় জ জন্য আপনারা সচেষ্ট হন।

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রামায়ণের গল্পে আছে যে রাক্ষসরাজ রাবণ যখন সীতাকে হরণ করতে যান তখন তাঁর ছদ্মবেশী ভিক্ষুকের পোষাক পরে নেওয়া দরকার ছিল। শুধু তাই নয়, সেই সীতা হরণ কার্যকে সমাধা করার জন্য স্বর্ণ-মায়ামৃগের মায়া বিস্তার করাও তার প্রয়োজন হয়েছিল। আমাদের মাননীয় মন্ত্রী শ্রীবিজয় সিং নাহারও ঠিক সেই ধরনের ছদ্মবেশ ধারণ করে সীতাকে হরণ করার মত মায়াজাল বিস্তার করেছেন। অবশ্য স্বর্ণ-মৃগ হিসাবে এখানে ঐ টাইপরাইটার আর ঐ পরিভাষা ইত্যাদির সাহায্য তিনি নিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে একটু আগে যে এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা হয়ে গিয়েছে, তা থেকে দেখা গিয়েছে যে ১৯৬৫ সালের নভেম্বর মাসের মধ্যে বাংলাভাষার পূর্ণ মর্যাদা দিয়ে এই সভার কাজ-কর্ম এবং সরকারের অন্যান্য বিভাগের কাজ-কর্ম বাংলাভাষায় পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করা হবে বলে একটি আইন এই সভা থেকে পাশ করা হয়েছিল।

[5-10—5-20 p.m.]

সেই আইনকে পরিবর্তন করার প্রয়োজনীয়তা বিজয়বাবুর কেন হল তার কারণ তিনি নিজেই এই সভায় পেশ করেছেন এবং সেই কারণগুলিকেই বিশেষভাবে গ্রহণ করে এই বিলটির পক্ষ থেকে বিভিন্ন বক্তব্য রাখার চেষ্টা করা হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা অত্যন্ত পরিষ্কার করে বলা দরকার যে এই ইংরাজীভাষাকে আরো কিছুদিন চালু রেখে বিশেষ সুবিধাবাদী গোষ্ঠী, যে সুবিধাবাদী গোষ্ঠীর অস্তিত্বকে বজায় রাখতে পারলে এই শাসক গোষ্ঠীর স্বার্থ বজায় থাকে এবং যেটি করতে পারলে শুধুমাত্র যে গণতন্ত্রের নাম উচ্চারণ করে মন্ত্রীরা প্রতিদিন এই সভায় বক্তৃতা করেন সেই গণতন্ত্রের গণসাধারণ বা জনসাধারণ যাকে আমরা বলবো সেই জনসাধারণকে গণপিন্ড হিসাবে দেখার যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গীর কোন নিন্দা না করে এই বিলের উপর কিছু সমালোচনা করা চলে বলে আমি মনে করছি না। তার কারণ হচ্ছে আমাদের দেশের এই শাসনযন্ত্র, আমাদের পশ্চিমবঙ্গের এই সরকারের যে শাসনযন্ত্র তার যে সমস্ত নিয়মাবলী তা সাধারণ মানুষের বুদ্ধির বাইরে রাখা, সাধারণ মানুষের জানার বাইরে রাখা, এটাই হচ্ছে এই সরকারের প্রধান উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্য সিদ্ধ করার জনাই বিজয়বাবু আজকে এখানে এই বিল আমাদের সামনে পেশ করেছেন, যাকে সংহার বিল বলে এইমাত্র কানাইবাবু আখ্যাত করলেন। এবং এটাই বিজয়বাবুর কাছে আমরা এই বিল আনতে দেখে মোটেই আশ্চর্যান্বিত হই নি, কারণ বিভিন্ন দেশের শাসকগোষ্ঠীর কাছে এই ধরণের সুবিধাবাদী গোষ্ঠী, এই ধরণের আমলাতন্ত্রের পরিপুষ্টির জন্যে এই ধরণের সংশোধনী বিল আনা খুবই স্বাভাবিক। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এই ভাষা এবং শিক্ষা এবং এতে জনসাধারণের উন্নতির জন্যে তাদের ভাষা এবং সাংস্কৃতিক উন্নতি লাভের জন্যে তার যে মূল প্রচেষ্টা বা মূল যুক্তি এবং বুদ্ধি তার বিরুদ্ধে এই শাসকগোষ্ঠী অত্যন্ত সযত্ন পরিশ্রম করবেন এবং এই কারণেই আমরা জানি বিখ্যাত মনীষী টলস্টয়ের একটি উক্তি আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিজয়বাবুকে সেই উক্তিটি উপহার দিতে চাই। টলস্টয় বলেছিলেন

"The strength of the Government lies in the people's ignorance and the Government knows this and will, therefore, always oppose to enlighten them."

এবং বিজয়বাবুর পক্ষে এটা খুব স্বাভাবিক। সাধারণ মানুষের, গ্রামে আগ্রহ খুব বাড়তে পারে, সাধারণ মানুষের বুদ্ধির চেতনা খুব বাড়তে পারে এবং তাদের এই শাসনযন্ত্র সম্পর্কে ধারণা আরো স্পষ্ট হতে পারে এমন কোন ব্যাপারে বিজয়বাবুরা সম্মতি দিতে বা আইন প্রণয়ন করতে খুব স্বাভাবিক কারণেই অনিচ্ছুক থাকবেন। তাই আমরা দেখি আমাদের দেশে শিক্ষার উন্নতি,

আমাদের দেশে সাংস্কৃতিক উন্নতি, আমাদের দেশের সর্বাঙ্গীণ উন্নতির জন্যে বিরাট জনসাধারণের ব্যাপক প্রচেষ্টা, সেই বিরাট জনসাধারণের আশা আকাঙ্খাকে মূর্ত করে তুলতে পারবে এমন যে অবস্থা, এমন যে পরিবেশ, এমন যে মনোভাব সেটা সৃষ্টি করার জন্যে মাতৃভাষার সাহায্যই এক-মাত্র সম্ভব এবং যেটা না করলে পরে এই বিরাট জনসাধারণকে সেই ধরণের অত্যন্ত কলঙ্কজনক আখ্যা দিয়ে, গণ্ডমূর্খ আখ্যা দিয়ে তাদেরকে বাইরে রেখে বিজয়বাবু এবং তাঁর আশ্রিত কতিপয় ইংরাজী জানা নকলনবিশী করনেওয়ালা মানুষকে নিয়ে তিনি একটা গোষ্ঠী তৈরী করতে পারেন যে গোষ্ঠীর আচরণ, যে গোষ্ঠীর বিহার এবং যে গোষ্ঠীর বিচরণভূমি বলতে পারি, ঐ আমলাতান্ত্রিক দপ্তরগুলি ঐ রাইটার্স বিল্ডিং, নিউ সেক্রেটারিয়েট, তারা আমাদের দেশের সাধারণ মানুষের যে চাহিদা, সাধারণ মানুষের যে আশা আকাঙ্খা তাকে পিষ্ট করার জন্যে তারা তাদের ইংরাজ সাম্রাজ্যবাদের যে প্রদত্ত জারজ সন্তানের পরিবেশ যা এখানে সৃষ্টি করে গিয়েছেন তাকেই পরিপুষ্ট করা, তাকেই আরো লালন করা, এই সংশোধনী বিলের মাধ্যমে তারই একটা আভাস পেতে পারি। বিজয়বাবু যে বিল এনেছেন তাঁকে শুধু একথাই বলতে চাই বাংলাভাষাকে তিনি ঐ পরিভাষা এবং টাইপরাইটার-এর কথা বলেই আরো সময় আমাদের কাছ থেকে নিতে চেয়েছেন। বিজয়বাবুকে একটা প্রশ্ন করতে পারি কি, আপনি কি জানেন জাপানে ঠিক এই ধরণের অবস্থা ছিল। তাদের জাপানী ভাষা নিশ্চয়ই বাংলা ভাষার চাইতে উন্নত নয়। তার গ্রহণ ক্ষমতা বা তার পরিবেশন ক্ষমতা, জাপানী ভাষা বাংলাভাষার চাইতে শক্তিশালী ত ছিলই না বরং অনেক পরিমাণে দুর্বল ছিল, কিন্তু আমরা দেখেছি সেখানে তাঁরা এক দিনে তৈরী করতে চায় নি। তাঁরা বলেছেন যে একটা দিন দেরী করার অর্থ হচ্ছে আমরা বিরাট ক্ষতির সম্মুখীন হচ্ছি। তাই আজকে হয়ত হতে পারে তাতে ভুল হবে, ত্রুটি হতে পারে কিন্তু আজকেই আমাদের এটা গ্রহণ করতে হবে। বিজয়বাবুকে বলতে চাই রবীন্দ্রনাথের কথা, যে, যদি ছেলেকে মানুষ করতে হয় তাহলে ছেলেবেলা থেকেই তার চেষ্টা করতে হবে, নইলে সে ছেলেই থাকবে মানুষ হবে না। বিজয়বাবু যদি বাংলাকে এবং বাংলাভাষার মাধ্যমে আমাদের দেশকে এবং আমাদের দেশের আশা আকাঙ্খাকে ফলবতী করে তুলতে চান, যদি তাকে ফলে ফুলে সমৃদ্ধ করে দেশকে এবং দেশের মানুষকে সমৃদ্ধ করে তুলতে চান তাহলে এখন থেকে, এই মুহূর্তে বাংলাভাষার মাধ্যমে সমস্ত কাজকে পরিচালিত করার যে সিদ্ধান্ত তাকে গ্রহণ করা দরকার এবং চালু করা দরকার তা না হলে হতে পারে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরেকটা কথা বলতে চাই, এবং তার সমর্থনে রবীন্দ্রনাথের একটা উক্তি ব্যবহার করতে চাই। রবীন্দ্রনাথ বলেছিলেন, "যে বেহারা বসিয়া বসিয়া পাখা টানিবে আর যে গরু ঘানি টানিবে তার পক্ষে আকাশের আলোর চেয়ে চোখের ঠুলিই বড় সহায়।" বিজয়-বাবুরা অন্ধকারে নিমগ্ন হয়ে রয়েছেন, তাঁদের পক্ষে আলোকে শত্রু বলে ভাবা স্বাভাবিক। তাঁরা স্বার্থান্ধ, স্বার্থবাদী একটা সমাজের প্রতিভূ, সেই ঘেরাটোপের বাইরে কি ঘটছে সেটা তাঁরা চিন্তা করতে পারেন না। মাননীয় স্পীকার মহাশয়, লজ্জার কথা, আজকেও যেখানে আমাদের মাতৃভাষা বাংলার মধ্যে দিয়ে শিক্ষার বিকিরণের মতো যথেষ্ট সংখ্যক বিদ্যালয় স্থাপিত হয় নি, সেই ক্ষেত্রে এই সরকার ইংরাজির মাধ্যমেই জনগণকে শিক্ষিত করে তোলবার প্রচেষ্টা দেখাচ্ছেন। প্রসঙ্গক্রমে এখানে উল্লেখ করতে পারি, কিছুদিন আগে পণ্ডিত নেহরুর জীবদ্দশায় মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন আশ্বাস দিয়েছিলেন যে, চিত্তরঞ্জন রেল সহরের সাধারণ শ্রমিক এবং কর্মচারী-দের ছেলেমেয়েদের শিক্ষার জন্য সেখানে বাংলা মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করবেন। কিন্তু আমি কিছুদিন পূর্বে শুনলাম সেই পরিকল্পনা বাতিল হয়েছে। মিছামিছি রেল কর্তৃপক্ষ এবং সরকারের কিছু টাকা নষ্ট হল। ইংরাজি ভালো কি মন্দ সে কথার মধ্যে আমি এখানে যেতে চাই না। একটা কথা বলা হয়, বাংলাভাষার মাধ্যমে বিজ্ঞানের বিষয় সম্যক প্রকাশ করা যায় না। এই প্রসঙ্গেও আমি রবীন্দ্রনাথের একটি কথা এই সভার কাছে রাখতে চাই, রবীন্দ্রনাথ বলেছিলেন, বিজ্ঞান সভায় ইংরাজি ভাষায় পুরাতন বিষয়ের পুনরাবৃত্তি করিয়াছি, অথচ আশ্চর্য হইয়া বলিয়াছি দেশের লোক আমাদের বিজ্ঞান-সভার মর্যাদা বোঝে না। ইংরাজি ভাষার মাধ্যমে আপনারা সব কাজ চালিয়েছেন, সভা-সমিতিতে ইংরাজিতে প্রস্তাব গ্রহণ করেছেন, কিন্তু দুঃখ

প্রকাশ করে বলেছেন জনসাধারণের মধ্যে রাষ্ট্রীয় কর্তব্যবোধ জাগাতে পারেন নি। কি করে জনসাধারণ রাষ্ট্রীয় কর্তব্যবোধে উদ্বুদ্ধ হবে সেটার প্রতিই আপনারা চরম ঔদাসীন্য দেখিয়েছেন। আজকে আপনারা বলছেন, বাংলা এখনো এমন পর্যায়ে আসেনি যে পর্যায়ে এলে বাংলার মধ্যে জনসাধারণের গ্রহণযোগ্য পরিভাষা তৈরী করা যেতে পারে। আমি অত্যন্ত বিনীতভাবে বিজয়বাবুকে একটা প্রশ্ন করতে চাই, এখনও কি আপনারা ইংরাজি ভাষাকে জনসাধারণের মধ্যে এমন করে দিতে পেরেছেন যাতে করে তারা ইংরেজি ভাষার মাধ্যমে তাদের আশা-আকাঙ্খা মূর্ত করে তুলতে পারে? তাও আপনারা পারেন নি। আমি মনে করি বাংলাভাষা অত্যন্ত সমৃদ্ধ ভাষা, মানুষের আশা-আকাঙ্খা সম্যক ব্যক্ত করার যথেষ্ট শক্তি এর মধ্যে নিহিত রয়েছে। তাই আমি এই সংশোধনী প্রত্যাহার করার জন্য ওঁকে অনুরোধ জানাচ্ছি, এবং ইতিপূর্বে যে আইন পাশ হয়েছিল সেটা কার্যকরী করে সর্বরকম প্রশাসনিক কাজে বাংলা ভাষা চালু করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[5-20—5-30 p.m.]

আমি মনে করি দুই স্তরে শিক্ষা ব্যবস্থা, দুই স্তরে শাসন ব্যবস্থা এর মধ্যে জাতীয় সংহতির প্রশ্ন লুক্কায়িত রয়েছে। তাই বলছিলাম দেশের মধ্যে একটা সুবিধাবাদী গোষ্টী তৈরী না করে আপনারা একটা বলিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ করুন। বিজয়বাবু একজন বিজ্ঞ, বিচক্ষণ ব্যক্তি তিনি এই বিল এনেছেন এবং তিনি জানেন ফরাসী দেশে যে বিপ্লব হয়েছিল তার ৩টি এস্টেট ছিল—ফার্স্ট এস্টেট, সেকেন্ড এস্টেট এবং থার্ড এস্টেট। এই তিন এস্টেট—এ তিন শ্রেণীর সুবিধাবাদী গোষ্ঠীর অস্তিত্ব ছিল। থার্ড এস্টেট হচ্ছে কমোনার। কিন্তু তারা সমস্ত মানুষের স্বার্থ জলাঞ্জলি দিয়ে, তাদের স্বার্থের প্রতি আঘাত করে, আক্রমণ করে পর্যুদস্ত করে দিয়েছে, দেশ গড়ে তোলবার বিরাট সম্ভাবনাকে নিদারুণ করুণ পরিণতির দিকে ঠেলে দিয়েছে। তাই বিজয়বাবুকে অনুরোধ করছি এটা কোন দলের প্রশ্ন নয়। দয়ারাম বেরী কংগ্রেস পক্ষ থেকে যে বক্তৃতা করলেন তাতে তিনি বললেন আমরা যা বলেছি তা তিনি মনোযোগ দিয়ে শুনেছেন। তাহলে বোঝা যায়, এবং আশা করা যায় বাংলাভাষায় যে বক্তৃতা হয় তা তিনি ভালভাবে বোঝেন এবং বাংলাভাষা হলে তাঁর অসুবিধা হবে এই যুক্তি অচল হয়ে যায়। তাই বলছি দলাদলি ছেড়ে দিয়ে সাধারণ মানুষের দাবী নিজের ভাষায়, মাতৃভাষায় দেশ শাসন করুন এবং এই বিল প্রত্যাহার করুন। একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬১ সালে সরকারী ভাষা বিল এই আইন সভায় গৃহীত হবার পর প্রত্যেক সরকারী অফিসে বাংলাভাষা চালু করবার একটা উদ্যোগ দেখা দিয়েছিল। আমরা দেখেছিলাম থানা রেজিস্ট্রী অফিসে, ছোট ছোট আদালতে বাংলাভাষায় কাজকর্ম চালাবার জন্য সরকারী কর্মচারীদের একটা উদ্যোগ বা চেষ্টা চলছিল। সরকারী কর্মচারীদের অবশ্য তখন কিছু কিছু অসুবিধা হচ্ছিল এবং তাঁরা বলাবলি করছিলেন যে বাংলাভাষায় কাজকর্ম চালান দুরূহ ব্যাপার। তবুও তাঁদের কাজকর্ম চালাতে হচ্ছিল, থানাতে এজাহার বাংলাভাষায় লিখতে হচ্ছিল এবং অন্যান্য কাজকর্ম বাংলাভাষায় চালাতে হচ্ছিল। আমরা তখন দেখেছিলাম যদিও তাঁদের অসুবিধা হচ্ছে কিন্তু তাঁরা তা রপ্ত করতে চেষ্টা করছেন। তারপর আমরা দেখলাম সরকারী ভাষা বিল আইন সভায় সংশোধিত হোল, সময় বাড়িয়ে দেওয়া হোল। এটা যখন হোল তখন আমরা দেখলাম এইসব অফিসে বাংলাভাষায় কাজকর্ম চালাবার যে চেষ্টা হচ্ছিল তাতে ভাটা পড়ে গেল এবং ইংরেজীতে কাজকর্ম আবার আরম্ভ হোল। এই পরিবর্তন কেন যে হোল সেটা সহজেই বোঝা যায়। উর্ধ্বতম কর্মচারী যাঁরা আছেন তাঁদের নিশ্চয়ই সহানুভূতি এবং সমর্থন ছিল যাতে ইংরেজী আবার চলে এবং সেটা ছিল বলেই নিম্নতম কর্মচারীরা আবার ইংরেজীতে কাজকর্ম আরম্ভ করে দিল। কিন্তু স্যার, বাংলাভাষা যখন চলতে আরম্ভ করেছিল তখন আমরা জনসাধারণের মধ্যে একটা চরম উত্তেজনা দেখেছিলাম এবং তারা মনে করেছিল যে, হ্যাঁ, এবারে সরকারী কাজকর্ম বাংলাভাষায় চলবে এবং আমাদের অনেক সুবিধা হবে।

তারপর আবার যখন পরিবর্তন হল তখন তারা হতাশ হয়ে গেল, মনে করল আবার কি হল, এই বাংলাভাষা চালু হতে হতে আবার কেন পরিবর্তন হল। সরকারী [illegible] কাছ থেকে জানতে পারলাম যে বাংলাভাষা চলবে না, আবার ইংরেজী ভাষাই চলবে—এটাই ঠিক হয়েছে। এইভাবে আমাদের আইন সভায় যে উদ্দেশ্য নিয়ে সরকারী ভাষা বিল অনুমোদন হয়েছিল ও পাশ হয়েছিল সেই উদ্দেশ্য বানচাল হতে আরম্ভ করল। এখন আবার আমরা দেখছি যে আবার এই বিল সংশোধন করার জন্য উত্থাপন করা হয়েছে। এইবার যেভাবে উপস্থাপিত করা হয়েছে তাতে যে আশা ছিল সে আশাও সমূলে শেষ হয়ে যাবার অবস্থা হয়ে দাঁড়াল। আইন পাশ হবার পরেও বাংলাভাষাকে চালু করতে উদ্যোগী না হয়ে যেভাবে বিলটাকে সংশোধনের জন্য আনা হয়েছে তাতে বাংলাভাষার সংগে ইংরেজী ভাষাকে অনির্দিষ্ট কালের জন্য রাখা হচ্ছে, এটাই দেখতে পাচ্ছি। ভারতবর্ষে কোনদিন বাংলাভাষা চালু হবে না, যেভাবে চলছিল সেইভাবেই চলবে। কেন যে আইন গৃহীত হওয়ার পরে এই রকম পরিবর্তন হচ্ছে এটা বুঝে উঠতে পারি না। এই সরকার জনগণের সরকার, জনগণই সরকারের মালিক, কিন্তু জনগণ যে ভাষা বুঝতে পারে, যে ভাষায় কথাবার্তা বলে, যে ভাষায় মনোভাব আদান-প্রদান করে সে ভাষা চালু হচ্ছে না, এই হচ্ছে সরকারী ব্যবস্থা। এটা অত্যন্ত দুঃখের কথা। সরকারী কাজকর্মে যদি জনগণের সংগে যোগাযোগ রক্ষা করতে হয়, সংযোগ স্থাপন করতে হয়, যদি জনগণের সংগে সরকারের একযোগে চলতে হয় তাহলে জনসাধারণ যে ভাষায় কথাবার্তা বলে, যে ভাষায় আদান-প্রদান চালায় সেই ভাষায় সরকারের কাজ-কর্ম চালাতে হবে, সেই ভাষা সরকারকে ব্যবহার করতে হবে। আমরা দেখেছি ইংরেজ আমলে স্কুল-কলেজে বিজ্ঞান, পদার্থবিদ্যা, শরীর বিদ্যা সবই ইংরেজীর মাধ্যমে পড়ান হত, এখন সবই পরিবর্তিত হয়ে গেছে। এখন কেমিস্ট্রি, ফিজিক্স সবই বাংলায় পড়ান হয়, রসায়ণ, পদার্থবিদ্যা বাংলায় পড়ানোর ব্যবস্থা আছে, তাহলে সরকার কেন বাংলাভাষা চালু করতে পারেন না বুঝে উঠতে পাচ্ছি না। যেসব অজুহাত মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন সেগুলি বাজে অজুহাত, সেই অজুহাতে খুব যুক্তি নেই। বাংলাভাষায় যখন আমরা দৈনন্দিন কাজ কর্ম করতে পারি, দৈনন্দিন সেই ভাষায় কাজকর্ম চালাই, জীবনযাত্রা চালাই, তখন কেন সরকারী অফিসে এই ভাষায় কাজকর্ম চলতে পারে না—এটা বুঝে উঠতে পারা যায় না। তাঁদের যদি ইচ্ছা থাকত তাহলে নিশ্চয়ই বাংলাভাষার কাজ চালু করা যেত। যদি পরিভাষা না হয়, যে শব্দের পরিভাষা আছে অভিধানে সেই পরিভাষা নিয়ে যদি ইংরেজীতেও থাকে তাতে কি আসে যায়, কাজ চলতে পারে, যদি উদ্দেশ্য থাকে বাংলাভাষাকে চালু করবো। বাংলাভাষা যা আছে সমৃদ্ধই আছে, এ দিয়ে নিশ্চয়ই কাজ চালিয়ে নিতে পারা যায়, এটা নিজের ইচ্ছার উপরই নির্ভর করে, এই যে টাইপ রাইটার নেই, স্টেনোগ্রাফার নেই এই অজুহাতে ভাষা চালু হতে পারে না—এটা কোন যুক্তি নয়, আসল হচ্ছে ইচ্ছার ব্যাপার। যদি আমরা কতকগুলি ঊর্দ্ধতন কর্মচারীকে বা অন্য শ্রেণীকে রক্ষা করর জন্য বাংলাভাষা চালু করতে না চাই, সেটা হচ্ছে স্বতন্ত্র কথা। যদি আমরা জনসাধারণের কল্যাণ চাই, তাহলে বাংলা ভাষা চালু করতে হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে, যেভাবে এই বিল আনা হয়েছে, তাতে এটা প্রত্যাহার করে নেওয়া উচিত। আগে যেভাবে তাঁরা সংশোধন করেছিলেন, সময় বেশি চেয়েছিলেন, এখন হয়ত আরও কিছুটা সময় নিতে পারেন, কিন্তু যেভাবে সংশোধন করবার চেষ্টা করছেন যে ইংরেজী ভাষা অনির্দিষ্টকালের জন্য থাকবে, তাতে এটা আমরা সমর্থন করতে পারছি না। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করছি।

[5-30—5-40 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:

মিঃ স্পীকার, স্যার, আজকের এই যুগ হচ্ছে লাইন লাগার যুগ। ৩ বছর লাইন লাগাবার পরে বিজয়বাবু বলছেন যে আবার পিছনে যাও, লাইন লাগাও, এবারে হবে না পরে হবে। এটা স্যার, আমি বুঝতে পারলাম না। আর নেপালী ভাষার বিষয়ে এখানে অনেকবার বলেছি, পাশও হয়ে

গেছে। কিন্তু স্যার, উপরের একটা কথা বলি সেটা হচ্ছে নেপালী ভাষা পাশ হবার পরও আপনি দার্জিলিংএ যান, বিজয়বাবু দয়া করে ভাল মোটরে যাবেন, দেখবেন যত লেভেল ক্রসিং আছে সেখানে ইংরাজীতে ডেঞ্জার লেখা আছে, বাংলায় বিপদ লেখা আছে কিন্তু নেপালী ভাষায় কিছু লেখা নেই। অথচ নেপালী ভাষা আপনারা মেনে নিয়েছেন। এই বাংলা এবং ইংরাজী ভাষা না বুঝতে পেরে অনেক নেপালী ড্রাইভার বহু অ্যাকসিডেন্ট করেছে। তারপর, ইংরাজীতে হেলথ সেন্টার লেখা আছে, বাংলায় স্বাস্থ্যকেন্দ্র লেখা আছে কিন্তু নেপালীতে কিছু লেখা নেই। লিংগুইস্টিক মাইনরিটির যে ভাষা সেই ভাষাতে কিছু লেখা নেই। আমাদের প্রচার মন্ত্রীর বলুন আর আমাদের বাংলা সরকারের বলুন তাঁদের যদি এই মনোভাব হয় তাহলে তাঁরা কি করে উন্নতি করবেন জানি না। অবশ্য যেরকম আমাদের বেলায় করছেন সেই রকম বাংলা দেশের বেলায়ও করছেন। আমরা না হয় লিংগুইস্টিক মাইনরিটি জাতি আছি, আমাদের না হয় এক জায়গায় ফেলে দিয়েছেন, বলছেন যে তোমরা মর, তোমাদের কিছু বুঝতে দেব না। কিন্তু বাংলা দেশকে বুঝতে দেবেন না এ কি ব্যাপার? এখানে ঐ লোকের হাতে শাসন আছে যারা ½ ইউরোপিয়ান, ½ বাঙালী, সেজন্য এখানে ইংরাজী ভাষা চলবে, বাংলা ভাষা চলবে না। জানি না বিজয়বাবু লিংগুইস্টিক মাইনরিটির ভাষা সম্বন্ধে কতটা এক্সপার্ট। উনি একটা কথা বলে দিলেন যে নেপালী ভাষাতে টাইপরাইটার নেই। বিজয়বাবুর একটু জানা দরকার ছিল যে নেপালী ভাষাতে টাইপরাইটার আছে। হিন্দী টাইপরাইটার নেপালী ভাষাতে চলে। যে রকম হিন্দীতে টাইপ হল ম্যায় যা রাহা হুঁ, সেই রকম হিন্দী দেবনাগরি অক্ষরে ম যা রইছুঁ নেপালী ভাষাতে টাইপ হয়ে গেল। সুতরাং নেপালীতে টাইপরাইটার নেই একথা আপনাকে কে বলে দিল সেটা একটু দয়া করে জানাবেন। নেপালী বিদ্যায় যাঁরা এক্সপার্ট যাঁরা নেপালী ভাষা জানেন বিজয়বাবু কি তাঁদের সংগে কনসাল্ট করেছেন এটা হবে কি হবে না? আমরা বার বার বলেছি যে নেপালী ভাষাবিদদের নিয়ে একটা কমিটি করুন এবং ঐ কমিটির মতামত নিয়ে আপনারা নেপালী ভাষা চালু করুন। করার আপনাদের ইচ্ছা নেই। লোক যাতে বুঝতে না পারে, যাতে জানতে না পারে ওদের উপর শাসন করব, ওদের বুঝতে দেব না এই নীতি আছে ঐ বিলে যা আপনি সংশোধন করছেন। একটা সাইনবোর্ড পর্যন্ত আপনারা করলেন না। ব্লক ডেভেলপমেন্টের মিটিং হবে, মেম্বার হচ্ছে গ্রামের চাষীরা, তাদের কাছে নোটিশ দিচ্ছেন ইংরাজীতে। মিটিং হয়ে গেল। আমরা বলি তোমরা কেন আস নাই ভাই। তারা বললে, কোথায়? আমাদের তো জানান হল না। তখন বলি এই রকম ছোট ইংরাজী চিঠি পেয়েছিলে? তারা বললে ও তো একটা ছিল, ছিঁড়ে ফেলে দিয়েছি। এই হচ্ছে অবস্থা। আর একটা কথা বলি—বিজয়বাবু, ভাষা জানার জন্য একটু কসিস করুন। আপনি যদি দার্জিলিংএ গিয়ে বলেন যে গরুর দুধ চাই, লোকে বিজয়বাবুকে দেখে হাসবে। আমি যেমন আমার নেপালী ভাষাকে ভালবাসি তেমনি বাংলাভাষাকেও ভালবাসি। আমি আপ্রাণ চেষ্টা করে বাংলা শিখেছি, আমি রবীন্দ্রনাথের ভাষাকে ভালবাসি। আমি বাংলা দেশে থাকি সেজন্য বাংলা দেশের ভাষাকে আমি ভালবাসি, সেজন্য আমি বাংলাভাষা শিখেছি। আপনিও তেমনি লিংগুইস্টিক মাইনরিটির যে ভাষা সেটা একটু জানুন। দার্জিলিংএ বিজয়বাবু গিয়ে যদি বলেন যে গরুর দুধ দাও তাহলে লোকে বলবে কে এসেছে রে বাবা, মন্ত্রী নাকি? গরুর দুধ চাচ্ছে যে? কিন্তু বাংলা দেশে গরুর দুধ বললে গরুর দুধ দেবে। কিন্তু দার্জিলিংএ গরুর দুধ বললে দিতে পারবে না। তার মানে ওখানে গরু মানে বলদ, বলদের দুধ তাহলে দেবে কি করে, বিজয়বাবুকে তো দিতে পারবে না। সেই রকম বলদকে বলে গরু—এই হল নেপালের ভাষা। সেজন্য বলছি আমাদের ভাষাটা কিছু স্টাডি করুন আপনি। আপনি বলবেন নেপালী ভাষায় টাইপ নেই—দেবনাগরী আছে, হিন্দী টাইপ আছে। আপনি ওখানে কনসাল্ট করুন। আজ পর্যন্ত দেখলাম না যে আপনি নেপালী ভাষাকে মেনে নিয়েছেন, ব্লক ডেভেলপমেন্টে একটা মিনিটও নেপালীতে নাই। আমরা বার বার বলেছি নেপালী ভাষা করুন, করবেন না। রাণীর দালাল লোক আছেন তো, ইংরাজী ছাড়া বলেন না। গ্রাম দেখতে যাবেন ইংরাজীতে কথা কইবেন, লোকে কি বুঝবে? কতটুকুন আপনাদের নিজেদের দরকার ততটুকুন করেছেন। আমরা দেখেছি যখন আপনাদের ছবি ছাপা হবে সেই সময় আপনার স্টেনোগ্রাফারের দরকার হবে না, ছাপার কাগজের দরকার কম পড়বে না। দেখছি বিজয়বাবু ভাষণ দিয়ে দিচ্ছেন নেপালীতে ভাষণ লেবার মিনিস্টার

শ্রীবিজয় সিংহ নাহারনু ভাষণ দিলুম হৌযরন্ আগাচ্ছ।

এবং এ-টুকুই দরকার, আপনার প্রচারের জন্য এটুকু দরকার, তাই নেপালীতে করে দিলেন কিন্তু আপনার এখানে কি রকম অ্যাডমিনিস্ট্রেশন চলছে, কি রকম কোর্ট চলছে, কি রকম আমাদের শাসন চলছে তা ওদের বুঝতে দেবেন না, নেপালীদের বুঝতে দেবেন না, মহান্ বাঙ্গালী তাঁদেরকেও বুঝতে দেবেন না। সেজন্য বলছেন ইংরাজী থাকবে, ইংরাজী চলবে। বাংলাদেশে বসে আজ যা ইংরাজী মুরগা ডাকবো, বাংলায় মুরগা ইংরাজী বুলি এই তো চলছে। সেজন্য আমি নিবেদন করবো একটু ভেবে দেখুন, আমাদের দাবী ছিল লিঙ্গুইস্টিক মাইনরিটির জন্য কোর্ট-কাছারীতে যা কাজ করবেন সেগুলি নেপালীতে হোক, ডেভেলপমেন্টের তামাম কাজ হোক। আপনারা সাইন বোর্ড পর্যন্ত দিচ্ছেন না। আপনারা বাংলাতে নেপালীতে সাইন বোর্ড দিন। আমি বাংলাভাষাকে ভালবাসি, আমি লিঙ্গুইস্টিক মাইনরিটির জাতির ভাষাকে ভালবাসি। আপনারা ভাষাকে ভালবাসতে শিখুন, তিরস্কার করবেন না। ভাষা বিল পাশ হওয়া সত্ত্বেও আপনারা তিরস্কার করেছেন, নেপালী ভাষাকে। আমাদের বিজয়বাবু ঢোল পিটিয়ে বলবেন আমরা পশ্চিম বাংলায় নেপালী ভাষাতে কাগজ বের করেছি—লেবারের কাগজ—এ ছাড়া আর কিছু বলবেন না। আপনার বিল নেপালীতে আনুন, আমরা চাই অ্যাসেম্বলী প্রসিডিংস নেপালীতে দিয়ে দিন, নেপালীরা বুঝুক আপনারা কি বলছেন, আমরা কি বলছি, আপনারা কি করবেন। তা না হলে ভেজাল সরকার——গিনি সোনায় চলছে তো। বিজয়বাবু প্রচার মন্ত্রী—তাঁকে বলছি তিনি শুনুন আমাদের দাবী হল নেপালী ভাষাতে সব কাজ করতে হবে, এই বিল করা চলবে না, যে বিল পাশ হয়েছিল সেই অনুযায়ী কাজ করে যাবেন, তামাম ভাষা নেপালীতে করতে হবে, তা না করলে ওরা জানবে যে আপনারা যেসব বড় বড় বক্তৃতা দিচ্ছেন, সব ভণ্ডামী। আপনারা বড় বড় বক্তৃতা দিয়ে বলছেন এই করে দিচ্ছি, তাই করে দিচ্ছি, যেমন তেনজিংকে বললেন তুমি হিমালয়ে চড়েছো, খুব তুলে দিলেন কিন্তু নেপালী ভাষার তো কিছু করলেন না। আপনি এগুলি শুনে হাঁসছেন—এখানে হাঁসছেন, ওখানে গিয়ে ধমক খাচ্ছেন। বিজয়বাবু অত্যন্ত নরম নরম মিষ্টি মিষ্টি কথা বলে গেলেন কিন্তু আমি তো পূর্বেই বলেছি যে শুধু বিজয়বাবুকে দোষ দেব না, বাংলা দেশের অ্যাডমিনিস্ট্রেশন যাঁদের হাতে তাঁরা আপনাকে সামনে ঠেলে দিয়েছেন হাতীর দাঁতের মত করে।

[5-40—5-53 p.m.]

মিষ্টি কথা যতই বলুন, কাজ করবার লোক পিছনে আছেন, তাদের আপনারা কাজ করতে দেবেন না। রাইটার্স বিল্ডিং এমন একটা জায়গা, যে ওখানকার ব্যাপার শুনলে ভয় লাগে। ইংরাজী আমরা জানি না, আমরা বাংলায় বলি, আর ও'রা ইংরাজীতে তার রিপ্লাই দেন। এইত অবস্থা চলেছে। সেই জন্য আমি বলছি, আমরা চাই যে হেল্থ সেণ্টার থেকে শুরু করে সমস্ত জায়গায় নেপালী ভাষায় সাইনবোর্ড দিন। অন্ততঃ রেলওয়ে লাইনের ক্রসিং এ নেপালী ভাষায় লিখে সাইন বোর্ড দিতে বলুন। কারণ নেপালী ড্রাইভার সঙ্কেত বুঝতে না পারলে, সেখানে অ্যাকসিডেন্ট হয়ে বহু লোক মারা যাবার সম্ভাবনা আছে। আমি সেই জন্য সাবধান করে দিচ্ছি। আর কোর্টে এবং অন্যান্য সমস্ত জায়গায় নেপালীতে কাজকর্ম হোক, সার্কুলার নেপালীতে ছাপান হোক এবং সব বিল নেপালীতে লেখা হোক। আপনার রসিদ নেপালীতে ছাপান হোক। আর সেখানে ঐ রকম লোক বা অফিসার পাঠান—যারা নেপালী জানে, যারা নেপালী কথা বুঝতে পারে, যারা নেপালীতে দরখাস্ত লিখতে পারে। আমি একবার নেপালী ভাষাতে দরখাস্ত লিখে দিয়েছিলাম, তাতে দেখলাম সেখানকার অফিসার কিছুই বুঝতে পারলেন না। তিনি বললেন, আপনি কি লিখেছেন আমি পড়তে পারছি না। আমি বললাম নেপালী ভাষা চালু করার জন্য পাশ হয়ে গিয়েছে। আপনি দেখুন এতে কি লেখা আছে। ঐ রকম লোক ত আপনারা সেখানে পাঠান। তারা দার্জিলিং-এ গিয়ে কি করবে? সেখানকার লিঙ্গুইস্টিক মাইনরিটিদের ভাষা আপনার অ্যাডমিনিস্ট্রেশন-এর লোকেরা জানেন না, তাঁরা দার্জিলিং-এ কি কাজ করবে? তারা ত কিছুই বুঝতে পারবে না। লিঙ্গুই-

স্টিক মাইনরিটিদের যে ডিম্যান্ড, তা কি তারা বুঝতে পারবে? বুঝতে পারবে না। সেই জন্য আমি বলছি যে সমস্ত অফিসারকে দার্জিলিং-এ পাঠাবেন, তাদের অন্ততঃ নেপালী ভাষা শেখাবেন।

আর কি বলবো, আপনি যে বিল এনেছেন, খুব কড়া ভাষায় আমি তার বিরোধিতা করছি। আমি অনুরোধ করছি ১৯৬৫ সালের মধ্যেই এটা চালু হোক, এই বলে আমার ভাষণ শেষ করছি।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

Shri Naresh Nath Mookerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই বিলটি সম্বন্ধে কিছু বলবার ইচ্ছা ছিল না, এবং ইংরাজী ভাষার প্রতিষ্টা দেশে চিরদিনের জন্য যাতে হয়, এই কথা সমর্থন করতেও আমি উঠিনি। কিন্তু ওঁদিকের বন্ধুরা এমন একটা ইন্দ্রজাল বিস্তার করবার চেষ্টা করেছেন যার ফলে ও'রা বোঝাতে চান যে বাংলা সরকার আমাদের বাংলা ভাষাকে গঙ্গাযাত্রায় পাঠিয়ে ইংরাজীকে চিরদিনের জন্য দেশে প্রতিষ্ঠা করবার চেষ্টা করছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস পড়লে বোঝা যায় যে

"as practical difficulties are likely to arise for the changeover from English to Hindi".

সেই জন্য বিলটি আনা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলটি যদি বিরোধীদের মতে প্রত্যাহার করা হয়, তাহলে এর ফল এই হবে যে হিন্দী ভাষা কমপালসরি অলটারনেটিভ ল্যাংগোয়েজ হবে। আমি জানি না ওদিকের বন্ধুরা সেটা সমর্থন করবেন কি না। আমি সমর্থন করতে প্রস্তুত আছি। দুঃখের বিষয় এই আমাদের সংবিধানে ১৫ বৎসর সময় দেওয়া হয়েছিল যাতে আমাদের বাংলাদেশে শুধু নয়, অন্যান্য সমস্ত প্রদেশে যাতে আমাদের রাষ্ট্রীয় ভাষা অর্থাৎ হিন্দী চর্চা এবং প্রসার হয়, যার ফলে আমরা ১৫ বৎসর পরে এই বিদেশী ভাষাকে বর্জন করতে পারবো। কিন্তু আমরা সেটা করি নি। আমরা ১৫ বছরে বাংলা শিখিনি ভাল করে, ইংরাজীও শিখিনি ভাল করে, আর হিন্দীও তাই। হিন্দী চাই, এইটাই শুধু আমরা প্রচার করে এসেছি। শুধু আমরাই নয়, ভারতের প্রত্যেক প্রদেশের লোকেরা এই প্রচার করে এসেছে। ফলে আজকে এইটা দাঁড়িয়েছে যে ইংরাজী ভাষা যদি অলটারনেটিভ ল্যাংগোয়েজ হিসাবে আপনারা না রাখেন, তাহলে মাদ্রাজে আমাদের বন্ধুদের সঙ্গে, ভায়েদের সঙ্গে কোন কথাই বলতে পারবো না। আমরা আরো দক্ষিণে গেলে তাঁরা তেলেগু বলবেন, আরো আমরা বুঝতে পারবো না। আরো দক্ষিণে গেলে মালায়ালাম বলবেন, আরো আমাদের মুশকিল হবে, বম্বের দিকে গেলে মহররাষ্ট্র ভাষা ছাড়া তাঁরা কিছু বলবেন না, পাঞ্জাবে গেলে পাঞ্জাবী ভাষা ছাড়া আর কিছু বলতে পাবেন না, ফলে হবে কি? ভারতবর্ষ একটা ডিসইউনাইটেড ডিসইন্টিগ্রেটেড স্টেট হয়ে থাকবে। দুঃখের বিষয় আমি বাংলার ছেলে, আপনারাও বাংলার ছেলে, বাংলার মাটিতে জন্ম, বাংলার হাওয়া, বাংলার জল সেবন করে আমরা বেঁচে আছি কোন সন্দেহ নেই। আমরা বাংলায় চিন্তা করি, বাংলা ভাষায় আমরা লিখি, বাংলা ভাষায় আমরা বক্তৃতা দিই এবং দেব। কিন্তু আজকে যদি আমরা সাহস করে বলতে পারি যে, হ্যাঁ ইংরাজী তুলে দেওয়া হোক, আমাদের রাষ্ট্রভাষা হিন্দীকে আমরা অলটারনেটিভ কমপালসরি ল্যাংগোয়েজ হিসাবে প্রতিষ্ঠা করি রাষ্ট্রে তাহলে এই বিলকে সমর্থন না করতে আমি প্রস্তুত আছি। কিন্ত আমার একটি বন্ধুও ওদিকে একথা সমর্থন করবেন না আমি জানি, সেই জন্য আমি এই বিলটি সমর্থন করছি।

অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা, আজকে ভারতবর্ষে আমাদের বাংলাদেশের ছেলেরা প্রতিযোগিতায় যদি যোগদান করতে চায়, যে কোন একজামিনেশন আজ দিতে চায়, ভারতবর্ষের অন্যান্য ছেলেদের সংগে আমাদের প্রতিযোগিতা করতে হলে আমাদের ইংরাজী ছাড়া উপায় নেই। বিদেশে গেলে, এমন কি এখানে হায়ার এডুকেশন, ইউনিভারসিটিতে পড়তে গেলে, যে কোন জিনিষই আপনি নিন, এক্সপেরিমেন্টাল সাইকোলজি পাওয়াই যাবে না বাংলায় বই বা হিন্দীতে বই। আপনার ফিলসফিতেও বাংলার অনুবাদ বই পাওয়া যাবে না। সায়েন্স-এর কথাই নেই, তাহলে আজকে ইংরাজী অলটারনেটিভ ল্যাংগয়েজ থাকবে কি না এ নিয়ে এত বিতর্কের কি কারণ তা আমি বুঝতেই পারি না। বাংলাভাষাকে দেশ থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে না, আমরা বাংলাভাষাতেই বক্তৃতা দেবো এবং বাংলাভাষাই আমাদের মাতৃভাষা এ বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু যদি আজকে সত্য কথা বলতে হয় তাহলে আমাদের বিরুদ্ধে দলের নেতারা, বন্ধুরা, তাঁরা কি সত্যিই একথা বলতে পারেন বুক ফুলিয়ে যে ইংরাজী ভাষা দূর করে দেওয়া হোক, হিন্দী ভাষা আমরা অলটারনেটিভ কমপালসরি ল্যাঙ্গোয়েজ করবো। এ কেউ বলবেন না আমি জানি সেই জন্য অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে এই বিলটি সমর্থন করতে চাই। আর একটি কথা, আজকে আমি দেখেছি, আপনার দপ্তরের বিষয়েই বলতে হয় বাংলায় সব বক্তৃতা যেগুলি হাতে করে লেখা, মাঝে মাঝে আমরা পাই কারেকশনের জন্য, আমরা সেগুলি পড়তে পারি না, তা টাইপ করবার ব্যবস্থাই নেই। আমি আপনাকে বহুবার অনুরোধ করেছি, আপনি তার উত্তর দিয়েছেন যে পাওয়া যায় না। সত্যি কথা, বাংলা সর্টহ্যান্ড এবং বাংলা টাইপিস্ট এখনও ডবল মাইনে দিলেও পাওয়া যায় না, যে কয়েকজন আছেন তাঁরাই কোন রকমে চালান। আর আমাদের কথাও বলে কাজ নেই, বাংলা বলতে বলতে ত বন্ধুদের সংগে কত ইংরাজী কথা যে তার মধ্যে বলে ফেলি তার সংখ্যা নেই। একটা ভাষা অন্ততঃ আমরা ভাল করে লিখি, অধ্যক্ষ মহাশয়, বাংলাটাই আমরা লিখতে আরম্ভ করি। আমি সর্বান্তকণে সমর্থন করি ইংরাজী যত শীঘ্র দূর করে দেওয়া যায় ততই ভাল। কিন্তু একটা অলটারনেটিভ ল্যাঙ্গোয়েজ আমাদের শিক্ষা করার চেষ্টা করা দরকার। আমরা বাঙ্গালীরা বাংলা ভাল করে শিখব, কিন্তু একটা অলটারনেটিভ ল্যাঙ্গোয়েজ যে থাকার দরকার, সেটার কি হবে? ইংরাজীকে সরিয়ে দিয়ে কোন্ ভাষাকে আপনারা চালু করবেন এটাই আমরা জানতে চাই। আমি অনর্থক বিতর্কের পক্ষপাতী নই। যাতে এই বিলটা পাশ হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

স্পীকার মহাশয়, আমি দেখলাম স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস নিয়ে শম্ভুচরণ ঘোষ মহাশয়ের আপত্তি আছে। আমি চিন্তা করে দেখলাম স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস থেকে ঐ ক্লজ উইথড্র করে নিলে কোন অসুবিধা হবে না। আশা করি এর পর ও'রা পয়েন্ট অফ অর্ডার থাকবে না।

Shri Sambhu Charan Ghosh:

স্যার, আমার মূল বক্তব্য স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এর থার্ড প্যারাগ্রাফ-এর উপর। আমি বলেছিলাম এই প্যারাগ্রাফটা যদি রাখেন তাহলে এই অ্যামেন্ডমেন্টে অরিজিন্যাল অ্যাক্টএর বিপরীত হয়ে যায়। আমি অত্যন্ত খুসী হয়েছি মন্ত্রিমহাশয় এই প্যারাগ্রাফটা তুলে নিয়েছেন। আমিও আমার পয়েন্ট অফ অর্ডার প্রত্যাহার করে নিচ্ছি।

Adjournment

The House was then adjourned ta 5-53 p.m. till 1 p.m. on Tuesdy, the 15th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 15th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 144 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Scheduled Castes and Tribes people holding certain categories of Government post

*353. (Admitted question No. *1133.) **Shri MAHANANDA HALDAR:** Will the Hon'ble Minister-in-charge of the Home (G.A.) Department be pleased to state—

(a) how many of the Divisional Commissioners, District Magistrates, Directors of different Directorates, District Judges, I.G.s, D.I.G.s., S.P.s of Police under the State Government hail from Scheduled Castes and Scheduled Tribes of West Bengal;

(b) whether Government follow the principle of reservation in these appointments;

(c) if not, the reasons therefor; and

(d) in what cases, if any, the Government follow the principle of reservation in these appointments?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

(a)

	Scheduled Castes	Scheduled Tribes
(1) Divisional Commissioners ...	Nil	Nil
(2) District Magistrates	2	Nil
(3) Heads of Directorate ...	1	Nil
(4) District Judges	1	Nil
(5) I.G.s	Nil	Nil
(6) D.I.G.s	Nil	Nil
(7) Supdts. of Police	1	Nil

(b) No.

(c) and (d) Article 335 of the Constitution of India provides that the claims of the members of the Scheduled Castes and Scheduled Tribes shall be taken into consideration in a manner consistent with the maintenance of the efficiency of administration in the making of appointments to services and posts in connection with the affairs of the Union or of a State. In pursuance with this direction the State Government have made provision for reservation for Scheduled Castes and Scheduled Tribes to the extent of 15 per cent. and 5 per cent. respectively of vacancies to be filled by direct recruitment in a number of services and posts under the control of the State Government. Recruitment against the reserved vacancies in the services so specified is made accordingly.

As regards the I.A.S. and the I.P.S. which are under the rule making control of the Central Government, there is provision in the Recruitment Rules for reservation for Scheduled Castes and Scheduled Tribes to the extent of 12½ per cent. and 5 per cent. respectively in vacancies to be filled by direct recruitment in those services. Recruitment of members of Scheduled Castes and Scheduled Tribes is made accordingly against the reserved vacancies. While there is reservation as indicated above in the services themselves, it is not possible to provide for any reservation against any particular post or class of posts as mentioned in item (a) above.

শ্রীমহানন্দ হালদারঃ এফিসিয়েন্সি ইন অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে ধেবর কমিটি এবং শ্রীকান্ত কমিটির রিপোর্ট কি এবং সেগুলি বেঙ্গল গভর্নমেন্ট ফলো করেন কিনা?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ আমরা যতদূর সম্ভব ফলো করি।

শ্রী[illegible] রায়ঃ দুটি সাজেশন দিয়েছে, সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস-দের অ্যাপয়েন্টমেন্ট সম্বন্ধে রিলাক্সেশন করা উচিত, এটা কি ঠিক?

দি অনারেবল [illegible] নস্করঃ এটা মতামতের কথা।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এই পার্টিকুলার রিপোর্টে এই রেকমেন্ডেশন কি আছে যে, এখন যে আইনগুলি আছে সেগুলি রিলাক্সেশন করে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের অধিকসংখ্যক নেওয়া উচিত?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ আপাতত এটুকু বলতে পারি যে, যতটুকু জানতে চেয়েছেন সেটুকুর জবাব দিয়েছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ সিডিউল্ড কাস্ট টোটাল পপুলেশনের কত পারসেন্ট এবং সিডিউল্ড ট্রাইব কত পারসেন্ট আছে সেটা জানাতে পারেন কি?

মিঃ স্পীকারঃ আপনি নোটিশ দিয়ে দেবেন।

শ্রীসনৎকুমার রাহাঃ আপনি এই যে ১৫ পারসেন্ট এবং সাড়ে বার পারসেন্ট বললেন, এটা কি আই পি এস এবং আই এ এস-এর জন্য?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

As regards I.A.S. and I.P.S. which are under the rule making Control of the Central Government, there is provision in the Recruitment Rules for reservation for Scheduled Castes and Scheduled Tribes to the extent of 12½ per cent. and 5 per cent. respectively in vacancies to be filled by direct recruitment in those services.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister was kind enough to say that the number of posts held by the Scheduled Castes and Scheduled Tribes under some categories is nil. Do the Scheduled Castes and Tribes come under the category of 'Nil'?

The Hon'ble Ardhendu Shekhar Naskar: It is not possible to reply offhand.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Will the Hon'ble Minister be pleased say why after 17 years of independence—I am not talking about reservation, apart from reservation,—it is not possible for the Scheduled Castes to come up for higher services?

The Hon'ble Ardhendu Sekhar Naskar: I do not think, Sir, this question arises out of this question.

Shri A. H. Besterwitch: I do not suppose the Hon'ble Minister has read the Dhebar Committee's report but will he please state why there are no Scheduled Tribes candidates in the higher services?

Hon'ble Ardhendu Sekhar Naskar: The matter may be referred to the Central Government.

Shri Mahananda Haldar:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, মহারাষ্ট্র এবং গুজরাটে সিডিউল্ড ট্রাইবসদের এবং সিডিউল্ড কাস্টদের যে কোয়ালিফিকেশন ফর অ্যাডমিনিস্ট্রেশন-এর ব্যবস্থা করেছেন, তাঁরা যেসমস্ত স্পেশ্যাল ব্যবস্থা করেছেন, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট তা করবেন কিনা?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

অন্য রাষ্ট্রে কি হয়েছে জানি না।

Shri Sailendra Nath Adhikary:

আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, এটা কি সমস্ত রকম সার্ভিস ইনক্লুড করে বলা হচ্ছে, না কি হায়ার সার্ভিস-এর কথা বলা হচ্ছে?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

এটা শুধু হায়ার সার্ভিস-এর জন্য।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় উত্তর দিলেন বহু পোস্ট নিল আছে, আমার প্রশ্ন হচ্ছে, ক্যানডিডেট কি অ্যাক-চুয়ালি অ্যাপ্লাই করে নি, না এফিসিয়েন্সির কোন বাধা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেখানে কমপিটিটিভ এক্সামিনেশন-এর দ্বারা হয় সেখানে তো সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস-এর ক্যান্ডিডেটস থাকা চাই। পরীক্ষা না দিলে ও'রা কি করে নেবেন? এটা তো প্রতিযোগিতামূলক পরীক্ষার ব্যাপার।

Shri Sanat Kumar Raha: Did the West Bengal Government get application from those candidates and they were considered inefficient.

The Hon'ble Prafulla Chandra Sen:

আই, এ, এস এবং আই, সি, এস-এর রিক্রুটমেন্ট আমরা করি না, ইউনিয়ন পি, এস, সি করেন। তাঁদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নাই।

Shri Sanat Kumar Raha:

ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কি সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের ব্যাপারে কোন রকম সংখ্যাতত্ত্ব রাখেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিস দিলে আমি নিশ্চয়ই দেব।

[1-10—1-20 p.m.]

Shri Birendra Narayan Roy:

এই যে ধেবর কমিটি শ্রীকান্ত কমিটির রেকমেন্ডেশন প্রেজেন্ট রুল রিল্যাক্স করা উচিত সেটা আপনারা পড়ে কার্যকরী করার কথা চিন্তা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

ধেবর কমিটি শ্রীকান্ত কমিটি যে রেকমেন্ডেশন করেছেন সেটা তো তাঁরা স্টেটের কাছে করেন নি, সেই রেকমেন্ডেশন তাঁরা করেছেন কেন্দ্রীয় সরকারের কাছে। তাঁরা যেটুকু তার মধ্যে গ্রহণ করেছেন স্বীকার করেছেন সেটা আমরা এখানে কার্যকরী করছি কিনা বলতে পারি।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has said that the Dhebar Committee report was sent to the India Government and not to the State Government. But the recommendations were there for the State Government that the State Government should follow certain procedure. Has the Minister-in-charge read those things?

The Hon'ble Prafulla Chandra Sen: So far as the all India services are concerned, the recommendations were made to the Central Government but in so far as the report related to the State Government, certainly the recommendations were made to the State Government.

Supply of ration twice a week

***407.** (Admitted question No. *996.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি. সপ্তাহে দুইবার রেশন দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এইরূপ ব্যবস্থা কলকাতা ও শিল্পাঞ্চলে চালু করা হয় নাই। তবে দুইটি জেলাতে মডিফায়েড রেশনিং মারফত এইরূপ ব্যবস্থা কেবলমাত্র 'এ' শ্রেণীর গরিব কার্ডহোল্ডারদের মধ্যে পরীক্ষামূলকভাবে দিবার জন্য সংশ্লিষ্ট জেলাশাসকদিগকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Shri Bhakti Bhusan Mandal:

যে দুটোর নাম করলেন তার মধ্যে কোন্ কোন্ জেলায় এই রকম পরীক্ষামূলকভাবে চালানো হয়েছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

মুর্শিদাবাদে আছে।

There is a standing order on the dealers of Sadars and Lalbag Subdivisions allowing by-weekly drawal of ration if and when insisted. Similar system is being implemented in other subdivisions also.

Shri Bhakti Bhusan Mandal:

তাহলে দুটো জেলা নয়, দুটো সাব-ডিভিসন আপনি বলতে চান।

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

বর্ধমানের কাটোয়া সাব-ডিভিসনে আছে।

Shri Bhakti Bhusan Mandal:

এই যে পরীক্ষামূলকভাবে আপনারা ব্যবস্থা করছেন সেটা অন্য আরও জেলাতে করা হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

দুটো জেলার যে মহকুমাগুলিতে এটা করা হচ্ছে, তার ফল দেখে আমরা অন্যান্য জেলায় এটা আরম্ভ করব কিনা সেটা পরে স্থির করব।

Shri Bhakti Bhusan Mandal:

এই ফলটা কতদিনে দেখবেন সেটা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আপনাকে কোন সময় দিতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে দুটো জেলায় এক্সপেরিমেন্টাল বেসিসে করা হচ্ছে এবং সেটার ফল দেখে ভবিষ্যতে অন্যান্য জেলাগুলিতে করা হবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, মুর্শিদাবাদ জেলার বহরমপুর এবং লালবাগ সাব-ডিভিসনে এই প্রসেস কতদিন আগে থেকে সুরু করেছেন, সেটা বলতে পারবেন কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

ডেট বলা এখন সম্ভব হবে না।

Shri Sailendra Nath Adhikary:

এই প্রসেসটা এখন থেকে ছয় মাস আগে থেকে হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, ছয় মাস বাদে আপনারা কি এটা বুঝতে পারেন নি যে, এইভাবে দুবার রেশন নিলেও ডিলাররা ভালভবে দিতে পারে এবং [illegible] নিতে পারে? [illegible] আর দেরি করছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এ সম্বন্ধে কোন স্থির সিদ্ধান্ত নিতে পারি নি।

Shri Sanat Kumar Raha:

সপ্তাহে দুবার রেশন তোলা সম্পর্কে আমাদের অভিজ্ঞতা আছে যে অধিকাংশ নিম্নমধ্যবিত্ত শ্রেণীর লোকেরা রেশন নিতে পারেন না, সেজন্য বহরমপুর কাশিমবাজারে আমরা চেষ্টা করেছিলাম সপ্তাহে যাতে দুবার রেশন পায়। কিন্তু ১৯৬২ সালে একবার দেওয়া হয়েছে। ১৯৬৩ সালে এক সপ্তাহ দেওয়া হয়েছিল। এবারে সম্পূর্ণ দেওয়া হয় নি। কাজেই এই যে বললেন পরীক্ষামূলকভাবে চালানো হচ্ছে—পরীক্ষার বিচার্য কোন্ কোন্ জিনিস আছে, টেকনিক্যাল কোন অসুবিধা আছে কিনা, খাতাপত্র রাখার অসুবিধা কিনা, কোন বিচার্য বিষয় আছে সেটা আমরা জানতে চাই। তাহলে আমরা পরীক্ষামূলকভাবে চালাতে গভর্নমেন্টকে সাহায্য করতে পারতাম?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথম অসুবিধা হচ্ছে, এই আমাদের রেশন ডিলার যারা তাদের অনেক খাতাপত্র হিসাবপত্র রাখতে হয়। এইসব ডিলাররা কিছু ধনী লোক নয় এবং এতে এমন কিছু তাদের লাভ হয় না যাতে করে তারা বেশি করে রাখতে পারে। এই হচ্ছে সবচেয়ে বড় অসুবিধা। আর একটা অসুবিধা হচ্ছে চেকিং-এর জন্য। আমাদের যে কয়জন ইন্সপেক্টর আছে তারা বার বার যদি চেকিং-এর জন্য যায় তাহলে সব দোকানগুলি চেক করতে পারে না। এই দুটি মূল অসুবিধা হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

যে অসুবিধাগুলির কথা বললেন সেই অসুবিধাগুলি তো মোটামুটি ডিলাররাও বলে, আমি আপনাকে জিজ্ঞাসা করছি—চেকিং-এর সময় যে অসুবিধার কথা বললেন, সেই চেকিং-এর সময় অসুবিধা দূর করবার জন্য আপনি ইংলণ্ডে যেমন স্মল স্লিপ সিস্টেম হয়েছিল সেরকম স্মল স্লিপ সিস্টেম ইনট্রোডিউস করলে ভাল হয় কিনা সেটা চিন্তা করে দেখেছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

চিন্তা করে একবার দেখেছিলাম কিন্তু আমাদের দেশের যা অবস্থা তাতে অন্যান্য দেশের সঙ্গে তুলনা করা যায় না। আমরা সেজন্য অনেক সময় বলে থাকি, যদি সমবায়ের মাধ্যমে আমরা এগুলি করতে পারতাম তাহলে সমস্ত কাজগুলি সহজেই সম্পন্ন হত।

Shri Sailendra Nath Adhikary:

সমবায়ের কথা যখন তুললেন, তখন মাননীয় মুখ্যমন্ত্রী কি চিন্তা করে দেখবেন একদিকে কনজিউমারদের এরকম অসুবিধা আর একদিকে বিভিন্ন রকম টেকনিক্যাল ডিফিকাল্টির কথা যা বললেন, এই দুটো ইকুয়েট করার জন্য প্রত্যেক পঞ্চায়ত এবং প্রত্যেক মিউনিসিপ্যালিটিকে বেসিস করে প্রত্যেক কার্ডহোল্ডারকে সমবায়ের মেম্বার করে তারপর সমবায়গুলি ইন্ট্রোডিউস করে এই অবস্থার প্রতিকার করা যায় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা বিশেষ বিবেচনাযোগ্য, তবে এই ভারটা সরকারের উপর না দিয়ে সমবায়ী যাঁরা আছেন বা সমবায়ের মনোভাব যাঁদের আছে তাঁদের উপর দিলে ভাল হয়।

Shri Bhabani Mukhopadhyay:

আমার সাপ্লিমেন্টারি হচ্ছে যে আমরা শহরাঞ্চলে দেখেছি যেসমস্ত দোকানে মডিফায়েড রেশন শপ হয়েছে ওরা একসময় রেশন শপ চালাতেন এবং সেই রেশন শপ চালানোর সময়ে এক-একটা বাড়িতে আট-দশটা কার্ড ছিল। যদি এটা হতে পারে তাহলে বর্তমানে একটা ফ্যামিলির দুবার সপ্তাহে রাখা যাবে না কেন সেই কারণটা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

একটা বাড়িতে যদি একশ রেশন কার্ড থাকে তাহলে একশ লোকের হিসাব করে দেখা গেল যে, ১০০ কেজি চাল এবং ১০০ কেজি গম পাবে। একবার ১০০ কেজি চাল ওজন হল, আর একবার ১০০ কেজি গম ওজন হল। সে যদি সপ্তাহে দুবার নিতে আসে, তাহলে দুবার ওজন করতে হবে এবং দুবার করে লিখতে হবে—যদি এই প্রথা প্রবর্তন করি এবং আগে একটা লাইন দেখে চেক করা যেত এখন দুটো লাইন দেখে চেক করতে হবে।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় একথা জানেন কিনা যে, পূর্বে যখন রেশন প্রথা চালু ছিল তখন সপ্তাহে দুবার করে রেশন দেওয়ার ব্যবস্থা ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার তো জানা নেই, আমি ১৭ বছর ধরে আছি।

Shri Sanat Kumar Raha:

১০০টা একসঙ্গে নেবে না, আজকে ১০ খানা, কালকে ১০ খানা, এরকম ৭ দিনে ১০০ খানা নেবে। তাতে যদি চেকিং-এর অসুবিধা না থাকে তাহলে আর কি অসুবিধা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেটা স্ট্যাটুটরি রেশনিং ছিল সেটা মাত্র শহরাঞ্চলে ছিল, কিন্তু আমরা এখন যা আলোচনা করছি, আমরা গ্রামাঞ্চলের কথা বলছি।

Ration for the G. R. recepients

***408.** (Admitted question No. *997.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, যাহারা খয়রাতী সাহায্য হিসাবে গম পাইয়া থাকে, তাহাদের ক্রয়ক্ষমতা না থাকার দরুন তাহারা রেশন দোকান হইতে যে গম পায় তাহা রেশন দোকানেই কম মূল্যে বিক্রয় করিয়া থাকে; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে এ সম্পর্কে সরকার তাহাদের ক্ষেত্রে চাউলের সহিত গম না দেওয়ার কথা চিন্তা করিতেছেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(No supplementary)

Retail price of some varieties of vegetables in Calcutta and Hooghly

*409. (Admitted question No. *1006.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা এবং হুগলিতে নিম্নলিখিত জিনিসগুলির ১৯৬৩ সালের জুন মাসে এবং ১৯৬৪ সালের জুন মাসে কিরূপ দাম ছিল—

(ক) আলু প্রতি কিলো,

(খ) পটল প্রতি কিলো,

(গ) বেগুন প্রতি কিলো, এবং

(ঘ) ঢ্যাড়স প্রতি কিলো।

[1-20—1-30 p.m.]

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

একটি মূল্যতালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to Starred question No. 409 (admitted question No. *1006)*

Statement showing minimum retail prices of some varieties of vegetables in Calcutta and Hooghly SDR in rupees per Kilogram.

Articles.	Calcutta		Hooghly	
	Last week of June '64 (27-6-64)	A year ago : (29-6-63) :	Last week of June '64 (27-6-64)	A year ag (29-6-63)
1. Potato	0·82	0·44	0·80	0·4
2. Patal	0·78	0·65	0·75	0·3
3. Brinjal	0·72	0·64	0·75	0·2
4. Vendi	0·80	0·50	0·75	0·4

আলুর দাম ছিল কলকাতায় লাস্ট উইক অফ জুন ১৯৬৪তে ৮২ নয়া পয়সা এবং এ ইয় এগো অর্থাৎ ১৯৬৩তে ৪৪ নয়া পয়সা।

আর হুগলিতে লাস্ট উইক অফ জুন ১৯৬৪তে ছিল ৮০ নয়া পয়সা, আর তার এক ব আগে ছিল ৪০ নয়া পয়সা।

কলকাতায় পটলের দাম ছিল লাস্ট উইক অফ জুন ১৯৬৪তে ৭৮ নয়া পয়সা, আর এ বছর আগে ছিল ৬৫ নয়া পয়সা এবং হুগলিতে লাস্ট উইক অফ জুন, ১৯৬৪তে পটে দর ছিল ৭৫ নয়া পয়সা, আর তার এক বছর আগে দর ছিল ৩৭ নয় পয়সা।

কলকাতায় বেগুনের দাম লাস্ট উইক অফ জুন ১৯৬৪তে ছিল ৭২ নয়া পয়সা, আর ত আগের বছর ছিল ৬৪ নয়া পয়সা এবং হুগলিতে ঐ সময় ছিল ৭৫ নয়া পয়সা ও ২৫ ন পয়সা।

ভেণ্ডির দাম কলকাতায় লাস্ট উইক অফ জুন ১৯৬৪তে ছিল ৮০ নয়া পয়সা, তার এ বছর আগে অর্থাৎ লাস্ট উইক অফ জুন ১৯৬৩কে ৫০ নয়া পয়সা। আর হুগলিতে লা উইক অফ জুন, ১৯৬৪তে ছিল ৭৫ নয়া পয়সা, আর তার এক বছর আগে ছিল ৪৪ নয়া পয়সা

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় যা ইনফরমেশন আমাদের দিলেন তাতে দেখা যাচ্ছে যে, প্রত্যেকটি জিনিসের দাম দেড়গুণ করে বেড়েছে। এই দেড়গুণ দাম বেড়ে যাওয়ার পরে, মাননীয় মন্ত্রিমহাশয় কি চিন্তা করেন যে সাধারণ মানুষের জীবনযাত্রা যেভাবে এর দ্বারা বিপর্যস্ত হচ্ছে তাতে আপনারা এই সমস্ত জিনিসপত্র সস্তায় দেবার জন্য ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সে রকম কোন পরিকল্পনা নেই।

Shri Deb Saran Ghosh:

আলুর দাম বাড়ানোর ব্যাপারে আমরা জানতে পেরেছি যে, আলু কম উৎপাদন হয়েছে এবং কোল্ড স্টোরেজএর ব্যাপারে দাম বেড়েছে। কিন্তু এই দাম বাড়ার কারণটা কি আলুর উৎপাদন কম হওয়ার জন্য না কোল্ড স্টোরেজএ রাখার জন্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

আলু বা পটল এবং অন্যান্য জিনিসের দাম নির্ভর করে মূলতঃ উৎপাদনের উপর। যদি কোন দু'তিনটা প্রধান জিনিসের মূল্য বৃদ্ধি পায়, তাহলে অন্য জিনিসের মূল্যও বৃদ্ধি পাবে।

Shri Sailendra Nath Adhikary:

পটলের উৎপাদন কমে গিয়েছে বলেই কি পটলের দাম বেড়েছে? অর্থাৎ পটল, পটল তুলেছে বলেই কি তার দাম বেড়ে গিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। অনেক সময় আবার বৃদ্ধি পটল তোলে কিনা, তার জন্য হয় নি। আসলে ব্যাপারটা হচ্ছে, এখানে তো আমি আগেই বলেছি, মূলতঃ দুটো কারণের জন্য তরিতরকারির মূল্য বৃদ্ধি পেয়েছে। পটলের উৎপাদন কম হওয়ায় এবং অন্যান্য যেসমস্ত নিত্যপ্রয়োজনীয় ব্যবহার্য জিনিস আছে, সেগুলির মূল্যবৃদ্ধি হলে, তার ফলস্বরূপ অন্যান্য জিনিসপত্রেরও মূল্যবৃদ্ধি হয়। সেইজন্যও।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবঙ্গ সরকারের কাছে কি এই ধরনের তথ্য আছে যে, আমাদের বাংলাদেশে যে পরিমাণ তরিতরকারি উৎপাদন হওয়া উচিত প্রয়োজনমত, সেই পরিমাণ তরিতরকারি উৎপাদন হচ্ছে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি পশ্চিমবঙ্গে আলুর উৎপাদনের কথা বলতে পারি—আলুর উৎপাদন পশ্চিমবঙ্গে আগে ২ লক্ষ টন হত, সেটা বাড়তে বাড়তে ৬০ লক্ষ ৭ হাজারটন হয়েছে। তবে গত বছরে সে ৫ লক্ষ ১৬ হাজার টনে নেমে গিয়েছে। অন্যান্য তরিতরকারির সম্বন্ধে বহু জেলার মাননীয় সদস্য এখানে আছেন, তাঁরাও বলবেন, আমাদের পশ্চিম বাংলায় তরিতরকারির উৎপাদন পূর্বাপেক্ষা ঢের বেশী বেড়েছে। কিন্তু এটাও সত্য যে, আজকের চাহিদা পূর্বের চেয়ে অনেক বেশি বেড়েছে।

Shri Sanat Kumar Raha:

তাহলে পশ্চিম বাংলায় তরিতরকারি বেশি পরিমাণে উৎপাদন করার জন্য পশ্চিম বাংলা সরকারের তরফ থেকে কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদিও এটা এই প্রশ্ন থেকে উঠে না, তবু আমি মাননীয় সদস্যকে বলতে চাই যে আমাদের পশ্চিম বাংলার অনেক বিষয় আমরা ভাল উৎপাদনের ফল দেখতে পারি না। কিন্তু তরি-তরককারি সম্বন্ধে এইটুকু বলতে পারি গর্বের সঙ্গে যে, আমাদের উৎপাদন খুব ভাল হয়েছে। আমরা বীজ বিতরণ করে থাকি, লোককে আমরা উৎসাহ দিয়ে থাকি এবং কি কঃ ফলাতে হবে তরিতরকারি সে সম্বন্ধে উপদেশ দিয়ে থাকি।

Shri Sanat Kumar Raha:

তরিতরকারি উৎপাদনের জন্য আমাদের ধান্য, যেটা প্রধান খাদ্য তার মাড়া এবং চৈতালী ফসল ক্ষতিগ্রস্ত না হয়, অথচ তরিতরকারি বেশি করে উৎপাদন করা যায়, সে বিষয়ে কোন বিবেচনা বা গবেষণা করা হচ্ছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা ধানের জমিতে কখনও তরিতরকারি করি না। কাজে কাজেই তরিতরকারি উৎপাদনের জন্যে কোন ধানের জমির ক্ষতি হবে না। তবে কিছু ধানচাষের জমিকে আমরা ডাইভার্ট করেছি পাটচাষের জন্য সে বিষয় সন্দেহ নেই। কিন্তু তরিতরকারি ধানের জমিতে করা হয় না। তবে তরিকরকারি যারা আগে কম উৎপাদন করত, এখন তারা বেশি করে করছে, যেখানে দুটো করে তরিতরকারি করত আগে, এখন সেখানে পাঁচটা করে তারা তরিতরকারি উৎপাদন করছেন। এবং সেদিকে পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্য আছে।

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখনই বলবেন যে, যতই উৎপাদন বাড়ুক তাতে দাম কমার কোন রকম ব্যবস্থা নাও হতে পারে, কারণ অনেক কারণে দাম বাড়ে। তাহলে আমাদের এইসব ফলন বাড়িয়ে লাভ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের মাননীয় সদস্য মহাশয় শুধু খেতে চান, দিতে চান না। তিনি কলকাতা শহরে থাকেন বলে যে উৎপাদক তার কথা চিন্তাও করেন না। আমার কাছে সেদিন একটি মহিলা এসেছিলেন। তিনি বললেন, আমি ৪ সের ঢ্যাঁড়স এনেছিলাম ৪ টাকায় বিক্রি করেছি, চাল কিনে নিয়ে যাচ্ছি। আমার কিছুই দুঃখ নেই। কাজে কাজেই উৎপাদকের কথা যদি চিন্তা করেন তাহলে সদস্য মহাশয় এ প্রশ্ন করতেন না।

Shri Deb Saran Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ধানের জমিতে তরিতরকারি চাষ করা হয় না। এই পরি-সংখ্যানটা কোথা থেকে যোগাড় করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা অনেক দূরে চলে গিয়েছি, খাদ্য থেকে কৃষিতে চলে গিয়েছি। কাজে কাজেই এখন এর থেকে বেশি উত্তর দেওয়া যাবে না।

Chairmanship of Dandakaranya Project

***410.** (Short notice) (Admitted question No. *1729.)

শ্রীশম্ভুচরণ ঘোষ এবং **শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দণ্ডকারণ্য প্রকল্পের চেয়ারম্যান শ্রীশৈবাল গুপ্ত পদত্যাগ করায় ঐ পদের জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট নূতন কোন নাম-প্রস্তাব করিয়াছেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

না। কেন্দ্রীয় সরকার হইতে এ জাতীয় অনুরোধ আসিলে পর রাজ্যসরকার নূতন নাম প্রস্তাবের বিষয়টি বিবেচনা করিবেন।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কেন্দ্রীয় সরকাবের কাছ থেকে এইরকম কোন প্রস্তাব আসে নি। আমি আপনাকে প্রশ্ন করছি, শৈবাল গুপ্ত যে পদত্যাগ করেছেন এই পদত্যাগ করবার পর, এ খবর জানবার পর পশ্চিমবঙ্গ সরকার সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে কোন স্টং রিপ্রেজেন্টেশন পাঠিয়েছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথমত শৈবাল গুপ্ত নয়, শ্রীশৈবাল গুপ্ত, তিনি এখনও বেঁচে আছেন। শ্রীশৈবাল গুপ্তের পদত্যাগপত্র আমরা এখন জানতে পেরেছি যে কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। শ্রীশৈবাল গুপ্ত আমাদের দ্বারা নিযুক্ত হন নাই। কেন? না, দণ্ডকারণ্যের যে অথরিটি তা আমাদের অধীনে নয়, কেন্দ্রীয় সরকারের অধীনে। কাজে কাজেই এর নিয়োগ কাকে করা হবে কেন্দ্রীয় সরকার সেটা বিবেচনা করবেন। এবং আমি আশা করি কেন্দ্রীয় সরকার এর পূর্বে পূর্বে আমাদের কাছে যেমন মত চেয়েছেন এবারও নিশ্চয়ই চাইবেন।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE

Grants to Kharagpur College

725. (Admitted question No. 442.) **Shri NARAYAN CHOUBEY:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total grant-in-aid given to the Kharagpur College up to date and under what heads; and

(b) the grant-in-aid received by the college as building grant in 1959, 1960, 1961, 1962 and 1963?

The Minister for Education: (a) and (b) Details are shown in the enclosed statement.

Statement referred to in reply to unstarred Question No. 725.

1. Maintenance Grant and Govt. D.A.

1050-51—	Rs.
(1) Maintenance grant	6,000
1951-52	
(1) Maintenance grant	6,000

	Rs.
1952-53	
(1) Maintenance grant	6,000
1953-54—	
(1) Maintenance grant	6,000
1954-55—	
(1) Maintenance grant	6,000
1955-56—	
(1) Maintenance grant	6,000
1956-57—	
(1) Maintenance grant	6,000
1957-58—	
(1) Maintenance grant	[illegible]
1958-59—	
(1) Maintenance grant	7,000
(2) Government D.A.	6,618
1959-60—	
(1) Maintenance grant	8,000
(2) Government D.A.	8,194
1960-61—	
(1) Maintenance grant	8,000
(2) Government D.A.	9,080
1961-62—	
(1) Maintenance grant	8,000
(2) Government D.A.	8,736
1962-63—	
(1) Maintenance grant	8,000
(2) Government D.A.	9,370
1963-64—	
(1) Maintenance grant	7,500
(2) Government D.A.	9,809
1964-65—	
(1) Maintenance grant (1st Instalment)	3,750
	1,51,055

2. For improved salary scales of teachers (U.G.C.)

	Rs.
1957-58	3,250·00
1958-59	3,250·00
1959-60	5,500·00
1960-61	15,594·51
1961-62	19,766·47
1962-63	22,941·43
1963-64 (From March, 1963 to February, 1964)	27,900·00
1964-65	Not yet paid.
	98,202·41

3. For additional staff under the Three-Year Degree Course Scheme

	Rs.
For 1960-61 and 1961-62	8,931·01 (Paid during 1963-64).
For 1962-63	13,777·65 (Paid during 1964-65).
	22,708·66
GRAND TOTAL	2,71,966·07

4. Building grant up to 1959-60.

	Rs.
Building Grant	71,500·00
1960-61— Building grant	27,500·00
1961-62— Building grant	17,330·00
1962-63— Building grant	Nil
1963-64— Building grant	Nil
1964-65— No grant has yet been paid	
	1,16,330·00

Introduction of Modified Rationing System in Nadia district

726. (Admitted question No. 1186.)

শ্রী[illegible] মৈত্রঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কোন্ কোন্ অঞ্চলে সংশোধিত রেশনিং ব্যবস্থা চালু করা হইয়াছে ;

(খ) মোট কত লোককে এই সংশোধিত রেশনিং ব্যবস্থার আওতাভুক্ত করা হয়েছে (সমগ্র জেলার শহর ও অঞ্চলওয়ারী হিসাব) ;

(গ) কোন্ কোন্ শ্রেণীর লোককে এই রেশন কার্ড দেওয়া হচ্ছে বা হয় ; এবং

(ঘ) সমগ্র জেলার ক, খ, গ শ্রেণীর সকল প্রাপ্তবয়স্ক ও শিশুদের রেশন তালিকাভুক্ত করলে মোট কি পরিমাণ চাউল প্রতি মাসে দরকার?

The Minister for Food and Supplies:

(ক) একটি বিস্তারিত বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) মোট ১০,২২,২৮৫ জনকে। সমগ্র জেলার সহর ও অঞ্চলওয়ারী হিসাবের জন্য একটি তালিকা পেশ করা হইল।

(গ) 'এ', 'বি' ও 'সি' এই তিন শ্রেণীর লোককে রেশন কার্ড দেওয়া হয়।

সহরাঞ্চলে যে পরিবারের মাসিক আয় ১০০ টাকা পর্যন্ত, যে পরিবারের মাসিক আয় ১৫০ টাকা পর্যন্ত তাঁহাদের যথাক্রমে 'এ' ও 'বি' শ্রেণীর রেশন কার্ড দেওয়া হয়। ইহা ভিন্ন অন্যান্যদের 'সি' শ্রেণীর রেশন কার্ড দেওয়া হয়।

গ্রামাঞ্চলের যে সমস্ত পরিবার অত্যন্ত দরিদ্র বা ভূমিহীন ও ইউনিয়ন বোর্ডের ট্যাক্স হইতে অব্যাহতি পাইয়াছেন বা যে সব পরিবার ৫০ পয়সা পর্যন্ত ইউনিয়ন বোর্ডকে ট্যাক্স দেন তাঁহারা 'এ' শ্রেণীর রেশন কার্ড, যাঁহারা ২ টাকা পর্যন্ত উল্লিখিত ট্যাক্স দেন তাঁহারা 'বি' শ্রেণীর রেশন কার্ড এবং বাদবাকী সকলে 'সি' শ্রেণীর রেশন কার্ড পাইয়া থাকেন।

(ঘ) ৪৯,৫০০ কুইন্টাল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 726.

Name of the town/anchal in the district of Nadia where M. R. in operation.	Total number of persons brought under M.R. in each of the areas indicated in the previous column as on 1-8-64.
Krishnagar Sadar Subdivision	
(1) Krishnagar Town	61,669½
(2) Nabadwip Town	74,330½
(3) All Unions and Anchals of Kotowali P.S.	81,676½
(4) All Anchals of Nabadwip P.S.	34,184
(5) Entire Kaliaganja P.S.	76,142½
(6) Entire Tehatta P.S.	1,10,575
(7) Entire Karimpur P.S.	25,333
(8) Entire Chapra P.S.	75,738
(9) Entire Krishnaganja P.S.	36,270
(10) Entire Nakashipara P.S. except Dogachhi and Harnagar Anchal ..	60,543
	6,36,444

Name of the town/anchal in the district of Nadia where M. R. in operation.	Total number of persons brought under M.R. in each of the areas indicated in the previous column as on 1-8-64.
Ranaghat Subdivision.	
(1) Ranaghat Municipality ..	35,162
(2) Nasra Colony ..	4,117
(3) Coopers' Camp ..	22,222
(4) Taherpur Colony ..	12,227
(5) Nokari Anchal ..	13,606
(6) Kiritnagar Colony ..	2,000
(7) Rupasree Palli ..	5,072
(8) Aranghata Anchal ..	10,438
(9) Hijuli-Raghunathpur Anchal ..	10,020
(10) Habibpur ..	6,239
(10A) Jugalkishore ..	5,720
(11) Anulia ..	6,900
(12) Aishtala (in Raghunathpur) ..	7,362
(13) Payradanga ..	7,994
(14) Kalianarayanpur-Paharpur ..	9,480
(15) Birnagar Municipality ..	7,627
(16) Duttapulia ..	4,148
	1,70,335
Chakdah P.S.	
(1) Chakdah Municipality ..	34,984
(2) Madanpur Anchal ..	8,752
(3) Tatla Anchal ..	7,150
	50,886
Kalyani P.S.	
(1) Kalyani Town ..	4,395
(2) Gayeshpur Colony ..	10,183
(3) Kataganj Colony ..	2,070
(4) Saguna Anchal ..	2,563
(5) Lichutala Colony ..	1,572
(6) Majerchar Colony ..	3,166
(7) Char-Kanchanpara ..	832
(8) Char-Birpara ..	3,156
	27,937

Santipur P.S.

(1) Santipur Municipality	41,190
(2) Fulia Town	3,821
(3) Nabla Anchal	3,200
(4) Babla Anchal	2,320
(5) Haripur	4,161
	54,692

Hanskhali P.S.

(1) Gobindapur	4,500
(2) Dakshinpara	9,200
(3) Badkulla	12,500
(4) Bagula	12,900
	39,100

Harin Ghata P.S.

(1) Haringhata Anchal	10,972
(2) Mollabelia	2,357
(3) Fatepur	4,312
(4) Nagarukhra	7,820
(5) Birohi	5,950
(6) Kastodanga	1,480
	32,891
GRAND TOTAL	3,85,841

Coal Shops in Midnapore district

727. (Admitted question No. 1353.)

[illegible]ন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানায় কয়টি করিয়া সরকার অনুমোদিত কয়লার দোকান আছে ;

(খ) ঐ সকল দোকান কোন্ কোন্ স্থানে অবস্থিত ;

(গ) কয়লা কি দামে বিক্রয় করিবে তাহার কোন নির্দেশ আছে কি না; এবং

(ঘ) যাহাতে সরকার অনুমোদিত বা অন্য দোকানে বেশী দামে কয়লা বিক্রয় করা না হয় তাহা দেখিবার জন্য কোন সরকারী বন্দোবস্ত আছে কি না?

The Minister for Food and Supplies:

(ক) এতদ্‌সহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) এতদ্‌সহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) হ্যাঁ। ওয়েস্ট বেঙ্গল সফ্‌ট কোক ডিস্ট্রিবিউশন অর্ডার, ১৯৫৫ অনুযায়ী জেলা-শাসকগণ জেলাগুলিতে কয়লার সর্বোচ্চ মূল্য নির্দিষ্ট করিয়া দেন।

(ঘ) হ্যাঁ, ইহা দেখিবার জন্য খাদ্য ও সরবরাহ বিভাগের অধীনস্থ ইন্সপেক্টরবৃন্দ ও পুলিশের এনফোর্সমেন্ট শাখার অফিসারগণ নিযুক্ত রহিয়াছেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 727.

MIDNAPORE DISTRICT

Subdivision.	Police-station.	No. of approved coal shop.
Midnapore (Sadar) ..	.. Kotwali	64
	Keshpur	12
	Salboni	2
	Debra	11
	Garbeta	12
	Kharagpur	40
	Dantan	6
	Mohanpur	2
	Narayangarh	4
	Pingla	6
	Keshiary	8
	Sabong	6

Subdivision.	Police-station.	No. of approved coal shop.
Tamluk	Panskura	32
	Tamluk	33
	Nandigram	13
	Mahisadal	12
	Sutahata	5
	Moyna	2
Contai	Contai	14
	Ramnagar	6
	Egra	5
	Patashpur	3
	Bhagwanpur	3
	Khejura	1
Jhargram	Jhargram	9
	Binpur	1
	Jambani	Nil
	Gopiballavpur	Nil
	Sankrail	Nil
	Nayagram	Nil
Ghatal	Ghatal	26
	Daspur	13
	Chandrakona	20

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 727.

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
Sadar—Subdivision, Midnapore ..	Kotwali (Town) ..	Colonelgola Khaprelbazar Buxibazar Sujagunge Kuikota Bholamayrachak Burgetown Chhotobazar Rajabazar Patnabazar Nutanbazar Chirimarshai Manickpore Nimtalachak Bibigunge Aligunge Miabazar Mirzamohalla Sepoybazar Keranitolla Kumarpara Golkuachak Ballavpur Mirzabazar Kotebazar Habibpur Deshbandhunagar

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
	Kotwali (Rural) ..	Tantigeria
		Motherpur
		Jamkunda
		Harishpur.
		Panchkhuri
	Keshpur ..	Anandapur
		Keshpur
		Burapat
		Neraduel
		Kismatangua
		Tejura
		Mugbasan
		Kolagram
		Jhetla.
	Salboni ..	Salboni.
	Debra	Gotegeria
		Baragarh
		Debrabazar
		Radhamohanpur
		Balichawkcanalbazar
		Bhogpur
		Sagarband
		Panchberia
		Debra
		Arjuni
		Alikekendra
	Garbeta ..	Bandgora
		Chandrakona Road
		Ganakbandi
		Garbeta
		Kharkusma
		Kuapur
		Raskundu
		Ghoramara
		Guiadaha.
	Kharagpur ..	Subhaspally
		Inda
		Panchberia
		Malancha Road
		Kharida
		Golbazar
		Debalpur
		Puratanbazar
		Sanjoal
		Sonamukhi-Jholly
		Ayma
		Nimpura
		Jhapetapur
		Prembazar
		Hizly
		Tabagicha
		Gopali
		Salua
		Kalaikunda
		Malancha
		Benapur
		Amlatoria
		Sankoa
		Okra
		Amodepur.

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
	Dantan ..	Dhaneswarpur Sauri Mogalmari Dantan Jahalda Aikola.
	Mohanpur ..	Mohanpur.
	Narayangarh ..	Thakurchak Beldabazar Belda Khakurda.
	Pingla ..	Birsinghapur Pingla Barisa Jalchak Jamna.
	Keshiary ..	Keshiary Gopalpur.
	Sabang ..	Nimkimohar Tematharin Sabang Luthnia Badalpur Datarda.
Jhargram ..	.. Jhargram ..	Bachurdoba Jubilee Market Raghunathpur Nutandihi Manikpara Radhanagar.
	Binpur ..	Silda.
Tamluk ..	.. Panskura ..	Mahimpur Panskura Station Bazar Machinar Kolaghat Bahargram Chhatinda Joykrishnapur Khrni Radhagram Purusottampur Raghunathbari Protappur Bhogpur Ranihati Pattogram, Naranda Dakshin Gopalpur Sankorara Tamluk Town Parbatipur Tamluk Town Padmabasan Kalatala Bazar Town Padumbasan Tamluk Town Ward 2 Padumbasan Tamluk Town Abasbari Tamluk Town Sankaraja

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
Tamluk—(cond.)	Panskura—(contd.)	Kelimal
		Mechado
		Damodarpur
		Mechado Station
		Barbahata
		Haribhabai
		Maisoli
	Nandigram ..	Nayachakboyal
		Hanschara School Bazar
		Radhaganjbazar
		Terapekhia
		Reapaka
		Muradpur
		Mayachakboyal
		Patna
		Narghat
		Tekhabbazar
		Boyal.
	Mohisadal ..	Komarara
		Nandakumar
		Payabattarhat
		Mahisadal
		Garhkamalpur
		Mahysadal
		Gopalpur
	Sutahata ..	Tajarchak
		Sutahata
		Durgachak
		Parbatipur
		Babughata
	Moyna ..	Garsafad
		Sudampore
ntai	Contai ..	Hatabari
		Kumapore
		Korkuli
		Atihtogori
		Monsharchak
		Sahabkhen Keroribu
		Pichaboni Bazar
		Korkuli
		Mukundapore Bazar
		Nachindabazar
		Konaidighi
		Dakshin Dulalpur
		Hotabori
		Athilogori
	Ramnagore ..	Mondorpur Bazar
		Paschim Godadharpur
		Ramnagore
		Balisai
		Baromile Bazar
		Dakhin Purusathampur
	Egra	Egra
		Kamalpur
		Egra Bazar
		Bhabouirchak
		Mouglamaro
		Potashpur
		Purba Amarshi

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
Contai.	Bhogwonpur ..	Bemdia
		Modhakhali
		Kolaberia
	Khejuria ..	Tohanabad
	Ghatal ..	Udayganj, P.O. Kharar
		Konnagar, P.O. Ghatal
		Alamgunj P.O. Ghatal
		Dirghagram
		Krishnagar, P.O. Ghatal
		Alamgunj, P.O. Ghatal
		Konnagar, P.O. Ghatal
		Kushpota, P.O. Ghatal
		Alamgunje P.O. Ghatal
		Alamgunge, Ghatal
		Alamgunja, P.O. Ghatal
		Vill. Konnagar, Ghatal
		Nischindipur, P.O. Ghatal
		Alamgunja, P.O. Ghatal
		Krishnagar, P.O. Ghatal
		Vill. and P.O. Radhanagar
		Nirmalbazar, P.O. Rathipur
		Puratanbazar, Ghatal, P.O. Ghatal.
		Nischindipur, P.O. Ghatal
		Vill. Simulia, P.O. Rathipu
		Birsingha
		Dalalpatipur, P.O. Kharar
		Beurgram, P.O. Irhpala
		Irhpala
		Kharar
		Harishpur
		Bandar
	Chandrakona ..	Gosaibazar, P.O. Chandrokona
		Banka, P.O. Chandrakona
		Vill. and P.O. Khirpai
		Vill. and P.O. Ramjibanpur
		Vill. and P.O. Khirpai
		Methani, P.O. Jhankra
		Sirsa, Jhankra
		Vill. and P.O. Jara
		Vill. and P.O. Jara
		Vill. Raghunathpur, P.O. Chandrakona
		Chandrakona
		Khirpai
		Mangral
		Lahirgunja, P.O. Krishnapur
		Madhabpur, P.O. Ranimadhabpur
		Vill. and P.O. Khirpai
		Vill. Amar, P.O. Khirpai
		Andharia, P.O. Gohaldanga
		Ramgunja, P.O. Chandrakona
		Raghunathpur, P.O. Chandrakona
		Vill. and P.O. Chandpur
		Vill. Serbaj, P.O. Sreenagar
		Vill. Radhaballavpur, P.O. Khapur
		Vill. and P.O. Banka
		Khirpai
		Vill. Bamaria, P.O. Khirpai
		Vill. Bona, P.O. Chandrakona

Subdivision.	Police-station.	Location of approved coal shop.
	Daspur ..	Vill. and P.O. Jotekanuramgarh
		Do.
		Rasikgunja, P.O. Nimtala
		Vill. and P.O. Joteghanashyam
		Londa, P.O. Daspur
		Mamudpur, P.O. Daspur
		Paikanduryodhyan, P.O. Kalmijore
		Vill. Khanjapur, P.O. Gopemahal
		Ajuria, Palaspai
		Ramdaspur
		P. O. Narazote
		Dudkumarhat, P.O. and Vill.
		Kukurdaha Vill. and P.O.
		Palaspai, Vill. and P.O.

Supply of rice through M. R. Shop in Asansol Town

728. (Admitted question No. 1416.)

শ্রীবিজয় পাল: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শহরে আজও এম, আর, সপ-এর মাধ্যমে চাউল সরবরাহ না করার কারণ কি ; এবং

(খ) ঐ সহরে অবিলম্বে চাউল সরবরাহের কোন ব্যবস্থা সরকার করিতেছেন কি?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) গত ২৪-৮-৬৪ তারিখ হইতে আসানসোল সহরে ক শ্রেণীভুক্ত কার্ড হোল্ডার-দের মধ্যে মডিফায়েড রেশন দোকান মারফত চাউল সরবরাহ করা হইতেছে।

Gold artisans in Egra police-station, Midnapore

729. (Admitted question No. 1436.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগ্‌রা থানায় এ পর্যন্ত কতজন স্বর্ণশিল্পী রহিয়াছেন ; এবং

(খ) তাঁহাদের মধ্যে স্বর্ণনিয়ন্ত্রণ আদেশ বলবৎ হওয়ার পর এ পর্যন্ত কাহারা সরকার কর্তৃক কি প্রকার এবং কোন সময়ে খয়রাতি সাহায্য ও ঋণ প্রভৃতি পাইয়াছেন?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ১৫৬ জন।

(খ) ১৯৬৩ সালের এপ্রিল মাস হইতে ১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত কেবল মাত্র খয়রাতি সাহায্য বাবদ ৬৬৭২ টাকা উক্ত স্বর্ণশিল্পী ও তাঁহাদের পরিবারবর্গকে দেওয়া হইয়াছে।

Village Housing Project in Mayna block, Midnapore

730. (Admitted question No. 1462.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে কোন্ সাল হইতে কোন্ কোন্ গ্রামে ভিলে হাউসিং প্রোজেক্ট চালু করা হয়েছে ; এবং

(খ) ঐ সকল গ্রামে কতজনকে কত টাকা গৃহ নির্মাণ বাবদ ঋণ দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে ভিলেজ হাউসিং প্রজেক্ট চালু করা সম্ভব হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Establishment of a Health Centre at Jagdal Union in Malda district

731. (Admitted question No. 1468.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) মালদহ জেলার বামনগোলা থানার জগদল ইউনিয়ন অঞ্চলের জন্য ইউনিয়ন স্বাস্থ কেন্দ্র স্থাপনের জন্য কোন জায়গা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত হাসপাতালের নির্মাণকার্য আরম্ভ করা হইয়াছে কিনা ;

(গ) নির্মাণকার্য আরম্ভ না হইয়া থাকিলে ইহার কারণ কি ; এবং

(ঘ) কত দিনের মধ্যে উক্ত হাসপাতালের নির্মাণকার্য আরম্ভ করা হইবে বলে আশা ক যায়?

The Minister for Health:

(ক) পরিবর্তিত নীতি অনুযায়ী প্রতি উন্নয়ন সংস্থার জন্য একটি প্রাইমারী ও ন্যূনপে দুইটি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে। বামনগোলা উন্নয়ন সংস্থার কাশিমপু একটি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের সরকারী আদেশ এই বৎসরের মে মাসে দেও হইয়াছে।

(খ), (গ) এবং (ঘ) এ সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থাদি বাস্তু বিভাগ কর্তৃক হইবে।

Large-scale agricultural and large-sized marketing Co-operative societies i Tufanganj subdivision

732. (Admitted question No. 1512.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমায় লার্জস্কেল এগ্রিকালচারাল কো-অপারেটিভ এবং বৃহদাকার সমবা বিপণি সমিতির সংখ্যা, নাম ও কর্মকর্তাদের পরিচয় কি ;

(খ) এইসব কো-অপারেটিভ সমিতিগুলির কোনটি সরকার হইতে এ সমিতিগুলি গঠি হইবার পর হইতে অদ্যাবধি কত টাকা ঋণ পেয়েছে ;

(গ) প্রদত্ত ঋণের পরিমাণ কোনটির কত ; এবং

(ঘ) গত তিন বছরে ইহাদের কোনটির মুনাফা কিছু হয়ে থাকলে পরিমাণ?

The Minister for Co-operation:

(ক) তুফানগঞ্জ মহকুমায় একটি লার্জসাইজড এগ্রিকালচারাল কো-অপারেটিভ ক্রেডিট্ সোসাইটি একটি বৃহদাকার সমবায় বিপণি সমিতি আছে। উহাদের নাম যথাক্রমে ফলিমারি লার্জসাইজড্ কো-অপারেটিভ প্রাইমারী এগ্রিকালচারাল ক্রেডিট্ সোসাইটি লিঃ এবং তুফানগঞ্জ লার্জসাইজড্ কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ। সমিতি দুইটির কর্মকর্তাদের পরিচয় সংযুক্ত তালিকায় দেওয়া হইল।

(খ) (১) ফলিমারি লার্জসাইজড কো-অপারেটিভ প্রাইমারী এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ—৭,৫০০ টাকা।

(২) তুফানগঞ্জ লার্জসাইজড কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ—৩০,০০০ টাকা।

(গ) (খ) প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

(ঘ) উক্ত সমিতি দুইটির কোনটিরই গত তিন বছরে কোন মুনাফা হয় নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 732

তুফানগঞ্জ লার্জ সাইজড্ এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ-এর কর্মকর্তাদের নামের তালিকা

নাম	সমিতিতে পদ	পেশা
১। এস, ডি, ও, তুফানগঞ্জ	পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।	সরকারী চাকুরী।
২। শ্রী ডি, এন, বসু	ঐ	হেডমাষ্টার, তুফানগঞ্জ এন, এন, এম, হায়ার সেকেণ্ডারি স্কুল।
৩। ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, কুচবিহার।	ঐ	সরকারী চাকুরী।
৪। শ্রীঅশ্বিনীকুমার ঘোষ	ডিরেক্টর	কৃষি, গৃহস্থী ও ব্যবসা।
৫। শ্রীরজনীকান্ত মজমদার	ঐ	ঐ
৬। শ্রীমেঘরাজ ওসওয়াল	ঐ	ব্যবসা ও কৃষি।
৭। নন্দলাল পণ্ডিত	ঐ	ঐ
৮। শ্রীপ্রফুল্লকুমার সরকার	সেক্রেটারি	গৃহস্থী ও কৃষি।
৯। শ্রীযতীন্দ্রনাথ সিংহ সরকার	ট্রেজারার	ব্যবসা ও কৃষি।
১০। শ্রীপুষ্প নারায়ণ ভক্ত	ডিরেক্টর	ঐ
১১। সেক্রেটারি, ফলিমারি লার্জ সাইজড কো-অপারেটিভ প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ।	ঐ	প্রাইমারী ক্রেডিট সোসাইটির প্রতিনিধি।
১২। সেক্রেটারি মহিষকুচি কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিঃ।	ঐ	ঐ

ফলিমারি লার্জসাইজড কো-অপারেটিভ প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃএর কর্মকর্তাদের নামের তালিকা।

	নাম	সমিতিতে পদ	পেশা
১।	শ্রীরজনীকান্ত মজুমদার	চেয়ারম্যান ..	গৃহস্থী ও কৃষি কার্য।
২।	শ্রীরেবতীমোহন চক্রবর্ত্তী	ভাইস চেয়ারম্যান ..	ঐ
৩।	শ্রীরাইচাঁদ বিশ্বাস	সেক্রেটারি ..	ঐ
৪।	শ্রীমোহিনী কান্ত ভটটাচার্য্য	এ্যাসিস্ট্যাণ্ট সেক্রেটারি ..	ঐ
৫।	শ্রীনরেনচন্দ্র মল্লিক	ডিরেক্টর ..	ঐ
৬।	শ্রীব্রজবাসী সরকার	ঐ ..	ঐ
৭।	শ্রীধনীরাম সাহা	ঐ ..	ঐ
৮।	শ্রীকান্ত সরকার	ঐ ..	ঐ
৯।	শ্রীমদনমোহন সাহা	ঐ ..	ঐ
১০।	শ্রীউপেন্দ্রচন্দ্র দাস	ঐ ..	ঐ
১১।	শ্রীরামেশ্বর দাস	ঐ ..	ঐ
১২।	শ্রীযোগেন্দ্রচন্দ্র আইচ	ঐ ..	ঐ
১৩।	এস, ডি, ও, তুফানগঞ্জ	সরকার নিযোজিত অতিরিক্ত ডিরেক্টর।	সরকারী চাকুরী।
১৪।	পঞ্চায়েত সুপারভাইজার, তুফানগঞ্জ ..	ঐ ..	ঐ
১৫।	গ্রামসেবক, ফলিমারি	ঐ ..	ঐ

Colleges in Midnapur district

733. (Admitted question No. 1542.) **Shri SYED SHAMSUL BARI:** Wi the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased 1 state—

(a) the number of colleges with their names and locations in the distri of Midnapore;

(b) the courses of studies taught in the respective colleges;

(c) whether there is any arrangement for teaching in Honours subjects i those colleges;

(d) which of the colleges in the district are Government sponsored ones;

(e) whether there is any Commerce college in the district; and

(f) whether Government has any proposal for starting a University in th western region of West Bengal?

The Minister for Education: (a), (b) and (c) A statement is laid on tl table.

(d) (1) Midnapore College, (2) Mahisadal Raj College, (3) Raja Narendral Khan Women's College, Midnapur, (4) Bajkul College, and (5) Sevayatan B. College, Jhargram.

(e) There is one Commerce College in the district, viz., "Kaibalyadayi College of Commerce", Midnapur, B.Com. is also taught in the Kharagp College.

(f) No.

Statement referred to in reply to clauses (a), (b) and (c) of unstarred question No. 733.

	Names of the Colleges.	Courses of studies.	Honours Subjects.
1.	Jhargram Raj College (Govt.) ..	P.U. Agri., P.U. Arts. and Science, B.A. and B.Sc.	(1) English (2) Economics and (3) History.
2.	Garbeta College	P.U.Arts and P.U.Science, B.A. B.Sc.	(1) English (2) Economics and (3) Political Science.
3.	Kharagpur College	P.U.Arts and P.U.Science, B.A., B.Sc., and B.Com.	(1) History (2) Economics and (3) Political Science.
4.	Midnapore College (Sponsored)	P.U.Arts and Science, B.A. and B.Sc.	(1) English (2) History (3) Economics (4) Philosophy (5) Sanskrit (6) Bengali (7) Mathematics (8) Political Science (9) Chemistry and (10) Physics.
5.	Mahisadal Raj College (Sponsored).	P.U.Arts and Science, B.A. and B.Sc.	(1) History and (2) Mathematics.
6.	Raja Narendralal Khan Women's College, Midnapore (Sponsored).	Ditto	(1) History.
7.	Pravat Kumar College, Contai ..	Ditto	(1) Mathematics (Arts and Science). (2) Bengali (3) History (4) Economics (5) English (6) Physics.
8.	Tamralipta Mahavidyalaya, Tamluk.	Ditto	(1) English (2) Bengali (3) History (4) Economics (5) Mathematics and (6) Chemistry.
9.	Ghatal Rabindra Satabarshiki College.	P.U. Arts and B.A. ..	(1) Political Science.
10.	Sitananda College, Nandigram ..	P.U.Arts and Science, B.A. and B.Sc.	....
11.	Panskura Bonomali College ..	Ditto	(1) Bengali.
12.	Bajkul College (Sponsored), police-station Bhagavanpur (Contai subdivision).	P.U. and B.A.	
13.	Sevayatan B.T. College, Jhargram (Sponsored).	B.T.	....
14.	Belda College, Belda ..	P.U.Arts and B.A. ..	....
15.	Bhatter College, Danton ..	P.U. Arts and B.A. ..	....
16.	Kaibalyadayini College of Commerce, Midnapore.	P.U. Arts and B.Com. ..	....
17.	Manikpara College, P.O. Sardiah	P.U.Arts and B.A. ..	....

Dhulian Bhagabaticharan Charitable Dispensary in Murshidabad district

734. (Admitted question No. 1558.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানস্থিত ভগবতীচরণ দাতব্য চিকিৎসালয়টি সরকার হইতে গ্রহণ করার কোন প্রস্তাব আছে কিনা ;

(খ) এ বিষয়ে সরকারের নেতৃস্থানীয় প্রতিনিধিবর্গের কোন আবেদন সম্প্রতি পেঁৗছিয়াছে কিনা

The Minister for Health:

(ক) এরূপ একটি প্রস্তাব সরকার কর্তৃক বিবেচিত হইয়াছিল, কিন্তু প্রস্তাবটি সরকার গ্রহণ করেন নাই।

(খ) না ; ১৯৬২ সালের পর কোন আবেদন সরকার পান নাই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the subjects of (1) non-supply of wheat from M. R. shops by Shri Sanat Kumar Raha, and (2) scarcity of rice in Kharagpur town by Shri Narayan Choubey.

I have selected the notice given by Shri Narayan Choubey on the subject of scarcity of rice in Kharagpur town. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date for making the statement.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Day after tomorrow.

Shri Nikhil Das:

আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। মানিকতলার মোড়ে, ঠিক আপনি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছেন তার ঠিক শেষ সীমানা দিয়ে, সেখানে ২১টি স্টল ছিল রিফিউজিদের এবং সেই স্টলগুলি আমাদের ওখানে যে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট সেই ডিপার্টমেন্ট থেকে ওদের কাছ থেকে সপ্তাহ প্রতি একটা টাকা ও'রা নিতেন এবং করপোরেশনের কাছ থেকে রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট ঐ জায়গাটির লাইসেন্সী হিসাবে ছিলেন। এবং এ ধরনের ব্যাপার শেয়ালদা স্টেশনের কাছেও আপনি দেখবেন প্রায় ১৩০টি দোকান আছে যেগুলির লাইসেন্স কর্পোরেশনের কাছ থেকে রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট নিয়েছে এবং এই ডিপার্টমেন্ট দোকানদারদের কাছ থেকে ভাড়াটা আদায় করে। শ্রদ্ধানন্দ পার্কের চার ধারেও এটা আছে। এখন এই দোকানদারদের বিরুদ্ধে একটি মামলা দায়ের হয় হাইকোর্ট-এ কিন্তু রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট তাদের কাছ থেকে ভাড়াটা আদায় করেছেন, তাদের পার্টি করা সত্ত্বেও তারা কোর্টে হাজির হন নি। কিন্তু এই দোকানদাররা বার বার রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এ গিয়েছে, সেখানকার সংশ্লিষ্ট অফিসাররা বলেছেন যে, চিন্তা করবেন না, আমরা আছি আপনারা গ্যাটমেরে বসে থাকুন ওখানে।

[1-30—1-40 p.m.]

শ্রীনিখিল দাস: এবং যেদিন নাকি তাদের তোলা হয়েছে গত ১১ই সেপ্টেম্বর, তার আগের দিন, তাদের কাছ থেকে ভাড়া আদায় হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে গত ১১ই তারিখে প্রায় ১০০-১৫০ জন পুলিশ নিয়ে গিয়ে তাদের দোকানগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে, পুজোর আগেই দোকানগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে। সবচেয়ে দুঃখের ব্যাপার হচ্ছে আর আর ডিপার্টমেন্ট যারা দোকানদারদের কাছ থেকে ভাড়া আদায় করছে, তারা এই ব্যাপারে কোন কিছু করছে না এবং এর জন্য তাঁরাই দায়ী। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই ব্যাপারে অসহায় উদ্বাস্তু যারা তাদের যে উৎখাত করলেন, তাদের কি ব্যবস্থা হবে?

Mr. Speaker: You should not make any statement. You have drawn attention to the matter.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আমি খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটি বিষয়ে আকর্ষণ করছি। আমরা এই বিধানসভায় বহুবার অনশনে মৃত্যু অনশনে হত্যা এগুলির কথা বলি। মেদিনীপুর জেলায় বক্সীগঞ্জ গ্রামে এক ভদ্রলোক তাঁর স্ত্রীকে হত্যা করেছে। তিনি দিনমজুর, না খেতে পেয়ে স্ত্রীকে হত্যা করেছে। এই অনশনের হত্যার কথা বললে আপনারা বলেন সে পাগল-ছাগল, আমার কথা হচ্ছে আপনারা দয়া করে দেখুন যাতে এইরকম ঘটনা আর না ঘটে।

শ্রীগোপাল বসু: অনেক সময় এখানে দেখা যায় আমরা কোন বিষয়ে এখানে উত্থাপন করলে মন্ত্রীরা অনেক সময় এশিওরেন্স দেন, যেমন আপনিও সেদিন এখানকার ক্লাস ফোর স্টাফ সম্বন্ধে বললেন যে, আপনি বিবেচনা করবেন, এরকম মন্ত্রীরাও অনেক সময় বলেন। তারপর আমরা সব ভুলে যাই। কেবলমাত্র যে মেম্বাররা আমরা বিষয়টা তুলি তাদের মনে খচখচ করে। সেজন্য আমি বলি যদি আপনি এখানে একটা অ্যাসিওরেন্স কমিটি করে দেন তাহলে মাঝে মাঝে সে সম্বন্ধে তাঁরা দেখতে পারেন।

মিঃ স্পীকার: আপনি একটা মোশন দিয়ে দিন।

শ্রীগোপাল বোস: এটাতো আপনার ব্যাপার, কিভাবে কোশন দিই, আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার: অ্যাসিওরেন্স কমিটি এখানে করবার উপায় নাই। আপনারা রুল পালটে দিন, আর তিনটি কমিটি করে দিন।

GOVERNMENT BILL

The West Bengal Official Language (Amendment) Bill, 1964

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, গতকাল বিরোধী পক্ষের তরফ থেকে বহু কথা রাখা হয়েছে এবং মাননীয় মন্ত্রিমহাশয় আশা করি সেগুলি নিজেও শুনেছেন। এ সম্বন্ধে তাঁর বক্তব্য কি সেটা তাঁর জবাবে রাখবেন। কিন্তু আমার একটা বিষয় খটকা লাগছে। সেটা হচ্ছে ১৫ বছর আগে সংবিধানে যে ধারা সন্নিবেশিত হয়েছিল যে আঞ্চলিক ভাষাগুলি যথাযথ চালু হবে এবং বাংলা সরকার খুব ভেবে চিন্তে ১৯৬১ সালে আইন আনলেন যে ৪ বছরের ভিতর তাঁরা বাংলাভাষা চালু করবেন কিন্তু সেটা আজকে সম্ভব হচ্ছে না কেন? অবশ্য বিজয়বাবু কতকগুলি কারণ দেখিয়েছেন। সুতরাং ইংরেজী চলবে এবং শেষ পর্যন্ত কবে যে বাংলাভাষা চালু হবে সেটা নির্দিষ্ট করা হয় নি। আমার মন্ত্রিমহাশয়ের নিকট জিজ্ঞাসা হচ্ছে এত ভেবে চিন্তে যে বিল ৪ বছর আগে আনা হয়েছিল এবং তাঁরা যে কারণ বলেছিলেন, আজকে মন্ত্রি-মহাশয় সময় নেবার জন্য যে কারণ বলছেন সেটা খুব যুক্তিযুক্ত মনে হয় না। সুতরাং তাঁর কাছে জিজ্ঞাসা করছি তিনি কেন এই আইন ফের আনলেন?

এই জিনিসটা আমাদের একটু মুস্কিলে ফেলেছে। আমাদের সন্দেহ হচ্ছে, বাংলাভাষা [illegible] তাঁরা চান না। মন্ত্রিদের ভিতর কয়েকজন আছেন, শৈলবাবুর কথাই বলি, তাঁরা ইংরাজীতে বলেন। তাঁদের সুবিধার জন্যই হয়তো তাঁরা চাচ্ছেন এটা চলুক, বাংলাভাষা হোক বা না হোক, তাঁদের কিছু আসে যায় না। যাই হোক, বিজয়বাবু যে কারণ দেখালেন সেটা আমাদের বোধগম্য হল না, আসল কারণটা তিনি বলেন না কেন? পরিভাষার যে কমিটি হয়েছে তাতে অনেক পণ্ডিত ব্যক্তি আছেন। এঁরা যে পরিভাষা তৈরী করেছেন তা আজকে বোধগম্য হয় না। গণেশবাবু দৃষ্টান্ত দিয়ে সেটা বলেছেন। তা আমি জিজ্ঞাসা করছি, আজ পরিভাষা তৈরী করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, সেটা তিনি বলুন, তাহলে আমরা আশ্বস্ত হতে পারি। আমাদের মধ্যে নৈরাশ্য এসে গিয়েছে সরকারী ব্যবস্থা দেখে। ১৫ বৎসর পরেও তাঁরা বলছেন ইংরাজীই চলবে। বাংলাদেশের সাধারণ লোক বাংলায় কথা বলে। সকলেই চায় বাংলাভাষা যত তাড়াতাড়ি চালু হয়, অথচ সরকারের সেই দৃষ্টিভঙ্গী নেই। মন্ত্রিমণ্ডলীর যদি ইচ্ছা থাকে, তাঁরা এটা করতে পারতেন। এখনো তাঁরা এটা করতে পারেন। টাইপরাইটার, সর্টহ্যান্ড রাইটার-এর অভাবের কথা তাঁরা বলেছেন। আমার মনে হয়, তাঁদের চেষ্টা থাকলে এইসব ব্যবস্থা হতে পারে। বাংলাভাষার দাবি বহুদিনের, কিন্তু মন্ত্রিমণ্ডলী সেই দাবির প্রতি অশ্রদ্ধা দেখাচ্ছেন, তাতে আমার মনে হয় তাঁরা একদম চেষ্টা করেন না।

[1-40—1-50 p.m.]

তাই আমি বিজয়বাবুকে বলব আপনার এখানে বলা উচিত যে বাংলাভাষা চালু করার জন্য কি কি ব্যবস্থা আপনি করেছেন। আপনি একটা সময় পর্যন্ত দেননি যে আমি এই সময়ের ভেতর চালু করব। যে আইন এনেছেন তাতে সময় নির্দিষ্ট নেই। বাংলাভাষা না হলেও অসুবিধা নেই এই আইনে এই আছে। তারপর পরিভাষার ব্যাপার বিজয়বাবু এড়িয়ে গেলেন। সহজ পরিভাষা করতে গেলে আমার মনে হয় যে বিদ্বান এবং এ বিষয়ে যাঁরা অভিজ্ঞ তাঁদের নেওয়া উচিত। কিন্তু এমন লোক নেওয়া উচিত যাঁরা এটাকে সহজসাধ্য করতে পারবেন। কি ধরনের লোক সেটা সরকার চিন্তা করে দেখবেন। কেন না আমি দেখছি বাংলাভাষায় যে দৈনিক কাগজগুলি আছে তাতে অনেক চলতি বাংলাভাষা ব্যবহার করা হয়। সেখানে আমাদের সাংবাদিকরা চেষ্টা করে সেগুলি করতে পারেন। বাংলাভাষার এই যে সুযোগ-সুবিধা সেই সুযোগ-সুবিধা তাঁরা গ্রহণ করে এটাকে কেন চালু করতে পারবেন না এটার জবাব বিজয়বাবু দেন নি। আজ ১৫ বছর পরে বিধানসভায় দাঁড়িয়ে আমাদের বাংলাভাষা চালু করার জন্য বার বার বলতে হচ্ছে, এর চেয়ে লজ্জার কথা আর কিছু নেই। আপনারা কথা দিয়েছিলেন, আইন এনেছিলেন, সংবিধান আছে, এসব আপনার কাছে কিছু নয়। আপনি এড়িয়ে যাচ্ছেন, আইন বদল করছেন বলছেন যে হবে। আমরা সরকারের কাছ থেকে শুনতে চাই কবে হবে, কিভাবে হবে? পরিভাষা কমিটি নতুনভাবে যদি করতে হয় তাহলে কিভাবে করবেন সমস্ত জিনিসগুলি আজকে এখানে পরিস্কার করে রাখা উচিত। তা না হলে আমাদের সন্দেহ হচ্ছে যে আপনারা বাংলাভাষা আনবার জন্য খুব উদ্‌গ্রীব নন। আমি একথা বলতে চাই যে বাংলাভাষা আজকে বাংলাদেশের সাধারণ মানুষের ভাষা সেটা অফিস আদালত এবং অন্যান্য স্থলে ব্যবহৃত হোক। কালকে জামাল সাহেব বলেছিলেন প্ল্যাকার্ড আছে অথচ তাতে সেখানকার যে ভাষা সেই নেপালী ভাষা নেই। নেপালী ভাষা দার্জিলিং-এ চালু আছে, সেটা নেই কিন্তু ইংরাজী আছে, অন্যান্য জিনিস আছে, হিন্দী আছে, বিভিন্ন ভাষা আছে। দার্জিলিং-এর তিনটে সাব-ডিভিশনে নেপালী ভাষা চালু করার দাবি কালকে যোশী সাহেব, জামাল সাহেব করেছিলেন। তাঁদের দাবি ছিল সাধারণ লোক যে ভাষা বুঝে সেই ভাষা চালু করার। আবার বাংলাদেশের সাধারণ লোক যে ভাষায় বলবে সেটা আপনারা চালু করুন, এই দাবি আমি বিজয়বাবুর কাছে রাখছি। তিনি কালকে প্রারম্ভিক বক্তৃতায় যা বলেছেন তাতে তিনি আমাদের মোটেই সন্তুষ্ট করতে পারেন নি। এটা তিনি জেনে রাখুন। আমি আশা করি, যখন তিনি জবাব দেবেন তখন সেই জবাবে যেন এই জিনিসগুলি থাকে। প্রথম কথা হচ্ছে তিনি কত দিনের ভেতরে এই ভাষা চালু করবেন, পরিভাষা সরল সহজ করার জন্য কি ব্যবস্থার কথা তিনি ভাবছেন। দ্বিতীয় কথা হচ্ছে, শাসনকার্য পরিচালনা করার জন্য তিনি যে যে অসুবিধার কথা বলেছেন সেটা হচ্ছে

টাইপরাইটার, সর্টহ্যান্ড যারা করেন, সেই সব লোকের অভাব। আমার মনে হয় সেগুলি ঠিক নয়। সেগুলি করা যায়। আগে বাংলাভাষা চালু হোক, চালু করতে প্রথম প্রথম অসুবিধা হবেই, আমরা সেই অসুবিধা মাথাপেতে নেব। তবুও বুঝতে পারব যে বাংলা সরকার বাংলার মানুষের দাবি মেনে নিয়ে বাংলাভাষা চালু করেছেন। হয়ত আদালতে বা আইন করতে কিছু অসুবিধা হবে সেই অসুবিধা হোক, ভুল হোক, তবুও চালু হোক। চালু হলে তার ভিতর দিয়ে শুদ্ধ জিনিস আসবে, বাংলাভাষা তৈরি হবে। সুতরাং বিজয়বাবু আমাদের বুঝিয়ে দেবেন কবে, কিভাবে তিনি জিনিসটা চালু করবেন, তাহলে আমরা খানিকটা আশ্বস্ত হতে পারি। তা না হলে প্রত্যেক বিরোধী দলের সদস্য যা বলেছেন তার সঙ্গে সায় মিলিয়ে আমি বলব আমার ঘোরতর আপত্তি আছে এই ধরনের সংশোধন আইন পাশ করার বিরুদ্ধে এই বলে মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে বিজয়বাবুর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Anadi Das:
মিঃ স্পীকার, স্যার, এই সম্পর্কে কাল থেকে বহু বিরোধী সদস্যরা বলেছেন, অনেক পয়েন্ট তার মধ্যে বেরোচ্ছে, সে সব কথার উত্তর নিশ্চয়ই যিনি এই বিল এনেছেন, বিজয়বাবু তিনি দেবেন কিন্তু একটা জিনিস আমার কাছে অত্যন্ত পাজলিং ঠেকছে যে বাংলাদেশের সরকার তফশীল সরকার এবং সেই সবকারে বাঙ্গালীরা আছেন, তাঁরা বাংলাভাষা প্রতিষ্ঠিত করতে এত দেরী করছেন কেন? এর কি কারণ থাকতে পারে? তাঁরা বলতে পারেন আমরা তো বাঙ্গালী, আমরা তো চাই বাংলাভাষা প্রতিষ্ঠিত হোক, বাংলাভাষায় কাজ চালু হোক কিন্তু অনেক কিছু অসুবিধা হচ্ছে সেজন্য পারছে না, টাইপরাইটারের অসুবিধা, স্টেনোগ্রাফারের অসুবিধা, এ সব অসুবিধা আছে, সেজন্য পারছি না কিন্তু আমি বলি যেদিনই আপনি এই বিল চালু করুন না কেন, আরম্ভ না করলে এই অসুবিধা কোনদিনই দূর হবে না। কাজ আরম্ভ করলে পর ক্রমাগত এই অসুবিধা দূর হতে পারে, এছাড়া অন্য কোন রাস্তা নেই। যে বিল এনেছেন আগে যে আইন ছিল তার থেকে কোনরকম ভাবে এগিয়ে আনার বিল নয়, বরং পিছিয়ে যাওয়ার বিল, আগের আইনে তবুও একটা টাইম লিমিট ছিল যে ১৯৬৫ সালের মধ্যে বাংলাভাষাকে আমবা প্রচলন করবো সরকারীভাবে কিন্তু এই বিলে সেই নির্দিষ্ট সময়টুকু পর্যন্ত নেই। সেদিক থেকে ও'রা বরং আরো পিছিয়ে গেছেন, এগিয়ে যাননি। আমি সেই গোড়ার কথায় আসছি যে এই পিছিয়ে যাওয়ার কারণ কি, কারণ অনুসন্ধান করতে গেলে সাধরতঃ মনে হবে যে ধান ভানতে শিবের গীত হচ্ছে কিন্তু কোন কাজে আগ্রহ বা আগ্রহের অভাব প্রত্যেকটা কাজের কারণ থাকে। এই সরকারের পেছনে এমনতর কারণ আছে সেজন্য বাংলাদেশের সরকার হয়ে, নিজেরা বাংলাদেশের লোক হয়ে এই ভাষাকে দ্রুত সরকারী কাজে চালু করতে পরছেন না। আগ্রহের অভাব সেটা কেন, আমি মনে করি যে দেশে অর্থনীতি প্রচলিত থাকে এবং তার ফলে সে সমাজ ব্যবস্থা গড়ে ওঠে সেই সমাজ ব্যবস্থার মধ্যে কে কোন জায়গায় বর্তমান তার উপর প্রত্যেকটা কাজের প্রতি আগ্রহ বা আগ্রহের অভাব সূচিত হয়, সে জায়গায় তাঁরা আছেন সেই জায়গা হচ্ছে সাধারণ মানুষের প্রতি দরদের অভাবের জায়গা, সে জায়গায় তাঁরা আছেন সেই জায়গা হচ্ছে যারা উৎপাদক সম্প্রদায় তাদের বঞ্চিত কববার জন্য যা যা ব্যবস্থা তা চালু করার জায়গা, বজায় রাখার জায়গা এবং সেটা থাকার ফলে প্রত্যেকটা কাজে যাতে জনসাধারণের দ্রুত উন্নতির বিকাশ হতে পারে সেই কাজগুলিতে তাদের গাফিলতী দেখা দেয় কখনও ইচ্ছায় কখনও অনিচ্ছায়, কখনও জ্ঞানে কখনও অজ্ঞানে, কিন্তু যেমন করেই হোক চিন্তাধারায় একটি জিনিস ঢুকে পড়ে এবং সেই ঢুকে পড়ার ফলে আমাদের ভাষার মত নরীহ জিনিস সেটাও ঠিকমত করে দ্রুত চালু করা যায় না।

1-50—2 p.m.]

অনেক পরাধীন দেশ আজ স্বাধীন হয়েও, তাদের সেখানে বিদেশী ভাষা, তাদের রাষ্ট্রভাষা ছিল। সেই সব দেশও স্বাধীন হবার পর আমাদের থেকে দ্রুত, তাদের মাতৃভাষাকে চালু করতে পেরেছে। কিন্তু আমাদের দেশে টেলেন্ট বা বুদ্ধির অভাব নেই, আমাদের এখানে বিদ্বানের

অভাব নেই, আমাদের দেশে অনেক কিছু আছে, যা সবার নেই। এত অভাব না থাকা সত্ত্বেও, এবং এতগুলি অনুকূল মেটিরিয়াল থাকা সত্ত্বেও বাংলাদেশে বাংলা ভাষা চালু হচ্ছে না, এর থেকে পরিতাপের বিষয় আর কি হতে পারে। এরা বলতে পারেন যে কি বলছো এ সব কথা? ভাষার সঙ্গে, শোষণ আর অর্থনীতি কি করে আসে? এটা তো একেবারে অত্যন্ত নিরীহ বস্তু। বাংলা ভাষা চালু হলে পর আমাদের দেশে কার উপকার হবে? দরিদ্রেরও নয়, ধনীরও নয়, সকলের উপকার হবে। এমনতর একটা নিরীহ বস্তুকে এখানে আপনারা টেনে আনছেন। কিন্তু এইটাই আসল কথা বলে মনে করি যে, তাদের যে এই আগ্রহের অভাব, সেটি একটি জায়গায় আটকে আছে যেটা সুরু হয়েছে, সেই সুরুটা যদি দূর করা না যায়, তাহলে আমরা এখানে বিরোধী পক্ষের লোকরা চীৎকার করবো—কেন আপনারা পারছেন না? আপনারা বলছেন বাংলা টাইপরাইটারের অভাব। কেন, বাংলা টাইপরাইটারেরও অভাব নেই, বাংলা টাইপরাইটার বেরিয়েছে। অন্যান্য দেশ তাদের ভাষার জন্য কত স্ক্রিপ্ট সিমপ্লিফাই করেছে, অথচ আমাদের দেশে তা করতে পারছি না। আমাদের দেশে রাষ্ট্রভাষার জন্য, ভাষা নিয়ে মারামারি হচ্ছে। কেন হচ্ছে? কারণ জীবনের সঙ্গে জড়িত হয় যদি ভাষা, জীবনেব উন্নতির পরিপূরক যদি হয় ভাষা, তাহলে ভাষার স্ক্রিপ্ট অমুক অমুক যা কিছু পরিবর্তন হবে বলে ঠিক হয় তার বিরোধী হবে কেন? তা হয় না। কিন্তু জীবনের মানের যেখানে উন্নতি, জীবনের মানের যেখানে প্রগতি সেইখানে সেই আসল জায়গায়, যদি ঠিক তাকে আঘাত দিতে না পারা যায় তাহলে, আর অন্য সব জায়গায় অসংখ্য বাধা এসে উপস্থিত হয়, এবং ভাষার প্রচলনে সেই বাধাই আজ সরকারের তরফ থেকে উপস্থিত হয়েছে। কাজেই আমরা সে কথা বললেও সরকার শুনবেন না। আজকের বিলের উদ্দেশ্যও তা নয়। কিন্তু নোট টুকু আমি রেখে যাচ্ছি, আমরা বলে যাচ্ছি, তাড়াতাড়ি তাঁরা বলুন যে কবে থেকে তাঁরা বাংলা ভাষাকে প্রচলিত করবেন? এর ক্ষেত্রে যে সব অসুবিধাগুলি আছে, তা কি করে তাঁরা দূর করবেন সে সম্বন্ধে তাঁদের প্রস্তাব কি? এই বাংলা পরিভাষাকে সহজ করবার জন্য তাঁরা কি ব্যবস্থা অবলম্বন করেছেন? চেয়ারকে কেদারা না বলে চেয়ার বলাই ভাল, এবং টেবলকে টেবিল বলাই ভাল। এই রকম অনেক ইংরাজী শব্দ আছে যা রাখা উচিত। যেমন ল্যাম্পকে লম্‌পই বলা হয়। যা নিরঞ্জনবাবু বলেছেন যে বাংলাদেশের বাংলা সংবাদপত্র, তারা অনেক ইংরাজীর বাংলা তর্জমা এমন চমৎকার-ভাবে করেন যা শুনে এবং পড়ে অনেক সময় মনে হয় হাউ সিম্পল ইট ইজ, দেখে মনে হয় অনেক বিজ্ঞ, বিদ্যান, পণ্ডিতের মাথায়ও এই রকম আসে না। কাজেই ঠিক জনতার সঙ্গে সাধারণ মানুষের সঙ্গে নানাভাবে যারা জড়িত আছেন তাদেরও মনে হয় এই সব কথা, এই সব জায়গায় নেওয়া উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Shri Samhu Gopal Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1964.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা ভাষাতে সমস্ত প্রশাসনিক কাজ চলুক এবং সরকারের অন্যান্য কাজ চলুক, এবং ইংরাজী ভাষা যেটা চলছে, সেটা বন্ধ হোক, এই দাবী আমরা বরাবর করে আসছি।

কিন্তু সরকারের তরফ থেকে আমরা যেটা জানতে পারলাম, সেটা হল এই যে বাংলা পরি-ভাষার অভাব এবং বাংলা যন্ত্র ইত্যাদি আরও কতকগুলি অসুবিধা ও গণ্ডগোলের জন্য তারা এই কাজ করতে পারছেন না। এ বিষয়ে আমার মনে কোন সন্দেহ নেই। কিন্তু এই ধরনের যুক্তি সরকার পক্ষের একটি সাজান যুক্তি মাত্র, এবং এই যুক্তির পিছনে কোন রকম সারবত্তা আছে বলে আমি বিশ্বাস করি না। আসল যা, তা হল তাদের সদিচ্ছার অভাব। সেই জন্যই তারা এ সম্বন্ধে কোন রকম উৎসাহবোধ করতে পারছেন না। একথা আমি প্রথমেই স্বীকার করে রাখবো যে বাংলাভাষার প্রশাসনিক সব কাজ চলুক আমি এর পক্ষে তার মানে এই নয় যে আমি ইংরাজী ভাষার বিপক্ষে। যাঁরা সাহিত্য আলোচনা করতে চান, যাঁরা ঐ বিশেষ ভাষায় দক্ষ হতে চান তাঁদের ক্ষেত্রে অন্য কথা, তাঁদের সামনে সে সুযোগও খোলাই আছে কিন্তু সমস্যা হল এই দেশের প্রশাসনকে নিয়ে। এবং আমরা একথা জানি যে আমাদের প্রশাসনকে যদি

গণতান্ত্রিক করতে হয় তাহলে এই দেশের জনগণকে বোঝাতে হবে সেই জিনিস এবং তা করতে গেলে প্রশাসনের যে ভাষা সেই ভাষা নিশ্চয়ই হবে এদেশের বৃহত্তম জনসমষ্টির যে ভাষা সেই ভাষা। এবং একথা আমরা জানি যে আমাদের দেশে চাষী-মজুর, বিভিন্ন সম্প্রদায়ের মানুষ, যে বিপুল সংখ্যক লোক আমাদের দেশে বাস করে তারা সকলেই বাংলা ভাষাতেই কথা বলে এবং সুদীর্ঘ দিন ধরে এদেশে ইংরাজ রাজত্ব চালু থাকলেও এবং ইংরাজী ভাষার বহু প্রচার সত্ত্বেও আজও এই বাংলাদেশে যদি সার্মগ্রিক হিসাবে ধরি তাহলে অতি অল্প সংখ্যক লোকই ইংরাজীতে কথাবার্তা বলতে পারে এবং ইংরাজীটা বুঝতে পারে। এই জন্য প্রশাসনকে গণতান্ত্রিক করার জন্যই এটা অপরিহার্য যে বাংলাদেশে বাংলাভাষায় কাজকর্ম চালাতে হবে এবং সমস্ত রকম সরকারী কাজকর্ম তা চালাতে হবে। বা না চালনার জন্য বাস্তবক্ষেত্রে যে কিছু কিছু অসুবিধার সৃষ্টি হয় সেই অসুবিধার কথাগুলি হয়ত মন্ত্রিমণ্ডলী বুঝতে পারেন না এবং হয়ত ঐ রাইটার্স বিল্ডিংসের মাঝখানে যাঁরা সেই সেকেলে মনোভাব, আচার, আচরণ, হাবভাব নিয়ে বসে আছেন তাঁবা বুঝতে পারেন না। গ্রামের মাঝখানে যখন সরকারী সার্কুলার কোন পঞ্চায়েতের সদস্যদের কাছে গিয়ে পৌছায়, কোন পঞ্চায়েতের অধ্যক্ষের কাছে গিয়ে পৌছায়, ইংরাজী ভাষায় কোন একটি ব্লক থেকে, বা এস, ডি, ও-র কাছ থেকে কোন সার্কুলার গেল, তখন হয়ত পঞ্চায়েতের অধ্যক্ষ যে কোনক্রমে বাংলায় হয়, নামটি সই করতে রানে, ইংরাজী বুঝতে পারে না, পড়তে পারে না তখন ছুটে যায় পাড়ায় লেখাপড়া জানা ছেলেদের কাছে এবং তাদের এই অজ্ঞতার সুযোগ নেওয়া হয়। গ্রামে যে রিলিফ কমিটিগুলি আছে বেশীরভাগ ক্ষেত্রেই সেই রিলিফ কমিটির যাঁরা সদস্য তাঁরা গ্রামের লোক, আমি গ্রামের লোক তাই জানি যে তাঁরা ইংরাজী ভাষা জানে না, সবকারী সার্কুলার যখন তাঁদের কাছে গিয়ে পেঁছায় ইংরাজী ভাষার মাধ্যমে তাঁরা হতভম্ব হয়ে পড়েন এবং মনে মনে বোধ হয় একটু অপমানিতও বোধ করেন এই ইংরাজী ভাষার সার্কুলার তাঁদেরকে যখন বিব্রত করে তোলা। গ্রামের যারা র‍্যাশন ডিলার আছে তাদের কাছে যখন সরকারী সার্কুলার ইংরাজী ভাষাতে যায় তখন তারা থৈ পায় না যে কি করতে হবে। ঐ কোর্ট এবং কাছারীর মাধ্যমে মামলা করতে গিয়ে উকীলবাবু যখন ইংরাজীতে বক্তৃতা দেন তখন গ্রামের মক্কেল না বুঝেই খুশী হয় যে আমার বাবু ইংরাজীতে বক্তৃতা দিচ্ছেন অমি মামলায় জিতবো কিন্তু আসলে তারা বোঝে না সেখানে যে বঞ্চনা চলে। কাজে-কাজেই সার্মগ্রিকভাবে ভাষা বুঝতে না পারার জন্যে এবং এই ইংরাজী ভাষার জন্যে আমাদের প্রশাসনের যে মর্মার্থ সেই মর্মার্থ বৃহৎ জনসমাজের মাঝখানে গিয়ে পেঁছাচ্ছে না এবং আমরা ব্যর্থ হচ্ছি। তাই ইংরাজীর বদলে আবশ্যিকভাবে বাংলা ভাষা যখন সরকারী কাজে কর্মে ব্যবহৃত হবে, প্রশাসনের কাজে ব্যবহৃত হবে তখন বাংলাদেশের প্রশাসনে একটা বিপ্লব ঘটে যাবে এবং গণতন্ত্র যে অনেকখানি গুলিয়ে যাবে সে বিষয় কোন সন্দেহ নেই। আমি আবার বলতে চাই যে রাইটার্স বিল্ডিংসের সেই দ্বিধাগ্রস্ত মনোভাব এবং সঙ্গে সঙ্গে আমাদের মন্ত্রিমণ্ডলী যারা বাস্তবপক্ষে সেই রাইটার্স বিল্ডিংসের বড় বড় অফিসারদের হাতের পুতুলমাত্র তাঁদের সেই দ্বিধাগ্রস্ত মনোভাব এতদিন ধরে কেন নিষ্ঠার সঙ্গে চেষ্টা করেননি যার ফলে নানা অজুহাত তাঁদেরকে দেখাতে হচ্ছে। এর কারণটা কি? কারণ হচ্ছে এই আজ পর্যন্ত আমাদের দেশে শাসনযন্ত্রের উপরে যাঁরা আছেন তাঁরা এখনও ইংরাজ আমলের আমলাতন্ত্রকে ভুলতে পারেননি সেই ইংরাজ যে সাম্রাজ্যবাদী কায়দায় দেশ শাসন করেছে সেইটাই এখনও চলছে। আমলাতন্ত্রের সেই শ্বাসরোধ থেকে আমাদের প্রশাসন মুক্ত হতে পারেননি, রাইটার্স বিল্ডিংস মুক্ত হতে পারেনি এবং আমাদের যে মন্ত্রীমণ্ডলী তাঁরাও মুক্ত হতে পারেন নি। সেই মনোভাব আজও আছে। একটা ছোট গল্প বলছি। কিছুদিন আগে আমি যখন সবে বি এ পাশ করেছি, তখন ক্রিস্টফার রোডের একটা স্কুলে ইন্টারভিউতে গিয়েছিলাম। ও'রা চেয়েছিলেন একজনকে চাই, যে বি এ পাশ করেছে—ইংরাজী পড়াবে। আমি গেলাম, আমাকে যখন জিজ্ঞাসা করলো যে আপনি কিসে পাশ করেছেন, আমি বললাম যে আমি বাংলায় অনার্স, তবে আমি গ্রাজুয়েট বটে। তিনি বললেন যে তাহলেও আপনি ইংরাজী পড়াতে পারবেন না যেহেতু বাংলায় অনার্স। কিন্তু আমি বললাম যে হ্যাঁ আমি বাংলায় অনার্স বটে কিন্তু বি এ পাশ করেছি। কিন্তু ঐ যে বাংলা শব্দটি ছিল ঐটাই অপরাধ।

[2—2-10 p.m.]

ট্রাম বাসে সর্বত্র লোকে বলাবলি করে থাকে এই মন্ত্রীমণ্ডলী সাধারণ মানুষের মাতৃভাষার প্রতি পূর্বের মত অবজ্ঞা দেখিয়ে আসছেন। আমরা জানি বাংলা ভাষা আজকে কত উন্নত ও সমৃ হয়েছে। বাংলাদেশের একজন প্রখ্যাত সাংবাদিক যুগোশ্লাভিয়ার একটা সভায় যখন বাংলা বক্তৃতা করেছিলেন তখন সে দেশের একজন অধ্যাপক বলেছিলেন তোমাদের ভাষা যে এত ভা তাতো জানতাম না। বিদেশে স্বীকৃত হলেও আমাদের মন্ত্রীমণ্ডলী সেটা বুঝতে পারেন ন তারা রাইটার্স বিল্ডিংসে বসে থাকেন, জনসাধারণের ধ্যান ধারণার কথা তাঁরা চিন্তা করতে পারে না। পরিভাষার অভাবের কথা তোলা হয়েছে এখানে। পণ্ডিত ব্যক্তিদের নিয়ে পরিভাষা কর্মি হয়েছিল। গত কয়েক বৎসরের মধ্যে কিছু পরিভাষা তৈরীও হয়েছিল যদিও পরে তার থেকে কিছু বাদ দেওয়া হয়েছে। কিন্তু এটা শুধু পরিভাষা কমিটির ব্যাপার নয়। বাংলা ভাষায় শব্দ সম্পদের অভাব নাই। বাংলা ভাষার মধ্যে দিয়ে কয়েকদিনকার শিক্ষা সংস্কৃতির ধারা বয়ে এসেছে এর মধ্যে তৎসম তদ্ভব শব্দ আছে, এগুলির সাহায্যে আমরা বহু সহজবোধ্য শব্দ পেতে পারি পরিভাষা সম্পর্কে আমরা গোঁড়ামি দেখিয়ে থাকি যার ফলে অনাবশ্যক জটিলতা সৃষ্টি হয় আমরা জানি বাংলার মধ্যে ইংরাজেই শুধু নয়, বহু বিদেশী শব্দও ঢুকেছে এবং সেগুলি বাংলায় পরিণত হয়ে গেছে। চর্য্যাপদ থেকে রবীন্দ্রনাথের যুগও আমরা পার হয়ে এসেছি বহু নতুন নতুন শব্দ তৈরী হচ্ছে। এসবের অভাব নাই আমাদের। অভাব শুধু আন্তরিকতার সহৃদয়তার। আমরা এখনো পুরানো কায়দায় চলতে চাই। আমরা বুঝতে চাই না প্রশাসনিক কাজ যদি মাতৃভাষার মাধ্যমে না হয় তাহলে জনসাধারণের কাছে আমরা পৌঁছাতে পারব না। প্রসঙ্গক্রমে আমি কবি হারান চট্টোপাধ্যায়ের থেকে এটা উদ্ধৃতি দিতে চাই।

Dip my pen in my blood to write songs for men, I write not because I can; I write because I must.

যদি প্রাণের কথা প্রকাশ করতে চাই, মাতৃভাষার মাধ্যমেই তা করতে হবে।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার ব্যাপারে বিলটাকে যেভাবে এনে খাড়া করেছেন তাতে বিজয়বাবু আমাদের মনে আশার চেয়ে হতাশাই বেশী সৃষ্টি করেছেন। এজন্য বলছি দু বছর আগেও ভাবিনি যে এই অবস্থা হবে। কেননা জগন্নাথবাবু যখন প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বাংলাভাষার জন্য আমরা উঠে পড়ে লাগছি, দু চার খান চিঠিপত্রের জবাবও যখন বাংলায় পাওয়া গেছল রাইটার্স বিল্ডিংস থেকে তখন মনে করেছিলাম এবার বুঝি বাংলাভাষা চালু হল। কিন্তু দু বছর পরে হঠাৎ এই বিলটা আসতে দুঃখের কথা আর কি বলবো? শুধু হতাশাই সৃষ্টি করেছেন এঁরা। কাজেই আমি মনে করি যে এই বিল হতাশারই বিল। কারণ মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছেন কৈফিয়ৎ দিয়েছেন দু বছরে কাজ না করার সেই যুক্তি আমাদের খুব বিশ্বাসযোগ্য নয়। তিনি যা বলেছেন তাতে টেকনিকেল সাইডটা খুব বড় করে দেখিয়েছেন, বর্ণ লিখন যন্ত্র টাইপ রাইটার পরিভাষা ইত্যাদিতে দখল না হওয়ার জন্য এই বিল চালু করতে পাচ্ছেন না। আমর মনে হয় এই যুক্তিগুলি শুধু যুক্তি খাড়া করার জন্য বলেছেন। এগুলি হচ্ছে আনুষ্ঠানিক কথা। আসল কথা হচ্ছে আজকে বাংলা ভাষার এই অবস্থা কেন হল? ১৫।১৬ বছর পর সংবিধানে বিধান থাকার পর পার্লামেন্টে এসেম্বলীতে আইন করার পরেও কেন আমাদের আনুষ্ঠানকে চেতনা দায়িত্ববোধ আসেনি? আমার মনে হয় তিনটি ব্যাপার থেকে আমরা মুক্তি পাইনি। প্রথম হচ্ছে আমরা ইংরেজীর মোহ ত্যাগ করতে পারিনি। বড় বড় ঘরের ছেলেদের যেমন যারা এ্যারিস্টোক্রাট ঘরের ছেলে তাদের এবং বুনিয়াদী পরিবারের ছেলে যারা তারা এবং সরকারের যারা অনুচর, যারা বড় পরিবেশে আছে, তাদের ছেলেমেয়েরা বিশেষ বিশেষ স্কুলে পড়ে, উদ্দেশ্য তাদের ছেলেমেয়েদের আই পি এস, আই এ এস করা। বড় বড় চাকুরির মোহে আমলাতান্ত্রিক মোহে উচ্চতর ডিগ্রীর মোহের প্রতি অনুরক্তি তাঁরা ত্যাগ করতে পারেন না। দ্বিতীয়তঃ ইংরেজীতে হঠাতে গেলে রাষ্ট্রভাষা হিন্দীকে নিতে হয়। হিন্দী সম্পর্কে উগ্র জাতীয়তাবোধের দৃষ্টিভঙ্গী আছে, হিন্দী সম্পর্কে

* আমাদের উগ্র নৈতিবাচক ভাব আছে। এটা আমরা লক্ষ্য করি আসেপাশে শহরে গেলে গ্রামে

গেলে হিন্দী সম্পর্কে এই ভাব রয়েছে, এসেম্বলীতেও আমরা এই রকমের পরিবেশ পাই, একটু লক্ষ্য করলেই এটা বুঝা যায়। তৃতীয়তঃ বাংলাভাষাকে মর্যদা দিতে হবে, কি করে জনসাধারণ এর গুরুত্ব উপলব্ধি করবে, সেজন্য নেতৃত্বের দৃষ্টিভঙ্গী নাই। এই রকম দৃষ্টিভঙ্গী থাকার জন্য বাংলাভাষাকে যারা চান তাদের হতাশ করবে। যে দৃষ্টিভঙ্গী রাইটার্স বিল্ডিংসের কর্মকর্তা এবং মন্ত্রী দপ্তর থেকে আরম্ভ করে গ্রাম পঞ্চায়েতের অফিস পর্যন্ত চলছে—মহাকরণে যাই, দেখি প্রত্যেক মন্ত্রীর ঘরের সামনে প্লেটে লেখা আছে ইংরেজীতে, ডিস্ট্রিক্ট অফিসে যাই দেখা যাবে সেখানে ইংরেজী, এ ডি এম অফিসে ডি এম অফিসে যান দেখবেন সেখানে লেখা রয়েছে ইংরেজীতে, বি ডি ও অফিসে যান সবই ইংরেজীতে লেখা। পঞ্চায়েত অফিসের যে সার্কুলার গ্রাম পঞ্চায়েতের যে সার্কুলার সে সমস্তই ইংরেজীতে লেখা, গ্রাম পঞ্চায়েতের ইলেকশনের যে সার্কুলার ইউনিয়ন বোর্ডের যে সার্কুলার সব জিনিষই ইংরেজীতে, সেটা ব্যাখ্যা করে দিতে হয়। কোন কোন সময় বাংলায়ও লেখা থাকে বটে কিন্তু লক্ষ্য হচ্ছে ইংরেজীর মাধ্যমে পঞ্চায়েত রাজ, ইংরেজীর মাধ্যমে ইউনিয়ন রাজ। ইংরেজী মাধ্যমে গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে এই যে মনোভাব এ থেকে আমরা এখনও মুক্ত হতে পারিনি। আমাদের জাতটা আমাদের মনের রোগটা এখানেই পড়ে আছে। এমন জায়গায় আমাদের বিজয়বাবু এনে ফেলেছেন যে আমাদের ভাবতে হচ্ছে এই বিল সমর্থন করবো না কি বিরোধিতা করবো। বিরোধিতা করলেও টাইম দিতে হবে সমর্থন করলেন টাইম দিতে হবে, আবার যদি শুনি তিন বৎসর পরে টাইম দেন অনির্দিষ্টকালের জন্য, তাই এ নিয়ে এক মুস্কিলে পড়া গেছে, সমর্থন করবো কি বিরোধিতা করবো। কাজেই এই দৃষ্টিভঙ্গীর বিরোধিতা করছি। বাংলা ভাষার প্রতি গুরুত্ব বোধ মাতৃভাষার প্রতি যে মর্যাদা সেটা দেওয়া উচিত, সরকারী ভাষা হিসাবে বাংলা ভাষাকে নেতৃত্ব দেওয়া উচিত কিন্তু সেই নেতৃত্ব এই সরকার দিতে ব্যর্থ হয়েছেন। আমরা বাংলাদেশের লোক একটা কথা বলি নাভিশ্বাস, একটা কথা বলি রক্তের টান, সঙ্গে সঙ্গে একথাও বলি মাতৃভাষার টান। আমার মনে আছে স্কুলেতে টীচাররা কলেজে প্রফেসাররা যখন ইংরেজীর ফাঁকে ফাঁকে বাংলা বলতেন তখন তাদের প্রতি একটু আকৃষ্ট হতাম এক মুহূর্তের জন্য। যদি কোন প্রফেসার ইংরেজী বা অন্য বিষয় পড়াতে পড়াতে বাংলা বলতেন তাহলে আমাদের মনে হত বুঝি আমরা খুব কাছাকাছি হয়ে গেছি।

[2-10—2-20 p.m.]

যদি কোন টিচার ইংরেজী বা অন্যান্য বিষয় পড়াতে পড়াতে বাংলা বলতেন তাহলে মনে হোত খুব কাছাকাছি হয়ে আছি। তখন মনেই হোত না যে, উনি টিচার বা প্রফেসর এবং আমরা শিক্ষার্থী। কাজেই মাতৃভাষার টান নাড়ির টানের মত টান, প্রাণের টান, রক্তের টান। স্বাভাবিকভাবে এই যে টান তাকে উপলব্ধি করতে না পারাটা সরকারের ব্যর্থতা এবং সেই ব্যর্থতার জন্য আমি মনে করি নীতিগতভাবে এর বিরোধিতা করা উচিত। আজকে সরকারকে শেষ সিদ্ধান্ত করতে হবে যে, তাঁরা মহাকরণ থেকে আরম্ভ করে বি ডি ও অফিস পর্যন্ত কোন্ ভাষা ব্যবহার করবেন, পৌরসভায়, ডিস্ট্রিক্ট বোর্ডে এবং মিউনিসিপ্যালিটিতে কোন্ ভাষা ব্যবহার করবেন? আমরা কিন্তু প্রত্যেকটি ব্যাপারে দেখি ইংরেজী ভাষা ব্যবহৃত হয়, যেমন কোন ভিজিটর যদি রাইটার্স বিল্ডিংস-এ যায় তাহলে তাকে ইংরেজীতে স্লিপ লিখতে হয়, ডিস্ট্রিক্ট মেডিকেল অফিসারের কাছে যদি কেউ যায় তাহলে সেখানেও সেই ব্যবস্থা। আচ্ছা, এটা না হয় বুঝলাম যে রোগের নাম ডাক্তারকে ইংরেজীতে লিখতে হয়, কিন্তু হাজার হাজার লোক যেখানে হাসপাতালে যাচ্ছে সেখানে একটা ফর্ম বাংলাভাষায় হয় না কেন? হকারের লাইসেন্স ফর্ম বাংলাভাষায় হয় না কেন? এটা যে হয় না তার কারণ হচ্ছে দৃষ্টিভঙ্গীর অভাব। প্রতি মুহূর্তে লক্ষ লক্ষ মানুষ গ্রামে এবং শহরে যার মাধ্যমে ভাষাকে নিয়ে কারবার করে তার মধ্যে যত মাধ্যম আছে, আইন আছে, পুঁথি আছে সব বাংলাভাষায় করতে হবে। তার জন্য তো টাইপরাইটারের প্রয়োজন হয় না। আমার মনে হয় সর্বপ্রথম প্রাওরিটি দিতে হবে গভর্ণমেন্টের প্রিন্টিং কাজে এবং যত রকম ফর্ম আছে সেগুলি বাংলাভাষায় করতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে, মন্ত্রীর দপ্তর বা রাইটার্স বিল্ডিংস-এ গেলে পর যাবতীয় ফর্ম থেকে আরম্ভ করে দপ্তরে ঢোকার জন্য যে

ভিজিটর ফর্ম আছে তার অবজেক্ট কি সেটা বাংলাভাষায় লিখতে হবে। ডি এম-এর সংগে দেখা করতে গেলে দেখবেন লেখা আছে অবজেক্টস অফ ভিজিটর—এটা কেন? আমাদের দেশের একজন নিরক্ষর, মূর্খ চাষী যদি ডি এম-এর সংগে দেখা করতে যায় তাহলে সে দেখা করতে পারবে না এবং ভাববে তিনি কোন দেশের ডি এম। এই দেখা করবার ফর্ম-এ ইংরেজী লেখা এবং সে ইংরেজী জানে না বলে ডি এম-এর সংগে সে দেখা করতে পারব না। শাসনযন্ত্রের মধ্যে এমন অনেকে আছেন যাঁরা চান বাংলাভাষা চালু হোক এবং তার মাধ্যমে গণতন্ত্র সম্প্রসারিত হোক। আমি বিশ্বাস করি তাঁরা চান কিন্তু জোর গলায় বলতে পারেন না, কোন কনস্ট্রাক্টিভ সাজেসন দিতে পারেন না। তাঁরা বলতে পারেন না যে, এটা মন্ত্রীর দপ্তর থেকে চালু করতে হবে, আমলাতন্ত্রের হাত থেকে মুক্ত হতে হবে, এইসব ব্যবস্থা করে তার মাধ্যমে জনসাধারণের যোগাযোগের যে ফর্ম সেটা হোক, সার্কুলার হোক, কোন ছাপা হোক, বিল হোক, সে গেজেট বই হোক, আইন হোক সমস্ত জিনিস বাংলাভাষায় করতে হবে। কিন্তু সমস্ত জিনিস পেন্ডিং রাখা হয়েছে—এটা মোটেই ঠিক নয়। অনেকে বলেছেন দার্জিলিং-এ গেলে মনেই হবে না যে, এ দেশের ভাষা নেপালী। মনে হবে এটা কোন ইংরেজের জায়গা বা বাংলাদেশের একটা শ্রেণী পরাধীনতা স্বীকার করে এখানে রয়েছে। এরকম ভুল বোঝাবুঝির ফলে বা আউট অফ মিসআন্ডারস্ট্যান্ডিং অ্যান্ড নন-আন্ডারস্ট্যান্ডিং সেই নেপালীরা যদি বলে আমরা একটা রাজ্য চাই তখন কি করবেন? তখন আপনাদের নেপালী ভাষায় গিয়ে বোঝাতে হবে এটা ঠিক নয়, এটা কর্তব্য নয়, আমাদের সংগেই থাক। স্যার, আমরা যে পথ নিয়েছি তাতে আমাদের পায়ে কুড়ুল মারা হবে। আমি যাকে পেছনে রাখছি সে আমাকে পিছু টানবে—[illegible]র কথা। যাহোক, ভাষার দিক থেকে আমি মনে করি কংগ্রেসপক্ষ এবং বিরোধীপক্ষের এই দাবী করা উচিত যে বাংলাভাষাকে যত শীঘ্র সম্ভব পুরোমাত্রায় সংব্যবহার করব এবং সেটা রাইটার্স বিল্ডিংস থেকে আরম্ভ করে বি ডি ও অফিস পর্যন্ত।

Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলকে উপলক্ষ করে কাল থেকে এখানে যেসব বক্তৃতা শুনেছি তাতে আমার মনে কিছু কিছু কৌতুকের আবির্ভাব হয়েছে। বিল সম্বন্ধে যত বক্তৃতা হয়েছে তাতে ধারণা হয়েছে যে, বাংলাভাষাকে বুঝি বিধানসভা থেকে এবং সরকারী দপ্তর থেকে একেবারে বিদায় দেওয়ার ব্যবস্থা হয়েছে। বিলটা যে এসেছে তার স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসএ দেখা যাচ্ছে যে কনস্টিটিউশনের ২১০ ধারা অনুযায়ী যদি ১৯৬৫ সালের আগে কোন বিধান পরিষদ ইংরাজী ভাষা সম্বন্ধে কোন ব্যবস্থা না করে তাহলে ১৯৬৫ সালের ২৬শে জানুয়ারীর পর থেকে ইংরাজী সেই প্রদেশ থেকে চিরকালের জন্য নির্বাসিত হবে। আমি জানি না মাননীয় সদস্যরা যাঁরা কাল থেকে এইভাবে তীব্রভাবে বক্তৃতা করছেন তাঁরা ইংরাজীকে এই দেশ থেকে একেবারে নির্বাসিত করতে চান কিনা। কিন্তু ব্যক্তিগতভাবে আমি কখনও চাই না। স্যার, মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন সেনগুপ্ত বা শ্রীগণেশ ঘোষের মত আমিও কম ইংরাজ বিদ্বেষী ছিলাম না স্বাধীনতা সংগ্রামের সময়। কিন্তু ইংরাজী ভাষার প্রতি কোনদিন কোন বিদ্বেষ রাখার প্রয়োজন মনে করিনি। আজ জোর গলায় বলতে পারি যে ইংরাজী ভাষার প্রতি আমাদের কৃতজ্ঞতার যথেষ্ট কারণ আছে।

It is only the English language which tied the entire Indian people into a common bond of nationalism and one nationhood.

কিন্তু স্যার, আমরা যারা বৈপ্লবিক আন্দোলনের সংগে যুক্ত ছিলাম যাদের বৈদেশিক বৈপ্লবিক নেতাদের কার্যধারা পড়তেহয়েছে. গ্যারিবোল্ডি অ্যান্ড দি থাউজ্যান্ডস ম্যাৎসিনীর জীবনী পড়তে হয়েছে, হিস্ট্রি অফ দি সিন ফিন মুভমেন্ট পড়তে হয়েছে, আমাদের নিহিলিজম সম্বন্ধে তথ্য পড়তে হয়েছে, ইউরোপের বিভিন্ন দেশের ছাত্ররা কিভাবে তাদের দেশের স্বাধীনতা সংগ্রাম অগ্রসর হয়েছে এইসব বই পড়তে হয়েছে. তাদের এইসব সন্ধান যুগিয়েছে ইংরাজী ভাষা। ইংরাজী ভাষা আমাদের মধ্যে স্বাধীনতা সংগ্রামের এতবড় উদ্দীপনা এনে দিয়েছে। কাজেই আজ সেই ইংরাজী ভাষাকে কেন একেবারে বিসর্জন দিতে যাব বুঝি না। এই বিলে মাত্র এই ধারা

সংযোজিত করা হয়েছে যে ১৯৬৫ সালের পর ইংরাজী ভাষা এখানে কার্যকরী থাকবে। কিন্তু তার মানে এই নয় যে বাংলাভাষা এখানকার স্টেট ল্যাংগোয়েজ হিসাবে যে আইন এখানে পাশ হয়েছে সেই বাংলাভাষাকে বিসর্জন দেওয়া হবে। এখানে শুধু সেই ব্যবস্থাই করা হয়েছে যে এখন আমরা ইংরাজী ভাষা রাখব। স্যার, ভারতবর্ষ বিভিন্ন ভাষাভাষির দেশ। আজ মাদ্রাজ সরকারের সংগে আমাদের সরকারের চিঠিপত্র চালাতে হলে তা বাংলাভাষায় চলবে না, সেখানে ইংরাজী ভাষায় চালাতে হবে। অন্যান্য স্টেটের সংগে সেন্টারের সংগে চিঠিপত্র চালাতে হলে সেখানে ইংরাজী ছাড়া চলবে না। তাই এই আইনের বিরুদ্ধে কিছু বলার আছে বলে আমি জানি না। অনেক বিধানসভায় উত্তরপ্রদেশ, অন্যান্য প্রদেশে অনেক নেতা যখন ভাষা বিলকে ছিঁড়ে ফেলে তাণ্ডবের সৃষ্টি করেছিলেন তখন আমার মনে হয়েছিল এটা সেন্টিমেন্টালিজম ছাড়া আর কিছু নয়, একটা উন্মত্ততা ছাড়া আর কিছু নয়। কারণ ইংরাজী ভাষার সংগে আমাদের শত্রুতা নেই, ইংরাজ সরকারের সংগে শত্রুতা ছিল। আজকে ইংরাজের সংগে আমাদের কোন শত্রুতা নেই, আমরা তাদের একজন বন্ধু বলে গ্রহণ করতে পারি। স্যার, আমি একটা কথা বলতে চাই, যাঁরা আজ ইংরাজী ভাষাকে চিরকালের জন্য বিসর্জন দেবার জন্য আন্দোলন করছেন তাঁদের মুখে তো শুনলাম না গড়ের মাঠে ইংরাজ শাসকদের মূর্তিগুলি আজো দাঁড়িয়ে আছে যা আমাদের পরাধীনতার স্মৃতি স্মরণ করিয়ে দেয়, দিল্লীর রাজধানীর উপর বিদেশী শাসকদের মূর্তিগুলি বিদেশী শাসকদের নামে যে রাস্তার নাম আছে সেগুলি তিরোধান করবার জন্য আজ পর্যন্ত কোন আন্দোলনের কথা। কাজেই এটা আশ্চর্য লাগে। ইংরাজী ভাষাকে তাড়াতে পারলেই কি আমরা সাফল্যলাভ করতে পারব?

[2-20—2-30 p.m.]

ইংরাজের সময় যখন আমরা পরাধীন ছিলাম তার চেয়ে স্বাধীনতা লাভ করে একটা জিনিস দেখছি যে ইংরাজী স্কুলে ছেলেমেয়েদের ভর্তি করবার জন্য একটা অহেতুক আগ্রহ বেড়ে উঠেছে। এটা অনেক সাধারণ মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে আছে, তাঁদের একটা আগ্রহ রয়েছে, বাঙ্গালী স্কুলে তাঁদের প্রাণ ভরে না, তাদের মধ্যে লরেটো বা সেন্ট যোসেফ এইসব স্কুলে ছেলেমেয়েদের ভর্তি করাবার জন্য প্রচণ্ড প্রতিযোগিতা দেখতে পাই। কাজেই আমি যদি সেখানে বলি যে ইংরাজী ভাষাকে চিরতরে বিসর্জন দিই তা কিন্তু উচিত হবে না। নেপালী ভাষা দার্জিলিং-এ রয়েছে ঠিক আছে, দার্জিলিং-এর লোক নেপালীতে কথা বলে কিনা স্যার, সমগ্র পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে এবং সমগ্র ভারতবর্ষের বিভিন্ন স্থানে লক্ষ লক্ষ লোক আছেন যাদের একমাত্র ভাষা ইংরাজী, যাঁরা একমাত্র ইংরাজী ভাষাকে মনের ভাষা হিসাবে প্রয়োগ করেন—সেই ভাষাটাকে আমরা কেন বিসর্জন দেব এখন থেকে চিরকালের জন্য? কাজেই ইংরাজী ভাষাকে আজ যদি বিজাতীয় ভাষা হিসাবে আমরা গ্রহণ করি, তাহলে আমার মনে হয় সেটা ভুল হবে। স্যার, এই কথা বলে আমি এই বিলটাকে আমরা অকুণ্ঠ সমর্থন জানিয়ে বক্তৃতা শেষ করছি।

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, in rising to support this Bill memories float back to one's mind, particularly the time when the West Bengal Official Language Act, 1961, was passed by this House. That was a few months before the General Election of 1962, and I remember well the discussions that took place on the floor of the House in connection with the passing of that Act. I believe, Sir, I was the only person who had opposed the Bill and I had advanced certain arguments in support of my opposition which, of course, were not accepted—at least not officially—by any member of the House, neither from the Congress benches nor from the Opposition; but now the very fact that this Bill has had to be presented before the House and an amendment has become necessary, at least shows that I was not wholly wrong in the submissions that I had made on the floor of the House about three or four years back. I am one of those who believe that we should not give up English in a hurry.

Sir, nationalism is, of course, a good thing—I suppose every one of us here is proud at least to think that the spirit of nationalism is still in us—but while nationalism is a good thing the hysteria attached to it should always be avoided. So, my submission is that before replacing English as one of the official languages for all time to come, we ought to seriously consider certain aspects of this problem. We in India had learnt English about four or fiv. generations ago when the language of the world, the international language, was French. After having learnt the language and after having acquired considerable proficiency in that language—most of my brothers and sisters all over India have acquired proficiency in this language—it will be a sad day if we do away with English altogether particularly when English has formally become the only international language through which the nations of the world can confer and discuss.

Sir, we must not forget that English is the common link between Commonweath countries, between countries that belong to Commonwealth to which India belongs and the continuity whereof we all demand. We also should not forget that the only means of communication between the Afro-Asian countries is English. Then if you go to Africa as proud delegate of India and proud representative of India, your conversation, your discussion and your medium of expression have to be perforce in English and your writings to be in English. In point of fact, English today is not only the language of England, I do not consider English to be the language of our foreign rulers only, but today English is the language of America and English is, I believe, the language of three-fourths of the population of the world. Even in Soviet Russia, as you communist friends of both Marxist-Leninist variety and Somnath variety will agree, English has been accepted as an important language. Only recently I was reading a pamphlet with regard to the system of education in Soviet Russia and I found from it that over 99 per cent. school children in Soviet Russia are today learning English and learning it well. Sir, at this stage particularly for us, people in Bengal who had for good or for evil first come into contact with the English language, particularly for us, in my respectful submission, to give it up as an official language will be absolutely suicidal. It is the language of international commerce, it is the language of international political relationship, it is the language of the international judiciary, it is the language of the Afro-Asian countries, it is the language of the Commonwealth and above all, it is and will continue to be the language of our judiciary here, and it will continue to be the language in which our State will communicate with other States in India. Can you imagine, Sir, of an officer of the West Bengal Government being appointed in a responsible position here writing notes in Bengali, putting up reports in Bengali and then after 10 or 15 years working in Bengali he is suddenly promoted to a post in Delhi and then what will he do? I have learnt Sanskrit in school, but to use it is a question of practice. Suppose a particular officer for 10 or 15 years reads in Bengali, speaks in Bengali and does all official work in Bengali. Can it be reasonably expected of the officer on being promoted to a post in Delhi that he will start writing notes and reports in English in the efficient manner in which he is expected to discharge his duties? In my respectful submission I say, no, Sir. I see from this Bill that no definite decision has been taken and that English is to continue for an indefinite period as no date has been fixed. I congratulate Mr. Nahar who is piloting the Bill for having shown real wisdom and certainly a tremendous amount of practicality in keeping the Bill as vague as it is. The Bill merely suggests that English will continue to be one of the languages. That is an important factor. We must not forget that English, whether you like it or not, is one of the Indian languages of the Constitution. There is a vast section of the people in India who can only speak in English. So, quite apart from anything else, English has acquired an Indian stamp. I was hearing

the other day a person speaking in English. He speaks in English in the Indian way and that is our language. I can tell you, Sir, that I met a very eminent professor in English who said that apart from an Englishman, the next country which produces persons who really speak in English well and understand English literature is India. So before we decide to do away with English altogether, I shall ask my friends to bear these things in mind and then decide for themselves as to whether English is to be done away with. That is an important factor and I insist that honourable members should pay attention to it, quite apart from the very important aspect which my honourable friend Shri Narendra Nath Sen has just placed before the House.

[2-30—2-40 p.m.]

The other aspect is, whether you like it or not, you understand that in the present system which is continuing in the country and will continue for some time, proficiency in English is an absolute necessity for various reasons. Take the commercial houses. I said this once before while speaking on the Education budget, and I say again, take the commercial houses, and take statistics of the persons who are appointed to the prize posts in the commercial houses all over India, and take the background of their education. You will find that in 90 cases out of 100 they come from schools where the medium has been English. This is the present system, and this system is continuing, and for very many reasons; I have not the time to go into that but that is a fact which you have to accept. My honourable friends may say anything, but I have seen in my own constituency, people earning Rs. 200 or Rs. 250, even they try to save as much as possible for the purpose of sending their son or daughter to an English medium school where the fee is higher. They sacrifice, they try to minimise their other expenses. For what purpose? For the sole purpose of sending their children to an English medium school. My friend Biren Ray is enthusiastic and young, but I shall ask him to go with me; I will take him to his own relations who go to English medium schools. Charity begins at home. The position is that, if statistics is taken, I am working on facts, and I know it for a fact that it is the desire of every parent, if he or she can afford, to send their children to English medium school. Why? The answer is obviously to be found in the argument that I put forward before the House today. Therefore I take my seat fully approving this Bill and I hope this will be passed, and that the Government of West Bengal will not be in any hurry in trying to notify the date from which English will cease to be a language in the State.

Shrimati Ila Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেবার প্রশ্নটিকে অস্বীকার করে ইংরাজী ভাষাকে অনির্দিষ্টকালের জন্য শুধু অনির্দিষ্টকালের জন্য নয় চিরকালের জন্য রাষ্ট্রভাষারূপে জিইয়ে রাখার উদ্দেশ্য নিয়ে এই যে বিল এসেছে এই বিলের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। বিরোধিতা করতে উঠে প্রথমেই আমি অত্যন্ত দুঃখের এবং লজ্জার সঙ্গে বলছি স্বাধীনতা লাভের ১৭ বৎসর পরেও ইংরাজী ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে অনির্দিষ্টকালের জন্য রাখা হোক বলে এই যে ইংরাজী ভাষার পক্ষে ওকালতীমূলক বক্তৃতা শুনতে হল সেইজন্য দুঃখ এবং লজ্জায় এই স্বাধীন দেশে, বাংলাদেশে দাঁড়িয়ে আমার মাথা নত হয়ে আসছে। বাংলা ভাষা মাতৃভাষা এবং আমাদের রক্তের সঙ্গে ওতপ্রোতঃভাবে যে ভাষা জড়িত স্বাধীনতা লাভের জন্য আমরা অনেক দুঃখ ভোগ করেছি, অনেক সংগ্রাম করেছি, কজেই স্বাধীনতা লাভের পর সেই আমাদের মাতৃভাষা স্বীকৃতি পাবে সেই আশা নিয়ে বহুদিন ধরে আমরা সংগ্রাম করে এসেছি এবং বিভিন্নভাবে আমরা এই সংগ্রাম পরিচালনা করেছি। এবং তা সত্ত্বেও আমরা দেখেছি যে স্বাধীনতা লাভের ১৫ বৎসর পরে অর্থাৎ কিনা ১৯৬৫ সালের মধ্যে ইংরাজী ভাষার

পরিবর্তে বাংলাভাষা রাষ্ট্রীয় মর্যাদা পাবে এই আইন এই বিধানসভাতেই পাশ হয়ে গিয়েছে এবং সংবিধানেও একথা পরিষ্কারভাবে উল্লেখ আছে, তা সত্ত্বেও আজকে যখন বিধানসভায় এই বিল এসেছে তার উদ্দেশ্য একটিমাত্রই উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্য হচ্ছে বাংলাভাষাকে সেই মর্যাদায় স্বীকৃতি দিতে এই মন্ত্রিসভার অস্বীকৃতি। আজকে এখানে যাঁরা বক্তৃতা করলেন তাঁরা প্রত্যেকেই বলতে চেষ্টা করেছেন বাংলাভাষা রাষ্ট্রভাষায় মর্যাদা পাক। তাঁরা ইংরাজী ভাষারও বিরোধিতা করেছেন। আমার বক্তব্য, আমি মোটেই ইংরাজী ভাষার বিরোধী নই, তার ভাল মন্দের আলোচনাও এখানে আসছে না। আমাদের প্রধান ও প্রথম বক্তব্য হচ্ছে, ১৯৬৫ সালের ১১ই নবেম্বরের মধ্যে বাংলাভাষাকে রাষ্ট্রীয় ভাষায় মর্যাদা দেওয়ার জন্য যে আইন পাশ হয়েছে সেটারই আমরা পুনরাবৃত্তি করতে চাই, এবং আমাদের মাতৃভাষা বাংলা রাষ্ট্রীয় মর্যাদা পাক এই হচ্ছে আমাদের একমাত্র দাবি। এখানে মন্ত্রিমহাশয় ৩টি বাধার কথা বলেছেন যার জন্য নাকি বাংলা-ভাষাকে তাঁরা স্বীকৃতি দিতে পারছেন না, এই তিনটার উপরই আমি আমার বক্তব্য রাখতে চাই। তিনি পরিভাষার সমস্যার কথা বলেছেন। বাংলাভাষা কি এতই দীন? দশম শতাব্দীর চর্যাপদ থেকে নানা অবস্থান্তরের মধ্যে দিয়ে বাংলাভাষা রবীন্দ্র যুগে এসে বহুতরভাবে সমৃদ্ধিলাভ করেছে। বাংলাভাষা মোটেই ডেড ল্যানগুয়েজ নয়; নতুন করে পরিভাষা সৃষ্টি না করতে পারলে বাংলাভাষার উন্নতি করা যাবে না একথাও সর্বাংশে ঠিক নয়। বাংলাভাষা তদ্ভব, তৎসম, মাগধী, প্রাকৃত ইত্যাদি নানা সম্পদে সমৃদ্ধ হয়েছে। পরিভাষা কমিটি হয়েছে, কিন্তু তাঁরা কি করছেন আমরা জানিনা। পরিভাষা সম্পর্কে এটুকু বলতে পারি, আজকে অর্থনীতি, দর্শন, বাণিজ্য, সমস্ত বিষয়েই বাংলাভাষায় বই বেরিয়েছে, এবং সেসমস্ত আমরা স্কুল কলেজের শিক্ষক-শিক্ষিকারা পড়ে থাকি। আজকে স্নাতকোত্তর শ্রেণীতেও অর্থনীতি, সমাজ বিজ্ঞান, দর্শন এসব বিষয়ে বাংলায় পরীক্ষা দেওয়া চলে। সেখানে তো পরিভাষার কোন সমস্যা দেখা যাচ্ছে না। বৈদেশিক বাণিজ্য আমি নিজে পড়াই। বাংলা ভাষার মাধ্যমে পড়ান হলে ছাত্রছাত্রীদের মনকে যত সহজে প্রভাবিত করতে পারা যায় তা বলার দরকার হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিভাষার অভাব একটা সমস্যাই নয়। আজকে আমাদের দেশের দৈনিক সংবাদপত্রগুলির বাংলা ভাষায় বিভিন্ন বিষয়ে কি রাষ্ট্রনীতি, কি বৈজ্ঞানিক বিষয়, কি রাজনীতি, কি অর্থনীতি, সমস্ত বিষয়ে সুন্দর সুন্দর প্রবন্ধ লেখা হয়ে থাকে, এবং সেই সমস্ত সংবাদপত্র আজকে প্রথম শ্রেণীর মর্যাদালাভ করেছে।

[2-40—2-50 p.m.]

পরিভাষা যদি না বেরিয়ে থাকে তাহলে আমরা চেয়ারের জায়গায় চেয়ারই রাখব, টেবিল-এর জায়গায় টেবিলই রাখব। চেয়ারের জায়গায় কেদারা করে কবে পরিভাষা বেরুবে তারপর রাষ্ট্রীয় ভাষা হিসাবে বাংলাভাষাকে মর্যাদা দেব এর কোন মানেই হয় না। কাজেই দেখা যাচ্ছে পরিভাষা সমস্যা নয়। তারপর টাইপরাইটার এবং স্টেনোগ্রাফারের কথা বলা হয়েছে। আজকে এই উন্নত-তর বিজ্ঞানের যুগে বসে কি করে একথা শোভা পায় যে টাইপরাইটার এবং স্টেনোগ্রাফারে টেকনিক্যাল অসুবিধা হচ্ছে? যে যুগে মানুষ স্পুটনিক-এ উঠে চাঁদে চলে যাচ্ছে সেই যুগে এঁরা একথা বলছেন যে, টেকনিক্যাল অসুবিধার জন্য বাংলাভাষাকে রাষ্ট্রীয় মর্যাদা দিতে পারছি না। বিজ্ঞানের এত উন্নতি হওয়া সত্ত্বেও যে এটা হয় না এই যুক্তি অচল এবং সেদিক থেকে মনে হয় একটা উদ্দেশ্য আছে। আমাদের টাইপরাইটার নেই, স্টেনোগ্রাফারের অসুবিধা এবং পরিভাষার অসুবিধা প্রভৃতি যা বলা হয়েছে সেই যুক্তি অচল এবং এর পেছনে যে উদ্দেশ্য রয়েছে তার অর্থ হোল বাংলাভাষাকে রাষ্ট্রীয় মর্যাদা দেব না। এর পেছনে মন্ত্রী এবং আমলা-তন্ত্রের দাসত্ব সুলভ মনোভাব রয়েছে, দাসখত লিখে দেবার মনোভাব হয়েছে এবং তা থেকে তাঁরা বেরিয়ে আসতে পারছেন না বলেই বাংলাভাষাকে রাষ্ট্রীয় মর্যাদা স্বীকৃতি দিতে পারছেন না। স্যার, আজকে যদি কোন বিদেশী এই বিধানসভায় আসেন তাহলে তিনি ভাববেন এটা কি বাংলাদেশের বিধানসভা, না বৃটিশ পার্লামেন্ট? এখানে বিল এবং অন্যান্য অনেক কিছুই ইংরেজীতে লেখা হয়। তারপর, রোলকল করা হচ্ছে ইংরেজীতে এবং তারা বলছে প্রেজেন্ট প্লীজ। আমার প্রশ্ন হচ্ছে রাষ্ট্রীয় মর্যাদা বাংলাভাষাকে কেন দেওয়া হয় না? বাংলাভাষা কি দীনভাষা? আমি কখনও তা মনে করি না। প্রথমদিকে কাজ করতে অসুবিধা হবে এটা আমি

অস্বীকার করি না। কিন্তু সেই অসুবিধা হবে বলে তাকে রাষ্ট্রীয় মর্যাদা দেওয়া হবে না এই যুক্তি অচল। কিছু মানুষ আছেন যাঁরা বিরোধিতা করছেন, কিন্তু সেই শ্রেণীর সব মানুষের দিকে তাকিয়ে আমাদের সমাজ চলে না, দেশ চলে না। তাঁরা ইংরেজী ভালবাসেন, ইংরেজীতে স্বপ্ন দেখেন, কাটা চামচে খেতে ভালবাসেন, ইংরেজীতে কথা বলেন, ছেলেমেয়েদের ইংরেজী স্কুলে না পড়ালে মনে করেন পদমর্যাদার অবনতি হয়। রবীন্দ্রনাথ বলেছেন, "যেসব শিক্ষণীয় বিষয় জানা থাকলে আত্মসম্মান রক্ষা হয় তার জন্য অগত্যা যদি ইংরেজী ভাষার দারস্থ হতে হয় তবে সেই অকিঞ্চনতার মাতৃভাষাকে চিরদিন অপমানিত করে রাখা হবে। বাঙ্গালী যাঁরা বাংলা-ভাষা জানেন, শিক্ষিত সমাজ তাঁরা কি চিরদিন অন্ত্যজ শ্রেণীতেই গণ্য হয়ে থাকবেন?" আজকে পরিভাষার সমস্যা রয়েছে বলে রাষ্ট্রীয় মর্যাদা দেওয়া হবে না একথা বলার মানে হচ্ছে মাতৃ-ভাষাকে অপমান করা। সেইজন্য বিশেষভাবে বলছি বাংলাভাষাকে রাষ্ট্রীয় মর্যাদায় স্বীকৃতি দেওয়া হোক এবং যে আইন পাশ হয়েছে—অর্থাৎ ১৯৬৫ সালের ১১ই নভেম্বর-এর মধ্যে করা হবে সেটা করা হোক। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এই প্রসঙ্গে দুচারটি কথা বলব এবং আশা করি আমার বিশেষ বিশেষ বক্তব্য সম্বন্ধে তাঁরা অবহিত হবেন। আজকে অনেক কথা বলা হয়েছে এবং আমি কিছু নূতন নূতন অসুবিধার কথা বলব। আমার সর্ব প্রথম বক্তব্য হচ্ছে এবং অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, এই সভায় ইতিপূর্বে ২।৩টি বক্তৃতা যা হোল তা শুনে মনে হচ্ছে অনেকদিন পর একেবারে খালি গলায় বিশেষ করে দুজন গোলামের কণ্ঠস্বর শুনলাম। এরকম খোলামনে, দরাজ গলায় বহুদিন বলতে শুনিনি। তিনি বক্তৃতা করবার পূর্বে স্বাধীনতা সংগ্রামের কাহিনী ব্যক্ত করেছেন এবং বলেছেন বাংলা ভাষার জায়গায় ইংরেজী ভাষা কি পরিমাণ কার্যকরী ছিল। তিনি আর যেসব কথা বলেছেন তাতে মনে হয় যেন একথা কেউ বলেছে যে, আমরা ইংরেজী ভাষার দৌলতে দর্শন, ইতিহাস এবং স্বাধীনতা আন্দোলন ইত্যাদি পড়ে একটা ভুল কাজ করেছি।

ইংরেজী ভাষাকে পরিপূর্ণ সমাদর দিয়ে বাংলাভাষার যোগ্য স্থান গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে। কাজেই এটাকে আড়াল করার কোন কারণ নেই যে যারা আজকে বাংলাভাষা চাইছে, বাংলাভাষার প্রবক্তা তারাই চাইছেন যে বাংলাভাষাকে সমস্ত কাজকর্মে গ্রহণ করা হউক, বাংলা-ভাষাকে মর্যাদা দেওয়া হোক। তাঁরা একবারও একথা বলেননি যে ইংরেজীকে যোগ্য মর্যাদা দিতে তাঁরা কুণ্ঠিত। ইংরেজীকে মর্যাদা আজও দিতে হবে এবং ভবিষ্যতেও দিতে হবে। কিন্তু আর এক ভদ্রলোক যখন বললেন তিনি বলে গেলেন সমগ্র দেশের কথা, আমাদের দেশ শ্রেণী-ভিত্তিক সমাজের দেশ, তার সঙ্গে আর একটা দুর্ভাগ্য পরাধীনতার জের আমরা টেনে টেনে চলেছি। সুতরাং এটাকে যারা বহন করে চলেছেন এবং যারা স্বপন দেখেন, বিভিন্ন মার্কসিস্টদের সম্বন্ধে কতটা জানেন তা জানিনা, কিন্তু একটা জিনিস তিনি জানেন না সমস্ত ভ্যারাইটির মার্কসিস্ট, যত রকমই থাকুন না কেন তাঁরা তাদের মাতৃভাষাকে যোগ্য স্থান দিয়েছেন, যোগ্য মর্যাদা দিয়েছেন, তারপর তাঁরা ব্যগ্র হয়েছেন বিশেষ বিশেষ ভ্যারাইটির ব্যাপারে। সাম্রাজবাদী জীব হিসাবে তাদের কথা চিন্তা করে আমরা বলি না, আমরা বলি আগামী দিনের মানুষের কথা, তাদের কথাই আমরা চিন্তা করে বলি।

[নয়েজ]

ঐ ভদ্রলোক এত চেচাচ্ছেন কেন? তাঁর কি অসুবিধা হচ্ছে? তিনি তো ইংরেজী জানেন না। কাল এখানে নরেশবাবু বলে গেলেন আমরা যদি বাংলাভাষার কথা বেশী বলি তাহলে হিন্দী এসে আমাদের ঘাড়ে চেপে পড়তে পারে। এগুলি কি একটা যুক্তি? এবং এই যুক্তির উপরই দাঁড়িয়ে তাঁরা বলছেন আজও নাকি সময় হয়নি। কতদিনে সময় হবে? একথা বলেছেন যে ১৫ বছরে সময় হয়নি আর ১৫ বছরের তারা কল্পনা করছেন? সেকথা তাঁরা বলছেন না কেন? এটা একটা আকস্মিক ঘটনা নয়, কেন আজকে ১৫ বছর পরে বলতে পাচ্ছেন না যে আগামী ৫ বছরে করতে পারবেন না? আকস্মিক ঘটনা নয় কারণ তাঁরা একটা শ্রেণীর প্রতিভূ, আমলাতন্ত্রের জন্য তাঁরা

সেই শ্রেণীকে বজায় রাখতে চান। এই আমলাতান্ত্রিক প্রতিভূরা চান যে তাঁদের দরবারে যাঁরা আসবেন তাঁরা যেন তাঁদের সংগে সিদ্ধার্থবাবুর মত একজন বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে যান, যিনি ইংরেজী ভাষা জানেন তাদের সংগে করে তাদের কাছে যেতে হবে। সহজভাবে বাঙ্গালীর সংগে বাঙ্গালীর পরিচয় যাতে না ঘটে বাংলাদেশের অফিসারের সংগে সাধারণ বাঙ্গালীর মজুর মধ্যবিত্ত শ্রেণীর দাবী নিয়ে কথাবার্তা বলবার সময় অন্তরালের একটা প্রাচীর যেন সৃষ্টি করা হয় যাতে ফাঁকে ফাঁকে ইংরেজী জানাদের সাহায্য নিতে হয়, এটাই হচ্ছে উদ্দেশ্য। হাইকোর্টের ক্ষেত্রেও সহজ জাস্টিস এদেশে নাই। সহজে কিভাবে বিচার হবে? চাষীর মামলা হাইকোর্টে গেলে সিদ্ধার্থবাবুরা ইংরেজী বলবেন, ইংরেজীতে বাদানুবাদ করবেন, বুঝতেই পারল না কি হল, কত রকম বক্তৃতা হল, আইনের কোন ব্যাপার নয়, ম্যাটারের কোন ব্যাপার নয়, শুধু ভাষার ফুলঝুড়ি ফলিয়ে চাষীর হয়ত সর্বনাশ হয়ে গেল।

[2-50—3 p.m.]

এর উপর ভিত্তি করে ঠিক হবে কোন ভাষা আমাদের। আমি সিদ্ধার্থবাবুকে স্মরণ করিয়ে দিচ্ছি সম্ভবত যদি আমার ভুল না হয়ে থাকে, একসময় সিদ্ধার্থবাবু এই হাউসে বলেছেন, তিনি দাবি করেছিলেন অন্তত অ্যাকাউন্টের ব্যাপারটা যেন বাংলায় করা হয়, তাহলে এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল বাড়বে। এ আমার কথা নয়, বোধ হয় ১৯৫৭ সালের ইলেকসানের পরে যখন তিনি ইলেকটেড হয়েছিলেন তখন সিদ্ধার্থবাবু একথা বলেছিলেন যে অ্যাকাউন্টসগুলি যদি বাংলায় হয় তাহলে বহু বাঙ্গালী চাকরি পাবে। এই আইডিয়াকে একটু প্লেস করুন। একটা দরখাস্ত যদি ইংরাজীতে না লিখতে হয় তাহলে একজন বাঙ্গালীর দ্বারা লেখা যায়।

Shri Siddhartha Shankar Ray: Will my honourable friend allow me to say a few words.

Shri Jyoti Basu: How does he allow you. You will speak later on.

Shri Rabindra Nath Mukhopadhyay: Please allow me to speak.

যতখানি আমার মনে আছে সিদ্ধার্থবাবু একথা বলেছিলেন এবং আমি তাঁকে অনুরোধ করব এটাকে আপনি প্লেস করুন অর্থাৎ ইংরাজীতে দরখাস্ত না লিখে যারা বাংলায় দরখাস্ত লিখতে পারবে তাদের চাকরি হবে। এইরকম অনেক চাকরি হতে পারে। এইরকমভাবে সমস্ত সমাজ-জীবনে বাংলাকে প্রসারিত করে দিন তাহলে দেখবেন আমাদের কাজের মধ্যে বাঙ্গালী নানাভাবে কাজ পেতে আরম্ভ করেছে। কেন তাঁর কাছে যাবে? সহজ ভাষায় জজমেন্ট পাবার জন্য তাঁর কাছে যাবার দরকার কি আছে, বাংলায় হলে কানে শুনে প্রাণে বুঝে অন্তত আমাদের দেশে কতটুকু আইন আছে সেই আইন আমার পক্ষে কতটুকু বিপক্ষে কতটুকু সেটা আমি বুঝতে পারব। উনি সোভিয়েট ইউনিয়নের কথা বললেন। সোভিয়েট ইউনিয়নে বিদেশী ভাষার সাহায্যে জজিয়তি হয় না। তাদের দেশের মাতৃভাষাতে সহজভাবে জাজমেন্ট পৌঁছে দিয়ে দেয় সাধারণ মানুষের কাছে। তার জন্য যাইতে হয় না কমনওয়েলথে কি ভাষা হবে, বিশেষ বিশেষ ব্যক্তি কোথায় কোথায় গিয়ে কত ভাল ভাল ইংরাজী বলবে এবং ইংরাজী পদমর্যাদার কাছাকাছি গিয়ে পৌঁছুতে পারছে কিনা এ কৈফিয়ৎ তাদের দরকার হয় না। তাদের দেশে অনেক ভাষা আছে এবং সেই অনেক ভাষায় তাদের সমগ্র কাজকর্ম হয়ে থাকে। আমি আকমা রিপাবলিকের মত একটা ছোট জায়গায় গিয়েছিলাম। সামান্য কয়েক লক্ষ লোকের বাস। আমাদের দেশে বাংলাভাষায় যত প্রচারপত্র, পত্রিকা, আনন্দবাজার, যুগান্তর প্রভৃতি আছে তার থেকে তাদের সংবাদপত্রের সংখ্যা বেশী। কিন্তু সেখানে রুশ ভাষা পড়তে হয়, অনেকে পড়ে। কিন্তু জেনে রাখুন এইরকম একটা ছোট দেশের প্রত্যেকটি পরিবার যে কাগজ পড়ে সেটা তার নিজের মাতৃভাষায়। তার জন্য বিশেষ ক্লাস সৃষ্টি করার দরকার হয় না, যারা বিশেষ ভাষায় শিক্ষিত হয়ে শ্রেণী হিসাবে নতুন জায়গায় গিয়ে তাদের কথাবার্তা বলবে। এই শ্রেণীর দরকার হয় না।

সিম্ধার্থবাবু বোধ হয় ভুলে গেছেন যে তাঁরাই শুধু দেশটা নয়, তাদের টোটাল সংখ্যার সঙ্গে দেশটাকে যদি মিলিয়ে দেখতেন তাহলে দেখতেন যে সমগ্র পৃথিবীর মধ্যে তাঁরা একটা ক্ষুদ্র বিন্দু ছাড়া আর কিছু নয়। সেই দেশটাকে পর্যন্ত ভুলে গিয়ে তাঁরা নিজের চোখ দিয়ে জগৎটাকে দেখবার চেষ্টা করছেন। দেশটাকে দেখবার চেষ্টা করুন, তাদের প্রাণটাকে বুঝবার চেষ্টা করুন, তাদের মনটাকে বোঝার চেষ্টা করুন, সেটা দিয়ে সমস্যায় পৌঁছাবার চেষ্টা করুন। বিজয় সিং নাহার মহাশয় হচ্ছেন লেবার মিনিস্টরার। আমি তাঁকে দু-একটা কথা বলি। তিনি মন্ত্রীত্ব করছেন। বাংলাদেশে কয়েক লক্ষ শ্রমিক আছে। তিনি জানেন প্রতিদিন কত চার্জ-সিট হয় প্রতি কারখানায় কারখানায় এবং সেই কারখানায় চার্জসিটের জবাব ইংরাজীতে লিখতে হয়। তার একটা অংশকে টিপ সই দিয়ে কাজ মিলিয়ি নিতে হয় যাদের অধিকাংশের ভাষা হয় বাংলা না হয় সাধারণ দেশী ভাষা। তাদের মালিক দেবে চার্জসিট ইংরাজী ভাষায় এবং সেই ইংরাজী ভাষা থেকে ব্যাখ্যা করে যদি কোন ট্রেড ইউনিয়নিস্ট থাকে তিনি ব্যাখ্যা করে তাকে বোঝবেন, বুঝিয়ে তার কথা শুনে ইংরাজীতে জবাব দেবেন। অর্থাৎ মাঝে একটা স্তর তৈরি হবে। কিংবা যদি ট্রেড ইউনিয়ানিস্ট না থাকে তাহলে সিম্ধার্থবাবুর গোষ্ঠীর যারা ছোট তরফের উকিল তাদের কাছে গিয়ে বলবে যে আমার চার্জসিটের জবাবটা ইংরাজীতে লিখে দাও। আপনি জানেন এটা কতখানি ন্যাশন্যাল ওয়েস্টেজ, কতখানি এনার্জি ওয়েস্টেজ, কত পয়সা এর জন্য অপব্যয় হয়? এটা কোনদিন আপনি খেয়াল করে দেখেছেন?

আপনারা এই সিস্টেমের মধ্যে ঘোরাফেরা করছেন বলে কোনদিকেই এগুতে পারছেন না। আপনি জানেন বিজয়বাবু যে কারখানার জবাব দিলেন, এনকোয়ারী হল, কারখানায় এনকোয়ারীর যে সিস্টেম আছে সেই সিস্টেমে এনকোয়ারী হবে, যে বেচারী বাঙ্গালী ওয়ার্কার তার কাছে বলা হল, বলার পর পরিপূর্ণভাবে লেখা হল ৫ পাতায় বক্তব্য, লিখলেন ইংরাজীতে, আপনি বলবেন বাংলায় লেখে না কেন, চালু হয় নি, হয় না, আপনি বাধা হয়ে দাঁড়িয়েছেন, আপনি আপনার দপ্তরে চালু করেন নি, কেন না করে কারখানার মধ্যে চালু করবেন, তাঁরা করেন নি, তাঁরা আপনার মত মাইনরা চাকর রাখেন অনেকে, তাঁরা গ্রাহ্য করেন না। তাঁরা চার্জসীট লিখে বলে দেন এই লেখা হল, সহি কর—আমরা বলেছি অনেক জায়গায় সহি করবে না, তুমি জান, বললে বাংলায় বলে দিয়েছ। ইংরাজীর বাংলা লেখা হল, বাংলায় বলে দিল, সে চাকরী রাখার খাতিরে ভয়ে ভয়ে সহি করেছিল। কেন, এটা কি ইংরাজীর প্রতি কোন দরদ দেখানোর ব্যাপার আছে, তা নয়। আমার বিরুদ্ধে যে অভিযোগ আছে আমার ভাষায় তার জবাব দিতে চাচ্ছি এবং সহজে জাস্টিস পেতে চাচ্ছি। কিন্তু বাধা আপনি বিজয়বাবু সৃষ্টি করেছেন। তারা একটা চাকরী, রোজগারকে বজায় রাখবার জন্য একটা শ্রেণী হিসাবে দাঁড়িয়ে থাকার জন্য সাধারণ মানুষের সঙ্গে অ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে একটা যোগসূত্র সৃষ্টি করতে চাচ্ছে ইংরাজীর সঙ্গে কোন বিরোধের সম্পর্ক এর মধ্যে নেই। কাজেই অত্যন্ত দুঃখের বিষয় নরেনবাবু ঐ বক্তৃতা করলেন, একটা দৃষ্টিভঙ্গী থেকে বললেন, যেন শুধু সেটার জন্য আমাদের দেশের স্বাধীনতার সমস্ত ঘটনাবলী এগিয়ে গেছে, আমরা যেন তার বিরোধীতা করছি। গণেশবাবু, নিরঞ্জনবাবু কেউই কোন দিক দিয়ে এর বিরোধীতা করেন নি। কাজেই সেটাকে বিকৃত করার চেষ্টা করা হচ্ছে এজন্য যে বিশেষ শ্রেণীভিত্তিক সমাজের যে বিশেষ গোলামী ব্যবস্থায় চলে এসেছে সেটাকে কিভাবে বজায় রাখা যায় তার কুজ্ঝটিকা সৃষ্টি করার জন্য এসমস্ত কথা বলা হয়েছে। আমি জিজ্ঞাসা করি তাঁরা কতদূর চেষ্টা করেছিলেন যার উপর দাঁড়িয়ে তাঁরা বলেছেন যে, আমরা চেষ্টা করেছি কিন্তু এই কারণে করতে পারি নি, টেকনিক্যাল ডিফিকাল্টিগুলি অপসারণ করতে পারছি না বলে আমাদের অসুবিধা হচ্ছে কিন্তু সেসব কোন রিপোর্ট তো নেই—করতে চাচ্ছেন না আপনারা, চাচ্ছেন না এজন্য যে এইভাবে এই অবস্থায় সমাজে ব্যুরোক্র্যাসীর সিস্টেম যাতে বজায় থাকে সেটা আপনারা চাচ্ছেন। সেই কারণে লেবার কমিসনার্স অফিসে তাঁরা চিঠি দেন ওয়ার্কাসদের বিরুদ্ধে, ইংরাজীতে লেখা হয়। আপনারা তো বলেন আপনাদের পলিসি হিসাবে অনেক সময় ট্রেড ইউনিয়নের মধ্য থেকে মিডল ক্লাস আমরা, রাজনীতি করি, আপনারা আমাদের উৎখাত করতে চাচ্ছেন, নিজেদের রাখতে চাচ্ছেন সেটা আলাদা কথা, কিন্তু আমাদের তো দরকার হচ্ছে, আপনাদের সিস্টেমের জন্য আমাদের ওয়ার্কাররা আমাদের কাছে আসতে বাধ্য হয়।

আপনারা চান না যে ওয়ার্কাররা নিজের জিনিস নিজের ইউনিয়ন গড়ে তুলুক, নিজের ভাষায় কথা বলে নিজের ভাষায় জবাব দিয়ে আপনাদের অ্যাডমিনিস্ট্রেসনের যে বিভিন্ন আইন আছে তার সঙ্গে সংযুক্ত হয়ে থাক, কারণ আপনারাই তো বাধা সৃষ্টি করছেন, আপনারা উল্টো তৈরী করবার জন্য চেষ্টা করছেন। সুতরাং এক্ষেত্রে একটা কুজ্ঝটিকা সৃষ্টি করে কোন লাভ নেই. সেটা জাতির অগ্রগতির মধ্যে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে সেটা সরিয়ে দিন. দিয়ে বাঙ্গালীর যেটা প্রাণের টান, নাড়ীর টান, সেটাকে বুঝবার চেষ্টা করুন এটাই হচ্ছে আমার এখন কথা। আমার শেষ কথা হচ্ছে যেটা আমাকে বলবার জন্য হাসান সাহেব বলেছেন, আমাদের অন্যতম বাধা হিসাবে পশ্চিমবাংলায় নেপালী ভাষাকে একটা মর্যাদা দেওয়া দরকার। যদি বিভিন্ন জাতিকে অ্যাকটিভরূপে দেশের মধ্যে রাখতে হয়, তাদের যদি সেই মর্যাদা না দেন, তাহলে একই স্বাধীন দেশের মধ্যে আর একটু নীচু ধরনের জাতি হিসাবে তারা পরিগণিত হবে। এই একটা মিটিং-এ নোটিশ দিয়েছেন, সবাই জানেন অঞ্চল পঞ্চায়েতের নোটিশ কিন্তু ইংরাজীতে চাষীরা যাবে সেই মিটিং-এ। এটা তো ইংরাজীর প্রতি কোনরকম অসম্মান জানানোর ব্যাপার নয়, কিন্তু বাধা কোথায়? আপনারা তাদের ভাষায় লিখতে সুরু করুন আজ থেকে অনেকগুলি জিনিস দেরী হতে পারে একটা-দুটো-পাঁচটা জায়গায় সুরু করছেন না কেন, নিজের ডিপার্টমেন্ট থেকে সুরু করছেন না কেন?

[3—3-10 p.m.]

একটা মিটিং-এর নির্দেশ দিয়েছেন. চাষীরাও যাবেন সেই মিটিং-এ। কিন্তু তাতে বাধা কোথায়. তাদের ভাষায় লিখতে? সুরুটা করুন আজ থেকে। অনেকগুলো জিনিস পেতে হয়ত দেরি হতে পারে কিন্তু সুরু করছেন না কেন? জীবনের একটা-দুটো-তিনটা-চারটা-পাঁচটা অংশ থেকে সুরু করছেন না কেন? নিজের ডিপার্টমেন্ট থেকে সুরু করছেন না কেন? কাজেই দেখা যাচ্ছে যে. সমস্ত ব্যাপারটা ঠিকমত হচ্ছে না। সমস্ত ঘটনাটা হচ্ছে একটা ষড়যন্ত্রের জের হিসাবে এবং যে জেরের মুখপত্র হিসাবে আজকে কয়িকজন সদস্য বিভিন্ন দিক থেকে একটা কুজ্ঝটিকা সৃষ্টি করে সমস্ত ইস্যুটাকে একেবারে বানচাল করে দেবার চেষ্টা করেছেন। আমি এই মনোভাবের এবং মনোবৃত্তির ঘোরতর প্রতিবাদ জানাচ্ছি।

Point of Personal Explanation

Shri Siddharta Shankar Ray: Sir, on a point of personal explanation. Any honourable member is certainly entitled to criticise any other member; but in doing so, if he wants to quote that member he must quote correctly. When my honourable friend said, I had suggested that the books should be maintained in Bengali, he has forgotten to mention that I also said, in addition to English or Hindi, as the case may be.

Secondly, Sir, in 1961, before the third general election—my honourable friend was a Member of this House—I wholly and without any reservation opposed the 1961 Official Language Bill on the same arguments that I have advanced today. After that the Bill was passed; I was the only member who opposed that. But even after its publication, the Communist Party and my friends there did not at all feel abashed to take me to their meetings, and in telling people, here is a man who told the right thing.

Shri Amarendra Nath Basu:

শ্রদ্ধেয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রিমহোদয় যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তাঁকে অনুরোধ করব তিনি এই প্রস্তাবটি প্রত্যাহার করে নিন। আলোচনার সময় তিনি যে তাঁর বক্তব্য রেখেছেন, তাতে তিনি বলছেন যে, যন্ত্রের অভাবে, উপযুক্ত কর্মীর অভাবে এবং পরিভাষা সম্পূর্ণভাবে তৈরি না হওয়ার জন্য তিনি এই বিলে সংশোধনী আনতে বাধ্য হয়েছেন

এবং সঙ্গে সঙ্গে একটা কথা বলে দিয়েছেন যে ইংরাজী ঐ বিলেতে যে সময় দেওয়া আছে, তারপরও চালু থাকবে। কিন্তু কতদিন পর্যন্ত ইংরাজী চালু থাকবে, সেকথা তিনি জানান নি। আমার বক্তব্য হচ্ছে এই যন্ত্রের অভাবে, কিংবা উপযুক্ত কর্মীর অভাবে বা পরিভাষা না থাকার অভাবে তিনি যে বাধ্য হয়েছেন, তা নয়। আমার মনে আছে এই বিধানসভায় ১৯৬১ সালে যখন এই বিলটি গৃহীত হয়েছিল, তখনও কংগ্রেস সদস্যদের মধ্যে খুব একটা উৎসাহের ভাব ছিল না। পরে আমরা দেখলাম, পরের বৎসর, তখন সেই সময় যিনি মুখ্যমন্ত্রী ছিলেন, ডাঃ বিধানচন্দ্র রায়, তিনি বক্তৃতা দিতে উঠলেন। তখন বিরোধীপক্ষ থেকে, বিশেষ করে যখন জ্যোতিবাবু বললেন যে, বাংলায় বলুন না? তিনি তার জবাব দিয়েছিলেন আমার মনে আছে। তিনি এই কথাই বলেছিলেন, আমি বাংলায় বলতে পারি, বলব না। তিনি এই কথাই বলেছিলেন, বলতে পারি বলব না। আমাদের সেদিন খুব একটা এখানে হাসি উঠেছিল, কিন্তু আমি বুঝতে পেরেছিলাম এই হল কংগ্রেস পক্ষের মনোভাব। আজকে মন্ত্রিমহাশয় যে সংশোধনী প্রস্তাবটি নিয়ে এসেছেন এর মধ্যে থেকে এই কথাটাই ফুটে উঠেছে যে, করতে পারে, করব না। বাংলাভাষা আমাদের সরকারী ভাষা হবে, রাষ্ট্রীয় ভাষা হবে এ আমরা গ্রহণ করেছি। তিন বৎসর কেটে গেল আমরা কতটুকু এগিয়েছি, মন্ত্রিমহাশয় কতটুকু করেছেন সেকথা তো তিনি ঐ সভায় রাখলেন না যে, আমরা এই চেষ্টা করেছিলাম, তিন বৎসরে আমরা পারি নি, সেইজন্য আমি এই সংশোধনী প্রস্তাবটি আনতে বাধ্য হয়েছি। আমার কথা হচ্ছে এই ইচ্ছা। ইচ্ছা যে নেই এবং এই মনোভাব কংগ্রেসের পক্ষের অধিকাংশ লোকের, বিরোধীপক্ষেরও যে এইরকম মনোভাব আছে সে ইংরাজী এই দেশে রাষ্ট্রীয় ভাষা হিসাবে চালু থাক তা বেশ প্রকাশ হয়ে যাচ্ছে। আমরা কিন্তু তা চাই না। কিন্তু এখনও ঠিক বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করতে চাই বলে ইংরাজী ভাষাকে এই দেশ থেকে বনবাসে পাঠাবার কথা তো আমরা বলি না এবং আমার বন্ধু শ্রীনিরঞ্জন সেন মহাশয় যখন বক্তব্য রাখলেন, তিনিও তো একথা বলেন নি যে ইংরাজী ভাষাকে আমরা দেশ থেকে তাড়াব। আমাদের বক্তব্য হচ্ছে এই যে, ইংরাজী ভাষা বিদেশী ভাষা এবং এই পাঁচটি বিদেশী ভাষার মতন আমরা ইংরাজীকে এদেশের লোক শিখুক তাতে আমাদের কোন আপত্তি নেই। আর একটি কথা, আমার মনে হয় যে, ইংরাজী জানা মানুষকে ইংরাজরা খুব কাঁধে তুলে ধরেছিল। তাদের নিজেদের কাজের সুবিধার জন্যই হোক ইংরাজী শিখিয়ে নিয়ে বাঙ্গালীকে, এই বাংলাদেশের মানুষকে তারা খুব তুলে ধরেছিল, উঁচু করেছিল। আমাদের দেশের মানুষরা তখনকার দিনে একথা ভাবত যে, ইংরাজী জানা মানুষরাই হল বাবু মানুষ, সভ্য মানুষ, শিক্ষিত মানুষ। সেই মনোভাবটা শুধু এই বিধানসভার সভ্যদেরই নয় বাইরেও এই মনোভাব আছে। এই মনোভাব দূর করতে গেলে সবচেয়ে বেশি প্রয়োজন হল আমাদের যে ভাষা, বাংলা ভাষা, যাকে আমরা রাষ্ট্রীয় মর্যাদা দিচ্ছি সেইটে অতি শীঘ্র, তাড়াতাড়ি সর্বস্তরে চালু করা। আজকে বিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, সেখানে দু-একজন বন্ধুর আলোচনার মধ্যে শুনলাম যে ইংরাজীতে না শিক্ষা হলে সে শিক্ষা নাকি ভাল হয় না। ইংরাজীতে ছেলেদের না শিখাতে পারলে সর্ব কার্যক্ষেত্রে তারা পিছিয়ে পড়বে। আমি বলি ইংরাজীতে তারা লেখাপড়া শিখছে, লেখাপড়া শেখা সত্ত্বেও তারা সর্বভারতীয় প্রতিযোগিতার স্তরে পিছিয়ে আসছে। ইংরাজী ভাষা শিখলেই যে তারা ভাল শিখবে। ইংরাজী ভাষার মাধ্যম ছাড়া ভাল শেখা যায় না একথা ভুল। জাপানে যারা বাস করে জাপানী যারা তারা তাদের মাতৃভাষায় লেখে, জার্মানীতে যারা থাকে, জার্মানীতে তারা তাদের মাতৃভাষায় লেখে। এই ভাষায় মর্যাদা যদি আমরা বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের থেকে দিতে সুরু করি, তবেই এটা সর্বস্তরে পৌঁছাবে। আজ আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, এই সংশোধনী প্রস্তাব আমার সঙ্গে সঙ্গে তিনি স্বীকার করে নিচ্ছেন যে, আমাদের এই সভা সংবিধানকে পূর্ণ মর্যাদা দিতে পারল না, ব্যর্থ হল।

[3-10—3-20 p.m.]

বাংলাদেশের মানুষের বহু আশা ছিল তাদের মাতৃভাষা যথাযোগ্য সম্মানের আসনে প্রতিষ্ঠিত হবে। কিন্তু মন্ত্রিমণ্ডলী তা করতে পারেন নি। তাই আমি মন্ত্রিমহাশয়কে বলব, এই বিল তিনি প্রত্যাহার করে নিন। আরও ১৪ মাস সময় আছে, এই ১৪ মাস তিনি ভালভাবে চেষ্টা করুন,

উভয় সভার সভ্যদের নিয়ে একটা কমিটি করুন সেই কমিটির কাছে তিনি তাঁর সমস্ত বক্তব্য রাখুন, কোথায় কোথায় বাধা আছে সমস্ত বলুন। আমি মনে করি যদি কমিটি আগ্রহের সঙ্গে কাজ করেন তাহলে সেইসমস্ত বাধা ৩ মাসের মধ্যে দূর হয়ে যাবে। যদি তারপরও দেখা যায় এবং কমিটি মনে করেন আরও সময়ের দরকার, সেইসমস্ত আমরা দিতে প্রস্তুত আছি। কিন্তু কোন চেষ্টা হবে না, মন্ত্রিমহাশয় শুধু মাঝে মাঝে এসে বলবেন আমাদের সময় দাও, এটা আমরা সমর্থন করতে পারি না। মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি বিলটা প্রত্যাহার করে নিন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, নতুন প্রচারমন্ত্রী যে আকারে এই সরকারী ভাষা সংশোধনী এনেছেন তা যেমন গভীর দুঃখের বিষয়, তেমনি কলঙ্কের বিষয়। গত বছর প্রাক্তন প্রচারমন্ত্রী কোন মহলের আশ্বাস দিয়েছিলেন বাংলাভাষা সর্বব্যাপারে চালু করার চেষ্টা করবেন। আমরা যদিও তখন তাঁর সমালোচনা করেছিলাম তবুও আমরা আশা করেছিলাম এতদিনে সর্বক্ষেত্রে বাংলাভাষা চালু হবে। এখন আমরা দেখছি তাঁরা কিছুই করতে পারেন নি এবং অনির্দিষ্টকালের জন্য একটা বিদেশী ভাষা চালু রাখার চেষ্টা করছেন। বর্তমান মন্ত্রিমহাশয় কতগুলি অসুবিধার কথা বলেছেন। কি কি অসুবিধা সেটা তিনি পরিষ্কারভাবে বলেন নি। কতগুলি মামুলি অসুবিধার কথা, যেমন পরিভাষা টাইপরাইটার, স্টেনোগ্রাফার. এসব অসুবিধার কথা তিনি জানিয়েছেন। বাংলাভাষাকে সরকারী কার্যে ব্যবহার করতে গেলে এই তিনটি জিনিস দরকার। কিন্তু এই ব্যাপারে এমন কি সমস্যা দেখা দিল যেজন্য এতদিনে তাঁরা এগুলি করতে পারলেন না? যদি তাঁদের আন্তরিকতা থাকত, এগুলি তাঁরা করতে পারতেন। স্বর্গীয় সুরেশ মজুমদার মহাশয় বাংলায় লাইনোটাইপ করেছিলেন তা আমরা জানি। যদি মন্ত্রিমহাশয়রা মনে করে থাকেন যে, বাংলাদেশটা ম্যাজিস্ট্রেট ব্যারিস্টারেই পরিপূর্ণ, তাহলে স্বতন্ত্র কথা। কিন্তু বাংলাদেশের অগণিত মানুষ ইংরাজী জানেন না, ইংরাজী বোঝে না।

১৯৬৩ সালে আমরা দেখলাম সরকারী প্রচার এমনভাবে হল যে, রবীন্দ্র জন্মদিবস থেকে বাংলাভাষা চালু হবে। কিন্তু তারপর এক বছর যেতে না যেতে দেখলাম এ'রা মন বদলালেন এবং কবে, কোন্ যুগে বাংলাভাষা চালু করবেন তার কোন কথা নেই। আমার বক্তব্য হচ্ছে এরা সরকারী প্রচারকার্যের জন্য যে টাকা অপব্যয় করেন, মন্ত্রীদের হাসিমুখে ফটো বেরোবার জন্য যে টাকা অপব্যয় করেন সেই টাকা যদি এখানে খরচ করতেন তাহলে টাইপরাইটাররের এই অসুবিধা দূর হত। গত বছর জগন্নাথবাবু বলেছিলেন একটা কমিটি হয়েছে এবং ৬টকী-বোর্ড এসেছে। সেই কমিটিতে কে কে আছেন জানি না এবং সেই কী-বোর্ডে কি অসুবিধা হল তাও জানি না। স্যার বাংলাভাষায় যুক্ত অক্ষরের সমস্যা রয়েছে, ফলার সমস্যা রয়েছে, আকার ইক বের সমস্যা রয়েছে এবং একটা কেস-এ প্রায় ৭০০ অক্ষর আছে। এসব সমস্যার কথা আমরা বুঝি। বাংলা টাইপে ৯৫টি দাঁড়িয়েছে এবং সেখানে ইংরেজী অক্ষরের সংখ্যা হচ্ছে ৩০ এবং স্পেস কার ২০, এই মোট ৫০। তাহলে দেখা যাচ্ছে ৪৫টি অক্ষরের তফাৎ রয়েছে। আমরা দেখছি বাংলা টাইপে স্পীকারকে স্পীকার এবং স্টেশনকে স্টেসন লেখা হচ্ছে। এসব অসুবিধার কথা আমরা বুঝি, কিন্তু মনে করি চেষ্টা করলে এই অসুবিধা থাকবে না। আমরা এখন অনেক অগ্রসর হয়েছি, যেমন বাংলা ছাপাতে গেলে একটা প্রেসে যেখানে ৭০০ অক্ষরের দরকার হয় সেখানে বাংলা টাইপে ৯৫টিরদরকার হয়। কাজেই জিজ্ঞাসা করি ৬টি কী-বোর্ড যা এসেছিল তার কি হল? তাতে কি অসুবিধা হল? রেমিংটন কোম্পানী দিয়েছে এবং আরও বহু বিশিষ্ট অভিজ্ঞ ব্যক্তিরা দিয়েছেন। সেটা কেন বিবেচনা করলেন না? আমার দ্বিতীয় প্রশ্ন হল, কোন বিশেষজ্ঞ কমিটি করেছেন কিনা এবং সেই বিশেষজ্ঞ কমিটির মধ্যে সর্টহ্যান্ডে যাঁরা অভিজ্ঞ তাঁদের রেখেছিল কিনা, অভিজ্ঞ টাইপিস্টদের রেখেছেন কিনা? এসব কথা খুলে বলুন। তারপর আদালতের দিকে তাকিয়ে দেখুন সেখানে ম্যাজিস্ট্রেট লিখবেন ইংরেজী ভাষায় যেগুলি কেউ বুঝবে না, জবানবন্দী হবে ইংরেজী ভাষায় যেগুলি কেউ বুঝবে না এবং সেগুলি বাংলা করে বোঝানোর ব্যবস্থাও নেই। একটা স্টেটমেন্ট করে দিল এবং যে সহি করল সে নিজেই জানেনা যে, কি সহি করল।

[3-20—3-30 p.m.]

তারপরে পঞ্চায়েতে যান, সেখানেও ইংরেজীতে চিঠি যায়, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, বি ডি ও-এর কাছ থেকে ইংরেজীতে চিঠি যায়, সাধারণ মানুষ কিছু বোঝে না। যিনি প্রেসিডেন্ট অঞ্চল পঞ্চায়েতে আছেন, ইংরেজী কিছু বুঝেন না। যেসব চিঠিপত্র যাচ্ছে সবই ইংরেজীতে যাচ্ছে। কাজেই সাধারণ মানুষের কথা ভাবুন। আপনারা বলেন গণতন্ত্রের কথা, সামাজিক ন্যায় বিচারের কথা। যতই বলুন আজকে অবস্থাটা কি ? বাংলাদেশের শতকরা ৭০ জন নিরক্ষর, ২০ জন শিক্ষিত লোক, তাদের ৫০ পার সেন্ট ইংরেজী বুঝেন না, তাহলে কার জন্য দেশ চালাচ্ছেন, এই গণতন্ত্র কার জন্য? কার জন্য আজকে এই গণতন্ত্রের কথা বলেন। যদি সামাজিক ন্যায় বিচারের কথা বলেন তাহলে অধিকাংশ লোকের কথা আপনার ভাবতে হবে। আজকে এই বিধানসভার মধ্যে অনেকই আছেন যাঁরা ইংরেজী বুঝেন না। ইংরেজীতে বক্তৃতা দেওয়া হচ্ছে ইংরেজীতে নোটিশ দেওয়া হচ্ছে, ইংরেজীতে রিজোলিউশন আসছে, ইংরেজীতে প্রসিডিংস হচ্ছে, আইন তৈরী ইংরেজীতে হচ্ছে, কিন্তু সাধারণ মানুষ কিছু বুঝেনা। তাই আমি বলছি সাধারণ ন্যায় বিচারের দিক থেকে এতে ন্যায় বিচারের ব্যাঘাত হচ্ছে। সেদিক থেকে অমি বলছি সত্যিকারের যদি কোন অসুবিধা থাকে তাহলে সেটা বলুন, আর না হয় বলুন যে আমরা এখানে করবোনা স্থির করেছি, তাহলে একটা কথা বুঝি। আপনারা বলছেন পরিভাষার কথা, যদি জনসাধারণ খবরের কাগজ বাংলায় পড়তে পারে এবং সবই বুঝতে পারে তাহলে সরকারী ভাষা কেন বুঝবেনা? তবে সরকারী ভাষা হতে হবে সহজ সরল ভাষা, মনুষ ডোল বললে বুঝেনা কিন্তু রিলিফ বললে বুঝবে অনেক। সাধারণ সমাহর্তা বললে বুঝবেনা, এসমস্ত লিখলে অনেক সময় অসুবিধা হয়, আমাদের মনে পড়েনা এটা কি, কিন্তু মহকুমাশাসক বললে সহজ হয়। বাস্তুকার বললে অনেক সময় অসুবিধা হয়, কিন্তু এখানে যদি ইঞ্জিনীয়ার বলা হয় তাহলে অসুবিধা কি? কাজেই যে কথা সাধারণ মানুষ সহজেই বুঝবে সেটা লিখতে অসুবিধা কি? হিন্দীতে নেকটাইকে বলা হয় কণ্ঠী লেংগুট, তাকে নেকটাই বললেই ভাল হয়, ভ্যানিটি ব্যাগকে বলা হয় ধমনকে থলিয়া। এই ধরণের বাংলা করতে গিয়ে অসুবিধার সৃষ্টি করেছেন। হিন্দীতে প্রধান মন্ত্রীকে বলা হয় বাওরাজী। একবার নেহেরুকে বাওরাজী বলতে তিনি জিজ্ঞাসা করেছিলেন হোয়াইট ইজ বাওরজী। যখন তাঁকে বলা হয় বাওরাজী মানে হচ্ছে প্রধান মন্ত্রী। তিনি তখন বলেছিলেন ননসেন্স। কাজেই যে ধরণের পরিভাষা শুনে নেহেরুজীও চটে গেছলেন সেই ধরণের পরিভাষা যেন না হয়। আমি বলি পরিভাষা নিয়ে কোন অসুবিধা নাই, সম্পাদককে নিয়ে কমিটি করুন, বাস্তুকার, আরক্ষা পরিদর্শক ইত্যাদি কঠিন কঠিন দাঁতভাঙ্গা শব্দ দিয়ে পরিভাষা করলে সাধারণ মানুষ বুঝবে না, পরিভাষা সমস্যার সমাধান হবে না। এই বলে আমি বিলের তীব্র বিরোধিতা করছি এবং সাজেশন দিচ্ছি যে, বাংলা টাইপরাইটারে যাঁরা আছেন, স্টেনোগ্রাফার যাঁরা আছেন, কারখানায় যেসমস্ত অভিজ্ঞ ব্যক্তি আছেন, তাঁদের নিয়ে রেমিংটন কোম্পানীর মত যেসমস্ত কোম্পানী আছে তাদের থেকে প্রতিনিধি নিয়ে, বিধানসভার সদস্যের নিয়ে, সরকারী কর্মচারীদের মধ্য থেকে অভিজ্ঞ লোক নিয়ে একটা বিশেষজ্ঞ কমিটি করুন এবং এই বিল প্রত্যাহার করে অল্প সময়ের মধ্যে যাতে স্টেনোগ্রাফার সমস্যার সমাধান হয়, যাতে টাইপরাইটার সমস্যার সমাধান হয়, পরিভাষা সমস্যার সমাধান হয় তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাই। যদি সত্যই বাংলার জনসাধারণ মানুষকে ভালবাসেন তাহলে এই বিল নিশ্চয়ই প্রত্যাহার করে নেবেন, কেন না এটা জনস্বার্থবিরোধী বিল, প্রতিক্রিয়াশীল বিল, এই বিল বিধানসভায় আনবেন না, তাহলে আপনি হাস্যাস্পদ হবেন।

Dr. Radhakrishna Singha:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে খসড়া আইনটা এনেছেন রাষ্ট্রভাষা সম্বন্ধে এই বিলের পক্ষে এবং বিপক্ষে অনেক মাননীয় সদস্য বলেছেন। কিন্তু আমার নিজের ধারণা এই বিলটা পড়ে হয়েছে যে, ইংরাজী ভাষাকে আমাদের দেশ থেকে তাড়িয়ে দেবার ব্যবস্থা এই বিলে নেই। এটাই হচ্ছে রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজ যেটা আমরা সংবিধান অনুযায়ী পেয়েছি এবং আমাদের প্রধানমন্ত্রী কালকেই বলেছেন

every regional language has an important role to play in the national economy of life.

এ সম্বন্ধে কোন ভুল আমার মনে হয় তিনি করেন নি। আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। আজ যদি রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বাংলাভাষার মর্যাদা দিতে এখানে আমরা এসে থাকি তাহলে আমি বলব সেটা আমরা অত্যন্ত ভুল করব। আজকে আমার নিজের বিশ্বাস স্বাধীনতা লাভের পর থেকে বাংলা ভাষার কতটুকু উন্নতি হয়েছে সেটা একটা মস্ত বিচার্য বিষয়। রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র বাংলার ভাষার স্রষ্টা। আমার মনে হয় ৪-৫টা রবীন্দ্রনাথ যদি জন্মগ্রহণ করতেন তাহলে বাংলা ভাষার প্রতি আমাদের দরদ আসত। সভাপতি মহাশয়, আমার নিজের বিশ্বাস যদি আমরা বলিষ্ঠ দৃষ্টিভঙ্গী এবং সুনির্দিষ্ট কর্মপদ্ধতি নিয়ে না এগোই তাহলে বিধানসভায় এইরকম বক্তৃতা দিয়ে কিছুতেই বাংলাভাষার উন্নতি করতে পারব না। সেজন্য ছোটখাট ব্যাপারে আমাদের বাংলা ভাষা প্রবর্তন করতে হবে। স্যার, আপনি মাদ্রাজ বা অন্যান্য জায়গায় যান দেখবেন বাসের উপর লেখা আছে মাদ্রাজী ভাষা ইংরাজী ভাষা নয় বা অন্য কোন ভাষা নয়। আমাদের বাসে যান পাইকপাড়া টু শ্যামবাজার ইংরাজীতে লেখা আছে, বাংলায় নেই। এইসব ছোটখাট ব্যাপারে আপনারা আগে করুন। অনেক হোটেল-রেস্টুরেন্ট আছে, তাদের বাংলাভাষায় ক্যাশমেমো দিতে হবে, সাইনবোর্ড দিতে হবে, ইংরাজীতে চলবে না। ট্যাক্সির উপর ট্যাক্সি লেখা থাকবে কেন? বাংলায় লেখা থাকবে। আপনারা জানেন আগে পোস্ট কার্ডে বাংলা লেখা থাকত। এখন মানি অর্ডার কুপনে শুধু হিন্দি লেখা থাকে। ইস্টার্ন রেলওয়ের বদলে পূর্ব রেলওয়ে হিন্দিতে লিখছে। সভাপতি মহাশয়, বাংলা ভাষার প্রতি যদি কোন দরদ আমাদের হয়, হিউম্যান ফিলিং নিয়ে যদি আমরা এগোই তবেই আমরা বাংলা ভাষাকে প্রতিষ্ঠিত করতে পারব। আমরা জানি আজকে যাঁরা রাইটার্স বিল্ডিং-এ এগজিকিউটিভ পোস্টে বসে আছেন তাঁদের যদি বাংলা ভাষায় চিঠি লিখতে বলা হয় তাহলে তাঁদের অনেককে চাকরি ছেড়ে দিতে হবে। বাংলা ভাষাকে সত্যই যদি মর্যাদা দিতে হয় তাহলে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টিভঙ্গী আমাদের প্রত্যেকের দৃষ্টিভঙ্গীকে পরিবর্তন করতে হবে এবং মাতৃভাষাকে যদি সেই আসনে উন্নতি করতে চান তাহলে ছোটখাট ব্যাপারে আপনারা আরম্ভ করুন। আমাদের পল্লীগ্রামে যেসমস্ত জনসাধারণ আছে তাদর কাছে এইসমস্ত বিকল্প বিল বিকল্প হ্যান্ডাউটস যা আমরা বের করি সেগুলি পাঠাতে হবে। সম্পূর্ণ বাংলায় না করলেও ইংরাজীর সঙ্গে বাংলা মিশিয়ে আস্তে আস্তে করুন, একটা বাংলা বিল, একটা ইংরাজী বিল করুন, এইরকম আস্তে আস্তে এটাকে বাড়াতে হবে। তা না হলে বহু যুগ লাগবে। আমি আর একটা কথা বলব সেটা হচ্ছে অনেক সদস্য বলেছেন যে, ইংরাজীতে ডাক্তাররা সার্টিফিকেট দেয়, রেকমেন্ডেসান করে। কালকে কোন কোন সদস্য বলেছেন ডাক্তাররা বাংলায় রেকমেন্ডেসান করেন না ইংরাজীতে করেন। আমিও করি। কিন্তু প্রশ্ন হচ্ছে ইংরাজীকে একেবারে তাড়িয়ে দেবার ব্যবস্থা নয়। আমাদের মিঃ চাগলা, এডুকেশান মিনিস্টার, রিসেন্টলি ইংরাজীকে ঢেলে সাজাবার জন্য আইন এনেছেন এবং তার জন্য একটা কমিটি গঠন করেছেন। তাতে আমেরিকান আছেন অন্য দেশের লোক আছে। তাঁরা চেষ্টা করছেন ভারতবর্ষের এডুকেশান কি করে ভাল করা যায়। সুতরাং ইংরাজীকে একেবারে নির্বাসন দিতে বলছি না বা বলছি না যে বাংলার প্রতি আমাদের দরদ নেই। বাংলা ভাষার প্রতি যদি একটা আন্তরিক টান দিতে পারি তাহলে এই ভাষাকে আমরা জনসাধারণের মধ্যে দিতে পারব এবং আমাদের কর্মপদ্ধতির মধ্যে যদি বাংলাকে স্থান দিই তাহলে বাংলা ভাষাকে ভালবাসতে পারব। এটা আমাদের করা উচিত। কারণ, যে দেশে রবীন্দ্রনাথ জন্মগ্রহণ করেছিলেন বঙ্কিমচন্দ্র জন্মগ্রহণ করেছিলেন, বহু বহু বাঙ্গালী জন্মেছিলেন যাঁরা আজকে পৃথিবীর ইতিহাসে খ্যাতি লাভ করেছেন তাঁদের দেশে যদি বাংলা ভাষাকে মর্যাদা দেওয়া না হয় তাহলে আমাদের এটা কলঙ্কের ইতিহাসে পরিণত হবে।

[3-30—3-40 p.m.]

Shri Giris Mahato:

মাননীয় সভাপাল মহাশয়, সংবিধান অনুসারে ইংরাজীর পরিবর্তে বাংলায় ন্যায়সঙ্গত প্রসারিত ক্ষেত্রে হওয়া উচিত ছিল, কিন্তু আজও সরকার তা পারেন নি যখন আমাদের সামনে এই বিল

উপস্থিত করেছেন, অর্থাৎ বাংলা ভাষায় যে দাবী সে দাবীতে রুদ্ধ করছেন। আমরা প্রয়োজনানুসারে ইংরাজী ভাষা প্রয়োগ করা হোক এটাই কিন্তু ব্যাপক ক্ষেত্রে কোটি কোটি জনসাধারণের শাসনের সুবিধার জন্য বাংলা ভাষার ক্ষেত্রে হওয়া উচিত। গান্ধীজীর জীবনব্যাপী সাধনায় গঠন কর্ম তালিকায় মাতৃভাষার স্থান ছিল বিকেন্দ্রীত আত্মশাসন ভাষা নিয়ে প্রদেশ গঠন ইত্যাদি ছিল। কংগ্রেসের তখন মূল প্রচার ছিল জনসাধারণের সুবিধার জন্য মাতৃভাষায় রাজ্য চলবে এবং সেই অনুসারে প্রদেশ গঠন করা হবে, তাদের প্রচার ছিল যখন প্রদেশের গ্রামের সঙ্গে সম্পর্ক হবে তখন সেখানে মাতৃভাষার ব্যবস্থা করা হবে, প্রদেশ থেকে যখন দিল্লীর সঙ্গে যোগাযোগ করা হবে তখন হবে সমস্ত দেশের ভাষা ইংরাজী বা হিন্দী সেই ভাষা প্রয়োগ করা হবে, এ ছিল সেদিনের বাণী, সেদিনের প্রচার। দেশ স্বাধীন হয়ে গেল, আমাদের এইসব আসল রূপ প্রকাশের সময় হল। আমরা ছিলাম বিহারে, আমাদের মাতৃভাষা ছিল বাংলা, সেই বাংলা ভাষাকে উচ্ছেদ করবার জন্য বিহার সরকার সমস্ত শক্তি প্রয়োগ করেছিল, আমরা তখন কংগ্রেস সরকারের ছদ্মবেশী রূপ বুঝতে পারলাম এবং আজ ভাল করে বুঝতে পারছি যে সাদা চামড়া ইংরাজ চলে গেছে, তার পরিবর্তে কাল চামড়ার শাসন চলছে। আমাদের মাতৃভাষা বাংলা, সেই বাংলাকে উচ্ছেদ করার জন্য বিহার সরকার সমস্ত শক্তি প্রয়োগ করেছিল, বিহার সরকার আমাদের বলেছিল যে তোমাদের ভাষা হিন্দী, বাংলাভাষা নয়। তখন আমরা দেশের কাছে অনুরোধ করেছিলাম এবং সেখানে গান গেয়ে বলেছিলাম যে, "আমার ভাষা প্রাণের ভাষা, ওরে ভাই মারবি কে তারে"। আমাদের তো ধারনা ছিল গান্ধীজীর যে মূলমন্ত্র ছিল—আমরা যদি বাংলার সঙ্গে যুক্ত হই তাহলে বাংলাভাষার স্থান গ্রামে, ঘরে হবে, মানুষের মর্যাদা পাবে, বিকেন্দ্রিত আত্মশাসন পাবে—এর জন্য আমরা হতভাগোরা পশ্চিমবঙ্গে যুক্ত হলাম কিন্তু ভবিষ্যতের সেই যে স্বপ্ন ছিল যে মাতৃভাষায় আমাদের রাজ্য চলবে সেই স্বপ্ন আর বাস্তবে রূপায়িত হল না। সেই ইংরাজের ছদ্মবেশী রূপের শাসন এ'রা চালাচ্ছেন। আমরা এখানে যেদিন শুনলাম যে দু-বছরের মধ্যে বাংলা ভাষায় সমস্ত অফিসিয়াল কাজকর্ম চলবে, তখন আমাদের আনন্দে বুক ভরে উঠেছিল, জনসাধারণের আনন্দে বুক ভরে উঠেছিল যে, যাক, এবার যারা কোটি কোটি মূর্খ জনসাধারণ আছে, তারা তাদের ভাষা প্রয়োগ করবার সুযোগ পাবে। কিন্তু আজ সেই রূপ আবার প্রকাশ হয়ে গেলো যে এই কংগ্রেস সরকার কোটি কোটি ইংরাজী না জানা জনসাধারণকে সেই সুযোগ দেবেন না। মুষ্টিমেয় যারা কায়েমী স্বার্থবাদী আছে, পুঁজিতন্ত্রবাদ যাদের ধর্ম, তাদের সুযোগ দেবার জন্যই আজ কংগ্রেসী সরকারের এই ব্যবস্থা। তাই আজ পশ্চিমবঙ্গে শতকরা পাঁচ জন লোক যারা ইংরাজী জানেন, তাদের সুবিধা দেবার জন্য, আজ আবার সেই ষড়যন্ত্রমূলক ইংরাজী ভাষার বিল এসে গিয়েছে আমাদের সামনে। আজকে যদি ইংরাজী ভাষাকে স্থান না দেওয়া হয়, তাহলে পশ্চিমবঙ্গে এই যে কোটি কোটি মূর্খ জনসাধারণ রয়েছে, গরীব জনসাধারণ রয়েছে, তাদের সুযোগ দেওয়া হয়, তাদের আত্মশাসনের জন্য বা তাদের বিপাকের জন্য। তাই চিরতরে তারা যাতে সভ্য সমাজে গণ্য হতে না পারে, সভ্য সমাজভুক্ত হতে না পারে, শিক্ষিত হতে না পারে, নিজের কোন প্রকার উন্নতি করতে না পারে, তার জন্য, যেমন ইংরাজ কোটি কোটি মূর্খ জনসাধারণকে সুযোগ দেয় নি, তেমনি আজ এই কংগ্রেস সরকার ঐ কোটি কোটি অশিক্ষিত মানুষের সুযোগের অধিকার থেকে বঞ্চিত করবার জন্য এই বিল এনেছেন।

আমি কাগজে দেখলাম যে আমাদের কংগ্রেসী ছদ্মবেশী সরকার প্রচার করেছেন যে তাঁরা গ্রাম পঞ্চায়েত-এর রাজপ্রতিষ্ঠিত করবেন এবং এইটাই নাকি তাদের বহুদিনের তপস্যা। কিন্তু সেই পঞ্চায়েতের কাছে, সেই ব্লকের যে মনোবৃত্তি সেটা আপনারা শুনে গেলেন। সেই ব্লকের সঙ্গে জনসাধারণের যোগাযোগের যে কাজ, সেই কাজ দেখাশোনার জন্য সামান্য শিক্ষিত, লেখাপড়া জানা যেসব অধ্যক্ষ বা প্রধান রয়েছেন, তাদের কাছে নোটিশ যাচ্ছে ইংরাজীতে। তারা সেই ইংরাজী বুঝতে পারে না, অথচ সরকার বলছেন যে জনসাধারণকে আমরা বিকেন্দ্রীর ক্ষমতা দিচ্ছি। কি বিকেন্দ্রীর ক্ষমতা তাঁরা দিচ্ছেন? যারা লেখাপড়া বেশী জানে না, বিশেষ করে ইংরাজী জানে না, তাদের কাছে লেট যাচ্ছে ইংরাজীতে। এই হচ্ছে গ্রাম পঞ্চায়েতের অধিকার। আজকে তাদের দখলী কেন্দ্রীভূত ক্ষমতা চলেছে, ক্ষমতা তাদের রয়েছে এইভাবে। আজ জনসাধারণের অন্ন নেই, বস্ত্র নেই, তারা খাবার যোগাড় করতে পারছেন না, তারা আবার এই অবস্থায় তাদের ছেলেমেয়েদের লেখাপড়া ইংরাজীতে শেখাবে কেমন করে? তা তারা পারে না। যারা চোরাকারবারী করে

কোটিপতি হচ্ছে, তাদের ছেলেরা ইংরাজী শিখবে, তাদের হাতে যাবে দেশ শাসনের কর্তৃত্ব ভার, তারাই হবে দেশের মালিক। এই হচ্ছে ইংরাজের ভণ্ডতম শাসনতন্ত্র। আপনারা দেখতে পাচ্ছেন আজ এরা ইংরাজদের রূপ কিভাবে নিয়েছেন? কলিকাতা শহরে দেখবেন রাস্তাঘাটে, ট্রামে, বাসে সব কিছু ইংরাজীতে লেখা। এটা যেন বাঙ্গালীর জায়গা নয়, ইংরাজদের জায়গা। এটা যদি বিদেশী লোকরা দেখে, তাহলে তারা বলবে এটা ইংরাজদের জায়গা। কেন না, তারা যদি ১২ নম্বর বাসে বা অন্য কোন ট্রামে বা বাসে চড়ে, দেখবে সেখানে সব কিছু লেখা আছে ইংরাজীতে।

এটা একটা গরীবের দেশ, এবং আজ যাঁরা এই গরীবদের প্রতিনিধিত্ব করছেন, তাঁরা গান্ধীজীর ভণ্ড তপস্বী হয়ে বসে আছেন। যাঁরা একদিন গ্রামে গ্রামে ঘুরে কাজ করেছিলেন সেই গান্ধীজীর রূপ সমর্থন করে এবং তাঁর চেলা হয়েছিলেন, তাদের আমি জিজ্ঞাসা করছি এখনও কেন রাস্তাঘাটে, ট্রামে-বাসে ইংরাজীতে লেখা আছে? ১নং, ২নং, ১২ নম্বর, সব বাসে ইংরাজীতে লেখা আছে। যখন গ্রামের লোক কলকাতায় আসে তাদের জিজ্ঞাসা করে নিতে হয় যে এটা কত নম্বরের বাস এবং কোথায় যাচ্ছে? তাদের বলে দিতে হয় যে এটা ১ নম্বর, কি ২ নম্বর বা ১২ নম্বর বাস, যেহেতু এগুলি ইংরাজীতে লেখা থাকে। জনসাধারণ, তারা ইংরাজী জানে না, তাদের কলকাতা শহরে ট্রামে-বাসে যাতায়াতের বিশেষ অসুবিধা ভোগ করতে হয়। এই হচ্ছে এ'দের স্বরূপ, যাঁরা আজ জনসাধারণের মঙ্গলের জন্য রাজত্ব করছেন বলে বড়াই করে থাকেন।

শুধু তাই নয়, এই বিধানসভায় প্রায় সমস্ত লোকই বাংলা ভাষায় ভাষণ দিয়ে থাকেন, কেবল যারা ছদ্মবেশী কংগ্রেস সরকারের দালাল, তারাই ইংরাজীতে ভাষণ দেন। কিন্তু আমাদের বিহার সরকার বলেছিলেন যে ভাষায় আমি বলেছিলাম, সেটাই হচ্ছে ও'দের কাছে ইংরাজী। তাদের বাংলা ভাষা হচ্ছে ইংরাজী। তাই আজ সমস্ত লোক যারা, বাংলা ভাষায় ভাষণ দিচ্ছেন, তাদের এই বাংলা ভাষাটাই হচ্ছে ইংরাজী। তাই তাদের যা কিছু টেবিলে রয়েছে, সব ইংরাজীতে লেখা, তাদের বিল আসছে ইংরাজীতে। কিন্তু তাঁরা ভাষণ দিচ্ছেন বাংলায়। এই হচ্ছে আমাদের গণতন্ত্র। এই হচ্ছে আমাদের গণতন্ত্রবাদী সমাজতন্ত্র।

[3-40—4-5 p.m.]

তাই আজ আমি বলতে চাই এটা হচ্ছে ভণ্ডতন্ত্র। এটা সমাজতন্ত্র নয়; মুষ্টিমেয় কতকগুলি লোকের হাতে ক্ষমতা থাকবে সেই কায়েমী স্বার্থবাদের তন্ত্র। এটা গণতন্ত্রের রাজত্ব নয়, পুঁজিবাদের রাজত্ব। আজ এই স্বৈরাতন্ত্রকে ধ্বংস করার জন্য একদিন বিপ্লব হবে যে বিপ্লবের দ্বারা ইংরাজ চলে গিয়েছে, যে বিপ্লবের দ্বারা আমরা সাম্রাজ্যবাদী, স্বৈরাচারী ইংরাজকে তাড়িয়েছি সেই বিপ্লবেরই ইঙ্গিত হচ্ছে আগামী ২৫এ সেপ্টেম্বর এবং এই স্বৈরতন্ত্রকে, কায়েমী স্বার্থ ধ্বংস করবে আগামী দিনে তার আপনারা সূত্রপাত করলেন আজ।

Shri Deo Prakash Rai: On a point of privilege, Sir.

Mr. Chairman: After recess.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment]

[4-5—4-15 p.m.]

Shri Deo Prakash Rai: Sir, just before the recess I wanted to raise a point of privilege, and I was asked to do so after the recess.

Mr. Speaker: You can do it now.

Point of Privilege

Shri Deo Prakash Rai: Sir, my point of privilege is this: Honourable member sitting here, I do not know his name, said his speech

"এই হাউস-এ যাঁরা ইংরাজীতে বক্তৃতা করেন তাঁরা সরকারের দালাল।"

Sir, every member here has the privilege of speaking either in Bengali, or in Hindi, or in English. Does it mean that he is "dalal" of the "sarkar" or of "ingraj"? I could not follow what he actually said. Sir, is it becoming of an honourable member to call another honourable member, who speaks in English, a "dalal"?

Mr. Speaker: Mr. Rai, I will look into the proceedings. But it is better not to use those languages.

Shri Sudhir Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা ভাষাকে এখনো সরকারী ভাষায় পরিণত করা গেল না এটা সত্যিই লজ্জার কথা। বাংলাভাষা যাতে অন্যতম জতীয় ভাষার সম্মানলাভ করে তার জন্য বাংলাদেশের পক্ষ থেকে বিরাট দাবি উঠেছিল। জাতীয় ভাষা হিসাবে সম্মানলাভ করার মতো সমৃদ্ধি বাংলাভাষায় রয়েছে, শব্দভাণ্ডার রয়েছে, পরিভাষা রয়েছে। অত্যন্ত লজ্জার কথা এই যে, এতসব সম্পদ থাকা সত্ত্বেও আমাদের মন্ত্রীমণ্ডলী এখনো কিছুই করতে পারেন নি, এবং তাঁরা এই ব্যাপারে চূড়ান্ত অকর্মণ্যতার পরিচয় দিয়েছেন একথা নিঃসন্দেহে বলতে পারি। যদি এ'দের উদ্দেশ্যের সততা থাকত, তাহলে নিশ্চয়ই করতে পারতেন এভাবে একটা অনির্দিষ্ট সময়ের জন্য ফেলে না রেখে। আমরা বারে বারে দাবি করে এসেছি প্রসাশনিক ব্যবস্থার সর্বস্তরে বাংলাভাষা ব্যাপারের সুযোগ করে দিতে হবে। জনসাধারণের সঙ্গে সহজ ও স্বাভাবিক যোগ-সূত্র স্থাপনের জন্য বাংলা ভাষার সার্বিক ব্যবহার আমরা দাবি করেছিলাম। তাও তাঁরা করতে পারেন নি। এই প্রসঙ্গে আরেকটা কথা বলব, এই অ্যাসেম্বলী রিপোর্ট সম্পর্কে গত বছর আমি বলেছিলাম, এবারও কেউ কেউ বলেছেন যে, এখানে আমরা যে বক্তৃতা করি তার পূর্ণাঙ্গ বিবরণ আমরা পাচ্ছি না। সময়মত না পেলে রিপোর্টাররা যে বিবরণ লিখে দেন তার মধ্যে ভুল আছে কিনা বুঝা যায় না, কারণ এতদিন পরে আমরা কি বলেছি না বলেছি মনে থাকতে পারে না, বিশেষ করে পরিসংখ্যানের ব্যাপারে।

সুতরাং অ্যাসেম্বলী প্রসিডিংস সম্পূর্ণভাবে ভুলের বোঝা তৈরি করে চলেছে। বাংলা স্টেনোগ্রাফার কম এবং তার ফলে আমাদের কাজে যেটুকু সুযোগ থাকা উচিত ছিল সেটা নেই। কিন্তু কথা হচ্ছে অ্যাসেম্বলী প্রসিডিংস-এ ভুল থাকবে এটা কল্পনা করা কণ্টকর, কারণ এর উপর নির্ভর করে বহু তর্কবিতর্ক উঠবে। একজন লোকের বক্তৃতায় যদি ভুল থাকে তাহলে তিনি যেসমস্ত যুক্তি দেখিয়েছেন সেগুলির সেই ভুলের জন্য বিপরীত অর্থ হয়ে যেতে পারে। আমরা অনেক জায়গায় দেখেছি বিপরীত অর্থ লেখা হয়েছে এবং অনেক বিক্ষিপ্ত শব্দ লেখা হয়েছে। আমি এতে যাঁরা লিখেছেন তাঁদের দোষ দিচ্ছি না, কারণ তাঁদের শুনে লিখতে হয়। আমাদের কাছে যদি আগে আসত তাহলে আমরা কারেক্ট করে দিতে পারতাম। এটা যে শুধু আমার ক্ষেত্রে হয়েছে তা নয়, সকল বন্ধুদের ক্ষেত্রেই এই অবস্থা হয়েছে। তারপর প্রচার দপ্তরকে একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে আমাদের অনেক বন্ধুরা বলেছেন এবং আমরাও দেখতে পাচ্ছি ভারত সরকার এখানে যেসমস্ত অফিস খুলেছেন, যেমন পোস্ট অফিস, সেই পোস্ট অফিসে গিয়ে দেখবেন "পোস্ট অফিস" কথাটা হিন্দীতে এবং ইংরাজীতে লেখা আছে, কিন্তু বাংলায় লেখা নেই। হিন্দী এবং ইংরেজী ভাষায় "পো'ট অফিস" কথাটা লেখবার পর বাংলাভাষায়ও প্রচার করা উচিত এ ব্যাপারে প্রচার দপ্তর থেকে ভারত সরকারের কাছে কোন নোট দিয়েছেন কিনা অমরা জানি না। আমাদের কাঁথী অঞ্চলে এই নিয়ে গোলমাল হয়েছে এবং কাঁথী শহরে একটি সাব-পোস্ট অফিস হয়েছে সেখানে তাঁরা আমাকে বলেছে যে, ইংরাজী

এবং হিন্দীতে পোস্ট অফিস কথাটা লেখা আছে কিন্তু বাংলাভাষায় লেখা নেই। প্রচার দপ্তর থেকে এই ব্যাপারে কোন নোট দিয়েছেন কিনা জানি না, কিন্তু যদি না দিয়ে থাকেন তাহলে আমি বিশেষভাবে দাবী করছি কেন্দ্রীয় সরকার এখানে যেসমস্ত অফিস স্থাপন করবেন ব কেন্দ্রীয় সরকারের কাজকর্ম করবার জন্য যেসমস্ত সংস্থা গড়ে তুলবেন সেখানে যেন বাংল অক্ষরে নাম লেখা থাকে। বাংলা ভাষাকে মর্যাদা দেবার জন্য যে চেষ্টা হচ্ছে তার বিরুদ্ধে ষড়যন্ত্র আছে একথা কেন্দ্রীয় সরকারকে জানান উচিত এবং এ ব্যাপারে প্রচার দপ্তরকে সক্রীয় হওয়া উচিত। বাংলাভাষাকে মর্যাদা দেবার জন্য বাঙ্গালী জাতির তরফ থেকে যে মত সৃষ্টি হয়েছে সেখানে ২-১টি বেসুর বাজলেও মন্ত্রিমহাশয়ের দৃঢ় থাকা উচিত। সিদ্ধার্থবাবু বলেছেন ইংরেজী বহাল থাক। কিন্তু আপনারা যদি সঠিক মত চান বাঙ্গালীর তরফ থেকে তাহলে বলব বাংলভাষা শ্রেষ্ঠ ভাষা এবং তার যে পরিভাষা হয়েছে সেটা সুন্দর হয়েছে। আপনাদের অফিসাররা যে পরিভাষা ব্যবহার করেন সেটা আমরা বুঝতে পারি না। বলাইবাবু, ইলা মৈত্র প্রভৃতিরা বলেছেন সকল ভাষা থেকে আহরণ করে তবে বাংলাভাষা সমৃদ্ধি লাভ করেছে। ইংরেজী থেকে নিয়েছে, তেলেগু থেকে নিয়েছে এবং উড়িয়া ভাষা থেকে নিয়েছে। বাংলাভাষা অনুদার নয়, সে উদার। কাজেই আপনারা যদি আরও শব্দ নেন তহলে ভাষা আরও সমৃদ্ধি লাভ করবে এবং সর্বভারতের ক্ষেত্রে গ্রহণযোগ্য ভাষা হবে। পরিভাষা সম্পর্কে যে কথা বলা হয়েছে সেকথা আমি আদৌ স্বীকার করি না।

[4-15—4-25 p.m.]

সেজন্য পরিভাষা সম্বন্ধে যা বলেছেন, আমি আদৌ স্বীকার করি না। দ্বিতীয় কথা হল টেকনিক্যাল কর্মী পাওয়া যাবে না, একথা স্বীকার করি না। টাইপরাইটার বাংলা টাইপ-রাইটর বেশ ভাল আছে, হাইকোর্টস সাইড থেকে টাইপ হয়ে বেরোয় সেটা অনেক ভাল, সেই টাইপ সুন্দর যে সরকারী অফিস থেকে টাইপ হয় তার চেয়ে অনেক সুন্দর, সুস্পষ্ট, যুক্তাক্ষর, তাতে আছে, আর এখান থেকে যে টাইপ বেরোয় তা বুঝতেই পারি না। অন্যরকম টাইপরাইটার মেশিন কেন সরকারী অফিসে নেই সেটা আমি বুঝতে পারি না, সরকারী অফিসে কেন সেইরকম টেকনিক্যাল হ্যান্ডস আনা হয় নি? কোন স্টেনোগ্রাফার পাওয়া যায় না এটা বলা কি লজ্জা পায় না? আমাদের স্টেনোগ্রাফারদের ভাল বেতন দিলে ভাল টেকনিক্যাল হ্যান্ডস পাবেন। কম বেতন দিয়ে বেশী কাজ করিয়ে নেবার দুরভিসন্ধি রয়েছে বলেই উন্নতি হচ্ছে না এবং সভ্য হিসাবে বাংলা রিপোর্ট যতটুকু সঠিক তথ্য পাওয়ার বা বিবরণী পাওয়ার সুযোগ আমাদের রয়েছে সেই সুযোগ থেকে আমরা বঞ্চিত হচ্ছি বলে মনে করি। এটা তদন্ত করে দেখবেন, আমি যেটা বলি বিশেষ করে সেটা খোজ নিয়ে জানবেন। আমরা যতটুকু বলছি সেটা ভুল করে ছাপা হয়, ভুল তথ্য প্রকাশ করা হয়, বিকৃত জিনিস অসত্য প্রকাশ করা হয়, সেটা সরকারী যন্ত্রকে সাহায্য করে বলে আমি বিশবস করি না। সেই কারণে অমরবাবু যিনি দাবী তুলেছেন, বলাইবাবু যিনি গঠনাত্মক কথা বলেছেন যে, এটাকে প্রত্যাহার করুন এবং এক বছরের মধ্যে চালু করুন, কমিটি করুন, তাহলে ভাল কর্মী পাবেন, টেকনিক্যাল হ্যান্ডস পাবেন, ভাল যুক্তি এবং ভাল সাজেশন পাবেন যদি অগ্রসর হতে চান, সেটা আমি সমর্থন করি। মন্ত্রিমহাশয় যদি সততা দেখাতে চান সত্য সত্যই যদি তিনি এগুতে চান তাহলে তিনি নিশ্চয়ই কমিটির প্রস্তাবে রাজী হবেন এবং এটাকে প্রত্যাহার করে নেবেন এবং এই যে ওকালতী করা হচ্ছে ইংরাজীর পক্ষে তাতে যেন বিভ্রান্ত না হন। আমি আশা করি বাংলাভাষাকে মর্যাদায় প্রতিষ্ঠিত করার জন্য নেপালী ভাষাকে প্রাদেশিক ভাষা করার জন্য তাঁরা যে দাবি তুলেছেন সেদিকে তিনি অগ্রসর হবেন, এইটুকুই আমি বিশেষ করে দাবী করছি এবং সেটা যাতে এক বছরের মধ্যে হয় সেটাই আমি জোর করে দাবী করছি। এই এক বছরের মধ্যেই হতে পারে যদি আন্তরিকতা থাকে, যদি সরকারী দপ্তর থেকে সত্যিকারের নিষ্ঠার সঙ্গে কাজ আরম্ভ হয়। এটা আমি বিশ্বাস করি যে বাংলা সরকার যদি অগ্রণী হন তাহলে দেখতে পাবেন ১৯৬৫ সালের মধ্যে বাংলা ভাষা সরকারী দপ্তরে সর্বস্তরে তাঁরা কাজ করাতে পারেন এবং পারছেন, এবং ভারতবর্ষেও তাঁরা অগ্রণী হয়ে থাকবেন। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় স্পীকার মহাশয়, দুদিন ধরে এই বিলের সম্বন্ধে আলোচনা শুনছিলাম। আমি একটা কথা বলতে চাই, আমার মনে হল এই সব শুনে অনেকেই খানিকটা ভুল ধারণা নিয়ে এমন-ভাবে বলেছেন যেন আমরা বাংলাভাষাকে সরিয়ে দিয়ে ইংরেজী ভাষার প্রাধান্য রেখে আমরা বাংলা-দেশে কাজ করতে চাই। এটা অত্যন্ত ভুল ধারণা এটাই আমি বলতে চাই। কেননা মাননীয় সদস্যরা যদি দেখেন দেখবেন বিলের মধ্যে রয়েছে, ইংরেজীকে যে করে দেওয়া হয়েছে এবং তার কারণ সম্বন্ধে আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম যে আমরা যাতে শেষ দিন পর্যন্ত অপেক্ষা না করে এখনই তাড়াতাড়ি নোটিফিকেশন দিতে পারি বাংলাভাষা সব জায়গায় চালু হবে, অ্যাসেম্বলীতেও চলু হবে, তারই জন্য এই ব্যবস্থা। এখন আপনি মাননীয় স্পীকার মহাশয়, জানেন, এখানে যা কিছুই আনা হয় কাগজে ছেপেই হোক কিংবা প্রস্তাবাকারে হোক কিংবা বিল-মুভ করেই হোক প্রত্যেকটি ইংরেজীতে করতে হচ্ছে। আমি একবার জিজ্ঞাসা করেছিলাম, এবং আমার মনে আছে এর পূর্বের অধিবেশনে আমি একটা ধন্যবাদসূচক প্রস্তাব এনেছিলাম মাননীয় রাজ্যপালের নামে, নিয়ে আসতে চেয়েছিলাম বাংলায়, সেটা কিন্তু আউট অবঅর্ডার করে দেওয়া হয়েছিল। কেননা আমাদের রুলসে এবং আমাদের কনস্টিটিউসানের মধ্যে ইংরেজী ছাড়া ব্যবহার সম্ভব ছিল না এবং এখনও সেটা চালু আছে। নোটিফিকেসান দেবার জন্য যখন দেখলাম যে কি করলে সম্ভব হবে তখনই দেখতে পাওয়া গেল পরীক্ষা করে যে বর্তমানে হঠাৎ যদি নোটিফিকেসান দেওয়া হয় তাহলে যে সব ব্যবস্থা দরকার তা এখনও হয়ে উঠতে পারেনি। দোষ বলুন, ভাল বলুন আর মন্দই বলুন এখনও হয়ে উঠতে পারেনি এটা সত্য কথা। এইমাত্র মাননীয় সদস্যরা বললেন যে তাঁরা অ্যাসেম্বলী প্রসিডিংস দেরিতে পান এবং এত দেরিতে পান যে ভুলে যান। পরিসংখ্যান হলে তো কথাই নেই। তার একমাত্র কারণ আমি বলতে পারি যেহেতু সর্ট-হ্যান্ডে লেখা হয় সেহেতু টাইপরাইটার না থাকার দরুন তাঁরা সেটাকে ভালভাবে টাইপ করে পরিষ্কার করে মাননীয় সদস্যদের কাছে আনতে পারেন না। ইংরেজী এবং বাংলা দুটোই যাতে চলতে পারে এবং দার্জিলিংএ নেপালী যাতে চলতে পারে নোটিফিকেসান যাতে দিতে পারা যায় এই উদ্দেশ্য নিয়ে ইংরেজী রাখার ব্যবস্থা রাখা হয়েছে। যেখানে আটকে যাবে আইনতঃ যাতে না আটকায় সেজন্য ব্র্যাকেটে ইংরেজী দিয়েই হোক বা তার সংগে ইংরেজী অনুবাদ করেই হোক দরকার হলে ইংরেজীতে ব্যবস্থ করেই হোক যাতে সরকারের কোন কাজ না আটকায় এই উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে। যেসব জায়গায় ইংরেজী ব্যবহার করতে হয় ক্রমশঃ সেখানে বাংলা ব্যবহার করার সম্ভাবনা আসতে পারে। এর মানে এই নয় যে পশ্চিমবঙ্গ সরকার বাংলা চালাতে চান না, বাংলা চালাবার জন্য বাধা দিচ্ছেন। এখানে মাননীয় সদস্যরা সেই ইংগিত দিয়েছেন। কেন্ত মোটেই তা নয়। আমি এটুকু বলতে পারি আমাদের সরকারী কর্মচারীদের মধ্যে বহু কর্মচারী আছেন যাঁরা বাংলায় এখন ফাইল লেখেন, বাংলায় নিজেদের হাতে লেখেন এবং বাংলাকে চালাবার জন্য তাঁরাও চেষ্টা করছেন। সরকার অনেক দিক দিয়ে চেষ্টা করছেন যাতে বাংলা চালু হয়। অতএব এর মধ্যে এমন কোন ইংগিত নেই যে সরকার বাংলা চালু করবেন না, ইংরেজীই রেখে দেবেন কিংবা পুরান মন যেটা আপনারা অনেকেই বলেছেন, নিয়ে যেন আমরা ইংরেজী ধারাটা চালিয়ে যাব। অফিসিয়াল ল্যাংগুয়েজ হিসাবে আমাদের রাজ্যের যে ভাষা বাংলা এবং পার্বত্য অঞ্চলে নেপালী চলবেই, তার সঙ্গে ইংরেজীও থাকবে। কারণ, পার্লামেন্ট যে এ্যাক্ট করেছেন সেই এ্যাক্টের মধ্যে ইংরেজী থাকবে সেটা অত্যন্ত পরিষ্কারভাবে বলে দিয়েছেন। সেই উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে। কিছু করা হয়নি কিংবা কি করা হয়েছে এ সম্বন্ধে কয়েকজন মাননীয় সদস্য প্রশ্ন করেছেন। সে সম্বন্ধে আমি দু-একটা কথা জানাতে চাই। বন্ধুবর শ্রীবলাইলাল দাস মহাপাত্র মহাশয় টাইপরাইটার সম্বন্ধে অনেক কথা বলেছেন। তিনি নিশ্চয়ই দেখেছেন, জানেন এবং তাঁর অভিজ্ঞতা আছে, সেজন্য তিনি অনেক টেকনিক্যাল কথা বলেছেন। কোথায় কোন অক্ষর থাকলে টাইপে কোথায় কি হয় এ সম্বন্ধে তিনি বললেন। এটা অত্যন্ত আনন্দের বিষয়। টাইপরাইটারের ব্যাপারে তিনি যদি আমাদের সাহায্য করেন সহযোগিতা করেন তাহলে নিশ্চয়ই বাধিত হব। আমি এটুকু বলতে পারি এ সম্বন্ধে একটা কমিটি হয়েছে এবং সেই কমিটি টাইপরাইটারে কোথায় কোন অক্ষর থাকবে এবং কিভাবে থাকবে, যাতে তাড়াতাড়ি হতে পারে,

সুবিধামত হতে পারে, অসুবিধা না হয়, পড়তে অসুবিধা না হয়। যেমন একজন মাননীয় সদস্য বললেন স্পীকার টাইপ করতে গিয়ে অদ্ভুত উচ্চারণ করতে হয় ইত্যাদি ইত্যাদি ব্যাপার, সে দিকে দৃষ্টি রেখে করবার চেষ্টা করা হয়েছে। তারজন্য একটা পুরস্কারও ঘোষণা করা হয়েছিল। এই সব বিষয়ে যারা বিশারদ আছেন তাঁরা দেখেছেন এবং সে সম্বন্ধে তাঁদের যা-কিছু সাজেসান আছে সেগুলি রেখেছেন। এই কমিটি সেগুলি পরীক্ষা করেছেন এবং পরীক্ষা করে তার মধ্যে কয়েকটি বেছে নিয়ে তাঁরা নতুন টাইপরাইটার কি বোর্ড তৈরি করেছেন এবং সেটা সরকারের যাঁরা অভিজ্ঞ টাইপিস্ট ছিলেন তাঁদের নিয়ে অনেক দিন পরীক্ষা করান হয়েছে যে কত স্পীড উঠে, কোথায় অদল-বদল করতে হবে ইত্যাদি। আমি এটুকু বলতে পারি আমি নিজে সেটা দেখেছি এবং টাইপরাইটার সম্বন্ধে আমারও কিছু কিছু অভিজ্ঞতা আছে। কারণ ছোটবেলায় আমার মনে আছে আমি যখন ম্যাট্রিক পাশ করলাম তখন আমি সর্টহ্যান্ড টাইপ-রাইটিং স্কুলে ভর্তি হয়েছিলাম কলেজের নোট লেখবার জন্য। এজন্য কিছু কিছু অভিজ্ঞতা আমারও ছিল। আমিও তাঁদের সঙ্গে যুক্ত হয়ে টাইপরাইটার কি বোর্ড ফাইন্যাল করে এসেছি। বন্ধুবর মাননীয় সদস্য শ্রীগণেশ ঘোষ মহাশয় বললেন রেমিংটনের কাছ থেকে নিলেই হয়। অবশ্য তিনি এজেন্ট হিসাবে বলছেন না এটা খুব সত্য কথা। কিন্তু আমরা দেখেছি বর্তমানে রেমিংটনের যে কি বোর্ড আছে তাতে স্পীড উঠে না। আমার কাছে আছে টাইপ করা, তা বাড়তেও অনেক সময় অসুবিধা হয়।

[4-25—4-35 p.m.]

খবরের কাগজে অনেক ছাপা হয়, গৌরাঙ্গ প্রেস প্রভৃতি তাদের মেসিনের লেখা ভাল সুন্দর পড়তে পারা যায় এবং অনেকের সেটা অভ্যাস হয়ে গেছে, সেদিকে দৃষ্টি রেখেই কি বোর্ড ভাল তৈরী করেছেন। যেদিন কেনবার চেষ্টা করা হয়েছিল, রেমিংটন তাড়াতাড়ি করে দিতে পারেনি, অর্ডার দেওয়া আছে, এখনও সাপ্লাই দিতে পারেনি। আপনি জানেন আমাদের যে লোকাল ডিকটেট করা হয় যে ভাল টাইপ করে দিলে তাড়াতাড়ি কাজ হয় কিন্তু মেসিন না থাকার জন্য হাতে লিখে বহু কাজ করতে অনেক সময় লাগে বলে ঠিক সেইভাবে বাংলা চালু করা সম্ভবপর হয়নি। সেটা দোষই বলুন, ভালই বলুন যে ঘটনা ঘটেছে সেটা আপনার কাছে বলছি। শর্টহ্যান্ড লেখবার সম্বন্ধে আমাদের সেই ব্যবস্থা হয়েছে, আমাদের সরকারী দপ্তর থেকে দু জায়গায় ক্লাস করা হয়েছিল, রাইটার্স বিল্ডিংস-এ করা হয়েছিল এবং তার সঙ্গে সঙ্গে গোয়েঙ্কা কলেজ অব কমার্স-এ ক্লাস করা হয়েছিল এবং এতদিন আমাদের যারা ইংরেজী শর্টহ্যান্ডও লেখে তাদের আমরা ট্রেনিং দিয়েছি, ৩০০ জনকে ট্রেনিং দিয়ে দেওয়া হয়েছে বাংলা এবং এখনও ১০০ জনকে শিক্ষা দেওয়া হচ্ছে কিন্তু তাতে এই অসুবিধা হচ্ছে যে তারা ভুলে যাচ্ছে, কেননা টাইপরাইটার উপযুক্ত না থাকার দরুন তারা যে শর্টহ্যান্ড লিখছে, আমরা মাঝে মাঝে যে নোট ডিকটেসন দিই, সময় সুযোগমত টাইপ না করার দরুন তাদের স্পীড কমে যাচ্ছে, পরীক্ষায় তারা পারছে না। আর একটা কথা এ সম্পর্কে বলেছেন যে একটু বেশী মাইনা দিলে না কি বাংলা স্টেনোগ্রাফার পাওয়া যায়। আমি খবর নিচ্ছিলাম আমাদের এসেম্বলীতে কি হয়, কেন পাওয়া যাচ্ছে না।

এখানকার মাইনে ইংরাজী স্টেনোগ্রাফারকে যা দেওয়া হয় বাংলা স্টেনোফারকেও তাই দেওয়া হয় কিন্তু তাতেও অসুবিধা হয়। আমি জানি যে আমরা পাব্লিক সার্ভিস কমিশনের কাছে শর্টহ্যান্ড টাইপিস্ট বারে বারে চাচ্ছি কিন্তু এখনও আমরা পাচ্ছি না। রাইটার্স বিল্ডিংস-এর কথা ছেড়ে দিচ্ছি কেন না এখনও ইংরাজী শর্টহ্যান্ডের যা হাবী এবং শেখার যা ঝোঁক, আমার আপনার বাড়ীর ছেলেরাই তো শিখতে যাবে, কোনটা শিখবে, আগে ইংরেজী প্রথায় করবে, ইংরাজী না পারলে বাংলা লেখবার চেষ্টা করবে। শৈলেনবাবু ওখানে হাসছেন, কালকে ভালই রেকমেন্ড করেছেন, লম্বা নোট দিয়েছেন ইংরাজীতে, অথচ বাংলার জন্য ওঁর জান ফেটে যাচ্ছে, এই হাউসে বসে একটা পত্রের উত্তর লেবার মিনিস্টারকে লিখে দিলেন ইংরাজীতে। অন্তরে কোথায় কি হচ্ছে আমরা জানি। এটা দোষের বলছি না, এটা আমাদের অভ্যাস আমরা যতটা যা বলি এখনও আমাদের মধ্যে বাংলার চেয়ে ইংরাজী বেশী চলে, কথাবার্তায়, আচরণে, চিন্তায়

এবং কাজের মধ্যে সব জায়গায়। তবুও বাংলা আমাদের করতে হবে, মাতৃভাষা আমাদের জানাতে হবে, হয়ত তার জন্য সময় লাগবে কিন্তু আমাদের ছেলেরা যখন বড় হবে তখন পূর্ণ বাংলা হয়ে যেতে পারে কিন্তু চেষ্টা না করলে কিছুই হবে না। এই চেষ্টার জন্য যাতে তাড়াতাড়ি কাজ হতে পারে, যাতে নোটিফিকেসন তাড়াতাড়ি হতে পারে, কাজ অচল না হয়ে যায় তার জন্য যে শব্দ ইউজ করে ইংরাজী এখানে আনা হয়েছে। আর একটা কথা এখানে উঠেছে যে ইংরাজীর বাংলা কি কি হবে। এ সম্বন্ধে আমি বলতে পারি শিক্ষাবিদ এবং ভাষাতত্ত্ব যাঁরা পণ্ডিত এই রকম লোক নিয়ে এই কমিটি তৈরী করা হয়েছিল এবং এর চেয়ারম্যান ডঃ সুনীতিকুমার চ্যাটার্জি। যে সব নাম আছে, সব আমি বলতে চাই না, ২।১টা নাম বলছি ডঃ রণেন মজুমদার, ডঃ সুকুমার সেন ইত্যাদি অনেকের নাম আছে এবং ৩টা বই বেরিয়েছে, চতুর্থটিও তৈরী হয়ে গেছে, প্রেসে ছাপা হচ্ছে, প্রায় শেষ হয়ে এসেছে, পঞ্চম এবং ষষ্ঠ স্তবক তাঁরা এখন সম্পূর্ণ করে দিচ্ছেন, ছাপাতে দেয়া হচ্ছে। অতএব ওটা অনেকদূর এগিয়েছে। আমি এ সম্বন্ধে আমার নিজের মত বলছি, সরকারের মত নয়, যে যে পরিভাষা হচ্ছে খুব বেশী সংস্কৃতের মধ্য দিয়া পুরানো কথা যা দিয়ে আনা হচ্ছে, আমি সমালোচনা করছি না কিন্তু আমি সেটা মনে করি, এ বাংলা চলবে না, কি হবে না হবে আমি জানিনা এবং এটা আমি মনে করি যে চালাতে হবে, কেননা পরিভাষা কমিটি যে ভাল করছেন, চারিদিক থেকে চেষ্টা হচ্ছে, হয়ত ঐ ভাষা ব্যবহার করতে করতে ২০।২৫।৫০ বছর ধরে অভ্যস্ত হয়ে গেলে সেই ভাষা চলতে পারবে। আজকের দিনে একটা ভাষাকে সমৃদ্ধিশালী করতে গেলে অন্যান্য ভাষা থেকে যদি সরে আসতে পারি তাহলে ভাষা সমৃদ্ধিশালী হবে। আমাদের বাংলাভাষায় যে শব্দ রয়েছে তা তো থাকবেই, তার সঙ্গে আরো ভাষা বেড়ে যাবে এবং বর্তমানে কাজ চলতে যাতে অসুবিধা না হয় সেইভাবে যদি করা যায় তাহলে ভাল হয়, আমি সেটা সমর্থন করি। আমি অন্ততঃ নিজে সেইটা সমর্থন করি, এবং আমি এইটা মনে করেই বলছি।

Shri Kashi Kanta Maitra:

আপনি মে কনটিনিউ বললেন কেন? মে-এর মানে কি কোন জায়গায় শ্যাল হতে পারে? মে না বলে, শ্যাল বললেন না কেন? মে কনটিনিউ বলেছেন, সেখানে শ্যাল কনটিনিউ হতে পারে কি? মে-এর মানে শ্যাল কোন কোন জায়গায় হতে পারে, সেটা আমি জানতে চাচ্ছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটা আইনজ্ঞ বলতে পারবেন, আমি আইনজ্ঞ নই। এর জন্য হয়ত হাইকোর্টে রেফারেন্স যাবে, তাতে কাদের সুবিধা হবে জানিনা; তবে আইনজ্ঞরা সেখানে লড়াই করে মে-র অর্থ শ্যাল করাতে পারবেন। যাইহোক, আমি যেটা বলছিলাম যে বাংলা পরিভাষা ভুল হয়েছে, তার মধ্যে কি পরিবর্তন দরকার এবং সেটা কিভাবে হবে, তা আমি ঠিক জানিনা, তবে সহজ ভাষায় যাতে চলতে পারে, রোজ, অনবরত ডিকসনারী খুলে খুলে কাজ করতে না হয়, এবং আমি পরিভাষার শব্দ লিখে, তার সঙ্গে ব্রাকেট-এ ইংরাজী, কিম্বা তার চলতি ভাষা ব্রাকেট-এ দিয়ে বোঝাবার চেষ্টা না করে, করতে পারি, তাহলেই এটা চালু হতে পারবে, সহজ হতে পারবে, এবং সেই চেষ্টাই করবার জন্য আমি অন্ততঃ প্রচেষ্টা করবো। তবে কতটা এগুতে পারবো জানিনা, কতটা পরিভাষা নেবার জন্য আইনে আসতে হবে, তাও আমি জানিনা। তবে, দুটোই হয়ত চলবে এক সঙ্গে কিছুদিন, তারপর কিছুদিন বাদে একটা ভাষা তৈরী হবে, সমৃদ্ধিশালী হবে, এবং সেটা চলতে থাকবে, আমি মনে করি।

নেপালী ভাষা সম্বন্ধে আমার বন্ধুবর হাসলে, মহাশয় অনেক কথাই বলেছেন, এবং আরও দু-একজন সেটা বলবার চেষ্টা করেছেন। তবে, আমি এইটুকু বলতে পারি বাংলা ভাষা যেমন চালাবার চেষ্টা হচ্ছে, নেপালী ভাষাটাও ঠিক সেইভাবে চালাবার চেষ্টা হচ্ছে, এবং অনেক দূর এগিয়েছে। তার কারণ হচ্ছে হিন্দী টাইপরাইটার তৈরী হয়ে গিয়েছে, এবং সেটা ভারত সরকার এ্যাপ্রুফ করেছেন, কিছু কিছু পাওয়া যাচ্ছে, এবং সেটা বেশ চালু আছে, ও তার ব্যবহারও

নেপালীতে ছাপান হয়েছে এবং প্রত্যেক জায়গায় প্রচার হচ্ছে। রেডিও করা হয়েছে কার্সিয়াং-এ, এবং তার থেকে নেপালী ভাষা যাতে আরও ভালভাবে প্রসার লাভ করতে পারে, সেদিকে চেষ্টা হচ্ছে, নেপালীকে পিছিয়ে রাখবার জন্য নয়। তখন আমরা স্বীকার করে নিয়েছি যে, বাংলা এবং নেপালী ভাষা দুটোই চলবে তখন সেটাকে যাতে আরও ভালভাবে করা যায়, তার জন্য আমরা চেষ্টা করছি, এবং একসঙ্গে নোটিফিকেসন হয়ে দুটোই চালু হবে, এটা আমি বলতে পারি।

Shri Bhadra Bahadur Hamal:

অঞ্চল পঞ্চায়েত কোন ইংরাজীতে নোটিস দিয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

হ্যাঁ, এখন এইরকম অনেক নোটিসই ইংরাজীতে যাবে, এবং নেপালীতেও যাবে, কোন ভয় নেই। কিন্তু আমরা যা করছি তাই বলছি। ঐরকম অনেক নোটিস ইংরাজীতে যাবে এবং নেপালীতেও যাবে। ওখানে বাংলাতেও যাবে, নেপালীতেও যাবে। আপনাদের মধ্যে যারা ইংরাজী জানেন, তাঁদের সুবিধার জন্যই ইংরাজী ভাষাতে লিখে পাঠান হচ্ছে।

মাননীয় সদস্যরা যে সব কথা বলেছেন, তার উত্তরে আমি আরও দুচারটি কথা বলতে চাই। একটা কথা বলা হয়েছে, আমরা নাকি ইচ্ছা করে বাংলা ভাষাকে চালাতে চাচ্ছি না। কারণ, আমলা তন্ত্রের কায়েমী স্বার্থ রক্ষা করবার জন্য কিম্বা ইন্টেলেকচুয়ালস কিছু আছেন, তারা ইংরাজী ছাড়া কথা বলতে পারেন না, বা চিন্তা করতে পারেন না, তাদের স্বার্থের জন্য, তাদের সুবিধার জন্য ইংরাজী ভাষাকে চালু রাখা হয়েছে। এ এক অদ্ভুত যুক্তি। আরও একটা অদ্ভুত কথা বলা হয়েছে বা আরগুমেণ্ট দেওয়া হয়েছে যে, যাতে সাধারণ লোক আমাদের সরকারী কথা বুঝতে না পারে, তার জন্য আমরা নাকি ইংরাজী রাখতে চাচ্ছি, বাংলা চালাতে চাচ্ছি না একটা অদ্ভুত কথা বলেছেন। (এ ভয়েসঃ এটা আসল কথা।)

হ্যাঁ, আপনার মাথা দিয়ে বেরোয় কিনা, তাই আসল কথা। যাইহোক, এই ধরণের এই সমস্ত কথা ওঁরা বলছেন। আমি বলবো এটা অত্যন্ত ভুল ধারণা, এ সব অদ্ভুত পরিকল্পনার কথা বলা হয়েছে। এতে আমলাতন্ত্রেরও কথা নেই, এতে কোন ইন্টেলেকচুয়াল-এর কথাও নেই, ব সাধারণ লোককে স্পর্শ করে, আলাদা করে রেখে দেবার কথাও নয়। বাংলা ভাষা চলছে, এব বাংলাভাষা আর ভালভাবে, সর্বক্ষেত্রে চালাবার জন্য সরকার সব রকমই ব্যবস্থা করছেন ইংরাজী আনবার উদ্দেশ্য বাংলাকে বন্ধ করবার জন্য নয়।

[4-35—4-47 p.m.]

ইংরাজী আনবার উদ্দেশ্যে বাংলাকে বন্ধ করবার জন্য নয় বাংলাকে আরো যাতে তাড়াতাড়ি ভা করে চালাতে পারা যায়, তার সঙ্গে ইংরাজী রাখলে যাতে অসুবিধা না হয়, আইন নিয় মরামারি না হয় তার জন্যই রাখা হয়েছে। আমরা এটা জানি ভালভাবে যে আজকে য জনসাধারণ না থাকে আমাদের সঙ্গে, জনসাধারণের কাছে সরকারী যে সমস্ত কাজ-কর্ম তা যদি আমরা তাদের জানাতে না পারি তাহলে এ সরকার থাকবে না এটা আমরা ভাল করে জানি সেটা মাননীয় সদস্যরা হয়ত জানেন না, কারণ তাঁদের কথা তারা বেশী শোনেনা, আমাদের কথাই বেশী করে শোনে, আমাদের কথার প্রচারই বেশী হয়। কাজেই যে ভাষায় যেভাবে তারা বুঝতে পারে সেটা আমাদের দলই বেশী করছে, আপনাদের দলের চেয়ে বেশী করছে। কাজেই তাকে মূর্খ ভেবে নয়, কয়েকজনের স্বার্থ ভেবে নয়, কয়েকজনের জন্যও নয়, এটা যাতে প্রত্যেকে বুঝতে পারে তার জনাই করা হয়েছে এবং সঙ্গে সঙ্গে আইনের প্যাঁচের মধ্যে না পড়তে হয় তার জন্যেও করতে হয়েছে ভুল ধারণা নিয়ে নয়। এই প্রসঙ্গে দুঃখের সঙ্গে আমাকে কথার অবতারণা করতে হচ্ছে এখানে মাননীয় সদস্য দেবী বসু মহাশয়ের বক্তৃতা নিয়ে। জানিনা অনেকে তা লক্ষ্য করেছেন কিনা কিন্তু আমি প্রতিত্যকের বক্তৃতা মন দিয়ে শুনেছিলাম, আমি শুনেছি যে তিনি একটি অত্যন্ত অসঙ্গত উক্তি করেছিলেন আমাদের প্রাইম মিনিস্টারের উপরে।

তিনি বলেছেন যে আমাদের নেতা তিনি বিলাতে যাননি কমোনওয়েলথ কনফারেন্স-এ নিজেকে ইনফিরিওটি কমপ্লেক্স-এ ছোট মনে করে অসুখের অছিলা নিয়ে তিনি যাননি। এই রকম অশোভন উক্তি শুনে লজ্জায়, ঘৃণায় নিজেদের মাথা হেঁট হয় যে আজকে ভারতবর্ষের প্রাইম মিনিস্টারকে এই রকম ইঙ্গিত দিয়ে ছোট করে পৃথিবীর সামনে তুলে ধরবার যাঁরা চেষ্টা করেন, তাঁদের দেশপ্রেম কতটা আছে আমি জানিনা। তাঁরা কিভাবে নিজেদের ছোট করবার চেষ্টা করেন আমি অত্যন্ত দুঃখের সঙ্গে তাঁকে এই কথাটা মনে করিয়ে দিতে চাই। যাঁরা এখানে প্রশ্ন করছেন সোমনাথবাবুর অসুখ করেছিল, এখন রুশদেশে না গেলে অসুখ সারে না এটা আমি জানিনা কিন্তু এটাও ঠিক যে যাঁরা কেবল বিদেশের কথা চিন্তা করেন, তাঁদের চিন্তায় চলেন কমনওয়েলথ ব্রিটেন, ইউ, কে-এর নাম শুনেই লাফিয়ে উঠেন, চীন কিম্বা রাশিয়ার নাম নিলেই তাঁদের গোরব বৃদ্ধি হয় তাঁদের নিশ্চয়ই সন্দেহ হয় কারণ তাঁদের নিজেদের উপরেই বিশ্বাস নেই, পরের উপর বিশ্বাস রেখে চলেন তাঁদের এই উক্তি করতে লজ্জা হয় না এবং এই উক্তির জন্যেই তাঁরা ফোড়ন কাটতে কোন অসুবিধা বোধ করেন না।

তারপর যাঁরা এর বিরোধিতা করছেন তাঁদের আমি বলি যে কম্যুনিষ্ট পার্টি থেকে গত [illegible] বের হয় তা সবই ইংরাজীতে বের হয়।

আর আমি তর্ক-বিতর্কের মধ্যে না গিয়ে যে বিল এখানে আনা হয়েছে তাতে আমি এইটুকুই বলতে পারি যে আমরা যাতে তাড়াতাড়ি করে নোটিফিকেসন করে এই হাউজ-এও যাতে সব বাংলায় আসতে পারি সেই চেষ্টা চলছে এবং আমি আশাকরি মাননীয় সদস্যরা এটা সকলেই সমর্থন করবেন।

Shri A. H. Besterwitch: Sir, I stand on a point of information. The Hon'ble Minister in his speech has said that there are two schools for shorthand, one in the Writers' Buildings and another in the Goenka College. I also know that. But the Hon'ble Minister did not say that outsiders were not allowed in these schools even if the Ministers recommended the students. I hope the Hon'ble Minister will take this point into consideration and see that certain percentage of outsiders are allowed in the Goenka College.

The Hon'ble Bijoy Singh Nahar:

উনি হয়ত আমার সমস্ত কথা বুঝতে পারেননি। আমি এই কথাই বলেছিলাম যে সরকারী কর্মচারীদের জন্য ঐ দুটি ক্লাস খোলা হয়েছে।

The motion that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:

NOES—69

Abdul Gafur, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu

Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bose, Shri Promode Ranjan
Chattopadhyay, Shri Brindabon
Das, Shri Abanti Kumar
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, Dr. Prabodh Kumar
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Kazim Ali Meeraza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Mitra, Dr. Gopikaranjan
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda

Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singhdeo, Shri Raj Rajeswari Prosad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar

AYES—32

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Ganesh
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Adwaita
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Raha, Shri Sanat Kumar

Ray, Shri Birendra Narayan
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan
Singha, Dr. Radhakrishna

The Ayes being 32 and the Noes 69, the motion was lost.

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clause 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Shri Ganesh Ghosh:—স্যার আজকে আনন্দে হাউজটা বন্ধ থাক।

The Hon'ble Jagannath Kolay:—তাই হোক।

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-47 p.m. till 1 p.m. on Wednesday, the 16th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 16th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 2 Ministers of State and 166 Members.

Obituary

[1—1-20 p.m.]

Mr. Speaker: Hon'ble Members, before we take up the day's business, I regretfully refer to the sad demise of Shri Annada Prosad Chowdhury, an ex member of both the Houses of our Legislature and an ex Minister of our State.

Born in 1896 in Midnapore, educated at Ravenshaw College and Presidency College, he was a Member of the Bengal Legislative Assembly in 1946, and after India attained independence in 1947 he became Minister in charge of Finance, Local Self Government and Health. He became a Member of the Legislative Council in 1952.

A social worker and businessman, he was held in high esteem by those who came in contact with him. He was also connected with the Khadi and Village Industries Board of the Khadi and Village Industries Commission formed by Central Act LXI of 1956.

May his soul rest in peace.

I would request the honourable members to show their respect to the memory of the deceased by rising in their seats and observing silence for two minutes.

(Honourable Members rose in their seats and stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen. The Secretary will send message of condolence to the members of the bereaved family.

The House stands adjourned for fifteen minutes as a mark of respect to the memory of the deceased.

[After Adjournment]

STARRED QUESTIONS

(to which oral answer were given)

[1-20- 1-30 p.m.]

Sale of fish in Calcutta markets

***411.** (Admitted question No. *1244.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার নির্দিষ্ট দামে কলিকাতার প্রতি বাজারে মাছ বিক্রিত হইতেছে কিনা তাহা লক্ষ্য করিবার কি ব্যবস্থা আছে; এবং

(খ) বর্তমানে প্রয়োজনমত মাছ বাজারে না আসিবার কারণ কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) মৎস্যমূল্য নিয়ন্ত্রণ সম্পর্কিত আদেশ বলবৎ হওয়ার পর হইতেই এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চ পুলিস ও মৎস্য অধিকারের অফিসারগণ কলিকাতার বাজারগুলির উপর সতর্ক দৃষ্টি রাখিয়াছেন। গত ১৫ই অগাস্ট হইতে এই তদারকি ব্যবস্থা আরও শক্তিশালী করা হইয়াছে। কলিকাতার প্রতিটি বাজারে সকাল ৬টা হইতে ১০টা এবং রাত্রি ৬টা হইতে ৮টা পর্যন্ত একটি পুলিস দল মোতায়েন থাকে।

এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চ পুলিসের তিনটি ভ্রাম্যমাণ দলও প্রতিদিন বিভিন্ন বাজার পরিদর্শন করে। পাইকারি [illegible] উপর এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চ পুলিস সতর্ক দৃষ্টি রাখিয়াছেন। অসাধু ব্যবসায়ীদের বিভিন্ন কার্যকলাপ সংক্রান্ত গুপ্ত সংবাদ সংগ্রহের জন্যও বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(খ) কলিকাতার বাজারে সাধারণত (১) পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থান, (২) ভারতের অন্যান্য রাজ্য এবং (৩) পূর্ব-পাকিস্তান হইতে মাছ আমদানি হইয়া থাকে। বর্ষাকালে নৈসর্গিক কারণেই আমদানি অনেক কমিয়া যায়। এই বৎসর পূর্ব-পাকিস্তানে বন্যা এবং অনেক মৎস্য-জীবীর পূর্ব-পাকিস্তান ত্যাগ করার জন্য সেখানকার মাছের সরবরাহ অত্যন্ত কমিয়া যাওয়াই কলিকাতার বাজারে মাছের অভাবের প্রধান কারণ। এতদ্ব্যতীত কিছু অসাধু ব্যবসায়ীর বাজারের বাহিরে উচ্চমূল্যে মৎস্য বিক্রয়ের প্রবণতাও বাজারে সরবরাহের স্বল্পতার জন্য দায়ী।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে, বাজারে মাছ পাওয়া যাচ্ছে না অথচ বাজারের বাইরে কোন কোন পল্লীতে জেলেরা মাছ বিক্রি করছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এরকম সংবাদ যখন আমাদের কাছে আসে তখন তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য চেষ্টা করা হয় এবং অনেক ক্ষেত্রে সেরকম [illegible] গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের দণ্ডও হয়েছে।

Shri Ananga Mohan Das:

আপনি বলেছেন যে, অসাধু ব্যবসায়ীরা কোন কোন ক্ষেত্রে বাইরে মাছ আটক রাখে—অবশ্য পাকিস্তান থেকে এখন মাছ আসে না; এ বছর বন্যা হয়েছে সত্য কথা, দেশে যে মাছ আসে এবং প্রতি বৎসর বিভিন্ন জায়গা থেকে যে মাছ আসে এ বছর সে পরিমাণে দেশে মাছ আসছে না, কিন্তু আপনি যে বলছেন অসাধু ব্যবসায়ীরা মাছ আটক রাখছে—যাতে সেটা আটক না রাখতে পারে যাতে নিয়মিতভাবে মাছ আসে, তার জন্য কোন ব্যবস্থা করেছেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি আটক রাখার কথা বলি নি, এখনকার যে নির্ধারিত মূল্য তাকে এড়াবার জন্য অন্যান্য স্থানে প্রেরণ করে উচ্চ দরে বিক্রি করবার জন্য তারা চেষ্টা করে।

Shri Nikhil Das:

আপনি বললেন যে, নির্ধারিত দরে যাতে বাজারে মাছ বিক্রি হয় তার জন্য এনফোর্সমেন্টের চমৎকার ব্যবস্থা করেছেন। তারা বাজারে ঘুরছে, পাহারা দিচ্ছে এবং লোককে গ্রেপ্তার করছে কিন্তু বাজারে যে মাছ একেবারে পাওয়া যাচ্ছে না, সে সম্পর্কে কি কোন খবর রাখেন, কতটা মাছ কলকাতার বাজারগুলিতে আসে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি বলেছি যে, বাজারে মাছ আমদানি হওয়ার তিনটা সোর্স আছে—আমাদের স্টেট, ভারতের অন্যান্য স্টেট এবং পাকিস্তান থেকে, লীন পিরিয়ডে পনেরশো থেকে দু হাজার মণ পর্যন্ত মাছ আসে, তা ছাড়া অন্যভাবে কিছু আসে। এই তিনটা মেন সোর্সে সেটা কমে গিয়েছিল তার প্রায় কাছাকাছি অর্থাৎ দু' হাজারের কাছাকাছি পৌঁছাচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহোদয় বলেছেন যে, তিনটা জায়গা থেকে আমাদের কলিকাতা বাজারে মাছ আসছে, এবং সেখানে নৈসর্গিক কারণের জন্য পাকিস্তান থেকে মাছ আসা বন্ধ হয়ে গিয়েছে বা কম আসছে। কিন্তু মাননীয় মন্ত্রিমহোদয় কি একথা জানাবেন, তাঁদের হিসাবমত গত কয়েক বৎসর ধরে মৎস্য বৃদ্ধি পরিকল্পনা অনুযায়ী যে অধিক মৎস্য উৎপাদন করা হল সেই মৎস্যটা কোথায় গেল?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেই মাছ তো বাজারে এসেছে। সেই মাছ সাপ্লাই হলেও লোকের চাহিদা অনুযায়ী অপ্রচুর।

Shri Narayan Choubey:

কলিকাতা বাদ দিয়ে আর কোথায় কোথায় নির্দিষ্ট দরে মাছ বাজারে বিক্রয় হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে বলবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সমস্ত চব্বিশপরগনা, নদিয়া, রানাঘাট, কৃষ্ণনগর, শান্তিপুর নবদ্বীপ মুর্শিদাবাদের লালগোলা মেদিনীপুর কন্টাই এবং হাওড়া জেলার বিভিন্ন জায়গায় নির্দিষ্ট দরে মৎস্য বিক্রয় হয়। এ ছাড়া আরও জায়গা আছে, সবগুলি স্মরণ করে বলতে পারছি না। নোটিস দিলে বলতে পারব। সেখানে যে মাছটা নিয়ে যাওয়া হয়, তা নির্ধারিত মূল্যে বিক্রয় করবার ব্যবস্থা আছে।

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, নদিয়া জেলাতে ও নবদ্বীপ, রানাঘাট ইত্যাদি জায়গায় যে মাছ কন্ট্রোল্ড রেটএ বিক্রয় হয় সেটা কি সরকার থেকে সরবরাহ করা হয়? এবং মিউনিসিপ্যাল টাউনে যে কন্ট্রোল্ড রেট রয়েছে, তার বাইরে রেট কন্ট্রোল নেই, তার ফলে ঐ মিউনিসিপ্যালিটিতে মাছ পাওয়া যাচ্ছে না, অসাধু ব্যবসায়ীরা ছয় টাকা, পাঁচ টাকা দরে মাছ বিক্রয় করছেন, আর আপনারা চোখে ঠুলি ও নাকে সরষের তেল দিয়ে ঘুমাচ্ছেন; এটা সত্য কিনা...?

(No reply.)

Shri Hemanta Kumar Basu:

অধিকাংশ যে মাছটা বিক্রয় হয়, সেটা কি বাজারের বাইরে বিক্রয় হয়?

The Hon'ble S. M. Fazlur Rahman:

মৎস্য নিয়ন্ত্রণ এলাকার বাইরে অনেক পরিমাণ মাছ বিক্রয় হয়। সেইজন্য এলাকাটা আরও বাড়িয়ে দেওয়া হয়েছে; যেমন ২৪-পরগনা জেলা।

Shri Hemanta Kumar Basu:

মাছ বাজারে থাকে না, বাজারের বাইরে প্রাইভেট সোর্স থেকে মাছ বিক্রয় হচ্ছে, এটা আপনি জানেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এরকম সংবাদ আমার কাছে কিছু কিছু এসেছে এবং পুলিসকে দিয়ে সেটা অনুসন্ধান করে বন্ধ করার ব্যবস্থা হচ্ছে।

Shri Hemanta Kumar Basu:

পুলিসকে সে কথা বললে, যে আমাদের সাথে চল, আমরা দেখিয়ে দিচ্ছি যে বাজারের বাইরে কোথায় মাছ বিক্রয় হচ্ছে, তাতে পুলিস বলে আমার বাজারে ডিউটি, বাজারের বাইরে আমরা কিছু করতে পারব না।

The Hon'ble S. M. Fazlur Rahman:

এখন পুলিসকে নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, লীন পিরিয়ডএ যেরকম মাছ পাওয়া যায় সাধারণত, এখন প্রায় সেইরকম ভাবেই হয়ে দাঁড়িয়েছে। তিনি কি লক্ষ্য করেছেন যে, গত বছরের তুলনায় এ বছর বাজারে আরও অনেক কম মাছ এসেছে। গত বছরে বাজারে কোনরকম লাইন দিতে হত না, মারামারি করে মাছ কিনতে হত না এবং অধিকাংশ লোককে খালি থলে নিয়ে ফিরে আসতে হত না। এখন, আজ সকালেরও অবস্থা এইরকম যে, বারবার তিনটা লাইন দিলাম এবং লাইন-এর শেষে থাকায় যখন সামনে পৌঁছিলাম তখন সেখানে মাছ নেই, শেষে শুধু হাতে বাড়ি ফিরে এলাম। এইভাবে এক ঘণ্টা অমূল্য সময় নষ্ট করলাম। যেটা লীন পিরিয়ডএ হত, তখন এত লাইন দিতে হত না। কিন্তু এখন এত লাইন দিতে হচ্ছে কেন, সেটা মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

স্মরণ রাখবেন যে, লিন পিরিয়ডটা হল জুন মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত। কাজেই গত বৎসর জুন থেকে অক্টোবর পর্যন্ত এই মূল্য নির্ধারণ করা হয় নি। কাজেই তখন নভেম্বরে কোন হাঙ্গামা ছিল না। এবার যেহেতু লীন পিরিয়ডএ নির্ধারিত মূল্য ঠিক হয়েছে, তাই কিউ দিতে হচ্ছে। সুতরাং পূর্বে যে মাছ আসত এখন তা আসছে না বলে, মূল্য বাড়তিমুখী থাকলেও এবং কিউ দিতে হলেও, নভেম্বর মাসে আশা করছি সেই অবস্থা আর থাকবে না।

[1-30—1-40 p.m.]

Shri Somnath Lahiri:

আপনি বললেন যে, অন্যতম কারণ বর্তমান দুরবস্থার হচ্ছে যে, জনসংখ্যা বৃদ্ধি। তাহলে গত বৎসরের তুলনায় এই বৎসর জনসংখ্যা কত বৃদ্ধি হয়েছে বলতে পারেন, যার জন্য মাছের বাজার অ্যাফেক্টেড হয়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এখানে সেন্সাস রিপোর্ট অনুসারে একটা পারসেন্টেজ ধরে যা হয় তাই দেওয়া হয়েছে।

Shri Nikhil Das:

মন্ত্রিমহাশয় বললেন যে, মাছের দর নির্ধারণ করেছেন। মাছের দর নির্ধারণ করবার উদ্দেশ্য হচ্ছে যাতে নির্ধারিত মূল্যে আমরা মাছটা পাই। এখন আমরা ও'র উত্তর থেকে শুনলাম এবং বাজারের অভিজ্ঞতা থেকেও দেখলাম, দর নির্ধারিত হবার পরে বাজারে মাছ পাওয়া যাচ্ছে না এবং বাজারের বাইরে গোপনে বাড়তি দরে মাছ বিক্রয় হচ্ছে। তাহলে এই ধরণের মূল্য নির্ধারণের অর্থই বা কি হয় এবং বাড়তি দামে যে বিক্রয় হচ্ছে সেগুলিকে ধরে এনে ন্যায্য দামে বিক্রয় না করবার কারণটা কি আমরা জিজ্ঞাসা করতে পারি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এই যে মৎস্যমূল্য নির্ধারণ করা হচ্ছে, এটা হল ওয়েস্ট বেঙ্গল অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট অনুসারে। এটা হোলসেলার্সদের বিক্রয়ের দেবার যে মার্জিন অফ প্রফিট তাদের স্বীকৃতমতে তার উপর একটা সার্টেন পারসেন্টেজ অফ মার্জিন রাখা হয়েছে। এটা নির্ধারণ মানেই হল ডিম্যান্ড অ্যান্ড সাপ্লাই, যে যোগান এবং চাহিদা তার পার্থক্য আছে বলেই সে উচিত মূল্যের অধিক প্রফিট করবে বলেই ওয়েস্ট বেঙ্গল অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট করা হয়েছে। কাজেই মূল্য নির্ধারণ করা মানে এ নয় যে, মাছের সাপ্লাই বেড়ে যাবে। যেটুকু আছে সেইটুকুই নির্ধারিত মূল্যে পাওয়ার জন্য অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট করা হয়েছে। আর যেটা মাননীয় সদস্য মহাশয় বলছেন যে, মূল্য নির্ধারণ করা সত্ত্বেও গোপনে একশ্রেণীর সৌভাগ্যবান মানুষ আছে তাদেরই ষড়যন্ত্রে কোন কোন স্থানে বেশি দামে বিক্রি হচ্ছে এবং লীন পিরিয়ডএ সেটা বেশি হচ্ছে, যেহেতু সাপ্লাই কম আছে। তার জন্য আমি পূর্বেই বলেছি যে, পুলিসী ব্যবস্থা করা হয়েছে এবং এইসব ক্ষেত্রে যেসমস্ত ঘটনাগুলি আমাদের দৃষ্টিগোচরে আনা হয় এবং পুলিসের দৃষ্টিগোচরে আসে তার জন্য ব্যবস্থা অবলম্বন করা হয় এবং এইরকম ধরনের ব্যবসায়ী যারা লাইসেন্স না নিয়ে পাড়ায় পাড়ায় বিক্রি করে তাদেরও ধরবার চেষ্টা করা হয়।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তিনটি সোর্স থেকে আমাদের আসছে। এখন কলকাতার বাজারেতে যে মাছ আসছে যা অন্যান্য মফঃস্বল শহরে যে মাছ আসছে—আমি পাকিস্তানের কারণটা ছেড়ে দিচ্ছি, কারণ তার উপর আপনার কন্ট্রোল নেই, কিন্তু ইন্টারন্যাল মার্কেটএর উপর আপনার কন্ট্রোল রয়েছে। আমরা যে স্ট্যাটিসটিকসটা পাচ্ছেন, অ্যাভেলেবিলিটির উপর সেটা পাচ্ছেন বাজারে যে মাছটা আসছে তার উপর। কিন্তু এই যে প্রশ্নটা রয়েছে যে, বাজারে মাছ আসছে না তাহলে বাজারে যে মাছ আসছে না বা যেটুকু আসছে তার উপরে ভিত্তি করেই কি স্ট্যাটিসটিকস রাখছেন, না কোনরকম স্পেকিউলেটিভ ফিগারএর উপর ভিত্তি করে স্ট্যাটিসটিকস রাখছেন? কেননা বাজারের বাইরে নিয়ে মাছটা বিক্রি হচ্ছে এইটাই হচ্ছে সদস্যদের অভিযোগ, জনসাধারণের অভিযোগ যে, আপনি যে সংখ্যাতত্ত্বটা রাখছেন তার ভিত্তিটা কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

কলকাতার বাজারে যে মাছগুলি আমদানি হয় তার ভিত্তিতেই আমি এই কথাগুলি বলছি। কেন না কোন হোলসেলার উইদাউট লাইসেন্স যে তিনটি সোর্স থেকে মাছটা আসছে—ও-জি-এল-হোল্ডার হোক হোলসেলার হোক, বা ফেরীওয়ালা হোক। এখানে মাছ যাঁরা দেন তারা রিটেলার্সদের যাদের লাইসেন্স নেই তাদের বিক্রি করতে পারেন না সেই জন্যই যে সোর্স থেকে আমরা ইনফরমেশনটি দিচ্ছি এবং স্ট্যাটিষ্টিক্স দিচ্ছি সেটা এই ৩টি সোর্স থেকে মোট আসছে তাই দিয়েছি।

Shri Kashi Kanta Maitra:

তাহলে প্রশ্ন হচ্ছে আপনার পাকিস্তানের সোর্সটা ছেড়ে দিয়ে আপনি যদি এই তথ্যটা দেন হাউসের সামনে যে এই লাইসেন্সিং অর্ডার এবং অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট, প্রাইস কন্ট্রোল অর্ডার চালু করেছেন, এই চালু করবার ঠিক পূর্বমুহূর্তে কলকাতাতে পাকিস্তানের সোর্স বাদ দিয়ে অন্যান্য রাজ্য থেকে যে মাছ আসে সেটা এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সোর্স যে মাছটা আসে, এই দুটি মিলিয়ে যে ফিগার এই আইন চালু করবার আগে ছিল এবং আজকে এই আইন চালু করবার পর পাকিস্তানের সোর্স বাদ দিয়ে ইন্টারন্যাল সোর্স থেকে যেটা আছে সেই ফিগার মিলি করে না, তার মার্জিন অনেক বেশি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি ফিগারটা ঠিক দিতে পারছি না, পৃথক নোটিস দিলে দিতে পারব। কিন্তু একথা আমার স্মরণে আছে যে, অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট জারি করবার পূর্বে যে অবস্থা ছিল, অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট জারি করবার পর মাছের আমদানি হ্রাস পায় নি।

আমি দেখেছি, তবে ফিগার এখনই দিতে পারছি না। যদি পৃথকভাবে নোটিস দেন তাহলে দিতে পারব। তবে আমার স্মরণ আছে অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট চালু করবার পূর্বে অবস্থা যা ছিল অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট চালু করবার পর মাছের আমদানি হ্রাস পায় নি।

শ্রীগণেশ ঘোষঃ আজকে একথা সুস্পষ্ট হয়ে গেছে যে, যারা বাইরে থেকে মাছ আনেন তাঁদের ক্ষেত্রে আপনারা যে টার্ম ফিক্স করেছেন তাতে তাঁরা অসন্তুষ্ট হয়েছেন বলে আর মাছ আনছেন না। আমার প্রশ্ন হচ্ছে, এর জন্য আপনারা কয়টা লাইসেন্স ক্যানসেল করেছেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ এটা ঠিক কথা নয়। আমি সম্প্রতি অন্ধ্র এবং মাদ্রাজ ঘুরে এলাম এবং আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন সেখানে ১ টাকা পার কেজি মাছ বিক্রি হয় এবং অন্যান্য মাছ তার চেয়েও কম দরে বিক্রি হয়। ১ টাকা কেজি যেটা বিক্রি হয় সেটা এখানে ২ টাকা বার আনা।তিন টাকা দরে বিক্রি হয়। কাজেই এখানে মাছের দাম কম দেওয়া হচ্ছে বলে এখানে মাছ আসছে না এটা ঠিক কথা নয়। যেসমস্ত মুনাফাখোর এবং হোলসেলার আছে তারা ব্যাপকভাবে গ্রাম থেকে গ্রামান্তরে গিয়ে ঐ দামে মাছ কেনে এবং কখনও বেশি টাকা দিয়েও কেনে এবং এইভাবে সরকারী পরিকল্পনা ব্যর্থ করবার চেষ্টা করছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

শ্রীমতী শান্তি দাসঃ মন্ত্রিমহাশয় বললেন, একটি কারণ হচ্ছে পাকিস্তান থেকে কতগুলি নৈসর্গিক কারণের জন্য মাছ আসতে পারছে না। আমার প্রশ্ন হচ্ছে ভারতবর্ষের অন্যান্য প্রদেশ থেকে যেসমস্ত মাছ চালান হয়ে হাওড়ায় আসত তার পরিমাণ কি কমে গেছে, না একইভাবে আছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ আমি আগেই বলেছি, মে-জুন টু অক্টোবর হচ্ছে লীন সিজন এবং এই লীন সিজনএ মাছ ধরা বন্ধ থাকে যার ফলে আমদানি কম হয়। কলকাতার কতগুলি এডুকেশন্যাল ইন্সটিটিউশন, হাসপাতাল এবং রেস্টুরেন্ট বাদ দিলে ডেইলি ৬ হাজার ৮৫০ মণ ছিল। লীন পিরিয়ডের পূর্বে যেটা চার হাজার। সাড়ে চার হাজার মণ ছিল লীন পিরিয়ডে সেটা দেড় হাজার। দু হাজার মণে এসে দাঁড়ায়। সাধারণভাবে যদি ধরা যায় এবং জিনিসের দাম না বাড়ে তাহলে দেড় হাজার।দু হাজার মণ আসে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, আগের চেয়ে এখন যে মাছ কম আসছে তার কারণ কি এই যে, এটা সরকারের হাতে দেওয়া হয়েছে বলেই মাছ আসছে না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য কি একথাই বলতে চান যে, সরকার এই বিষয়ে হস্তক্ষেপ করবেন না?

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ মাছ এখনও আগের মতই আনছেন। আমার প্রশ্ন হচ্ছে, মাছের মূল্য নির্ধারণ করার অব্যবস্থা এবং মূল্য নির্ধারণ করে সেই দামে মাছ দিতে না পারার অক্ষমতার জন্য মাছ পাওয়া যাচ্ছে না একথা ঠিক কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ একথা আদৌ সত্য নয়।

[1-40—1-50 p.m.]

শ্রী[illegible] রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় অনেক কয়টি কারণ দেখিয়েছেন মাছ না আসার। প্রশ্ন হচ্ছে পশ্চিম বাংলার বাইরের কোন রাজ্য নয়, অন্যান্য লীন পিরিয়ডে পশ্চিম বাংলার অন্যান্য জেলা থেকে যে পরিমাণ মাছ আসত, সেই পরিমাণ মাছই কি আসছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ তাহলে পরিমাণ বৃদ্ধি হচ্ছে কি করে এটা যদি না হয়?

শ্রী[illegible] রাহাঃ আপনি এখন জানালেন আমাদের দেশে পশ্চিম বাংলায় কিছু হোলসেলারদের ষড়যন্ত্রের ফলে মাছের দাম বেড়েছে, আর একটা কারণ বললেন, বিদেশে অর্থাৎ অন্ধ্র-মাদ্রাজের আড়তদারদের ষড়যন্ত্রের ফলে মাছের দাম বেড়েছে......

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ সরবরাহ কম বলেছি।

শ্রীসন্তোষ কুমার রায়ঃ বাজারে যে পরিমাণ মাছ সাপ্লাই হত সেই পরিমাণ হচ্ছে না, ফলে বাজারের বাইরে বেশি দামে বিক্রি হচ্ছে, এটা যদি ঠিক হয়, মন্ত্রিমহাশয় পরিষ্কার করে বলুন মাছের বাজার সম্পর্কে পশ্চিম বাংলা সরকারের কোন তথ্য আছে কিনা কোন্ মাছ কত পরিমাণ আসছে এবং হোলসেলারদের ষড়যন্ত্রের ফলে কোন দাম বাড়ছে কিনা এবং আর্ট অল ষড়যন্ত্র আছে কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ আমরা বাঙ্গালীরা যারা মাছ খাই তাদের কত পরিমাণ খাওয়া দরকার এবং কত পরিমাণ খাই তার কোন ঠাঁইঠিকানা নাই ; নিউট্রিশন কমিটি এক্সপার্ট অনুসারে, তাদের ক্যালকুলেশন অনুসারে মাথাপিছু স্বাস্থ্যরক্ষার জন্য ৫৭ গ্রাম হিসাব ধরেছে। সেই তথ্য আমরা দিই। এটা আমাদের মাননীয় সদস্যরা বিচার করে দেখবেন, আমরা এই পরিমাণ মাছ খাবার অভ্যাস করেছি কিনা? যদি সেই অভ্যাস করে থাকি, তাহলে সেটা ২০০ মণই হোক আর ৩০০ মণই হোক, আর ৪।৫ হাজার মণই হোক, তাতে কি আসে যায়?

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ মাননীয় মন্ত্রিমহাশয় ৫৭ গ্রাম করেই মাছ খান, না বেশি খান?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ সপ্তাহে একদিনও খাই বলে মনে হচ্ছে না।

শ্রী[illegible] গুহঃ কলকাতা ছাড়া পশ্চিম বাংলার আর কোন জেলায় পাকিস্তান থেকে আইনসঙ্গতভাবে মাছ আসে কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ সেটা আমার জানা নাই।

শ্রীনিখিল দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, হোর্ডার এবং হোলসেলারদের কারসাজির জন্য বাজারে ঠিকমত মাছ আসছে না, মাছের দাম বাড়ছে। আমার প্রশ্ন হচ্ছে আইন তৈরি করেছেন, গ্রেপ্তার করছেন, বলছেন তবু এখন পর্যন্ত গত ৬ মাসে হোর্ডার এবং হোলসেলারদের শায়েস্তা করে বাজারে মাছ আনাতে পারলেন না কেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ মাছ একটা পেরিশেবল কমোডিটি, মাছ ধান-চালের মত মজুত করে রাখতে পারে না। ৪-৫ দিন কি ৬ দিন পর্যন্ত মাছ কোল্ড স্টোরেজে রাখছে, রিপোর্ট নিয়ে জেনেছি সেখানে এখন বেশি হোর্ডেড হয় না। বরাবর যেটা আসে, সেটা বাজারেই আসে, বাজারে যা আসে তা নির্ধারিত মূল্যেই বিক্রি হচ্ছে।

Emissary to Japan for ascertaining Deep Sea fishing prospect

***412.** (Admitted question No. *1402.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) if the State Government had recently sent an emissary to Japan to ascertain the prospects of Deep Sea fishing in West Bengal;

(b) if so, the names of the officials who had gone to Japan in that connection and the total sum spent on this trip;

(c) if any non-official member had been sent to Japan in that connection;

(d) if so, his name and his experience in fish trade, pisciculture, deep sea fishing;

(e) if any Scheme has at all since emanated from this team that visited Japan; and

(f) if any Scheme has at all since emanated from this team that visited between State Government Representative and the Japanese Trade Organisation of the Japanese Government?

The Hon'ble S. M. Fazlur Rahman: (a) No.

(b) Does not arise.

(c) No.

(d) Does not arise.

(e) Does not arise.

(f) Does not arise.

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি স্বীকার করবেন যে কিছুদিন পূর্বে এই বিধান সভার অন্যতম কংগ্রেস দলের সভ্য শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় তিনি জাপানে গিয়েছিলেন এবং জাপান থেকে ফিরে আসবার পর বাংলাদেশের খুব খ্যাতনামা কয়েকটি সংবাদপত্রে এই মর্মে খবর বেরোয় যে তাঁকে পাঠান হয় পশ্চিমবঙ্গ সরকারের এমিসারি হিসাবে জাপানেতে এই কথা সত্য কি না?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: এটা সত্য নয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা অস্বীকার করছেন অমৃত বাজারের মত একটা দায়িত্বশীল কাগজের প্রথম পৃষ্ঠায় এই সংবাদটা বেরিয়েছিল, এই সংবাদটা সম্পূর্ণ অসত্য হল কি করে?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: তিনি জাপানে গিয়েছিলেন প্রাইভেট ক্যাপাসিটিতে।

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি প্রশ্নটাকে অন্যভাবে এড়িয়ে যাবার চেষ্টা করবেন না। সত্য কিছু থাকে তো বলুন। আমি জিজ্ঞাসা করছি আপনার দৃষ্টি আকর্ষিত হয়েছিল কিনা কাগজে এই রকম একটা সংবাদ যখন বেরিয়েছিল যে পশ্চিমবঙ্গ সরকার গভীর সমুদ্রে মাছের চাষের ব্যাপারে চিন্তা করছেন এবং এই ব্যাপারে একজনকে পাঠিয়েছেন? এই সংবাদের প্রতি কি আপনার দৃষ্টি আকর্ষিত হয় নি?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: এইরকম সংবাদের প্রতি আমার দৃষ্টি আকর্ষিত হয়েছিল। মাননীয় সদস্য শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় প্রাইভেট ক্যাপাসিটিতে জাপানে গিয়েছিলেন এবং জাপানে গিয়ে মৎস্য উৎপাদন কেন্দ্র যারা ডিপ সি ফিসিং-এ লিপ্ত আছেন তাঁদের সংগে তিনি দেখা করেছিলেন এবং দেখা করে তাঁর যে ধারণা হয়েছে সেই ধারণার ভিত্তিতে যাতে এখানে ডিপ সি ফিসিং চালু হতে পারে সেই মর্মে তিনি মুখ্যমন্ত্রীকে একটা পত্র দিয়েছিলেন। সেই পত্র আমার বিভাগে প্রেরিত হলে সেটা আমরা দেখছি। তিনি বলেছেন তাইপো ফিসারিজ লিমিটেড বলে একটি মৎস্য কোং আছে, গভীর সমুদ্রে মৎস্য শিকার সম্বন্ধে তাদের অভিজ্ঞতা আছে, তারা যদি চেষ্টা করে তাহলে এখানে মাছের চাষ ভালভাবে হতে পারে, ভাল মাছ পাওয়া যেতে পারে। এই মতামত তিনি দিয়েছেন, তিনি যথেষ্ট উপকার করেছেন যদি কিছু হতে পারে এখানে।

শ্রীকাশীকান্ত মৈত্র: তাহলে দেখা যাচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রকারান্তরে নাকটাকে ঘুরিয়ে দেখাতে হল। মাননীয় সদস্য শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় জাপানে গিয়েছিলেন এবং জাপানে তিনি তাঁর ব্যক্তিগত ব্যবসায়ে গিয়েছিলেন এবং ব্যক্তিগত ব্যবসায়ে গিয়ে পশ্চিমবঙ্গ সরকারের স্বার্থ সম্বন্ধে তিনি মাথা ঘামাচ্ছেন এবং একটা গুরুত্বপূর্ণ বিষয়ে তিনি তাদের সঙ্গে কথা বলেছেন। আমরা জানতে চাই এই যে তিনি সেখানে গেলেন এবং সেখানে গিয়ে এই সমস্ত বিষয়ে আলাপ-আলোচনা করে এলেন তাতে পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগ থেকে বা মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে কি তাঁকে কোন রকম অধিকার দেওয়া হয়েছিল যে আপনি এই বিষয়ে একটা এক্সপ্লোরেটরী টক্‌স চালান?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ সরকারের এমিসারি হিসাবে যান নি। তিনি নিজের কাজে গিয়েছিলেন এবং আমাদের এখানকার মাননীয় সদস্যরা এপক্ষের এবং ওপক্ষের যেমন মাছের অভাবে জর্জরিত তিনিও সেরকম জর্জরিত

এবং অজপীয়ত হওয়ায় দরুণ তিনি সেখানে মাছ সম্বন্ধে আলোচনা করেছিলেন। কেন না মাননীয় সদস্যরা জানেন যে জাপানের লোকেরা আমাদের মত ভাত খান এবং মাছও খান। সেখানে মাছের প্রাচুর্য দেখে শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় মহাশয় ওখানে কোন রকম ভাবে মাছ সম্বন্ধে আলোচনা করার অবসর নিয়ে তিনি ভেবেছিলেন যে ওদের কাছে কিছু জিজ্ঞাসা করি। ফিরে এসে তিনি আমাদের দ্বারা আকৃষ্ট হয়ে নয়, আমার কাছে একটা নোট পাঠিয়ে ছিলেন। আমি সেই নোটটা মৎস্য মন্ত্রী মহাশয়ের কাছে পাঠিয়ে দিয়েছি। এর বেশী কিছু হয় নি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ খুব ভাল কথা, মাননীয় সদস্য নরেশবাবু পরহিতার্থে নিজের পয়সায় জাপানে গিয়ে এই রকম একটা পরিকল্পনা নিয়ে এসেছেন। তাঁর কাছে আমরা জানতে চাই তিনি সেই পরিকল্পনা সম্বন্ধে আমাদের কাছে বিস্তারিত ইঙ্গিত দেবেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ সেই পরিকল্পনাটা আমাদের মৎস্য বিভাগে পরীক্ষা করা হচ্ছে। পরীক্ষা করার পর তাঁরা যদি সেই পরিকল্পনাটা গ্রহণ করেন তাহলে ভবিষ্যতে কথা হতে পারে। পরিকল্পনা গ্রহণ করবেন কি না আমরা এখন জানি না, পরীক্ষা হয়েছে কি না আমরা বলতে পারব না।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এটা কি সত্য যে জাপানের একটা ট্রেডিং কনসার্নকে এখানকার বঙ্গোপসাগরে যেসব জায়গায় আগে পশ্চিমবঙ্গ সরকারের ডিপ সি ফিসিংএর জন্য ট্রলার ঘুরত সেই সব জায়গা লিজ দিয়ে যেমন বিভিন্ন জায়গায় লিজের গল্প শুনছি, মাছের চাষের জন্য তাদের সঙ্গে ট্রেডিং কনট্রাক্ট করবার ব্যবস্থা করেছেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় শ্রীনরেশনাথ মুখোপাধ্যায় মহাশয় যে পরিকল্পনা দিয়েছেন তাতে এই কথা আছে যে সেখানকার লোককে এনে, তাতে লিজ দেওয়ার কথা নেই, এখানে ভালভাবে সার্ভে করে এক্সপ্লোর করে দেখা, মাছ পাওয়া যাবে কি না সে সম্বন্ধে অনুসন্ধান করা। সেই পরিকল্পনা আমরা গ্রহণও করি নাই, পরীক্ষাও এখনও করা হয় নি।

[1-50—2 p.m.]

Shri Kashi Kanta Maitra:

আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি এবং মৎস্য মন্ত্রীরও, নরেশবাবু পেয়েছেন ভাল কথা। আমি বলছি যে পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় জীবিত থাকাকালীন পান্নার হাইড্রানের(?) মত বিশ্ববিখ্যাত এক্সপার্টকে এখানে আনা হয়েছিল, ইউ এন ও থেকে পাঠানো হয়েছিল, তিনি পশ্চিমবঙ্গে মাছের সরবরাহ বৃদ্ধি করবার জন্য বিস্তারিত রিপোর্ট দিয়াছিলেন, সেই রিপোর্ট আমাদের কাছে আছে—আমি জিজ্ঞাসা করছি সেই রিপোর্টকে কার্যকরী কেন করলেন না? তিনি বলেছিলেন সেটা কার্যকরী করলে কোলকাতা এবং বাংলাদেশে মাছের দাম এক টাকার বেশী সের হবে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা অন্য কথা, শ্রীনরেশনাথ মুখার্জী মহাশয়ের এই পরিকল্পনা গ্রহণ করবো কি করবো না সে সম্বন্ধে কোন পরীক্ষা করা হয় নি। কাজে কাজেই আগেকার প্রশ্নের সঙ্গে নরেশবাবুর পরিকল্পনার কোন সম্পর্ক নেই।

Shri Niranjan Sen Gupta:

নরেশ মুখার্জী মহাশয় জাপানে গিয়েছিলেন এবং আপনাদের কাছে পরিকল্পনা পেশ করেছিলেন—এসব ব্যাপারে তাঁকে কোন খরচ দেয়া হয়েছে কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

না, তিনি প্রাইভেট ক্যাপাসিটিতে গিয়েছিলেন।

Sale of court-fees and stamps

***413.** (Admitted question No. *1559.)

শ্রীসনৎকুমার রাহাঃ বিচারবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে দশমিক হার চালু হওয়া সত্ত্বেও কোর্ট ফি টাকা-আনার হিসাবে বিক্রয় করা হয় এবং ছয় আনা মূল্যের স্ট্যাম্প ·৩৮ পয়সায় বিক্রীত হয়; এবং

(খ) যদি অবগত থাকেন, তাহলে কোর্ট ফি ও স্ট্যাম্প দশমিক হারে বিক্রয় করার ব্যবস্থা কবে হইতে করা হইবে?

The Hon'ble Rabindra Lal Sinha:

(ক) কোর্ট ফি স্ট্যাম্পের মূল্য দশমিক হারে পরিবর্তিত হয় নাই। উহা পূর্বের ন্যায় এখনও টাকা আনার হিসাবে বিক্রয় করা হয়। বর্তমানে ছয় আনা মূল্যমানের স্ট্যাম্প ·৩৮ পয়সায় বিক্রীত হইতেছে এই মর্মে সরকার অদ্যাবধি কোন অভিযোগ পান নাই।

(খ) কোর্ট ফি স্ট্যাম্পের মূল্য দশমিক হারে পরিবর্তিত করার ব্যবস্থা হইতেছে। এই ব্যবস্থা সম্পূর্ণ হইলেই যত সত্বর সম্ভব স্ট্যাম্প দশমিক হারে বিক্রয় করা হইবে।

Shri Sanat Kumar Raha:

সরকার কি অবগত আছেন যে তিনি দশমিক হারে বিক্রী হচ্ছে না, এক টাকায় ৩২ খানা ডেমি পাওয়া যায় কিন্তু ১০০ পয়সা দিলে ৩২ খানা দেয় সেখানে, ৩ নঃ পঃ বা ৩ পয়সা হিসাবে ৩৩ খানা হয়?

The Hon'ble Rabindra Lal Sinha:

দশমিক হার এখনও পর্যন্ত চালু হয় নি, টাকা, আনা, পয়সার হিসাবে বিক্রী হচ্ছে। সরকার এ বিষয়ে অবহিত হয়েছেন এবং চেষ্টা করছেন যত শীঘ্র সম্ভব এটা দশমিক হারে পরিবর্তন করার।

Shri Sanat Kumar Raha:

ট্রেজারী থেকে টাকার হারে বিক্রী হয় কিন্তু ভেন্ডাররা পয়সার হারে বিক্রী করে—এটা সরকার অবহিত আছেন কি?

The Hon'ble Rabindra Lal Sinha:

টাকা, আনা, পয়সায়; অন্ততঃ যে পয়সা হওয়া উচিত তার চেয়ে বেশী পয়সায় বিক্রী হচ্ছে বলে তো সরকার অবগত নন।

Shri Sanat Kumar Raha:

কবে থেকে শুরু হবে দশমিক হার আশা করা যায়?

The Hon'ble Rabindra Lal Sinha:

আমি এটুকু বলতে পারি যে একটা প্রস্তাব ছিল স্ট্যাম্পের মূল্য বৃদ্ধি করার, এখন সেই প্রস্তাবটা নিয়ে চলছেন না—কাজ আরম্ভ হয়ে গেছে, আশা করা যায় যে তাড়াতাড়ি হবে, তবে বোধ হয় একটা অ্যামেন্ডিং অ্যাক্ট আনতে হবে কোর্ট ফি সম্বন্ধে।

Expenses on pisciculture

*414. (Admitted question No. *1297.)

শ্রীঅনন্তমোহন দাস: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে প্রতি বৎসরে এই রাজ্যে মৎস্য চাষ বৃদ্ধির জন্য কি পরিমাণ টাকা খরচ হইয়াছিল;

(খ) এই টাকা খরচ হইলে মৎস্য উৎপাদন কি পরিমাণ বৃদ্ধি পাইয়াছে; এবং

(গ) গত ১৯৬১, ১৯৬২ এবং ১৯৬৩ সালে মোট কত মৎস্য প্রতি বৎসর কলিকাতা বাজারে আসিয়াছিল?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) গত তিন বৎসরে মৎস্য চাষ বৃদ্ধির জন্যে মোট ৫৭,১৫,২৭১ টাকা খরচ হইয়াছে। প্রতি বৎসরে খরচের পরিমাণঃ—

১৯৬১-৬২ সালে—১৯,৭১,৭০০ টাকা।

১৯৬২-৬৩ সালে—২১,৮১,৯৭২ টাকা।

১৯৬৩-৬৪ সালে—১৫,৬১,৫৯৯ টাকা।

মোট—৫৭,১৫,২৭১ টাকা।

(খ) মৎস্য চাষ বৃদ্ধির বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে মৎস্য উৎপাদন আনুমানিক ১,২৪,২০০ বৃদ্ধি পাইয়াছে।

(গ) ১৯৬১, ১৯৬২, ১৯৬৩ সালে কলিকাতার বাজারে মৎস্য আমদানীর পরিমাণঃ—

১৯৬১—১১,৫৩,৪২৩ মণ

১৯৬২—১৬,৯৮,০২৮ মণ

১৯৬৩—১৬,৮৯,৬৩৪ মণ

মোট—৪৫,৩০,০৮৬ মণ

Shri Ananga Mohan Das:

আপনি উত্তরে বলেছেন যে মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কিন্তু আমরা দেখছি বাজারে মাছ পাওয়া যাচ্ছে না, মাছ উধাও হয়ে যাচ্ছে। ১৯৬৩ সালে যে পরিমাণ মাছ বাজারে আসতো পাকিস্তান থেকে, সেটা নৈসর্গিক কারণের জন্য কমে গিয়েছে। আপনি আবার বললেন যে মৎস্য চাষের জন্য কয়েক লক্ষ টাকা ব্যয় করে মৎস্য চাষ বাড়ান হয়েছে। কলিকাতার বাজারে গত তিন বৎসর ধরে যে পরিমাণ মাছ আসছিল, তা অনেক পরিমাণে কমে গিয়েছে, এবং পাকিস্তান থেকে মাছ না আসা সত্ত্বেও, যদি আমাদের অভাব পূরণ হয়ে যায়, তাহলে মাছ বাজারে আসছে না কেন, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

মাছের পরিমাণ যা আসছে এবং মৎস্য উৎপাদন যা বেড়েছে, তাতেও আমাদের চাহিদা মিটছে না বলেই মাছের অভাব দেখা দিয়েছে। ১৯৫৭ সালের হিসাব আমি দিয়েছি। কিন্তু নিউট্রিশন এক্সপার্ট-এর মতে আমাদের মাছ-ভাত খাওয়ার যে অভ্যাস, তার ভিত্তিতে বা হিসাবে মাছ নেই।

Shri Ananga Mohan Das:

এটাত সত্যি, যে কলিকাতা সহরের লোকরা যে পরিমাণ মাছ ১৯৬২ সালে খেতো, তার চেয়ে বেশী পরিমাণ মাছ এখন তারা খাচ্ছে না, তাহলে বাজারে মাছ পাওয়াটা একেবারে বন্ধ হয়ে গেল কি করে? আজকে সরকার পক্ষ থেকে মাছের যে দর বেঁধে দেওয়া হয়েছে, তার ফলেতেই বাজারে

মাছ পাওয়া যাচ্ছে না। আমাদের মেস থেকে যখন লোকে বাজারে মাছ আনতে যায়, তখন তারা শুধু হাতে ফিরে আসে, দিনের পর দিন, সেখানে তারা লাইন দিয়ে কন্ট্রোলএর মাছ পাচ্ছে না। আপনি বলছেন লোকে মাছ পাচ্ছে, বাজারে মাছ আসছে। আজকে যদি বাজারে মাছ আসতে থাকে, তাহলে সেগুলি গেল কোথায়? তাহলে মাছের কন্ট্রোল দর বেঁধে দেবার উদ্দেশ্য কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

গত বৎসর ১লা নভেম্বর থেকে এই মৎস্য মূল্য নির্ধারিত হয়। এর পূর্বে লিন পিরিয়ডে ৭।৮।১০ টাকা দরে মৎস্য বিক্রয় হতো।

Shri Nikhil Das:

এটা সত্য নয়। গত বছর মৎস্যের মূল্য ৭।৮ টাকা হয় নি। এটা বললেই হবে?

[Interruption]

The Hon'ble S. M. Fazlur Rahman:

গত বছর নভেম্বর মাসে খোলা বাজারে ৫ টাকা, ৮ টাকা পর্যন্ত দর উঠেছিল বলেই প্রাইস কন্ট্রোল করা হয়েছে। মাছের চাহিদা আছে—এবং আর একটা কারণ বলেছি, যে লিন পিরিয়ডে মাছ যোগান কম আসে, সেইজন্য সেই সময় নির্ধারিত মূল্যে মাছ দেবার ব্যবস্থা করা হচ্ছে।

Shri Hemanta Kumar Basu:

আমাদের বছরে মাছের চাহিদা কত?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমিত আগেই বলেছি সাড়ে ছয় হাজার মণ মাছ দৈনিক কলকাতায় দরকার।

Shri Hemanta Kumar Basu:

এখন কত পাচ্ছেন দৈনিক?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সাড়ে চার হাজার মণ নর্মাল পিরিয়ডে, অর্থাৎ নভেম্বর থেকে মে পর্যন্ত, এবং তারপর জুন থেকে অক্টোবর পর্যন্ত আরও কমতে থাকবে।

[2—2-10 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ৫৭ লক্ষ টাকা ব্যয় করে প্রায় ১ লক্ষর কিছু বেশী মণ মাছ বোধ হয় বেড়েছে বললেন এবং এটা বেড়েছে ১৯৬৩ সাল পর্যন্ত। মাননীয় মন্ত্রিমহাশয় আবার বললেন যে কলকাতার বাজারে দৈনিক ৬ হাজার মণের মত দরকার হয় এবং লিন পিরিয়ডে হাজার দুই মত আসে এবং এই যে বেসিসটা করেছেন সেটা হচ্ছে ৫৭ গ্রাম করে প্রতি অ্যাডাল্ট পিছু। সমস্তটাই একটা হাইপথেটিক্যাল বেসিস-এ ধরেছেন, আমি আপনাকে সেই জন্যই প্রশ্নটা করছি যে ১৯৬১ সালে এই লিন পিরিয়ডে আপনার কত মাছ এসেছিল, ১৯৬২ সালে লিন পিরিয়ডে কত মাছ এসেছিল এবং ১৯৬১-৬২ সালে লিন পিরিয়ডে যত মাছ এসেছিল ১৯৬৩ সালে ঠিক সেই মাছ এসেছে কি না, তার বেশী এসেছে কি না? যদি বেশী না এসে থাকে তাহলে আপনি যে উৎপাদনের কথা বলেছেন সেটা ফিক্‌টিসাস হয়ে দাঁড়ায়। এটা কি সত্য নয়?

The Hon'ble S. M. Fazlur Rahman:

না, ফিক্‌টিসাস কেন হবে? আমি ত বলেছি যে কলকাতায় যে মাছ আমদানী হয়, কলকাতায় মাছ আমদানী হবার যে সব সোর্স, আমাদের নিজের, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের এবং পাকিস্তানের। এখন পাকিস্তানের মাছ কম পড়ে গেলে কম হয়ে যাবে, অন্যান্য রাজ্যের মাছ কম পড়ে গেলে কম হয়ে যাবে এবং নিজের রাজ্যের মাছ যেটা আছে তা কম পড়লে কম পড়বে। এবার পাকিস্তানের মাছ না আসার দরুণ যে যে কারণগুলি দেখিয়েছি পূর্বে সেইজন্য মাছ বেশী কম পড়েছে। বেশী কম পড়া সত্ত্বেও যেহেতু আমাদের মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে বলে

আমাদের যে মাছ কম পড়েছে, পাকিস্তান থেকে মাছ আসা প্রায় একেবারে বন্ধ হয়ে গিয়েছিল, মাত্র ২৪ মণ মাছ এসেছে; তা সত্ত্বেও যে মাছটা আসছে তাতেই প্রমাণিত হচ্ছে যে আমাদের যে ইন্টার্নাল প্রোডাকশন হয়েছে বলেই পাকিস্তানের মাছ আসা বন্ধ হওয়া সত্ত্বেও আমাদের সাপ্লাইটা বরাবরই বাড়তির দিকে আছে।

Shri Sailendra Nath Adhikary:

আমি আপনাকে যে প্রশ্নটা করেছিলাম সেটা হচ্ছে এই যে পাকিস্তান থেকে যে মাছটা আসতো তার মোটামুটি খবরও আপনার কাছে আছে এবং বাংলার বাইরে থেকে যে মাছটা আসতো তারও খবর আছে, এই দুটি মিসিয়ে আপনি কি স্যাটিসফায়েড হয়েছেন যে এই যে মৎস্য বৃদ্ধি হয়েছে বলে যে আপনার দপ্তর আপনাকে হিসাব দিয়েছে সেটা ঠিক?

The Hon'ble S. M. Fazlur Rahman:

হ্যাঁ ঠিক এবং স্যাটিসফায়েড হয়েছি।

Shri Gour Chandra Kundu:

গত ৩ বৎসরে ৫৭ লক্ষ টাকা মৎস্য চাষের জন্য ব্যয় করেছেন কিন্তু আমরা দেখছি পশ্চিমবঙ্গে গরীব মৎস্যজীবীরা ধ্বংস হয়ে যাচ্ছে, ছোট ছোট পুকুরের মালিক তারা ধ্বংস হয়ে যাচ্ছে, এই যে ৫৭ লক্ষ টাকা ব্যয় করলেন এটা কি আপনাদের ঐ পরিবারবর্গ ভেড়ীওয়ালা যারা আছে তাদের জন্য ব্যয় করেছেন, না গরীব মৎস্যজীবীদের জন্য ব্যয় করলেন সেটা অনুগ্রহ করে জানাবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এটা মৎস্যজীবীদের জন্য নয়, মন্ত্রিবর্গের জন্যও নয়। আপনাকে প্রতিপালন করার জন্য ব্যয় করা হয়েছে।

Shri Girish Mahato:

কাঁচড়াপাড়ার মথুরাবিল থেকে আগে কলকাতায় বহু মাছ আসতো এখন আসছে না এটা আপনি জানেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমার জানা নেই।

Shri Nikhil Das:

কলকাতা ময়দানে কতকগুলি পুকুর আছে এবং সেই পুকুরগুলি লিজ দেওয়া হয়েছিল মৎস্য চাষের জন্য এবং সরকারী দপ্তর থেকে কিছু টাকাও সেখানে দেওয়া হয়েছিল, সেখান থেকে ক' ছটাক মাছ আমরা পেয়েছি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

কলকাতা ময়দান ট্যাঙ্ক ৮৩ বিঘা ওয়াটার এরিয়া। সেখানে মৎস্য চাষের জন্য সরাসরি ফিসারি ডিপার্টমেন্ট-এর আছে। সেগুলিতে বেশীর ভাগ অ্যাংলিং-এর জন্য পারমিট দিয়ে মাছ ধরান হয়।

শ্রীনিখিল দাস: মন্ত্রিমহাশয় বলবেন কি, ময়দানের পুকুরে যে মাছ ধরা হয় সেখান থেকে কয় ছটাক মাছ আসছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: সেটা অ্যাংলিং-এর জন্য ছিপের মাছ।

শ্রী[illegible] মৈত্র: মন্ত্রিমহাশয়কে একটা প্রশ্ন করতে চাই এবং সেটা হচ্ছে কিছুদিন আগে স্টেটসম্যান পত্রিকায় একটা রিপোর্ট বেরিয়েছে এবং তাতে তাঁরা লিখেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার মাছের উৎপাদন বাড়াবার জন্য ৩ কোটির উপর টাকা খরচ করে একটা পরিকল্পনা করছেন—এর কি কোন সত্যতা আছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ একথা ঠিক পরিকল্পনা রচিত হয়েছে এবং সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে প্রেরিত হয়েছে।

শ্রীগিরীশ মাহাতোঃ কাঁচড়াপাড়ায় বহু উদ্বাস্তু ক্যাম্পেটকে অ্যারেস্ট করা হয়েছে এ খবর আপনি জানেন কি?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ এই প্রশ্ন ওঠে না।

Panchayats

***415.** (Admitted question No. *1580.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কোন্ কোন্ ক্ষেত্রে আদালতে মামলা দায়ের হওয়ার জন্য পঞ্চায়েতের কাজ চালু হয় নি ; এবং

(খ) জেলা পরিষদ গঠনের জন্য যেসমস্ত পূর্বনির্বাচিত পঞ্চায়েতের পুনরায় নির্বাচন হইতেছে, না জেলা পরিষদ গঠিত হইবার কতদিন পরে উহাদের নির্বাচন হইবে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) যে সকল পঞ্চায়েতের কাজ আদালতে মামলা দায়ের হওয়ার জন্য চালু হয় নাই, তাহাদের একটি তালিকা একদসহ দেওয়া হইল।

(খ) এখনও স্থিরীকৃত হয় নাই।

Statement referred to in reply to clause (Ka) of starred question No. 415.

Lish showing the name of Anchal Panchayats and Gram Panchayats which are not functioning due to High Court Injunction.

(1) Janai—A.P.—Chanditola (Hooghly).
(2) Naranpur—A.P.—Barrackpore (24-Parganas).
(3) Bamangach—A.P.—Joynagar-I (24-Parganas).
(4) Chaltaberia—A.P.—Joynagar-I (24-Parganas).
(5) Goraimari—A.P.—Domkal (Murshidabad).
(6) Goramara—A.P.—Domkal (Murshidabad).
(7) Saraimanasa—G.P.—Haripal (Hooghly).
(8) Nakubar—G.P.—Amta-II (Howrah).
(9) Kangachi—A.P.Barrackpore (24-Parganas).
(10) Chandpur-Chaitanayapur—A.P.—Barrackpore (24-Parganas).
(11) All Anchal Panchayats—Ramnagar-II (Midnapore).
(12) Maheshpur—A.P.—Magrahat (24-Parganas).
(13) Ramkarchar—A.P.—Sagar (24-Parganas).
(14) Muriganga—A.P.—Sagar (24-Parganas).
(15) Gangasagar—A.P.—Sagar (24-Parganas).
(16) Purba Pursha—G.P.—Galsi-I (Burdwan).
Paschim Pursha—G.P.—Galsi-I (Burdwan).
(17) Deshbandhu—A.P.—Barrackpore (24-Parganas).
(18) Gopalpukur—A.P.—Barrackpore (24-Parganas).
(19) Kirtipur—A.P.—Khargram (Murshidabad).
(20) Juginda—A.P.—Domkal (Murshidabad).
(21) Kharda—A.P.—Diamond Harbour (24-Parganas).
(22) Kamarpole—A.P.—Diamond Harbour (24-Parganas)
(23) Bankra—A.P.—Domjur (Howrah).
(24) Vibekananda—A.P.—Alipurduar-I (Jalpaiguri).
(25) Paikpara—A.P.—Lalgola (Murshidabad).

(26) Haldia, Padima and Talgachhari—A.P.—Ramnagar-I (Midnapore).
(27) Ghar Bhabanipur—A.P.—Udaynarayanpur (Howrah).
(28) Raghunathpur—A.P.—Uluberia-II (Howrah).
(29) Kasidanga—A.P.—Raghunathganj-II (Murshidabad).
(30) Nabagram—A.P.—Serampore-Uttarpara (Hooghly).
(31) Bara Bahana Bidhanpally—A.P.—Serampore-Uttarpara (Hooghly).
(32) Bakehali—G.P.—Domjur (Howrah).
(33) Amragori—A.P.—Amta-II (Howrah).
(34) Gangatikuri—A.P.—Ketugram-II (Burdwan).
(35) Dakshin Ramtanunagar—G.S.—Kakdwip-I (24-Parganas).
Uttar Ramtanunagar—G.S.—Kakdwip-I (24-Parganas).
(36) Baharan Paschim—G.P.—Ketugram-II (Burdwan).
Baharan Purba—G.P.—Keturgram-II (Burdwan).
(37) Birahimpur—G.P.—Ketugram-II (Burdwan).
(38) Kadampukur—G.P.—Serampur-Uttarpara (Hooghly).
(39) Basudevpur—G.P.—Samserganj (Murshidabad).
(40) Onda Lodna—A.P.—Onda Block (Bankura).
(41) Damki—A.P.—Canning (24-Parganas).
(42) Bhagirathpur—A.P.—Domkal (Murshidabad).
(43) Batanagar—G.P.—Bally-Jagachha (Howrah).
(44) Ramgopalpur—A.P.—Kakdwip (24-Parganas).
(45) Mallarpur—A.P.—Mayureswar (Birbhum).
(46) Kirtipur—A.P.—Khargram (Murshidabad).
(47) Goari—A.P.—Rajganj (West-Dinajpore).
(48) Tilpara—A.P.—Suri-I (Birbhum).
(49) Bishnupur—A.P.—Rampurhas-II (Birbhum).
(50) Odlabari—A.P.—Mal (Jalpaiguri).
(51) Naradiri—G.S.—Mahisadal-I (Midnapur).
(52) Dhatrigram—A.P.—Kalna (Burdwan).
(53) Ektara—A.P.—Magrahat (24-Parganas).
(54) Shekhalipur—A.P.—Raghunathganj-II (Murshidabad).
(55) Panchanan—A.P.—Vishnupur (24-Parganas).
(56) Bajitpur—A.P.—Hariharpara (Murshidabad).
(57) Matla—A.P.—Canning-I (24-Parganas).
(58) Goribpur—A.P.—Domkal (Murshidabad).
(59) Chandrapur—A.P.—Rajnagar (Birbhum).
(60) DuillyaA.P.—Sankrail (Howrah).
(61) Bhabanipur—A.P.—Suri (Birbhum).
(62) Daspat—A.P.—Mayureswar-II (Birbhum).
(63) Narayanpur—A.P.—Kakdwip (24-Parganas).
(64) Bangitola—G.P.—Kaliachak (Malda).
(65) Debhog—A.P.—Sutahata-II (Midnapur).
(66) Islampur—A.P.—Jagatballavpur (Howrah).
(67) Dakshin Bamanghata—A.P.—Bhangore (24-Parganas).
(68) Chakpara Anandanagar—A.P.—Bally-Jagachha (Howrah)
(69) Nirole—A.P.—Ketugram-II (Burdwan).
(70) Gopalnagar—A.P.—Patharpratima (24-Parganas).
(71) Mahorul—A.P.—Nabagram (Murshidabad).
(72) Mirzapur—A.P.—Raghunathganj (Murshidabad).
(73) Malangidhi—A.P.—Kanksa (Burdwan).
(74) Gopinathpur—A.P.—Tehatta (Nadia).
(75) Kaluha—A.P.—Rampurhat-II (Birbhum).
(76) Deopara—A.P.—Pandua (Hooghly).
(77) Simlagarh—A.P.—Pandua (Hooghly).
(78) Chaygari—A.P.—Berhampore (Murshidabad).
(79) Sundalpur—A.P.—Berhampore (Murshidabad).
(80) Bainchi—A.P.—Pandua (Hooghly).
(81) Islampur—A.P.—Jagatballavpur (Howrah).

(82) Diamond Harbour—A.P.—Diamond Harbour (24-Parganas).
(83) Bankibanda—A.P.—Salboni (Midnapur).
(84) Madralpanpur—A.P.—Barrackpore (24-Parganas).
(85) Nikunjapur—A.P.—Onda (Bankura).
(86) Mamudpur—A.P.—Monteswar (Burdwan).
(87) Babuijore—A.P.—Khoyrasole (Birbhum).
(88) Gopalpur—A.P.—Canning-II (24-Parganas).
(89) Chilka—A.P.—Tehatta (Nadia).
(90) Uttar Raipur—A.P.—Budge Budge-I 24-Parganas).
(91) Purulia—A.P.—Khargram (Murshidabad).
(92) Patulia—A.P.—Barrackpore (24-Parganas).
(93) Sultanpur—A.P.—Ghatal (Midnapur).
(94) Natidanga—A.P.—Kashipur (Nadia).
(95) Kumlai—A.P.—Mal (Jalpaiguri).
(96) Tardah—A.P.—Bhangore-I (24-Parganas).
(97) Joypur—A.P.—Khargram (Murshidazad).
(98) Garibpur—A.P.—Domkal (Murshidabad).
(99) Margram—A.P.—Rampurhat-II (Birbhum).
(100) Kamra—A.P.—Budge Budge-II (24-Parganas).
(101) Sahajadpur and Jagannathpur—G.P.—Berhampore (Murshidabad).
(102) Role—A.P.—Indus (Bankura).
(103) Mandaran—A.P.—Goghat (Hooghly).
(104) Indus—A.P.—Indus (Bankura).
(105) Brittihuda—A.P.—Chapra (Nadia).
(106) Mankar—A.P.—Galsi-I (Burdwan).
(107) Hazratpur—A.P.—Khoyrasol (Birbhum).
(108) Gangatikuri—A.P.—Ketugram (Burdwan).
(109) Lakshi Janardhanpur—A.P.—Patharpratima (24-Parganas).
(110) Hazipur—A.P.—Goghat (Hooghly).

Shri Ananga Mohan Das:

যে সমস্ত জায়গায় মোকদ্দমা দায়ের হয়েছে আপনি তালিকা দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে কেস-এর নাম্বার কত এবং কয়টা জায়গায় হয়েছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: ১১০টি তালিকা আছে। বিভিন্ন জায়গায় কেস হয়েছে এবং তালিকায় দেখছি ১১০ নম্বর।

শ্রীঅনঙ্গমোহন দাস: যে সমস্ত পঞ্চায়েতে ৪ বছর পূর্বে নির্বাচন হয়েছে তাদের ইলেকসন ডিউ হয়েছে, কিন্তু জেলা পরিষদ গঠন করবার জন্য তাদের ইলেকসন না করিয়ে আঞ্চলিক পরিষদ বা জেলা পরিষদ গঠিত হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে আগামী বছর যখন নূতন করে নির্বাচন করবেন তখন যদি এই সমস্ত অধিকাংশ পঞ্চায়েত নির্বাচিত হতে না পারে যথা সমহয় হলে তারা চলে যায় তাহলে কি নূতন লোক দিয়ে করাবেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: যথা সময় হচ্ছে না তা নয়। এই বছর আইন অনুসারে সময় বৃদ্ধি করা হয়েছে, কাজেই যথা সময় হচ্ছে না এটা ঠিক কথা নয়। আপনি প্রশ্ন করেছেন আইন অনুযায়ী না হলে, যথা সময় না হলে কি হবে? আমি বলেছি যথা সময়ে তাদের নির্বাচন হবে, তবে কখন করা হবে সেটা এখনও স্থির করা হয় নি। জেলা পরিষদের নির্বাচন হলে যত তাড়াতাড়ি সম্ভব দিন ঠিক করা হবে।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি বললেন জেলা পরিষদ গঠিত হবার পর যত শীঘ্র সম্ভব নূতন করে নির্বাচন করা হবে। আমার প্রশ্ন হচ্ছে এই নির্বাচনের ফলে যদি এরকম অবস্থা হয় যে, যাঁরা এখন পঞ্চায়েতে আছেন তাঁদের সকলে বা অধিকাংশই নির্বাচিত হতে না পারেন তাহলে কি নূতন করে জেলা পরিষদ, অঞ্চল পরিষদে নির্বাচন করাবেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: "যদি-র" উপর ভিত্তি করে কোন প্রশ্ন হতে পারে না।

শ্রীকমল [illegible] গুহ: এখন যে সমস্ত পঞ্চায়েতের কার্যকাল শেষ হয়েছে সেখানে নূতন আইন করে মেয়াদ বৃদ্ধি করেছেন। আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত অধ্যক্ষ বা প্রধান জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদে আছেন তাঁরা যদি আগামী নির্বাচনে হেরে যান তাহলে তাঁদের স্থান কিভাবে পূরণ করবেন, তার জন্য কি নূতন আঞ্চলিক পরিষদ গঠন করা হবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: জেলা পরিষদ আইন দেখলে বুঝতে পারবেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে ১১০টি অঞ্চলের ক্ষেত্রে হাই-কোর্টের ইনজাংসন জারি আছে সেখান থেকে কাউকে জেলা পরিষদে পাঠান হবে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: ১১০টির কথা বলেছি, কিন্তু কিছু গ্রাম আছে, কিছু গ্রাম পঞ্চায়েত আছে যেখানে হাইকোর্ট নির্বাচন স্থগিত রেখেছে। আমরা নাইনটিথ্রি অনুসারে ব্যবস্থা অবলম্বন করেছি।

[2-10—2-20 p.m.]

শ্রীসনৎকুমার রাহা: জেলা পরিষদ গঠন করার ব্যাপারে মামলা সংক্রান্ত বিষয়ে এবং যে সব ক্ষেত্রে ৪ বছর পর্যন্ত নির্বাচন ডিউ হয়ে গেছে এই সমস্ত নিয়ে মোট কতগুলি গ্রাম পঞ্চায়েত আর কতগুলি অঞ্চল পঞ্চায়েত জেলা পরিষদ গঠনে অংশ গ্রহণ করতে পাচ্ছে না?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: মামলা দায়েরের ক্ষেত্র বললাম ১১০টি আর একটা যেটা প্রশ্ন করলেন সেটার উত্তর এরকম দেওয়া যায় না, কিন্তু যতদূর মনে পড়ছে ৫০টি ব্লকে নির্বাচন ডিউ ছিল।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: তিনি জানাবেন কি যে হাইকোর্ট যে সব অঞ্চলে ইনজাংশন জারী করেছে সেখানে অঞ্চল প্রধান এবং অধ্যক্ষ-এর নির্বাচন হবে কি না?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: এ সম্বন্ধে শুধু অঞ্চল প্রধানকে আটকাচ্ছে এবং এটা নিয়ম এবং আইনমত হবে জোর করে বলা মুশকিল এবং যতদূর আনে সেখানে অধ্যক্ষরা নির্বাচিত হতে পারবে, নিয়মানুযায়ী কাজ করবার জন্য সরকারী কর্মচারীকে নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা: আগামী ২রা অক্টোবর, কাগজে দেখলাম, জেলা পরিষদ পত্তন করা হবে বাংলাদেশে। বাংলাদেশে কতগুলি হবে আর কতগুলি হবে না ২রা অক্টোবরের মধ্যে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: ২রা অক্টোবর যদি কাগজে দেখে থাকেন তাহলে ভুল দেখেছেন। ২রা অক্টোবর পঞ্চায়েতী রাজ ইনস্টিটিউশনগুলি ইনঅগারেটেড হবে, জিলা পরিষদ নয়, তার অর্থ হচ্ছে গ্রাম পঞ্চায়েত আঞ্চলিক পরিষদ, এবং জেলা পরিষদ এই সবগুলি মিলিয়ে বাংলাদেশে সব জেলাতেই এই দিনেই ইনঅগারেটেড হয়ে যাবে। তবে হয়ত অনেক জেলায় কিছু কিছু নির্বাচন বাকী থাকতে পারে, জেলা পরিষদের সভাপতি নির্বাচন হয়ত বাকী থাকতে পারে, এটা এখনি সঠিকভাবে বলতে পারি না কোথায় কি বাকী থাকবে।

শ্রীবিজয় পাল: আসানসোল মহকুমায় কোন রকম গ্রাম পঞ্চায়েত বা কোনরকম নির্বাচন হল না কেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: মূল প্রশ্ন থেকে আমরা এখন বহুদূরে চলে গিয়েছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: যেসব অঞ্চলে নির্বাচন অবৈধ বলে অভিযোগ করা হয়েছে হাই-কোর্টের সামনে যার জন্য অঞ্চল প্রধানের নাম ক্যালকাটা গেজেটে প্রকাশ করতে পারা যায় নি ইনজাংশন আছে বলে সেই সব অঞ্চলে অধ্যক্ষ নির্বাচিত হবে কি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: আইনে যা হবার তাই হবে, যা হবার নয় তা হবে না।

Calling Attention to matters of urgent public importance.

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Proposed cease-work of college teachers of West Bengal—by Shrimati Ila Mittra;

(2) Attack of insects on paddy lands in Egra P.S. and Contai P.S. of Midnapore District—by Shri Hrishikesh Chakravarty;

(3) Reporter enquiry by Anti-Corruption Department regarding activities of Tufanganj Town Committee—by Shri Jiban Dey;

(4) Stoppage of grant of gratuitous relief—by Shri Sanat Kumar Raha;

(5) Fire at a godown at Kantapukur—by Shri Birendra Narayan Ray, Shri Bejoy Kumar Banerjee, Shri Radhakrishna Sinha, Shri Mahananda Haldar, Shri Lakshmi Ranjan Josse, Shri Narayan Choubey and Shri Jiban Krishna Dey; and

(6) Death of an employee of Dhakeswari Cotton Mill, P.S. Hirapur, District Burdwan—by Shri Bejoy Pal.

I have selected the notice of Shri Hrishikesh Chakravarty regarding attack of insects on paddy lands in Egra P.S. and Contai P.S. of Midnapore District. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

The Hon'ble Rabindralal Sinha: On Monday.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Monetary help to Clubs, Library and Night Schools in Pingla police-station, Midnapore

735. (Admitted question No. 1157.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানাতে গত ১৯৬৩-৬৪ সালে কতগুলি ক্লাব, লাইব্রেরী এবং নৈশ রিদ্যালয়ে কত টাকা করিয়া অর্থ সাহায্য মঞ্জুর করা হইয়াছিল:

(খ) ঐসকল প্রতিষ্ঠানের নিজস্ব জায়গার উপর নিজস্ব ঘর আছে কিনা;

(গ) কি পদ্ধতিতে ও কাহার সুপারিশে কে অর্থ সাহায্য মঞ্জুরী করিয়াছেন; এবং

(ঘ) উক্ত টাকা যথাযথ খরচ হইয়াছে বলিয়া কে উহার ইউটিলিজেসন সার্টিফিকেট দিয়াছেন?

The Mikister for Education:

(ক)

		টাকা
(১) তিনটি (৩) ক্লাব (৪০ টাকা হিঃ)	...	১২০
(২) দুইটি লাইব্রেরী (১০০ টকা হিঃ)	...	২০০
(৩) একটি নৈশ বিদ্যালয় (৬০ টাকা হিঃ)	...	৬০
	মোট—	৩৮০

(খ) হাঁ। আছে।

(গ) স্থানীয় উন্নয়ন সংস্থাধিকারিক অথবা সমাজ শিক্ষা সংগঠকের মারফৎ প্রাপ্ত বিভিন্ন প্রতিষ্ঠানের আবেদনপত্রগুলির উপর জিলা সমাজ শিক্ষা উপদেষ্টা পরিষদ যে সুপারিশ করেন তদনুসারে জিলা সমাজ শিক্ষা দপ্তর অর্থ সাহায্য মঞ্জুরী করেন।

(ঘ) [illegible] প্রদত্ত অর্থব্যয়ের প্রমাণপত্র স্থানীয় অঞ্চল প্রধান, অবর বিদ্যালয় পরিদর্শক উন্নয়ন সংস্থাধিকারিক, সমাজ শিক্ষা সংগঠক অথবা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেন। লাইব্রেরীগুলিকে মঞ্জুরীকৃত অর্থ মূল্যের প্রদত্ত পুস্তক প্রাপ্তি গ্রন্থাগারিকের দেয় স্টক এণ্ট্রি সার্টিফিকেট হইতে জানা যায়। নৈশ বিদ্যালয়কে প্রদত্ত অর্থবায়ের প্রমাণপত্র সম্পাদকের নিকট হইতে গ্রহণ করা হয়।

Paddy, rice and sugar dealers in Ghatal subdivision

736. (Admitted question No. 1227.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার কোন্ থানায় কতজন ধান-চাল ও চিনির ডিলার আছেন; এবং

(খ) গত জুন ও জুলাই মাসে উক্ত কোন্ থানায় মডিফায়েড রেশনিং মারফৎ কত চাল ও কত গম বণ্টন করা হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক ও (খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No 736

1	2				3				4
Name of the police-station	Name of the Dealers		Sugar		Offtake of Rice and Wheat under M. R. during the month of				Remarks
	Rice and Paddy Licenses other than M R. Dealers	M. R Dealers dealing in Rice on Govt. account and Wheat	Whole-saler	M. R. Dealers	June		July		
					Rice	Wheat	Rice	Wheat	
Chandrakona ..	56	38	Nil	38	Nil	Nil	3 Qntl.	19 Qntl.	In spite of best efforts no wholesalers in sugar at Chandrakona could be appointed.
Daspore ..	33	52	2	52	Nil	62 Qntl.	Nil	712 Qntl.	
Ghatal ..	111	38	2	38	Nil	9 Qntl.	57 Qntl.	112 Qntl.	

Deficit areas of Moyna police-station, Midnapore

737. (Admitted question No. 1243.)

[illegible] দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার অন্তর্গত কয়টি ঘাটতি অঞ্চল আছে;

(খ) ঐ সকল ঘাটতি অঞ্চলে বর্তমানে সরকার নির্দিষ্ট দামে ধান ও চাউল পাওয়া যাইতেছে না বলিয়া সরকার কোনও সংবাদ পাইয়াছেন কিনা; এবং

(গ) পাইয়া থাকিলে মেদিনীপুর জেলার ময়না থানার অবিলম্বে ঘাটতি অঞ্চলগুলিতে মডিফায়েড রেসন সপ খুলিবার ব্যবস্থা হইতেছে কিনা?

The Minister for Food and Supplies:

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার অন্তর্গত কোনও ঘাটতি অঞ্চল নাই।

(খ) ময়না থানার অন্তর্গত এলাকা সম্পর্কে এরূপ কোনও সংবাদ পাওয়া যায় নাই।

(গ) ময়না থানার প্রতি অঞ্চলেই মডিফায়েড রেসন সপ আছে। উক্ত এলাকার কোনও স্থানেই এরূপ কোনও নূতন দোকান খুলিবার প্রয়োজনীয়তা এখনও পর্যন্ত দেখা দেয় নাই।

Compensation to the Intermediaries in Midnapore district

738. (Admitted question No. 1358.)

[illegible] দাস: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মধ্যস্বত্বাধিকারীদের মোট সংখ্যা নিম্নলিখিত মত কত এবং তাহাদের মধ্যে কতজনকে আংশিক এবং কতজনকে সমূহ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে:—

(১) যাহারা ১,০০০ টাকা পর্যন্ত পাইবে;

(২) যাহারা ৫,০০০ টাকা পর্যন্ত পাইবে;

(৩) যাহারা ১০,০০০ টাকা পর্যন্ত পাইবে;

(৪) যাহারা ১০,০০০ টাকা বেশী পাইবে; এবং

(খ) যাহারা ৫,০০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণ পাইবে, তাহাদিগকে এই বৎসরের মধ্যে সমূহ টাকা মিটাইয়া দেওয়ার ব্যবস্থা করিবেন কিনা? যদি সম্ভব না হয়, তাহার কারণ কি?

The Minister for Land and Land Revenue:

(ক) মেদিনীপুর জেলার মোট মধ্যস্বত্বাধিকারীর সংখ্যা আনুমানিক ২১১,৪২৮ জন। চূড়ান্ত ক্ষতিপূরণ তালিকা প্রকাশিত না হওয়া পর্যন্ত প্রশ্নের শ্রেণী বিভাগ অনুযায়ী সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়, তবে ১৯৬৪ সালের অগাস্ট পর্যন্ত যে ১৭৬,০৪৩ সংখ্যক মধ্যস্বত্বাধিকারীর রোল চূড়ান্তভাবে প্রকাশিত হইয়াছে, তাহার ভিত্তিতে বলা যায়—১৪৮,৯০৭ জন মধ্যস্বত্বাধিকারীর ১,০০০ টাকা পর্যন্ত, ১,৪২২ জনের ৫,০০০ টাকা পর্যন্ত, ২০৮ জনের ১০,০০০ টাকা পর্যন্ত এবং ৯৮ জনের ১০,০০০ টাকার বেশী ক্ষতিপূরণ প্রাপ্য, বাকি ২৫,৩৭৮ জনের কোন ক্ষতিপূরণ প্রাপ্য নাই। প্রশ্নের উল্লিখিত শ্রেণীবিভাগ অনুযায়ী যাঁহারা আংশিক বা সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছেন তাঁহাদের সংখ্যা নিম্নরূপ:—

ক্ষতিপূরণের সীমা	আংশিক ক্ষতিপূরণ যাহারা পাইয়াছেন	সম্পূর্ণ ক্ষতিপূরণ যাহারা পাইয়াছেন
(১) ১,০০০ টাকা পর্যন্ত	৮৯২৩ জন	৪৩৬৭৭ জন
(২) ৫,০০০ টাকা পর্যন্ত	৫৪০১ জন	১৫৫৮ জন
(৩) ১০,০০০ টাকা পর্যন্ত	৪২৬৮ জন	১৬ জন
(৪) ১০,০০০ টাকার বেশী	১৯৩৫ জন	১১ জন

(খ) যাহাতে উহা সম্ভব হয়, তাহার জন্য যথাসাধ্য চেষ্টা করা হইতেছে।

Ration shops in Egra police-station, Midnapore

739. (Admitted question No. 1389.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় ৬ নং সাহাড়া অঞ্চলের মধ্যে অবস্থিত কোনও রেশন দোকান আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে অনুমোদিত এম আর ও ডিলারগণের নাম কি;

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয় তবে উক্ত অঞ্চলের অধিবাসীগণের রেশন ও জি আর কোন্ থানায় অবস্থিত ও কোন্ ডিলারের দোকান হইতে মাল পায়;

(ঘ) উক্ত অঞ্চলের মোট সংখ্যা কত; এবং

(ঙ) ইহা কি সত্য যে উক্ত অঞ্চলের রিলিফ কমিটি কর্তৃক সুপারিশ সহ স্থানীয় বহু ব্যক্তি ইতিপূর্বে ডিলার পদে প্রার্থনা করিয়াও মঞ্জুরী পায় নাই? সত্য হইলে কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) উক্ত অঞ্চলটি উড়িষ্যা প্রদেশের সংলগ্ন অঞ্চল হওয়ায় উহার অধিবাসীদের নিকট এম আর এর চাহিদা দেখা যায় নাই। উক্ত অধিবাসীদের মধ্যে যাঁহারা জি আর এর প্রাপক তাঁহারা নিকটবর্তী রামনগর থানার ১নং ইউনিয়নের জি আর ডিলার শ্রী শ্রীকান্ত মাইতির মারফৎ মহকুমা নিয়ামকের অনুমোদনক্রমে মাল পাইয়া থাকেন।

(ঘ) উক্ত অঞ্চলের মোট লোকসংখ্যা—৭,৩৪৭।

(ঙ) ই

ds in Egra police-station, Midnapore

ion No. 1395.)

ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক

এগরা থানায় কত পরিমাণ খাসে খোসা ও পতিত জমি আছে;

অস্থায়ী বা স্থায়ী ভাবে কত বছরের জন্য কি শর্তে কত জমি ইয়াছে।

d and Land Revenue:

জমির পরিমাণ যথাক্রমে ৫৪;২৫ একর এবং ১৫৫;৬৩ একর। জমিই স্থায়ী বা অস্থায়ী ভাবে বন্দোবস্ত দেওয়া হয় নাই।

Ration and coal shops in Egra police-station, Midnapore

741. (Admitted question No. 1399.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় প্রত্যেক অঞ্চলে সরকার অনুমোদিত রেশন ও কয়লার দোকান কতগুলি রহিয়াছে;

(খ) এইগুলি কোন্ কোন্ অঞ্চলে প্রতিষ্ঠিত ও সংশ্লিষ্ট ডিলারদের নাম ও ঠিকানা কি;

(গ) উক্ত ডিলারদের মধ্যে কে কে জি আর-এর মাল পাইয়া থাকেন;

(ঘ) বর্তমানে উক্ত ডিলারগণ সকলেই কি মাল নিয়মিত সরবরাহ পায়; এবং

(ঙ) যদি উত্তর 'না' হয় তবে কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) না।

(ঙ) এগরা থানার অন্তর্গত অঞ্চলসমূহে খোলা বাজারে সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে যথেষ্ট চাল পাওয়া যায়। সেইজন্য ডিলারগণের সকলকেই নিয়মিত মাল সরবরাহের বিশেষ প্রয়োজনীয়তা দেখা দেয় না।

Statement referred to in reply to clauses (Ka), (kha) and (Ga) of unstarred question No. 741.

Statement of M. R., G. R. and Coal Dealers in Egra P. S.

Name of Anchal.	Number of shops and name and address of Dealers.				Remarks.
	No. of M. R. Dealers.	Name and Address of the Dealers.	No. of Coal Shops.	Name and address of the Coal Dealer.	
Egra Block-I, Anchal-I (Barida).	1	Shri Iswar Chandra Manna, Vill. Gopalchak, P. O. Egra.	G.R. ..	....	
Anchal-2 (Kasba-Egra) ..	2	Shri Lakshmi Narayan Giri, Vill. & P. O. Egra.	3	Birendra Nath Mitra, Vill. & P. O. Egra.	
		Shri Bhuban Mohan Manna, Vill. Dalalua, P. O. Egra.	G. R. ..	Gopal Ch. Maity, Kasba-Egra, P. O. Egra.	
				Lakshmi N. Giri, Kasba-Egra, P. O. Egra.	
Anchal-3, (Chatri) ..	2	Shri Sudhir Ch. Das Mahapatra Vill. & P. O. Rason.	..	....	
		Shri Bhuban Mohan Manna, Vill. Dalalua, P. O. Egra.	G.R. ..	....	
Anchal-4, Zedthan ..	2	Shri Khagendra Nath Sahoo, Vill. & P. O. Zedthan.	..	....	
		Shri Bijoy Kr. Maity, Vill & P. O. Arjuni.	G.R. ..	....	
Anchal-5, (Panchrole) ..	2	Shri Jnanendra Nath Shee, Vill. Aruna, P. O. Panchrol.	..	....	
		Shri Raghunath Dey, Vill. & P. O. Panchrole.	G.R.	....	
Anchal-6, Sahara ..	..	....	..	....	There is no M. R. Dealer for this Anchal. The G. R. is distributed by Shri Srikanta Maity, G. R. Dealer of the adjacent U. No. 1 of Ramnagar P. S.

		Shri Banabehari Jana, Vill. & P. O. Chorpalia.	G.R. ..		....	
		Shri Bankim Behari Jana, Vill. & P. O. Chorpalia.	..		....	
nchal-8		Shri Rabindra Nath Gayen, Vill. Akandi, P. O. Dubda.	G.R. ..		....	
	3	Shri Sasanka Karan, Chatla, P. O. Sheepur.	..		....	
		Shri Pulin Behari Das, Chirulia	G.R. ..		....	
		Shri Jiban Kr. Jana, Hansaria, P. O. Chorpalia.	..		....	
a Block-II, Anchal-I Deshbandhu).	1	Shri Rajani Kanta Khara, Vill. Keutgeria, P. O. Balighai.	G.R. ..		....	
hal-2 (Bathuari) ..	1	Shri Kanailal Sahoo, Kumbha-dharbar, P. O. Astichak.	G.R. ..		....	
ial-3, (Bibekananda)	1	Sk. Imamul Hossain, Vill. Tajpur, P. O. Balighai.	G.R. ..		....	
al-4, (Manjusree) ..	2	Shri Srikanta Chakraborty, Bhatoa, P. O. Balighai.	G.R.	1	Nityananda Maity, Kamal-pur, P. O. Balighai.	This dealer has since submitted his resignation.
		Shri Adwaitya Dhawa, Kamalpur, P. O. Balighai.	G.R. ..		....	
l-5, (Paniparul) ..	3	Shri Nilkantha Bera, Vill. Kultikry, P. O. Paniparul.	G.R. ..		....	
		Shri Kalicharan Mondal, Vill. Kul-tikry, P. O. Paniparul.	..		....	
		Shri Maheswar Bera, Chirkunpada, P. O. Paniparul.	..		....	

Statement of M. R., G. R. and Coal Dealers in Egra P. S.—*Concld.*

Name of Anchal.	Number of shops and names and address of Dealers.				Remarks.
	No. of M. R. Dealers.	Name and Address of the Dealers.	No. of Coal Shops.	Name and address of the Coal Dealer.	
Anchal-6, (Dubda) ..	4	Shri Banamali Panda, Vill. Dubda, P. O. Dubda.	G.R. ..	....	
		Shri Saradindu Bera. Vill. Khagda, P. O. Khagda.	..	....	
		Shri Jiban Kr. Maity. Vill. Khagda. P. O. Khagda.	..	....	
		Shri Umesh Ch. Prodhan, Dubda ..	..	....	
Anchal-7, (Sarbaday) ..	1	Shri Harish Ch. Patra, Vill. & P. O. Maheshpur.	G.R. ..	....	Shri Satish Ch. Das of Anchal No. 8 (Basudebpur) distributed G.R. to a portion of this Anchal.
Anchal-8, (Basudebpur)	1	Shri Satish Ch. Das, Vill. & P. O. Basudebpur.	G.R. 1	Shri Ardhendu Bikas Das, Vill. Bhwanichak, P. O. Basudebpur.	

Grants to Madhaipur Pallimangal Higher Secondary School, Birbhum

742. (Admitted question No. 1432.)

শ্রীনি[illegible] মণ্ডল: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মাধাইপুর পল্লীমঙ্গল হায়ার সেকেন্ডারি স্কুলের গৃহনির্মাণের জন্য সরকারীভাবে কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(খ) উপরি-উক্ত বিদ্যালয়গৃহটির নির্মাণকার্য কি সমাপ্ত হইয়াছে?

The Minister for Education:

(ক) ৯১,১২৫ টাকা।

(খ) না। নির্মাণকার্য এখনও চলিতেছে।

Allotment of corrugated tin for Cooch Behar district

743. (Admitted question No. 1514.)

শ্রীজীবনকৃষ্ণ দে: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২ বছরে কোচবিহার জেলায় মোট কত করোগেটেড টিন জেনারেল কোটায় গিয়াছে;

(খ) জেলা সরবরাহ দপ্তরে বর্তমানে সমগ্র জেলার টিনের জন্য কতসংখ্যক দরখাস্ত জমা আছে; এবং

(গ) কোচবিহার জেলার জন্য নিয়ন্ত্রিত মূল্যের টিনের বরাদ্দ বছরে কত আছে?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬২-৬৩ সালে ৪০ মেট্রিক টন এবং ১৯৬৩-৬৪ সালে ৬০ মেট্রিক টন।

(খ) কোচবিহার জেলার খাদ্য ও সরবরাহ বিভাগীয় দপ্তরে বর্তমানে ৯,৬২২টি দরখাস্ত জমা আছে।

(গ) কোচবিহার জেলার জন্য টিনের কোন নির্দিষ্ট বাৎসরিক বরাদ্দ নাই। ভারত-সরকারের নিকট হইতে সমগ্র রাজ্যের জন্য বাৎসরিক যে পরিমাণ টিনের বরাদ্দ পাওয়া যায়, তাহার উপর জেলার বরাদ্দ নির্ভর করে।

Loan to Low Income Group families in West Bengal

744. (Admitted question No. 1459.)

শ্রীঅনঙ্গমোহন দাস: গৃহনির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সালে, ১৯৬৩-৬৪ সালে এই রাজ্যে কোন্ কোন্ জেলায় কত নিম্ন আয়-বিশিষ্ট ব্যক্তিকে গৃহনির্মাণ বাবত কত টাকা করিয়া ঋণ দেওয়া হইয়াছে;

(খ) উক্ত দুই বৎসরের জেলাওয়ারী কত লোক উক্ত ঋণ পাওয়ার জন্য দরখাস্ত করিয়াছিল;

(গ) যে পদ্ধতিতে দরখাস্তকারীগণের আবেদন অগ্রাধিকার দেওয়া হয়; এবং

(ঘ) দরখাস্ত করিবার কতদিন পরে ঋণ দেওয়া হয়?

The Minister for Housing:

(ক) ১৯৬২-৬৩ সালে ৪১২ জনকে ২৭,১৮,১৭০ টাকা ও ১৯৬৩-৬৪ সালে ২২৫ জনকে ১৪,৪২,০০০ টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছিল।

(জেলাওয়ারী বিস্তারিত সংখ্যা সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল)

(খ) ১৯৬২-৬৩ সালে ৭৩৮ জন ও ১৯৬৩-৬৪ সালে ৬০৫ জন (জেলাওয়ারী দরখাস্ত-কারীর সংখ্যা সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল)।

(গ) যাহারা স্কীমের নিয়মকানুন প্রতিপালন করিতে সক্ষম এবং যাহাদের ঋণ পরিশোধ করার আর্থিক ক্ষমতা আছে তাহারা সকলেই ঋণ পাইতে পারে।

(ঘ) এ সম্বন্ধে কোন বাঁধাধরা নিয়ম নাই। প্রস্তাবিত বাড়ির নকশা, জমির স্বত্ব ইত্যাদি নিখুঁত থাকিলে ঋণ পাইতে কোন বিলম্ব হয় না।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 744.

জেলার নাম		গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে এই রাজ্যে কোন্ কোন্ জেলায় কত নিম্ন আয় বিশিষ্ট ( ) ব্যক্তিকে গহ নির্মাণ বাবত ঋণ দেওয়া হইয়াছে।				উক্ত দুই বৎসরের জেলা-ওয়ারী কত লোক উক্ত ঋণ পাওয়ার জন্য দরখাস্ত করিয়াছিল।	
		১৯৬২-৬৩		১৯৬৩-৬৪		১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
(ক) প্রেসিডেন্সী ডিভিসন							
(১) কলিকাতা	..	৮১	৫,৫২,০০০	২৯	২,৩২,৬৩০	৮৮	৭৭
(২) ২৪-পরগণা	..	২৪০	১৫,৬৬,৬০০	৯১	৫,৩১,০০০	৩২৬	৩১২
(৩) নদীয়া	..	২	১৪,০০০	১	৭,০০০	১৯	৯
(৪) মুর্শিদাবাদ	..	১	৭,০০০	২	১৪,১০০	১২	১৫
(৫) হাওড়া	..	৩৮	২,৬২,৫০০	২৪	১,৫০,৫০০	৯৩	৩১
(খ) বর্ধমান ডিভিসন							
(১) বর্ধমান	..	..	..	১১	৭৪,০০০	৩৩	২৮
(২) বীরভূম	..	৬	১৮,৭০০	৩	১৬,০০০	১৩	১৪
(৩) বাঁকুড়া	..	৫	৩০,০০০	৯	৫৫,০০০	২১	২৮
(৪) মেদিনীপুর	..	..	..	৫	৩৩,০০০	৩৪	২৬
(৫) হুগলী	..	২৯	১,৯৯,৫০০	৪২	২,৭৯,০০০	৬০	৪৮
(৬) পুরুলিয়া	..	..	..	১	৬,০০০	৭	৩
(গ) জলপাইগুড়ি ডিভিসন,							
(১) মালদহ	..	১	৮,০০০	১	৫,৮০০	৭	১
(২) পশ্চিম দিনাজপুর	..	১	৪,৮৭০	..	..	১	..
(৩) জলপাইগুড়ি	..	..	..	২	১২,০০০	..	৩
(৪) কুচবিহার	..	..	..	..	..	২	..
(৫) দার্জিলিং	..	২	১৬,০০০	৩	২০,০০০	১৫	৪
সমবায় সমিতি	..	৬	৩৯,০০০	১	৬,০০০	৭	৫
মোট	..	৪১২	২৭,১৮,১৭৩	২২৫	১৪,৪২,০০০	৭৩৮	[illegible]

Cultivation of mustard and til seeds in West Bengal

745. (Admitted question No. 1566.)

শ্রীজগন্মোহন দাল: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের বিভিন্ন অংশে সরিষা ও তিলের চাষের ব্যাপক প্রচলনের জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা; এবং

(খ) পরিকল্পনা করিয়া থাকিলে, তাহা মোটামুটি কিরূপ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) তৃতীয় পরিকল্পনাধীন তৈলবীজ উন্নয়ন প্রকল্পে দ্বিতীয় ফসল হিসাবে এবং মিশ্রচাষ ব্যবস্থায় অন্যান্য তৈলবীজের মধ্যে সরিষা ও তিলের ব্যাপক চাষের এবং হ্রাসমূল্যে উত্তম বীজ, সার ও কীটনাশক দ্রব্যাদি সরবরাহ ও উন্নত ধরনের কৃষিব্যবস্থার মাধ্যমে উহাদের একর-প্রতি উৎপাদন বৃদ্ধির কর্মসূচি গ্রহণ করা হইয়াছে।

(২) নদিয়া জেলায় বিশেষভাবে গভীর নলকূপের সাহায্যে সেচপ্রাপ্ত এলাকায় সরিষার নিবিড় চাষের জন্য একটি প্যাকেজ প্রোগ্রাম বর্তমান বৎসর হইতে গ্রহণ করা হইয়াছে।

(৩) চব্বিশপরগনা, নদিয়া, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, কোচবিহার, মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলায় সরিষা চাষের জমির পরিমাণ বৃদ্ধি করিয়া এবং উন্নত ধরনের বীজ, সার ও কীটনাশক দ্রব্যাদির প্রয়োগের দ্বারা সরিষার উৎপাদন বৃদ্ধির জন্য একটি জরুরি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

এই বিষয়ে জেলা কৃষি-আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশপত্র প্রেরণ করা হইয়াছে।

শ্রীম্গেন্দ্র ভট্টাচার্য: আমাদের এখানে বন্যায় ফসল নষ্ট হয়ে গেছে। এই অবস্থায় সরকার এম আর সপ মারফৎ যে গম সরবরাহ দিচ্ছিলেন তা অধিকাংশ দোকানে বন্ধ হয়ে গেছে, দেওয়া হচ্ছে না, বন্যা অঞ্চলে যাদের লোন টোন বাকী ছিল তার জন্য সার্টিফিকেট জারী হচ্ছে। আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আগামী ফসল না হওয়া পর্যন্ত এই সার্টিফিকেট জারী বন্ধ করা হোক এবং গম নিয়মিত সরবরাহ করা হোক।

Staff for Estimates Committee

শ্রীমনোরঞ্জন রায়: মাননীয় স্পীকার, স্যার, আমি দিন পনর আগে এই হাউসে এস্টিমেট কমিটিতে একজন কর্মচারী দেওয়া হোক এটা বলেছিলাম, তখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন এটা হয়ে গেছে, দু-একদিনের মধ্যে লোক এসে যাবে, আমি আবার জানতে চাই যে এস্টিমেট কমিটির কাজ বন্ধ হয়ে গেছে। আমি আপনাকে জানাচ্ছি যে ১৫ দিনের মধ্যে কাউকে দেওয়া হয় নি এবং এস্টিমেট কমিটির কাজ বন্ধ হয়ে আছে। এই অবস্থায় রুলিং পার্টি যাঁরা তাঁরা যদি এ রকম কাজ করেন তাহলে এই এস্টিমেট কমিটি তুলে দেওয়া হোক। কেন না মন্ত্রীরা যদি বলেন এবং এই হাউসের সামনে দাঁড়িয়ে বলেন যে লোক দেওয়া হচ্ছে, তারপর দেখা যায় যে ১৫ দিনের মধ্যে কেউ এল না, সবই ফাইলে থেকে যাচ্ছে, তাহলে কি করে চলে?

Graphic Art concern

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আপনার প্রসিডিংস ছাপাবার ব্যাপার। আমরা বলেছিলাম, কি এক গ্রাফিক আর্ট প্রেসকে দেওয়া হয়েছে, কে দিল, এর জন্য কে দায়ী এটা অনুসন্ধান করা হোক। আমি এখন জানতে চাই আমাদের এই দাবী সম্বন্ধে তদন্ত হবে কিনা এবং কার জন্য দু-তিন বছর ধরে প্রসিডিংস দেরী হচ্ছে সেটা জানাবেন কি না?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: এই ব্যাপারে হুকুম অনেক দিন হয়ে গেছে। অর্থ বিভাগ স্যাংকসান দেয় আর অ্যাপয়েন্ট করাটা অ্যাসেম্বলীর ব্যাপার। এর উপর আমাদের হুকুম চলে গেছে।

শ্রীমনোরঞ্জন রায়: অ্যাপয়েন্টমেন্ট কে দেবে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: অ্যাপয়েন্টমেন্ট দেবে এখান থেকে। অনুমতি দিয়ে দেওয়া হয়েছে যে আপনারা অ্যাপয়েন্ট করতে পারেন।

শ্রীনেপালচন্দ্র রায়: স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। আজকে বিশ্বকর্মা পূজা, যন্ত্রপাতি নিয়ে কাজ করা সব বন্ধ। আপনি হাতুড়ি ঠুকছেন, ওটা ঠোকা উচিত নয়, বন্ধ করা উচিত।

মিঃ স্পীকার: ওটা কাঠের হাতুড়ি।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, মনোরঞ্জনবাবু যা বললেন তাতে আপনি বললেন যে আপনার অ্যাটেনসন ড্র করা হয়ে গেছে, আপনি অন্য পয়েন্টে চলে যাচ্ছেন। কিন্তু এখানে অর্থ মন্ত্রী বললেন যে আপনারই অ্যাপয়েন্ট করার কথা, ও'রা স্যাংকসান দিয়ে দিয়েছেন। তাহলে আপনি এটা কেন করতে পারছেন না, এই রকম হচ্ছে কেন, কি অসুবিধা আছে?

মিঃ স্পীকার: উনি বলার পর হাউসে এতগুলি কোয়েশ্চেন অ্যানসারের কোন দরকার ছিল না। আমার অফিসে কোন খবর আসে নি বলে আমি ও'কে বলেছিলাম যে এ ব্যাপারে আমাদের কাছে এখনও কোন ইনটিমেশন আসে নি কেন। ও'নার ইমপ্রেশন যে ওখান থেকে চলে এসেছে। এনি-ওয়ে এখনও আসে নি। হয়ত আসার অবস্থায় আছে, পরে সেটা দেখব।

[2-20—2-30 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এমন একটা বিষয়ের প্রতি যে বিষয়টার সাথে বিরোধীদলগুলির গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন জড়িত আছে। আমি একটা অফিসিয়াল ডকুমেন্ট থেকে কিছু অংশ আপনার সামনে পড়ে শোনাচ্ছি। গতকাল হুগলীর ত্রিবেণীতে বর্তমান খাদ্য পরিস্থিতির উপর আলোচনা করার জন্য আমরা এস ডি ও, সদর, হুগলীর কাছে মাইকের পারমিশন চেয়েছিলাম, ব্যক্তিগতভাবে আমি নিজে দরখাস্ত করেছিলাম। এস ডি ও, সদর, মগরার ও সি-র কাছে রিপোর্ট দেবার জন্য পাঠালেন, মগরার ও সি যে রিপোর্ট দিলেন তার শেষ অংশটা আমি পড়ছি। তিনি বলছেন—

But it was learnt that there is likelihood of apprehension of breach of peace as there is strong group of rightist party and this prayer is from the leftist party.

এবং সেটার উপর সি আই, মগরা, নোট দিচ্ছেন,

recomment in view of O.C.'s report.

I do not.

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে একটা প্রশ্ন জানতে চাই যে মগরার ও সি যে রিপোর্ট দিচ্ছেন, যেহেতু সেখানে কংগ্রেসের একটা শক্ত ঘাঁটি এবং যেহেতু বামপন্থী দলের পক্ষ থেকে মাইকের পারমিশন চেয়েছেন সেজন্য তিনি না দেবার জন্য রেকমেন্ড করেছেন, সি আই ফরওয়ার্ড করেছেন—আমি জানতে চাই বামপন্থী দল বা বিরোধীদলগুলির এই গণতান্ত্রিক অধিকার আছে কি না যে যেখানে কংগ্রেসের শক্ত ঘাঁটি থাকবে সেখানে তারা মাইকের পারমিসান পাবে। দ্বিতীয় প্রশ্ন, মিঃ স্পীকার, স্যার, সেই ও সি রিপোর্ট দিচ্ছেন as there is apprehension of breach of peace.

আমি বলতে চাই যে ও সি বা পুলিশ অফিসার সেখানে রাখা হয়েছে এজন্য যে যদি কোন রকম অ্যাপ্রিহেনসন অফ ব্রীচ অব পিস থাকে সেগুলি তারা দমন করবে। কিন্তু সেই অজুহাতে বিরোধী দলগুলির গণতান্ত্রিক অধিকার খর্ব করবেন বা আমাদের অধিকারকে প্রয়োগ করতে দেবেন না এটা একটা নির্লজ্জ ব্যাপার। সেজন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এরকম ঘটনা শুধু একটা দলের পক্ষে নয় সমস্ত বিরোধীদলগুলির গণতান্ত্রিক প্রশ্ন এর সঙ্গে জড়িত। কাজেই এ বিষয়ে তিনি যেন একটা বিবৃতি দেন।

Shri Nikhil Das:

স্পীকার মহাশয়, শম্ভূবাবু যে প্রশ্ন তুলেছেন গ্রামাঞ্চলে বা সহরের বাইরে বিভিন্ন এলাকায় পাব্লিক মিটিং করার কোন উপায় নেই। মাইকের পারমিসান কোথাও পাওয়া যায় না। তাহলে সরকার বলে দিন যে তাদের নীতি এটা যে বামপন্থী দল থেকে কোথাও সভা করতে চাইলে মাইকের পারমিসান দেব না।

Shri Narayan Choubey:

পুলিস যেখানে ইচ্ছা দিচ্ছে, যেখানে ইচ্ছা পারমিসান দিচ্ছে না—এর একটা প্রতিকার না হলে স্যার, ভয়ঙ্কর গণ্ডগোল হবে।

Shri Sailendra Nath Adhikary:

স্পীকার মহাশয়, শম্ভূবাবু যা বললেন, আমি আপনাকে আর একটা নজির দিচ্ছি যে আমাদের বরানগর কেন্দ্রের এস এস পি-র সেক্রেটারী কাল একটা চিঠি পাঠিয়ে দিয়েছেন—তাতে লিখেছেন যে বরানগরের পুলিশ অফিসার আমাদের যারা পোস্টার দিচ্ছিলেন তাঁদের ধরে নিয়ে গিয়ে অত্যন্ত অশ্লীল ভাষায় কথাবার্তা বলেন। আমি জিজ্ঞাসা করছি যে আমরা কি একটা ফ্যাসিস্ট রাজত্বে বাস করছি এবং এই যে গণতন্ত্র, গণতন্ত্র বলা হচ্ছে, আমাদের কি কোনরকম গণতান্ত্রিক অধিকার থাকবে না যে বাইরে গিয়ে মাইকে একটা বক্তৃতা দিই বা একটা পোস্টার লাগাই, এ সম্বন্ধে কি কোন অধিকার থাকবে না?

Shri Anadi Das:

স্যার, বাটানগরে পরশুদিন পর্যন্ত খবর পাওয়া গেছে মাইকের পারমিসান দেওয়া হয় নি। যখন আমরা নিজেরা ইন্টারভিন করি তখন হয়ত পারমিসান পাওয়া যায়। আমাদের বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম এক্সপিরিয়েন্স আছে। প্রত্যেকটা জায়গায় এস এল এ-রা ইন্টারভিন করতে পারে না। কাজেই এটা বহু জায়গায় হচ্ছে। এরকম ঘটনা হাওড়া, ২৪-পরগনা প্রভৃতি জায়গায় হয়েছে—মাইকের পারমিসান দেয়া হচ্ছে না।

Shri Gopal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে আমি একটু বলতে চাই। যখন বিভিন্ন জায়গায় মিটিং-এর জন্য পারমিসান চাওয়া হয়, তারা অনেক দেরীতে পারমিসান দেন, এবং যদি আমরা বলি ৪টায় বা ৫টায় মিটিং করবো, ও'রা বলেন ও'দের নাকি রুলস-এ আছে উটা থেকে ৮টা।। যথা সময় মিটিং-এর পারমিসান পাওয়া যায় না, এবং কোথাও কোথাও এই রকম হাই-হ্যান্ডেডনেস চলে।

Shri Anadi Das:

আমরা সহজে লোকের কাছে যাই পথে শোভাযাত্রা করে। কলকাতায় হয়ত ডিফিকাল্টিজ থাকতে পারে ট্রাফিক ইত্যাদির ব্যাপারে। কিন্তু কলকাতার বাইরে এই রকম কোন অসুবিধা নেই। আমরা সেখানে শোভাযাত্রা ইত্যাদি করি এবং মাইক নিয়ে যাই। সেই মাইক পাওয়া যাচ্ছে না। অর্থাৎ আমরা যে সহজে মানুষের কাছে অ্যাপ্রোচ করবো কোন লাউড স্পীকার দিয়ে, তার পারমিসান পাওয়া যাচ্ছে না।

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য শ্রীশম্ভু ঘোষ যে প্রশ্নটা তুলেছেন, আমি স্বীকার করি যে ডাইরেক্টলি আমাদের হাউসের প্রিভিলেজ-এর প্রশ্ন হলে, আপনি হয়ত গুরুত্ব অন্য ভাবে দিতেন। আপনি তাঁকে যে প্রশ্নটা তুলতে দিয়েছেন এবং অন্যান্য সদস্যকে সে সম্বন্ধে তাদের বক্তব্য উত্থাপনের যে সুযোগ দিয়েছেন, তার জন্য আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনি বিবেচনা করে দেখুন সংবিধানের ১৯ ধারায় আর্টিকেল (এ), (বি), (সি) ক্লজেতে দেখবেন—যে পবিত্র মৌলিক অধিকার আমাদের সংবিধান দিয়েছে, আমরা নাগরিক হিসাবে যে অধিকার ভোগ করি, সেই অধিকার এখানেও আমরা ভোগ করি এবং আপনি আমাদের অধিকার প্রোটেক্ট করেন। কিন্তু, আপনাকে জানাতে চাচ্ছি এই রকম ভাবে মাইক রেগুলেট করবার যে পাওয়ার আছে এটা লেজিসলেটিভ পাওয়ার নয়, এটা এক্জিকিউটিভ পাওয়ার, এই পাওয়ার তারা একসারসাইজ করেন। এবং সেখানে আমাদের এইটা বোঝান হয়েছিল যে যখন ছেলেদের পরীক্ষা আসে, সেখানে পরীক্ষার ব্যাপারে যাতে তাদের ব্যাঘাত না হয়, তার জন্য এইভাবে মাইক রেগুলেট করা হয়। কিম্বা যেখানে হাসপাতাল আছে, সেখানে রোগীর যাতে অসুবিধা না হয়, তার জন্য মাইক রেগুলেট করা হয়। কিন্তু আমাদের এই সংবিধান, যে সকল রাজনৈতিক দলকে স্বীকার করে নিয়েছেন, রাজনৈতিক দল হিসাবে, তাদের নিজেদের বক্তব্য স্বাধীন ভাবে ব্যক্ত করবার অধিকার আমাদের দিয়েছে। সুতরাং এই ভাবে সংবিধান যে অধিকার দিচ্ছে, সেই অধিকার এই রাজ্যের পুলিস অফিসাররা বা এস ডি ও-রা বা ম্যাজিস্ট্রেটরা বিভিন্ন ভাবে তারা মাইক রেগুলেট করবার নাম করে কেড়ে নিতে পারেন? তাঁরা এক হাতে আমাদের যে অধিকার সংবিধানে দিচ্ছেন, সেই অধিকার কি তাঁরা আর এক হাতে কেড়ে নিতে পারেন? সুতরাং আমি আপনাকে নিবেদন করবো শুধু আজকে আপনি যে আমাদের এই সুযোগটুকু দিলেন বলবার জন্য, সেখানে শুধু সীমাবদ্ধ না থেকে, স্পীকার হিসাবে আপনি যে একটা গুরুত্বপূর্ণ পজিসন-এ রয়েছেন, সেখানে থাকায় আপনার দায়িত্ব আছে বলে মনে করবো যে ট্রেজারী বেঞ্চ-এর সদস্য যারা এখানে আছেন, তাদের এ সম্বন্ধে আমাদের কাছে একটা স্টেটমেন্ট করতে বলুন। আমাদের অ্যাপ্রিহেনসন হচ্ছে যে আগামী ২৫শে তারিখ যে ভারতবন্ধ আন্দোলন হবে, তা নিয়ে সারা বাংলাদেশে হরতাল হবে এবং তার পরিপ্রেক্ষিতে খাদ্যের দাবী নিয়ে সর্বত্রই জনসভা হবে, গণতান্ত্রিক দাবী পেশ করা হবে। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করবো আমাদের যে অ্যাপ্রিহেনসন, সেটাকে

ডিসআর্ম করবার জন্য মাননীয় জগন্নাথবাবু বা অর্থমন্ত্রী শৈলবাবু একটু দাঁড়িয়ে উঠে বলুন না।

Mr. Speaker:

মিঃ মৈত্র, আপনি বসুন, এবার হয়ে গিয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমি বলছি উনি একটা অ্যাসিওরেন্স দিন। আপনার কাছে এইটা আমার বিনীত নিবেদন, আপনি তাঁদের কাছে একটা এক্‌স্পানেসন চান। আজকে বিশ্বকর্মা পুজো উপলক্ষে, আমি তো দেখলাম রাস্তার দু-ধারে মাইক চলছে। কিন্তু আজকে জনসভা হবে না, এটা হতে পারে না।

Shri Hemanta Kumar Basu:

মিঃ স্পীকার, স্যার, উনি যা বলেছেন এটা খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন। অনেক জায়গা থেকে অভিযোগ আসে যে জনসভা করতে দেওয়া হয় না, মাইকের পারমিসান দেওয়া হয় না। আমি সেদিন দুর্গাপুরে মিটিং করতে গিয়েছিলাম। সেখানে গিয়ে শুনলাম যে এস ডি ও পারমিসান দেন নি, মিটিংও হয় নি। মাইক-এর পারমিসান দেওয়া হয় ন। আমি এ বিষয়ের প্রতি মুখ্য-মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। আজকে চতুর্দিক থেকে এই মাইক সম্বন্ধে অভিযোগ হচ্ছে। এই সম্পর্কে সরকারের যে নীতি, সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের এখানে একটু বলুন। কারণ, অযথা মাইকের পারমিসান না দেওয়ার নিশ্চয় কোন প্রশ্ন নেই। তারা নিশ্চয় মাইকের পারমিসান দেবেন। বাজে অজুহাতে মাইকের পারমিসান বন্ধ করা উচিত নয়। কিন্তু আমরা দেখছি এস ডি ও বন্ধ করছেন, পুলিস অফিসাররা বন্ধ করছেন, এ সম্বন্ধে মুখ্য মন্ত্রি-মহাশয়ের কাছ থেকে একটা পরিষ্কার বিবৃতি আমরা শুনতে চাই।

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, আমি আপনাকে খালি একটা কথা মনে করিয়ে দিতে চাই। মাইক্রোফোন নিয়ন্ত্রিত করার আইন যখন এই সভায় আলোচিত হয়, সেই সময় এখান থেকে, বিরোধী দলগুলি থেকে যে আপত্তি আমরা করেছিলাম, যে এটা আপনারা নিচ্ছেন এইটা বলে যতে পাবলিক-এর কোন রকম অসুবিধা না হয়। দিনরাত মাইক্রোফোন চলছে, তাকে নিয়ন্ত্রণ করবার জন্য আপনারা আইন করছেন। কিন্তু আমাদের আশঙ্কা হচ্ছে যে এটা রাজনৈতিক কারণে আপনারা ব্যবহার করবেন। আপনি যদি পুরান প্রসিডিংস খুলে দেখেন, তাহলে দেখতে পাবেন প্রথম যখন আইনটা হয় অনেক বৎসর আগে কলিকাতা সম্বন্ধে ও'রা বলেছিলেন, এবং পরবর্তীকালে যখন অন্যান্য জেলা সম্বন্ধে হয়, ও'রা বলেছিলেন এইখানে দাঁড়িয়ে, মন্ত্রীর পর মন্ত্রী বলেছিলেন এই কথা, যে এটা কখনও এইভাবে আমরা করিনি, এবং রাজনৈতিক কারণে আমরা এই মাইক্রোফোন নিয়ন্ত্রণ আইন করছি না, পাবলিক-এর সুবিধার জন্য এটা আমরা করছি, এই কথা ও'রা তখন বলেছিলেন।

[2-30—2-40 p.m.]

এবং রাজনৈতিক কারণে আমরা এই নিয়ন্ত্রণ আইন করছি না, পাবলিক-এর সুবিধার জন্য আমরা এটা করছি, এই কথা ও'রা বলেছিলেন। আমরা সেই জন্যে ইদানীংকালে এই যে এখানে শম্ভুবাবু যেটা বললেন, এখানে শ্রীগণেশ ঘোষও আমাকে বলছেন যে উনি ডায়মন্ডহারবারে গিয়েছিলেন, সেখানে অনুমতি পাননি মাইক্রো ফোন-এর। কি কারণ জানি না, উনি একটা কারণ যোগাড় করেছেন, কি করে যোগাড় করলেন জানিনা কিন্তু আমরা স্তম্ভিত হয়ে গেলাম শুনে যে ও, সি, এ কথা বলছেন যে একটা কংগ্রেস পার্টি আছে, দি রাইট পার্টি না কি বলছেন, অশিক্ষিত বলে মনে হচ্ছে ও, সি,-টা, বুঝতে পারছে না, বলছে ঐ রকম একটা পার্টি আছে আর একটা পার্টি মিটিং করতে চাচ্ছে কাজেই এখানে আমি, ওরা বামপন্থী, মাইক দেবো না। এখন এর অর্থ কি? সব জায়গাতেই ত কংগ্রেস আছে, বিরোধী দল আছে। তা এইত সংসদীয় গণতন্ত্র, ঐভাবেইত আমরা সকলে এখানে এসেছি এবং সেই জন্যে আমি এটা জানতে চাচ্ছি। আর একটা শুনলাম যে ৬টার আগে পারমিসান দেওয়া হবে না। ৬টা থেকে ৭টা কিম্বা ৮।৯টা, ৬টার আগে দেওয়া হবে না, এও বোঝা যাচ্ছে না যে ব্যাপারটা কি। সেই জন্যে আমাদের যে রাজনৈতিক, সামাজিক

যা কিছু অধিকার আছে, সংসদীয় গণতন্ত্রের যা কিছু আছে সমস্তর উপর হস্তক্ষেপ হচ্ছে। মন্ত্রীরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন এই হাউস-এ দাঁড়িয়ে তা ও'রা লঙ্ঘন করছেন। আমি জানি না মুখ্যমন্ত্রী এইগুলি জেনেছেন কি না। ও'দেরই অনুমতি নিয়ে এইগুলি হচ্ছে, না কি লোকাল অফিসার-রা এইভাবে বুঝে নিয়েছে আইন যা রচিত হয়েছে। কারণ যারা এত অশিক্ষিত, ঐ রকম রিপোর্ট দিতে পারে, এটা হতে পারে যে তারা সব জিনিষটা ঠিক ধরতে পারছে না। কিন্তু আমার এখন মনে হচ্ছে এই এতগুলি রিপোর্ট শুনে, বোধ হয় সরকার পক্ষ থেকে, এই রাইটার্স বিল্ডিং-এর পক্ষ থেকে বা হোম ডিপার্টমেন্ট থেকে ওদেরও এই রকম বলে দেওয়া হয়েছে যে কিভাবে মাইক্রোফোন-এর অনুমতি দেবেন বা না দেবেন। তা না হলে এ সাহস ও'রা কোথায় পাবে যে একজন পেটি অফিসার একটা পলিটিক্যাল পার্টি মিটিং করবে সেটা বন্ধ করে দেবে সেই জন্য আমি আপনাকে বলছি—যদিও জানি এই হোম-এ আপনিও কিছু করতে পারবেন না—কিন্তু এখানে মুখ্যমন্ত্রী নেই, অন্য আরো দু-তিনজন মন্ত্রী আছেন, তাঁদের আমি বলি যে চীফ মিনিস্টার-এর সঙ্গে একটু কথা বলে আমাদের এই হাউস-এ জানিয়ে দেন যে আপনাদের থেকে এই রকম কিছু গিয়েছে কি না এবং কি ঘটনা এই নিয়ন্ত্রণ সম্বন্ধে বাইরে যা হয়েছে, তাহলে আমরা বাধিত হবো এবং আমরাও বুঝতে পারবো যে আমাদের কি করণীয়। আর আরও বেশি যদি চান আপনাকে জানাতে, আমরা আপনাদের জানিয়ে দিতে পারে।

Shri Somnath Lahiri:

আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে শম্ভুবাবু যে ঘটনাটা তুলেছেন তাতে দেখা যাচ্ছে যে পুলিশের কর্তৃপক্ষ বলছে যে এখানে শান্তিভঙ্গের আশংকা আছে, সুতরাং মাইকের পারমিশন দেওয়া উচিত নয়। এখন প্রশ্নটা হল এই যদি ধরি তর্কের খাতিরেই যে শান্তি-ভঙ্গের সম্ভাবনা আছে, তাহলে শান্তিভঙ্গ নিবারণ করবার জন্য কি মাইকের আইন হয়েছিল? না। শান্তিভঙ্গের আশংকা থাকলে তার জন্য ১৪৪ ধারা আছে, অমুক আছে, তমুক আছে, গভর্নমেন্টের আইনের কোন অভাব নেই। মাইক নিয়ন্ত্রণের অর্ডারটা শুধু এইজন্য হয়েছিল যে মানুষের কোন কোন সময় কাণের কষ্ট হয়, অসুবিধা হয়, অসময়ে চলে, ঘুমের ব্যাঘাত হয় ইত্যাদি কারণে নিয়ন্ত্রণ করার আইনটা হয়েছিল। মাইক নিয়ন্ত্রণে শান্তিভঙ্গ হবে কি না হবে এবং তারই ভিত্তিতে মিটিং-এর পারমিশন দেওয়া হবে কি না হবে এইরকম কোন কথা তার স্টেটমেন্ট অব অবজেক্টস্ এন্ড রিজনস্-এর মধ্যে নেই। সুতরাং এইভাবে ১৪৪ ধারার উদ্দেশ্যে মাইক নিয়ন্ত্রণ করা শুধু অন্যায় নয়, আইনেরও অত্যন্ত অপব্যবহার। আর এছাড়া আপনি দেখলেন, মন্ত্রীরাও দেখলেন যে এই বিষয় আমাদের প্রত্যেক দলেরই সমান তিক্ত অভিজ্ঞতা আছে। এবং কিছুদিন আগে এই বিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা আলাপ করেছিলাম। তখন একটা অজুহাত দেওয়া হয়েছিল বাইরে, মফঃস্বলে এই মাইক নিয়ন্ত্রণের আইনটা কড়াকড়ি করে চালান হয়েছিল. সেই সময় সাম্প্রদায়িক দুরবস্থার নামে এটা মফঃস্বলে চালু করা হয়েছিল। তখন আমরা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তিনি বলেছিলেন যে আমরা এই বিষয়ে তদন্ত করে যাতে না হয় করবো, কিন্তু তা এখনও পর্যন্ত হয়নি। কাজেই শুধু শম্ভুবাবুর কেস-এই নয় সমস্ত ব্যাপারেই যাতে অন্যায়ভাবে মাইক ব্যবহার করা, অপব্যবহার করা বন্ধ হয় সেটা যেন দেখা হয়।

Shri Nikhil Das:

এ্যাসেম্বলী-তে একথা হল, এখন আর ও সি-রা সাহস পাবেন না।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি সকলকে বলতে পারি, এটা অত্যন্ত গুরুতর বিষয়। তাঁরা যদি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন তাহলে তিনি নিশ্চয়ই তাঁদের বুঝিয়ে দেবেন।

Shri Kamal Kanti Guha:

স্যার, এই বিষয় আলোচনা হবার আগে আমি হাউসের বিজিনেস সম্বন্ধে একটা কথা বলতে চাচ্ছি। খাদ্যাবস্থার দিন দিন অবনতি ঘটছে। সর্বপ্রকার জিনিসের দাম বেড়ে যাচ্ছে। এমনকি, এ জি মার্কড সরষের তেলের দামও বেড়েছে। সরষের তেল বাজারে পাওয়া যাচ্ছে না। অবস্থা ক্রমেই গুরুতর আকার ধারণ করছে। সেজন্য সপ্তাহে একদিন খাদ্যাবস্থার আলোচনার জন্য ধার্য করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, আপনি আমাকে পারমিশন দিলে একটু গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে তুলতে পারি। এখানে শিক্ষামন্ত্রী নাই দেখতে পাচ্ছি, তথাপি আমার বক্তব্য আপনার মাধ্যমে জানিয়ে রাখছি। এইমাত্র খবর পেলাম হাবড়ায় একটা বালিকা বিদ্যালয় যেটা বর্তমানে গভর্নমেন্ট এ্যাপয়েনটেড এ্যাডমিনিস্ট্রেটর-এর হাতে আছে তার কমিটির ইলেকশন হবে, সেই ইলেকশন-এর জন্য যে ভোটারস লিস্ট তৈরী হয়েছে তাতে ওখানকার যাঁরা শিক্ষানুরাগী পারশন ইন্টারেস্টেড ইন এডুকেশন তাঁদের বাদ দিয়ে অন্য জায়গার লোকের নাম ঢুকান হয়েছে। এজন্য ওখানে একটা টেনশন ক্রিয়েটেড হয়েছে, এবং তার প্রতিবাদে সন্তোষ কুমার দে নামে এক ভদ্রলোক শিক্ষা দপ্তরে অনশন ধর্মঘটের নোটিশ দিয়েছেন। আমি আশা করি শিক্ষামন্ত্রী এই বিষয়ে খোঁজ নিয়ে একটা মীমাংসা করে দেবেন।

The Calcutta Municipal (Amendment) Bill, 1964

Mr. Speaker: We now take up discussion on the consideration of the Calcutta Municipal (Amendment) Bill, 1964, which has already been moved.

There is a motion for reference of the Bill to the Select Committee in the name of Shri Sailendra Nath Adhikary which is out of order.

I now call upon Shri Niranjan Sen Gupta to speak.

Shri Niranjan Sen Gupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th August, 1964.

Shri Niranjan Sen Cupta:

মাননীয় স্পীকার মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৬৪-এর স্টেটমেন্ট অব অবজেকটস্ অ্যান্ড রিজনস-এ যা লেখা হয়েছে, অর্থাৎ ভোটারের সংখ্যা বেড়ে যাবার জন্য ৮০টি ওয়ার্ডের জায়গায় ১০০টি ওয়ার্ড করা হবে এই সম্পর্কে আমার কিছু বলার নাই। সর্বজনীন ভোটাধিকার সম্পর্কে আমাদের বহুদিনকার যে দাবি সেই সম্পর্কেই আজকে আপনার মাধ্যমে কয়েকটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই।

[2-40—2-50 p.m.]

এই বিলে ১০০টি ওয়ার্ড করা হয়েছে এবং তার সীমারেখা করার যে পদ্ধতি নিয়েছেন সে সম্পর্কে আমার খুব আপত্তি আছে। তাঁদের পদ্ধতি হচ্ছে প্রথমে তাঁরা কংগ্রেসের দু'একজন লোককে ভার দিয়েছিলেন এগুলি ঠিক কর—অর্থাৎ বাউন্ডারি ঠিক কর। আমার মনে হয় এই বাউন্ডারি ঠিক করার ব্যাপারে অনেক জায়গায় তাঁদের দলীয় স্বার্থের দিকে নজর রেখে করা হয়েছে এবং তারজন্য এই পদ্ধতি নিশ্চয়ই সমর্থন যোগ্য নয়। একটা বিল আসছে এবং সেই বিলে ১০০টি ওয়ার্ড করবেন, তার বাউন্ডারি ঠিক করবেন, কনস্টিটিউএন্সী ঠিক করবেন এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। এই ব্যাপারে এর পূর্বে বিরোধী পক্ষের কোন মতামত নেওয়া হয়নি, তবে এই জিনিস এ্যাসেম্বলীতে আসার পর তাঁর ঘরে গিয়ে একদিন আমরা আলোচনা করেছি। আরও আশ্চর্যের ব্যাপার হচ্ছে, এই যে বাউন্ডারি ঠিক করা হোল এবং এ্যাসেম্বলীতে যেটা পেশ করা হয়েছে এ সম্পর্কে আমরা শুনেছি কর্পোরেসনের বিরোধীপক্ষের কোন মতামত নেওয়া হয়নি। এটা একটা এক দলীয় শাসন ব্যবস্থা এবং তার পটভূমিমায় এই সমস্ত জিনিস করা হয়েছে। কাজেই এর প্রতিবাদ না করে থাকতে পারছি না। আমি এর পূর্বে বহু বিষয় উল্লেখ করে বলেছি যে আপনারা দলীয় স্বার্থে কতগুলি জিনিস করেন। এমন অনেক জিনিস আছে যেগুলি দলীয় স্বার্থে করতে গেলে জনসাধারণের অসুবিধা হয় এবং সেদিক থেকে মনে করি জনসাধারণের অসুবিধার প্রতি লক্ষ্য করে সেই পদ্ধতিগুলো তুলে দেওয়া দরকার। এখন মন্ত্রিমহাশয় আমার কতগুলি প্রশ্নের নিশ্চয়ই জবাব দেবেন এবং সেগুলি হচ্ছে, এই যে বাউন্ডারী ঠিক করা হোল এটা প্রথমে কে করেছিল, কোথায় আলোচনা হয়েছিল, বিরোধীপক্ষকে ডেকে ছিলেন কিনা, কর্পোরেসনের বিরোধীপক্ষের কাউন্সিলারদের সঙ্গে আলোচনা করেছিলেন কিনা এবং তাঁদের সুযোগ দেওয়া হয়েছিল কিনা? তারপর কথা হচ্ছে, এই যে ১০০টি ওয়ার্ডের বাউন্ডারী বিভিন্ন জায়গায় ঠিক করেছেন তা দেখে মনে হচ্ছে সেগুলি অযৌক্তিক এবং এমন অযৌক্তিক যে দেখলে মনে হবে যেন কোন লোকের, কোন দলের সুবিধার জন্য এই কনস্টিটিউয়েন্সীগুলো করা হয়েছে। এই ধরণের কনস্টিটিউয়েন্সী বিধানসভায় প্রতিবাদ ছাড়া যাওয়া উচিত নয়। আপনারা এখানে গণতন্ত্রের কথা বলেন এবং আরও বলেন যে, বিরোধীপক্ষকে মর্যাদা দেওয়া হয়। কিন্তু এই কনস্টিটিউয়েন্সী ভাগের ব্যাপারে দেখছি বিরোধীপক্ষকে কোন মর্যাদা দেওয়া হয়নি এবং তাঁদের স্বার্থ রক্ষা করা হয়নি। আমরা ও'র ঘরে গিয়ে মিট করেছি, এক ঘণ্টা থেকেছি এবং উনি নমঃ নমঃ করে দু'এক কথা বললেন এবং দু'একটি সাজেসন টুকে নিলেন। এরকম একটা গুরুত্বপূর্ণ বিলের ব্যাপারে এরকম হওয়া উচিত নয়। আগামী দিনে কিভাবে কর্পোরেশন চলবে, কর্পোরেশনের সমস্ত জিনিস কিভাবে চলবে, কাউন্সিলর-এর নির্বাচনে যদি কোন গলদ থাকে তাহলে সেটা কিভাবে দূর হবে তা নিয়ে আলোচনা করা উচিত ছিল। কিন্তু এ'রা সেসব কিছুই করেননি বা বিরোধীপক্ষ এবং কর্পোরেশনের কাউন্সিলরদের সঙ্গে আলোচনা করেননি। কাজেই এখন শেষকালে যেটা করেছেন সেটা মোটেই সমর্থন যোগ্য নয় এবং এরকম একটা গুরুত্বপূর্ণ বিল এইভাবে তাড়াহুড়া করে পাশ করান অনুচিত। এখন মাথার উপর পিস্তল ধরে বলছেন এটা পাশ করে দাও, নাহলে সার্বজনীন ভোটাধিকার হবে না। তাহলে আগে আলোচনা করলেন না কেন?

তারপর আর একটা জিনিস আমি লক্ষ্য করছি, সেটা হচ্ছে এক একটা ওয়ার্ডের ভোটার সংখ্যায় বেশ কিছু তারতম্য আছে। কোন জায়গায় ১২ হাজার কোন জায়গায় ১৬ হাজার আপনারা যদি সঠিকভাবে হিসাব করে করতেন, বিজ্ঞানসম্মতভাবে করতেন তাহলে ভোটার সংখ্যার এত তারতম্য হোত না। আমার জিজ্ঞাস্য হচ্ছে ভোটার সংখ্যার এত তারতম্য, ৫।৬ হাজারের যে তফাত এটা কেন? একটা মাপকাঠি করতে পারেননি কেন? মিনিমাম ১১ হাজার উপরে ১৭ হাজার এই যে ৬ হাজার তফাত এটা কেন?

দ্বিতীয় কথা হল বাউন্ডারী করেছেন বাউন্ডারীর গলতির জন্য। এটা এমনভাবে করা যেত যাতে ভোটার সংখ্যা একটা নির্দিষ্ট সংখ্যায় রাখা যেত, ১৩ হাজার কি ১৪ হাজারে রাখা যেত। হয়ত দু'তিনটি ক্ষেত্রে কিছু এদিক ওদিক হতে পারত, কিন্তু সেটা না রেখে অন্য উদ্দেশ্য নিয়ে, আপনারা যে জিনিষগুলি ঠিক করেছেন এবং এটাও দেখা গেছে যে এই সীমারেখা নির্ধারণের ভিতর কারসাজি আছে। আমি দুই একটা ওয়ার্ডে এমন জিনিষও দেখেছি যে সেখানকার যিনি সিটিং কাউন্সিলার আছেন তারই কোন অসুবিধার জন্য বোধ হয় সেই ওয়ার্ডকে, তার সীমা-রেখাকে বদলে দেওয়া হয়েছে। কোন দরকার ছিল না। সেই সব নিয়ে আমি কয়েকটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এইভাবে সীমারেখা যেটা করলেন যার মধ্যে আপনাদের কোন কারসাজি আছে, এটা করলেন কেন? এতে আমাদের সন্দেহ আছে, কাজেই এটাকে ভালভাবে আমরা গ্রহণ করতে পারি না। আপনারা বিধানসভায় ভোটের জোরে কেন পাশ করাতে চাইছেন এটাই আমার জিজ্ঞাস্য।

তারপর আর একটা কথা, সেটা হচ্ছে এই সীমারেখা যেগুলি হল, তা নিয়ে ওদের তরফ থেকে একটা বড় বই দেওয়া হয়েছিল, আমি সেই বইটা খুব তন্ন তন্ন করে দেখেছি, বইয়ে যে সীমারেখা নির্ধারিত বলে লেখা হয়েছে—৭৮।৭৯টি ওয়ার্ডের যে জায়গা মেনসন করা হয়েছে সেটাকে ১০০ ওয়ার্ড করা হয়েছে। তাড়াতাড়ি করতে গিয়ে যেখানে ভুল আছে সেগুলি সংশোধন করে দেওয়া হয়নি। তাড়াহুড়া করে এ জিনিষ এমনভাবে আনলেন। এটা আরও ভালভাবে আনা যেত এবং আমি মনে করি যে মন্ত্রিমহাশয় চেষ্টা করলে এই সামান্য সময়ের ভিতর অনেক-গুলি পরিবর্তন করে এটাকে যথাযথ বিধান সম্মতভাবে করতে পারেন এবং এটা যদি করেন তাহলে আমার মনে হয় অনেক আপত্তি কমে যাবে। নইলে যেভাবে করা হয়েছে এই পদ্ধতিতে যদি থাকে এবং এই পদ্ধতিতে চালিয়ে যান তাহলে আমার প্রতিবাদ থাকল। এটা ঠিক যে আজকে যে ওয়ার্ড নম্বর বাড়িয়ে দিয়েছেন সেটা আমি সমর্থন করি। আপনারা সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে যে নির্বাচন করতে যাচ্ছেন সেটা সমর্থন করি, কিন্তু যে পদ্ধতিতে ওয়ার্ড ভাগ করেছেন সেটা সমর্থন করি না। যেটা আরও ভালভাবে সুষ্ঠুভাবে করা যেত সেটা আপনারা করেননি, এটা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1964.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যাডাল্ট ফ্র্যানচাইজের পরিপ্রেক্ষিতে আমাদের কলকাতার কনস্টিটিউয়েন্সিগুলি যাতে ভাগ করা যায় তারজন্য আজকে এই মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল আমাদের সামনে রাখা হয়েছে। ১৯২৩ সালে সুরেন্দ্রনাথ ব্যানার্জী মহাশয় যে আইন করেছিলেন সেই আইনে ৯৫টি সিট ছিল কর্পোরেশনে এবং ১৯৫১ সালে ডাঃ রায় একটা আইন নিয়ে আসেন, সেই আইনে ৯৫-এর জায়গায় ৭৫টি সিট করা হয়। ১৯৫৩ সালে টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি এ্যাড হবার পর ৮৬টি হয়। এখন এ্যাডাল্ট ফ্র্যানচাইজ বেসিসে যে ১ শো সিট হবে এটা আশ্চর্যের ব্যাপার নয়, এটা সম্পূর্ণ সমর্থন করি। কিন্তু যেভাবে কনস্টিটিউয়েন্সিগুলি ভাগ করা হয়েছে তাতে আমি বলতে পারি, আমি কোন দলগত মনোভাব নিয়ে বলছি না, এগুলি এমনভাবে ভাগ করা উচিত যাতে কেউ মনে না করে যে কতকগুলি লোকের সুবিধার জন্য এইগুলি এইভাবে ভাগ করা হয়েছে। বাস্তবিক বরাবর কনস্টিটিউয়েন্সি ভাগ হরাইজেন্টালি হতে পারে, কিন্তু এটা ভার্টিক্যালি হল কেন বুঝতে পারি না। এখানে দেখছি যে কোন ওয়ার্ডের খানিকটা অংশ কেটে এনে আর একটা ওয়ার্ডের সঙ্গে যোগ করা হয়েছে অথবা সেই ওয়ার্ডের ভোটার ঠিক রাখবার জন্য আর একটা ওয়ার্ড থেকে সেই ওয়ার্ডে আনা হয়েছে। সেই ওয়ার্ড দুটো ভাগ করে দুটো ওয়ার্ড থেকে আনবার কোনরকম প্রয়োজন ছিল না। এ যে কি রকম ব্যবস্থা করা হয়েছে তা আমি বুঝলাম না। আমাদের ওখানে ৫, ৬, ৭, ৮ এই ৪টা ওয়ার্ডের এরিয়া এক এবং সেখানে যেভাবে ওয়ার্ড ভাগ করা হয়েছে, পিপল ভাগ করা হয়েছে তাতে একটা ওয়ার্ডকে ২ ভাগ, ৩ ভাগ করে আর একটা ওয়ার্ডের সঙ্গে যোগ করে দেওয়া হয়েছে। এবং পিপল যেভাবে ভাগ করা হয়েছে তাতে কোনটায় বেশী, কোনটায় কম। কিন্তু এমনভাবে ভাগ করা চাই যে মোটামুটি পিপল যেন একই থাকে। আবার অন্যান্য ওয়ার্ডগুলি দেখলাম, সেই ওয়ার্ডগুলি যেভাবে ভাগ করা হয়েছে তাতে সেটা সম্পূর্ণ অবৈজ্ঞানিক। বাস্তবিক এই যে ভোটার ভাগ করা হয়েছে কোথাও ১১ হাজার থেকে ১৮ হাজার, ২০ হাজার এই রকম তফাত কেন হবে? যদি হয় তাহলে ১২ হাজার, ১৩ হাজার, ১৪ হাজার এই রকম বেসিসে হওয়া উচিত ছিল, ভাগ করা উচিত ছিল। কিন্তু দেখছি সেই বেসিসে ভাগ করা হয়নি, সম্পূর্ণ অবৈজ্ঞানিকভাবে ভাগ করা হয়েছে। অবশ্য মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে একটা কনফারেন্স ডেকেছিলেন, আমরা সকলে গিয়েছিলাম। কিন্তু এত তাড়াতাড়ি আমাদের বক্তব্য বলা বা প্রস্তাব রাখা সম্ভব হয় নি। কিভাগে ভাগ হওয়া উচিত সে সম্বন্ধে তাড়াতাড়ি আমাদের বক্তব্য রাখতে পারিনি। কিন্তু পরে আসতে আসতে বিবেচনা করে বিচার করে আমরা দেখেছি যে কলকাতার সমস্ত পিকচার আমাদের সামনে নেই, সুতরাং কতকগুলি ওয়ার্ডের সম্বন্ধে ভাবছি, আবার কতকগুলি ওয়ার্ডের সম্বন্ধে ভাবিনি। কিন্তু আমাদের সামনে যে ম্যাপ দেওয়া হয়েছে সেই ম্যাপ থেকে পরিষ্কার ধারণা করা যায় না যে কিভাবে এই কনস্টিটিউয়েন্সীগুলি ভাগ করা যায়। কাজেই সেদিক থেকে এটাকে বিশেষভাবে বিবেচনা করা দরকার, বিচার করা দরকার। তাড়াতাড়ি যাতে এই আইনটা পাশ হয় তারজন্য চেষ্টা হচ্ছে। কিন্তু আইনটা তাড়াতাড়ি পাশ করার চেষ্টা না করে দলমত নির্বিশেষে সকলের সাজেসান নিয়ে এতে কাদের কি সুবিধা অসুবিধা হবে সেটা বিবেচনা করে কনস্টিটিউয়েন্সি ভাগ করা উচিত। সেজন্য আমরা আইনটা সেইভাবে গ্রহণ করতে পারছি না এবং আইনটায় মনে হচ্ছে না যে একটা বৈজ্ঞানিক উপায়ে কনস্টিটিউয়েন্সি ভাগ করবার চেষ্টা হচ্ছে। এখনই এই আইন এইভাবে পাশ করালে নানা দিক থেকে অসুবিধা হবে। এটাকে ভার্টিক্যালি ডিভিসান করা উচিত নয়, হরাইজন্ট্যাল করা উচিত এবং সেটা বরাবর হরাইজন্ট্যালি হয়েছে। কাজেই সেদিক থেকে আমার মনে হচ্ছে যে আইনটা ঠিক পক্ষপাতশূন্য হয়ে হয়নি। দলমত নির্বিশেষে সকলের যাতে সুবিধা হয়, ভোটারদের ভোট দেবার যাতে সুবিধা হয় সেদিকে লক্ষ্য রেখে ভাগ করা হয়নি। কতকগুলি লোকের সুবিধার জন্য আইনটা হয়েছে। যাঁরা দাঁড়াবেন তাঁদের সকলের উপর সমান দৃষ্টি রেখে আইনটা হয়নি। সেজন্য আমি এই আইনের প্রতিবাদ জানাচ্ছি।

Shri Bejoy Kumar Banerjee :

মিঃ স্পীকার, স্যার, এই কয়দিন আগে ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল হল, শৈলবাবুর ভাষায় কম্প্রিহেনসিভ বিল। এক বছর আগে তিনি প্রতিশ্রুতি দিয়াছিলেন কম্প্রিহেনসিভ বিল আনবেন, সেই প্রতিশ্রুতি হয় মিথ্যা আর না হয় সেই প্রতিশ্রুতি অনুযায়ী কাজ ইচ্ছা করে করেন না। কম্প্রিহেনসিভ বিল মানে এই নয় যে তার সঙ্গে সঙ্গে আর একটা বিল, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল কোলকাতার পৌর শাসন ব্যবস্থা সম্বন্ধে আসবে। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিলের জন্য একটা সিলেক্ট কমিটি তার বোথ দি হাউসেস হয়েছিল এবং সেই কমিটিতেই সভার সকল পক্ষের ৩৩ জন সদস্য ছিলেন এবং অনেকদিন ধরে সিলেক্ট কমিটিতে সেই বিল হল কিন্তু এই বিল তখনও তো ছিল, এই বিল কেন সেখানে দেখান হয়নি? তার অনেক কারণ আছে, তার কারণ এই যে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল আজকে হচ্ছে, এই অ্যামেন্ডমেন্ট বিল প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে তৈরী হয়েছে লেখা আছে, সেজন্য নির্বাচন কেন্দ্র ভাগভাগ করলে হয়ে যাবে, তার সামঞ্জস্য বজায় রাখবার জন্য এই কোলকাতাকে ভাগ করা হল। যদি ভাগ হয়ে থাকে মৎস্যমন্ত্রী এবারে আমাদের মানুষ ভাগ, ওয়ার্ড ভাগের ব্যাপারে হাত দিয়েছেন। তিনি করলেন কি—বললেন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে করতে হবে, কোলকাতাকে ভাগ করতে হবে। দেড় বছর আগে এই বিধানসভা থেকে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের বিল পাশ হয়ে গেছে, এই দেড় বছর উনি কিছু বললেন না, একেবারে কাছাকাছি সময় এলে বললেন এই একটা আমি করে দিলাম। শুধু তাই নয় এই বিল তিনি আমাদের কাছে দেননি। উনি এই বিলের যে সিডুল করেছেন তাতে বাউন্ডারী আছে যে ভাগ এরকমভাবে হবে। তারপর উনি ৩৭ ওয়ার্ডে অ্যামেন্ডমেন্ট করেছেন। বাউন্ডারি নর্থ, সাউথ, ইষ্ট, ওয়েস্ট বদলে গেছে। রাস্তার নাম বদলে গেল। আমাদের যা দিয়েছেন তার সঙ্গে আর একটা উনি অ্যামেন্ডমেন্ট দিয়েছেন ৩৭ ওয়ার্ড বদল করতে হবে। এই যদি কার্যধারা হয় তাহলে কোলকাতার এই যে নির্বাচন কেন্দ্র বদলে আজকে ভাগাভাগি হচ্ছে এটা কিভাবে হচ্ছে, সে উনিও জানেন না, আমরাও জানি না, তবে এখানে তো কোন বিল পাশ করার অসুবিধা নেই, লোক আসবে, সঙ্গে সঙ্গে ওমনি আলো জ্বালিয়ে দেবেন ওখানে উঠে যাবে, বিল পাশ হবে, আইন হয়ে গেল। এরকম গণতন্ত্রের অভিনয় আমরা রোজই দেখছি।

[3—3-10 p.m.]

আমার মনে হয় কোন দায়িত্বশীল মন্ত্রী এটা যদি একটা গুরুত্বপূর্ণ কাজ বলে মনে করে থাকেন তাহলে তিনি আজকে এই যে কাগজে দিয়েছেন যে এই ৩৭টা ওয়ার্ড সম্বন্ধে অ্যামেন্ডমেন্ট তিনি নিজেই মুভ করবেন, ৩৮ তিনি করতেন না। এইটা লেখা আছে যে সমস্ত এলাকার বাউন্ডারী ভুল হয়ে গিয়েছে, বাউন্ডারী আবার রদবদল হবে। সাবট্রাকটেড বা য়্যাডেড করে যদি এইরকম ধরণের একটা বিল পাশ করিয়ে নেবার জন্য আমাদের কাছে উপস্থিত করেন, তাহলে আমরা কি করে বুঝবো কোনটা কেথায় গেলো। এসব হল, কি করে বুঝবো? তার চেয়ে চোখ, কান বুজে বলে দিলেই হয় ও'রা কেন আনেন এইরকম বিল? ও'রা ঘরে বসে পাশ করিয়ে নিতে পারেন, তাতে কিছু এসে যায় না। কারণ, ও'দের হাতে সমস্ত ক্ষমতা, ও'রা যা ইচ্ছে তাই করতে পারেন। আমি উত্তর চাই, কেন সিলেক্ট কমিটিতে ৩৭ জন মেম্বারের কাছে এই বিল ভাল করে আলোচনা করার সুযোগ দেওয়া হয়নি?

তারপরে দেখুন, যদি একটু বুঝেসুজে কথা বলতে হয়, তাহলে আমাদের নক্শা চাই। নক্শার উপরে দেখতে হবে—যে বাউন্ডারী ৮০টা আগে ছিল, সেই জায়গায় ১০০টা কিভাবে হল। কি ছিল, আর কি হল! আর যেটা ছিল, সেটাকে একবার অ্যাড ও সাবট্রাকট করে, উপযুক্ত সংখ্যা দিয়ে, এইরকম ১০০টা ওয়ার্ডে ভাগ করা যেতো, কি যেতো না, সেটা দেখতে হবে। তাছাড়া বিগত ১৫ বছর ধরে সকলে যা জানে, যে একজিষ্টিং ওয়ার্ড-এর বাউন্ডারী কোথায়, একজিষ্টিং ওয়ার্ড-এর লিমিট কোথায়, তাহলে তা সব তারা জানতে পারতো। ও'রা তা করেননি। ও'রা বাউন্ডারী ভাগ করবার আগেই, সেখানে কতজন লোক যাবেন, সেটা ঠিক করেছেন। ১০০ জন লোক যাবেন। ১০০ জন লোক এইভাবেতে পৌর সদস্য নির্বাচিত হবেন

এটা আমরাও চাই। তোমরা ভাগাভাগি করে দাও। সেই ১০০ জন লোককে ভাত খাওয়াবার জন্য তারা কাজ শুরু করে দিলেন। আমাদের ১০০ জন লোককে ওখানে যেতে হবে। ও'রা কমপ্রিহেনসিভ সেকেন্ড এ্যামেন্ডমেন্ট বিলে কাউন্সিলারদের অনেক কাজ কমিয়ে দিয়েছেন। আজকে সেই কাজ কমে যাওয়ার জন্য ৮০ থেকে ১০০ জন কাউন্সিলারের সংখ্যা বাড়িয়েছেন। কেন বাড়ান দরকার? ১০০ জন লোক সেখানে যাওয়া দরকার, তাদের অনোরারিয়াম দিতে হবে। তারা অনোরারিয়াম ভোগ করবে, তাদের কাজ থাকুক বা না থাকুক, ওয়ার্ডটা এইরকম হয়ে যাচ্ছে, সেইজন্য আমরা এইটা ভাগ করছি।

আমার মনে হয় এখানে যদি সাধারণের কিছু জানবার থাকে, তাহলে এই যে নক্‌শা উনি আমাদের কাছে দিয়েছেন, এই নক্‌শা দেখে জানতে পারবেন এবং কোন কাজ হতে পারে কিনা সেটা যে কোন লোক এই নক্‌শা দেখলেই বুঝতে পারবেন।

এই যে পয়সা খরচ করে উনি নক্‌শা দিয়েছেন, সেটা এত ছোট এবং এরকম গণ্ডগোলের ব্যাপার, যে সেখানে ওয়ার্ড কিভাবে ভাগ করা হ'ল, সেখানে কি ছিল, কোনটা গেলো, কোনটা এলো, এটা বোঝা অসাধ্য। এই নক্‌শাই এ'দের অপদার্থতার প্রত্যক্ষ প্রমাণ দিচ্ছে। এ'রা একটা নক্‌শা অবধি ভাল করে দিতে পারেন না। আজকালকার এই বৈজ্ঞানিক যুগে, অন্যান্য সমস্ত জায়গায় কি হয়? একটা বড় প্ল্যান সামনে এ'কে দেওয়া হয়, তাতে আলো জ্বালার ব্যবস্থা আছে: সেই আলো নীল, লাল রং-এর হয়। যেমন সিনেমায় ব্যবস্থা থাকে, সেইরকম ধরণের, সেইরকমভাবে দেখাবার ব্যবস্থা তিনি এখানে করতে পারতেন—অর্থাৎ যাতে এক কথায় বোঝা যেতো যে ও'রা কি করেছেন।

Shri Nepal Chandra Roy:

I rise on a point of Order.
হাউসে কোরাম নেই, হাউস চলবে কি করে?

Mr. Speaker: There is quorum. Mr. Banerjee may please continue.

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, এই যে কোরাম নেই, এটাতো খুব অস্বাভাবিক ব্যাপার নয়। এই সব বিলের যখন আলোচনা হয়, তখন এইরকম অবস্থা রোজই হয়। এখানে আইন পাশ করার আগে কোন কোরাম-এর দরকার হয় না। আপনি ঘণ্টার বোতাম টিপুন, এক্ষনি দেখবেন ঘর ভরে যাবে। আমাদের এখানে এই অবস্থা। এই গণতন্ত্রের অবস্থা এখানে। এতো রোজই আমরা দেখছি। আজকে স্যার, আমাদের এখন অসুবিধা যে আমরা এইসব কাজ-এর বাইরে নির্বাচকমণ্ডলীই হোক বা সাধারণ মানুষই হোক, তাদের আমরা দেখাতে পারি না যে এইখানকার কার্যকলাপ কিরকম হচ্ছে। যে কোন লোক যদি ঐ নক্‌শা যা দেওয়া হয়েছে অনেক কষ্ট করে অনেক দাবী দেওয়ার পর এই নক্‌শা দেখে কোন লোক বুঝতে পারবে কিনা যে এটাকে কনসালটেসন করলে এই নক্‌শা কোন কাজে আসবে কি আসবে না। স্যার, এর পরে দেখুন উনি যে সমস্ত প্রোপোজাল দিয়েছেন এই বড় বড় বইতে, লিখেছেন প্রোপোজড অ্যামেন্ডমেন্ট টু দি সিডিউল, তারপরে বিলের সংগে যে সিডিউল দিয়েছেন সেখানে ৩৭টি ওয়ার্ড-এ তিনি ৩৭টি য়্যামেন্ডমেন্ট দিয়ে পরিবর্তন করেছেন। আর এই যে খাতাপত্র দিয়েছেন এসব য়্যামেন্ডেড হয়ে কি দাঁড়িয়েছে আমরা জানি না। সেইজন্যে আজকে আমাদের এই যে বিল হচ্ছে এই বিল কোনটা কোথায় কিভাবে কোন ভিত্তিতে এই হচ্ছে তা মৎস্যমন্ত্রী বা স্বায়ত্তশাসন মন্ত্রী বলতে পারেন বা ও'দের যাঁরা আছেন বলতে পারেন, আমরা কিছু জানি না। আর এ যদি বিচারালয় হতো আমি প্রমাণ করে দিতে পারতাম সেখান থেকে ছিঁড়ে ফেলে দিয়ে দূর করে দিতো, এই বিল সেখানে রাখতো না। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের এই দেওয়ালের কাছে আরগুমেন্ট করতে হয়। আজকে যদি কোন বিচারপতি থাকতো, যদি এর সাক্ষ্য গ্রহণ করা হতো, আমি এখনও তাঁদের চ্যালেঞ্জ করছি এই বিল আর এই কাগজপত্র নিয়ে তাঁরা যে-কোন বিচারালয়ের সামনে আসুন। আমি এই বিল ইনভ্যালিড, এই বিল ইললিগ্যাল, আর এই বিল নট ওয়ার্থি অব য়্যাকসেপট্যান্স করিয়ে দিতে পারি। উনি আসুন। কিন্তু সেতো কোন প্রশ্ন নয়, প্রশ্ন আলো জ্বালিয়েই হবে। তারপর

উনি করেছেন কি, যত ভোটারের নম্বর আছে সেই নম্বর অনুযায়ী, একটা নির্দিষ্ট নম্বর অনুযায়ী ভোট ভাগ হয়েছে। উনি নিজে স্বীকার করেছেন ১০ হাজারের কমে ভোটার যা আছে তার সংখ্যা ৬৮টা। এইরকম ২০ হাজার, ২৪ হাজার পর্যন্ত সমস্ত ভোটারের সংখ্যা। তার মানে ১০ হাজারের একটা ওয়ার্ড আছে, আর একটা ২২ হাজারের ওয়ার্ড আছে, এইগুলি হল ও'র অরিজিন্যাল। তারপরে য়্যামেন্ডেড হয়ে কি হয়েছে আমি জানি না, সে য়্যামেন্ডমেন্ট কি করেছেন না করেছেন, সেসব উনি দেবেন, কি কি করছেন তাতে আমার কিছু এসে যায় না। আপনারা যদি জিদ্ করেন যে যেরকম আইন করবেন আমি চাই প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে কর্পোরেশনে সুষ্ঠুভাবে অনেস্টির সঙ্গে ইনটিগ্রিটির সঙ্গে ভোটার লিস্ট তৈরী করা হোক। সরকারের হস্তক্ষেপ সেখানে থাকবে না। তাঁদের আমি দেখেছি, ও আমি জানি এখানকার যে ভোটার লিস্ট হয় সেই ভোটার লিস্ট ভুল, সেই সমস্ত ভোটার লিস্ট ঠিক নয়। সেইজন্য যদি আপনারা ভালভাবে ইলেকশন করাতে চান তাহলে সরকারের কর্তৃত্ব থেকে ইলেকশন ঘটিয়ে দিন। তা যদি না দেন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার ভিত্তি সেটা ঠিক হবে না। আমরা চাই সকলেই তাই চায় যে একটা ভালভাবে ইলেকশন হোক। সেখানে কারো কোন কথা চলবে না, সত্যিই যারা নির্দিষ্ট ভোটার তাদের নাম যেন এনলিস্টেড হয়। কিন্তু তার কি ব্যবস্থা আছে? তার কোন ব্যবস্থা এইখানে আমরা পাচ্ছি না। তাতে লিখেছেন এই যে ভোটার লিস্ট তৈরী হবে, ১৯৬১ সালের ভিত্তিতে উনি ভোট ভাগ করেছেন। ১৯৬২তে আমাদের যে এ্যাসেম্বলীর ভোটার লিস্ট তৈরী হয়েছিল সেই ভোটার লিস্ট নিশ্চয়ই ১৯৬১-এ তৈরী হয়ে গিয়েছে, সেইটার ভোট সংখ্যা দেখে তার ভিত্তিতে উনি এই ভোট সংখ্যা ভাগ করেছেন সে বেসিস রং, কারণ তারপরে আজকে অবধি যদি নেওয়া যায় অনেক ওয়ার্ড আছে সেখানে ১৫ হাজার কি ১৬ হাজার উনি লিখেছেন সেখানে ২৫ হাজার হয়ে গিয়েছে। অনেক ওয়ার্ড আছে যেখানে ১১-১২ হাজার ছিল তার চেয়ে অনেক কমে গিয়েছে। এইসব একটা ইনকারেক্ট ফ্যাক্টস এন্ড ফিগারসের উপর একটা বেসিস সেই তার উপর ভিত্তি করে একটা ভোটার লিস্ট ইমাজিনেশনের উপর তৈরী হয়ে যাচ্ছে। কিন্তু তা হবে, আমি জানি তা হবে, এটা রোধ করবার কোন উপায় নেই। কিন্তু এটা কি ঠিক দেড় বৎসরের মধ্যে যাঁরা কাজ করে উঠতে পারেনি তাঁরা ৭ দিনের মধ্যে ভোটার লিস্ট করতে চায়, এ করবে কেন? কেন তাঁরা সিলেক্ট কমিটিতে দেয়নি? আমার মনে হয় সিলেক্ট কমিটি যখন এই মিউনিসিপ্যাল বিল আলাপ আলোচনা করছিলেন তাঁদের কাছ থেকে এটা সরিয়ে রাখা আমার মনে হয় সেইসব মেম্বারসদের অবমাননা হয়েছে।

[3-10—3-20 p.m.]

যদি সিলেক্ট কমিটির সদস্যদের কারুর আত্মসম্মানবোধ থাকে তাহলে তাঁরা নিশ্চয়ই প্রতিবাদ জানাবেন। কেন এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা বিচারাধীন ছিল, যেটা সেই সময় সুযোগ থাকা সত্ত্বেও আমাদের কাছে দেওয়া হলনা, কেন এই রকমটা হল? ভালভাবে নির্বাচনী কেন্দ্র বিভাগ করা, যেটা করা উচিত ছিল, সেটা কেন তাঁরা করলেন না? ৩৩ জন সদস্য নিয়ে সিলেক্ট কমিটি হয়েছিল, দেড় মাস ২ মাস ধরে তার সিটিং হয়েছিল। তাতে আমরা ছিলাম। এই সিলেক্ট কমিটিকে এই বিল ভালভাবে বিবেচনা করার সুযোগ দেওয়া হোক, এটা কোন অন্যায় নয়। তাঁরা বলতে পারেন মার্চ মাসের মধ্যে ইলেকসান হবে। ইলেকসান হোক, আমাদের আপত্তি নাই, কিন্তু যা তা করে, সংবাদপত্রে সব কিছু বেরিয়েছে, অনেক আগেই বিভিন্ন বিরোধীপক্ষীয় রাজনৈতিক দল এর আলোচনা করেছেন, গণতন্ত্রে হয়তো তাঁদের সেই অধিকার আছে, কিন্তু যা তা করে কাজে এবং এই সমস্ত [illegible] না করে লোকের কথামত যদি চলতে হয় তাহলে সেটা অত্যন্ত লজ্জার বিষয় হয়। আমি জানি অনিলবাবু এই সব বিষয় নিয়ে আলোচনা করেছিলেন। কিন্তু তাঁরও দোষ নাই, এখন তিনি এখানে চুপ করে বসে আছেন, সেসব আমরা জানি। দ্বিতীয়তঃ, এই যে ১০০ জন, এটা আপনারা নির্দেশ দিয়ে ভাগ করলেন কেন? ১০ জন হতে পারত, যাতে আনঈকুয়াল কিছু একটা না হয় এই রকম বেসিস-এ নির্বাচনী কেন্দ্র ঠিক করা যেত, কিন্তু সেটা আপনারা করেননি, আপনারা নির্দেশ দিয়েছেন ১০০ জন করে। তারপর আরেকটা জিনিস দেখছি, বড় বড় রাস্তার ডিভাইডিং লাইন অর্থাৎ এ্যাকসেপ্টেড ডিভাইডিং লাইন অব কনস্টিটিউয়েন্সিস ছোট করে দেওয়া হয়েছে। এরিয়া অফ দি কনস্টিটিউয়েন্সি একটা মস্ত

...পার, কারণ একটা ওয়ার্ড দেড় ২ মাইল, তাতে মাল্টিস্টোরিড বিল্ডিং-এ একসঙ্গে ৫।৬ হাজার লোক থাকবে। এসবগুলি কি বেসিস-এ হবে সেটা ঠিক করা উচিৎ ছিল। তারপর, ভোটারর্স লিস্ট, কলিকাতা কর্পোরেশন-এর রিভাইজিং অথরিটি, তিনি একটা বই দিয়েছেন, তাতে লেখা আছে আমরা সরকার থেকে পেয়েছি

S. K. Roy Choudhury, Registering Authority of the Corporation of Calcutta.

এই রেজিস্টারিং অথরিটি কোথা থেকে এল? লোকে তার কাছে যাবে, তিনি লোকের নাম এনলিস্ট করবেন, কিন্তু তাকে ধরবার কোন ব্যবস্থা নাই। শুধু লিখে দেওয়া হয়েছে ৩৫ হাজার লোক থাকতে পারে, কিন্তু সেটা চেক-আপ করবে কে? হাজার হাজার লোক বস্তিতে থাকে, তারা সব সময় খোঁজ-খবর করতে পারে না। সুতরাং তারা সরকারের মতো একটা ভোটার লিস্ট মেনে নিতে বাধ্য হয়, কি উঠল না উঠল তা তারা দেখতে পারে না।

আমি আপনাদের সঙ্গে কোন রকম ঝগড়া করতে আসিনি এবং এটাও জানি আপনাদের সঙ্গে ঝগড়া করে কিছু হবে না, আপনারা নিজেদের মন মত চলবেন এবং চলে যাচ্ছেনও। কিন্তু এরও একটা সীমা আছে। এইভাবে হোল ক্যালকাটাকে ভাগ করলেন যার জন্য আপনাদের লজ্জা হোল না, কাউন্সিলরদের কাজ কমিয়ে দিলেন, তাঁদের সংখ্যা বাড়িয়ে দিলেন, তাঁদের অনারেরিয়াম ঠিক করছেন—এসব কি হচ্ছে? তারপর, উনি হচ্ছেন মৎস্যমন্ত্রী, ওনাকে বললেন স্বায়ত্বশাসনের কাজটা করে আসুন। এসব কি ছেলেখেলা হচ্ছে? আমি আপনাকে বলছি আপনি এই বিল ভালভাবে করুন বা সিলেক্ট কমিটি করুন বা সকলের সম্মতি নিয়ে করুন। আপনি ওঁদের নির্দেশ মত করেছেন বা আপনার কর্তৃত্বাধীনে যারা আছে তাদের বল্লেন ১০/২০/১০০ ভোট চেপে যাও। এরকমভাবে যে তৈরী করলেন এটা গণতন্ত্র বিরোধী। আমরা চাই প্রত্যেকটি এ্যাডাল্ট যার ভোটের অধিকার আছে তার নাম লিপিবদ্ধ করা হোক, আমরা চাই যে সমস্ত নাম অন্যায়ভাবে লেখা হয়েছে অর্থাৎ যে লোক মরে গেছে বা যে লোক এখানে থাকে না সেই সমস্ত অনুসন্ধান করে নির্ভুল ভোটার লিস্ট তৈরী করে গণতন্ত্র মাফিক নির্বাচন করা হোক। এইভাবে করলে আমরা সম্মত আছি, আর তা যদি না করেন তাহলে আমি এই বিলের বিরোধিতা করছি। সাধারণ মানুষের যে অধিকার আছে তা নিয়ে আপনারা ছেলেখেলা করছেন, তাদের অধিকারচ্যুত করছেন। এসব আপনাদের করা উচিত নয়, কারণ এর দ্বারা আপনারা ক্ষমতার অপব্যবহার করছেন।

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1964.

শ্রীযুত চেয়ারম্যান, স্যার, এই বিল বোঝা বেশ কঠিন। বিজয়বাবুর কথা শুনলাম এবং তারপর আমার চোখ খারাপ থাকার ফলে এই ম্যাপে কোন রাস্তার নাম পড়তে পারলাম না, সব তালগোল পাকিয়ে গেল। তালগোল পাকাবার আরও কারণ হচ্ছে বিভিন্ন ওয়ার্ড যেটা প্রস্তাব করা হয়েছে সেখানে ভোটারের সংখ্যা কত হবে সে সম্বন্ধে আমাদের কাছে যেটা দেওয়া হয়েছে তা দুরকম। প্রথমে ২০এ জুলাই, ১৯৬৪ তারিখে রেজিস্টারিং অর্থারিটির নামে একটা জিনিস আমাদের দেওয়া হয়, কিন্তু তার ২০ দিন পর এই একই ভদ্রলোকের নামে—অর্থাৎ এস. কে. রায় চৌধুরীর নামে আর একটা রিভাইজড দেওয়া হোল। কিন্তু এই ২০ দিনের মধ্যে কি রকম বদলাল সেটা আপনি একবার দেখুন। ১ নম্বর ওয়ার্ডে ২০ দিন পূর্বে ছিল ১৭ হাজার ৫৮০ এবং ২০ দিন পর হোল ১২ হাজার ৯৭৩। এরকম ব্যাপার বহু ওয়ার্ডেই হয়েছে। কিন্তু আমার মত দীন লোক এটা বুঝতে পারছি না যে, একই ভদ্রলোক, একই রেজিস্টারিং অর্থারিটি ২০ দিনের মধ্যে ৫/৭ হাজার ভোটার এদিক ওদিক করে কি করে এইভাবে বদলে ফেললেন? তাই আমার মনে হচ্ছে দুটোই মিথ্যা, দুটোই প্রবঞ্চনা। আমি কর্পোরেসনের কাউন্সিলরদের জিজ্ঞাসা করায় তাঁরা বললেন এটা বিশ্বাস করবেন না, যদি কখনও রিয়াল ভোটার লিস্ট পান এবং যোগ করে দেখেন তাহলে দেখবেন মিলবে না। তাহলে দেখা যাচ্ছে এত টাকা খরচ করে, এত সময় নষ্ট করে এঁরা কিছুই করতে পারলেন না। এখন আমার বক্তব্য হচ্ছে সরকারের এটা ভেরিফাই করে দেখা কর্তব্য এবং ২০/২২ দিনের মধ্যে ভোটারের তালিকায় এই যে তফাত হয়েছে সেটা মন্ত্রিমহাশয় ব্যক্তিগত-ভাবে যোগ করে দেখেছেন কিনা জানিনা। যদি না দেখে থাকেন তাহলে দেখবেন এবং যদি দেখে থাকেন তাহলে এই যে দুরকম ফিগার দিয়েছে এটা সত্য কিনা বলবেন।

[3-20—3-30 p.m.]

তারপর বিলটাতে যেভাবে ভাগাভাগির সাজেস্ট করেছেন তার মাথামুণ্ডু কিছু নেই। কারণ যাইহোক হয়ত কিছুটা কংগ্রেসী কাউন্সিলারদের সুবিধা করে দিয়েছেন, কিছুটা বিরোধীদের অসুবিধা করে দিয়েছেন, কিছুটা শাঁয়ার অপদার্থতা থেকেই কিছুটা হয়ত অন্য কিছু করে উঠতে পারেননি বলেই হোক মোটের উপর জিনিষটা একটা যা তা হয়েছে। আমি দুই একটা উদাহরণ দিয়ে মন্ত্রিমহাশয়কে বলতে পারি, কেননা মন্ত্রিমহাশয় কলকাতার ব্যাপার খুব ভাল জানেন বলে মনে হয় না। তাঁকে ধরে বেঁধে দাঁড় করিয়ে দিয়েছেন, কিন্তু তাঁকে বুঝতে হবে। ধরুন আমার এলেকা ওয়ার্ড ৮৫ বলে একটা নূতন ওয়ার্ড করে দেওয়া হয়েছে। কিন্তু এটা নিউ আলিপুর ৭২ ওয়ার্ডের মধ্যে ছিল, সেখান থেকে নিউ আলিপুরকে কেটে দেওয়া হয়েছে। আবার ৬৫ ওয়ার্ডের টালীগঞ্জের গঙ্গার এপারের টুকু নেওয়া হয়েছে। দিয়ে দুটো ওয়ার্ড থেকে দুটো টুকরো কেটে নিয়ে একটা নূতন ওয়ার্ড বানানো হয়েছে। এখন সেখানে নিউ আলীপুরের সঙ্গে একটা টালীগঞ্জের অল্প অংশ বেশীরভাগ নিউ আলিপুর যোগ করে একটা নূতন ওয়ার্ড করা হয়েছে, যাতে ১৩,৮৪৬ ভোটার আছে। কেন করা হয়েছে? নিউ আলিপুর এতদিন চেতলার সঙ্গে যুক্ত ছিল কিন্তু নিউ আলিপুরে তো বড় লোকেরা বাস করেন, সেখানে তাঁরা বাড়ী করেছেন, সেখানে ঐ বড়লোকদের সংখ্যাধিক্য থাকার ফলে তাদের নমিনী যাতে নির্বাচিত হতে পারেন সেজন্য মণি সান্যালের ওয়ার্ডের অংশ থেকে কিছুটা, আর কিছুটা পরিমল সরকারের থেকে নিয়ে নিউ আলিপুরে মেজরিটি করতে হবে, সেখানে ভোটার সংখ্যা হয়েছে ১৩ হাজার মাত্র। কিন্তু এর মধ্যে জোচ্চুরি আছে। প্রথমবারে এখানে সার্কুলেট করেছে রেজিস্টারিং অর্থারিটি যে ভোটার সংখ্যা হচ্ছে সাড়ে ষোল হাজার, তারপর রিভাইজড এষ্টিমেটে দেখানো হয়েছে ১৩,৩৯০, এবং তার পাশে মণি সান্যালের ওয়ার্ড ৭২, তার ভোটার সংখ্যা প্রথমবারে দেখান হয়েছে ১৬,৭০০, নিউ আলিপুর কেটে যে নূতন ওয়ার্ড হল তাতে হল ১৬,৪০০, আর মণি সান্যালের ১৬,৭০০। এখানে রিভাইজড এস্টিমেটেও দেখলাম নিউ আলিপুর নূতন যে ওয়ার্ড হল তার ভোটার সংখ্যা হল ১৩,৪০০ আর মণি সান্যালের ওয়ার্ডে হল ২২,৬২২। কাজেই সংখ্যার সামঞ্জস্য করান জন্য যা করা হয়েছে তাতে এটা পরিষ্কার গরীব লোকদের আরও বাড়িয়ে দিয়ে নিউ আলিপুরের বড় লোকদের আলাদা করে একটা ওয়ার্ড করে তাতে যদি ১৩ হাজার ভোটার হয় এবং কুচপরোয়া নেই যদি ফাড়তি পড়তি যে ভোটার সেসবকে ৭২তে যোগ করে দিয়ে

২২ হাজার ভোটার হয়, তাতে কিছু আসে যায় না। কেননা বড়লোকদের একটা সীট দিতে হবে। তারপর দেখুন আরও মজার, কাউন্সিলার কানাই সরকার-এর পুরানো ওয়ার্ড ৭১, সেটাকে নূতন ওয়ার্ড ৭৮ করা হয়েছে। কিভাবে করা হয়েছে? কাউন্সিলার কানাই সরকার যেখানে থাকতেন, তাঁর বাসস্থান ডাক্তারখানা সেটা সেদিন পর্যন্ত তাঁর যে পাড়া সেখান থেকে কেটে বাদ দিয়ে কি অপূর্ব কারবার, যেখানে তিনি থাকতেন এবং যেখানে তিনি ব্যবসা করতেন, যেটা তাঁর পাড়া সেখান থেকে কেটে যোগ করে দেওয়া হল সাহেবঘেঁষা পোদ্দার রাজা বীরেন ইত্যাদির বাসস্থান অঞ্চলের সঙ্গে। উদ্দেশ্য মহৎ ছিল, সম্ভবতঃ যাতে রাজা বীরেন রায়চৌধুরী প্রমুখ পুরান বৃটিশ খয়ের-খাঁ এবং এখন কংগ্রেস খয়ের-খাঁরা একটা চিরকুট পেতে পারে। তারপর আর কি করা হল—কানাই সরকারের থেকে কেটে নেওয়া হল, নিয়ে তাকে প্রমাণ করবার জন্য মণি সান্যাল যিনি আর একটা ওয়ার্ডের কাউন্সিলর তাঁর বাড়ীটা কেটে সেটা দিয়ে দেওয়া হল কানাই সরকারের খাতে। মণি সান্যাল ৭২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর। কিন্তু সেই ৭২ নম্বর ওয়ার্ড থেকে তাঁর বাড়ীটা কেটে সেটা কানাই সরকারের খাতে দেওয়া হল। এবং প্রত্যেকটিতে ভোটার স্ট্রেন্থের কোন মা-বাপ নেই। ফার্স্ট ড্রাফ্‌ট যা ওঁরা দিয়েছিলেন তাতে নতুন ওয়ার্ড ৭৮ এর ভোটার সংখ্যা ১৫ হাজার ৮ শো, রিভাইজড ড্রাফ্‌টে দেখছি ১২ হাজার ৬ শো ৭৩। এখন কোনটা সত্য তা আমি জানি না। মণি সান্যালের ওয়ার্ড ওল্ড ৭২ নতুন ৮৬তে ভোটার সংখ্যা ১৬ হাজার ৭ শো আর ২২ হাজার ৬১২ রিভাইজডএ। আর নিউ আলিপুরের কথা তো আমি আগেই বলেছি। তারপর ধরুণ ওয়ার্ড নাম্বার ১০ যেটা পুরান ওয়ার্ড ৯, আর পুরান ৭ নম্বর ওয়ার্ডের প্রায় ৪ আনা অংশ কেটে নিয়ে যোগ করে তৈরি করা হয়েছে সেখানে দেখছি প্রথম ড্রাফটে ভোটার স্ট্রেন্থ দেখান হয়েছে ১৪ হাজার ৯ শো এবং তার পাশে পুরান ১০ নম্বর ওয়ার্ড অর্থাৎ নতুন ১২ নম্বর ওয়ার্ড যেটা অনেক ছোট হয়ে গেছে তার ভোটার স্ট্রেন্থ দেখান হয়েছে ফার্স্ট ড্রাফ্‌টে ১৪ হাজার ৩ শো। অর্থাৎ দেখানর উদ্দেশ্য এটা দাঁড়ায় যে প্রথম বারে যা দেখিয়েছেন তাতে ওয়ার্ড ১০ এর যে নতুন চেহারা হল ওয়ার্ড ৯কে ১০ করে তার ভোটার সংখ্যা এবং ওয়ার্ড ১২ এর ভোটার সংখ্যা সমানই প্রায় আছে এইভাবে দেখান হয়েছে। কিন্তু পরে রিভাইজড ড্রাফ্‌টে দেখা গেল যে পুরান ৯ নম্বর ওয়ার্ড যাকে ১০ নম্বর করা হল তার ভোটার স্টেন্থ হচ্ছে ১৬ হাজার ৪২১, আর নতুন ১২ নম্বর ওয়ার্ড যা পুরান ১০ নম্বরকে কমিয়ে করে দেওয়া হল তার ভোটার সংখ্যা হচ্ছে মাত্র ১৩ হাজার ৬ শো। অনেকে বলেন যেহেতু নতুন ১২ নম্বর পুরান ১০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর হচ্ছে কংগ্রেস মিউনিসিপ্যাল এ্যাসোয়িশানের সেক্রেটারী শ্রীমিহির গাঙ্গুলী কাজেই তাঁর ঝামেলা কমাবার জন্য তাঁর এরিয়াটা ছোট করে দেওয়া হল, আর পূর্ণেন্দু সেনগুপ্ত যেহেতু অপোজিসান কাউন্সিলর সুতরাং তাঁর ঝামেলা বাড়াবার জন্য তাঁর এলাকা এবং ভোটার সংখ্যা বাড়িয়ে দেওয়া হল। কিছুই নয়, সামান্য ভোটের এদিক ওদিক, এলাকার এদিক ওদিক। মিহিরবাবু সেখানে হয়ত সহজে নির্বাচিত হতে পারবেন, পূর্ণেন্দুবাবুর হয়ত একটু অসুবিধা হবে। আমি জানি না পরবর্তীকালে যে ফিগার দিয়েছেন সেই ফিগার আরো বদলাবে কি না। তারপর দেখুন সেণ্ট্রাল ক্যালকাটা, বিবেকানন্দ রোড থেকে ধরমতলা পর্যন্ত, আগে ৪টা ওয়ার্ড ছিল, এখনও ৪টা ওয়ার্ড রাখা হয়েছে, কিন্তু সেই ওয়ার্ডগুলির মধ্যে এরিয়া অদল-বদল করা হয়েছে, কোন ওয়ার্ডে ভোটার সংখ্যা বাড়ান হয়েছে, কোন ওয়ার্ডে ভোটার সংখ্যা কমান হয়েছে। এটা যে কেন হল বোঝা কঠিন। তারপর ধরুন ৫০ নম্বর যা পুরান ৪৬ নম্বর. মুকুর সর্বাধিকারী যেখানকার কাউন্সিলর সেখানে ফার্স্ট ড্রফ্‌টে ভোটার স্ট্রেন্থ দেখিয়েছেন ১৭ হাজার ৪ শো আর রিভাইজড-এ ভোটার স্ট্রেন্থ দেখিয়েছেন ১৮ হাজার ৩৯৩, আর নতুন ওয়ার্ড ৫১ সেখানে ফার্স্ট ড্রাফ্‌টে দেখিয়েছিলেন ১৭ হাজার ৫ শো অর্থাৎ ৫০, ৫১-তে ১৭ হাজার ৪ শো এবং ১৭ হাজার ৫ শো একই রকম আছে যাতে লোকে বোকা বুঝে যায়। কিন্তু পরে দেখা গেল যে তার ভোটার সংখ্যা ১২ হাজার ৯৭৩। ৫০ নম্বরের যিনি একজন বিরোধী কাউন্সিলর তাঁর ভোটার সংখ্যা ১৯ হাজারের কাছাকাছি করে দেওয়া হল কিন্তু ৫১ নম্বর ওয়ার্ড তার পাশে, তার ভোটার সংখ্যা মাত্র ১৩ হাজার রইল, তাতে কোন আপত্তি নেই। এখন কেন করা হয়েছে বলা শক্ত। ৫১ নম্বর ওয়ার্ডে ঐই রকম ব্যবস্থা কেন করা হল—তবে শুনছি আমরা যে দেবাংশুবাবু যিনি কংগ্রেসের একজন পরাজিত প্রার্থী তাঁর জন্য ছোটখাট ওয়ার্ড সামলে-সুমলে তৈরি করে দেওয়া হচ্ছে যাতে ভবিষ্যতে তিনি নির্বাচিত হতে পারেন। মন্ত্রিমহাশয়

হয়ত বুঝবেন না ফিগার, কিন্তু যিনি আসল উদ্যোক্তা এই বিলের তিনি বিজ্ঞের মত হাসছেন দেখছি। কাজেই তিনি যেন তাঁর সংগে পরামর্শ করে নেন জবাব দেওয়ার আগে। আর একটা উদাহরণ দিই, নতুন ৬২ নম্বর ওয়ার্ড, এটা তো প্রায় কলকাতার সমান, মৌলালি থেকে পাগলা ডাংগা পর্যন্ত চলে গেছে, সাড়ে ৩ মাইল কি ৩ মাইল এলাকা হবে। তার ভোটার সংখ্যা দেওয়া হয়েছে ২৫ হাজার ৫২২।

[3-30—3-40 p.m.]

কেন, তার কারণ তার পাশে ৫৮ এবং ৬০নং আছে, ৫৮ নং-এর ভোটার সংখ্যা ১৩,৩০০, আর ৬০নং-এ দেখানো হয়েছে ১০,০০০, আর তার জায়গায় পাগলডাংগা পর্যন্ত একটি ওয়ার্ডে ২৫,৫০০০। ৬২নং নিউ সেণ্টার ভোটার সংখ্যা দেখছি ২৫,৫২২, আর নতুন ওয়ার্ড নং ৫৮ তার ভোটার সংখ্যা ১৩,৩৬৯, আর নতুন ওয়ার্ড ৬০ তার ভোটার সংখ্যা ১০,৮০৩। এখন এই দুটো ১৩ হাজার আর ১০ হাজার করতে হলে আর একটাকে ২৫ হাজার নিশ্চয়ই করতে হয়। কিন্তু লোকে জিজ্ঞাসা করবে এই দুটোকে ছোট করার আর একটা বড় করার কারণ কি কারণ আমাদের কংগ্রেস পক্ষের দুজন ব্যক্তি কাউন্সিলার অমূল্য সরকার এবং বঙ্কিম সরকার, ফাইনান্স কমিটির মেম্বার ও বোধ হয় তাঁরা ৫৮ এবং ৬০নং-এ দাঁড়াবেন। সুতরাং তাঁদের জন্য ১৩ হাজার, আর ১০ হাজার করে রেখে আর পাগলাডাংগাকে পাগল করে দিলাম ২৫ হাজার দিয়া, সেখানে যে পাগলই দাঁড়াবে সে কংগ্রেসের কাছে হারবে। তারপরে দেখুন ৫০ নং ওয়ার্ড পুরানো ৪৪নং সেটা আগে ডিস্ট্রিক্ট ২ ছিল, আর একটা ওয়ার্ড তার সংগে যোগ করে শুধু যে ভোটার সংখ্যা বেড়ে গেল তাই নয় সেটা দুটো ওয়ার্ডের মধ্যে পড়ে গেল, খানিকটা ২নং-এ, খানিকটা ৩নং-এ। কর্পোরেশনের প্রশাসন পরিচালনার তো একটা ব্যবস্থা আছে। ডিস্ট্রিক্ট ওয়ার্ড বেসিসে কেন করা হয়েছে? তার কারণ হচ্ছে ডিস্ট্রিক্ট ভাল ব্রিকন ওয়ার্ক, পাইপ ওয়ার্ক ইত্যাদির ভিত্তিতে ভাল করা। ধরুন আপনার কনজারভেন্সী [illegible] ডিস্ট্রিক্ট হিসাবে য়্যালাউড। একটা ওয়ার্ডের সিনিয়ার ওয়ার্ক, ব্রিকন ওয়ার্ক, পাইপ ওয়ার্ক ইত্যাদি, যদি দুটো ডিস্ট্রিক্টের মধ্যে পড়ে তাহলে সেই পাইপ ওয়ার্কস, কনজারভেন্সী দেখবার মালিক কেউ থাকবে না, এ বলবে আমার নয়, ও বলবে আমার নয়, শুধু সিউয়ারেজের ব্যাপারে নয়, সমস্ত ব্যাপারে ডিস্ট্রিক্ট হিসাবে কাজের ভাগ আছে। কাজেই যদি একটা ওয়ার্ডকে দুটো ডিস্ট্রিক্টের মধ্যে ঢুকিয়ে দেয়া হয় তাহলে সেই ওয়ার্ডের দেখাশুনা অবশ্য একথা বলাবাহুল্য, কারণ অথোরিটি, জুরিসডিকসন, ব্যবস্থাপনায় ঝগড়াঝাটি অসুবিধা দেখা দেবে। কিন্তু ওঁরা ওসব কথা চিন্তা করেন না, কি করে কিছু ওঁদের পক্ষের কাউন্সিলার বাড়ানো যায়, আর অপর পক্ষের [illegible] হারানো যায় এই হচ্ছে প্রধান দৃষ্টিভঙ্গী, যার জন্য এরকম একটা জগাখিচুড়ী করেছেন। কিন্তু চুরি করে যে সব সময় সাকসেসফুলী কাজ করা যায় তা নয়, খানিকটা চুরি, খানিকটা জগাখিচুড়ী সেই মিলিয়া এই নূতন বিলটা তৈরী হয়েছে, কনষ্টিটিউয়েন্সী ডিভিসন হচ্ছে। ধরুন সিম্পল কথা, যেখানে একটা ওয়ার্ডকে দুটো ডিস্ট্রিক্টের মধ্যে দিলেন তার অতীত বাস সম্বন্ধে কি হবে? ডিবেনচার লোন কর্পোরেশনের ওয়ার্ড লোড বেসিসে সেগুলি বাজেটে থাকে, ওয়ার্ড বেসিস, ডিস্ট্রিক্ট বেসিস যদি বদলে যায় তাহলে পরে সেই লোনগুলি তুলতে হলে আবার নূতন করে স্যাংসানের দরকার। কাজেই আমি বলবো আর যাই করুন, একটা ওয়ার্ডকে দুটো জেলার মধ্যে ঢুকাবেন না, কারণ তাহলে তাদের বাজেটের প্রোগ্রাম পর্যন্ত ক্ষতিগ্রস্ত হবে এটা যেন মনে থাকে। এই হল মোটের উপর এই বিলের চেহারা, যেভাবে কনস্টিটিউয়েন্সী ভাগ করা হয়েছে, তার মধ্যে অত্যন্ত গলদ আছে, খিচুড়ী আছে এবং কিছুটা অসৎ উদ্দেশ্যও আছে। আমি বলবো যে অসৎ উদ্দেশ্যটা পরিত্যাগ করে সকলে মিলে বসে আর একটু ধীরভাবে বিবেচনা করে যাতে ভালভাবে এটাকে তৈরী করা যায় তার ব্যবস্থা করুন। এত তাড়াতাড়ি করলে কিছু হবে না। কর্পোরেশনের ওয়ার্ড ডিভিসন শুধু তো ভোটের উদ্দেশ্যে নয়, ওয়ার্ড ডিভিসনের সংগে কর্পোরেশনের শাসন পরিচালনার একটা সম্বন্ধ আছে, সেই জিনিসটাও তো চিন্তা করতে হবে। কাজেই এত তাড়াতাড়ি করার কি দরকার আছে? আপনারা আর একটু ভালভাবে বসে আলাপ-আলোচনা করে, কর্পোরেশনের কাউন্সিলারদের সংগে আলাপ-আলোচনা করে ভাগা-ভাগীটা ভালভাবে করুন। য়্যামেণ্ডমেণ্ট কয়েকটা এনেছেন বটে, তাতে যে আপত্তিগুলি আমরা তুলাম তার মধ্যে ২।১টা ক্ষেত্রে হয়ত কিছুটা সমাধান হচ্ছে নিশ্চয়ই কিন্তু তার জন্য যে ধন্যবাদ

কাকে দেব আমি জানিনা, কংগ্রেস দলের মধ্যেই ঝগড়া বেধে গিয়েছিল, আমরা দেখলাম, এমনকি স্পীকার মহাশয়ও বিরক্ত হয়ে গিয়েছিলেন।

কংগ্রেস দলের অনেকে অসন্তুষ্ট হয়েছিলেন, আবার অনেকে সন্তুষ্টও হয়েছিলেন। কারণ, সকলকে সন্তুষ্ট করা ডিফিকাল্টি আছে। যাইহোক, তাদের মধ্যে মতভেদ হওয়ার ফলে, কিছুটা যদি বদলাতে হয়, তাহলে বুঝতে হবে মতভেদের নিশ্চয় মূল্য আছে। কিন্তু, হঠাৎ সেই ভিত্তিতে, আর একটা আবার, এই রকমভাবে খিচুড়ি করে না এনে, আর একটু অপেক্ষা করে, আরও একটু বিচার, বিবেচনা করতে দিন। সেই জন্য আমি প্রস্তাবটি দিয়েছি যে এই বিলটা সারকুলেট করা হোক

for the purpose of eliciting public opinion.

আর একটি কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের গোচরে আনতে চাচ্ছি, সেটা হল, এই বিল আনার আগেই, অর্থাৎ কনষ্টিটিউয়েন্সি কিভাবে বিভক্ত হবে, বা না হবে, তার তার আগে, গভর্নমেন্টের হুকুম অনুসারে নূতন ভোটার লিস্টে যদি কারও নাম লেখান না থাকে, তাহলে সেটা লিখে ফেলতে হবে জুলাই মাসের অমুক তারিখের মধ্যে। অর্থাৎ এখন আর কোন লোকের নূতন করে নাম লেখাবার প্রয়োজন নেই, যদি না সে ৫ টাকা খরচ করে, কারণ সময় উত্তীর্ণ হ'য়ে গিয়েছে। কিন্তু এই বিল যদি দুমাস আগে পাস হ'ত এবং কনসিসটেনন্সি এই ভাবে ভাগ হয়ে গিয়েছে লোকে জানতো তা হলে তাদের নাম এনরোলমেন্ট-এর জন্য লোকের মনে একটা সিরিয়াসনেস-এর ভাব আসতো, যে হ্যাঁ, এখন কনস্টিটিউসেন্সী ভাগ হয়ে গিয়েছে, এখন নিশ্চয়ই নির্বাচন হবে, সুতরাং এনরোলমেন্ট করান দরকার। সেই সিরিয়াসনেস জুলাই মাসে, তাদের কারও মনে ছিল না। আমি নিজেও নাম লেখাইনি। একসেপটিং দু-একজন সতর্ক, সাবধান লোক, যারা খুব বেশী ভবিষ্যৎ ভাবেন, তারা নাম লিখিয়েছেন। তাঁরা ছাড়া, বহু ভোটার আছেন, যাঁরা খেয়ালই করেননি ব্যাপারটা, যে সামনের বছরে কর্পোরেশনের ইলেকসন হবে য়্যাডাল্ট ফ্রানচাইজ বেসিস-এ; নূতন বেসিসে ইলেকসন হবে, সুতরাং আমাদের নাম লেখাতে হবে। আমাদের নাম যদি বাদ পড়ে থাকে, জেনারেল ইলেকসন-এ, ইলেকটোর‍্যাল রোল-এতে আমাদের নাম ঢোকাতে হবে। কাজেই আমি বলবো বিলটা সম্বন্ধে আর একটু আলাপ, আলোচনা করে, পাবলিক ওপিনিয়ন-এর জন্য সিলেক্ট কমিটিতে পাঠিয়ে, সকলের মতামত নিয়ে বিলটি সংশোধিত করুন। এই হল আমার এক নম্বর বক্তব্য। আর দু-নম্বর হল, আরও একটু লোককে সময় দিন যাতে ভোটার হিসাবে, তারা তাদের নাম এনরোলমেণ্ট করতে পারেন। তার জন্য যদি মার্চে ইলেক্সন বন্ধ রেখে, আগাস্ট মাসে ইলেকসন করতে হয়, তাতে এমন কিছু আসবে, যাবে না। দু-এক মাস যদি ইলেক্সন পিছিয়েও যায়, তাতে কোন ক্ষতি হবে না। কিন্তু আমার মনে হয়, এই পিছিয়ে যাওয়ার দরকারই হবে না, মার্চ মাসের মধ্যেই হয়ে যেতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি এই এ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্সি বিলকে সমর্থন করতে উঠে দু-একটা কথা আপনার সামনে রাখতে চাই। একটা জিনিস বিভিন্ন দলের বক্তার মুখ থেকে যা শুনতে পেলাম, তাতে মনে হল, যেমন একশ্রেণীর প্রাণী কামড়ালে, লোকের জল দেখলেই ভয় হয়, এ'দেরও ঠিক তেমনি জলাতঙ্ক হয়েছে। এ ছাড়া আর কিছু নয়। [এ ভয়েস—মোটেই নয়, সব বাজে কথা।] আমার মতে তাই। আমি নিজের সম্বন্ধে জোর করে বলতে পারি যে, যদি আমি সত্যই জনসাধারণের সেবা করে থাকি, তাহলে বাংলাদেশের যে-কোন এ্যাসেম্বলী কনস্টিটিউসেন্সী থেকে আমি নিশ্চয় রিটার্ণ হয়ে আসতে পারবো। যাদের এ সম্বন্ধে ভয় আছে, যারা তাদের এলাকায় কোন দিন যাবেন না, নাকে সরষের তেল দিয়ে ঘুমাবেন, তাদের অবশ্য এক হাজার, দু-হাজার ভোটার একটু এদিক, ওদিক হলে, জলাতঙ্ক হবে, এতে কোন ভুল নেই।

[3-40—4-15 p.m.]

যাদের ভয়, যাদের এলাকায় কোন দিন যাবে না, নাকে সরিষার তেল দিয়ে ঘুমাবে তাদের অবশ্য একটু, এক হাজার দুই হাজার ভোট এদিক ওদিক হলে নিশ্চয়ই জলাতঙ্ক হবে এতে কোন ভুল

নই। স্যার, এ'দের সব থেকে বড় জিনিষ আমি দেখলাম, লাহিড়ী মহাশয়ের বক্তৃতা, আমি বে মন দিয়ে শ্নেছি, বক্তৃতাতে আমরা কি শ্নতে পেলাম, উনি একদিকে বলছেন একটা ১৩ জার, ১০ হাজার, তার পাশেরটি ২৫ হাজার। পাশের যেটা ২৫ হাজার সেটা হচ্ছে ওঁদের ামপন্থী কাউন্সিলার, আর আমাদের সেটা ১০ হাজার বা ১৩ হাজার বললেন সেটা নাকি ংগ্রেসের। কংগ্রেসের দ্টি বাস্তুঘ্ঘ্ তাদের করবার জন্যে, তাদের সেফ জার্নি-র জন্যে নাকি টা করা হয়েছে। আমি বলবো ঐ সরকার মহাশয়রা, তাঁরা যদি ঐ সীট-এ দাঁড়ায় তাহলে াদের হেরে যাওয়া উচিত। তার কারণ তারা নিজের এলাকার ভোটার তৈরী করেনি। পলিটিক্যাল পারসন-র উচিত নিজের মেসিনারী ম্ভ করে তাদের এলাকায় একটি লোকও য ভোটার হয়নি যেন ভোটার হয়, এটার জন্য প্রপাগান্ডা করা উচিত। এরা শ্ধ্ ঐ ইলেকসান-র সময় প্রক্সি নিয়ে আসবে হাজারে হাজারে কিন্তু এরা কখনও নিজের এলাকায় যে প্রতিটি ান্ষের ভোটার হওয়া উচিত সেদিকে নজর দেয় না। আমি বলবো এই যে বিলটি এসেছে, এত সাইনটিফিক-ভাবে এখানে রাখা হয়েছে, আমি মন্ত্রিমহোদয়কে তারিফ করছি যে যেসমস্ত এলাকায়, ধর্ন ঐ ১৩ হাজার, ১৪ হাজার বা ১৫ হাজার আছে সেখানে এ বৎসর যদি তারা ভোটার না হতে পারে আগামী বৎসরে নিশ্চয়ই সেখানে ১৫ থেকে ২০ হাজারের মধ্যে হবে। ১০ হাজার ভোটার থাকবে না, যদি আপনারা লোকের কাছে না যান, দেশের লোক এখনও সকলে শিক্ষিত হতে পারেনি, শিক্ষিত মান্ষ যখন হবে তখন আর আপনাদের তাদের কাছে যেতে হবে া এবং আপনারাও তাদের কাছে যেতে পারবেন না। অতএব আমি বলবো যে এটা খ্ব াইনটিফিক ওয়ে-তে করা হয়েছে এবং এই বিলটি পাশ করে এই হাউস থেকে দেওয়া উচিত এবং অতি সত্বর। তার কারণ যে যদি '৬৫ সালে আমাদের ইলেকসান করতে হয় মার্চ মাসের ধ্যে করতে হবে, কারণ মার্চ মাসের মধ্যেই ইলেকসান করার নিয়ম এবং '৬৫ সালই হচ্ছে ডিউ য়ার এবং তা না করতে পারলে আরো এক বৎসর একসটেনসন করতে হবে এবং সেটাও আইন-বির্দ্ধ হবে, সেটার জন্যও আবার ন্তন করে অর্ডিন্যান্স করে নিতে হবে। সেই জন্যে আমি লবো এই বিলকে আমি সমর্থন করছি, যে য়্যামেন্ডমেন্ট এনেছেন মন্ত্রিমহাশয় এবং আমাদের সরকারের তরফ থেকে আমি সম্প্রর্ণভাবে তা সমর্থন করি। ভয়ের কোন কারণ নেই কারণ লোক য বড় হবে মারজিন তত বাড়বে। যদি আপনি পোপ্লার লোক হন যেখানে ২৫ ারের ভোটার আছে সেখানে আপনার মারজিন অনেক বেড়ে যাবে। লাহিড়ী মহাশয় একটি থা বললেন, ওঁরা তো বড় বড় গালভরা কথা বলেন বিশ্বব্রহ্ম, পরমব্রহ্ম ছাড়া কথা বলেন না, উনি লেন যে বড়লোকদের নিউ আলিপ্রে একটা এলাকা তৈরী করে দেওয়া হয়েছে। কেন, প্রশ্ন র বড়লোকরা কি দেশের মান্ষ নয়? তারা কি ভোটের অধিকারী নয়, গণতন্ত্র কি তাদের ধিকার থেকে বঞ্চিত করেছে? না খালি যারা নাকি ঐ প্রোলেটারিয়েট ডিক্টেটরসিপ বলবে, রা বলবে ঐ ষ্ট্যালিন সাহেব বড়, ঐ মাও-সে-তুং বড় তারাই খালি অধিকারী হবে? আমার গণতন্ত্র, এই দেশের গণতন্ত্র নিশ্চয়ই এই কথা বলে বড়লোকদেরও অধিকার আছে। আমরাও ক বড়লোকদের ফাঁসি দিয়ে দেশত্যাগী করাইনি, অথএব প্রত্যেকটি লোকের অধিকার আছে তার নজের নিজের প্রতিনিধিই পাঠাবার জন্যে। আজকে স্যার, আপনি চিন্তা করে দেখ্ন এই আমাদের বেঞ্চের পিছনে বসে আছে এ্যাংলো-ইনডিয়ান কমিউনিটি, তারা যদি ইলেকসান-এ দাঁড়ায় তারা হয়ত ইলেকটেড হয়ে আসতে পারবে না। তাই আমাদের গণতন্ত্র, আমাদের সংবিধান এমন ভাবে করে দিয়েছে যে এদের প্রতিনিধিত্ব করবার জন্যে এদের ম্খপাত্রকে এখানে পাঠিয়েছে, এদের তরফের কথা বলবার জন্যে।

Shri Birendra Narayan Roy: On a point of order, Sir,

মাননীয় নেপাল রায় বললেন, যে কোন অ্যাংলো ইন্ডিয়ান দাঁড়ালে নির্বাচিত হতে পারেন না। আমাদের সংবিধানে এমন কোন কথা নেই যে কমিউনিটি দাঁড়াতে পারবেনা। পাকিস্তানে আছে।

Shri Nepal Chandra Roy:

আমি যেটা বলছিলাম, আমাদের সংবিধান প্রতিটি শ্রেণীর মান্ষের প্রতিনিধিত্ব করার অধিকার দিয়েছে। বড়লোকের, চোরের, ডাকাতের, সকলেরই অধিকার আছে।

Shri Kamal Kanti Guha:
অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমাদের দেশে চোর-ডাকাত এরা ইলেকশন-এ কন্টেস্ট করতে পারে না।

Shri Nepal Chandra Roy: Sir, he does not know the rules.

শুধু মরাল টারপিচিউড-এ কনভিকসন হতে পারে না। যাই হোক, যে এলাকায় যে ধরনের মানুষ সেটাই ধরা হয়েছে, সেটাই ঠিক হয়েছে। বড়বাজার এলাকায় একজন মুসলমানকে প্রতিনিধিত্ব করবার জন্য দেব সেটা কি ঠিক হবে না? সেজন্য আমি বলছি, যে এলেকায় যে ধরনের সেই এলাকায় সেই ধরনের মানুষেরই প্রতিনিধিত্ব করা উচিত। নিউ আলিপুরকে যে আলাদা করেছেন এজন্য ওখানকার প্রতিটি মানুষ ওঁকে ধন্যবাদ দেবে। এই বিল আমি সম্পূর্ণ সমর্থন করি। যত তাড়াতাড়ি সম্ভব এই বিল পাস করে দেওয়া উচিত।

[At this stage the House was adjourned for twenty minutes.]

[After adjournment.]

[4-15—4-25 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1964.

মাননীয় স্পীকার মহাশয়, এই ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে আসবার সময় আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী ফজলুর রহমান সাহেব হাউস-এর কাছে একথা বলতে চেয়েছিলেন যে, অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেসনে চালু হবার পর ভোটারের সংখ্যা বেশী হবার জন্য আয়তনের পরিমাপ হিসেবে ৮০টির জায়গায় ১০০টি করার দরকার হয়েছে। মোটামুটি এই যা উনি বলেছিলেন এটা যুক্তিসঙ্গত কথা এবং রিপ্রেজেনটেশন যত বেশী হবে ততই ভাল এবং সে সম্বন্ধে আমার কিছু বলবার নেই। কিন্তু স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ এই ডেলিমিটেসন করা সম্বন্ধে যা বলেছেন সে সম্বন্ধে আমার বক্তব্য আছে। তিনি অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ সম্বন্ধে বলার পর বলছেন

At the same time the distribution of such voters in the various existing wards is found to be grossly disproportionate.

তিনি একথা ইয়ুজ করেছেন। আজকে এই সিডিউল চেঞ্জ করে নূতন সিডিউল তৈরী করছেন তার মস্তবড় কারণ হচ্ছে বর্তমানে ভোটার যেভাবে ভাগ হয়ে আছে ওয়েস্ট বেঙ্গলে সেটা গ্রসলী ডিসপ্রোপোরসনেট। তিনি এই একটা মস্তবড় গ্রাউন্ড-এর কথা বলেছেন। তিনি আর একটা কথা বলেছেন, কনস্টিটিউয়েন্সী

may be kept within a reasonably managable proportion and be more equitably distributed.

একথাও তিনি অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলেছেন। অর্থাৎ একটা কথা হচ্ছে ডিসট্রিবিউসনটা ডিসপ্রোপোরসনেট এবং দ্বিতীয় কথা হচ্ছে এমনভাবে কনস্টিটিউয়েন্সী তৈরী করতে চান যাতে ম্যানেজেবল প্রোপোরসন অ্যান্ড মোর ইকুইটেবলী ডিস্ট্রিবিউটেড হবে ভোটার্স। এটা সুন্দর কথা, কিন্তু দেখা গেল এটা করতে গিয়ে তিনি ফিক্সড সিডিউলকে নূতনভাবে ঢেলে সাজলেন। ঢেলে সাজতে গিয়ে তিনি আমাদের কাছে যে সেডুল নিয়ে এসে রাখলেন, সেটাই আমাদের বক্তব্যের মূল অংশ। ১০০টি কনস্টিটিউয়েন্সী হবে এটা কেউ আপত্তি করে নি, বরং আমরা এ বিষয়ে আগে থেকেই বলেছি যে যত বেশী রিপ্রেজেনটেশন হবে তত ভাল, সেটা সম্বন্ধে কোন আপত্তি নাই। ইকুইটেবলী ডিস্ট্রিবিউটেড হবে ভোটাররা, সে সম্বন্ধে কোন আপত্তি নাই, বরং সেটা হচ্ছে কিনা সেটাই কেবল দেখবো। এখন দেখতে পাচ্ছি স্টেট গভর্ন-মেন্ট কতকগুলি সূত্র ধরে কতকগুলি ভিহিকলস-এর মধ্য দিয়ে তাদের কনস্টিটিউয়েন্সীকে রি-ডিস্ট্রিবিউশন করতে হচ্ছে এবং সেটা করতে গেলে স্বাভাবিকভাবে—এটা ম্যাজিক নয়, তাদের কর্পোরেশনকে বলতে হচ্ছে এবং তিনি যা বলেছিলেন ১৪-৫-৬৪ তারিখে

D.O. No. 2023M/1C

তাতে অনারেবল মিনিস্টার ইন চার্জ মেয়রকে বলেছিলেন যে কিভাবে কনস্টিটিয়েন্সীকে রিড্রাপ্ট করে দিতে হবে এবং বলার পর মেয়র যথারীতি যা করলেন তাতে ১০০টি কনস্টিটিউ-য়েন্সী তৈরী হল এবং স্বভাবতঃই মাননীয় স্পীকার মহাশয়, কলকাতা কর্পোরেশনের যে অফিস সেই অফিস যতটা সুন্দরভাবে কনস্টিটিউয়েন্সীকে ডিলিমিটেশন করে দিতে পারে, তাদের যে সুযোগ আছে, যে পরিধি আছে, নিশ্চয়ই স্টেট গভর্নমেন্টের অফহ্যান্ড সেই কাজ করা সম্ভব নয়, সেজন্য ঠিকই করেছিলেন অনারেবল মিনিস্টার এবং ১৪-৫-৬৪ তারিখে যে চিঠি দিয়েছিলেন তাতে তিনি লিখেছিলেন ইকুইটেবল ডিস্ট্রিবিউটেড ভোটার সংখ্যা যেন ১৩ থেকে ১৮ হাজারের মধ্যে থাকে। এটা মোটামুটি ঠিক কথাই বলেছিলেন এবং ১০০টি কনস্টিটিউয়েন্সী করে কর্পোরেশনে তদানীন্তন কমিশনার বিনয়জীবন ঘোষ মহাশয় যথারীতি মন্ত্রী দপ্তরে সেটা পাঠিয়ে দিয়েছিলেন। তিনি যেটা চেয়েছিলেন মেয়রের থ্রু দিয়ে সেটা পাঠিয়ে দিলেন এবং যে চিঠি লিখলেন সেটা হচ্ছে

I am to invite a reference to your letter No. 1538M/1C/116/63 of 21st April, 1964.

শুধু মাননীয় মন্ত্রীকে চিঠি দেন নি, একটি অফিশিয়াল চিঠি গিয়েছিল

"relating to the above subject ....as per requisition of the State Government in the aforesaid letter for furnishing the description of the boundaries of the proposed 100 wards and the estimated voting strength of each of those wards by the 15th June, 1964, I am enclosing a map of the city showing the redrawn boundaries of the proposed 100 constituencies and a typed statement maintaining in detail the boundaries of the proposed 100 constituencies.".

এই পর্যন্ত স্যার, উনি মোটামুটি ইকুইটি বজায় রাখতে চাইলেন। কিন্তু আমি এখানে মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাইছি যে তিনি নিজে যে জিনিস চাইলেন এবং যে জিনিস সরকারী নীতি হিসাবে এবং সরকারী রীতি হিসাবে সেই অর্গানাইজেশনের যে মুখ্য তার কাছ থেকে নেওয়া দরকার এবং তিনি নিয়েছিলেন অথবা তিনি পাঠালেন, সেই যে রিড্রন ম্যাপ এবং তাদের যে স্টেটমেন্ট তা আমাদের কাছে পেশ করেন নি কেন? অতএব আমি আপনার কাছে বলছি মাননীয় স্পীকার মহাশয়, যে খুব ম্যাজিক হয়ে গেল। আপনি নিজে কতটুকু জানেন জানি না, কিন্তু ম্যাজিক হয়ে গেল। ম্যাজিক হওয়ার পর দেখা গেল যে সেই ম্যাপ আর নেই। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এখানে যে ম্যাপ দেওয়া হয়েছে এটা কি সেই ম্যাপ যে ম্যাপ এই চিঠিতে রেফার্ড হয়ে এসেছিল? আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি সেই ম্যাপটা আছে কিনা? আমি মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি এই যে স্টেটমেন্ট কর্পোরেশান থেকে বিনয়জীবন ঘোষের যে চিঠি আমি পড়ে শোনালাম সেই চিঠি তিনি হাউসের সামনে রাখবেন কিনা? যদি রাখেন তবেই আমরা বিচার করতে পারব। তারপর ইকুইটি এই কথার সংগে আর একটা জিনিস রয়ে গেছে—এমনভাবে ওয়ার্ড করা দরকার এতো স্বাভাবিক কথা, এটার জন্য বেশী কিছু বলার দরকার নেই। যে ওয়ার্ড হচ্ছে তার বাউন্ডারি এমন হওয়া দরকার যেন ইজিলি অ্যাকসেসিবল হয়, তার বাউন্ডারি অ্যাডজাস্টমেন্ট এমন হওয়া দরকার যেন তার ভোটার সংখ্যা একসেসিভ না হয়। এইরকম ধরনের যে সমস্ত চিরাচরিত পথ সে সম্বন্ধে কোন কথা এতে লেখা নেই। এই যে নতুন যেটা করা হয়েছে তাতে সেটা অবজার্ভ করা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে একটা উদাহরণ দিচ্ছি—কনস্টিটিউয়েন্সী নাম্বার ৬২। তাতে দেখান হয়েছে এখানে যে লিস্টটা উনি দিয়েছেন তাতে দেখান হয়েছে কনস্টিটিউয়েন্সী ৬২-তে ভোটার আছে ১৬ হাজার ৫ শো। আমি মন্ত্রিমহাশয়কে অত্যন্ত বিনয়ের সংগে বলছি যে তাঁর এই লিস্ট অন্তত ৬২ নম্বর কনস্টিটিউয়েন্সীর ক্ষেত্রে চরম ভুল এবং এখানকার ভোটার সংখ্যা ২৪ হাজার। তারপর যেটা তিনি দিয়েছেন সেটা এসেছিল, তাতে ২৫ হাজার ৫ শো করেছেন। আমি মন্ত্রিমহাশয়কে অতি বিনয়ের সংগে জিজ্ঞাসা করছি যে তার কয়েক দিন আগে ১৬ হাজার ৫ শো থেকে ২৫ হাজার ৫ শো এই ডিফারেন্স কেন হল? তার বেসিস ভুল, নতুবা আকস্মিকভাবে এটা বেড়ে এল কেন সেটা আপনি চিন্তা করে দেখেছেন? আমি আপনাকে বলছি এইরকম বহু ডিসক্রিপ্যান্সি আছে যেটা আপনি অবজেক্টস অ্যান্ড রিজিনসে পুরান যে ওয়ার্ড ডিস্ট্রিবিউসান তার সম্বন্ধে নিজেই বলেছেন যে গ্রসলি ডিস-প্রোপোর্সানেট, তার মধ্যে ইকুইটি নেই। আপনি নিজেই নতুন যে বিলটা নিয়ে এসেছেন তাতে আপনি সেই জিনিসটা আরো ভালভাবে কায়েম করেছেন, তার দ্বারা আপনি নিজেকে আসামীর কাঠগোড়ায় দাঁড় করিয়ে দিচ্ছেন। সেজন্য মন্ত্রিমহাশয়কে বলছি অন্ততপক্ষে এইরকম একটা

কনস্টিটিউয়েন্সী ডেলিমিটেশনের ব্যাপারে তিনি ইচ্ছা করলে সমস্ত দলের লোককে নিয়ে বসে একটা কমিটি করে করতে পারতেন। কিন্তু তা না করে যেভাবে করলেন তাতে আমাদের আশঙ্কা হয় যে এটা খানিকটা দলীয় চাপে পড়ে হয়েছে এবং শোনা যায় শ্রীঅনিল মৈত্র মহাশয় নিজেই এটা করেছেন। উনি কর্পোরেশানের মেয়র নন, অবশ্য এককালে অপোজিসান লিডার ছিলেন, তারপর উনি ওখানকার কংগ্রেস দলের একজন নেতা। কাজেই উনি নিজে এইসমস্ত করে দিয়েছেন। আমি আপনার মারফত মাননীয় স্পীকার মহাশয় অনিলবাবুকে জিজ্ঞাসা করছি উনি কি এটা করার সময় ইকুইটি দেখেছেন? ইকুইটি যদি না দেখে থাকেন তাহলে নিজেই চিন্তা করে দেখুন এইরকম একটা কনস্টিটিউয়েন্সী ডিভিসান না করে তাঁরা আরো ২ দিন বাদে ভাল করে ডিভিসান করে নিয়ে আসতে পারবেন কিনা।

[4-25—4-35 p.m.]

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1964.

মিঃ স্পীকার স্যার, আমাদের সামনে যে বিলটা এসেছে এই বিলটা কিছু নয়, কোলকাতার শহরকে ১০০টা ওয়ার্ডে ভাগ করে নিয়ে ওয়ার্ডগুলি কিভাবে ভাগ হবে সেটাই হচ্ছে এই বিলটা এবং এই বিলটা উত্থাপন করতে গিয়ে আমাদের কাছে মন্ত্রিমহাশয় বললেন যে ৮০ থেকে ১০০ করা হয়েছে, তার কারণ হচ্ছে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ হয়েছে -এটা এইজন্য দেয়া হয়েছে যাতে সাধারণ নাগরিকদের প্রতিনিধিরা এসে কর্পোরেশন পরিচালনা করতে পারেন। এই দাবী আমাদের বহুদিনের দাবী। প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের সাথে সাথে যে প্রশ্নটা জড়িয়ে থাকে তা হচ্ছে প্রতিটি ওয়ার্ড বা প্রতিটি কনস্টিটিউয়েন্সী এমনভাবে গড়ে উঠবে যাতে কনস্টিটিউয়েন্সীগুলির মধ্যে ভোটার সংখ্যায় তারতম্য খুব বেশী না থাকে। কারণ ভোটার সংখ্যা এক জায়গায় যদি ৯ হাজার থাকে, আর এক জায়গায় ২৫ হাজার থাকে তাহলে প্রাপ্তবয়স্কদের ভোট দেবার উদ্দেশ্য ব্যাহত হয় এবং প্রাপ্তবয়স্কদের ভোট দেবার অধিকারের সাথে সাথে যে প্রশ্নটা জড়িয়ে আছে সেটা হচ্ছে ভোটার সংখ্যা ঠিকমত ছড়িয়ে দেয়া। তিনি বক্তৃতায় বলেছিলেন যেভাবে ওয়ার্ডগুলি ভাগ করেছেন তাতে ১৩ হাজার থেকে ১৮ হাজারে ভাগ করেছেন এবং সেই অনুযায়ী আমাদের কাছে উনি ছোট্ট লিস্ট দিয়েছেন—সেই লিস্টে দেখছি ঠিক ভাগগুলি ১৩ থেকে ১৮ হাজার আছে, কিন্তু কিছুদিন পরে আমাদের কাছে আর একটা বই এলো, তাতে দেখছি যে কোন ওয়ার্ডে ৮,৯০০ আছে, কোন ওয়ার্ডে ২৫,৫৪২ আছে, অর্থাৎ ৯ হাজার থেকে সুরু হল ২৬ হাজার পর্যন্ত ভোটার বিভিন্ন কনস্টিটিউয়েন্সীতে আছে, অর্থাৎ একটাতে যদি ৯ হাজার থাকে আর একটাতে ২৫ হাজার থাকে, অর্থাৎ একদিকের ভোটার সংখ্যার চেয়ে ৩ গুণ যদি হয়ে যায় তাহলে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজের উদ্দেশ্য ব্যর্থ হল। এই যে বড় বইটা ছাপা হল, কারা মন্ত্রিমহাশয়কে এসব সংখ্যাতত্ত্ব দিয়েছিলেন— এস কে রায়চৌধুরীর নাম আছে, কিন্তু প্রথমে একটা মিথ্যা বা অসত্য সংখ্যাতত্ত্ব কে তাঁকে পরিবেশন করলেন আমি জানি না, কিন্তু পরে যখন এই সংখ্যাতত্ত্ব তারা পেলেন তখন তাঁদের মাথায় এলো যে কিছু কিছু অ্যামেন্ডমেন্ট করা দরকার। যতক্ষণ পর্যন্ত এটা তাদের হাতে ছিল না ততক্ষণ পর্যন্ত সংশোধনের প্রশ্ন তাঁদের মাথায় ছিল না, এটা যখন হাতে পেলেন তখন দেখলেন ৯ থেকে ২৬ হাজার ভোটার হল, এটা খুব খারাপ দেখাচ্ছে, গণতন্ত্রে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজের কথা বলছে, সেই জিনিস থাকছে না, তখন ভাবলেন সংশোধন করা দরকার। তারপরে দেখলাম যে ৩৭টা কনস্টিটিউয়েন্সীর একটা সংশোধন আমাদের কাছে পেশ করলেন। মিঃ স্পীকার স্যার, একটা কথা আমি আপনার মাধ্যমে এই হাউসকে বলতে চাই যে যদি আমরা সেদিন বাধা না দিতাম বা পয়েন্ট অফ অর্ডার না তুলতাম, সেদিন যদি আমরা এই বিলকে পাশ করে দিতাম তাহলে ১৩ থেকে ১৮ হাজারের ভিত্তিতে পাশ হয়ে যেত, আর এই অ্যামেন্ডমেন্ট আসতো না। যে ভুল ছিল যদি সময়মত সেটা ধরা না পড়তো তাহলে সে ভুলটা আর বুঝা যেত না। এই প্রসঙ্গে বলতে চাই এই যে গোটা বইটা দেয়া হয়েছে তার ভোটার সংখ্যা ঠিক আছে কি নেই কে পরীক্ষা করে দেখবে। আগেরটাই অদ্ভুত তফাৎ, তার লিস্ট আমাদের কাছে দেয়া আছে, একটু-আধটু ভুল হতে পারে, প্রতিটি কনস্টিটিউয়েন্সীতে ভুল থাকতে পারে। দুটো কম্পেয়ার করে দেখাতে পারি

মাত্র একটা কনস্টিটিউয়েন্সীতে ভোটার সংখ্যা ঠিক আছে, অর্থাৎ মোটা বইতে ১৭,১৩৮, এটাতে ১৭,১৩৮, তাছাড়া প্রতিটি কনস্টিটিউয়েন্সীতে কোনটা ৩ হাজার কোনটা ৪ হাজার কোনটা ৫ হাজার তফাত অর্থাৎ এটা অত্যন্ত ভুল তথ্য ছিল। তারপর অ্যামেন্ডমেন্ট যেটা এসেছে এটা সত্য কিনা জানি না, অন দি হোল কি অবস্থা দাঁড়ালো। একটা কনস্টিটিউয়েন্সী আমি দেখাবো ৬০নং কনস্টিটিউয়েন্সী অ্যামেনডেড হয়নি; ৬০নং কনস্টিটিউয়েন্সীর ভোটার সংখ্যা হচ্ছে ১০,৮০৩, ২৫নং অ্যামেনডেড হয়নি, ভোটার সংখ্যা ১১,৩২৯ অর্থাৎ ১০ হাজার ভোটার আছে—এই ধরনের কনস্টিটিউয়েন্সী রয়ে গেল, আবার তার পাশাপাশি দেখাবো যে ৪৪নং কনস্টিটিউয়েন্সী অ্যামেনডেড হয়নি, সেই কনস্টিটিউয়েন্সীর ভোটার সংখ্যা ২০,১৩৩, ৪০নং কনস্টিটিউয়েন্সী অ্যামেনডেড হয়নি, তার ভোটার সংখ্যা ২০,৪২৫।

তাহলে দেখা যাচ্ছে যে অ্যামেন্ডমেন্ট করে যে কনস্টিটিউয়েন্সী আমাদের কাছে পরিবেশন করলেন মাননীয় মন্ত্রিমহাশয়, সেখানেও ১০ থেকে সুরু করে ২০ হাজার পর্যন্ত ভোটার থেকে যাচ্ছে। তাঁর সংখ্যা থেকে আমি নিয়েছি যেগুলো অ্যামেন্ডেড হয়েছে, এইরকম ২৫ হাজার কনস্টিটিউয়েন্সী, সেগুলো অ্যামেন্ডেড হওয়ার পর তার সংখ্যা কত দাঁড়িয়েছে? যদিও মন্ত্রিসভার একটা দায়িত্ব ছিল যে অ্যামেন্ডমেন্ট দেওয়ার সাথে সাথে ভোটার সংখ্যার তারতম্যটা কি-ভাবে হল, তার একটা লিস্ট আমাদের কাছে দেওয়া, সেই লিস্ট আমরা পাই নি। সেই লিস্ট না পাওয়ার দরুন, আজকে সেই সম্পর্কে আলোচনা আমি করতে পারছি না। যে ২৫ হাজারের ৮১ নম্বর কনস্টিটিউয়েন্সী অ্যামেন্ডড হওয়ার পরে, সেখানে ভোটার সংখ্যা কত হল তা তিনি পরিবেশন করেন নি। ৬২ নম্বর কনস্টিটিউয়েন্সীর ভোটার সংখ্যা ছিল ২৫,৫২২; সেটা অ্যামেন্ডেড হওয়ার পরে, তার ভোটার সংখ্যা কত এসে দাঁড়ালো, সেটা আমরা বুঝতে পারছি না। কারণ অ্যামেন্ডেড হওয়ার পরেতে ভোটার সংখ্যা কোথায় এসে দাঁড়িয়েছে সেটা আমাদের তিনি জানান নি। যে কনস্টিটিউয়েন্সীগুলি অ্যামেন্ডেড হয় নি, তাতে দেখছি ১০ থেকে সুরু করে ২০ হাজার পর্যন্ত ভোটার আছে। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে এই প্রশ্নটা করতে চাই—অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর যে মুখ্য উদ্দেশ্য, অর্থাৎ ভোটার সংখ্যাটা কাছাকাছি থাকবে, কিন্তু এই ১০ আর ২০, এ কি দ্বিগুণ হয়ে গেলো না? তাহলে যে উদ্দেশ্য নিয়ে কনস্টিটিউয়েন্সী ডিস্ট্রিবিউসন-এর প্রশ্নটা আমাদের সামনে এসেছিল, সেই উদ্দেশ্যটা কি এর দ্বারা ব্যাহত বা ব্যর্থ হয়ে যাচ্ছে না? সুতরাং আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ—এত তাড়াহুড়া না করে, ঠিকভাবে ভোটারদের ডিস্ট্রিবিউট করে কনস্টিটিউয়েন্সীগুলো যাতে ঠিকভাবে গড়ে উঠতে পারে সেদিকে নজর দেওয়া উচিত, তাহলে ডেমোক্রেসী রক্ষিত হবে, গণতন্ত্র রক্ষিত হবে। নেপালবাবু যে যুক্তি দেখিয়েছেন, সেই যুক্তিতে যদি ভাগ করে থাকেন, তাহলে ঠিকই আপনারা করেছেন, বড়লোক, তাদের জন্য একটা এলাকা করতে হবে। হ্যাঁ, তাদের জন্য যদি ৮ হাজার ভোটার হয়, তাহলে একটা এলাকা করে দাও। আর গরীব লোক, তাদের জন্য ২৫ হাজার, ২৬ হাজার ভোটারের একটা কনস্টিটিউয়েন্সী করে দাও। তাকে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ বলে না। সেটা অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর মুখ্য উদ্দেশ্য নয়।

কাজেই কলকাতা কর্পোরেশনে যেহেতু প্রাপ্তবয়স্কদের ভোটের অধিকার ছিল না, এই ধরনের ভেস্টেড ইন্টারেস্ট-এর লোকদের আসার সুবিধা ছিল, আজকে সেখানে প্রাপ্তবয়স্কদের ভোটারের অধিকার দেওয়ার ফলে তাদের মধ্যে থেকে প্রতিনিধি এসে কর্পোরেশনকে ঢেলে সাজাবে, কর্পোরেশনকে নূতনভাবে তারা তৈরী করবে, তাই যদি উদ্দেশ্য হয়, তাহলে এই চোরাগলি থেকে ভেস্টেড ইন্টারেস্টদের আনবার যে চেষ্টা, সেই চেষ্টা থেকে বিরত হওয়া মন্ত্রিমহাশয়ের উচিত। সুতরাং ১০ আর ২০ এই পার্থক্য এর মধ্যে রাখা উচিত নয়।

মাননীয় স্পীকার মহাশয়, আমার দু নম্বর প্রশ্ন হচ্ছে—ডিস্ট্রিবিউশন-এর ব্যাপারে যে গুরুত্বটা আমাদের চোখের সামনে চলে এসেছে, সেটা হচ্ছে এই কর্পোরেশনকে ভাগ করতে গেলে যেমন একটা ভোটারের ডিস্ট্রিবিউশন-এর প্রশ্নটা আমাদের সামনে থাকে, তেমনি থাকে কর্পোরেশনের যে ব্যবস্থা, সেই ব্যবস্থা যাতে ঠিকভাবে চলতে পারে। অর্থাৎ তার প্রশাসনিক ব্যবস্থা, তার সিউয়ারেজ সিস্টেম, তার ড্রেনেজ, তার কনজারভেন্সী, এই সমস্তগুলো যাতে ঠিকভাবে চলতে পারে। ওয়ার্ডগুলি ডি-লিমিটেশন-এর জায়গায় এবং বরো কমিটিগুলি ডি-লিমিটেশন

করতে গেলে বা ডিস্ট্রিক্টগুলি ডি-লিমিটেশন-এর ব্যাপারে এই প্রশ্নগুলি থাকে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে অ্যাসেসমেন্ট কর্পোরেশনের একটা মূল জায়গা, যা থেকে টাকাটা আসে। সেই অ্যাসেসমেন্ট সেখানে ছয় বছর অন্তর পর পর হয়। এখন ওয়ার্ডগুলো যদি এমনভাবে ভেঙ্গে দেওয়া হয়, যেমন উদাহরণস্বরূপ বলা যায়—৩১নং ওয়ার্ড, সেই ওয়ার্ড-এর অ্যাসেসমেন্ট গতবার হয়ে গিয়েছে, সেটা আর পাঁচ বছর আগে হচ্ছে না। অথচ তার পাশের যে ওয়ার্ড, সেটা অন্য জায়গায় থাকার দরুন, তারও একটা অ্যাসেসমেন্ট পাঁচ বছর আগে হয়ে গিয়েছে—তার একটা অংশ যদি ঐ ৩১নং ওয়ার্ড-এর সাথে জুড়ে দেওয়া হয়, তাহলে ঐ যে ছোট্ট এলাকা ৩১নং ওয়ার্ড-এর সাথে জুড়ে দেওয়া হল, তাতে সেখানে অ্যাসেসমেন্ট-এর ব্যাপারে ডিফিকাল্টি দেখা দেবে। সুতরাং এই এলাকা ভাগের ব্যাপারে বরোগুলি যেভাবে গড়ে উঠেছে, ডিস্ট্রিক্টগুলি যেভাবে গড়ে উঠেছে, তার দিকে নজর রাখা উচিত ছিল। সেই নজর রাখা হয় নি, যার ফলে অ্যাসেসমেন্ট-এর ব্যাপারে বিশেষ অসুবিধা দেখা দেবে। সে দিকে দৃষ্টি রেখে আমাদের ওয়ার্ডগুলো ভাগ করা উচিত ছিল।

তারপর তৃতীয় প্রশ্ন, যেটা আমাদের হেমন্তদা বলে গিয়েছেন। সেটা হচ্ছে ওয়ার্ডগুলোকে কেন হরাইজেন্টালভাবে করা হল? ভার্টিক্যালি ওয়ার্ডগুলো ভাগ করছেন না কেন? ওয়ার্ডগুলো হরাইজেন্টালী ভাগ করবার যে নীতি, সেইভাবে ভাগ করার নীতি কেন গ্রহণ করা হয়েছিল, তার একটা উদাহরণ আমি দেবো। ১১-১২ নম্বর ওয়ার্ড, এটাকে কেটে ১৭-১৮ নম্বর করা হল। ওয়ার্ডগুলো কিন্তু এতটুকু পার্থক্য করা হল না। ঐ ১১-১২ এলাকা যা ছিল, ১৭-১৮ এলাকাও ঠিক সেই সমান এলাকা হয়ে রইলো। অর্থাৎ ১১-১২ ওয়ার্ড-এর ভোটার সংখ্যার মধ্যে যে পার্থক্য ছিল, ১৭-১৮ ওয়ার্ড-এতেও ঠিক তাই রইলো। কিন্তু আগে যে ওয়ার্ডটা ছিল হরাইজেন্টাল, এখন সেটাকে কেটে ভার্টিক্যালী করে দেওয়া হল। কেন করা হল? কারণটা কি? কোন কারণ নেই। তবে, হয়ত, একটা মাত্র কারণ থাকতে পারে যে সেখান থেকে যিনি দাঁড়াবেন, তাঁর দাঁড়াবার যাতে সুবিধা হয়, এইভাবে কাটলে। সেইজন্য এটা এইভাবে কেটেছেন। কিন্তু হরাইজেন্টাল থেকে ভার্টিক্যালী করা একটা ছোট লেন বা রাস্তা, তাতে অনেক অসুবিধা দেখা দেবে। সেই রাস্তাটাকে যদি আপনি ভার্টিক্যালী কেটে দেন, তার একটা অংশ এই ওয়ার্ডে পড়লো, আর তার আর একটা অংশ অন্য ওয়ার্ডে পড়লো, তাহলে রাস্তার ব্যাপারে অসুবিধা দেখা দেয়।

[4-35—4-45 p.m.]

এবং অসুবিধা আরো দেখা দেয় নীচের যে ড্রেন তার ছোট একটা অংশ এপারে পড়লো, ছোট একটা অংশ ওপারে পড়লো, দুটো দুটো আলাদা কমিটির অধীনে যদি পড়ে যায়, দুটো আলাদা ডিস্ট্রিক্ট-এর অধীনে যদি পড়ে যায় তাহলে সুয়ারেজের অসুবিধা দেখা দেয়। এই দিকে যে নজর রাখা সেই নজর রাখা ডিলিমিটেশনের ব্যাপারে রাখা হয় নি। আরো দুঃখের ব্যাপার হচ্ছে এই আমরা জানি যে কনস্টিটিউয়েন্সীগুলিকে ভাগ করা হয়, সাধারণত ট্রাম রাস্তা, বড় রাস্তাগুলিকে ধরে ভাগ করা হয়, গলিঘুচি ধরে ভাগ করা হয় না। কিন্তু এবারে আমরা দেখবো এমন কি পায়খানা যাবার যে গলি যেগুলি কোন রাস্তা নয়, তাকে ধরে পর্যন্ত কনস্টিটিউয়েন্সী ভাগ করা হয়েছে, বাই লেন দিয়ে কনস্টিটিউয়েন্সী ভাগ করা হয়েছে। এমন কি একটা বস্তিকে দুই ভাগে কেটে দু-দিকে ফেলে দেওয়া হয়েছে। যেমন ধরুন ৬০নং কনস্টিটিউয়েন্সী একটা বস্তি, তার এক ভাগ ওধারে একভাগ এধারে—এইভাবে কেটে করা হয়েছে। সেই বস্তির কনজারভেন্সী কিভাবে চলবে? সেই বস্তির ভিতরে যেগুলি পরিস্কার করার জায়গা সেগুলি কিভাবে চলবে? সেইদিকে লক্ষ্য না রেখে বৈজ্ঞানিক যে ভিত্তি সে দিকে লক্ষ্য না রেখে ভাগ করা প্রয়োজন ছিল সেদিকে কোন লক্ষ্য রাখা হয় নি। আজকে যে ওয়ার্ডগুলি গড়ে উঠেছে হয়ত লোকসংখ্যার তারতম্য তাতে হয়েছে। হয়ত সেখানে এক জায়গায় ভোটারের সংখ্যার তারতম্য হয়েছে। এগুলি হয়েছে একথা সত্যি, কিন্তু এই ওয়ার্ডগুলি যখন বিভক্ত হয়েছিল তার একটা বৈজ্ঞানিক ভিত্তি ছিল। কর্পোরেশনের প্রশাসনিক ব্যবস্থা কি করে ভাল থাকবে, কর্পোরেশনের ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট কি করে ভালভাবে কাজ করতে পারবে, তার রাস্তাঘাট কি করে ভাল থাকবে, আলো কি করে ভাল থাকবে, টাকা যেগুলি আসে তাকে কি করে ঠিকভাবে নিয়োগ করা যাবে, এইসমস্ত জিনিস চিন্তা করে সমস্ত ওয়ার্ডগুলি ভাগ করা

হয়েছে। এবং আজকেও যদি ওয়ার্ডগুলি ভাগ করতে হয় তাহলে ভোটারকে সমভাবে ভাগ করে দিলেই ওয়ার্ডগুলি হবে না, তার সাথে কর্পোরেশনের প্রশাসনিক দিক এই দুটিকে মিলিয়ে করতে হবে। কিন্তু মিলিয়ে করতে গিয়ে ১০ থেকে ২০ হাজার হবার কোন কারণ নেই। মিলিয়ে করা যায় যাতে ভোটারের সংখ্যা দুই থেকে তিন হাজারের মধ্যে পার্থক্য রেখে সেটাকে মিলিয়ে করা যায়। সেই যে করার দিকটা সেই দিকে আমরা দেখছি, সিডিউল-এ যেটা এসেছে। সেদিকে নজর না রেখে এটা করা হয়েছে। আমি দু-একটি উদাহরণ আপনার কাছে তুলে ধরতে চাই, অনেক উদাহরণ অনেকে দিয়েছেন, আমিও দু-একটি উদাহরণ আপনার কাছে তুলে ধরতে চাই এই ভাগ বাটোয়ারার ব্যাপারে। কিন্তু এই উদাহরণ তুলে ধরবার আগে আপনার মধ্য থেকে আবেদনটা আমি রাখতে চাই, সেই আবেদনটা হচ্ছে এই যে, কলকাতা কর্পোরেশনকে আজকে ওয়ার্ডে ভাগ করে দিচ্ছেন, আজকে প্রাপ্তবয়স্করা ভোটাধিকার পাচ্ছে, তাদের প্রতিনিধিরা আজকে কর্পোরেশনে যাচ্ছে এবং সেই ভাগ করতে গিয়ে এমনভাবে যেন আমরা ভাগ না করি যাতে কর্পোরেশনের গণতান্ত্রিক পদ্ধতিতে যে নির্বাচন, সেই নির্বাচনে গণতন্ত্রের যে মত সেই মত যাবে ঠিকভাবে প্রতিফলিত হতে পারে সেই ব্যবস্থা যেন আমরা করি। আপনি জানেন স্পীকার মহাশয়, অ্যাসেম্বলী কনস্টিটিউয়েন্সীগুলি যখন ভাগ হয় সেই ভাগের প্রতিবাদ করবার সুযোগ থাকে, বাউন্ডারী কমিশন আছে সেখানে বিভিন্ন দলের প্রতিনিধিরা, এমন কি সরকারের বিরোধী পক্ষের যে প্রতিনিধিরা তারা তাদের বক্তব্য রাখার সুযোগ পায়। কিন্তু কর্পোরেশনের যে কনস্টিটিউয়েন্সীগুলি আজকে ভাগ হয়েছে সেখানে বিরোধীপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করে ভালভাবে যে করার ঠিক সেই দিকটায় লক্ষ্য করা হয় নি। আরো সবচেয়ে দুঃখের ব্যাপার হচ্ছে এটা যে, তাড়াহুড়া করে কনস্টিটিউয়েন্সীগুলি ভাগ হচ্ছে। কিভাবে তাঁদের মাথায় এসেছে জানি না, ৮০ থেকে ১০০ করতে হবে, এটা কি করে এ'দের মাথায় এসেছে আমি জানি না। ফজলুর রহমান সাহেব যখন এই দপ্তরে এসেছেন তিনি নদীয়া জেলার লোক, কলকাতা শহরের কোন্ রাস্তা কোথায় আছে জিজ্ঞাসা করলে উনি বলতে পারবেন না, কলকাতার রাস্তার ময়লা কিভাবে পরিস্কার হয় জিজ্ঞাসা করলে উনি উত্তর দিতে পারবেন না, উনি খুব বিপদের জায়গায় আছেন আমি জানি। কারণ এই প্রশ্নগুলির জবাব তাঁর পক্ষে দেওয়া সম্ভব নয়, পেছনে যারা বসে আছেন দপ্তরের উপরের কর্মচারী যাঁরা তাঁরা তাকে যেভাবে বোঝাবেন তাঁকে ঠিক সেইভাবে জবাব দিতে হবে। কিন্তু আমি আপনার কাছে প্রশ্নটা ধরে ডিলিমিটেশনের যে প্রশ্নটা সেটা যখন আমাদের কাছে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর পরে এখানে যখন সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল যেটা আমরা এখান থেকে পাশ করে দিলাম তখন কি তাঁদের মাথায় ছিল না ৮০ থেকে ১০০ আমাদের করতে হবে। তখন যদি এটা তাঁদের মাথায় থাকতো যে ৮০ থেকে ১০০ করতে হবে, তাহলে ডিলিমিটেশনের প্রশ্নটা যদি আগে আমাদের কাছে রাখতেন তাহলে সেইভাবে ভোটার তৈরী করবার যে প্রশ্নটা সেটা হতো। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন জুলাই মাসের মধ্যে ভোটার হিসাবে নামভুক্ত করবার শেষ তারিখ চলে গিয়েছে। কিন্তু ডিলিমিটেশন যে হচ্ছে এই বিল এখান থেকে পাশ হয় নি, আজকে সেপ্টেম্বর মাস, কনস্টিটিউয়েন্সীগুলি ঠিকভাবে কোনটা কোন এলাকা হবে, কিন্তু ভোটার কারা হতে পারবে তার নাম তাঁরা আগেই নিয়ে রেখেছেন। এই কনস্টিটিউয়েন্সীগুলি ভাগ হবার আগে ভোটারের নাম নেবার যে পথ সেই পথটা আমি মনে করি অত্যন্ত ত্রুটিপূর্ণ ব্যবস্থা এবং সেই ত্রুটিপূর্ণ ব্যবস্থা এইজন্য আমি বলছি কারণ, আগে যারা ভোটার হিসাবে নাম লিপিবন্ধ করেছে তারা পুরানো ওয়ার্ড হিসাবে নাম লিপিবন্ধ করেছে, নূতন ওয়ার্ড হিসাবে নাম তারা লিপিবন্ধ করে নি। ওয়ার্ডগুলি যখন বাড়িয়ে দিচ্ছেন ওয়ার্ডগুলি যখন বেড়ে যাচ্ছে এবং সেই বেড়ে যাওয়া ওয়ার্ডের উপর যখন নির্বাচন হচ্ছে তখন আমি আপনার মাধ্যমে আমি এই কথাটা বলতে চাই ভোটার হওয়ার যে তারিখ সেই তারিখটা বাড়িয়ে দেওয়া দরকার তা না হলে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ-এর যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্য ব্যাহত হবে।

মাননীয় স্পীকার মহাশয়, তাই আমার বক্তব্য হচ্ছে এই বিলটা যেন তাড়াতাড়ি করে পাশ করার চেষ্টা না করা হয়। এই বিলটা জনমত নির্ধারণের জন্যে প্রচারকার্যে দেওয়ার জন্য আমার যে প্রস্তাব আছে এই প্রস্তাবটা ভালোভাবে বিবেচনার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 27th November, 1964.

Shri Balanal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October. 1964.

Shri Balailal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

The Hon'ble S. M. Fazlur Rahman:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় এই বিলের উদ্দেশ্য এবং সুদূর-প্রসারী ফলাফল সম্পর্কে বলেছি। এই বিলটা যাতে সিলেক্ট কমিটিতে যায় তার জন্য একটা প্রস্তাব উত্থাপিত হয়েছে, একটা সারকুলেশন মোশনও আছে। শ্রীনিরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছেন, ৮০টি ওয়ার্ড বেড়ে ১০০টি হচ্ছে, এই সম্পর্কে তাঁদের বিশেষ কোন বক্তব্য নাই। কিন্তু কেমন করে ৮০টি ওয়ার্ডকে ১০০টি ওয়ার্ডে পরিণত করে সীমারেখা টানতে হবে সে সম্পর্কে মাননীয় সদস্যরা বলেছেন যে, এটা যথাযথ হয় নি, নিয়মসঙ্গত হয় নি, সমদৃষ্টিতে হয় নি—এইসব অভিযোগ তাঁরা করেছেন। এইসব ত্রুটি থেকে বিলটাকে মুক্ত করতে গেলে বিলটা সিলেক্ট কমিটিতে দেওয়া উচিত, সার্কুলেশন মোশন গ্রহণ করা উচিত, এইসব কথা ও'রা বলেছেন। মাননীয় সভাপাল মহাশয়, সিলেক্ট কমিটিতে দেওয়া বা প্রচারার্থ দেওয়ার কতগুলি মূলনীতি আছে। যদি দেখা যায় যে, সমাজের বিভিন্ন স্তরের মানুষের আশা-আকাঙ্ক্ষা, তাদের ধ্যান-ধারণা, এই বিল আইনে পরিণত হবার পর তার মাধ্যমে প্রকাশিত হওয়ার সম্ভাবনা থাকবে না, সুযোগ থাকবে না তাহলে আমি স্বীকার করি এই বিল জনসাধারণের মধ্যে প্রচার করা উচিত বা সিলেক্ট কমিটিতে যাওয়া উচিত। কিন্তু বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে, ৮০টির স্থলে ১০০টি ওয়ার্ড হলে তাঁদের কোন আপত্তি নাই।

[4-45—4-55 p.m.]

সেইসব জিনিস সিলেক্ট কমিটিতে পাঠানো যেতে পারে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় ৮০টি নির্বাচনকেন্দ্র ছিল এবং সেটাকে ১০০ করতে হবে। এখন ধরে নিতে হবে ৮০কে ১০০তে পরিণত করতে গেলে এই বিল আনবার ভূমিকায় আমি কি বলেছি। কমপ্যাক্ট এরিয়া, ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অফ ভোটার্স এবং ম্যানেজেবল এরিয়া যদি গ্রহণ করা যায় তাহলে ৮০কে ১০০তে পরিণত করতে গেলে যে যে উপকরণ, যে যে মালমশলা প্রয়োজন সেখানে সকল মাননীয় সদস্যদের এবং জনসাধারণের মধ্যে পার্থক্য কি? মাননীয় সদস্যরা বলেছেন ভাগ করতে গেলে কর্পোরেশনের ম্যাপ দেখতে হবে, অতীতে যে ওয়ার্ডগুলো ছিল তার আকার, প্রকৃতি দেখতে হবে, বর্তমানে পূর্ণবয়স্কদের ভোটের ভিত্তিতে ভোট হলে কতগুলি ভোটার হবে সেটা দেখতে হবে এবং যেখানে ভোটার কমবেশি আছে তাকে রিডিস্ট্রিবিউট করতে হবে। স্যার, একটি নির্বাচনক্ষেত্রে অধিকসংখ্যক, কমসংখ্যক বা সমসংখ্যক ভোটারের ভিত্তিতে যদি সীমানা পুনর্নির্ধারণ করা যায় তাহলে যেমন প্রয়োজন হবে ম্যাপ, ঠিক তেমনি প্রয়োজন হবে কর্পোরেশনের কত ভোটার আছে। বর্তমানে কর্পোরেশনে ৮০টি ওয়ার্ড আছে এবং সেই ওয়ার্ডকে কেমনভাবে ডিস্ট্রিবিউশন করলে কত সংখ্যা দাঁড়ায় এবং সেই সংখ্যাকে ভেঙ্গে যদি অন্য জায়গায় দেওয়া হয় তা হলে সেই ওয়ার্ড যেটা ভাঙ্গা হবে তার সামনে এই ধরনের জিনিস করতে গেলে কোন্ পথে গেলে, কোন্ গলিতে গেলে কতদূর প্রসারিত হলে এই কাজ করা যায় তার জন্য বিশেষ জ্ঞানসম্পন্ন মানুষের সাহায্য প্রয়োজন। মাননীয় স্পীকার মহাশয়, এখন দেখতে হবে এই যে ৮০কে ১০০ ওয়ার্ডে বিভক্ত করা হয়েছে সে সময়

আমরা সেই সাহায্য নিয়েছি কিনা? মাননীয় সদস্য নিরঞ্জনবাবু বলেছেন যে, দলীয় স্বার্থে এই ওয়ার্ড করা হয়েছে এবং কর্পোরেশন সম্বন্ধে বলেছেন যে, কর্পোরেশনের মতামত নেওয়া হয় নি, সেখানের বিরোধীদলের মতামত নেওয়া হয় নি এবং যাঁরা এ সম্বন্ধে ওয়াকিবহাল তাঁদেরও মতামত নেওয়া হয় নি। শুধু তাই নয়, তিনি আরও বলেছেন যে, এসব না করে একটা গেস্‌ওয়ার্ক করে এই ওয়ার্ড ভাগ করা হয়েছে। আমি বলব এটা সত্য নয়। মাননীয় শৈলেনবাবু বলেছেন, সর্বপ্রথম সাহায্য যদি নিতে হয় তাহলে কর্পোরেশনের কাছে যেতে হবে, সর্বপ্রথম সাহায্য যদি নিতে হয় তাহলে যাঁরা ভোটার লিস্ট তৈরি করেন তাঁদের কাছে যেতে হবে, তাঁদের মতামত গ্রহণ করতে হবে এবং কর্পোরেশনের প্রশাসনিক কাজে যাঁরা লিপ্ত আছেন তাঁদের কাছেও যেতে হবে। কিন্তু আইনে সেরকম কোন বিধান নেই এবং এই বিলের বিষয়-বস্তু নিয়ে যদি কোন আলোচনা হয় তাহলে সেটা হাউসের সম্পত্তি। কিন্তু তা সত্ত্বেও একটা কাঠামো দাঁড় করানো যেতে পারে এবং সেটা মূলত ন্যায়ভিত্তিক হতে পারে এবং সংখ্যাতত্ত্বের ভিত্তিতে হতে পারে। আমরা কর্পোরেশনের মেয়রকে পত্র দিয়েছি এবং সেটা আমার বিভাগ থেকে দেওয়া হয়েছে। তারপর কর্পোরেশনের চিঠি পেয়ে রেজলিউশান পাশ করেছি এবং তাকে কার্যকরী করবার জন্য স্পেশ্যাল কমিটি ফর ডেলিমিটেশন করেছি। কর্পোরেশনের রেজলিউশন এবং স্পেশ্যাল কমিটি ফর ডেলিমিটেশন তাঁদের মতামত দিয়েছেন এবং তার সঙ্গে একটা খসড়া ম্যাপ দিয়েছেন। সেই ম্যাপের কথাই শৈলেনবাবু বললেন যে, সেই ম্যাপ কোথায় এবং সেই ম্যাপে কি কোন সীমানা নির্ধারণ করে নি? সেটি একটি চিত্রাঙ্কন, একটি ম্যাপ যেখানে দাগ দেওয়া আছে, কোন্ রাস্তা কোথায় গেছে। সেটা দক্ষিণে, না উত্তরে, না পশ্চিমে তার কোন উল্লেখ নেই। কাজে কাজেই যদি ডেলিমিটেশন করতে হয় তাহলে শুধু রেখাঙ্কন দ্বারা সেটা নির্ণয় হতে পারে না। সহজ করতে গেলে তার উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিমের সীমারেখা, নির্দিষ্ট সীমারেখা থাকা দরকার। আমি আপনাদের কাছে রেজলিউশনটা শোনাতে চাই। ৩০এ ডিসেম্বর, নাইনটিন সিক্সটি-থ্রি সর্বপ্রথম কর্পোরেশনের রেজলিউশন এল এবং সেটা হলো

The Hon'ble S. M. Fazlur Rahman:

"That it may be recommended that as the population of the Calcutta area according to the 1961 census is about 30 lakhs, the constituencies for election to the Calcutta Corporation be fixed at 100 Wards converting approximately 30 thousand of the people in each Ward comprising about 15 thousand voters, more or less as is evident from the analysis of the voters list of the Assembly Constituencies for the Calcutta area subject to the necessary changes in the boundaries of the constituencies with special reference to homogeneity and compactness in area and that the State Government be informed accordingly".

The Corporation passed also another resolution on the same day, "That further to the resolution of the Special Committee for delimitation dated 12th December, 1963, quoted above, the actual delimitation of areas as shown in the annexed plan be approved and forwarded to the State Government immediately. A copy of the plan referred to is enclosed.".

প্ল্যানস মীন কি আপনারা জানেন, ক্ষেত্রসীমা নির্ণয় পেন্সিলে দাগ করে দেওয়া, তার উত্তর-দক্ষিণ-পূর্ব-পশ্চিম এই চতুঃসীমানা। কোন বর্ণনা থাকে না, অবশ্য এটা আমাদের সাহায্য করেছিল। সেই প্ল্যানের ভিত্তিতে কোন্ ওয়ার্ডে কত ভোটার হবে এর কোন উল্লেখ ছিল না। তখন আমাদের সাহায্য নিতে হয়েছে এবং সাহায্য নিতে হলে বলেছি যে, ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অফ ভোটারের যদি সাহায্য নিতে হয় তাহলে যেতেই হবে রেজিস্টারিং অথরিটির কাছে, যারা ভোটার এনলিস্ট করে। সেই কারণে আমাকে যেতে হয়েছে রেজিস্টারিং অথরিটির কাছে, এবং রেজিস্টারিং অথরিটির ভোটার লিস্ট দেখে তাদের কাছে যেটা পাওয়া গেছে সেটা দেখে তিনি যে ভিত্তিতে ভোটার লিস্ট দিয়েছিলেন সেটা দেখে আমাদের মধ্য থেকে কর্পোরেশন রেজলিউশন দেওয়া নয়, কর্পোরেশন প্ল্যান দেওয়া নয় এবং রেজিস্টারিং অথরিটির ভোটার লিস্টের প্রত্যেকটি ওয়ার্ডের আনুপাতিক কত ভোটার থাকতে পারে, সেই ভিত্তিতে যেটা দিয়েছি,

সেটা ঠিকমত আছে কিনা একবার নয়, একাধিকবার—রি-অ্যাডজাস্টমেন্ট করে সেটা করা হয়েছে, এবং সেটা প্রতীয়মান হচ্ছে এখানে সরল বিশ্বাসে আমি সকল জিনিস প্রকাশ্যভাবে এই বিধান-সভার সকল সদস্যের কাছে উপস্থাপিত করেছি এই কারণে যাতে এটা প্রমাণিত হবে যে, প্রথম যখন বিলটি আমি উপস্থাপিত করি তখন আমার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছি—১৩ হাজার থেকে ১৮ হাজার এই ভিত্তিতে যে কাঠামো খাড়া করা হয়েছে সেটা দেওয়া হয়েছে, তবে আমি যদি নিজে সন্তুষ্ট থাকতে পারতুম তাহলে এই বড় কেতাবটি ছাপতে হত না। আমি সকলের জন্য সব জিনিস স্পষ্টভাবে জানবার জন্য, সুযোগ দেবার জন্য, এই বড় কেতাবটি ছাপিয়েছি, তাতে আপনারা বলছেন অফিসারদের কথা শুনে যেহেতু আমি কলকাতার বাসিন্দা নই, কলকাতার অলিগলি আমি চিনি না, একথা সত্যি হলেও যে ভাগটি হয়েছে, যে বিভাজনটি হয়েছে সেটি ন্যায়ভিত্তিক হয়েছে কিনা, বিজ্ঞানসম্মত হয়েছে কিনা, সেটা তত্ত্বের এবং সংখ্যার ভিত্তিতে যথোচিত হয়েছে কিনা সেটুকু বুঝবার মত সহজ জ্ঞান এবং সাধারণ জ্ঞান আমার নিশ্চয়ই আছে। সেজন্য আমি যে লিস্ট দিয়েছি প্রথম তাতে দেখিয়েছি যে, অ্যাপ্রক্সিমেটলি এত থেকে এত ভোটার হবে। আপনি দেখবেন, প্রথম যে লিস্টটি দিয়েছি সেখানে মোটামুটি অংশ উল্লেখ করা হয়েছে এবং যে এস্টিমেট দিয়েছি তাতে ৫৬২৩, ৫৯৪২ কিছু নয়, ১৮ হাজার ১৫ হাজার ৬০০।৭০০ আনুমানিক দেওয়া হয়েছে। লেখা আছে দেখবেন অ্যাপ্রক্সিমেটলি দেওয়া হয়েছে। অ্যাপ্রক্সিমেটলি দেওয়ার পরই এ জিনিস প্রপারলি ভেরিফাই করার জন্য এবং ফারদার স্ক্রুটিনি করার জন্য ঐ বই ছাপা হয় এবং এই বই ছাপিয়ে স্ক্রুটিনী করার পর দেখা যায়, বোধ হয় আমরা যে ১৩ থেকে ১৮ হাজার বলেছি সেটা ঠিক যুক্তিসঙ্গত নয়, তখন ফারদার স্ক্রুটিনি করে এবং যে কথাগুলি আজকে তোলা হয়েছে মাননীয় সদস্যরা বলেছেন যে, ৮ হাজার থেকে ১০ হাজার থেকে ২৫ হাজার একথা সত্য যে, কোন জায়গায় যেমন বলেছেন ৬২ নম্বর ওয়ার্ডে দিয়েছি ২৫ হাজার, এখন সেই ২৫ হাজারকে কেটে করতে হয়েছে, ঠিক অ্যাডজাস্ট করতে হয়েছে এবং সেটা এখন দাঁড়িয়েছে ১৬,৬০০তে। নয়টি ক্ষেত্রে এই রকম দেখা যাচ্ছে।

[4-55—5-5 p.m.]

সেই ৯টা ক্ষেত্রে ২০ হাজারের ঊর্ধ্বে এবং ১১ হাজারের কম এমন কতকগুলি যে ক্ষেত্র আছে সেই ক্ষেত্রগুলিকে আমি পুনর্বিবেচনা করে অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আপনারা যে বলছেন ৩২টা অ্যামেন্ডমেন্টের মধ্যে ৩৫টা অ্যামেন্ডমেন্ট তা নয়, এটা আদপে হল ৯টা অ্যামেন্ডমেন্ট, মূল অ্যাডজাস্টমেন্ট হল ৯টি। যারা ১০ হাজারের কম আছে, ২০ হাজারের ঊর্ধ্বে আছে সেটাকে রি-অ্যাডজাস্ট করে কি করা হয়েছে—সেই যে ইমপ্যাক্ট, সেই যে কন্সিকোয়েন্সিয়াল যেটা হয়েছে তাতে হয়েছে ১৩ থেকে ১৯টি, আর বাকিটি হয়েছে টেকনিক্যাল মিস্টেক। কাজেই যে কথাটা আমি বলছি সেটা হচ্ছে টেকনিক্যাল মিস্টেক যেটা ধরা হয়েছে লাইনেতে ঠিক রাস্তার সংযোগ রক্ষা করা হয় নি এবং আমি প্রারম্ভিক বক্তৃতা যে যুক্তি দিয়ে দিয়েছিলাম সেই যুক্তিটা বিজ্ঞানভিত্তিক নয়, তত্ত্বভিত্তিক নয়, সেজন্য পুনরায় আমি সংশোধন করে বলেছি। কাজেই কোন জিনিস গোপন করা হয় নি। শিক্ষিত মানুষ বিজয়বাবু বললেন যে, অনিল মৈত্র মহাশয় কংগ্রেসপক্ষের সদস্য, তিনি অনেক জিনিস জানেন, নড়েচড়ে বললেন, কিন্তু দেখা গেল তাঁর কথাও রইল না। এতেই প্রমাণিত হয় যে, কোন পক্ষের স্বার্থ বা কোন ব্যক্তিবিশেষের স্বার্থ পূর্ণ করবার জন্য বা কোন দলের কোন প্রার্থী ভবিষ্যতে দাঁড়াবে তাঁর নির্বাচনের পথ সুগম করে দেওয়ার জন্য কোনরকম ডিভিসন করা হয় নি। বিজয়বাবু ম্যাপের কথা বলেছেন। প্রথমত ম্যাপ দেওয়ার কথা হয়। মাননীয় সভাপাল মহাশয় আপনি জানেন যে, ইমারজেন্সি ঘোষিত হওয়ার পর ভারতবর্ষের ম্যাপ দেওয়া চলে না। তা সত্ত্বেও প্রথমত আমি দিয়ে ফেলেছিলাম। পরে স্পীকার মহাশয়ের সঙ্গে কথা বলে যে ম্যাপ আমি দিয়েছি তাতে দেখবেন বিশেষ বিশেষ স্থানের নাম উল্লেখ করতে নিষিদ্ধ আছে। তা সত্ত্বেও এক ইঞ্চি সমান ৫ মাইল তার চেয়েও বেশি বড় করে ম্যাপ করে হোম ডিপার্টমেন্টের পারমিশন নিয়ে আমি সকল সদস্যার কাছে দিয়েছি। কাজেই আমি কোন জিনিস গোপন করে লোকচক্ষুর অন্তরালে কাউকে ফাঁকি দিয়ে জোচ্চুরি করে দলীয় স্বার্থকে সিদ্ধ করবার জন্য কোন কাজ করি নি। (শ্রীনিখিল দাস: তফাৎ হল কেন?) তফাৎ ধরার পর তো অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আপনি যেমন বলছেন ৬২ নম্বরে ২৫ হাজার ভোট সেটা কমিয়ে হয়েছে ১৬ হাজার, সেটা রিঅ্যাডজাস্ট করার অ্যামেন্ডমেন্ট দিয়েছি দেখবেন। অ্যা[illegible] বলা হয়েছে কয়েকটি বিশেষ বিশেষ ক্ষেত্রে ২০ হাজার। ১১ হাজারের ঊর্ধ্বে এবং ১৩ হাজার থেকে ১৮ হাজারের মধ্যে বেশির ভাগ। তবে

৬৮টা ১১ হাজার থেকে ১১ হাজারের নিচে এবং ২০ হাজারের ঊর্ধ্বে যে কটা ছিল বোধহয় ৯টা ছিল সেই ৯টিকে রিঅ্যাডজাস্ট করে ১৩ থেকে ১৮ হাজারের মধ্যে রাখা হয়েছে। আর দু-একটা বিশেষ বিশেষ ক্ষেত্রে সেগুলি বিভাজ্য করা সম্ভব হয় নি, যেমন ২৩ নম্বর ওয়ার্ড। সেটা এমন একটা কমপ্যাক্ট এরিয়া যেখানে গলি নেই, পথ নেই, ঘাট নেই। সেখানে এমনভাবে ভাগ করা যায় না, তাই ২০ হাজারের ঊর্ধ্বে তাকে রাখা হয়েছে। দু-একটা বিশেষ ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে সেটা রাখতে হয়েছে। কাজেই আমি সাধারণভাবে যে কথাগুলি আপনাদের কাছে নিবেদন করলাম তাতে এটা পাবলিক সার্কুলেশনে দেওয়া বা সিলেক্ট কমিটিতে দেওয়ার মত জিনিস নয়, বিশেষ করে এই ক্ষেত্রে যে যে তথ্যের উপর নির্ভর করতে হয় সেই তথ্যগুলি আপনাদের কাছে উপস্থাপিত করা হয়েছে এবং যথেষ্ট সময়ও আপনারা পেয়েছেন। স্যার, আপনি শুনে অবাক হবেন যে, এখনও ৫০ হাজার ভোটার্স ক্লেম ভোটার হবার জন্য আছে। ভোটারসংখ্যা যদি ৫০ হাজার হয় তাহলে যে ওয়ার্ডে ১২ হাজার সেখানে ১৩ হাজার হতে পারে। আবার যেখানে ২০ হাজার আছে সেখানে ২১ হাজার হতে পারে, ১৭ হাজারের জায়গায় ১৯ হাজার হয়ে যেতে পারে। মাননীয় সদস্যদের এটাও জেনে রাখা দরকার যে, নির্বাচনের ৬ সপ্তাহ পূর্ব পর্যন্ত ভোটার তালিকাভুক্ত হবার অধিকার আছে। কাজেই সর্ব জিনিস বিবেচনা করে আমি যা উপস্থাপিত করেছি, আমি আশা করি আপনারা সকলে সেটা একবাক্যে গ্রহণ করবেন এবং সার্কুলেশন এবং সিলেক্ট কমিটিতে দেবার জন্য যে যুক্তি আপনারা উপস্থাপিত করেছেন সেই যুক্তির মূলে কিছু নেই। আমি সেজন্য এই সার্কুলেশন মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and 4

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Anil Maitra: I move that for clause 5 of the Bill the following clause be substituted, namely:—

5. '**Amentment of section 172.**—In section 172 of the said Act,—

(a) in sub-section (2), after the words "for a period of six years", the words "irrespective of any alteration in the number or boundaries of such ward during the currency of such period" shall be inserted;

(b) after sub-section (2), the following sub-section shall be inserted, namely:—

"(2A) Nothwithstanding anything to the contrary elsewhere contained in this Act, after the date of commencement of the Calcutta Municipal (Amendment) Act, 1964 (hereafter in this sub-section referred to as the said date),—

(a) a general valuation in accordance with the provisions of sub-section (2) shall, in all cases, whether any general valuation under this Act has previously been made or not, be made within such period or periods, not exceeding six years from the said date, as the State Goverament may, by notification in the Official Gazette, specify in this behalf and different periods may be so specified in respect of different wards;

(b) the provisions of sub-section (2) shall aplly in respect of the general valuation made in pursuance of clause (a);

(c) the valuation of any land or building remaining in force on the said date shall continue to remain in force until the general valuation referred to in clause (a) takes effect.".', ...

was then put and agreed to.

স্পীকার মহাশয়, আমার যা বক্তব্য সেটা আগেই শ্রদ্ধেয় সদস্য নিখিল দাস মহাশয় উত্থাপন করেছেন যে, আমাদের কর্পোরেশনের যে অ্যাসেসমেণ্ট হয় সেটা ৬ বছর অন্তর হয় এবং কর্পোরেশনের অ্যাসেসমেণ্ট রেকর্ডও ওয়ার্ড বেসিসে থাকে। আজকে এই যে নূতন ওয়ার্ড তৈরি হয়েছে তাতে পুরানো ওয়ার্ডের সঙ্গে অন্য এলাকা এনে যুক্ত হয়েছে এবং কোন এলাকা বাদ হয়ে গেছে কারণ সে আবার আর একটা এলাকায় গেছে। এখন এমনও হতে পারে যে কারও হয়ত ভ্যালুয়েশন হয়ে গেছে ২ বছর আগে কারও হয়ত এ বছর হতে পারে কিন্তু সেই এলাকার সীমানা বদলে গেছে। আমাদের যে অ্যাসেসমেণ্ট রেকর্ড যেসকল বেরোয় তাতে এবং অন্য সব কাজে ওয়ার্ডকে একটা ইউনিট ধরা হয় এবং কনস্টিটিউয়েন্সি যেটা আজকে আমরা করছি আমাদের অ্যাক্টে বলছে কনস্টিটিউয়েন্সি আর ওয়ার্ড এক হবে। সেজন্য আজকে এক্ষণি এই বিল পাশ হয়ে গেলে অ্যাক্ট হয়ে গেল, তাহলে সমস্ত ওয়ার্ড পরিবর্তন হয়ে যাবে। এখন পুরানো ওয়ার্ড নং নেই এলাকা নেই. সেজন্য আজকে আমাদের ছয় বছর অন্তর সেটাকে রি-অ্যাডজাস্ট করে এই সাইকেলে যাতে নূতন কোন অসুবিধা সৃষ্টি না হয়—তাহলে প্রায় কর্পোরেশনের অ্যাসেসমেণ্ট রেকর্ডও ওয়ার্ড বেসিসে থাকে। আজকে এই যে নূতন ওয়ার্ড ৬ বছর প্রয়োজন হয় নেক্সট জেনারেল রিভ্যালুয়েশন এই অ্যাক্টের পর যে নেক্সট সাইকেল হবে, এটা হলে পর আর আমাদের অসুবিধার সৃষ্টি হবে না। সেজন্য আমি আজকে এই প্রস্তাবটা করছি, আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন যাতে কর্পোরেশনে কোন বিশৃঙ্খলা দেখা না দেয় এবং এই অ্যাক্ট পাশ হবার সঙ্গে সঙ্গে নূতন ওয়ার্ড যদি আজকে হয়, সমস্ত রেকর্ড বদলানো সম্ভবপর নয় এবং বিল, ট্যাক্স আদায় ইত্যাদি ব্যাপারে এটা গোলমাল হয়ে যাবে, কারণ বিলে ওয়ার্ডের নাম দেওয়া থাকে। সেজন্য আমি এই প্রস্তাবটা মুভ করছি।

[5-5—5-15 p.m.]

Mr. Speaker: All the amendments are in order and they are taken as moved.

Shri Sailen Adhicary: I move that in clause 6, in the proposed Schedule V, in ward No. 57, for the words "Middle Road Entally and the road in its continuation up to Bridge No. II..................Dr. Suresh Sarkar Road" the words "Beliaghata Road up to Bridge No. I (North), Ananda Palit Road, Panbagan Lane and Girish Bose Road (South), Acharya Jagadish Bose Road (West), Eastern Railway (East)" be substituted.

